Achilice's Mnemonic Vocabulary
Achilice Barnad, Tapas kar.

প্রকাশক : ছায়াবীথি প্রকাশন
গ্রন্থস্বত্ব : লেখক
প্রথম প্রকাশ : আগস্ট, ২০১৬
প্রচ্ছদ : চারু পিন্টু
বর্ণবিন্যাস : ডিজাইন বেবী
মূল্য : **৩৩৫ টাকা মাত্র।**
মুদ্রণ : জননী প্রিন্টার্স
১৮/২৩ প্রতাপ দাস লেন, ঢাকা-১১০০।

Achilice's Mnemonic Vocabulary
By: Achilice Barnad and Tapas kar
First published: August 2016 by Chayabithi prokashon
Price TK: 550
ISBN-978-984-91956-4-1

Scanned by CamScanner

Achilice's

Mnemonics

Vocabulary

Achilice Barnad (Sumon sen)

MBA (IBA ,DU, 54th Batch). MBA, BBA (AIS), CU

Tapas kar

B. Pharm.

Scanned by CamScanner

Vocabulary কিভাবে শিখবেন?

নতুন কোন শব্দ শেখার ক্ষেত্রে শব্দটিকে সরাসরি মনে না রেখে একটু বুঝে মনে রাখার চেষ্টা করবেন। বুঝে মনে রাখা বলতে আমি মূলত- শব্দের রুট ও অন্যান্য অংশ আপনার জানা কোন শব্দের সাথে মেলে কিনা সেটা খেয়াল করে পড়াকে বোঝাচ্ছি। বেশিরভাগ শব্দের ক্ষেত্রেই আপনি একটি অংশ পাবেন যা আপনার জানা অন্য একটি শব্দের সাথে কিছুটা মিলে যাবে। ফলে আপনার পক্ষে নতুন শব্দটি মনে রাখাটা সহজ হবে। আমি এখানে একগুচ্ছ শব্দ দিচ্ছি এগুলো লক্ষ্য করুন- somnambulist, Somniloquy, insomnia, loquacious, colloquial, Elocution। এই শব্দগুলো লক্ষ্য করলে আমরা দুটি রুট খুজে পাব। একটি, "somn" অন্যটি, "loqu"। আপনি যখন সবগুলো শব্দের অর্থ জেনে যাবেন তখন আপনার কাছে স্পট হয়ে যাবে যে এখানে, "somn" মানে ঘুম , আর "loqu" মানে কথা বলা। প্রথমে আছে- somnambulist, এর অর্থ ঘুমের মধ্যে হেটে চলা। এরপর আছে Somniloquy। "somn" অর্থ ঘুম আর "loqu" অর্থ কথা বলা। তাহলে বোঝাই যাচ্ছে- Somniloquy অর্থ হবে- "যে ঘুমের মধ্যে কথা বলে"। এরপর আছে insomnia। কোন শব্দের আগে যদি in বসে তবে সেটা বেশিরভাগ ক্ষেত্রে "না" অর্থে ব্যাবহিত হয়। এ থেকেই আন্দাজ করে নেওয়া যায় যে, insomnia মানে অনিদ্রা বা ঘুমহীনতা বোঝাবে। এরপরের তিনটি শব্দের মধ্যেই, "loqu" অংশটি রয়েছে। ফলে বুঝতেই পারছেন, এই শব্দগুলো দ্বারা নিশ্চয় কথা বলা সম্পর্কিত কিছু বোঝানো হবে। loquacious মানে বাকপটু বা অনেক ভাষায় কথা বলতে পারে; colloquial মানে সাধারণ কথা বলার ভাষা; Elocution মানে বক্তিতা বা কথা বলার শিল্প।

ইংরেজি ভাষার প্রচুর শব্দ গ্রীক ও ল্যাটিন থেকে এসেছে। আপনি বহুল ব্যাবহিত এই গ্রীক ও ল্যাটিন অংশগুলোর অর্থ জেনে রাখেন, তাহলে শব্দ শেখার ক্ষেত্রে আপনার পরিশ্রম অনেক কমে যাবে। এই শব্দগুলোর দিকে লক্ষ্য করুন-Cacophony, cacography, orthography, symphony, euphonious, homophone, heterophony, homogenous, heterogeneous। এখানে caco, phon, graph, homo, hetero, genous অংশগুলো বিভিন্ন শব্দে ব্যাবহিত হয়েছে। আপনার যদি জানা থাকে caco মানে বেসুরো বা অসুন্দর, phon মানে শোনা, graph মানে আকা বা লেখা, homo মানে একই, hetero মানে আলাদা, genous মানে ধরন। আপনি যদি কিছু গ্রীক ও ল্যাটিন শব্দের অর্থ শিখে রাখেন তাহলে আরও অনেক শব্দ মনে রাখতে পারবেন।

আবার কিছু শব্দের বিপরীত অর্থ পাবেন যেগুলোর সাথে মিল খুজে পাওয়া যায়। ফলে আপনি যদি দুটিকে একসাথে মনে রাখার চেষ্টা করেন তাহলে সহজেই মনে রাখতে পারবেন। যেমন- Jostle মানে জোর করে কোন কাজ করিয়ে নেওয়া , আর cajole মানে মিষ্টি কথায় ভুলিয়ে কোনকিছু করিয়ে নেওয়া; Futile মানে ব্যার্থ বা অকার্যকর আর Fertile মানে সফল/উর্বর/কার্যকর; obvious মানে স্পষ্ট বা নিশ্চিত আর dubious মানে অস্পষ্ট বা সন্দেহজনক; concrete মানে জমাটবদ্ধ আর discrete মানে বিচ্ছিন্ন। এমন আরও অনেক শব্দ আছে- Symphony-cacophony, Negotiation-negation। খুজলে এমন আরও অনেক শব্দ পাবেন মিলিয়ে পড়তে পারলে অনেক সুবিধা পাওয়া যায়।

Scanned by CamScanner

প্রচুর নতুন শব্দ শেখার ক্ষেত্রে আরকটি বিষয় হলো, শেখার আন্তরিক ইচ্ছা। যদি এই ইচ্ছাটা থাকে তবে দৈনন্দিন জীবনের বিভিন্ন উৎস থেকে, পত্রিকা বা টেলিভিশনের ইংরেজি সংবাদ থেকে আপনি প্রচুর শব্দ শিখে ফেলতে পারবেন। আবার ধরুন আপনি DBBL থেকে Nexus Debit Card পেয়েছেন, এখন আপনি Nexus শব্দটির অর্থ জানেন না। তাহলে ঝটপট শিখে নিন যে Nexus মানে বন্ধন বা যোগসূত্র। শেখার পরই আপনি বুঝে যাবেন যে এই কার্ড দিয়ে আসলে ব্যাংক কর্তিপক্ষ বোঝাতে চেয়েছে- এই কার্ডের মাধ্যমে গ্রাহকের সাথে বন্ধন আরও দৃঢ় হলো বা একটি নতুন যোগসূত্র তৈরি হলো।

এই বইটি পড়ার ক্ষেত্রে-

১. প্রথমত, শব্দটিকে কিভাবে ভাঙ্গা হয়েছে প্রথমে সেটা মনে রাখুন। আবার অনেক ক্ষেত্রে বলা হয়েছে- "এই শব্দটি শুনতে অনেকটা এই শব্দের মত"। সেক্ষেত্রে আপনাকে প্রথমে মনে রাখতে হবে এই শব্দটির সাথে কোন শব্দটির তুলনা করা হয়েছে।

২. এরপর দ্বিতীয় গুরুত্ব হলো সেই ভাঙ্গা শব্দটির সাথে দেওয়া ঘটনা বা গল্পটি মনে রাখা। আপনি যদি কিভাবে ভাঙ্গা হয়েছিল সেটা মনে রাখতে পারেন, তবে তার সাথে সম্পর্কিত গল্পটি মনে করা অপেক্ষাকৃত সহজ হবে।

৩. কিছু কিছু শব্দের ক্ষেত্রে দেখবেন আমরা, "সেকেন্ডারি মিনিং" বা "রুপক অর্থ" কথাটি ব্যাবহার করেছি। এসব শব্দের ক্ষেত্রে অবশ্যাই সেকেন্ডারি মিনিংগুলো মনোযোগ দিয়ে খেয়াল করতে হবে। কারন GRE, GMAT, IBA ইত্যাদি পরীক্ষায় শব্দগুলোর সেকেন্ডারি মিনিং প্রচুর ব্যাবহিত হয়। নিচে একটি উদাহরণ দেওয়া হলো। উদাহরণটি থেকে এ সম্পর্কে একটি প্রাথমিক ধারণা পাবেন।

   [যখন একটি পানির প্রবাহ দুটি সাগড়কে সংযুক্ত করে তখন তাকে Channel বলা হয়। কিন্তু এর আসলে অনেকগুলো সেকেন্ডারি মিনিং আছে। যেমন- যদি কোনকিছু কোন কিছুর সাথে সংযোগ ঘটিয়ে দেয়, তবে সেটাকেও Channel বলা হয়। যেমন- আপনি যদি কোন ব্যাক্তির মাধ্যমে বড় কোন জবে জয়েন করতে পারেন, তাহলে এই সংযোগকারী ব্যাক্তিও একজন Channel৷ আবার রেডিও বা টিভি Channel এর কথা চিন্তা করুন। এখানে Channel দ্বারা একটি নির্দিষ্ট তরঙ্গদৈর্ঘ্যকে বোঝানো হচ্ছে। যখনই আপনি ৮৮.০ তে টিউন করবেন, তখনই আপনি রেডিও ফুর্তির সাথে সংযুক্ত হবেন। তাহলে দেখা যাচ্ছে Channel একটি অর্থ হলো- সংযুক্তকারী পথ। খেয়াল করে দেখুন- Channel মানে একটি নির্দিষ্ট সুরু পথ বা সুনির্দিষ্ট কিছু। এখন মনে রাখতে হবে যে, Channel এর আরেকটি সেকেন্ডারি মিনিং হলো, "নির্দিষ্ট কোন কিছু করতে নির্দেশ দেওয়া" এবং আরেকটি হলো- "নির্দিষ্ট কোন পথ অনুসরন করতে বলা।"]

৪. এই বইয়ের সাথে অবশ্যই WORD SMART এর মূল বইটি থেকে উচ্চারণ, উদাহরণ, ব্যাকের মধ্যে শব্দের ব্যাবহার ইত্যাদি শিখে নেবেন। মনে রাখতে হবে এই বইটি শুধুমাত্র মনে রাখার সহায়ক হিসেবে কাজ করবে।

Scanned by CamScanner

PART ONE

১. Abash মূল অর্থ – লজ্জা দেওয়া বা অপ্রস্তুত করা ।

Synonym: embarrassed, ashamed. Antonym: unabashed.

Mnemonic- ১. Abash শব্দটি bash থেকে এসেছে। bash মানে লজ্জা পাওয়া। bashful মানে লজ্জা জনক। মনে রাখার জন্য ধরে নিন-> Abash = A bash। সবার সামনে A bash, মানে একটি বাঁশ খাওয়া(বোকা হয়ে যাওয়া) একটি লজ্জাজনক ব্যাপার। এমন হলে আমরা লজ্জা পাই এবং অপ্রস্তুত হয়ে পরি।

২. Abash = Ab + ash । "Ab" হলো আব্রাহাম(জন আব্রাহাম) আর "ash" হলো ঐশ্বরিয়া রাই। আব্রাহাম আর ঐশ্বরিয়া রাই যখন সিনেমার কোন দৃশ্যে খুব বেশি ক্লোজ হয়, তখন অভিষেক বচ্চন লজ্জা পেয়ে যায় বা অপ্রস্তুত হয়ে যায়। আর Abash শব্দের অর্থও ঠিক তাই।

২. Abate মূল অর্থ- "কমানো " বা বাদ দেওয়া ।

Synonym: subside, lessen. Antonym: intensify.

Mnemonic- ১. Abate = A bait । A bait মানে একটি টোপ। আপনি যখন ইদুর মারার জন্য a bait বা একটি টোপ দিবেন, তখন আপনার ঘরের ইদুর abate হবে, মানে কমে যাবে।

২. Abate= ab + ate, ab মানে absence, মানে নাই। আর ate হোল eat এর পাস্ট টেন্স, অর্থাৎ খেয়েছিলাম।

ab + ate = খেয়েছিলাম না। আর না খেয়ে থাকলে কি হবে? ওজন কমবে, অর্থাৎ ওজন abate করবে।

৩. Abdicate মূল অর্থ- কোন পদ থেকে সরে যাওয়া। বা কোন কাজের দায়িত্ব নিতে অস্বীকার করা।

Synonym: resign, retire, quit. Antonym: accept .

Mnemonic- ১. ab+dicate= abdicate । dicate শুনতে অনেকটা dictator এর মত। অনেকেই তো চার্লি চ্যাপলিনের অভিনয় করা, "দা গ্রেট ডিক্টেটর" অথবা ২০১২ সালে মুক্তি পাওয়া, "দা ডিক্টেটর" সিনেমাটি দেখেছেন। ডিক্টেটর শব্দের অর্থ হল- একনায়ক। যে দেশে একনায়কতন্ত্র থাকে সে দেশের ডিক্টেটর বা একনায়কের হাতেই থাকে দেশের সব ক্ষমতা। তেমন একজন ডিক্টেটর ছিলেন হিটলার। dictator মানে হল সর্বোচ্চ ক্ষমতা। আর ab+dicate মানে হল তার উল্টো। ক্ষমতা বা পদ থেকে সরে দাঁড়ানো।

৪. Aberration মূল অর্থ- সাধারণত যেমন হবার কথা তা থেকে আলাদা। গতানুগতিক না।

Synonym: anomaly, deviation, divergence. Antonym: normality.

সাধারনত বর্ষাকালে বৃষ্টি হয়। কিন্তু অনেক সময় দেখা যায় শীতকালেও বৃষ্টি হচ্ছে। এই শীতকালে বৃষ্টি হওয়াটা একটা aberration।

Mnemonic- ১. Aberration/এ্যাবারেশন শুনতে অনেকটা abortion "এবরশন" এর মত লাগে। এবরশন অর্থ- বাচ্চা বড় হবার আগেই তাকে মায়ের গর্ভ থেকে বের করে ফেলা। নতুন প্রেমিক-প্রেমিকাদের ক্ষেত্রে অনেক সময়

Scanned by CamScanner

দেখা যায়, অনিচ্ছাকৃতভাবে গর্ভধারনের ঘটনা ঘটে গেছে। গর্ভধারন হলে কি হবে, বিয়েই তো এখনো হয়নি। ফলে তারা বাচ্চাটিকে এবরশন করে ফেলে দেয়। এই এবরশন করার প্রক্রিয়াতো স্বাভাবিক না। অর্থাৎ এটি এক ধরনের aberration।

৫. Abhor মূল অর্থ- প্রচণ্ড ঘৃণা করা।

Synonym: despise, scorn. Antonym: admire.

Mnemonic- ১. Abhor = A whore। Abhor শুনতে অনেকটা a whore এর মত । whore/হোর মানে বেশ্যা। আমাদের সমাজের মানুষজন সাধারনত বেশ্যাকে প্রচণ্ড ঘৃণা করে। বা abhor করে।

২. abhor = a + bhor । এ ভোর । ভোর মানে সকাল। আর এই সকালবেলা ঘুম থেকে উঠতে কেই বা পছন্দ করে বলুন। তাইতো আমরা "এ ভোর" মানে একটি সকালকে খুব abhor করি।

৬. Abject মূল অর্থ - আশাহত; মারাত্মক দুঃখ পাওয়া এবং নিজেকে ছোট মনে করার মিশ্র অনুভূতি; শোচনীয়।

Synonym: wretched, miserable, hopeless. Antonym: proud.

Mnemonic- ১. Abject শুনতে অনেকটা reject/রিজেক্ট এর মত শোনায়। প্রেমের প্রস্তাব দেবার পর প্রেমিকা রিজেক্ট করলে কি হয় ? অবস্থা আশাহত হয় বা abject হয়। পাশাপাশি খুব দুঃখ পায় আর নিজেকে ছোট মনে করতে থাকে। মানে অবস্থা হয় পুরাই abject।

২. যেসব মানুষ আশাহত বা abject , তারা সবক্ষেত্রে reject রিজেক্ট হয়।

৭. Abnegate মূল অর্থ- কোন কিছুকে পাত্তা না দেওয়া; বাতিল করে দেওয়া; ত্যাগ করা।

Synonym: renounce, reject, refuse. Antonym: accept.

Mnemonic- ১. Abnegate = Ab + negate এখানে negate কে negetive/নেগেটিভ এর সাথে মিল রেখে মনে রাখুন। আপনি যখন সবকিছু নেগেটিভ কার্যকলাপ করতে থাকবেন, তখন অনেককিছুই ত্যাগ করতে হবে। বা abnegate করতে হবে।

২. abnegate = ab + nehi + get। আব নেহি গেট। অর্থাৎ কোন কিছু না নেওয়া।

৮. Abortive মূল অর্থ- ব্যার্থ; সফল নয়।

Synonym: failed, unsuccessful. Antonym: successful.

Mnemonic- ১. abortive = Abort + ive। কেউ যদি abort করে বা গর্ভপাত করে, তখন সে সন্তান জন্মদানে ব্যার্থ হবে বা abortive হবে। Abort, Abortive, Abortion শব্দগুলো একই রুটের। Abortion মানে গর্ভপাত। Abort মানে গর্ভপাত করা। আর Abortive মানে ব্যার্থ।

২. Abort শব্দের আরেকটি অর্থ হল কোন্‌কিছু শেষ হবার আগেই বন্ধ করে দেওয়া। আমরা যদি কোন কিছু শেষ হবার আগেই বন্ধ করে দেই তাহলে সেটা abortive হবে বা ব্যার্থ হবে।

Scanned by CamScanner

৯. Abridge মূল অর্থ- সংক্ষিপ্ত করা ।

Synonym: : shorten, cut, curtail.

Antonym: lengthen.

Mnemonic- ১. abridge = A + bridge। এ ব্রিজ মানে- একটি ব্রিজ। একটি ব্রিজ আমাদের যাতায়াতের পথ সংক্ষিপ্ত করে দেয়। অর্থাৎ abridge করে দেয়।

২. অনেকেই Abridged Dictionary কথা শুনেছেন। এসব ডিকশনারিতে খুব অল্প ওয়ার্ড থাকে বলেই এর নাম হয়েছে অ্যাব্রিজড ডিকশনারি।

১০. Absolute মূল অর্থ- সম্পূর্ণ ; অফুরন্ত; একদম সঠিক।

Synonym: complete, total, utter.

Antonym: partial, qualified.

Mnemonic- ১. Solute শুনতে অনেকটা স্যালুটের মত। আমরা তাদেরকেই স্যালুট করি যারা সম্পূর্ণ ক্ষমতাবান, বা সঠিক ব্যাক্তি অর্থাৎ Absolute ।

২. আমরা অনেক সময় বলি অ্যাবসুলেটলি রাইট, মানে সম্পূর্ণ সঠিক।

১১. Absolve মূল অর্থ- কোন দোষ থেকে মুক্তি দেওয়া; পাপ ক্ষমা করে দেওয়া; কোন বাধ্যতামূলক পরিস্থিতি থেকে মুক্তি দেওয়া।

Synonym: exonerate, discharge, acquit.

Antonym: blame, condemn.

Mnemonic- ১. Absolve = ab + solve । বন্ধুদের মধ্যে ঝামেল হলে আমরা কি বলি ? চল বন্ধু সব solve ফেলি। অর্থাৎ দুই বন্ধুই দুজনকে দোষ থেকে মুক্তি দিয়ে দেই। মনে রাখতে হবে- solve করা মানে দোষ থেকে মুক্তি দেওয়া।

১২. Abstinent মূল অর্থ- ইচ্ছাকৃতভাবে কোন কিছু বাদ দিয়ে দেওয়া।

Synonym: ascetic, frugal.

Antonym: gluttonous.

সিগারেট খাওয়া খারাপ বলে নিজের ইচ্ছায় যদি কেউ সিগারেট খাওয়া বাদ দেয় তবে সেটাকে Abstinent বলা যায়।

Mnemonic- ১. Abstinent শুনতে অনেকটা Absent/অ্যাবসেন্ট এর মত শোনায়। অ্যাবসেন্ট মানে – না থাকা। আপনি সিগারেট খাওয়া ছেড়ে দেবার পর আপনার বন্ধুরা যখন সিগারেটের আড্ডায় যোগ দেবে তখন আপনি অ্যাবসেন্ট থাকবেন অর্থাৎ abstinent থাকবেন। অর্থাৎ ইচ্ছা করেই সিগারেট খাওয়া থেকে বিরত থাকবেন।

*Ab একটি Prifix, আর এই ab দিয়ে বেশিরভাগ ক্ষেত্রেই, "না" বোঝানো হয়। এথেকেই এই abstinent এর অর্থ সম্পর্ক আমরা কিছুটা ধারনা করতে পারি।

১৩. Abstract মূল অর্থ- তাত্ত্বিক; নৈব্যাক্তিক; দুর্বোধ্য ।

Synonym: theoretical, conceptual, notional.

Antonym: actual, concrete.

Scanned by CamScanner

কিছু কিছু ছবি আছে যেগুলো দেখলে আগা মাথা কিছু বোঝা যায় না, সেগুলোকে বলা হয় Abstract পেইনটিং। এই ছবিগুলো বেশিমাত্রায় তাত্ত্বিক। তাই সাধারন মানুষ দেখে কিছু বুঝতে পারে না।

Mnemonic- ১. ab + extract = abstract। ab মানে না আর extract এক্সট্র্যাক্ট মানে- রস/ মূল বিষয়, সারবস্তু ইত্যাদি । যেসব ছবি দেখে মূল বিষয়ই বোঝা যায় না; এটা কি সাপের ছবি নাকি ব্যাঙের ছবি, সেগুলোই abstract ছবি।

২. Abstract থেকে শুধু ট্রাক মনে রাখুন। ab না । ফলে ab+stract মানে ট্রাক না। আপনি শুধু তাত্ত্বিক বিষয়গুলো জেনে ট্রাক চালাতে পারবেন না। তার জন্য আপনাকে ব্যাবহারিকভাবে ট্রাক চালানো শিখতে হবে।

১৪. Abysmal মূল অর্থ- চরম হতাশা।

Synonym: very bad, dreadful, awful. Antonym: superb.

তবে অনেক ক্ষেত্রে চরম হতাশা না বুঝিয়ে, যেকোনো জিনিসের চরম অবস্থা বোঝাতে পারে। এই শব্দটির আরেকটি অর্থ হল, "তলাহীন" । কেউ abysmal হচ্ছে মানে- সে হতাশার অতল সাগড়ে চলিয়ে যাচ্ছে, যে সাগড়ের কোন তলা নেই।

Mnemonic- ১. Abysmal = A + base + mal। a মানে নেই, আর base মানে তলা । অর্থাৎ Abysmal মানে তলা নেই। আর Abysmal দ্বারা তলাহীন অবস্থাকেই বোঝানো হয়।

২. Abysmal = A + bys + mal = একটি বিশ মাইল। বিশ মাইল হেটে শেষ করতে গেলে তা সহজে শেষ হবে না, আর আপনি চরম হতাশার মধ্যে পরে যাবেন।

১৫. Accolade মূল অর্থ- পুরষ্কার ; সম্মান।

Synonym: honour, recognition, privilege. Antonym: criticism.

Mnemonic- ১. Accolade শুনতে অনেকটা চকোলেট এর মত। কেউ যখন পুরষ্কার বা সম্মান পাবার মত কাজ করে, তখন তার প্রিয়জনেরা তাকে চকোলট উপহার দেয়।

২. Accolade = a - cool - aid । একটি কুল সাহায্য। পুরষ্কার দেওয়া মানে কাউকে একটি কুল সাহায্য করা।

১৬. Accost মূল অর্থ- কারো সামনে গিয়ে কিছু বলা; আলাপ করা।

Synonym: speak to, address, approach . Antonym: refrain.

Mnemonic- ১. Accost = at + any + cost । আমি তার সাথে সরাসরি কথা বলতে চাই, at any cost ।

২. Accost = a+cost। একটি খরচ। প্রেমিকা যদি দূরে থাকে, আর আপনি যদি তার সাথে সরাসরি কথা বলতে চান, অর্থাৎ Accost চান তবে, একটি কেন বেশি খরচও হতে পারে!

১৭. Acerbic মূল অর্থ- তিক্ত; কটু; মারাত্মক ।

Synonym: sharp, sarcastic, sardonic. Antonym: mild, kind .

Scanned by CamScanner

Mnemonic- ১. acerbic = a + cer (SIR) + bic (BIG) । একজন বড় মানে বুড়া স্যারের কথা ভাবুন। বুড়া স্যারদের কথা সবসময়ই acerbic হয়, অর্থাৎ তিক্ত ও কটু হয়।

২. কোন জিনিস acerbic মানে তার acerbity আছে। অ্যাসেরবিটি শুনতে সেলিব্রিটির মত শোনায়। সেলিব্রেটিদের কথা শুনতে খুব ভাল লাগে আর acerbity হল তার উল্টো। মানে তিক্ত। অর্থাৎ acerbity হল celebrity এর উল্টো।

১৮. Acquiesce মূল অর্থ- মেনে চলা; গ্রহন করা ; সম্মত হওয়া।

Synonym: obedient, follow . Antonym: disobedient.

Mnemonic- ১. Acquiesce = Accept (ac) quietly (quie) = Accept/এক্সেপ্ট অর্থ মেনে নেওয়া আর quietly/কুইটলি মানে ভালমতো। অর্থাৎ ভালমতো মেনে নেওয়া।

২. Ac QUIE sce এখানে মাঝের quie এর দিকে লক্ষ্য করুন। quie আর quiet একই রকম। কুইট মানে চলে যাওয়া। যাকে চল যেতে বললে বিনা বাধায় চল যায়, সে acqiesec বা মেনে চলে।

১৯. Acrid মূল অর্থ- ঝাঝালো; এ্যাসিডের মত।

Synonym: pungent, bitter, sharp Antonym: sweet.

Mnemonic- ১. Acrid থেকে r মুছে ফেলুন। এবার Acrid হয়ে যাবে acid বা অ্যাসিড। আমরা জানি, অ্যাসিড সবসময়ই ঝাঁঝালো হয় । তাছাড়া এ্যাক্রিড শুনতেও অনেকটা এ্যাসিডের মত। নামের সাথে কাজে দেখছি এমনিতেই মিল আছে ।

২০. Acrimonious মূল অর্থ- তিক্তকথা বা কটুকথা; অত্যন্ত নোংরা ।

Synonym: bitter, rancorous, caustic. Antonym: sweet.

Mnemonic- ১. Acrimonious = Acrid + monious। উপরের Acrid থেকেই এই acrimonious এসেছে । acrid অর্থ ঝাঁঝালো আর acrimonious অর্থও ঝাঁঝালো কথা বা তিক্তকথা। যেখানেই Absolute

২১. Acumen মূল অর্থ- তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন মানুষ; বিবেকবান ও বিচারবুদ্ধিসম্পন্ন মানুষ।

Synonym: astuteness, awareness, shrewdness. Antonym: witlessness.

Mnemonic- ১. "Acu" এই রুটের অর্থ হলো তীক্ষ্ণ। যেমন- Acute মানে তীক্ষ্ণ, Acumen মানে তীক্ষ্ণ বুদ্ধি সম্মন man/মানুষ। মনে রাখার জন্য-> a-cu-men = iq-men । যেসব ব্যাক্তিদের আইকিউ ভাল হয়, তারাই তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন মানুষ বা acumen হয়।

২. একজন acumen সব সময় accurate- men হবে। অর্থাৎ তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন মানুষ সবকাজ একুরেটলি করতে পারবে।

Scanned by CamScanner

২২. Acute মূল অর্থ- তীক্ষ্ণ; চালাক; হঠাৎ ।

Synonym: severe, critical, drastic. Antonym: negligible.

এই শব্দটি অনেক ক্ষেত্রে হঠাৎ বা আকস্মিক বোঝাতেও ব্যাবহার করা হয়। যেমন- যদি কারো হঠাৎ করে ব্যাথা হয়, তবে সেটাকে বলা হবে, acute pain , অর্থাৎ ব্যাথাটি খুব সম্প্রতি শুরু হয়েছে। আর যদি দীর্ঘদিন ধরে কোন ব্যাথা থাকে, সেটাকে বলা হয় chronic pain। acute হলো chronic এর উল্টো।

Mnemonic- ১. Acute= a + cute । একটি কিউট মেয়ে। কিউট মেয়েরা সাধারনত তীক্ষ্ণবুদ্ধি হয়। চালাক হয়। আর acute মানে হলো- তীক্ষ্ণ বা চালাক ।

২. Acute= a + cut + e । acute শব্দটির মধ্যে cut শব্দটি আছে। কাট মানে কাটা । যদি কোনকিছু তীক্ষ্ণ না হয় তাহলে সেটা কোনকিছুকে কাটতে পারবে না ।

২৩. Adamant মূল অর্থ- অবাধ্য; জেদী; কঠিন; নমনীয় নয় ।

Synonym: unshakeable, immovable, inflexible. Antonym: unsure.

Mnemonic- ১. adamant= a + demand। Adamant শুনতে অনেকটা a demand এর মত শোনায় । যার ডিমান্ড আছে, তাকে খুব সহজেই কোনকিছুতে রাজী করানো বা বাধ্য করানো যায় না। । অর্থাৎ যার ডিমান্ড আছে সে adamant টাইপের হয়।

২. Adamant = A diamond। Adamant কে ডায়মন্ড শব্দটি দিয়ে মনে রাখতে পারেন। ডাইমন্ড বা হীরা হল পৃথিবীর সবথেকে শক্ত বা কঠিন বস্তু। আর adamant শব্দের অর্থ হলো- কঠিন বা নমনীয় নয়।

২৪. Address মূল অর্থ- উপস্থাপন করা; সরাসরি কথা বলা।

Synonym: speech, lecture, talk, monologue, dissertation, discourse, oration.

আপনি একটি সেমিনারে address করবেন, তার অর্থ হলো- আপনি সেখানে বক্তব্য রাখবেন।

Mnemonic- ১. A+dress = একটি ড্রেস। আপনি যখন কোন সেমিনারে বক্তব্য রাখবেন তখন অবশ্যই একটি ভাল ড্রেস পড়েই সেখানে যাবেন। আর Address মানে সেমিনারে বা জনসম্মুখে বক্তব্য রাখা। মনে রাখতে হবে যে- Address করার জন্য ভাল dress পরে যেতে হয়।

২. Address= Add + Dress । প্রেমিক প্রেমিকারা যখন সামনা-সামনি দেখা করতে যায় বা address হতে যায়, তখন তারা সাধারণ Dress এ না দিয়ে নতুন ধরনের Dress Add করতে চায়।

২৫. Adherent মূল অর্থ- অনুসারী; সমর্থনকারী; বিশ্বাসী। সহজ বাংলায় ফলোয়ার বলতে পারেন।

Synonym: follower, supporter, upholder. Antonym: opponent.

Adherent শব্দটি Adhere শব্দটির সাথে সম্পর্কিত । Adhere অর্থ হলো লেগে থাকা। ad+here= add মানে যুক্ত হওয়া, আর here মানে এখানে , অর্থাৎ এখানে যুক্ত হও। বা এখানে লেগে থাকো।

Scanned by CamScanner

নেমনিক- ১. যারা adherent বা অনুসারী, তারা সবসময় লেগে থাকতে চায়। ধরুন আপনি জন আব্রাহামের অনুসারী । আপনি চাইবেন সবসময় তার সিনেমা দেখতে, সিনেমার গান শুনতে, সরাসরি দেখা হলে পিছে লেগে থাকতে।

২৬. Admonish মূল অর্থ- ভদ্রভাবে বকা দেওয়া, সাবধান করে দেওয়া।

Synonym: reprimand, rebuke, scold. Antonym: praise.

Mnemonic- ১. Admonish = Ad + monisha , মনীষাকে এড রিকুয়েস্ট পাঠানোর জন্য আপনার গার্লফ্রেন্ড আপনাকে ভদ্রভাবে কিছু বকা দিল, আর সাবধান করে দিল। অর্থাৎ আপনাকে admonish করে দিল।

২. Monisha শব্দটি দিয়ে admonish শব্দটি মনে রাখতে পারেন। বলিউডের নায়িকা মনীষা কৈরালা "এক ছোটি সি লাভ স্টোরি" সিনেমাতে নায়ককে বিভিন্ন দৃশ্যে বেশ বকা-ঝকা করেন আর সাবধান করে দেন।

২৭. Adroit মূল অর্থ- দক্ষ; সব ধরনের কাজ করতে পারদর্শী; অভিজ্ঞ; চালাক ।

Synonym: skilful, adept, dexterous. Antonym:clumsy, incompetent.

Adroit শব্দটি মূলত droit শব্দ থেকে এসেছে। droit একটি ফ্রেন্স শব্দ। এর অর্থ right বা ডান দিক। অর্থাৎ বাম এর বিপরীত। এক সময় মনে করা হত যে, যারা ডানহাতি তারা বামহাতিদের থেকে বেশি দক্ষ, কাজ করতে বেশি পারদর্শী। adroit শব্দের অর্থ থেকে এটাই বোঝানো হত যে- বামহাতিদের থেকে ডানহাতিরা বেশি দক্ষ।

Mnemonic ১. Adroit কে android বা এনড্রয়েড এর সাথে তুলনা করে মনে রাখতে পারেন। এনড্রয়েড মানে হল মানুষ ও যন্ত্রের সমন্বয়ে গঠিত রোবট। ফলে এটি মানুষের থেকে বেশি দক্ষ বা adroit । * গুগোলের Android এর নামকরনের পেছনেও এই বিষয়টিই কাজ করেছে।

২. Adroit= I + draw + it অর্থাৎ আমি এটি এঁকেছি। ছবি আকা বেশ কঠিন কাজ। দক্ষ না হলে ভাল ছবি আকা যায় না। আমি যেহেতু একেছি, তার মানে আমি দক্ষ। বা আমি adroit ।

২৮. Adulation মূল অর্থ- অতিরিক্ত সম্মান করা; তোষামোদ করা; তেল মারা।

Synonym: hero-worship, worship, admiration, high regard, lionization.

Mnemonic- ১. Adulation -> A dula। Adulation শব্দটির মধ্যে a এবং dula শব্দ দুটি আছে। এ দুলা = একজন দুলাভাই। দুলাভাইকে সবাই সম্মান করে, আবার টাকাপয়সা আদায় করার জন্য তাকে একটু তোষামোদ করারও প্রয়োজন পরে। অর্থাৎ দুলাভাইকে সবাই adulation করে।

২. Adulation শব্দটির মধ্যে lation= lotion (লোসোন) এর দিকে লক্ষ্য করুন। লোসোন দেওয়া আর তেল দেওয়া একই কথা। অর্থাৎ adulation দেখলেই বুঝতে হবে এখানে কাউকে তেল মারার কথা বলা হয়েছে ।

২৯. Adulterate মূল অর্থ- ভেজাল মেশানো।

Synonym: make impure, degrade, debase. Antonym: refine.

Scanned by CamScanner

Mnemonic- ১. Adulterate = Adult erate।Adulterate শব্দটিকে adult দিয়ে মনে রাখুন। মানুষ যখন ছোট থাকে তখন থাকে একদম সাদাসিধে, আর যতই এ্যাডাল্ট হতে থাকে ততই বাটপার বা ভেজাল অর্থাৎ adulterate হতে থাকে।

২. আমাদের দেশের সিনেমারগুলোর মধ্যে অনেক সময়ই গানের সাথে কিছু adult সিন ঢুকিয়ে দেওয়া হয়। এটাও আসলে একটা ভেজাল কাজ। এটা সিনেমাতে ভেজাল মেশানো বা adulterate করা।

৩০. Adverse মূল অর্থ- প্রতিকূল; সহায়ক নয়; বিপরীত।

Synonym: unfavourable, disadvantageous, inauspicious. Antonym: favourable.

মনে রাখা দরকার- Averse ও adverse খুব কাছাকাছি অর্থ। কিন্তু সম্পূর্ণ এক অর্থ নয়। averse মানে হলো- কোন কিছু করতে না চাওয়া। অর্থাৎ অগ্রহি না। অসম্মতি। আর adverse মানে কোন প্রতিকূল অবস্থা।

Mnemonic- ১. Adverse = ad + verse । verse অর্থ কবিতা। যারা ভার্স/কবিতা লেখে বা কবি, তাদের সারাজীবনই প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যেতে হয় অর্থাৎ adverse পরিস্থিতির মধ্য দিয়ে যেতে হয়।

২. Adverse শব্দটিকে versus শব্দ দিয়ে মনে রাখতে পারেন। আমরা যখন দুই প্রতিপক্ষের সাথে খেলার কথা বলি তখন versus শব্দটি ব্যবহার করি। যেদিন ব্রাজিল versus আর্জেন্টিনা খেলা হয় সেদিন দুই ঘনিষ্ঠ বন্ধু ও বিপরীত থাকে অর্থাৎ adverse থাকে।

৩১. Aesthetic মূল অর্থ- সৌন্দর্য।

Synonym: decorative, ornamental, graceful. Antonym: odd.

সৌন্দর্য বোঝাতে এই শব্দটি ব্যবহার করা হলেও, aesthetic বলতে আসলে সাধারন সৌন্দর্য না বুঝিয়ে আর্টিস্টিক বা শিল্পগত সৌন্দর্যকে বোঝানো হয়।

Mnemonic- ১. Aesthetic এর প্রথমেই ash উচ্চারণ করতে হয়। ফলে এটিকে "ash" বা ঐশ্বরিয়া রাই এর সাথে মিলিয়ে মনে রাখা যেতে পারে। ঐশ্বরিয়া রাই সুন্দর আর aesthetic মানেও সুন্দর ।

২. Aesthetic = ass + ta + thik , বেশিরভাগ পুরুষ মনে করেন মেয়েদের সৌন্দর্যের ক্ষেত্রে ass টা অনেক গুরুত্বপূর্ণ। ফলে এটা ঠিক থাকলে বুঝতে হবে মেয়েটির সৌন্দর্যের মধ্যে নান্দনিকতা বা aesthetic-ness আছে।

৩২. Affable মূল অর্থ- বন্ধুসুলভ, যার সাথে সহজেই কথা বল যায়।

Synonym: friendly, amiable, genial. Antonym: unfriendly, prickly.

নেমনিক- ১. Fable মানে গল্প। মনে রাখুন যে যার সাথে গল্প করা যায় তাকেই Affable বলা যায়। এটিকে ভেঙে ফেলুন-> Affable = f + able এখানে f মানে ফ্রেন্ড আর able মানে যোগ্য। যে ফ্রেন্ড হবার যোগ্য সেই affable বা বন্ধুসুলভ।

২. Affable = aff (affair) + able যার সাথে অ্যাফেয়ার করা যায়, তার সাথে সহজেই কথা বলা যায়। সে বন্ধু সুলভ। অর্থাৎ সে affable।

Scanned by CamScanner

৩৩. **Affectation** মূল অর্থ- স্বাভাবিক ব্যাবহার না; কৃত্তিম ব্যবহার(সাধারণত কাউকে খুশি করার জন্য)।

Synonym: pretension, pretentiousness, affectedness. Antonym: naturalness.

Mnemonic- ১. Affectation এর মূল অংশ হলো Affect । Affect করা মানে প্রভাবিত করা । যে স্বাভাবিকভাবে কথা না বলে কথা দ্বারা কাউকে প্রভাবিত বা Affect করতে চায়, তার ব্যাবহারই কৃত্তিম, আর সেটাকেই Affectation বলা হয়।

৩৪. **Affinity** মূল অর্থ- সহমর্মিতা; আকর্ষণ; বন্ধুত্ব বা আত্মীয়তা থাকা ।

Synonym: empathy, rapport, sympathy. Antonym: dislike, aversion.

Mnemonic- ১. একটু আগে আমরা affable শব্দটি শিখেছি। affable আর affinity শুনতেও কিছুটা একই রকম আর একই রুট থেকে এসেছে। যে ব্যাক্তি affable তার সাথেই affinity বা বন্ধুত্ব হয়, তার প্রতিই সহমর্মিতা প্রকাশ পায়।

৩৫. **Affluent** মূল অর্থ- প্রচুর; সমৃদ্ধ।

Synonym: wealthy, rich, prosperous. Antonym: poor, impoverished.

একটি ব্যাক্তি যখন affluent হয় তখন বুঝতে হবে তার অনেক টাকা-পয়সা আছে। আর একটি রাষ্ট্র যখন affluent হয় তখন বুঝতে হবে সেই রাষ্ট্রের প্রচুর নাগরিক রয়েছে।

Mnemonic- ১. Affluent= a + fluent অর্থাৎ একজন ফ্লুয়েন্ট মানুষ। ফ্লুয়েন্ট মানুষ প্রচুর কথা বলতে পারে, একজন ফুয়েন্ট ব্যাবসায়ী প্রচুর টাকা আয় করতে পারে। আর affluent অর্থ হলো প্রচুর ।

২. Affluent = a flow of cent, অ্যামেরিকাতে পয়সাকে সেন্ট বলা হয়। ফলে সেন্টের প্রবাহ মানে প্রচুর পয়সা। বা affluent পয়সা ।

৩৬. **Agenda** মূল অর্থ- আলোচ্যসূচী; মিটিং এ যেসব বিষয় নিয়ে আলোচনা হবে তার লিস্ট।

Synonym: list of items, schedule, programme, timetable, line-up, list, listing.

Mnemonic- ১. আমরা প্রায়ই শুনে থাকি- "আজকে মিটিং এর এজেন্ডা কি ছিল ? "। ঐ এজেন্ডা আর এই- Agenda মূলত একই। তাহলে Agenda মানে আলোচ্যসূচি।

২. Agenda শব্দটির মধ্যে প্রথমেই আছে age। যাদের age বা বয়স বেশি তারাই মিটিং এর agenda বা আলচনার বিষয় ঠিক করে দেয়।

৩৭. **Agrarian** মূল অর্থ- ভূমি বা জমিজমা সংক্রান্ত; চাষাবাদ সম্পর্কিত।

Example: Brazil is rapidly diversifying its agrarian economy.

Agrarian শব্দটি মূলত agriculture শব্দের সাথে সম্পর্কিত। তাই agrarian শব্দটি মনে রাখার জন্য agriculture এর সাথে মিলিয়ে মনে রাখতে হবে।

Scanned by CamScanner

Mnemonic- ১. Agrarian শব্দটিকে তাজমহলের আগ্রার সাথে মিল রেখে মনে রাখুন। তাজমহল আগ্রার যমুনা নদীর তীরে তৈরি করা হয়েছিল। যেখানে agriculture করার মত পরিবেশ ছিল।

২. Agrarian = a + gray-rian, অর্থাৎ একজন গ্রে কালারের মানুষ। যেসব মানুষ জমিজমা বা চাষাবাদ সম্পর্কিত কাজ করে বা agratian, তাদের গায়ের রঙ সাদা নয় বরং তাদের বেশিরভাগের ক্ষেত্রে দেখা যায় তা গ্রে কালারের হয়।

৩৮. **Aggregate** মূল অর্থ- জড় করা; একত্র করা ।

Synonym: total, sum total, sum. Antonym: segregate.

Integrate আর aggregate এই দুটি শব্দের অর্থ একত্র করা । আর segregate শব্দের অর্থ ছড়িয়ে দেওয়া। অর্থাৎ এই দুটির বিপরীত।

Mnemonic- ১. Aggregate= agree + gate । agree অর্থ রাজী আর গেট মানে ফটক বা দরজা। সবকিছু গেটের সামনে এনে জড় করতে রাজী হওয়াকেই আমরা বলব aggregate করা।

৩৯. **Agnostic** মূল অর্থ- সংশয়বাদী; যে ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কে স্পষ্টভাবে কিছু জানে না।

সংশয়বাদীরা মনে করে ঈশ্বর আছে কি নেই এই বিষয়টি সঠিকভাবে জানা মানুষের পক্ষে সম্ভব না। অনেকে agnostic দের নাস্তিক মনে করেন। কিন্তু সেটি আসলে সম্পূর্ণ সঠিক নয়।

Synonym: sceptical, doubting, questioning. Antonym: believer, theist.

Mnemonic- ১. Agnostic= ak + nastik । অ্যাগনাস্টিক শুনতে অনেকটা, "এক নাস্তিক" - এর মত শোনায়। agnostic দের কিছু বিষয়ে নাস্তিকদের সাথে মিল আছে।

২. গ্রিক ভাষায় agnostos শব্দের অর্থ হল- না জানা । এখানে nostos শব্দটিও বাংলাতে না বোধক। অর্থাৎ যারা ঈশ্বর সম্পর্কে জানে না, তারাই agnostic ।

৩. Agnostic= egg + nastik = ডিম নাস্তিক । ধরুন একজন নাস্তিক ডিম আগে না মুরগি আগে- এই বিষয় নিয়ে তর্ক শুরু করল। তারপর তারা সিদ্ধান্ত নিল যে- এটা জানা সম্ভব না। agnostic রা ঈশ্বর সম্পর্কে এমন সিদ্ধান্ত নেয়। অর্থাৎ তারা ভাবে এটা জানা সম্ভব না ।

৪০. **Alacrity** মূল অর্থ- হাসিখুশি; খুশি হয়ে সবার সাথে মেলামেশা।

Synonym: eagerness, willingness, readiness. Antonym: apathy.

Mnemonic- ১. Alacrity= a + larki + ti (এই লারকি টি) । লারকি বা মেয়েরা সবসময় হাসিখুশি থাকে। আর alacrity শব্দের অর্থও হাসিখুশি ।

২. Alacrity - শব্দটির ভেতর, crity বা "কৃতি" আছে। যেসব মানুষ কৃতি হয়, তারা সবার সাথে মেশে ও হাসিখুশি থাকে। অর্থাৎ তাদের ভেতর alacrity থাকে।

Scanned by CamScanner

৪১. Allege মূল অর্থ- প্রমান ছাড়াই দোষী বলা।

Synonym: claim, assert, declare, state, proclaim, maintain, advance, contend.

Mnemonic- ১. Allege শব্দটিকে অ্যালার্জি দিয়ে মনে রাখতে পারেন। অন্যের ভাল দেখলে যাদের অ্যালার্জি হয়, তারা সবাইকে প্রমান ছাড়াই দোষ দিয়ে বেরায় অর্থাৎ allege করে বেরায়।

২. allege= A+lege(lazy) যে ব্যাক্তি লেজি বা অলস, সে নিজের দোষ ঢাকার জন্য অন্য সবাইকে প্রমান ছাড়াই দোষ দিয়ে বেরায়।

৪২. Alleviate মূল অর্থ- কমানো । অসম্পূর্ণভাবে ছেড়ে দেওয়া। আপনার মাথা ব্যাথা alleviate হয়েছে, এর অর্থ হলো- আপনার মাথা ব্যাথা কমেছে, কিন্তু সম্পূর্ণ সেরে যায়নি।

Synonym: reduce, ease, relieve. Antonym: aggravate.

Mnemonic- ১. Alleviate শব্দটি ল্যাটিন levis থেকে এসেছে। levis মানে হালকা বা কম। মনে রাখার জন্য-> Alleviate = alea + vat। অ্যালিভিয়েট কে আলিয়া ভাটের সাথে মিল রেখে মনে রাখুন। আলিয়া ভাটের গান দেখলে আপনার মাথাব্যাথার অনুভূতি সাময়িকের জন্য চলে যেতে পারে, বা alleviate হতে পারে। কিন্তু সম্পূর্ণ সেরে যাবার জন্য আপনাকে প্যারাসিটামলই খেতে হবে।

৪৩. Allocate মূল অর্থ- বিতরন করা; ছড়িয়ে দেওয়া; দায়িত্ব ভাগ করে দেওয়া।

Synonym: allot, assign, issue, award, grant, administer, devote; share out.

Mnemonic- ১. Allocate শব্দটি Allot এর সাথে সম্পর্কিত। Allot মানে বণ্টন করে দেওয়া। Allocate = all + locate। আমরা মনে রাখব যে- all locate বা সব লোকেশনে ছড়িয়ে দেওয়াই হল allocate করা। আবার Allocate এর সাথে allot শব্দটির মিল আছে। allot মানেও বিতরণ করা বা বণ্টন করা।

২. Allocate শব্দটিকে শুনতে অনেকটা, "আলু কেট" বা আলু কাটার সাথে তুলনা করে মনে রাখতে পারেন। আলু কেটে ফললে সেটা বিভিন্ন ভাগে ভাগ করা হয়। allocate শব্দের অর্থও তেমনই, কোন জিনিস বা দায়িত্ব নির্দিষ্ট স্থানে বা নির্দিষ্ট কারো হাতে না দিয়ে তা বিভিন্ন স্থানে বা বিভিন্ন জনের কাছে দায়িত্ব ভাগ করে দেওয়াকেই allocate বলা হয়।

৪৪. Alloy মূল অর্থ- মিশ্রন।

Synonym: mixture, mix, amalgam fusion, meld, compound, combination.

মূল অর্থ মিশ্রন হলেও, alloy বলতে সাধারনত বিভিন্ন ধাতুর মিশ্রনকেই বোঝানো হয়। বিভিন্ন ধাতুকে তাপ দিয়ে গলিয়ে তারপর সেগুলোকে একসাথে মিশ্রিত করে সংকর ধাতু তৈরি করা হয়। সেই উত্তপ্ত গলিত ধাতুর মিশ্রনকে বলে alloy।

Mnemonic- ১. Alloy = এ লয় = একসাথে লয় । একসাথে নিয়ে কি করে? মিশ্রিত করে। আর alloy শব্দের অর্থও মিশ্রন।

Scanned by CamScanner

৪৫. Allusion মূল অর্থ- ইশারা দেওয়া; পরোক্ষভাবে ইঙ্গিত দেওয়া।

Synonym: reference to, mention of, comment on, implication, insinuation.

সাধারনত বিভিন্ন সাহিত্যের ক্ষেত্রে পরোক্ষভাবে কিছু বোঝানোকে allusion বলা হয়।

Mnemonic- ১. Allusion কে illusion দিয়ে মনে রাখা সহজ। Allusion শব্দটি শুনতে অনেকটা illusion/ইল্যুশনের মত শোনায়। ইল্যুশন মানে তো সবাই জানি- ভুল দেখা বা বিভ্রান্তি। আমরা যে ইলুশ্যনগুলো দেখি তার সবই পরোক্ষভাবে দেখা(কারন কেউ বলতে পারবে না যে সে দিনের বেলায় নিজের চোখে ভূত বা এরকম কোন ইলুশ্যন দেখেছে)। আর ইলুশ্যন মানে পরোক্ষভাবে ইঙ্গিত দেওয়া।

৪৬. Aloof মূল অর্থ- নির্লিপ্ত থাকা; জড়িত নয়; সবার থেকে দূরে থাকা।

Synonym: distant, detached, unresponsive. Antonym: familiar, friendly.

Mnemonic- ১. Aloof কে roof এর সাথে মিল রেখে মনে রাখা যায়। আমরা যখন roof বা ছাদে থাকি, তখন সবার থেকে দূরে থাকি, নির্লিপ্ত থাকি।

২. Aloof= aloo(আলু) + f। আপনি আলু পছন্দ করেন, তাই আপনার মা আপনার থেকে আলু সব সময় দূরে রাখে।

৪৭. Altruism মূল অর্থ- পরার্থপরতা; পরহিতৈষণা; অপরের ভালোর জন্য নিবেদিতপ্রাণ।

Synonym: unselfishness, selflessness, self-sacrifice. Antonym: selfishness.

Mnemonic- ১. Altruism = all + true + ism । all ture মানে সব সত্য, আর ism মানে মতবাদ। অর্থাৎ এটার নেমোনিক অর্থ দাঁড়াচ্ছে- all true ism = সব সত্যের মতবাদ। আর যিনি সব সত্যের মতবাদে বিশ্বাসী, সে অবশ্যই মানুষের জন্য নিবেদিতপ্রান হবেন।

৪৮. Ambience মূল অর্থ- আশেপাশের পরিবেশ; অবস্থা।

Synonym: atmosphere, air, aura, climate.

নেমনিক- ১. Ambience কে ambulance বা এ্যাম্বুলেন্স শব্দটি দিয়ে মনে রাখতে পারেন। এ্যাম্বুলেন্সের শব্দ শুনলে বুঝতে হবে আশেপাশের পরিবেশে কোন একটা ঝামেলা হয়েছে।

২. Ambience কে অ্যাম্বিশন শব্দ দিয়ে মনে রাখা যেতে পারে। যার ambition বা আশা অনেক বড়, সে যেকোনো অবস্থা বা পরিবেশে নিজেকে মানিয়ে নিতে পারে।

৪৯. Ambiguous মূল অর্থ- স্পস্ট কোন অর্থ নেই; দুই ধরনের অর্থ বোঝায় এমন।

Synonym: equivocal, ambivalent, open to debate. Antonym: clear.

Scanned by CamScanner

Mnemonic- ১. Ambiguous = Ambi + guous , Ambi মানে দুই, আর guous শুনতে অনেকটা guess বা গেজ এর মত শোনায়। যা থেকে দুই ধরনের জিনিস আন্দাজ করা যায় সেটাই ambiguous।

৫০. Ambivalent মূল অর্থ- সিদ্ধান্তহীন ; স্বাভাবিক ; নির্দিষ্ট কোন মতামত নেই।

Synonym: equivocal, uncertain, unsure. Antonym: unequivocal, certain.

উদাহরনঃ আপনি জানেন রিনি নামের মেয়েটি আপনাকে পছন্দ করে। কিন্তু আপনি তার প্রতি ambivalent ফিল করেন। অর্থাৎ এই বিষয়ে আপনি কোন সিদ্ধান্তই নেননি। অর্থাৎ মেয়েটি কোন সিদ্ধান্ত নিলেও আপনি কোন সিদ্ধান্ত নেননি। এই সিদ্ধান্তহীনতাটিকেই ambivalent বলে।

Mnemonic- ১. গ্রিক ভাষায় ambi মানে দুই । যেমন- ambidextrous অর্থ হলো- যে ব্যক্তি দুই হাতেই সমানভাবে কাজ করতে পারে। আর ambivalent = ambi + valent । অর্থাৎ যে দুই দিকেই সিদ্ধান্ত নিয়েছে। যে দুই দিকে সিদ্ধান্ত নিয়েছে, বুঝতে হবে সে আসলে কোন সিদ্ধান্তই নেয়নি। অর্থাৎ সে ambivalent বা সিদ্ধান্তহীন।

৫১. Ameliorate মূল অর্থ- উন্নতি ঘটানো; শক্তিশালী করা ।

Synonym: alleviate, mitigate. Antonym: aggravate.

Mnemonic- ১. ameliorate শব্দটিকে ameli দিয়ে মনে রাখুন। ameliorate শব্দটির প্রথমেই রয়েছে ameli।এমিলি সিনেমায় এমিলি সবার জীবনের উন্নিত করার জন্য প্রচুর চেষ্টা করেছে। আর Ameliorate মানেও উন্নতি ঘটানো।

২. ameliorate শব্দটির শেষে রয়েছে rate বা রেট। এই rate দিয়েই এটাকে মনে রাখুন। জিনিস যত উন্নত, তার রেট তত উন্নত। মনে রাখুন Ameliorate মানে কোন কিছুর রেট বৃদ্ধি করা।

৫২. Amenable মূল অর্থ- বাধ্য; রাজী; নম্র, নমনীয়।

Synonym: compliant, acquiescent, biddable. Antonym: uncooperative.

Mnemonic- ১. Amen বা আমিন/আমেন শব্দটি ইসলাম ও খ্রিষ্টান ধর্মের প্রচলিত একটি শব্দ । দোয়া পড়ার পর সবাই একসাথে আমিন বলে। যে দোয়া পড়া হলো তার সাথে সবাই রাজী বলেই সবাই আমিন বলে। আর amenable শব্দের অর্থ হলো- রাজী বা বাধ্য ।

২. amenable = a + man + able এভাবে মনে রাখা যেতে পারে।

৫৩. Amenity মূল অর্থ- শিষ্টতা; ভদ্রতা; হাসিখুশি ব্যাবহার; আকর্ষণীয়।

Synonym: facility, service, convenience.

Mnemonic- ১. Amenity = A man + ity (একটি লোক + ইতি) । লোকটির সাথে যখন ইতির দেখা হল, তখন সে হাসিখুশি হয়ে গেল। কারন লোকটি ছিল বেশ ভদ্র ও আকর্ষণীয়। আর amenity শব্দের অর্থ হল- ভদ্র/ হাসিখুশি / আকর্ষণীয়।

Scanned by CamScanner

৫৪. Amiable মূল অর্থ- বন্ধুভাবাপন্ন বা ফ্রেন্ডলি; রাজী হবার মত ।

Synonym: friendly, affable, amicable. Antonym: unfriendly, disagreeable.

Mnemonic- ১. Ami অর্থ ভাল , ami + able = amiable । ভালোবাসার যোগ্য। আর তাই ফ্রেন্ডলি । ২. amiable কে amiable - Am I lovable? এভাবেও মনে রাখতে পারেন।

৫৫. Amnesty মূল অর্থ- একসাথে অনেক লোককে ক্ষমা; আন্তর্জাতিক ক্ষমা ।

Synonym: pardon, pardoning, reprieve.

Mnemonic- ১. Amnesty international/অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল খুব পরিচিত একটি মানবাধিকার সংস্থার নাম। যেহেতু মানবাধিকার সংস্থা, তাই এমন নামকরন ।

২. Amnesty শুনতে অনেকটা i am nasty এর মত শোনায়। আমরা এত nasty/খবিশ হওয়া সত্ত্বেও আমাদের পিতামাতারা আমাদের amnesty বা গনক্ষমা করে দেন ।

৫৬. Amoral মূল অর্থ- ভাল মন্দের পার্থক্য করতে না পারা; অনৈতিক; যৌন ভালোবাসা।

Synonym: unprincipled, without standards. Antonym: moral, principled.

Mnemonic- ১. Moral শব্দের দিয়ে সহজেই amoral শব্দটিকে মনে রাখা যায়। moral বা মোড়াল শব্দের অর্থ হলো- নৈতিক বা নীতিমূলক। তাহলে a-moral অর্থ হবে যা নৈতিক নয়। আর amoral শব্দের অর্থও অনৈতিক। Amoral love বলতে শুধু শারীরিক ভালোবাসাকে বোঝায় । আর আমাদের সমাজে এটি অনৈতিক হিসেবে গণ্য করা হয়।

৫৭. Amorous মূল অর্থ- ভালোবাসা অনুভব করা, বিশেষ করে যৌন-ভালোবাসা ।

Synonym: lustful, sexual, erotic. Antonym: unloving, cold.

Mnemonic- ১. Amoral আর amorous শুনতে অনেকটা একই রকম। আর শব্দদুটি একই রুট থেকে এসেছে। প্রথমটার অর্থ অনৈতিক, আর দ্বিতীয়টার অর্থ যৌন-ভালোবাসা অনুভব করা। শুধু যৌন-ভালোবাসা অনুভব করাটা আমাদে সমাজে অনৈতিক ।

মনে রাখুন- moral less love = amorous love / যৌনভালবাস = নীতি-ছাড়া ভালোবাসা ।

৫৮. Amorphous মূল অর্থ- আকৃতি-বিহীন, যার নির্দিষ্ট কোন আকৃতি নেই; গুরো ।

Synonym: shapeless, formless, unformed. Antonym: shaped, definite.

Mnemonic- ১. গ্রিক ভাষায় morphe বা মরফি শব্দের অর্থ হল- আকৃতি । a অর্থ না এবং morphe অর্থ আকৃতি । অর্থাৎ যার কোন আকৃতি নাই সেটাই amorphous বা আকৃতিহীন ।

Scanned by CamScanner

২. Amorphous শব্দটির সাথে মরফিন শব্দটির মিল আছে। মরফিন হল একধরনের তরল ইনজেকশন। যে ইনজেকশন নিয়ে অনেকে নেশা করে। মরফিন যেহেতু তরল তাই তার কোন নির্দিষ্ট আকার নেই। আর amorphous শব্দের অর্থ নির্দিষ্ট আকার-আকৃতি বিহীন।

৫৯. **Anachronism** মূল অর্থ – কাল বৈষম্য, এক সময়ের জিনিসকে অন্য সময়ের মনে করা।

Synonym: solecism, misplacement.

যেমন- কেউ যদি বলে ফেলে, রবীন্দ্রনাথ বারাক ওবামার বাসায় বেড়াতে গিয়ে এই কবিতাটি লিখেছিলেন। তাহলে এটাকে বলা হবে anachronism। কারন রবীন্দ্রনাথ ও বারাক ওবামা দুইজন দুই সময়ের মানুষ।

Mnemonic- ১. Anachronism = ana + chronism . এই chron অংশটুকুর অর্থ হল সময়। যে শব্দেই chron দেখবেন বুঝবেন এই শব্দের সাথে সময়ের একটা সম্পর্ক আছে। ক্রন কে ক্ষণ এর সাথে মিল রেখে মনে রাখতে পারেন। ana দ্বারা সাধারনত না বা ভুল বোঝানো হয়। তাই ana + chronism = সময় নিয়ে গোলমাল করে ফেলা।

২. ঘড়ির আরেক নাম কি জানেন ? হ্যাঁ ঠিকই ধরেছেন। chronometer বা ক্রোনোমিটার। ana যেহেতু বেশিরভাগ ক্ষেত্রেই নেগেটিভ বোঝাতে ব্যাবহিত হয়, তাই anachronism শব্দের অর্থ সময় নিয়ে গোলমাল।

৬০. **Analogy** মূল অর্থ- দুটি বস্তুর মধ্যে তুলনা; মিল।

Synonym: similarity, parallel, parallelism. Antonym: dissimilarity.

Mnemonic- ১. বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় analogy বের করতে দেওয়া হয়। সেখানে এক জোরা জিনিসের মধ্যে মিল খুজে বের করতে হয় ।

২. Analogy = ana + logy। এনা দুটি বস্তুর মধ্যে মিল পাবার জন্য লজিক ব্যাবহার করে।

৬১. **Anarchy** মূল অর্থ- নৈরাজ্য; যে দেশে কোন রাজা নেই বা কোন আইন-কানুন নেই সেটাকেই anarchy বলে; আইনহীনতা; বিশৃঙ্খলা।

Synonym: lawlessness, absence of government, nihilism,mobocracy, revolution.

Antonym: government, order.

কোন একটি রাজ্যের পতনের পর অনেক সময় ধরে সেই রাজ্যের থাকে না। নতুন রাজা নির্বাচিত হবার আগ-পর্যন্ত সেদেশে প্রচুর বিশৃঙ্খলা চলতে থাকে(কারন অপরাধ করলে শাস্তি দেবার মত কেউ থাকে না)। এই বিশৃঙ্খল অবস্থাকে anarchy বলে।

Mnemonic- ১. Anarchy কে Monarchy দিয়ে মনে রাখা সহজ। যখন একটি monarchy/মনার্কি বা রাজত্ব ধ্বংস হয়ে যায়, তখনি শুরু হয়ে যায়- অ্যানার্কি। মনে রাখুন monarchy ধ্বংস হয়ে গেলে anarchy শুরু হয়ে যায়।

৬২. **Anecdote** মূল অর্থ- মনে রাখার মত ক্ষুদ্র ক্ষুদ্র ঘটনা বা স্মৃতি।

Scanned by CamScanner

Synonym: story, tale, narrative, sketch; urban myth.

Mnemonic- ১. Anecdote = Anec + dot (অনেক ডট)। ডট অংশটি দিয়ে anecdot শব্দটিকে মনে রাখা সহজ। অনেক ডট মানে- অনেকগুল ক্ষুদ্র ক্ষুদ্র ঘটনা। একটি রেখাকে অনেকগুলো ডটের সমন্বয়ে গঠিত বলে ভাবা যায়। আর আমাদের জীবনটা অনেকগুলো ক্ষুদ্র ক্ষুদ্র ঘটনা ও স্মৃতির সমন্বয়ে গঠিত।

৬৩. **Anguish** মূল অর্থ- মারাত্মক শারীরিক অথবা মানসিক যন্ত্রণা।

Synonym: agony, pain, torment. Antonym: happiness, contentment.

Mnemonic- ১. Anguish কে angry শব্দটি দ্বারা মনে রাখা যেতে পারে। angry হয়ে বা রেগে গিয়ে মানুষ এমন কিছু করে বসতে পারে যা থেকে তার মারাত্মক শারীরিক বা মানোসিক যন্ত্রণা হতে পারে।

২. Anguish = hang + wish। মারাত্মক যন্ত্রনার মুখোমুখি হলে মানুষের হ্যাং হবার বা ফাসিতে ঝুলবার ইচ্ছে হতে পারে।

৬৪. **Animosity** মূল অর্থ- বিদ্বেষ, বিরক্তি, শত্রুতা ।

Synonym: antipathy, hostility, friction. Antonym: goodwill, friendship.

Mnemonic- ১. Animosity = enemy city । এটিকে enemy city এর মত উচ্চারন করলেই শব্দটিকে মনে রাখা সহজ। এনিমি শব্দের অর্থ হলো শত্রু। enemy city মানে শত্রুদের শহর। আর শত্রুর শহরের সাথে বিদ্বেষ বা শত্রুতা থাকবে এটাই স্বাভাবিক।

৬৫. **Anomaly** মূল অর্থ- অনিয়ম; বিপথগমন ।

Synonym: oddity, peculiarity, abnormality. Antonym: discipline.

উদাহরন- গরমের দিনে যদি বরফ পরে অথবা শীতের দিনে তিব্র গরম পরে তবে তা হবে anomaly এর উদাহরণ।

Mnemonic- ১. Anomaly শুনতে অনেকটা অ্যাবনরমালি এর মত শোনায়। তাই এটাকে অ্যাবনরমাল এর সাথে মিল রেখে মনে রাখতে পারেন। মনে রাখুন- Anomaly = No + normality। যেখানে কোন স্বাভাবিকতা বা normality নেই, সেখানেই anomaly।

৬৬. **Antecedent** মূল অর্থ- পূর্বপুরুষ, আগের সময়কার কোন বস্তু বা ব্যাক্তি।

Synonym: precursor, ancestor, forefather. Antonym: descendant, successor.

আপনার দাদা হল আপনার antecedent। আবার ঘোরার গাড়ি হল আজকের দিনের ল্যাম্বারগিনি গাড়ির antecedent।

Scanned by CamScanner

আমরা যদি গ্রামারটিক্যালি দেখি- তাহলে দেখা যাবে এই শব্দটি আসলে pronoun এর মত ব্যাবহার করা হয়। যেমন- রহিম গাছ কাটে। এরপর অন্য কোথাও রহিমকে বোঝানোর জন্য , "সে" শব্দটি ব্যাবহার করা হয়। তেমনি পূর্বের সময়কার যেকোন কিছু বোঝাতেই এই শব্দটি ব্যাবহার করা হয়।

Mnemonic- ১. Antecedent = anti (before) + incedent , কোন ঘটনার আগের ঘটনার বিষয়বস্তুকে প্রকাশ করার জন্য antecedent শব্দটি ব্যাবহিত হয়।

২. Antecedent এর সাথে সিড শব্দটিকে মিলিয়ে মনে রাখা যেতে পারে। সিড অর্থ হল বীজ। আর বীজ হল সব গাছেরই পূর্বের অবস্থা।

৬৭. **Antipathy** মূল অর্থ- প্রচণ্ড ঘৃণা করা; অপছন্দ করা ।

Synonym: hostility, antagonism, animosity. Antonym: liking, affinity.

Mnemonic- ১. Antipathy কে sympathy বা সিম্প্যাথি দিয়ে মনে রাখা সহজ। সিম্প্যাথি অর্থ হলো- সমবেদনা। আর অ্যান্টিপ্যাথি হল সিমপ্যাথির ঠিক উল্টো। প্রচণ্ড ঘৃণা করা ।

২. Antipathy = Anti party। রাজনৈতিক দলগুলো তাদের Anti party কে প্রচণ্ড ঘৃণা করে। আর Antipathy অর্থও প্রচণ্ড ঘৃণা করা।

৬৮. **Antithesis** মূল অর্থ- সম্পূর্ণ বিপরীত ।

Synonym: opposite, converse, reverse. Antonym: similarity.

Mnemonic- ১. Antithesis = aunty + thesis। ভাবুন আন্টি থিসিস লিখছে। এটা একদমই বিপরীত ঘটনা। কারন আন্টি পছন্দ করে শপিং করতে, থিসিস লেখাটা তার সাথে যায় না।

২. Anti মানেই হল বিপরীত । আর এই Antithesis অর্থও বিপরীত।

৬৯. **Apartheid** মূল অর্থ- আলাদা করে রাখা; এটি মূলত দক্ষিণ আফ্রিকার একটি সামাজিক রীতি, এই রীতি অনুসারে সাদা চামড়ার লোকদেরকে কালো চামড়ার লোকদের থেকে আলাদা করে রাখা হয়।

Mnemonic- ১. Apartheid শব্দটি মূলত apart থেকে এসেছে। apart মানে হলো আলাদ করে রাখা। apartheid দ্বারা মূলত সাদা চামড়া ও কালোচামড়ার মানুষদের আলাদা রাখার কথা বোঝানো হয় ।

২. Apartheid= apart + the + aids। অর্থাৎ এইডস রোগীদের জিনিসপত্র আলাদা রাখা উচিত।

৭০. **Apathy** মূল অর্থ- আগ্রহের অভাব।

Synonym: indifference, unconcern, dispassion. **Antonym**: enthusiasm, interest.

Mnemonic- ১. Apathy শব্দের সাথে antipathy শব্দটির সাথে অনেক মিল। anti এর জায়গায় a । anti মানে বিপরীত। আর a মানে না। তাই antipathy শব্দের অর্থ সম্পূর্ণ বিপরীত হলেও apathy শব্দের অর্থ শুধু আগ্রহের অভাব; সম্পূর্ণ বিপরীত নয়।

Scanned by CamScanner

২. Apathy = অপথ্য । অপথ্য মানে বাজে খাবার। খাবার যদি বাজে হয় তবে খাবার প্রতি কোন আগ্রহ থাকে না। আর apathy শব্দের অর্থও আগ্রহের অভাব।

৭১. **Aphorism** মূল অর্থ- প্রবাদ; সংক্ষিপ্ত প্রচলিত তত্ত্বকথা।

উদাঃ বেঞ্জামিন ফ্রাঙ্কলিন aphorism পছন্দ করতেন, অর্থাৎ তিনি প্রবাদ বাক্য পছন্দ করতেন।

Mnemonic- ১. Phrase থেকে aphorism শব্দটি এসেছে। phrase শব্দের অর্থ বাক্য বা বুলি। আর aphorism শব্দের অর্থ প্রচলিত Phrase বা প্রচলিত বুলি বা প্রবাদ। phrase এর সাথে aphorism কে সম্পর্কযুক্ত করে নিলেই এটি মনে রাখা সহজ।

৭২. **Apocalypse** মূল অর্থ- ভবিষ্যৎ ঘটনা সম্পর্কে পূর্বাভাষ দেওয়া; বিশেষ করে পৃথিবী ধ্বংস হয়ে যাওয়া সম্পর্কে।

Mnemonic- ১. Apocalypse শব্দটির সাথে eclipse শব্দটির মিল আছে। ইক্লিপস শব্দের অর্থ হলো গ্রহন, চন্দ্র গ্রহন বা সূর্যগ্রহন। বিজ্ঞানীরা ও জ্যোতিষীরা গ্রহন, চন্দ্রগ্রহন ও সূর্যগ্রহন সম্পর্কে ভবিষ্যৎবানী করে। আর apocalypse শব্দের অর্থ – এমন কোন ঘটনা সম্পর্কে ভবিষ্যৎবানী দেওয়া।

৭৩. **Apocryphal** মূল অর্থ- সন্দেহজনক; প্রমানিত নয় এমন ।

Synonym: fictitious, made-up, untrue. Antonym: authentic, true.

Mnemonic- ১. Apocryphal শব্দটি crypt থেকে এসেছে। লক্ষ্য করুন Apocryphal -> Apo **cryp** hal । যার অর্থ গোপন বা লুকায়িত। যা গোপন আছে তা এখনো প্রমানিত না। বা সন্দেহজনক ।

২. Apocryphal = apo + cri + fall । অর্থাৎ অপু নামের একটি মেয়ে কাদছে। আর এই মেয়েটির কান্নাটা একটা সন্দেহজনক ঘটনা।

৭৪. **Apotheosis** মূল অর্থ- কারো উপর দেবত্ব আরোপ করা; একদম আদর্শ বস্তু।

Synonym: culmination, climax, crowning moment. Antonym: nadir.

অনেক সময় বলা হয় লোকটি দেবতার মত। এভাবে মানুষকে মহত্ত্ব প্রদান করতে গিয়ে দেবত্ব আরোপ করাকেই বলা হয় apotheosis ।

নেমনিক- ১. Theo অর্থ ধর্ম। যেখানেই Theo দেখবেন বুঝে নেবেন যে এখানে ধর্ম সম্পর্কিত কিছু আছে। আর এখানে- apo-theo-sis শব্দের অর্থ কারো উপর ধর্মীয় ব্যাপার স্যাপার নিয়ে আসার মত।

২. apotheosis = appointment as theo অর্থাৎ ধর্মীয় ব্যাক্তিত্ত হিসেবে আপয়েন্টমেন্ট করা।

৭৫. **Appease** মূল অর্থ- শান্তি দেওয়া।

Synonym: conciliate, placate, pacify. Antonym: provoke, inflame.

Mnemonic- ১. Appease= a + peace অর্থাৎ একটু শান্তি।

Scanned by CamScanner

২. Appease কে পিছ টিভির সাথে তুলনা করে মনে রাখতে পারেন। পিছ টিভি ইসলামের প্রচার করে। আর ইসলাম শব্দের অর্থ শান্তি ।

৭৬. **Appreciate** মূল অর্থ- মূল্য বৃদ্ধি করা; বা মূল্য অনুভব করা; তারিফ করা।

Synonym: value, respect, prize. Antonym: disparage.

Mnemonic- ১. Appreciate এর ঠিক বিপরীত হল depreciate। এর প্রথমটির অর্থ মূল্য বৃদ্ধি করা বা তারিফ করা। আর দ্বিতীয়টির অর্থ মূল্য কমানো বা খারাপ বলা।

২. appreciate এর সাথে initiate শব্দটিকে মিলিয়ে মনে রাখা যেতে পারে। initiate মানে শুরু করা। appreciate অর্থ মূল্য বৃদ্ধি করা। আপনি ব্যাবসা শুরু করলে বা initiate করলে, আপনার মূল্য বৃদ্ধি পাবে। তখন সবাই আপনাকে appreciate/তারিফ করবে।

৭৭. **Apprehensive** মূল অর্থ- উদ্বিগ্ন; চিন্তিত ।

Synonym: anxious, alarmed, worried. Antonym: confident.

Mnemonic- ১. Apprehensive = appear + hen + sive। অর্থাৎ hen/মুরগীর মত দেখাচ্ছে। তখন মানুষ বেশি উদ্বিগ্ন বা চিন্তিত থাকে তখন চেহারা মুরগীর মত লাগে।

২. Apprehensive = Apprehend + sive । Apprehend অর্থ হল গ্রেফতার করা বা ধরে ফেলা। আসামিদের পুলিশ ধরে ফেলার পর তাদের উদ্বিগ্ন বা চিন্তিও দেখাবে এটাই স্বাভাবিক।

৭৮. **Approbation** মূল অর্থ- অনুমোদন বা সম্মতি; প্রশংসা।

Synonym: approval, acceptance, assent. Antonym: criticism.

নেমনিক- ১. Approbation শব্দটির সাথে approve শব্দের মিল রয়েছে। approve অর্থ প্রমানিত হওয়া। আর যা প্রমানিত হবে সেটাই তো অনুমোদন পাবে।

২. প্রেশন পাবার জন্য approbation পেতে হয়।

৭৯. **Appropriate** মূল অর্থ- অনুমতি ছাড়াই নিয়ে নেওয়া, উপযুক্ত বা সঠিক ।

Synonym: suitable, proper, fitting. Antonym: inappropriate, irrelevant.

নেমনিক- ১. এই শব্দটিকে আমরা বাংলায় মত করেই ব্যাবহার করি। অনেক ক্ষেত্রেই বলে থাকি এটা তোমার জন্য অ্যাপ্রোপ্রিয়েট অর্থাৎ তোমার জন্য উপযুক্ত।

২. যে জিনিসটি আমাদের জন্য উপযুক্ত সেটা অনেক সময় আমরা কারো অনুমতি ছাড়াই করে ফেলি। আর appropriate শব্দের আরেকটি অর্থ হল- অনুমতি না নিয়েই কোন কিছু নিয়ে নেওয়া বা খেয়ে ফেলা বা করে ফেলা।

৮০. **Aptitude** মূল অর্থ- সহজাত দক্ষতা, প্রাকৃতিক ক্ষমতা ।

Scanned by CamScanner

Synonym: talent, gift, flair, bent, skill, knack, facility, finesse, genius.

ধরুন কেউ গাড়ি চালানো জিনিসটা খুব সহজেই একদম দেখে দেখেই শিখে ফেলল। তার মানে গাড়ি চালানর ব্যাপারে তার aptitude আছে বা সহজাত দক্ষতা আছে। অথবা প্রাকৃতিকভাবেই সে এটার উপযুক্ত। .

Mnemonic- ১. aptitude শব্দটির সাথে attitude শব্দটির মিল রয়েছে। যার aptitude বা সহজাত দক্ষতা আছে তাদের অ্যাটিচিউট বা ব্যবহার ভাল হয় ।

২. এই শব্দটি Apt থেকে এসেছে। Apt মানে সহজাত দক্ষতা, চটপটে বা কর্মক্ষমতা। আর attitude মানেও সহজাত দক্ষতা বা প্রাকৃতিক ক্ষমতা।

৮১ . **Arbiter** মুল অর্থ – যে সিদ্ধান্ত নেয়; বিচারক।

Synonym: judge, authority, determiner, controller, director.

Mnemonic- ১. Arbiter = ar + Bitter। অর্থাৎ যার কথা বিটার বা তেতো।বিচারকের কথা চোঁর বাটপারের কাছে সব সময়ই তেতো বা Bitter লাগে। অর্থাৎ বিচারকের বা arbiter এর কথা Bitter লাগে।

২. Arbiter = orbiter । এটাকে orbiter দিয়ে মনে রাখতে পারেন। orbit করা মানে ঘুরা। যে অরবিট করায় সে হল অরবিটার। এই মহাবিশ্বের সৃষ্টিকর্তা গ্রহ নক্ষত্রগুলোকে অরবিট করায়। কারন তিনি arbiter বা চূড়ান্ত বিচারক ।

৮২. **Arbitrary** মুল অর্থ- এলোমেলো ; ইচ্ছামত ।

Synonym: capricious, whimsical, random. Antonym: rational, reasoned.

Mnemonic- ১. Arbitrary শব্দটির সাথে উপরের Arbiter শব্দটির যোগাযোগ রয়েছে। Arbiter মানে এমন একজন ব্যাক্তি যে ইচ্ছেমত কোন সিদ্ধান্ত নিতে পারে বা ইচ্ছেমত কোন কিছু করতে পারে। আর এমনভাবে ইচ্ছেমত(অর্থাৎ কোন নিয়মের মধ্যে না থেকে) কোন কিছু করা বা হওয়াকেই Arbitrary বলা হয়। Arbitrary মানে হলো- যাদৃচ্ছিক বা ইচ্ছেমত।

৮৩. **Arcane** মুল অর্থ- রহস্যময়; যা সম্পর্কে খুব কম জানা যায়।

Synonym: mysterious, secret, hidden. Antonym: well known, open.

Mnemonic- ১. Arcane শব্দটিকে আরাকান এর সাথে মিল রেখে মনে রাখা যায়। প্রাচীনকালে আরকান রাজ্য ছিল বেশ রহস্যময়। আর arcane শব্দের অর্থও রহস্যময় ।

৮৪. **Archaic** মূল অর্থ- অতি প্রাচীন; একদম সেকেলে ।

Synonym: obsolete, obsolescent, out of date. Antonym: new, modern.

Mnemonic- ১. Archeology শব্দের সাথে এই archaic শব্দটির সম্পর্ক রয়েছে।

Scanned by CamScanner

Archeology শব্দের অর্থ হল প্রত্নতত্ত্ববিদ্যা । বা পুরাতন বিষয় নিয়ে গবেষণা করা। আর archaic অর্থ হল প্রাচীন।

২. Archaic শব্দটির সাথে archive/আর্কাইভ শব্দের সাথে মিল আছে। পুরাতন জিনিস সংগ্রহ করে রাখাকেই আর্কাইভ বলা হয়। আর archaic শব্দের অর্থ প্রাচীন বা পুরাতন।

৮৫. **Archetype** মূল অর্থ- মূল নকশা।

Synonym: typification, type, prototype. Antonym: duplicate.

যেকোনো বস্তুকে একটি নকশা থেকে তৈরি করা হয়। মূল নকশাটিকে বলা হয় archetype.

Mnemonic- ১. Archetype = arch+ type। Arch মানে পুরাতন। আর সবথেকে পুরাতন বা প্রথম জিনিসটিকেই বলা হয় Archetype বা prototype। এখানের Proto মানেও পুরনো। তাহলে Archetype মানে পুরনো টাইপ বা মূল টাইপ নকশা।

৮৬. **Ardent** মূল অর্থ- কোন বিষয়ে মারাত্মক পরিমান আগ্রহ থাকা ।

Synonym: passionate, avid, impassioned, fervent. Antonym: half-hearted.

Mnemonic- ১. Ardent কে আর্জেন্ট এর সাথে মিল রেখে মনে রাখতে সুবিধা। কেউ যদি কোন বিষয়ে ardent বা মারাত্মক পরিমান আগ্রহী হয়, তবে সে কাজটি খুব আর্জেন্ট করে ফলবে।

৮৭. **Arduous** মূল অর্থ- কঠিন ; শক্ত ।

Synonym: onerous, taxing, difficult. Antonym: easy, effortless.

Mnemonic- ১. Arduous কে ভেঙ্গে ফেলুন-> Arduous = hard to do 4 us । আমাদের জন্য যা করা খুব কঠিন, সেটাই arduous বা কঠিন।

৮৮. **Aristocratic** মূল অর্থ- মহৎ ব্যাক্তি ; সম্ভ্রান্ত; অভিজাত ।

Synonym: noble, titled, upper-class. Antonym: plebeian, vulgar.

Mnemonic- ১. Aristocratic এর সাথে অ্যারিস্টটল এর মিল আছে। অ্যারিস্টটল ছিল একজণ মহৎ ব্যাক্তি। পাশাপাশি সম্ভ্রান্ত ব্যাক্তি। আর Aristocratic শব্দের অর্থও মহৎ; অভিজাত।

২. Aristocrat একটি মদের নাম। এটি এক ধরনের ভদকা। মদটি দামি বা অভিজাত।

৮৯. **Artful** মূল অর্থ- নিখুত; চালাক; কৌশলী।

Synonym: sly, crafty, cunning, wily. Antonym: ingenuous, honest.

Mnemonic- ১. আর্টফুল শব্দটিকে আর্ট শব্দ দিয়ে মনে রাখতে সবথেকে বেশি সুবিধা। Artful = art + full , Art মানে কলা বা শিল্প। আর শিল্পগুণসম্পন্ন জিনিস অবশ্যই নিখুত হবে। artful শব্দের অর্থ নিখুত।

Scanned by CamScanner

২. চালাকি করা বা কোন কৌশল ব্যাবহার করাও এক ধরনের art ,আর artful শব্দের অর্থ চালাক বা কৌশলী।

৯০. **Artifice** মূল অর্থ- চালাকি ।

Synonym: trickery, deviousness, deceit. Antonym: honesty, candour.

Mnemonic- ১. Artifice = art + face, অভিনয় এক ধরনের আর্ট বা শিল্প। চালাকি করতে হলে মুখের এক্সপ্রেশনের মধ্যে অভিনয় থাকতে হয় ।

৯১. **Ascendancy** মূল অর্থ- প্রভাব খাটানো ।

Synonym: dominance, domination, supremacy. Antonym: subordination.

Mnemonic- ১. Ascendancy = asen + dance মনে রাখার জন্য ড্যান্স শব্দটি মনে রাখুন। অনেকেই বলেন যে- যেসব মেয়েরা তাদের স্বামীর উপর প্রভাব খাটাতে পারে, তারা ইচ্ছে করলে তাদের কথামত dance/নাচাতে পারে।

৯২. **Ascetic** মূল অর্থ- সন্ন্যাসীর মত ব্যাক্তি; যে নিজেকে সংযত রাখতে পারে।

Synonym: austere, self-denying, abstinent. Antonym: sybaritic

Mnemonic- ১. যারা aesthetic বা সৌন্দর্য নিয়ে মাথা ঘামায় না তারাই ascetic বা সন্ন্যাসী ।

২. Ascetic = ass + septic যারা নিজেদের সংযত রাখতে পারে না তাদের ass এ সেপটিক হয়ে যেতে পারে।

৯৩. **Assiduous** মূল অর্থ- কঠিন পরিশ্রমী; ব্যস্ত।

Synonym: diligent, careful, meticulous

Mnemonic- ১. Assiduous শব্দটির সাথে অ্যাসিড এর মিল আছে। তাই এটিকে অ্যাসিড দিয়ে মনে রাখুন। যারা অ্যাসিড নিয়ে কাজ করে তাদের কঠিন পরিশ্রম করত হয়। আর assiduous মানেও পরিশ্রমী।

৯৪. **Assimilate** মূল অর্থ- নেওয়া; শুষে নেওয়া; শিখে ফেলা ।

Synonym: subsume, incorporate, integrate

Mnemonic- ১. Assimilate = Assi + milate । কে মিলিটারি শব্দটি দিয়ে মনে রাখা সহজ। দেশে যখন বিদেশি মিলিটারি আসে(Assi) তখন তারা সবকিছু শুষে নিয়ে যায় ।

২. Assimilate= As I'm late , যেহেতু ক্লাসে আমি লেট, তাই আমাকে সবকিছু তারাতারি নিয়ে নিতে হবে, শিখে নিতে হবে।

৯৫. **Assuage** মূল অর্থ- কমানো; প্রশমিত করা; ব্যাথা কমানো ।

Synonym: relieve, ease, alleviate. Antonym: aggravate.

Mnemonic- ১. Assuage = ass + usage । টয়লেট পেলে ass ইউজ করলে পেটেব্যাথা কমে যায়

Scanned by CamScanner

২. আবার Ass মানে গাধা। মালমাল টানার জন্য ass/গাধা use করলে আর মালামাল ঠেলে শরীর ব্যাথা করতে হবে না। অর্থাৎ আমাদের পরিশ্রম Assuage বা প্রশমিত হবে।

৯৬. **Astute** মূল অর্থ- চালাক; ভাল বিচার-বিবেচনা সম্পন্ন ।

Synonym: shrewd, sharp, sharp-witted. Antonym: stupid.

Mnemonic- ১. Astute = a + stupid , a দিয়ে না বোঝানো হয়। তাহলে এর অর্থ দাঁড়াচ্ছে- যে স্টুপিড না। আর যে স্টুপিড না সেই চালাক। আর Astute মানেও চালাক।

২. এই শব্দটিকে টাউট শব্দ দিয়ে মনে রাখা সহজ । টাউট মানে চালাক, আর astute মানেও চালাক ।

৯৭. **Attrition** মূল অর্থ- ধীরে ধীরে কমে যাওয়া; ক্ষয় ।

Synonym: wearing down, weakening, abrasion, friction. Antonym: increasing.

Mnemonic- ১. Attrition কে nutrition শব্দের সাথ মিল রেখে মনে রাখুন। যারা নিউট্রিশন বা পুষ্টির অভাবে ভোগে, তাদের স্বাস্থ্য ধীরে ধীরে কমে যায়, ক্ষয়ে যায়।

২. Attrition= at + friction , ফ্রিকশন বা ঘর্ষণের ফলে যেকোনোকিছুই ক্ষয়ে যায়, কমে যায়।

৯৮. **Audacity** মূল অর্থ- সাহস ; স্পর্ধা; দুঃশাহস।

Synonym: boldness, daring, fearlessness, intrepidity. Antonym: timidity.

Mnemonic- ১. Audacity কে অডিশন দিয়ে মনে রাখুন । অডিশনে গেলে সাহস লাগে। আর যার সাহস আছে, তার audacity আছে।

২. বারাক ওবামা একটি বই লিখেছেন, নাম- audacity of hope । বাংলা করলে দাঁড়ায়- "আশার দুঃসাহস"। এখন নিশ্চয় Audacity এর অর্থ ভুলে যাবেন না।

৯৯. **Augment** মূল অর্থ- বৃদ্ধি করা; যোগ করা ।

Synonym: increase, add to, supplement, enlarge. Antonym: decrease.

Mnemonic- ১. Augment মনে রাখার জন্য segment এর সাথে মিলিয়ে মনে রাখতে পারেন। segment মানে ভাগ করা, আর augment হল এর উল্টো। segment করলে কমে যায় , আর augment করলে বৃদ্ধি পায় ।

২. অনেকেই breast augmentation অপারেশনের নাম শুনেছেন । এই অপারেশনের কথা মনে রাখলে আর augment শব্দের অর্থ মনে রাখা লাগবে না আশা করি ।

১০০. **Auspicious** মূল অর্থ- সহায়ক পরিস্থিতি ; আশাজনক ; ভবিষ্যতে সফল হবার লক্ষন।

Synonym: favourable, propitious, promising. Antonym: inauspicious.

Mnemonic- ১. Auspicious কে আশা শব্দের সাথে মিলিয়ে নিয়ে মনে রাখতে পারেন। auspicious মানে আশ করার মত বা আশাজনক।

Scanned by CamScanner

১০১. **Austere** মূল অর্থ- নিশ্ছিদ্র; কঠোর; বাহুল্য বা অলংকার বর্জিত ।

Synonym: severe , strict, plain. Antonym: genial, immoderate, ornate.

Mnemonic- ১. Austere শুনতে অনেকটা অস্ট্রেলিয়া এর মত। সম্প্রতি অস্ট্রেলিয়াতে অবৈধভাবে প্রবেশ করাকে খুব কড়াকড়িভাবে নিষিদ্ধ করা হয়েছে। ফলে অস্ট্রেলিয়া এখন austere হয়ে গেছে।

১০২. **Autocratic** মূল অর্থ- স্বৈরশাসক; ইচ্ছেমত সবকিছু করা।

Synonym: despotic, tyrannical, oppressive. Antonym: democratic, liberal.

Mnemonic- ১. Autocratic কে Democatic এর সাথে মিলিয়ে নিন। Democatic মানে গণতান্ত্রিক। আর Autocratic হলো এর উল্টো। Auto শব্দের অর্থ স্বয়ংক্রিয় , crat বলতে শাশন করাকে বোঝায়। যে শাশক নিজের ইচ্ছামত শাশনকার্য চালায় তাকেই বলে autocratic শাশক।

২. এটি শুনতে অনেকটা AutoCAD এর মত। autoCAD দিয়ে যেমন নিজের ইচ্ছামত থ্রিডি ডিজাইন করা যায় , তেমনি একজন স্বৈরশাসক নিজের ইচ্ছামত যা খুশি তাই করতে পারে।

১০৩. **Autonomous** মূল অর্থ- স্বায়ত্তশাসিত, কারো উপর নির্ভর নয় এমন ।

Synonym: self-governing, independent, sovereign.

Mnemonic- ১. Auto মানে স্বয়ংক্রিয় , একারনেই autonomous শব্দের অর্থ স্বয়ংক্রিয়।

২. Autonomous = auto + no + much অর্থাৎ যে স্বয়ংক্রিয় তাকে অন্যের উপর তেমন একটা নির্ভর করতে হয় না।

১০৪. **Avarice** মূল অর্থ- লোভ; সম্পদের প্রতি অতিরিক্ত ভালোবাসা।

Synonym: : greed, acquisitiveness, cupidity. Antonym: generosity.

Mnemonic- ১. avarice = over rich । avarice শুনতে অনেকটা over rich এর মত। মনে রাখতে হবে যে- over rich বা অতিরিক্ত সম্পদ পাবার ইচ্ছাকেই avarice বলে।

১০৫. **Avow** মূল অর্থ- দাবী করা; স্পষ্টভাবে ঘোষণা করা; শপথপূর্বক ঘোষণা করা।

Synonym: assert, declare, state, maintain, aver.

avow বলতে বিশেষকিছু ঘোষণাকে বোঝানো হয়। যে ধরনের কথা মানুষ সাধারনত বলে না , তা সবার সামনে স্পষ্টভাবে বলাকে avow বলা হয়। যেমন একটি টিভি অনুষ্ঠানে কেউ একজন বলব যে সে কখনো ইনকাম ট্যাক্স দেয়নি ।

Mnemonic- ১. Avow শব্দটি মূলত Vow অর্থ শপথ । শপথ করলে সেটা প্রকাশ্যে বলা উচিত।

২. Avow = a + vow , কুকুর সব সময় প্রকাশ্যে ভো ভো করতে থাকে। আর এই Avow মানেও প্রকাশ্যে কিছু বলা।

Scanned by CamScanner

১০৬. **Avuncular** মূল অর্থ- আংকেল বা কাকা-চাচার মত ; বিশেষ করে পছন্দের কোন কাকার কথা বোঝাতে ব্যবহার করা হয় ।

Example: He was avuncular, reassuring and trustworthy.

Mnemonic- ১. Avuncular শব্দটির সাথে uncle শব্দটির যোগাযোগ আছে। avuncular মানে uncle এর মত।

১০৭. **Awry** মূল অর্থ- একদিকে বাকা ।

Synonym: amiss, askew, crooked. Antonym: straight, symmetrical.

Mnemonic- ১. Awry = arrow। এটিকে arrow দিয়ে মনে রাখুন। arrow মানে তীর । তীরের মাথা দুইদিকে বাকা, আর awry হল একদিকে বাকা।

১০৮. **Axiom** মূল অর্থ- সত্য ভাষণ; প্রচলিত সত্য কথন; যে কথা সবাই গ্রহন করে; প্রবাদ।

Synonym: dictum, truism, principle .

উদাহরন- "প্রতিটি মানুষকেই মৃত্যুর স্বাদ নিতে হবে" – এই কথাটি সবাই মানে এবং সত্য কথা। ফলে এটি একটি axiom ।

Mnemonic- .১. Axiom = axe। এই শব্দটিকে axe দিয়ে মনে রাখুন। কুঠার অনেক শক্ত। আর সত্য কথা মেনে নেওয়াও শক্ত কাজ।

১০৯. **Banal** মূল অর্থ- বন্ধ্যা; অকার্যকর; সাধারণ ।

Synonym: trite, hackneyed, clichéd. Antonym: original.

একটি খাবারের আয়োজনে যদি মেনু ভাল না হয় তবে আয়োজনটা বোরিং লাগে। এই বোরিং অবস্থাকেও banal বলা যায়।

Mnemonic- ১. Banal-> ban এটি শুনতে অনেকটা ব্যান করার মত শোনায় । কোন জিনিস ব্যান করা হলে বুঝতে হবে যে সেটা কার্যক্ষমতা হারিয়েছে। আর সেকারনেই সেটাকে ব্যান করা হয়েছে। তাহলে মনে রাখতে হবে যে- যা ব্যান/Ban করা হয় সেটাই Banal।

১১০. **Bane** মূল অর্থ- বিষ; ক্ষতিকর।

Synonym: scourge, ruin, death. Antonym: nutrition.

Baneful মানে harmful. অর্থাৎ bane অর্থ ক্ষতিকর ।

Mnemonic- ১. Bane শব্দটিকে বাংলা ban/বান দিয়ে মনে রাখতে পারেন। বান অর্থ হল বন্যা। বন্যা আমাদের জন্য ক্ষতিকর। আর আর বানের জলে অনেক সময় বিষ বা ক্ষতিকর পোকামাকড় চলে আসতে পারে।

Scanned by CamScanner

২. দস্যু বেন হার । বেন হার নামে একটি সিনেমাও আছে। বেন হারের সাথে একজন দস্যু কল্পনা করে নিলে মনে রাখতে সুবিধা হবে। দস্যু ক্ষতিকর, bane মানেও ক্ষতিকর।

১১১. **Bastion** মূল অর্থ- দুর্গ; কেল্লা; প্রতিরক্ষামূলক কিছু ।

Synonym: stronghold, bulwark, rampart.

Mnemonic- ১. চপ ভাজার জন্য বেসন (bastion) ব্যবহার করা হয়। সেটা চপের গায়ে একটা দেয়াল বা দুর্গের মত কাজ করে। আর এই Bastion মানেও দুর্গ বা কেল্লা।

২. হিন্দিতে বাস্তি মানে কেল্লা , bastion= basti + on কে বাস্তি বা কেল্লার সাথে মিল রেখে মনে রাখুন।

১১২. **Beget** .মূল অর্থ- জন্ম দেওয়া; পয়দা করা ।

Synonym: father, sire, engender .

Mnemonic- ১. Problem begets problem অর্থাৎ সমস্যা আরও সমস্যা তৈরি করে।

২. Beget কে ভেঙ্গে ফেলুন-> Beget = be + get । মানে নতুন করে পাওয়া। আর নতুন করে পাওয়া মানেই তো জন্ম দেওয়া ।

১১৩. **Belabor** মূল অর্থ- অতিরিক্ত পরিশ্রমের কাজ করতে দেওয়া; কোন কিছু স্বাভাবিকের থেকে বেশি লম্বা হয়ে যাওয়া।

Synonym: over-elaborate, labour, bea. Antonym: understate.

Mnemonic- ১. Belabor = be + labor , লেবার মানে শ্রমিক। প্রাচীনকালের রাজারা তাদের শ্রমিকদের দিয়ে মারাত্মক কঠিন পরিশ্রমের কাজ করতে বাধ্য করত। আর এর অর্থও ঠিক তাই।

১১৪. **Beleaguer** মূল অর্থ- অবরোধ করা ; চারিদিক থেকে ঘিরে ধরা ।

Synonym: besieged, under siege, blockaded .

Mnemonic- ১. Beleaguer = be a leaguer । এই শব্দটিকে লীগার বা ছাত্রলীগের সাথে মিলিয়ে মনে রাখুন । বিএনপির হরতালে গাড়ি চলাচল করে। অথচ ছাত্রলীগ যখন হরতাল দেয়, তখন রাস্তাঘাট সব অবরোধ করে ফেলে। আর Beleaguer অর্থও অবরোধ করা।

১১৫. Belie মূল অর্থ- মিথ্যা বা ভুল ধারনা দেওয়া; বিপরীত কথা বলা ।

Synonym: contradict, be at odds with, conceal. Antonym: testify to, reveal.

Mnemonic- .১. belie শব্দটি এসেছে মূলত lie শব্দ থেকে। যার অর্থ মিথ্যা। আর belie শব্দের অর্থ মিথ্যা ধারনা দেওয়া ।

Scanned by CamScanner

২. বিলাই দিয়ে এই শব্দটিকে সহজেই মনে রাখা যায়। বিলাই বা বিড়াল এমন আচরন করে মনে হয় যেন খুব শান্তশিষ্ট প্রাণী। কিন্তু একটু চোখের আরাল হলেই মাছ মাংস সব খেয়ে নেয়। অর্থাৎ বিলাই আপনাকে মিথ্যা ধারনা দেয়

১১৬. Belittle মূল অর্থ- তুচ্ছ-তাচ্ছিল্য করা, খাট করা।

Synonym: disparage, denigrate, run down. Antonym: praise, magnify.

Mnemonic- ১. Little থেকেই belittle শব্দটি এসেছে। little মানে ছোট , আর belittle মানে ছোট করা বা খাট করা ।

২. কাউকে যদি বলা হয় be little অর্থাৎ ছোট হউ, তখন তাকে কম ভাব নিতে বলা হয়, অর্থাৎ ছোট হতে বলা হয় ।

১১৭. Belligerent মূল অর্থ- যুদ্ধবাজ; যুদ্ধপ্রিয় ।

Synonym: hostile, aggressive, threatening. Antonym: friendly, peaceable.

Mnemonic- ১. Belligerent = Belli + jerry = Tom and jerry টম একটা বিল্লি , আর জেরি একটা ইদুর। টম এন্ড জেরিতে দুইজন সারাক্ষন যুদ্ধ করতেই থাকে ।

২. Belligerent এর সাথে bully শব্দটিকে মিলিয়ে নিন। বুল বা ষাঁড়গুলো সবসময়ই যুদ্ধবাজ হয়। অনেক আগে গ্রামে ষাঁড়ের লড়াই নামে একটা খেলা হত। মনে রাখতে হবে Belligerent মানে ষাঁড়ের মত যুদ্ধবাজ।

১১৮. Bemused মূল অর্থ- হতবুদ্ধি হওয়া; কনফিউজ হয়ে যাওয়া।

Synonym: bewildered, confused, puzzled.

Mnemonic- ১. Bemused = be mouse , মাউস বা ইদুরের সবসময়ই কিছুটা bemused বা হতবুদ্ধি অবস্থায় থাকে। তাই তাদেরকে চলাফেরার সময় এদিক-ওদিক তাকাতে দেখা যায়।

২. Bemused = make confuse , Bemused মানে কারো দ্বারা কনফিউজ হয়ে যাওয়া।

১১৯. Benefactor মূল অর্থ- উপকারী ব্যক্তি; জনহিতৈষী লোক ।

Synonym: patron, benefactress, supporter, backer, helper, sponsor, promoter.

Mnemonic- ১. শব্দটির সাথে beneficial শব্দের যোগাযোগ আছে । beneficial মানেও উপকারী, আর benefactor মানে উপকারী ব্যক্তি । এখানে ben হলো শব্দটির রুট। bane মানে ভাল বা উপকারী। যেমন- benign, beneficial, Benevolent, benefactor, benefactress এই শব্দগুলো শব্দ দিয়েই উপকারী বা ভাল মিনিং বোঝানো হয়।

১২০. Benevolent মূল অর্থ- দায়ালু ।

Synonym: kind, kindly, kind-hearted. Antonym: unkind, tight-fisted.

Scanned by CamScanner

Mnemonic- ১. bene অর্থ হলো ভাল। যে ভাল সে অবশ্যই দয়ালু । আর benevolent শব্দের অর্থও দয়ালু।

১২১. **Benign** মূল অর্থ- নির্দোষ; দয়ালু ।

Synonym: kindly, kind, warm-hearted. Antonym: unfriendly, hostile.

টিউমার দুই ধরনের হয় । একটা benign , অন্যটি malignant. এই দুটি শব্দই আমাদের শিখতে হবে। বিনাইন টিউমার হলে বুঝতে হবে এটি ক্ষতিকর নয়, এর থেকে ক্যান্সার হবার সম্ভাবনা নেই। আর mal মানে হল খারাপ। পরবর্তীতে শব্দ শেখার সময় আমরা জেখানেই mal পাব, তখনই বুঝতে হবে যে এখানে খারাপ কিছু বোঝানো হয়েছে । ম্যালিগনেন্ট টিউমার মানে ক্যান্সার সৃষ্টিকারি টিউমার।

Mnemonic- ১. Benign = Bene + sign , অর্থাৎ ভাল লক্ষন । আর benign মানেও নির্দোষ বা ভাল ।

১২২. **Bequest** মূল অর্থ- উইল করে দিয়ে দেওয়া ।

Synonym: legacy, inheritance, endowment, estate.

Mnemonic- ১. Bequest কে বিয়ে দিয়ে মনে রাখা সহজ । বিয়ে দেবার সময় মেয়েদের উইল করে মানে কাগজপত্র করে বরের বাড়িতে দিয়ে দেওয়া হয়।

১২৩. **Bereaved** মূল অর্থ- শোক বা দুঃখ করা । বিশেষ করা কারো মৃত্যুতে শোক করা।

Synonym: deprive, dispossess, rob, divest, strip.

Mnemonic- ১. Bereaved এর সাথে grieve শব্দের উচ্চারনে মিল আছে। আর অর্থও এক । দুইটার অর্থই শোক করা ।

২. Bereaved = be grave , মানুষ যখন কবরে যায়, তখন তার আশেপাশের পরিচিত মানুষ শোক করে।

১২৪. **Beset** মূল অর্থ- ঘিরে ফেলা ; উত্যক্ত করা ।

Synonym: plague, bedevil, attack, assail.

Mnemonic- ১. Beset কে বেডসিট দিয়ে মনে রাখুন। কারো বিছানার কাভার এলোমেলো করে দিলে তাকে উত্যক্ত করা হয় । আর beset এর একটি অর্থ হল- উত্যক্ত করা ।

২. Beset = bee's attack বি বা মৌমাছি যখন এটাক করে তখন চারিদিক থেকে ঘিরে ফেলে।

১২৫. **Blasphemy** মূল অর্থ- নিন্দা করা। ধর্ম বা ধর্মীয় ব্যাক্তি সম্পর্কে খারাপ মন্তব্য করলে শাস্তি দেবার আইন।

Synonym: profanity, profaneness, sacrilege. Antonym: reverence.

Mnemonic- ১. ব্লাসফেমি আইন সম্পর্কে আমরা সবাই কমবেশি জানি। পৃথিবীর বিভিন্ন দেশে ধর্মীয় ব্যাক্তি সম্পর্কে খারাপ মন্তব্য করলে তার জন্য শাস্তি দেবার আইন রয়েছে। এই আইনের নাম ব্লাসফেমি আইন। যেমন- পাকিস্থানে এই আইন অনেক কঠোর।

Scanned by CamScanner

১২৬. **Blatant** মূল অর্থ- প্রচণ্ড হইচইপূর্ণ; বিশ্রি; ভয়ানক ।

Synonym: flagrant, glaring, obvious. Antonym: inconspicuous, subtle.

Mnemonic- ১. Blatant কে ভেঙ্গে ফেলুন-> Blatant = blast + tank । যখন ট্যাঙ্ক ব্লাস্ট হয় তখন খুব শব্দ হৈচৈ হয় । আর এটা একটা ভয়ানক ব্যাপার । আর Blatant অর্থও হইচইপূর্ণ/ বিশ্রী/ ভয়ানক।

১২৭. **Blight** মূল অর্থ- গাছপালার রোগ ।

Synonym: disease, canker, affliction. Antonym: blessing.

মূল অর্থ গাছপালার রোগ হলেও এই শব্দটিকে অনেক সময় ক্ষয় হওয়া বা নষ্ট হওয়া বোঝাতে ব্যাবহার করা হয় ।

Mnemonic- ১. Blight = b + light = নাই লাইট । কোন শব্দের আগে, "b" থাকেল "না" বা "নেই" অর্থ ব্যাবহিত হয়। লাইট বা আলো না পেলে গাছের রোগ হয় । আর blight শব্দের অর্থ হলো- গাছের রোগ ।

১২৮. **Blithe** মূল অর্থ- হাশিখুশি; কোন বাধা নেই এমন আনন্দ ।

Synonym: heedless, uncaring, careless. Antonym: thoughtful.

উদাহরন- শিশুরা বেশিরভাগ সময়ই blithe থাকে। এর অর্থ হলো- শিশুরা বেশিরভাগ সময়ই হাসিখুশি থাকে। আবার পাখিদের ক্ষেত্রেও এই শব্দটি ব্যাবহার করা হয়। পাখিরা blithe হলে বুঝতে হবে , পাখিগুলো নিজেদের ইচ্ছেমত খুশিমনে উড়ছে। কোন বাধা নেই।

Mnemonic- ১. Blith শব্দের উচ্চারণ – ব্লিদ । ব্লিদ আর ঈদ শুনতে অনেকটা একইরকম। ঈদ মানে খুশি , আর ব্লিদ মানেও খুশি ।

১২৯. **Bourgeois** মূল অর্থ- মধ্যবিত্ত শ্রেণী; বুর্জোয়া।

Synonym: middle-class, property-owning, propertied. Antonym: proletarian, unconventional.

বুর্জোয়া শব্দটি কমিউনিস্ট বা মার্কসবাদীদের কাছে বেশ পরিচিত। মূলত বুর্জোয়া বলতে একসময় শহরে বাস করা মানুষদের বোঝাতো। যারা শহরে বাস করে তারা ধনী। আসলে শিল্পবিপ্লবের পরে যারা শহরে বাস করতে শুরু করে, তারাই একসময় ইউরোপে ধনিক শ্রেণী গঠন করে। কমিউনিস্টরা গ্রামের কৃষক ও কারখানার শ্রমিকদের নিয়ে এই তথাকথিত ধনিক শ্রেণি বা বুর্জোয়াদের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম করার চিন্তা করেন।

নেমনিক- ১. বুর্জোয়া শব্দটিকে বর্জ্য শব্দ দিয়ে মনে রাখতে পারেন। যারা শহরে বাস কর বা ধনী ,তাদের বাসায় প্রচুর পরিমান বর্জ্য তৈরি হয় । ২. Bourgeois= boro + geo, geo দ্বারা ভূমি বা জমিকে বোঝানো হয় । যার boro/বড় জমি আছে সেই বুর্জোয়া বা ধনী ।

১৩০. **Bovine** মূল অর্থ- গরুর মত, গরু সম্পর্কিত, বোকা।

Synonym: cow-like, stupid, slow. Antonym: quick-witted.

Scanned by CamScanner

এই bovine শব্দটির মত আরও অনেকগুলো শব্দ রয়েছে। এগুলো দ্বারা বিভিন্ন ধরনের প্রাণীদের সাথে মিল বোঝানো হয়। যেমন- bovine = bull বা গরুর মত, canine = কুকুরের মত। যদি কোন মেয়ের চোখ গরুর চোখের মত বড় বড় হয় , তাহলে বলা হয় – the girl has bovine eye.

Mnemonic- ১. Bovine কে bull এর সাথে মিল রেখে মনে রাখা সহজ ।

১৩১. **Brevity** মূল অর্থ- সংক্ষিপ্ততা।

Synonym: conciseness, concision, succinctness. Antonym: verbosity.

Mnemonic- ১. Brevity= break of tea , চা পানের বিরতি সাধারনত খুব কম সময়ের জন্য হয়ে থাকে । ২. breavity শব্দটির সাথে abbreviation শব্দটির যোগ আছে। আমরা অনেক ধরনের abbreviation ব্যাবহার করি। যেমন- BA= bachelor of arts । abbreviation মানেও সংক্ষেপ করা, আর brevity মানেও সংক্ষিপ্ততা।

১৩২. **Broach** মূল অর্থ- আলোচনা করার জন্য কোন বিষয় উপস্থাপন করা; উচ্চারণ করা।

Synonym: bring up, raise, introduce.

সাধারনত কোন একটি মজাদার বিষয় নিয়ে আলোচনা করার জন্য এই broach শব্দটি ব্যাবহার করা হয়।

Mnemonic- ১. Broach শব্দটিকে propose শব্দ দিয়ে মনে রাখা সহজ। যখন কোন একটি ছেলে একটি মেয়েকে প্রোপোস করতে যায় তখন তাকে সাহস করে broach করতে হয়, বা উচ্চারণ করতে হয় । এছাড়া তো আর ভালবাসার আলোচনা শুরু করা সম্ভব নয়!

১৩৩. **Bucolic** মূল অর্থ- গ্রামের মানুষ; গেয়ো ।

Synonym: rustic, rural, pastoral, country. Antonym: urban.

Mnemonic- ১. এটাকে bull দিয়ে মনে রাখুন। যারা মাঠে গিয়ে bull বা ষাঁড় চড়ায়, তারাই bucolic বা গ্রামের মানুষ । ২. Bucolic শুনতে অনেকটা bullock এর মত শোনায়। bullock অর্থ বলদ। আর গ্রামের মানুষরা বলদ দিয়ে জমি চাষ করে।

১৩৪. **Bureaucracy** মূল অর্থ- আমলাতন্ত্র; সরকারী কর্মকর্তাদেরদ্বারা পরিচালিত সরকার।

Synonym: civil service, administration, government, directorate, red tape.

Mnemonic- ১. যেখানে cracy থাকবে সেখানে শাশন করা সংক্রান্ত কিছু বোঝানো হচ্ছে। যেমন-democracy, autocracy ইত্যাদি। bureaucracy কে বুড়োদের cracy হিসেবে মনে রাখা সহজ। আমলারা সাধারনত বুড়ো হয়। আর বুড়ো আমলারা মিলে দেশ চালালে সেটাকে বলা হয় bureaucracy।

১৩৫. **Burgeon** মূল অর্থ- বেড়ে ওঠা; পুস্ফটিত হওয়া; বিকশিত হওয়া ।

Synonym: grow rapidly, increase exponentially. Antonym: shrink.

Scanned by CamScanner

Mnemonic- burgeon কে বার্গার দিয়ে মনে রাখা সহজ। যদি কেউ বেশি বেশি বার্গার খায় তবে তার শরীররের ওজন বাড়তে থাকবে, বা বিকশিত হতে থাকবে ।

১৩৬. **Burlesque** মূল অর্থ- হাস্যকর; ব্যঙ্গাত্মক ভাবে অনুকরন করা।

Synonym: parody, caricature, travesty, pastiche, take-off, skit, imitation.

Mnemonic- ১. Burlesque = বার + বার্বিকিউ। এটাকে বার ও বার্বিকিউ দিয়ে মনে রাখুন। বারে গিয়ে ড্রিঙ্ক করার সময় বা বার্বিকিউ পার্টি করার সময় অনেক মজা হয়। পাশাপাশি বন্ধুদের নিয়ে অনেক হাস্যকর ঘটনা ঘটে। আর Burlesque অর্থও – হাস্যকর/ ব্যঙ্গাত্মক অনুকরন।

১৩৭. **Cacophony** মূল অর্থ- কর্কশ শব্দ, বেসুরো শব্দ , হৈচৈ।

Synonym: din, racket, noise, discord, dissonance, discordance, caterwauling.

সঙ্গীতের ধ্বনি হল শ্রুতিমধুর, আর cacophony হল ঠিক তার উল্টো।

Mnemonic- ১. Cacophony = Caco + phony। Caco মানে বেসুরো। Caco কে কাকের কা কা দিয়ে মনে রাখুন। আর phon মানে শোনা। যেখানেই phon দেখবেন বুঝে নেবেন যে এই শব্দের সাথে শোনার একটা সম্পর্ক রয়েছে। তাহলে Cacophony মানে দাঁড়াচ্ছে- কর্কশ শব্দ শোনা। ৩. Cacophony শব্দটির সাথে symphony শব্দটিকে মিলিয়ে রাখুন । সিম্ফোনি হল ১৮ শতকের একটি জনপ্রিয় সঙ্গীতের ধরন। symphony হল cacophony এর ঠিক উল্টো । আমাদের দেশে সিম্ফোনি নামে একটি মোবাইল ফোন কোম্পানি আছে। সেটা থেকেও মনে রাখতে পারবেন ।

১৩৮. **Cadence** মূল অর্থ- সুরের প্রবাহ; ধ্বনির উত্থান ও পতন; তাল ।

Synonym: rhythm, tempo, metre, measure, rise and fall, beat, pulse .

Mnemonic- ১. Cadence = কে ড্যান্স ? ড্যান্স করতে হলে তালের সাথে সাথে শরীর দোলাতে হয়। আর cadence অর্থ তাল । (মূলত ধ্বনির উত্থান পতনের মাধ্যমেই তাল তৈরি হয়)। cadence শব্দটিকে ড্যান্স শব্দের সাথে সম্পর্কিত করে ফেলুন। কারন ড্যান্স বিষয়টি তালের সাথে সম্পর্কিত।

১৩৯. **Cajole** মূল অর্থ- মিষ্টি কথায় ভুলিয়ে কোন কাজ করিয়ে নেওয়া; একটি কাজ করতে রাজী না হবার পরও তাকে দিয়ে সে কাজটি করিয়ে নেওয়া ।

Synonym: persuade, wheedle, coax, talk into. Antonym: bully.

Mnemonic- ১. Cajole শুনতে অনেকটা বাংলা কাজল এর মত। কাজল নামের মেয়েরা দেখতে অনেক সুন্দর হয় । আর তারা মিষ্টি কথায় ভুলিয়ে তার ছেলেবন্ধুদের থেকে অনেক সুবিধা আদায় করে নেয় । ২. Jostle মানে জোর করে কোন কাজ করিয়ে নেওয়া , আর cajole মানে মিষ্টি কথায় ভুলিয়ে বা যুক্তি দিয়ে বুঝিয়ে কোন কাজ করিয়ে নেওয়া। অর্থাৎ jostle শব্দটি cajole এর ঠিক বিপরীত ।

Scanned by CamScanner

১৪০. **Callow** মূল অর্থ- অনভিজ্ঞ, অপরিণত ।

Synonym: immature, naive, green. Antonym: mature, experienced.

Mnemonic- ১. Callow লোকজনকে কেউ allow করে না। অর্থাৎ অনভিজ্ঞ মানুষের হাতে কেউ কোন কিছু ছেড়ে দিতে চায় না। ধরুন একজন callow বা অনভিজ্ঞ বন্ধু আপনার গাড়িটা নিয়ে একটু ঘুরে আসতে চাইছে। কিন্তু আপনি তাকে গাড়িটি দিতে চাবেন না। কারন সে নিজেও মরবে আর আপনার গাড়িরও ১২ টা বাজাবে । ২. Shallow শব্দটির সাথে callow শব্দটির মিল আছে। Shallow অর্থ অগভীর, আর callow অর্থ অনভিজ্ঞ । মনে রাখার জন্য ভাবুন- অনভিজ্ঞ লোক অগভীর পানিতে যায়। callow লোকজন shallow পানিতে যায়। কারন বেশি পানিতে গেলে তো আর রক্ষা নাই।

১৪১. **Candor** মূল অর্থ- সত্যবাদিতা, সৎ।

Synonym: frankness, openness, honesty, candidness.

Mnemonic- ১. এটাকে candy দিয়ে মনে রাখুন। বাচ্চাদের একটি candy দিলেই তারা candor বা সৎ হয়ে যায়। ২. Candor = ক্যান ডর ? কেউ যদি সৎ হয়েই থাকে তাহলে আর কেন ডর? (ভয় কে হিন্দিতে ডর বলে, আবার বাংলাতেও কোন কোন অঞ্চলের আঞ্চলিক ভাষায় ভয় কে ডর বলে)

১৪২. **Capitalism** মূল অর্থ- পুঁজিবাদী; পুঁজিবাদী অর্থনৈতিক ব্যাবস্থা।

Synonym: private enterprise, free enterprise. Antonym: communism.

অ্যামেরিকাতে পুঁজিবাদী অর্থনিতি প্রচলিত। এই অর্থনৈতিক ব্যাবস্থায় আপনি চাইলে আপনার নিজের অটোগ্রাফ দেওয়া ছবি বিক্রি করার জন্য একটা কোম্পানি খুলে বসতে পারেন । এতে ঐ দেশের সরকার বা কোন ব্যাক্তি কেউ আপনাকে বাধা দেবে না। এবং আপনি ঐ ছবির দাম কত রাখবেন সেটা আপনার উপরই নির্ভর করে। আপনি চাইলে সেটা ১০০০০০ ডলারেও সেল করতে চাইতে পারেন। আপনার সাফল্য ও ব্যর্থতা নির্ভর করবে কতগুলো লোককে আপনি আপনার ছবি কেনার জন্য রাজী করাতে পারবেন সেটার উপর। অর্থাৎ পুঁজিবাদী অর্থনৈতিক ব্যাবস্থা হলো এমন একটি ব্যাবস্থা- যেখানে পুঁজি বিনিয়োগ ও মুনাফা অর্জনের ক্ষেত্রে কোন বিধিনিষেধ নেই।

Mnemonic- ১. Capital মানে পুঁজি, আর ism মানে কোন মতবাদ বা ব্যাবস্থা। আর capitalism অর্থ হলো- পুঁজিবাদ।

১৪৩. **Capitulate** মূল অর্থ- আত্তসমর্পণ করা; কোন নির্দিষ্ট শর্তের উপর ভিত্তি করে ধরা দেওয়া

Synonym: surrender, give in, yield. Antonym: resist, hold out.

Mnemonic- ১. Capitulate= capital is ate, যখন একটি দেশের capital বা রাজধানী খাওয়া হয়ে যায়, অর্থাৎ অন্যদেশের সৈন্যরা দখল কর নেয়, তখন ঐ দেশের সবার নতুন বাহিনীর কাছে Capitulate করা বা আত্মসমর্পণ করা ছাড়া কোন উপায় থাকে না। ২. Capitulate = captain is late, কোন যুদ্ধে যখন ক্যাপটেন

Scanned by CamScanner

লেট করে আসে তখন অন্য পক্ষের সৈন্যরা যুদ্ধে জিতে যায়, ফলে সবাইকে capitulate করতে হয়, বা আত্মসমর্পণ করতে হয়।

১৪৪. **Capricious** মূল অর্থ- চঞ্চল; অস্থির মনের মানুষ; আগে থেকে যার গতিবিধি সম্পর্কে কোন আন্দাজ করা যায় না।

Synonym: fickle, inconstant, changeable.

Antonym: stable, consistent.

Mnemonic- ১. Capricious কে ভেঙ্গে ফেলুন-> Capricious = car + price । কারের প্রাইস বা গাড়ির দাম সম্পর্কে আজকাল আর আগে থেকেই আন্দাজ করা যায় না। আর Capricious মানেও ঠিক তাই।

১৪৫. **Caricature** মূল অর্থ- ব্যাঙ্গচিত্র; কার্টুন।

Synonym: cartoon, distorted/exaggerated drawing, distortion; parody.

দু-একটি মূল বৈশিষ্ট্য ঠিক রেখে, যখন কোন ব্যাক্তির ছবিকে কার্টুনের মত করে আকা হয় তখন সেটাকে caricature বলা হয়। পত্রিকাতে আমরা মাঝে মাঝেই শেখ হাসিনা, খালেদা জিয়া বা হুসেইন মুহাম্মদ এরশাদের এমন ছবি দেখে থাকি।

Mnemonic- ১. Caricature কে জিম ক্যারির নামের সাথে মিল রেখে মনে রাখা যায়। জিম ক্যারি তার নিজের চেহারাকে বিভিন্নভাবে বাকিয়ে বা caricature করে বিখ্যাত হয়েছেন। ২. Caricature = curry of Ketchup আমারা সবাই টমেটোর ক্যাচাপের সাথে পরিচিত, ক্যাচাপ তৈরি করার জন্য সবকিছু একদম নেড়ে-ঘুটে একাকার করে ফেলা হয়। ফলে তার মূল চেহারাটাই আর থাকে না। ফলে সেটা অনেকটা caricature এর মত হয়। স্বাদটা শুধু বোঝা যায়, কিন্তু চেহড়ার অবস্থা খারাপ হয়ে যায়।

১৪৬. **Castigate** মূল অর্থ- শাস্তি দেওয়া; কড়া সমালচনা করা।

Synonym: reprimand, rebuke, admonish. Antonym: praise, commend.

Mnemonic ১- castigate= cast + I + hate , আপনি যদি cast মানে বর্নপ্রথা(ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ইত্যাদি বর্ন) মানে বিভিন্ন ধরনের জাতের বৈষম্য থাকাকে অপছন্দ করেন, তাহলে আপনি সেটার কড়া সমালচনা করবেন বা castigate করবেন।

১৪৭. **Catalyst** মূল অর্থ- প্রভাবক।

Synonym: accelerator, enzyme, biocatalyst, activator. Antonym: inhibitor.

রসায়নে এই জিনিসটির ব্যবহার আছে। যখন কোন রাসায়নিক বিক্রিয়াকে আরও দ্রুত ঘটাতে চাওয়া হয় তখন বিক্রিয়ার মধ্যে এমন কোন একটি জিনিস যোগ করা হয় যা নিজে ঐ বিক্রিয়ায় অংশ নেয় না, কিন্তু ঐ বিক্রিয়ার গতিকে প্রভাবিত করে। প্রভাবিত করে বলে একে প্রভাবক বলা হয়।

Scanned by CamScanner

Mnemonic- ১. Catalyst শব্দটির সাথে ক্যামিস্ট্রি শব্দটির মিল আছে। আর ক্যাটালিস্ট জিনিসটি ব্যাবহিত হয়ও ক্যামিস্ট্রিতে। তাই এটিকে Chemistry দিয়ে মনে রাখুন।

১৪৮. Categorical মূল অর্থ- শর্তহীন; নির্ভেজাল ; সম্পূর্ণ ।

Synonym: flat, categoric, unqualified. Antonym: qualified.

Mnemonic- categorical শব্দটির শুনতে category এর মত শোনায়। মনে রাখার জন্য ভাবে নিন যে- categorical মানে হলো সব ক্যাটাগরির জিনিস নিঃশর্তভাবে ব্যাবহার করতে পারা।

১৪৯. Catharsis মূল অর্থ- কোন একটি শুদ্ধিকরণ পক্রিয়ার মধ্য দিয়ে মানোসিক উন্নতি ঘটানো; শুদ্ধকরা, পরিষ্কার করা।

Synonym: purge, abreaction, purging.
Mnemonic- ১. Catha শুনতে অনেকটা কাথা এর মত শোনায় । হিন্দিতে কাথা মানে হল ধর্মীয় কাহিনী । ধর্মীয় কাহিনী শুনলে আমাদের মানোসিক উন্নতি হয়। মন পরিষ্কার হয় ।

১৫০. Catholic মূল অর্থ- সার্বজনিন, বিশ্বজনীন।

Synonym: diverse, diversified, wide, broad. Antonym: limited, narrow.

Mnemonic- catholic শব্দটি মনে রাখার জন্য খ্রিস্ট্রান ধর্মের ক্যাথোলিক চার্চ এর কথা মনে করুন। খ্রিষ্টানদের মধ্যে বেশিরভাগই ক্যাথোলিক। যেহেতু বেশিরভাগ খ্রিষ্টান ক্যাথোলিক, তাহলে বুঝতে হবে ক্যাথোলিক মানে সার্বজনীন বা বিশ্বজনীন ।

১৫১. Caustic মূল অর্থ- অ্যাসিডের মত; ক্ষয়কারক ।

Synonym: corrosive, corroding, mordant.

Mnemonic- ১. আমারা সবাই কস্টিক সোডার ও বেকিং সোডার নাম শুনেছি । বেকিং সোডা খাওয়া যায়, কারন এসিডের মত না । আর কস্টিক সোডা খাওয়া যায় না কারন সেটা এসিডের মত। এসিডের মত বলেই এটার নাম হয়েছে caustic soda, বা এসিডের মত সোডা ।

১৫২. Celibacy মূল অর্থ- সেক্স করা থেকে বিরত থাকা।

Synonym: chastity, virginity, maidenhood. Antonym: marriage, sex.

Mnemonic- ১. celibacy কে সেলিব্রিটি দিয়ে মনে রাখতে পারেন। কারো যদি চিন্তা করে আমি সেলিব্রিটিদের সাথে ছাড়া অন্য কারো সাথে সেক্স করব না, তাহলে তাকে সারাজীবন celibacy বা সেক্স না করে থাকা লাগতে পারে। ২. ক্যাথোলিক খ্রিষ্টানদের যাজক হতে চাইলে তাকে অবশ্যই celibacy হতে হবে, অর্থাৎ জিবনে কোনদিনও সেক্স করা যাবে না। এটাই নিয়ম।

১৫৩. Censure মূল অর্থ- কোঠর সমালোচনা করা; নিন্দা করা।

Scanned by CamScanner

Synonym: condemnation, criticism, attack. Antonym: approval, commendation.

Mnemonic- ১. আমরা সবাই চলচিত্রের Censure /সেনসার বোর্ডের নাম শুনেছি। সেনসার বোর্ডের কাজ হলো- সিনেমার মধ্যে কোন আপত্তিজনক দৃশ্য থাকলে সেটা খুজে বের করা; কোঠর সমালোচনা করা। আর তারপর সেটা বেশি খারাপ কিছু হলে সিনেমাটা বাজারে ছাড়ার অনুমতি না দেওয়া। সেনসার বোর্ডের কাজ সমালোচনা করা বা ভুল বের করা, আর censure অর্থ- কোঠর সমালোচনা করা।

১৫৪. **Cerebral** মূল অর্থ- মস্তিষ্ক সম্পর্কিত , মস্তিস্কজাত।

Synonym: intellectual rather than emotional or physical.

Mnemonic- ১. আমরা সবাই Cerebral cortex বা সেরিব্রাল কর্টেক্স শব্দটির সাথে পরিচিত। cortex অর্থ হল- আবরন। আর cerebral cortex অর্থ হল- মস্তিষ্কের আবরণ । ২. Cerebral= cere + brain+ al , শব্দটির ভেতর ব্রেইন অংশটুকু খুজে নিলে মস্তিষ্কের সাথে সম্পর্ক মনে রাখা সহজ হবে।

১৫৫. **Chagrin** মূল অর্থ- চরমভাবে বিব্রত হওয়া; বিরক্ত হওয়া।

Synonym: annoyance, irritation, vexation. Antonym: delight.

Mnemonic- ১. Chagrin কে shagging দিয়ে মনে রাখুন। Shagging (বাংলা অর্থ নিজ দায়িত্বে ডিকশনারি থেকে দেখে নিন) করতে গিয়ে ধরা পরলে সব থেকে বেশি chagrin হতে হয়, বা বিব্রত হতে হয়। আর আর মজা নষ্ট হয়ে যাবার কারনে বিরক্তিও হতে হয়।

১৫৬. **Charisma** মূল অর্থ- ম্যাজিকের সাহায্যে অন্যকে প্রভাবিত করা বা কোন কাজ করার ক্ষমতা; অলৌকিক ক্ষমতা; ক্যারিসমা ।

Synonym: charm, presence, aura.

Mnemonic- ১. Charisma শব্দটি আমাদের কাছে ক্যারিস্মা বা কারিস্মা বলে পরিচিত। সেই অর্থ আর এটির অর্থ একই। ২. কারিস্মা কাপুর এর নামের সাথে মিল রেখে মনে রাখা সহজ। কারিস্মা কাপুর তার সিনেমাতে অভিনয়ের কারিস্মা দেখায়।

১৫৭. **Charlatan** মূল অর্থ- হাতুরে ডাক্তার; গ্রামীণ চিকিৎসক; ভণ্ড চিকিৎসক।

Synonym: quack, mountebank, sham.

Mnemonic- ১. Charlatan কে ভেঙ্গে ফেলুন-> Charlatan = char + letter + Latin । চার লেটার ল্যাটিন শিখেই যে ল্যাটিন ভাষা শেখার দাবি করে, তাকে ভণ্ড বলা যায়। আর হাতুরে ডাক্তার মানেই তো ভণ্ড ডাক্তার।

১৫৮. **Chasm** মূল অর্থ- খাঁদ; গভীর গর্ত।

Synonym: gorge, abyss, canyon, gorge, abyss, canyon.

Scanned by CamScanner

Mnemonic- ১. Chasm কে orgasm দিয়ে মনে রাখা সহজ। chasm অর্থ গভীর গর্ত, আর orgasm একটা গভীর অনুভূতি ।

১৫৯. **Chastise** মূল অর্থ- শাস্তি দেওয়া; প্রচুর বকা দেওয়া।

Synonym: scold, upbraid, berate. Antonym: praise.

Mnemonic- ১. Chastise কে টেস্টিস এর সাথে মিলিয়ে মনে রাখা যায়। টেস্টিস বা অন্ডকোষে সামান্য একটা টোকা দিলেই বড় ধরনের শাস্তি হয়ে যাবে। আর Chastise মানে শাস্তি দেওয়া।

১৬০. **Chicanery** মূল অর্থ- প্রতারনা করা; চালাকি করে টাকা-পয়সা হাতিয়ে নেওয়া।

Synonym: trickery, deception, deceit.

Mnemonic- ১. Chicanery শুনতে অনেকটা শিকারীর মত লাগে। শিকারীরা পশুপাখি শিকার করার সময় অনেক ধরনের কৌশল নেয়, বা পশুপাখির সাথে প্রতারনা করে। আর chicanery করা মানে কৌশলের সাহায্যে প্রতারনা করা। ২. Chicanery = Chic o nari, হিন্দিতে Chic/চিক অর্থ যুবতী মেয়ে । তাহলে Chicanery = যুবতী মেয়ে ও নারী। যুবতী মেয়ে ও নারীদের বিরুদ্ধে ছেলেদের অভিযোগ আছে যে- তারা নাকি প্রতারনা করে। আর Chicanery মানে চিকদের মত প্রতারণা করা।

১৬১. **Chimera** মূল অর্থ- ভ্রান্ত বিশ্বাস; মিথ্যা কল্পনা ।

Synonym: illusion, fantasy, delusion.

Mnemonic- ১. Chimera = camera । এটাকে ক্যামেরা দিয়ে মনে রাখুন। ক্যামেরা দিয়ে পরীর ছবি তোলার ইচ্ছা একটা মিথ্যা বিশ্বাস। ২. গ্রিক পুরানে chimera অর্থ হল একটি মহিলা দৈত্য, যার নিঃশ্বাসের সাথে আগুন বের হয়। মাথাটা দেখতে সিংহের মত আর শরীর ছাগলের মত। আর লেজ দেখতে সাপের মত। গ্রিক পুরানের এই chimera দেখতে চাওয়াটা এক ধরনের মিথ্যা কল্পনা। আর এই Chimera মানেও মিথ্যা কল্পনা/ভ্রান্ত বিশ্বাস।

১৬২. **Choleric** মূল অর্থ- মাথা-গরম; বদরাগী; খুব সহজে রেগে যাওয়া।

Synonym: bad-tempered, irascible, irritable. Antonym: good-natured, affable.

Mnemonic- ১. Choleric কে কলেরা শব্দটির সাথে মিল রেখে মনে রাখা সহজ । যেসব মানুষের কলেরা হয়, তাদের মেজাজ খিটখিটে হয়ে যায়। ফলে মাথা গরম থাকে। আর Choleric মানেও খিটখিটে মেজাজের/বদরাগী।

১৬৩. **Chronic** মূল অর্থ- দীর্ঘমেয়াদী; অপরিবর্তনীয়; পুরাতন ।

Synonym: persistent, long-standing, long-term. Antonym: acute

এই শব্দটি বিশেষ করে রোগের ক্ষেত্রে ব্যাবহার করা হয়। chronic রোগ মানে এই রোগটি তার অনেক আগে থেকেই ছিল।

Scanned by CamScanner

Mnemonic- ১. Chron দ্বারা সময় বোঝানো হয়। আর Chronic দীর্ঘ সময়ব্যাপী। যেখানেই Chron দেখবেন বুঝতে নেবেন এটা দ্বারা সময় সম্পর্কিত কিছু বোঝানো হচ্ছে।২. Chronic = crown + ic। মুকুট বা crown/ক্রাউন দীর্ঘস্থায়ীত্বের প্রতীক। আর chronic অর্থও দীর্ঘস্থায়ী।

১৬৪. **Chronicle** মূল অর্থ- ঘটনাপ্রবাহ; ইতিহাস ।

Synonym: record, written account, history, annals.

Mnemonic- ১. chron অর্থ হল সময়। chron + calendar = chronicle . অর্থাৎ সময়ের ক্যালেন্ডার। সময়ের ক্যালেন্ডারে সব ঘটনাপ্রবাহ বা ইতিহাস লেখা থাকে। ২. উপরে chronic শব্দটির মূলের অর্থ দীর্ঘ সময় ধরে। আর chronicle অর্থ দীর্ঘ সময়ের ঘটনা প্রবাহ।

১৬৫. **Circuitous** মূল অর্থ- চক্রাকার, কোন নির্দিষ্ট পথ না ধরে এলোমেলো পথ ধরা।

Synonym: roundabout, indirect, winding. Antonym: direct, straight.

Mnemonic- ১. Circuitous শব্দটি circle বা বৃত্তের সাথে সম্পর্কিত। circle মানে বৃত্ত, আর circuitous মানে চক্রাকার বা বৃত্তাকার । ২. Circuitous শব্দটির সাথে Circuit শব্দের মিল আছে। একটি ইলেক্ট্রিক সার্কিটের মধ্যে বিদ্যুৎকে সরাসরি প্রবাহিত না করে বিভিন্ন ঘুরানো প্যাঁচানো পথে প্রবাহিত করা হয়। আর circuitous মানে সোজা পথে না গিয়ে ঘুরাপ্যাচা পথে চলা।

১৬৬. **Circumlocution** মূল অর্থ- কোন কথাকে সরাসরি না বলে একটু ঘুরিয়ে বলা; বেশি কথা বলা।

Synonym: periphrasis, circuitousness, indirectness, tautology.

Mnemonic- ১. Circum দ্বারা ঘুরানো বা চারিদিক বোঝানো হয়। এই Circum কে circle দ্বারা মনে রাখতে পারেন। আর locu মানে কথা বলা। Circumlocution = Circum + locution , Circum বা circle অর্থ বৃত্ত বা ঘোরানো পথ, আর locu দ্বারা কথা বলা বোঝানো হয়, অর্থাৎ Circumlocution = ঘুড়িয়ে কথা বলা।

১৬৭. **Circumscribe** মূল অর্থ- সীমাবদ্ধ করা; সীমানা টেনে দেওয়া।

Synonym: restrict, limit, delimit, curb. Antonym: open

Mnemonic- ১. Circumscribe = circle + scribe, এভাবে মনে রাখুন । circle একটি সীমাবদ্ধ জায়গা। আর Circumscribe মানে সীমাবদ্ধ করা।

১৬৮. **Circumspect** মূল অর্থ- সতর্ক; সব দিকে নজর রেখে চলা।

Synonym: cautious, wary, careful. Antonym: unguarded, incautious.

Mnemonic- ১. যারা Circum বা চারপাশে নজর রেখে চলে তারাই circumspect বা সতর্ক।

১৬৯. **Circumvent** মূল অর্থ- বোকা বানিয়ে ফাদে ফেলা; চারপাশের পরিস্থিতির দ্বারা বিফল করা।

Scanned by CamScanner

Synonym: avoid, get round, evade.

Mnemonic- ১. Circumvent = Circum + vent। Circum বা চারপাশের পরিস্থিতি দ্বারা কাউকে বিপদে ফেলা বা বোকা বানানোকেই Circumvent বলা হয়।

১৭০. **Civil** মূল অর্থ- সাধারন নাগরিক; বেসামরিক; সভ্য ।

Synonym: secular, polite, courteous. Antonym: rude, military.

Mnemonic- ১. Civil শব্দটি civilization শব্দটির সাথে সম্পর্কিত। প্রাচীন গ্রিসে, নগরকে civitas বলা হত, আর নাগরিকদের cives বলা হত। civil শব্দটি সভ্যতার সাথে সম্পর্কিত, এর আরেকটি অর্থ সভ্য। সামরিক লোকজনদের বিপরীত শব্দ বোঝাতে আজকাল civil শব্দটি ব্যাবহার করা হয়। যারা সামরিক না, তারাই সাধারন নাগরিক। অর্থাৎ সিভিল মানে সভ্যতার সাধারন নাগরিক।

১৭১. **Clemency** মূল অর্থ- ক্ষমা; করুণা; নমনীয়তা ।

Synonym: mercy, mercifulness, leniency. Antonym: ruthlessness, strictness

Mnemonic- ১. Clemency কে ভেঙ্গে ফেলুন-> Clemency = give mercy। mercy অর্থ করুণা। করুণা করা মানেই ক্ষমা করে দেওয়া।

১৭২. **Cliche** মূল অর্থ- মনে রাখার মত কথা বা ধারণা।

Synonym: platitude, hackneyed phrase, commonplace, banality.

Mnemonic- ১. Cliche-> click , ক্লিক শুনলেই আমাদের ক্যামেরার কথা মনে আসে। ক্যামেরা দিয়ে মনে রাখার মত সবকিছুই ধরে রাখা যায়। আর Cliche মানে মনে রাখার মত কথা বা ধারণা।

১৭৩. **Clique** মূল অর্থ- একইরকম মানষিকতার একদল লোক; গোষ্ঠী।

Synonym: coterie, circle, inner circle, crowd, in-crowd.

Mnemonic- ১. Clique এর মধ্যে ক্লিক লাগানোর মানুষ থাকবেই। Clique মানে দল। দলের মধ্যে ক্লিক লাগানোর একজন না একজন থাকবেই ।

১৭৪. **Coalesce** মূল অর্থ- একসঙ্গে জড় হওয়া; সমবেত হওয়া।

Synonym: unite, join together, combine, merge, fuse.

Mnemonic- ১. Coalesce মনে রাখার জন্য কোয়েল মল্লিকের কথা ভাবুন । কোয়েল মল্লিক রাস্তায় দেখতে পেলে প্রচুর মানুষ একসাথে জড় হবে। ২. Coalesce থেকে কয়েল শব্দটি আলাদা করে নিন। সাউন্ড স্পিকারের মধ্যে আমরা তামার তারের প্যাঁচানো কয়েল দেখি। সেখানে আসলে অনেক তার Coalesce করা হয়, অর্থাৎ একসাথে জড় করা হয়।

Scanned by CamScanner

১৭৫. **Coerce** মূল অর্থ- কাউকে দিয়ে জোর করে কিছু করানো। সেটা শারীরিক, মানোসিক বা বুদ্ধিবৃত্তিক যেকোনোটিই হতে পারে।

Synonym: pressure, pressurize, press, push. Antonym: persuade.

Mnemonic- coerce শুনতে অনেকটা force এর মত শোনায় । coerce করা মানে কাউকে কোন কিছু করানোর জন্য প্রচুর force করা।

১৭৬. **Cogent** মূল অর্থ- শক্তিশালী বিশ্বাস, যা অনেকদিন টিকে থাকে।

Synonym: convincing, compelling, strong. Antonym: vague, unconvincing.

Mnemonic- ১. Co(company)+gent(gentleman) , বিভিন্ন কোম্পানির লোকেরা খুব সহজেই মানুষের মনে শক্তিশালী বিশ্বাস অর্জন করে ফেলে। ২. cogent-> gent-> gentle , একজন gentle মানুষের প্রতি সবার বিশ্বাস অনেকদিন টিকে থাকে।

১৭৭. **Cognitive** মূল অর্থ- চেতনা সম্পর্কিত; জ্ঞান সম্পর্কিত।

Synonym: relating to sense.

শুধুমাত্র আমরা মানুষেররাই সম্ভবত সচেতনভাবে ভাবতে পারি। আর প্রশ্ন করতে আমি কে? এই বিষয়টিকেই বলা হয় চেতনা। আর চেতনা সম্পর্কিত কোন কিছুকে বোঝানর জন্য এই শব্দটি ব্যাবহিত হয়।

Mnemonic- শব্দের মূল cogn অর্থ জানা বা জ্ঞান। congnitive শব্দের অর্থ জানা বা জ্ঞান সম্পর্কিত।

১৭৮. **Cognizant** মূল অর্থ- চেতনা দ্বারা বা আমাদের মস্তিষ্কের চিন্তা দ্বারা বোঝা সম্ভব এমন বিষয়। কিছু কিছু বিষয়কে আমরা আধ্যাত্মিক বলি। সেই আধ্যাত্মিক বিষয়গুলো cognizant না। অর্থাৎ এগুলো আমাদের মস্তিষ্কের বুদ্ধিবৃত্তিক চেতনা দ্বারা আমরা উপলব্দি করতে পারিনা।

Synonym: aware, conscious, apprised, abreast.

Mnemonic- cogn মানে জ্ঞান বা জানা। cogn বা জ্ঞান দ্বারা যা জানা সম্ভব তাই cognizant।

১৭৯. **Coherent** মূল অর্থ- সুসঙ্গত; সংযুক্ত; পরিস্কার বোঝা যায় এমন।

Synonym: logical, reasoned, reasonable. Antonym: incoherent, muddled.

Mnemonic- ১. Adhere = cohere। Adhere মানে লেগে থাকা, আর coherent মানে সংযুক্ত থাকা। দুটির অর্থ কাছাকাছি। cohere মানে সংযুক্ত থাকা আর Coherent মানে সংযুক্ত বা সুসঙ্গত।

১৮০. **Colloquial** মূল অর্থ- কথ্যভাষা, চলিত ভাষা; সাধারন কথা-বার্তার জন্য যে ভাষা ব্যাবহার করা হয় সেটাই Colloquial ভাষা।

Synonym: informal, conversational, everyday. Antonym: literary, formal.

Scanned by CamScanner

Mnemonic- ১. Loquy/ Loqui মানে কথা বলা । আর local language এ কথা বলা মানে colloquial ভাষায় কথা বলা।

১৮১. **Collusion** মূল অর্থ- গোপন চুক্তি; অশুভ আঁতাত।

Synonym: conspiracy, connivance, complicity.

Mnemonic- ১. Collusion কে Illusion দিয়ে মনে রাখুন। Illusion মানে ভুল দেখা। আমরা যখন একটি ইল্যুশন দেখি তখন বুঝতে হবে, আমাদের চোখের আড়ালে গোপনে এমন কিছু ঘটছে যার ফলে আমরা এমন দেখছি। যেমন- মরিচিকা দেখা একটি ইল্যুশন। মরুভূমিতে চলতে গেলে দেখা যায় সামনেই পানি আছে, কিন্তু সামনে গেলে দেখা যায় কিছুই নেই। এই ইলুশনের পেছনে আলোর প্রতিসরণ বিষয়টি গোপনে কাজ করে। আর Collusion মানে গোপন চুক্তি বা অশুভ আতাত।

১৮২. **Commensurate** মূল অর্থ- সমান; সমতুল্য; সমানুপাতিক ।

Synonym: equivalent, equal, corresponding. Antonym: disproportionate.

Mnemonic- ১. Commensurate= co measurement , co অর্থ সমান , আর মেজারমেন্ট মানে পরিমাপ । অর্থাৎ সমান পরিমাপ।

১৮৩. **Compelling** মূল অর্থ- বাধ্য করা।

Synonym: enthralling, captivating, gripping. Antonym: boring.

Mnemonic- Compelling শুনতে অনেকটা কমপ্ল্যান এর মত। মায়েরা বাচ্চাদের কমপ্ল্যান খেতে Compelling করে অর্থাৎ বাধ্য করে।

১৮৪. **Compendium** মূল অর্থ- সারসংক্ষেপ ; সংক্ষিপ্ত ।

Synonym: collection, compilation, anthology, treasury.

Mnemonic- Compendium কে কম্প্যাক্ট এর সাথে মিল রেখে মনে রাখা যায়। কম্প্যাক্ট মানে আঁটসাঁট বা সংক্ষিপ্ত। আর Compendium মানেও সারসংক্ষেপ বা সংক্ষিপ্ত।

১৮৫. **Complacent** মূল অর্থ- আত্মতুষ্ট; নিজের উপর সন্তুষ্ট। Complacent বলতে এমন সন্তুষ্ট বোঝায়, যে ব্যাক্তি দোষ করা সত্ত্বেও নিজের উপর সন্তুষ্ট।

Synonym: smug, self-satisfied, proud. Antonym: dissatisfied, humble.

Mnemonic- complacent = completely satisfied

১৮৬. **Complement** মূল অর্থ- সম্পূর্ণ করা; ভরা; পূর্ণ(সংখ্যা বা বস্তু) ।

Synonym: accompaniment, companion, addition. Antonym: contrast.

Mnemonic- Complement এর সাথে মিল আছে complete এর। আর এই দুটি শব্দের অর্থও খুবই কাছাকাছি। Complement করা = complete করা। অর্থাৎ Complement মানে সম্পূর্ণ করা।

Scanned by CamScanner

১৮৭. **Complicity** মূল অর্থ- কুকর্মে সাহায্য করা ।

Synonym: collusion, involvement, collaboration. Antonym: ignorance.

Mnemonic- Complicity = complex + city , জটিল শহরে বা বড় শহরে বেশি কুকর্ম হয়। আর এসব কাজে Complicity করার জন্যও অনেকে থাকে।

১৮৮. **Comprehensive** মূল অর্থ- বোধগম্য; ব্যাপক; সবকিছু ধারন করে এমন ।

Synonym: inclusive, all-inclusive, complete. Antonym: partial, selective.

Mnemonic- ক্রিকেট খেলায় আমরা অনেক সময়, "comprehensive win" কথাটি শুনি। এর দ্বারা বোঝানো হয় যে- যে পক্ষ জিতেছে তারা আসলেই প্রচুর রান করেছে বা অনেক উইকেট ইনিয়েছে। ফলে খেলাটায় আগে থেকেই বোঝা গিয়েছিল যে কে জিতবে আর কে হারবে। অর্থাৎ খেলাটা comprehensive ছিল বা বোধগম্য ছিল।

১৮৯. **Comprise** মূল অর্থ- গঠন করা; ধারন করা।

Synonym: consist of, contain, take in, embrace.

Mnemonic- Comprise কে ভেঙ্গে ফেলুন-> Comprise= কম প্রাইস। কম প্রাইসের কোন কিছু গঠন করা সহজ। আর Comprise মানেও গঠন করা/ধারণ করা।

১৯০. **Conciliatory** মূল অর্থ- শান্তিজনক; ভাল শক্তির দ্বারা সবকিছু ঠিক করে ফেলা।

Synonym: propitiatory, placatory, appeasing. Antonym: antagonistic.

Mnemonic- ১. Conciliatory এর সাথে council শব্দটিকে মিলিয়ে মনে রাখা যায়। council এ নির্বাচন করা হয় সবাইকে ভাল রাখার জন্য , আর রাস্তাঘাট সব ঠিক রাখার জন্য । ২. Conciliatory শুনতে অনেকটা CONSOLING এর মত। consoling অর্থ শীতল, Conciliatory অর্থ শান্তিজনক।

১৯১. **Concise** মূল অর্থ- সংক্ষিপ্ত করা; অনেক কিছুকে অল্পকথায় নিয়ে আসা।

Synonym: succinct, short, brief. Antonym: lengthy, discursive.

Mnemonic- concise= con+ size , con অর্থ একই রকম বা সমান, size অর্থ আকার। concise করা মানে সবকিছুকে একই আকারে নিয়ে আসা, বা সংক্ষিপ্ত করা ।

১৯২. **Concord** মূল অর্থ- ঐক্য; রাজী ।

Synonym: agreement, harmony, accord. Antonym: disagreement, discord.

Mnemonic- ১. Concord = con + cord , con অর্থ একই রকম , cord অর্থ দড়ি। কোন একটি দড়ি খুলল দেখা যাবে যে ঠিক একই রকম অনেকগুলো দড়ি একসাথে করে একটি দড়ি তৈরি করা হয়। এক্ষেত্রে ঐক্যের মাধ্যমে ক্ষমতা বৃদ্ধি করা হয়।

১৯৩. **Concurrent** মূল অর্থ- একই সময়ে ঘটা ; সহগামী ।

Scanned by CamScanner

Synonym: simultaneous, coincident, coinciding.

Mnemonic- ১. concurrent= con + current , con অর্থ সমান , আর current অর্থ প্রবাহ(যেমন- electrical current বা বিদ্যুৎ প্রবাহ) , সুতরাং concurrent= একই সময়ে ঘটা।

১৯৪. **Condescend** মূল অর্থ- দয়াশীল হওয়া; সমর্থন দেওয়া।

Synonym: patronize, treat condescendingly, speak condescendingly to.

Antonym: respect.

Mnemonic- ১. Condescend কে descendent এর সাথে মিলিয় মনে রাখুন । প্রত্যেকেই তার descendent বা বংশের উত্তর পুরুষদের প্রতি Condescend হওয়া উচিত ।

১৯৫. **Condone** মূল অর্থ- ক্ষমা করা; কোন কিছু ঘটতে অনুমতি দেওয়া।

Synonym: forgive, pardon, accept, allow. Antonym: condemn, punish.

Mnemonic- condemned cell থেকে condone বা ক্ষমা পাওয়া সহজ না। মৃত্যুদন্ড প্রাপ্ত আসামিদের রাখার জায়গার নাম condemned cell। তাই এখান থেকে ক্ষমা পাওয়া খুব কঠিন ।

১৯৬. **Conducive** মূল অর্থ- সহায়তা করা; অনুমতি দেওয়া।

Synonym: favourable, beneficial, valuable. Antonym: unfavourable.

Mnemonic- ১. Conducive= come+do+civilwork আসুন সবাই মিলে সামাজিক কাজে সহায়তা করি। ২. Conducive= condence milk দুধের ঘাটতি সম্পূর্ণ পুরন করতে না পারলেও কিছুটা সহায়তা করে।

১৯৭. **Confluence** মূল অর্থ- নদীপথে কোথাও মিলিত হওয়া; মিলিত হওয়া।

Synonym: convergence, meeting, junction, joining.

Mnemonic- ১. Confluence শুনতে অনেকটা ইনফ্লুয়েন্স এর মত শোনায় । আপনি যদি ইনফ্লুয়েন্স করার ক্ষমতা রাখেণ তাহলে অনেক মানুষকে নিয়ে মিলিত হতে পারবেন। ২. Confluence শুনতে অনেকটা Conference এর মত। Conference এর মধ্যে অনেক লোক একসাথে মিলিত হয় বা Confluence হয়।

১৯৮. **Congenial** মূল অর্থ- মনমত হওয়া; সমরুচিসম্পন্ন; অমায়িক ।

Synonym: like-minded, compatible, kindred. Antonym: disagreeable, incompatible.

Mnemonic- ১. congenial কে Genelia D'souza কে দিয়ে মনে রাখুন। আর জেনেলিয়া একদম মনমত সুন্দর। পাশাপাশি অমায়িক। আর Congenial অর্থও ঠিক তাই।

১৯৯. **Congenital** মূল অর্থ- জন্মগত বা সহজাত। জন্মের সময় থেকেই যদি কারো কোন সমস্যা থেকে থাকে তবে সেটাকে বলা হয় congenital সমস্যা ।

Scanned by CamScanner

Synonym: inborn, inherited, hereditary. Antonym: acquired.

Mnemonic- ১. congenital= can be genetic(বংশগতীয়) ২. congenital শব্দটির মধ্যে genital = genetic অংশটির দিকে লক্ষ করুন। জেনেটিক বা বংশগত সমস্যার কারনে কোন অসুবিধা হলে সেটাকে বলা হয়- congenital সমস্যা ।

২০০. **Conjecture** মূল অর্থ- অনুমান করা; কোন বিষয় থেকে সিদ্ধান্তে পৌঁছান।

Synonym: guess, speculation, surmise. Antonym: fact.

বিভিন্ন বৈজ্ঞানিক তত্ত্ব প্রতিষ্ঠা পাবার আগে conjecture হিসেবে থাকে। একে অনেকক্ষেত্রে হাইপোথিসিসও বলা হয় ।

Mnemonic- ১. Conjecture = con + lecture ? কে লেকচার এর সাথে মিল রেখে মনে রাখুন। শিক্ষক কি নিয়ে লেকচার দেবে তা কেউ জানি না। তাই এখন conjecture করা বা অনুমান করা ছাড়া কোন উপায় নেই।

২০১. **Conjure** মূল অর্থ- ভেলকি দেখানো; যা করা যায়না তাই করে দেখানো ।

Synonym: produce, materialize, magic.

Mnemonic- ১. Conjure কে জাদুকরের সাথে মিল রেখে মনে রাখা যায়। জাদুকর ম্যাজিকের সাহায্যে ভেলকি দেখায়; যা করা যায় না তাই করে দেখাতে পারে।

২০২. **Connoisseur** মূল অর্থ- শিল্পকলায় পারদর্শী ব্যাক্তি।

Synonym: pundit, savant, aesthete. Antonym: ignoramus.

Mnemonic- ১. Connoisseur= con + noi + sure , কেউ নিশ্চিত নই। শিল্পকলায় পারদর্শী ব্যাক্তি কি করবে, তা সম্পর্কে আমরা কেউই শিওর নই । তবে সে যাই করুক না কেন, তা আমাদের কাছে ভাল লাগবে।

২০৩. **Consecrate** মূল অর্থ- পবিত্র করা।

Synonym: sanctify, bless, make holy. Antonym: deconsecrate.

যদি কোন ধর্মীয় অনুষ্ঠান বা রীতিনীতির মধ্য দিয়ে কোন স্থানকে পবিত্র করা হয় সেটা হবে consecrate করা।

Mnemonic- ১. Consecrate= con + secrete, secrete করা মানে নিঃসরণ করা। ধর্মীয় অনুষ্ঠানগুলোতে সাধারণত কোন কিছু, যেমন- গোলাপ জল ইত্যাদি নিঃসরণ করে পবিত্র করা হয়

২০৪. **Consensus** মূল অর্থ- ঐকমত, মতের মিল ।

Synonym: agreement, harmony, concord. Antonym: disagreement.

একটি চোর যখন ধরা হয় তখন তাকে পিটানি দেওয়া বা পুলিশের দেবার ব্যাপারে সবারই consensus থাকে বা মতের মিল থাকে।

Scanned by CamScanner

Mnemonic- ১. Consensus শব্দটিকে sence শব্দটি দিয়ে মনে রাখা যায়। Consensus = con+sens+us। con দ্বারা মিল বোঝানো হয়। আমাদের মধ্যে যখন সেন্সের মিল হয় , তখনই সেটাকে ঐকমত বা consencsus বলা যায় ।

২০৫. **Consonant** মূল অর্থ- শ্রুতিমধুর; যে শব্দ শুনতে ভাল লাগে; কণ্ঠস্বরের মিল বা মতের মিল।

Synonym: labiodental, geminate, labial.

Mnemonic- ১. Sonant মানে হল মুখ দিয়ে উচ্চারণ করা শব্দ । con দ্বারা সাধারণত মিল বোঝানো হয় । অর্থাৎ যখন দুই বা তার বেশি মানুষের কথা শুনতে একইরকম মনে হয় তখন সেটা consonant হয়। অর্থাৎ তার মধ্যে মিল থাকে। আর সঙ্গীতের ক্ষেত্রে যদি সব বাদ্যজন্ত্র ও গায়কের গলা একই স্কেলে থাকে তবে সেটা শুনতে ভাল লাগে অর্থাৎ consonant হয় । ২. ইংরেজি বর্ণমালা দুই ধরনের। vowel আর consonant। vowel গুলো হল মূল স্বর, এগুলো শুনতে একঘেয়ে লাগে। কিন্তু consonant শুনতে ভাল লাগে ।

২০৬. **Construe** মূল অর্থ- অনুবাদ করা ; কোন একটি অর্থ বের করা।

Synonym: interpret, understand, read, see.

Mnemonic- ১. Construe = কোনটি ট্রু(সত্য) , আমরা যদি কোন লেখা বা কথা অনুবাদ করি বা অর্থ বের করি তবেই বুঝতে পারব যে আসলে কোনটি ট্রু বা সত্য । ২. Construe শব্দকে কন্সট্রাকশন শব্দটি দিয়েও মনে রাখা যায়। কন্সট্রাকশন মানে তৈরি করা। আর অনুবাদ করা মানে এক ভাষা থেকে অন্যভাষায় কিছু তৈরি করা।

২০৭. **Consummate** মূল অর্থ- পারফেক্ট; সম্পূর্ণ; আদর্শ ; সর্বোচ্চ দক্ষতাসম্পন্ন।

Synonym: complete, conclude, finish.

Mnemonic- ১. Consummate এর সাথে summit শব্দটির উচ্চারনে মিল আছে। summit দ্বারা সর্বোচ্চ অবস্থানকে বোঝানো হয়। আর Consummate আদর্শ বা সর্বোচ্চ দক্ষতাসম্পন্ন।

২০৮. **Contentious** মূল অর্থ- ঝগড়াটে স্বভাবের; তর্কবাগীশ।

Synonym: controversial, disputable, debatable .

Mnemonic- ১. যে ব্যাক্তি intensionaly ঝগড়া করে সেই Contentious।

২০৯. **Contiguous** মূল অর্থ- পাশাপাশি; সংযুক্ত।

Synonym: adjacent, neighbouring, adjoining. Antonym: distant.

দুটি জিনিস পাশাপাশি থাকলে তাকে Contiguous বলা যাবে। দুটি দেশ যদি একটিমাত্র কাটাতার দিয়ে তাদের সীমানার কাজ চালায়, অর্থাৎ কাটাতারের বেড়াটা তারা শেয়ার করে, তবে সেই বেড়াকেও Contiguous বলা যাবে।

Scanned by CamScanner

Mnemonic- ১. অ্যামেরিকার প্রতিটি প্রদেশই একটির সাথে আরেকটি লাগানো, আর এগুলো সবই continuous(একটির পর আরেকটি) = Contiguous .

২১০. **Contingent** মূল অর্থ- নির্ভরশীল ; সম্ভব ।

Synonym: chance, accidental, fortuitous. Antonym: predictable.

Mnemonic- ১. Contingent = continent , যে continent বা মহাদেশ আকারে ছোট, তাদেরকে অন্য continent এর উপর Contingent হতে হয়। বা নির্ভরশীল হতে হয়।

২১১. **Contrite** মূল অর্থ- অনুতপ্ত হওয়া; অতীতের খারাপ কাজের জন্য দুঃখ পাওয়া ।

Synonym: remorseful, repentant, penitent. Antonym: unrepentant, defiant.

Mnemonic- ১. Contrite - > can't right, অতীত জীবনে ভুল করে থাকলে(can't right) তার জন্য পরবর্তী জীবনে contrite করতে হয়, অর্থাৎ খারাপ কাজের জন্য দুঃখ পেতে হয়।

২১২. **Contrived** মূল অর্থ- কৃত্তিম; অনেক কষ্ট করে অর্জন করা।

Synonym: forced, strained, studied, artificial. Antonym: natural, spontaneous.

Mnemonic- ১. Contrived = derived , Contrived ও derived শুনতে অনেকটা একইরকম। derived দ্বারা এমন কিছু বোঝানো হয় যা কোন কিছু থেকে পাওয়া হয়েছে। অর্থাৎ প্রাকৃতিক বা মৌলিক নয়।

২১৩. **Conventional** মূল অর্থ- গতানুগতিক; সাধারন; বিশেষ কিছু নয়; আধুনিক নয়।

Synonym: normal, standard, regular, ordinary. Antonym: original.

কেউ যদি Conventional চিন্তার মানুষ হয় তাহলে বুঝতে হবে সে অনেক পুরনো ধ্যান-ধারনা নিয়ে পরে আছে। আধুনিক ধারনা গ্রহন করতে পারেনি।

Mnemonic- ১. Convention -> conventional , কনভেনশনাল শব্দটি মূলত কনভেনশন থেকেই এসেছে। অনেক মানুষ যখন একত্র হয় তখন সেটাকে কনভেনশন বা বাংলায় সম্মেলন বললেও, এর বাইরেও এই শব্দটির আরেকটি অর্থ আছে। সেটি হল- সামাজিক রীতিনীতি। সামাজিক রীতিনীতি বা পুরনো ধারনাগুলোকেই যে প্রাধান্য দেয়, সেই হল কনভেনশনাল। আদিম কালে অনেক মানুষ একসাথে হয়ে, অর্থাৎ এক ধরনের সম্মেলনের মাধ্যমে ঠিক করত যে- সমাজে কি কি করা যাবে আর কি কি করা যাবে না। আর তার থেকেই আজকের সামাজিক রীতিনীতির উদ্ভব হয়েছে। আর তাই কনভেনশন মানে সম্মেলন হলেও, এর আরেক অর্থ- সামাজিক রীতিনীতি।

২১৪. **Convivial** মূল অর্থ- উৎসবমুখোর ; আনন্দঘন দিন ।

Synonym: friendly, genial, affable. Antonym: unfriendly, unsociable.

Mnemonic- ১. convivial শুনতে অনেকটা carnival এর মত শোনায় । carcival এর দিনটি উৎসবমুখর ও আনন্দঘন হয়। আর convivial অর্থ- উৎসবমুখোর বা আনন্দঘন দিন।

Scanned by CamScanner

২১৫. **Copious** মূল অর্থ- প্রচুর।

Synonym: abundant, superabundant, plentiful. Antonym: sparse.

Mnemonic- ১. Copy করা মানে কোন কিছুর মত দেখতে আরেকটি তৈরি করা। কোন কিছুর যদি হাজার হাজার কপি তৈরি করা হয় তখন তাকে Copious বলা হয়।

২১৬. **Corollary** মূল অর্থ- কোন কিছুর ফল সরূপ ঘটা।

Synonym: consequence, result, upshot. Antonym: cause, origin.

যদি একটি যুদ্ধ হয়, তবে তার ফলস্বরূপ অনেক রক্তপাত ও মৃত্যু হবে। Bloodshed and death are corollary of a war.

Mnemonic- ১. Corollary = পরনারী। পরনারীর প্রতি আসক্তি থাকলে তার ফল সরুপ তো কিছু একটা ঘটবেই। আর সেটা ভাল কিছু না হবার সম্ভাবনাই বেশি।

২১৭. **Corroborate** মূল অর্থ- নিশ্চিত; প্রমান দ্বারা নিশ্চিত হওয়া।

Synonym: confirm, verify, endorse. Antonym: contradict.

Mnemonic- ১. Corporate লোকেরা সবসময়ই Corroborate হয়ে কাজ করতে চায়। তারা আবেগের বশে কোন কিছুই করে না।

২১৮. **Cosmopolitan** মূল অর্থ- যেখানে বহু ধরনের বা জাতের মানুষের বসবাস।

Synonym: worldly, worldly-wise, well travelled. Antonym: provincial, narrow.

ঢাকা একটি Cosmopolitan শহর। তার মানে এখানে বিভিন্ন দেশের ও বিভিন্ন জাতের মানুষের বসবাস। cosmopolitan বলতে বহুজাতের লোকের বসবাসকারী শহর বোঝালেও, cosmopolitan একটি শহর না হয়ে একটি মানুষও হতে পারে। যেসব মহৎ ব্যাক্তিরা সংকীর্ণ দেশপ্রেমের চিন্তা থেকে বের হয়ে বিশ্বমানবতার কথা চিন্তা করেন তাদেরকেও cosmopolitan.

Mnemonic- ১. Cosmos মানে মহাবিশ্ব। আর কসমোপলিটান শহর মানে সেখানে বিশ্বের বিভিন্ন দেশের বিভিন্ন জাতের লোকের বসবাস। ২. Cosmopolitan ও metropolitan দুটি দ্বারাই শহর বোঝানো হয়। নিউ ইয়র্ক একটি Cosmopolitan শহর আর ঢাকা একটি মেট্রোপলিটান শহর।

২১৯. **Countenance** মূল অর্থ- মুখ; মুখের এক্সপ্রেশন; কারো কোন কথার জবাবে মুখের এক্সপ্রেশন।

Synonym: face, features, physiognomy, profile; facial expression.

Mnemonic- ১. Countenance = count teen . টিন এজ ছেলেমেয়েদের Countenance বা মুখের অভিব্যাক্তি খুব জোরালো হয়।

Scanned by CamScanner

২২০. **Coup** মূল অর্থ- মেধার সাহায্যে বিজয়ী হওয়া; খুব অল্প সংখ্যক লোক নিয়ে সরকার পতন করে জয়ী হওয়া।

Synonym: seizure of power, overthrow, takeover, ousting. Antonym: election.

ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বখতিয়ার খলজির বিজয় ছিল একটি coup.

Mnemonic- ১. Coup = কোপ। খুব অল্পসংখ্যক লোক নিয়ে জয়ী হতে চাইলে, কোপ বা কপাকুপির কোন বিকল্প নাই।

২২১. **Covenant** মূল অর্থ- জাঁকজমকপূর্ণ চুক্তি; চুক্তি।

Synonym: contract, compact, treaty, pact, accord, deal, bargain.

আমরা যদি বলি Covenant শব্দটির অর্থ চুক্তি তাহলে ভুল হবে না। কিন্তু এই শব্দটির অর্থ একটি বিশেষ ধরনের চুক্তি। জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মধ্যদিয়ে যে চুক্তি করা হয় তেমন চুক্তিকে আমরা বলব Covenant । যদি সাধারন কোন চুক্তি হয় তাহলে তাকে আমরা agreement বললেই পারি। কিন্তু যখন কোন জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মধ্যে দিয়ে চুক্তিটি করা হবে তখন আমরা তাকে agreement না বলে Covenant বলব।

আর যখনই কোন শব্দের এমন দুটি খুব কাছাকাছি অর্থ দেওয়া থাকবে(যেমন- এই শব্দটিতে আছে) তখন বুঝে নিতে হবে যে বিশেষ অর্থটিই বেশি গ্রহণযোগ্য।

Mnemonic- ১. Covenant কে Covalent এর সাথে মিল রেখে মনে রাখা যায়। রসায়ন বইতে আমরা Covalent মানে সমযোজী বন্ধন সম্পর্কে পড়েছিলাম। Covalent এক ধরনের বন্ধন, আর Covenant মানে হলো চুক্তি। চুক্তিও কিন্তু এক ধরনের বন্ধন। মনে রাখার জন্য ভেবে নিন যে- Covenant/সমযোজী বন্ধন গঠন করার সময় মৌলগুলো নিজেদের মধ্যে এক ধরনের চুক্তি করে নেয়।

২২২. **Covert** মূল অর্থ- গোপন; লুকায়িত ।

Synonym: secret, furtive, clandestine. Antonym: overt, above board.

Mnemonic- ১. Cover বা ঢাকনা থেকেই Covert শব্দটি এসেছে । Covert = cover + t , যা cover দেওয়া থাকে মানে ঢাকা থাকে সেটাই covert

২২৩. **Covet** মূল অর্থ- লোভ করা, বিশেষ করে পরের জিনিসের উপর লোভ করা।

Synonym: desire, be consumed with desire for, crave.

Mnemonic- ১. Covet = gobet, যেসব মানুষ গবেট, মানে বোকা, তারাই covet করে বা পরের জিনিসের উপর লোভ করে ।

২২৪. **Credulous** মূল অর্থ- বিশ্বাস করার জন্য ব্যাকুল; অতিবিশ্বাসী ।

Scanned by CamScanner

Synonym: gullible, naive, impressionable. Antonym: worldly, suspicious.

যারা বিশ্বাস করার জন্য ব্যাকুল থাকে তারা আসলে অন্ধবিশ্বাসী হয়। অর্থাৎ যারা কোন কিছু বিচার বিবেচনা না করে বিশ্বাস করে তাদের Credulous বলা যায়।

Mnemonic- ১. Creed মানে বিশ্বাস , credible অর্থ বিশ্বাসযোগ্য , incredible অর্থ অবিশ্বাস্য । Credulous শব্দটিও এই creed থেকেই এসেছে। যারা বিশ্বাস করে বাঁশ খাবার জন্য ব্যাকুল তারাই Credulous ।

২২৫. **Criterion** মূল অর্থ- স্ট্যান্ডার্ড; প্রমান; আদর্শ।

Synonym: basis, point of reference, standard, norm.

Mnemonic- ১. Criteria অর্থ বৈশিষ্ট্য। আসলে Criteria প্লুরাল ফর্ম আর Criterion হোল সিঙ্গুলার ফর্ম ।

২২৬. **Cryptic** মূল অর্থ- গোপন বা লুকায়িত ; রহস্যময় ।

Synonym: enigmatic, mysterious, confusing. Antonym: straightforward, clear.

Mnemonic- ১. Criminal = criptic . ক্রিমিনাল/criminal রা সাধারনত cryptic বা গোপন জীবনযাপন করে।

২২৭. **Culinary** মূল অর্থ- রান্না বা রান্নাঘর সম্পর্কিত।

রান্না শেখানোর স্কুলগুলোকে সাধারনত Culinary institute বলা হয়।

Mnemonic- ১. Cooking curry = culinary , রান্নাবান্না বা কুকিং সম্পর্কিত জিনিস মানেই culinary .

২২৮. **Culminate** মূল অর্থ- শীর্ষে ; সেরাটা ।

Synonym: peak, climax. Antonym: start, begin.

Mnemonic- ১. Culminate কে minute দিয়ে মনে রাখা সহজ। যে minute এর মধ্যে যেকোনো কাজ করে ফেলতে পারে সে culminate বা শীর্ষে থাকতে পারে। ২. Culminate কে climax দিয়েও মনে রাখা যায়। climax দ্বারা শীর্ষ বোঝানো হয়, আর Culminate মানেও শীর্ষে।

২২৯. **Culpable** মূল অর্থ- দোষী ; অপরাধী ।

Synonym: to blame, guilty, blameworthy. Antonym: blameless, innocent.

Mnemonic- ১. Culpable = culprit + able , যে কালপ্রিট বা অপরাধী বলার যোগ্য , সেই culpable.

২৩০. **Cursory** মূল অর্থ- দ্রুতগতির ; উপরের উপরে; শুধু বাইরের দিকে।

Synonym: perfunctory, desultory, casual. Antonym: thorough, painstaking.

Mnemonic- ১. cursory = Cursor + y , মাউসের cursor খুব দ্রুতগতিতে নড়াচড়া করে। আসলে প্রায় সবসময়ই নড়াচড়া করে। আর এটি কমপিউটারের কোন ভেতরের কাজ করে না, শুধুমাত্র বাহ্যিক কাজকর্ম করে।

Scanned by CamScanner

অর্থাৎ কম্পিউটার মাউসের cursor এমন একটি জিনিস যা সবসময় বাইরের কাজকর্ম করে, খুব দ্রুতগতির। আর cursory অর্থও তাই।

২৩১. **Curtail** মূল অর্থ- সংক্ষিপ্ত করা ।

Synonym: decrease, lessen, diminish. Antonym: ncrease, lengthen.

Mnemonic- ১. Curtail= cut tail , আমরা যদি কোন কিছুর tail বা লেজ cut করি বা কেটে ফেলি তবে সেটা ছোট হয়ে যাবে , বা সংক্ষিপ্ত হয়ে যাবে।

২৩২. **Cynic** মূল অর্থ- মানববিদ্বেষী; যে ব্যাক্তি মানুষের মধ্যে কোন ভাল গুন দেখতে পায় না ।

Synonym: sceptic, doubter, doubting Thomas. Antonym: optimist.

ধরুন একটি লোক ১০ কোটি টাকা দিয়ে গ্রামের গরীব মানুষের জন্য একটা হাসপাতাল তৈরি করে দিল। সেখানে গরীবেরা বিনা পয়সায় চিকিৎসা নিতে পারবে। এসব শুনে আপনি একদম বাহ বাহ বল শুরু করে দিলেও , এসব কথা একজন cynic শোনার পর বলবে- আরে, ও তো একটা জোচ্চোর, পরের টাকা মাইরা কোটি কোটি টাকা বানাইছে, এখন ১০ কোটি খরচ করছে কারন সে এখন একটু নাম যশ চায়।

Mnemonic- ১. Cynic = cy + nic(ছাই নিক) , যে ব্যাক্তি মানুষের পরোপকারী ভাবকে ছাইয়ের সাথে তুলনা করে, সে cynic . ২. Cynic এর cy উচ্চারণ অনেকটা pshy এর মত। pshyco মানে পাগল, আর cynic রাও এক ধরনের পাগলই বলা যায়।

২৩৩. **Daunt** মূল অর্থ- ভয়; ভয় দেখানো।

Synonym: intimidate, abash, take aback. Antonym: encourage, hearten.

Mnemonic- ১. Dauntless = don't care, যে কোন কিছুকেই পরোয়া করে না সেই dauntless. Dauntless অর্থ ভয়হীন, তাহলে daunt অর্থ ভয়।

২৩৪. **Dearth** মূল অর্থ- অভাব।

Synonym: lack, scarcity, scarceness, shortage. Antonym: abundance, surfeit.

Mnemonic- ১. Dearth = D + earth , death in earth. আজ থেকে শতবছর আগেও পৃথিবীতে যখন প্রাকৃতিক দুর্যোগের কারনে dearth বা অভাব দেখা দিত, তখন পৃথিবীতে প্রচুর মানুষ মারা যেত(death in earth) .

২৩৫. **Debacle** মূল অর্থ- হিংস্রভাবে ভাঙ্গাভাঙ্গি করা; সবকিছু ছুরে ফেলে দেওয়া।

Synonym: fiasco, failure, catastrophe.

Mnemonic- ১. debacle = debate + all, debate করে all ভেঙ্গেফেলাকেই বলা হয় debacle .

২৩৬. **Debauchery** মূল অর্থ- অতিরিক্ত মদ খাবার অভ্যাস; উশৃঙ্খল জীবনযাপন।

Scanned by CamScanner

Synonym: dissipation, dissoluteness, degeneracy. Antonym: morality.

Mnemonic- ১. Debauchery কে ডুবচারী শব্দ দিয়ে মনে রাখা যায়। যারা ডুবচারী/ডুবুরী হয় তারা সাধারনত মদ বেশি খায়, ফলে কিছুটা উশ্রিংখল জীবনযাপন করাটাও অস্বাভাবিক না।

২৩৭. **Debilitate** মূল অর্থ- দুর্বল করা; অক্ষম করা; খোঁড়া করা।

Synonym: weakening, enfeebling, enervating. Antonym: restorative.

Mnemonic- ১. Debilitate = de + ability. কারো ability নষ্ট করা মানেই তাকে অক্ষম করে দেওয়া বা খোঁড়া করে দেওয়া। অর্থাৎ debilitate করা ।

২৩৮. **Decadent** মূল অর্থ- ক্ষয়ে যাওয়া; বিশেষ করে নৈতিক অবক্ষয় ।

Synonym: dissolute, dissipated, degenerate. Antonym: moral.

Mnemonic- ১. Decadent = decay + dent ,আমরা জানি decay অর্থ ক্ষয় । decay থেকেই decadent শব্দটি এসেছে।

২৩৯. **Decimate** মূল অর্থ- মেরে ফেলা; মেরে না ফেললেও অধিকাংশ ধ্বংস করা; দশ ভাগের নয় ভাগ মেরে ফেলা।

Synonym: kill, destroy. Antonym: create.

Mnemonic- ১. Decimate = desi + mate , desi দ্বারা দশ ভাগের এক ভাগ বোঝানো হয়(এক ডেসি লিটার মানে হল এক লিটারের দশভাগের একভাগ)। আর mate দ্বারা মেরে ফেলা বোঝানো হয়।

২৪০. **Decorous** মূল অর্থ- যথাযথ, একদম পরিপাটি সাজানো গোছান ।

Synonym: proper, seemly, decent, becoming. Antonym: indecorous.

Mnemonic- ১. Decorate -> Decorous , Decorate থেকেই Decorous শব্দটি এসেছে, Decorate করা মানে সাজিয়ে গুছিয়ে রাখা। আর Decorous মানে একদম সাজানো গোছান কোন জিনিস ।

২৪১. **Deduce** মূল অর্থ- প্রমান থেকে সিদ্ধান্তে পৌঁছান; অনুমান করা ।

Synonym: conclude, reason, work out, gather, infer.

Mnemonic- ১. Deduce = establish by deduction। deduction মানে হল ভাল করে অনুসন্ধান করে সিদ্ধান্ত গ্রহন। আর deduce মানে তথ্যপ্রমানের উপর ভিত্তি করে সিদ্ধান্তে পৌঁছান।

২৪২. **Defame** মূল অর্থ- কুৎসা রটনা; অপবাদ দেওয়া; সুনাম নষ্ট করা ।

Synonym: libel, slander, malign. Antonym: praise.

Scanned by CamScanner

Mnemonic- ১. Defame= De + fame. মানে fame শেষ করে দেওয়া। fame বা সুনাম শেষ করা মানে - কুৎসা রটনা; অপবাদ দেওয়া; সুনাম নষ্ট করা। ২. যারা ফেমাস তারা ফেমাস কারন তাদের fame আছে। আমরা যদি তাদের defame করি তাহলে তাদের সুনাম নষ্ট হবে।

২৪৩. **Deference** মূল অর্থ- অন্যের মতকে সম্মান করা; ভদ্রতা।

Synonym: respect, respectfulness, regard. Antonym: disrespect.

Mnemonic- ১. Deference = Different, যেসব মানুষ একটু Different, মানে একটু আলাদা, শুধুমাত্র তারাই অন্যের মতকে শ্রদ্ধা করে।

২৪৪. **Definitive** মূল অর্থ- অকাট্য; শেষকথা; সীমা নির্ধারক।

Synonym: conclusive, final, ultimate. Antonym: provisional.

Mnemonic- ১. Definitive= de + finite . এই শব্দটি মূলত finite থেকে এসেছে। infinite মানে অসীম , আর finite মানে সসীম। definite করা মানে নির্দিষ্ট করে দেওয়া, সীমা নির্ধারণ করে দেওয়া। আর Definitive অর্থ- সীমা নির্ধারক।

২৪৫. **Degenerate** মূল অর্থ- অধঃপতন; অবক্ষয়; ভেজাল মিশ্রিত বা অপজাত।

Synonym: debased, degraded, corrupt. Antonym: pure.

Mnemonic- ১. Degenerate = De + generate , generate করা মানে তৈরি করা। আর Degenerate করা অর্থ হল- অবক্ষয়; ভেজাল মিশ্রিত করা।

২৪৬. **Deleterious** মূল অর্থ- ক্ষতিকর।

Synonym: harmful, damaging, detrimental. Antonym: beneficial.

Mnemonic- ১. Deleterious = de + literacy, যাদের literacy বা অক্ষরজ্ঞান নেই তারা সমাজের সমাজের জন্য ক্ষতিকর হতে পারে(তাই বলে ভাবা যাবে না যে অশিক্ষিত লোক মানেই খারাপ)।

২৪৭. **Delineate** মূল অর্থ- সঠিকভাবে বর্ননা করা; সীমারেখা অঙ্কন করা।

Synonym: describe, set forth, present, outline, set out.

Mnemonic- ১. Delineate = de LINE ate. শুধুমাত্র মাঝের, "লাইন" শব্দটির দিকে লক্ষ্য করুন। কোন কিছুর সীমারেখা অংকন করতে হলে অবশ্যই লাইন আকতে হবে।

২৪৮. **Delude** মূল অর্থ- বিভ্রান্ত করা; প্রতারণা করা।

Synonym: mislead, deceive, fool, take in, trick, dupe.

Scanned by CamScanner

Mnemonic- ১. Delude = elude, এই দুটোর প্রায় একই অর্থ। বিভ্রান্ত করা বা ফাকি দেওয়া। ২. Delude -> dude , আমরা যাদের dude বলে ডাকি, মানে বন্ধুদের। তারা delude করতে বেশ ওস্তাদ ।

২৪৯. **Deluge** মূল অর্থ- মহাপ্লাবন।

Synonym: flood, flash flood, torrent; spate.

শব্দটি মহাপ্লাবন বা বড় বন্যা অর্থে ব্যাবহিত হলেও, এটি রুপকভাবেও ব্যাবহার করা হয়। যেমন- যদি কেউ রাতারাতি বিলিয়ন ডলারের মালিক হয়ে যায়, তখন সেটাকেও সম্পদের deluge বলা যাবে।

Mnemonic- ১. deluge = Del + Huge , Del মানে delete যখন deluge হয় তখন হিউজ পরিমান ক্ষতি হয়।

২৫০. **Demagogue** মূল অর্থ- একজন নেতা।

Synonym: rabble-rouser, political agitator, agitator, soapbox orator, firebrand.

তবে এই নেতা ঠিক ভাল নেতা নয়। এই নেতা জনগনকে উত্তেজিত করতে পারে, তার নির্দেশে আন্দলন করাতে পারে। কিন্তু সে সৎ নাও হতে পারে।

Mnemonic- ১. Demagogue কে Democracy এর সাথে মিলিয়ে মনে রাখা যায়। Democracy বা জনগনের সমর্থণ নিয়ে যে ব্যাক্তি আন্দোলন করতে পারে সেই demagogue।

২৫১. **Denizen** মূল অর্থ- বাসিন্দা ।

Synonym: inhabitant, resident, townsman, townswoman.

Mnemonic- ১. Denizen= citizen, Denizen আর citizen এর খুব কাছাকাছি। citizen শুধু মানুষের ক্ষেত্রে ব্যাবহিত হয়। কিন্তু Denizen অন্যান্য পশুপাখিদের খেত্রেও ব্যাবহিত হয়। যেমন- মাছ হল জলের Denizen। অর্থাৎ মাছ জলের বাসিন্দা ।

২৫২. **Depravity** মূল অর্থ- মারাত্মক লেভেলের নষ্টামি; দুর্নীতি ।

Synonym: corruption, corruptness, vice, perversion. Antonym: morality.

Mnemonic- ১. Depravity কে poverty এর সাথে সম্পর্কিত করে মনে রাখুন। যেখানে poverty বা দারিদ্র বেশি থাকে, সেখানে depravity বা দুর্নীতি ও নষ্টামি বেশি থাকে।

২৫৩. **Deprecate** মূল অর্থ- অনুমোদন না দেওয়া; গম্ভীর হয়ে থাকা।

Synonym: disapprove of, deplore, abhor. Antonym: praise.

Mnemonic- ১. deprecate হল Appreciate এর ঠিক বিপরীত। Appreciate মানে approve করা বা অনুমোদন দেওয়া, আর deprecate হোল অনুমোদন না দেওয়া ।

২৫৪. **Deride** মূল অর্থ- উপহাস করা ।

Scanned by CamScanner

Synonym: ridicule, mock, jeer at. Antonym: respect.

Mnemonic- ১. Deride= de + ride, ধর নিলাম de মানে উল্টা, এখন ভাবুন কেউ যদি উল্টা দিকে বাইক রাইড করে তাহলে সেটা নিয়ে তো উপহাস করতেই হবে।

২৫৫. **Derogatory** মূল অর্থ- ক্ষতিকর; মর্যাদাহানিকর।

Synonym: disparaging, denigratory, belittling. Antonym: complimentary, flattering.

Mnemonic- ১. Derogatory= deroga + gate , ভেবে দেখুন দারোগা যদি গেট থেকে বের করে দেয় তাহলে সেটা কতটা মর্যাদাহানিকর হতে পারে। আর এটা সামাজিকভাবে তো ক্ষতিকরও বটে। আর Derogatory অর্থও ক্ষতিকর; মর্যাদাহানিকর।

২৫৬. **Desiccate** মূল অর্থ- শুকানো।

Synonym: dried, dried up, dry. Antonym: moist .

Mnemonic- ১. Desiccate = desi + cate । দেশি ক্যাট মানে দেশি বিড়াল। দেশি বিড়াল তো দেখতে শুকনা কাঠি। আর Desiccate মানেও শুকানো। তাই মনে রাখতেও সমস্যা নেই ।

২৫৭. **Despondent** মূল অর্থ- হতাশ।

Synonym: disheartened, discouraged, dispirited. Antonym: hopeful, cheerful.

Mnemonic- ১. Despondent কে pepsodent দিয়ে মনে রাখা যায়। যে রাতে ও সকালে পেপসোডেন্ট দিয়ে দাত না মাজে সে দাতের অসুখে ভুগবে আর despondent হয়ে পরবে। ২. এভাবেও মনে রাখতে পারেন-> Despondent = not respondent।

২৫৮. **Despot** মূল অর্থ- স্বৈরাচারী শাশক; যে দেশ শাশনের জন্য কারো কাছে জবাবদীহি করে না ।

Synonym: tyrant, dictator, absolute ruler. Antonym: democrat.

Mnemonic- ১. Despot কে ভেঙ্গে ফেলুন-> despot = on-de-spot (on the spot) ক্ষমতা লোভী স্বৈরশাসকরা on the spot অনেক মানুষ মেরে ফেলতে পারে।

২৫৯. **Destitute** মূল অর্থ- মাত্রাতিরিক্ত দরিদ্র; নিঃস্ব, পরিত্যাক্ত।

Synonym: penniless, impoverished, poverty-stricken. Antonym: rich.

Mnemonic- ১. Destitute শুনতে অনেকটা prostitute এর মত শোনা যায়। prostitute রা নিঃস্ব, দরিদ্র ও সমাজে পরিত্যাক্ত।

২৬০. **Desultory** মূল অর্থ- পরিকল্পনাহীন; ফলাফল কি হবে না জেনেই কাজ করা।

Synonym: casual, half-hearted, lukewarm. Antonym: keen.

Scanned by CamScanner

Mnemonic- ১. Desultory কে ভেঙ্গে ফেলুন-> Desultory = de + result , Result কেমন হবে না দেখেই যারা কাজ করে তারাই Desultory ।

২৬১. **Dialectical** মূল অর্থ- আলোচনা সম্পর্কিত; ন্যায়শাস্ত্রজনিত ।

Synonym: dialectic.

Mnemonic- ১. Dialectical = Di + electrical। di দ্বারা দুই বোঝানো হয় আর clect অর্থ নির্বাচন। সুতরাং এই Dialectical শব্দটি দ্বারা দুই পক্ষে একসাথে বসে কোনকিছু নির্ধারণ করার মত কিছুকে বোঝানো হয়। অর্থাৎ বোঝাই যাচ্ছে Dialectical এর অর্থ আলোচনা সম্পর্কিত কিছু একটা হবে। আর যে জিনিস দুই পক্ষ মিলে সিদ্ধান্ত নেওয়া হয় সেটা অবশ্যই নৈতিকদিক থেকে ঠিক থাকবে।

২৬২. **Dictum** মূল অর্থ- একটি ঘোষণা; কর্তিপক্ষ থেকে ঘোষণা; বানী; প্রবচন।

Synonym: saying, maxim, pronouncement, proclamation, direction.

Mnemonic- ১. Dictum কে Dioctator এর সাথে মিলিয়ে নিন। শুধু মনে রাখুন- Dioctator যা বলে সেটাই dictum হয়ে যায়।

২৬৩. **Didactic** মূল অর্থ- নীতিমূলক; উপদেশমূলক।

Synonym: instructive, instructional, educational, educative.

Mnemonic- ১. Didactic কে ভেঙ্গে ফেলুন-> Didactic = dida + actic, দীদা বা দাদী আমাদের যা যা করতে বলে তার সবকিছুই didactic বা নীতিমূলক ও উপদেশমূলক।

২৬৪. **Diffident** মূল অর্থ- আত্মবিশ্বাসহীন; ভীরু ।

Synonym: shy, bashful, modest.

Antonym: confident .

Mnemonic- ১. Diffident হলো confident এর ঠিক উল্টো। Diffident = di + confident, যার ভেতরে কোন confidence নাই বা আত্মবিশ্বাস নাই, সেই diffident।

২৬৫. **Digress** মূল অর্থ- মূল বিষয় থেকে সরে যাওয়া; অবান্তর ।

Synonym: deviate, go off at a tangent, diverge, turn aside, turn away. Mnemonic- ১. Digress = dig + grass , ঘাস খনন করা। একজনকে পাঠানো হয়েছে মাটি খনন জন্য, সে ভেবেছে তাকে ঘাস খনন করতে হবে। এখন ঘাস তো আর খনন করা যায় না। অর্থাৎ সে মুল বিষয় থেকে সরে এসেছে । আর dig + grass, মানে ঘাস খনন করার বিষয়টি একদম অবান্তর। ঘাস কি আর খনন করা যায় নাকি। শুধুমাত্র আপনাদের মনে রাখার জন্য এই অবান্তর চিন্তাভাবনা।

২৬৬. **Dilettante** মূল অর্থ- অপেশাদার ; অপটু ।

Synonym: dabbler, potterer, tinkerer.

Antonym: professional .

Scanned by CamScanner

যদি কেউ কোন কাজ করতে খুব সিরিয়াস থাকে কিন্তু তার সেই বিষয়ে পেশাদারী দক্ষতা না থাকে তখন তাকে Dilettante বলা হয়। বিশেষ করে শিল্পকলা বা সৃষ্টিশীল কিছুর ক্ষেত্রেই এই শব্দটি বেশি ব্যাবহার করা হয়।

Mnemonic- ১. Dilettante = De + lettante , আমরা মনে রাখার সুবিধার্থে lettant কে literacy এর সাথে তুলনা করে নেই। যদি কারো শিল্পকলা বা কোন বিষয়ে প্রচুর আগ্রহ থাকে কিন্তু তার সেই বিষয়ে বিশেষ কোন দক্ষনা না থাকে তবে তাকে বলা হয়- Dilettante ।

২৬৭. **Discern** মূল অর্থ- অন্তর্দৃষ্টি থাকা; পরিষ্কার বুঝতে পারা; আলাদা করতে পারা।

Synonym: perceive, make out, pick out, detect. Antonym: overlook, miss.

হীরা সম্পর্কে আপনার Discern আছে মানে আপনি হীরা কেমন হয় সেই বিষয়ে খুব ভাল জানেন। অনেকগুলো সাদা পাথর ধরিয়ে দিলে আপনি সেখান থেকে হীরাটি আলাদা করতে পারবেন। একজন লেখকের উপন্যাস দেখেই জীবন সম্পর্কে তার Discern ছিল কিনা সেটা বোঝা যায়।

Mnemonic- ১. Discern = concern । এই শব্দটিকে concern দিয়ে সহজেই মনে রাখা যায়। যে ব্যাক্তি যে বিষয়ে concern তার সেই বিষয়ে discern আছে।

২৬৮. **Discreet** মূল অর্থ- বিচক্ষণ, সুবিবেচক ।

Synonym: careful, circumspect, cautious. Antonym: indiscreet, rash.

Mnemonic- ১. Discreet কে discredit দিয়ে মনে রাখুন। মনে রাখুন- যেসব ব্যাক্তি Discreet অর্থাৎ সুবিবেচক তাদের কোন discredit অর্থাৎ দুর্নাম নাই।

২৬৯. **Discrete** মূল অর্থ- বিচ্ছিন্ন, আলাদা আলাদা ।

Synonym: separate, distinct, individual. Antonym: connected.

Mnemonic- ১. Discrete হল concrete এর উল্টো। কনক্রিট মানে জমাটবদ্ধ। আর ডিসক্রিট মানে বিচ্ছিন্ন, বা ছাড়া-ছাড়া । এখন অনেকে আবার চিন্তায় পরে যেতে পারেন যে এই concrete আবার মনে রাখব কিভাবে। সেটাও কোন সমস্যা না। কংক্রিট দিয়েই তো বাড়িঘর বানানো হয়। সেটাও শক্ত আর জমাটবদ্ধ। তাই মনে রাখাও সমস্যা না ।

২৭০. **Discriminate** মূল অর্থ- দুটি বা তার বেশি জিনিসের মধ্য পার্থক্য করা; আলাদা করা; পক্ষপাতমূলক আচরন করা।

Synonym: differentiate, distinguish, disfavor, victimize.

Mnemonic- ১. Discriminate = differentiate , Discriminate ও differentiate শব্দ দুটি শুনতে একই রকম। আর অর্থও এক। কিন্তু পার্থক্য হল- differentiate দিয়ে শুধু পার্থক্য করা বোঝায়। আর এই পার্থক্যটা সবসময় ভাল অর্থে ব্যাবহিত হয়। কিন্তু Discriminate দিয়ে বেশিরভাগ ক্ষেত্রেই পার্থক্যটা নেগেটিভ অর্থে ব্যাবহিত হয়। এক্ষেত্রে Discriminate এর অর্থ হয়ে দ্বারায় পক্ষপাতিত্ব করা।

২৭১. **Disdain** মূল অর্থ- অবজ্ঞা করা।

Scanned by CamScanner

Synonym: contempt, scorn, scornfulness. Antonym: admiration, respect.

Mnemonic- ১. Disdain এর শেষের অংশ শুনতে অনেকটা ড্রেইন এর মত লাগে। মানুষ যাকে অবজ্ঞা করে তাকে ড্রেইনের সাথে তুলনা করে। কাউকে ড্রেইনের সাথে তুলনা করা আর disdain করা একই কথা; এভাবে মনে রাখুন।

২৭২. **Disinterested** মূল অর্থ- অনিচ্ছুক; নির্লিপ্ত; নিরপেক্ষ।

Synonym: unbiased, unprejudiced, impartial. Antonym: biased.

Mnemonic- ১. Disinterested = Dis + interested , dis দিয়ে সাধারনত না বোঝানো হয়। আর interest মানে আগ্রহ। কোন বিষয়ে আগ্রহ না থাকাকে Disinterested বলা হয়।

২৭৩. **Disparage** মূল অর্থ- অবজ্ঞা করা; সাধারণত সরাসরি অবজ্ঞা না করে ইঙ্গিতে অবজ্ঞা করা বোঝাতে Disparage শব্দটি ব্যাবহিত হয়।

Synonym: belittle, denigrate, deprecate. Antonym: praise.

Mnemonic- ১. Disparage = dispa+ rage। এই শব্দটিকে rage বা র‍্যাগ দিয়ে মনে রাখুন। বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবার পর যখন জুনিয়রদের rage(র‍্যাগ) দেওয়া হয়, তখন তাদের বিভিন্ন কৌশলে অবজ্ঞা করা হয়। আর Disparage মানেও র‍্যাগ দেবার মতই; অবজ্ঞা করা।

২৭৪. **Disparate** মূল অর্থ- আলাদা; মিল নেই; অসম ।

Synonym: contrasting, different, differing. Antonym: homogeneous.

Mnemonic- ১. Disparet = Dis(This) is separate , separate দ্বারা আলাদা বোঝানো হয় । যদি কোন কিছু separate হয় হয় তাহলে বুঝতে হবে যে সেটা Disparate।

২৭৫. **Disseminate** মূল অর্থ- কোন কিছুর বীজ ছড়িয়ে দেওয়া; ছড়িয়ে ছিটিয়ে দেওয়া; বহুলোকের মধ্যে প্রচার করা।

Synonym: spread, circulate, distribute, disperse, diffuse, promulgate.

Mnemonic- ১. Disseminate = dis + seminate। seminate কে seminer এর সাথে তুলনা করে মনে রাখা সহজ। সেমিনারে সাধারনত একটি বিষয় নিয়ে আলোচনা করা হয়। আর সেমিনারে এত লোকের সামনে যে বিষয় নিয়ে আলোচনা করা হয় সেটা তো অবশ্যই ছড়িয়ে যায়।

২৭৬. **Dissipate** মূল অর্থ- ছড়িয়ে দেওয়া; উড়িয়ে দেওয়া, অপচয় করা।

Synonym: disappear, vanish, evaporate. Antonym: grow, develop.

Mnemonic- ১. Dissipate = dis + shipment। shipment করে এক দেশের জিনিস অন্য দেশে পাঠিয়ে দেওয়া হয়। এক দেশের জিনিস অন্য দেশে পাঠানো মানে ছড়িয়ে দেওয়া। তবে মনে রাখতে হবে Dissipate দ্বারা ছড়িয়ে দেওয়া মানে বিশেষভাবে অপচয় করা বোঝানো হচ্ছে।

Scanned by CamScanner

২৭৭. **Dissolution** মূল অর্থ- দ্রবণ; বিভিন্ন অংশে ভেঙ্গে পরা।

Synonym: cessation, conclusion, end, ending, finish.

লবণ যখন পানিতে মিশে যায়, তখন সেটা Dissolution হয়।

Mnemonic- ১. Dissolution = Dis + solution। Solution মানে দ্রবণ, Dissolution মানে দ্রবনে পরিনত করা। আর যখন কোনকিছু ভেঙ্গে পরে তখন সেটা যদি খুব ক্ষুদ্র ক্ষুদ্র অংশে ভাগ না হয় তাহলে সেটা দ্রবীভূত হওয়া সম্ভব না। অর্থাৎ Dissolution হওয়া বা বিভিন্ন অংশের ভেঙ্গে পরাটা solution তৈরি হবার একটা শর্ত।

২৭৮. **Distend** মূল অর্থ- ফোলানো; বিশাল আকারে প্রসারিত করা।

Synonym: swell, bloat, bulge. Antonym: shrink, contract.

Mnemonic ১. Distend = distance, শব্দ দুটির উচ্চারন প্রায় একই রকম। কোন কিছুর Distance বা দূরত্ব বৃদ্ধি করা মানে তাকে প্রসারিত করা বা ফোলানো।

২৭৯. **Distinguish** মূল অর্থ- আলাদা; পার্থক্য করা; আলাদা আলাদা বৈশিষ্ট্য সনাক্ত করা।

যেমন ভাল ও খারাপের মধ্যে distinguish করা।

Synonym: differentiate, tell apart, discriminate. Antonym: unremarkable.

Mnemonic- ১. Distinguish = distance + guess , দুটি জিনিসের মধ্যে disteance guess বা দূরত্ব আন্দাজ করাতে পারা। আর distinguish অর্থও দুটি জিনিসের মধ্যে পার্থক্য বুঝতে পারা, বা আলাদা আলাদা বৈশিষ্ট্য সনাক্ত করা।

২৮০. **Docile** মূল অর্থ- সহজে শেখানো যায়; সহজে বাগে আনা যায়; বাধ্য।

Synonym: compliant, obedient, pliant. Antonym: disobedient, willful.

Mnemonic- ১. Docile = domestic + child , যেসব বাচ্চারা domestic , বা ঘরে থাকতে পছন্দ করে, তারা docile বা বাধ্য। তাদের কোন কিছু সহজে শেখানো যায়।

২৮১. **Doctrinaire** মূল অর্থ- কোন একটি মতের প্রতি অন্ধ সমর্থন(এমনকি কোনটি বাস্তব সেটা বুঝতে না চাওয়া); উগ্র সমর্থন।

Synonym: dogmatic, rigid, inflexible. Antonym: secular .

Mnemonic- ১. Doctrinaire শব্দটি এসেছে Doctrine থেকে। Doctrine মানে অর্থ হল ধারনা বা মতবাদ। আর Doctrinaire হল সত্য মিথ্যা বিচার না করে কোন একটি doctrine বা ধারনার প্রতি উগ্র সমর্থন করা। মনে রাখার জন্য এটিকে Doctrinaire = doctor + goar. অর্থাৎ গোয়ার ডাক্তার, এভাবে মনে রাখতে পারেন।একটি ডাক্তারের কথা ভাবুন, যে চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে খুব উগ্র মনোভাব রাখে।

২৮২. **Dogmatic** মূল অর্থ- উগ্র মতবাদ; অন্ধ বিশ্বাসী।

Scanned by CamScanner

Synonym: opinionated, peremptory, assertive. Antonym: low-key, tentative.

Mnemonic- ১. Dogma মানে বিশ্বাস, যে ব্যাক্তি অন্ধভাবে বা উগ্রভাবে কোন একটি মতের প্রতি বিশ্বাসী সেই dogmatic। এরকম আরেকটি শব্দ হলো Pragmatic; অর্থ বাস্তববাদী। যে কোন অন্ধ বিশ্বাসের উপর আস্থা না রেখে Practical বা বাস্তবসম্মত চিন্তা করে সে Pragmatic।

২৮৩. **Domestic** মূল অর্থ- আবাস বা গৃহস্থালি সম্পর্কিত; গৃহপালিত; স্বদেশী। Domestic প্রাণী মানে গৃহপালিত প্রাণী, Domestic মানুষ মানে দেশের মানুষ Domestic technology মানে দেশিয় প্রযুক্তি।

Synonym: family, home, private. Antonym: foreign.

Mnemonic- ১. Dome বলতে আজকাল গম্বুজ বোঝালেও(তবে এটা দ্বারা মাঝে মাঝে বিল্ডিং ও বোঝানো হয়) একসময় ডোম বলতে ঘর বোঝাতো। সেই প্রাচীনকালে মেসোপটেমিয় সভ্যতার মানুষরা গোলাকার এক ধরনের ঘর বানিয়ে থাকত। সেটা দেখতে আজকের দিনের গম্বুজের মত। dome এর আদি অর্থ বাড়ি। আর বাড়ি সংক্রান্ত সবকিছুকে domestic বলা হয়।

২৮৪. **Dormant** মূল অর্থ- সুপ্ত ; ঘুমন্ত।

Synonym: asleep, sleeping, slumbering. Antonym: awake, active.

আমরা সবাই সুপ্ত বা ঘুমন্ত আগ্নেয়গিরির কথা শুনেছি। যে আগ্নেয়গিরি এককালে অগ্নুৎপাত করত এখন আর করে না, কিন্তু যেকোনো সময় আবার অগ্নুৎপাত শুরু করতে পারে এমন আগ্নেয়গিরিকে বলা হয় সুপ্ত আগ্নেয়গিরি। Dormant অর্থও তেমনি। বর্তমানে যা inactive অবস্থায় আছে কিন্তু যেকোনো মুহূর্তে আবার active হতে পারে।

Mnemonic- ১. Dormant = Door + mant , door বা দরজা বন্ধ করে মানুষ কি করে ? ঘুমাতে যায়। আর dormant মানেও ঘুমন্ত, বা সুপ্ত।

২৮৫. **Dubious** মূল অর্থ- সন্দেহপূর্ন; অনিশ্চিত।

Synonym: doubtful, uncertain, unsure. Antonym: certain, definite.

Mnemonic- ১. Dubious হোল obious এর ঠিক উল্টো। আমরা কথা বলার সময় মাঝে মাঝেই বলি- oibiously। Obious দ্বারা অবশ্যই বা নিশ্চয়তা বোঝায়। আর dubious দ্বারা অনিশ্চায়তা ও সন্দেহ বোঝায়। doubt/ডাউট মানে সন্দেহ। doubt থেকেই dubious শব্দটি এসেছে।

২৮৬. **Duplicity** মূল অর্থ- প্রতারনা; এক মুখে দুই কথা।

Synonym: deceitfulness, deceit, deception. Antonym: honesty.

Mnemonic- ১. Duplicity শব্দটি duplicate থেকে এসেছে। duplicate মানে নকল করা। আমরা অনেক সময় তালার চাবি duplicate করি। অর্থাৎ একটার মত করে আরেকটি তৈরি করি। আবার অনেক সময় বলি এই জিনিসটা duplicate বা নকল। কেউ যদি কারো সাথে duplicity করে তাহলে বুঝতে হবে সে প্রতারনা করেছে। এক জিনিস দেবার কথা বলে তেমন দেখতে অন্য জিনিস দিয়েছে। এক কথা দিয়েছিল এখন অন্য কথা বলছে।

Scanned by CamScanner

২৮৭. **Ebullient** মূল অর্থ- সেদ্ধ হওয়া; সেদ্ধ হয়ে আন্দোলন ও বুদবুদ তরি করা; অতিউৎসাহী।

Synonym: exuberant, buoyant, cheerful, joyful. Antonym: depressed.

Mnemonic- ১. Ebullient = boiling + excitement, পানি যখন সেদ্ধ হয় তখন আন্দোলন ও বুদবুদ সৃষ্টি করে। Ebullient শব্দটি পানির মত বস্তুর ক্ষেত্রে ব্যাবহিত হবার পাশাপাশি মানুষের উত্তেজনা বোঝাতেও ব্যাবহিত হয়। যেমন- নতুন গাড়ি পেয়ে ছেলেটি ebullient হয়ে গেল।

২৮৮. **Eccentric** মূল অর্থ- গতানুগতিক নয়; পাগলাটে।

Synonym: unconventional, uncommon , oddity, unorthodox person.

Mnemonic- ১. Ecentric = ec(x) + centric, ধরে নেই এক্স মানে অদ্ভুত, আর centric মানে কেন্দ্রিক। অদ্ভুত বিষয়কে কেন্দ্র করে গোরে ওঠা কোন কিছুই গতানুগতিক হবে না। একটু আলাদা বা পাগলাটে হবে।

২৮৯. **Eclectic** মূল অর্থ- নির্বাচিত; অনেকগুলোর ভেতর থেকে একটি বেছে নেওয়া।

Synonym: wide-ranging, wide, broad. Antonym: narrow, dogmatic.

Mnemonic- ১. Election --> Eclectic, আমরা সবাই ইলেকশন বা নির্বাচন শব্দটির সাথে পরিচিত। elect করা মানে নির্বাচন করা বা অনেকগুলো থেকে যেকোনো একটা বেছে নেওয়া । আর আর ইলেকটিক মানে নির্বাচিত , অর্থাৎ অনেকগুলোর ভেতর থেকে ইচ্ছেমত বেছে নেওয়া হয়েছে।

২৯০. **Edify** মূল অর্থ- আলোকিত করা; দিকনির্দেশনা দেওয়া (বিশেষ করে নৈতিক বিষয়ে)।

Synonym: educate, instruct, teach, school, tutor, coach, train, guide.

Mnemonic- ১. Edit->edify , এডিট করা মানে পরিবর্তন করা, আর edify মানেও পরিবর্তন করা। তবে এক্ষেত্রে মানুষের নৈতিক দিক পরিবর্তন করে তাকে আলকিত পথে নিয়ে যাওয়া।

২৯১. **Efface** মূল অর্থ- মুছে ফেলা ; কোন কিছুর বৈশিষ্ট্য নাই করে ফেলা ফেলা।

Synonym: dim, hide, slur, withdraw. Antonym: focus.

Mnemonic- ১. Efface = erase , efface ও erase শুনতে অনেকটা একইরকম । আর এই দুটি শব্দের অর্থও একই। আমরা ইরেজার দিয়ে পেনসিলের লেখা মুছে ফেলি। ইরেজার দিয়ে erase মনে রাখুন, আর erase দিয়ে efface মনে রাখুন ।

২৯২. **Effusion** মূল অর্থ- ঝোঁক, অতি আবেগ; ভাবোচ্ছ্বাস; ঢালাও অগ্রগমন।

Synonym: outflow, outpouring, outflowing ,outburst, outpouring.

Mnemonic- ১. Effusion আর diffusion শুনতে এক রকম কিন্তু অর্থ বিপরীত। আমরা সবাই diffusion বা ব্যাপন পক্রিয়ার সাথে পরিচিত। একটি গ্যাসের শিশি যখন ঘরের মধ্যে খুলে ফেলা হয় তখন তা ব্যাপন প্রক্রিয়ায় ধিরে-ধিরে সারা ঘরে ছড়িয়ে পরে। diffusion বা ব্যাপনে সবকিছু ধিরে ছড়িয়ে পরে। আর effusion সবকিছু

Scanned by CamScanner

অনেক দ্রুত ও ঝোঁকের বসে একসাথে হওয়াকে বোঝানো হয়। যেমন- যখন একটি শিশু কুয়ার মধ্যে পরে যাবার খবর ছড়িয়ে পরে, তখন মানুষের effusion দেখা যায়, অর্থাৎ খুব কম সময়ের মধ্যে প্রচুর মানুষ একসাথে হয়(অবশ্যই ঝোঁকের বসে)।

২৯৩. **Egalitarian** মূল অর্থ- সামাজিক ও অর্থনৈতিকভাবে সব মানুষের সমান অধিকারে বিশ্বাসী।

Synonym: equalitarian, moralist. Antonym: elitist.

Mnemonic- ১. Egalitarian কে Eagle দিয়ে মনে রাখা যায়। Eagle অ্যামেরিকার জাতীয় প্রতিক। এই প্রতিক দ্বারা সাম্য বা সমান অধিকারের কথা বোঝানো হয়। আর Eaglitarian দ্বারাও সমাণ অধিকার বোঝানো হয়।

২৯৪. **Egocentric** মূল অর্থ- আত্মকেন্দ্রিক; স্বার্থপর।

Synonym: selfish, egoistic, self-centered. Antonym: altruistic, unselfish.

Mnemonic- ১. Ego + centric= egocentric, ego অর্থ অহম বা আমিত্ব। কে ব্যাক্তির চিন্তা আমিত্ব কেন্দ্রিক(centric) তাকেই egocentric বলা হয়। আর আত্মকেন্দ্রিক মানুষ সবসময়ই স্বার্থপর হয়।

২৯৫. **Egregious** মূল অর্থ- মারাত্মক খারাপ ; খুব বাজে ।

Synonym:gross, flagrant, rank. Antonym: inconspicuous.

Worse থেকেও খারাপ বোঝানর জন্য egregious শব্দটি ব্যাবহিত হয় ।

Mnemonic- ১. Egregous = aggressive , egregious শব্দটিকে aggressive দিয়ে মনে রাখতে পারেন। aggressive মানুষ বেশিরভাগসময়ই egregious হয় বা মারাত্মক খারাপ ।

২৯৬. **Elicit** মূল অর্থ- টেনে বের করা; প্রকাশ করা।

Synonym: ignite, stir up, overwhelm. Antonym: bore.

Mnemonic- ১. শুধু মনে রাখুন-> Elicit = Sit থেকে টেনে বের করা।

২৯৭. **Elliptical** মূল অর্থ- উপবৃত্তাকার ; ডিম্বাকার ; শব্দ উহ্য আছে এমন কথা; ঝাপসা।

Synonym: terse, concise, succinct, oval, egg-shaped. Antonym: clear, direct.

Mnemonic- ১. Eliptical বলতে oval বা ডিম্বাকার বোঝানো হয়। যা বৃত্তাকার না কিন্তু বৃত্তের মত সেটাই elliptical । ডিম ঠিক গোল না কিন্তু গোলের কাছাকাছি। আর elliptical কথা দ্বারা এমন কথা বোঝায় যার মধ্যে শব্দ মিস আছে। অর্থাৎ সম্পূর্ণ বাক্য না (ঠিক যেমন সম্পূর্ণ গোল না)। আর এমন কথা ঝাপসা অর্থ বহন করে।

২৯৮. **Elusive** মূল অর্থ- সহজে বর্ণনা করা যায় না এমন; অধরা।

Synonym: unidentifiable. Antonym: identifiable.

Mnemonic- ১. Elusive = Illusion , ইল্যুসিভ শুনতে ইল্যুসণ এর কাছাকাছি। illusion মানে বিভ্রম। বিভ্রম সহজে সঠিকভাবে বর্ণনা করা যায় না। আর elusive অর্থও যা সহজে বর্ণনা করা যায় না।

Scanned by CamScanner

২৯৯. **Emigrate** মূল অর্থ- এক দেশ ত্যাগ করে অন্য দেশে বাস করা।

Synonym: migrate; relocate, resettle. Antonym: immigrate.

Mnemonic- ১. Migrate = emigrate , মাইগ্রেট করা মানে এক স্থান থেকে অন্য স্থানে যাওয়া, আর emigrate মানে এক দেশ থেকে অন্য দেশে যাওয়া। এখানে মনে রাখা দরকার- emigrate মানে এই দেশ থেকে অন্য দেশে যাওয়া, আর immigrate মানে অন্য দেশ থেকে এই দেশে আসা।

৩০০. **Eminent** মূল অর্থ- পরিচিত ও সম্মানিত ব্যাক্তি; মহান ।

Synonym: illustrious, distinguished, renowned. Antonym: unimportant.

Mnemonic - ১. যাকে দেখলে imidiately সালাম দিতে হয়, সেই ব্যাক্তি হল- eminent বা পরিচিত ও সম্মানিত ব্যাক্তি।

৩০১. **Empirical** মূল অর্থ- পরীক্ষামূলক, পর্যবেক্ষণনির্ভর ।

Synonym: observed, seen, factual. Antonym: theoretical.

Mnemonic- ১. Empirical = Experimental , এই শব্দটি অর্থ আর experimentat শব্দটির অথ এক। দুটোর অর্থই পরীক্ষামূলক (শুধু ব্যাবহারিক নয়)। আর শুন্তেও অনেকটা কাছাকাছি।

৩০২. **Emulate** মূল অর্থ- অনুকরণ করা; সমান হতে চেস্টা করা।

Synonym: imitate, copy, simulate.

Mnemonic- ১. Emulate = Emu + late। ভেবে নিন- একটি ইমু পাখি তার দল থেকে লেট বা দেরি করে ফেলেছে । এখন সে সবার সমান হবার জন্য প্রনান্ত চেস্টা করছে। অর্থাৎ সে emulate করছে।

৩০৩. **Encroach** মূল অর্থ- অনধিকার প্রবেশ করা; সীমা লঙ্ঘন করা ।

Synonym: intrude, trespass, impinge. Antonym: recede.

Mnemonic- ১. ভেঙ্গে ফুলুন-> Encroach = en(in) + coross । অর্থাৎ প্রবেশ করল ও সীমা লঙ্ঘন করল। আর encroach মানেও - অনধিকার প্রবেশ করা বা সীমা লঙ্ঘন করা।

৩০৪. **Endemic** মূল অর্থ- স্থানীয়; একটি নির্দিষ্ট এলাকার মধ্যে সীমাবদ্ধ।

Synonym: Local. Antonym: cosmopolitan.

যেমন- রয়েল বেঙ্গল টাইগার এই অঞ্চলের endemic প্রাণী। এই কথার অর্থ হল- রয়েল বেঙ্গল টাইগার এই অঞ্চলের বাইরে পৃথিবীর কোথাও পাওয়া যায় না।

Mnemonic- ১. Endemic = En + Dim + ic , এখানে যে প্রাণী ডিম দেয়, সেই এই এলাকার এন্ডেমিক/ endemic। Endemic= End + emic , এই এলাকার বাইরে গেলেই যার এন্ড বা শেষ।

Scanned by CamScanner

৩০৫. **Enervate** মূল অর্থ- মানসিকভাবে ও নৈতিকভাবে দুর্বল করা।

Synonym: exhaust, tire, fatigue, weary. Antonym: invigorate.

Mnemonic- ১. Enervate = e + nerve + ate , অর্থাৎ nerve বা স্নায়ুর ক্ষতিসাধন করা। আর nerve খতিগ্রস্থ হলে তো মানসিকভাবে দুর্বল হবেই ।

৩০৬. **Enfranchise** মূল অর্থ- বিশেষ নাগরিক অধিকার দেওয়া; ভোটাধিকার দেওয়া; স্বাধীনতা দেওয়া।

Synonym: grant, emancipate, liberate, free. Antonym: disenfranchise, enslave.

Mnemonic- ১. Enfranchise = en + france + ise, অর্থাৎ ফ্রান্সের ভেতর নিয়ে নেওয়া। ফ্রান্সের ভেতর নিয়ে নেবার পর অবশ্যই তাকে ভোটাধিকার দিতে হবে। Enfranchise মানে ভোটাধিকার দেওয়া আর disfranchise মানে কারো ভোটাধিকার কেরে নেওয়া।

৩০৭. **Engender** মূল অর্থ- জন্ম দেওয়া; সৃষ্টি করা।

Synonym: cause, produce, create, generate.

Mnemonic- ১. Engender = en + gender , অর্থাৎ একটি লিঙ্গ তৈরি করা। আর সেটা করতে গেলে তো একজনকে জন্ম দিতেই হবে।

৩০৮. **Enigma** মূল অর্থ- প্রহেলিকা; হেয়ালি; ধাঁধা ।

Synonym: mystery, puzzle, riddle, conundrum, paradox.

Mnemonic- ১. আমরা অনেকেই enigma গান শুনেছি। enigma গানগুলো জটিল, অনেকটা ধাধার মত। আর Enigma মানেও ধাঁধা বা প্রহেলিকা ।

৩০৯. **Enormity** মূল অর্থ- মারাত্মক খারাপ; বিভৎস অপরাধ ।

Synonym: wickedness, evilness immensity, vastness. Antonym: goodness.

Mnemonic- ১. Enormity = no normity , অর্থাৎ যার মধ্যে একটুও স্বাভাবিকতা নেই। আর যার মধ্যে কোন স্বাভাবিকতা নেই সে মারাত্মক খারাপ হবার সম্ভাবনা অনেক বেশি।

৩১০. **Ephemeral** মূল অর্থ- ক্ষণজীবী; যা খুব কম সময় ধরে বেচে থাকে।

Synonym: transitory, transient, fleeting. Antonym: long-lived, permanent.

এই শব্দটি একটি গ্রিক শব্দ থেকে এসেছে। যার অর্থ- "যা এক দিন বাচে"। মূল গ্রীক শব্দটি ইংরেজি শব্দে ঢুকে অর্থ পরিবর্তিত হয়ে এখন হয়েছে- "যা খুব অল্পসময় বাঁচে"।

Mnemonic- ১. Ephemeral= E + funeral , এই Funeral শব্দের অর্থ অন্ত্যেষ্টিক্রিয়া। যখন মানুষ মারা যায় তখন অন্ত্যোষ্টিক্রিয়া করা হয়। এই শব্দটি যেহেতু মৃত্যুর সাথে সম্পর্কিত তাই বুঝতে হবে এটি দ্বারা খুব কম সময় বাচাকে বোঝায়।

Scanned by CamScanner

৩১১. **Epigram** মূল অর্থ- ক্ষুদ্র জ্ঞানগর্ভ ও ব্যাঙ্গ কবিতা।

Synonym: quip, witticism, gem, play on words, jest, pun, sally.

এপিগ্রামগুলোতে সাধারণত এমন কিছু কথা লেখা থাকে যেগুলো দৈনন্দিন জীবনে মেনে চলা ভাল। তবে সেগুলো মনে রাখার জন্য একটু রস মিশিয়ে দেওয়া হয়।

Epigram এর মত আরও কিছু শব্দ আছে- যেমন- Epigraph - বইয়ের প্রথমে লেখা ক্ষুদ্র কবিতা বা বানী। Epitaph- কবরের উপর লেখা বানী। Ephithet - কোন ব্যাক্তি বা বস্তুর বৈশিষ্ট্য বোঝানোর জন্য ব্যাবহিত শব্দ ।

Mnemonic- ১. Epigram কে টেলিগ্রাম দিয়ে মনে রাখা সহজ। টেলিগ্রামে সাধারণত খুব ক্ষুদ্র একটি বার্তা থাকে। ২. Epigram = epic + gram , epic মানে মহাকাব্য। মহাকাব্যের কাহিনির মধ্যে সাধারনত অনেক ছোট ছোট জ্ঞানের কথা বা উপদেশ থাকে। আর Epigram মানে ছোট কোন কবিতার মাধ্যমে জ্ঞানের কথা থাকা।

৩১২. **Epitome** মূল অর্থ- কোন কিছুর সারসংক্ষেপ; কোন কিছুর আদর্শ উদাহরণ।

Synonym: summary, abstract, synopsis, personification.

Mnemonic- ১. Epitome = epic Tomb , অর্থাৎ মহাকাব্যিক কবরফলক। ভাবছেন মহাকাব্যিক কবরফলক হয় নাকি ? হয়, যেমন- তাজমহল । তাজমহলকে নিঃসন্দেহে এপিক কবরফলক বলা যেতে পারে। আর এটি অবশ্যই কাব্যিক কবরফলকের আদর্শ উদাহরণ। epitome মানেও কোন কিছুর আদর্শ উদাহরণ। এর আরেকটি অর্থ হল সারসংক্ষেপ।তাজমহলের বিশালতা দেখে সহজেই নির্মাতার তার স্ত্রীর (মমতাজের প্রতি শাহজাহানের) ভালবাসা সম্পর্কে সংক্ষেপেই আন্দাজ করা যায়।

৩১৩. **Equanimity** মূল অর্থ- ধৈর্য ; মনের স্থিরতা ।

Synonym: composure, calmness, calm. Antonym: anxiety.

Mnemonic- ১. Equanimity = equal + enmity । enemy বা শত্রুকে শত্রু না ভেবে equal/সমান চোখে দেখার নামই equanimity বা ধৈর্য ।

৩১৪. **Equivocal** মূল অর্থ- দুই ধরনের অর্থ বোঝায় এমন(ইচ্ছে করে); অস্পষ্ট।

Synonym: ambiguous, indefinite, vague. Antonym: unequivocal, definite.

এখানে মনে রাখা দরকার- ambiguous অর্থও অস্পষ্ট বা দুই ধরনের অর্থবোঝায় এমন। কিন্তু যদি কেউ ইচ্ছে করেই কনফিউজ করার জন্য অস্পষ্ট ধরনের কথা বলে তবে সেই কথাকে Equivocal বলা হবে।

Mnemonic- ১. Equivocal = equal + vocal , অর্থাৎ সমান কণ্ঠস্বর। যে হ্যাঁ এবং না দুটোই সমানভাবে বলে তার কথা থেকে স্পষ্ট কিছু বোঝা যায় না। তার মানে যে equivoval তার কথা অস্পষ্ট।

৩১৫. **Equitable** মূল অর্থ- ন্যায়সঙ্গত ।

Synonym: fair, just; impartial. Antonym: inequitable, unfair.

Scanned by CamScanner

Mnemonic- ১. Equitable = equal + table , মনে করুন কেউ একজন কোন কিছু দুইজনের মধ্যে ভাগ করে দিচ্ছে। লোকটি যদি দুই টেবিলেই equal অর্থাৎ সমান করে দেয় তবে তা quitable বা ন্যায়সঙ্গত হবে।

৩১৬. **Erudite** মূল অর্থ- মেধাবী; গভীর জ্ঞানসম্পন্ন ।

Synonym: learned, scholarly, well educated. Antonym: ignorant.

Mnemonic- ১. এই শব্দটি মূলত ল্যাটিন ভাষা থেকে এসেছে। rudis মানে যার কোন জ্ঞান নেই। rudis মানুষ যখন জ্ঞান বা দক্ষতা লাভ করে তখন সে erudite বা জ্ঞানী হয়ে যায়।

৩১৭. **Esoteric** মূল অর্থ- দুর্বোধ্য; খুব কম সংখক লোক বুঝতে পারে এমন।

Synonym: abstruse, obscure, arcane. Antonym: simple, familiar.

Mnemonic- ১. Esoteric শুনতে অনেকটা historic এর মত। অনেক প্রাচীন/historic কোন লিপি বা কোন প্রতীক দুর্বোধ হয়। খুব কম সংখ্যক লোকই তা বুঝতে পারে। মনে রাখতে হবে historic লিপি মানে Esoteric লিপি।

৩১৮. **Espouse** মূল অর্থ- সমর্থন দেওয়া; সাফাই গাওয়া।

Synonym: adopt, embrace, take up. Antonym: reject, oppose.

Mnemonic- ১. Espouse = e + spouse। বেশিরভাগ স্বামীই তার spouse অর্থাৎ স্ত্রী'কে Espouse করে বা সমর্থন করে/সাফাই গায়/গুণগান করে। আর Espouse অর্থ ঠিক তাই।

৩১৯. **Ethereal** মূল অর্থ- আকাশের; বায়বীয়; স্বর্গীয়।

Synonym: celestial, heavenly, spiritual. Antonym: earthly.

Mnemonic ১. Ethereal শব্দটি Ether থেকে এসেছে। Ether শব্দটির সাথে আমরা প্রায় সবাই পরিচিত। ether শব্দটি দ্বারা বিজ্ঞানীরা একসময় একটি অদৃশ্য মধ্যমকে বোঝাতেন। আর প্রাচীনকাল অ্যারিস্টটলের মত গ্রিক দার্শনিকরা বলতেন যে পৃথিবীর সবকিছু তৈরি আগুন, পানি , মাটি ও বাতাস দিয়ে। আর স্বর্গের সবকিছু তৈরি Ether দিয়ে। অর্থাৎ Ether দিয়ে সবসময়ের আকাশের বস্তুদের বোঝানো হত। Ethereal মানে হল আকাশের বা বায়োবীয়।

৩২০. **Euphemism** মূল অর্থ- কোন খারাপ জিনিসকে একটু সুন্দর শব্দ ব্যাবহার করে সেটাকে অধিকতর গ্রহণযোগ্য করে তোলা।

Synonym: polite term, substitute, mild alternative. Antonym: dysphemism.

Mnemonic ১. Euphemism শুনতে অনেকটা Feminine + ism এর মত। Feminine মানে নারী সংক্রান্ত । নারীরা পুরুষদের থেকে ভাল ও সুন্দর শব্দ ও এক্সপ্রেশন ব্যাবহার করে নিজেদের অধিক গ্রহণযোগ্য করতে পারে। আর Euphemism অর্থও ঠিক তাই।

৩২০. **Evanescent** মূল অর্থ- অদৃশ্য হয়ে যাচ্ছে এমন।

Scanned by CamScanner

Synonym: vanishing, fading, evaporating. Antonym: unlimited, permanent.

Mnemonic- ১. Evanescent শব্দটি এসেছে মূলত vanish থেকে। vanish করা মানে অদৃশ্য করে ফেলা। আর Evanescent মানে vasnish বা অদৃশ্য হয়ে যাচ্ছে এমন।

৩২১. **Exacerbate** মূল অর্থ- অধিকতর খারাপ করে ফেলা।

Synonym: aggravate, make worse, worsen. Antonym: calm, reduce.

Mnemonic- ১. Exacerbate = make excessive bitter । bitter মানে তিক্ত। Exacerbate মানে excessive বা অধিকতর bitter/তিক্ত বা খারাপ করে ফেলা।

৩২২. **Exacting** মূল অর্থ- ছিদ্রান্বেষী, কঠিন।

Synonym: demanding, hard, tough. Antonym: easy.

একজন Exacting শিক্ষক যখন খাতা দেখেন তখন বুঝতে হবে যে খুব সামান্য কারনেও তিনি অনেক নাম্বার কাটেন।

Mnemonic- ১. Exacting = Exact thing। যে সবকিছুই Exact বা একদম সঠিক আশা করে, আর সেটা না হলেই ভুল ধরে তাকেই Exacting/ছিদ্রান্বেষী মানুষ বলা হয়।

৩২৩. **Exalt** মূল অর্থ- উপরে উঠানো; প্রশংশা করা।

Synonym: glorify, extol, praise. Antonym: disparage, despise.

Mnemonic- ১. Exalt = extra altitude। altitude শব্দের অর্থ উচ্চতা। মনে রাখতে হবে যে- প্রশংসা করে কাউকে অতিরিক্ত উচ্চতায় উঠানোকেই বলা হয় Exalt করা ।

৩২৪. **Exasperate** মূল অর্থ- ক্রমাগত বিরক্ত করে যাওয়া; মারাত্মক রাগিয়ে তোলা।

Synonym: infuriate, incense, anger. Antonym: please, delight.

Mnemonic- ১. Exasperate = excess + parade , অতিরিক্ত প্যারেড(সামরিক প্রদর্শনী)। ধরুন আপনার বাসার কাছে যদি প্রতিদিন প্যারেড চলতে থাকে তবে সেটা বিরক্তির কারন হয়ে দাঁড়াবে। আর Exasperate অর্থও- ক্রমাগত বিরক্ত করে যাওয়া।

৩২৫. **Exemplify** মূল অর্থ- উদাহরণ দ্বারা ব্যাখ্যা করা।

Synonym: typify, epitomize, illustrate.

Mnemonic১. Exemplify শব্দটি Example থেকে এসেছে। কোন কিছু Example বা উদাহরণ দ্বারা ব্যাখ্যা করার নামই Examplify করা।

৩২৬. **Exhaustive** মূল অর্থ- বিস্তারিতভাবে; সামগ্রিক; সঠিক।

Synonym: comprehensive, all-inclusive, complete. Antonym: perfunctory.

Scanned by CamScanner

যদি কোন বিষয়ে Exhaustive স্টাডি করা হয় তাহলে বুঝতে হবে এই বিষয়ে অনেক বিস্তারিতভাবে পড়াশুনা করা হয়েছে।

Mnemonic- ১. শুধু মনে রাখুন-> Exhaustive Study = excessive study।

৩২৭ **Exhort** মূল অর্থ- উৎসাহিত করা; ভাল কিছু করার জন্য প্রেরনা দেওয়া।

Synonym: urge, encourage, call on, enjoin. Antonym: discourage.

Mnemonic- ১. Exhort কে escort দিয়ে সহজেই মনে রাখা যায়। তবে কাউকে উৎসাহিত করার জন্য escort এর প্রলোভন দিলে কাজে আসবে নিশ্চিত। তবে এটা না করাই ভাল।

৩২৮. **Exigency** মূল অর্থ- জরুরী অবস্থা।

Synonym: urgency, emergency, need, demand.

Mnemonic- ১. Exigency কে Emergency দিয়ে সহজেই মনে রাখা যায়। দুটি শব্দ শুনতেও একইরকম আর অর্থও এক।

৩২৯. **Existential** মূল অর্থ- অস্তিত্ব সংক্রান্ত।

Synonym: experiential, empiric, empirical. Antonym: theoretical.

এই শব্দটির অর্থ অনেক ব্যাপক। তবে সংক্ষেপে বললে এই শব্দটি দ্বারা বোঝানো হয় – " মানুষের অস্তিত্ব ও কৃতকর্মের জন্য মানুষ নিজেই দায়ী"

Mnemonic- ১. আমরা অনেক সময় বলি ভুত বলে কোন কিছুই Exist করে না। অর্থাৎ ভুত বলে কিছুর অস্তিত্ব নেই। Exist মানে থাকা, বা অস্তিত্ব থাকা। আর Existential মানে অস্তিত্ব সংক্রান্ত।

৩৩০. **Exonerate** মূল অর্থ- দোষ থেকে সম্পূর্ণ মুক্তি দেওয়া।

Synonym: exculpate, acquit, vindicate. Antonym: convict.

Mnemonic- ১. Exonerate = Ex + oner(honor) + ate । Ex honor বা পুরনো সম্মান ফিরিয়ে দেওয়া। কাউকে দোষ থেকে সম্পূর্ণ মুক্তি দেওয়া মানে তাকে পুরনো সম্মান ফিরিয়ে দেওয়া। আর Exonerate মানে হলো দোষ থেকে মুক্তি দেওয়া।

৩৩১. **Expatriate** মূল অর্থ- নির্বাসনে দেওয়া; নিজের দেশ ছেড়ে অন্য দেশে পাঠিয়ে দেওয়া।

Synonym: expel, exile, deport. Antonym: repatriate.

Mnemonic- ১. Expatriate = Ex patriot বা প্রাক্তন দেশপ্রেমিক। যদি কোন নাগরিককে নির্বাসনে দেওয়া হয় তবে তার আর দেশের প্রতি ভালোবাসা থাকবে না। ফলে সে একসময় দেশপ্রেমিক থাকলেও Expatriate/নির্বাসনে দেবার পর সে প্রাক্তন দেশ প্রেমিক হয়ে যাবে।

৩৩২. **Expedient** মূল অর্থ- সুবিধা দেওয়া; নিজের আগ্রহে কোন কাজ করা; ব্যবহারিক।

Scanned by CamScanner

Synonym: carpetbag, carpetbagging, useful. Antonym: disadvantageous.

Mnemonic- ১. expedient = expert + obedient । Expedient বলতে নিজের আগ্রহে কোন কাজ করা বা করে দেওয়াকে বোঝায়। কেউ যদি expert + obedient হয় তবেই সেটা সম্ভব। কারন কেউ যদি expert না হয় তবে তো সে কাজটি করতেই পারবে না, আর যদি সে কাজটি পার কিন্তু obedient টাইপের না হয় তবে পারলেও সেটা করবে না। তাহলে expedient মানে expert + obedient।

৩৩৩. **Expedite** মূল অর্থ- গতি বৃদ্ধি করা; সহজ/আরাম করে দেওয়া।

Synonym: aid, assist, hasten, help, action, process, sue, litigate .

Mnemonic- ১. Expedite = Xp dite(এক্সপি দিতে) , আমাদের কম্পিউটার স্লো হয়ে গেলে আমাদের উইন্ডোস এক্সপি দিতে হয়। আর দেওয়া হয়ে গেলে কম্পিউটারের গতি বেড়ে যায়, আর ব্যাবহার করেও আরাম পাওয়া যায়।মনে রাখুন- Xp দিলে পিসি Expedite হয়।

৩৩৪. **Explicit** মূল অর্থ- স্পষ্ট ও সরাসরি প্রকাশিত।

Synonym: unambiguous, declared, express. Antonym: equivocal, covert.

Mnemonic- ১. Explicit কে ভেঙ্গে ফেলুন-> Explicit = Explore + slit। slit মানে ছিদ্র। ছিদ্র দিয়ে explore/উন্মোচন করা মানে Explicit করা। অর্থাৎ স্পষ্ট ও সরাসরি প্রকাশ করা।

৩৩৫. **Extol** মূল অর্থ- উচ্চ প্রশংসা করা।

Synonym: hymn, canonise, glorify, canonize. Antonym: criticize.

Mnemonic- ১. Extol = Extra tall।এখানে মনে রাখার সুবিধার্থে ধরে নিতে হবে যে এই Tall দিয়ে আসলে লম্বা না বুঝিয়ে প্রশংসা করা বোঝানো হচ্ছে। আর এছাড়াও Exult ও Extol একই রকম শুনতে, আর অর্থও এক। এই দুটি শব্দকে একসাথেই মনে রাখা যায়।

৩৩৬. **Extraneous** মূল অর্থ- অপ্রয়োজনীয়; অতিরিক্ত; প্রয়োজন বহির্ভূত।

Synonym: impertinent, orthogonal, irrelevant. Antonym: relevant.

Mnemonic- ১. Extraneous কে ভেঙ্গে ফেলুন-> Extraneous = Extra + neo । Extra = অতিরিক্ত , neo = নতুন, নতুন করে অতিরিক্ত কিছু যোগ করাটা অপ্রয়োজনীয়।

৩৩৭. **Extrapolate** মূল অর্থ- আগের পরিচিত কোন কিছুর থেকে জেনে নেওয়া।

Synonym: derive, deduct, deduce, infer.

Mnemonic- ১. Extrapolate = Existing population। আমরা যদি Existing population বা পূর্বের পরিচিত ব্যাক্তির কাছ থেকে কিছু জেনে নেই তবে সেটাকে Extrapolate বলব।

৩৩৮. **Extricate** মূল অর্থ- জটিলতা থেকে মুক্তি দেওয়া।

Scanned by CamScanner

Synonym: disengage, disentangle, free. Antonym: obstruct.

Mnemonic- ১. Extricate = Exit Ticket , অর্থাৎ বাইরে বের হবার টিকেট। বাইরে বের হবার টিকেট দেওয়া মানে Extricate বা জটিলতা থেকে মুক্তি দেওয়া।

৩৩৯. **Extrovert** মূল অর্থ- এমন একজন মানুষ যে নিজের থেকে অন্যদের ব্যাপারে বেশি আগ্রহী; খোলা ও বহির্গামী।

Synonym: outgoing, hail-fellow-well-met, extroverted. Antonym: ambiversive.

Mnemonic- ১. Extrovert = Extro + convert। যেসব মানুষের চিন্তাভাবনা নিজের দিকে না থেকে আটোমেটিক অন্যদের দিকে convert হয়ে যায়, তারা Extrovert। যেসব মানুষ শুধু নিজের ভাবনার মধ্যেই সীমাবদ্ধ থাকে তাদের বলা হয় introvert , আর যারা নিজের কথা না ভেবে অন্যের ব্যাপারে মাথা ঘামায় তারাই Extrovert।

৩৪০. **Exult** মূল অর্থ- আনন্দ উল্লাস করা।

Synonym: rejoice, be joyful, be happy. Antonym: sorrow.

Mnemonic- ১. Exult কে ভেঙ্গে ফেলুন-> Exult = Exam result । মনে রাখুন যে- Exam result দেবার পর প্রচুর Exult বা আনন্দ উল্লাস করা হয়।

৩৪১. **Fabrication** মূল অর্থ- মিথ্যা বলা; বানোয়াট ঘটনা তৈরি করা; জালিয়াতি করা।

Synonym: invention, concoction, piece of fiction.

Antonym: an invention,a lie.

Mnemonic- ১. Fabrication শব্দটিকে fabric দিয়ে মনে রাখা সহজ। বেশিরভাগ মার্কেটেই fabric বা কাপড় কিনতে গেলে বিক্রেতারা ক্রেতাকে পছন্দ করানোর জন্য প্রচুর মিথ্যে কথা বলে। মনে রাখুন- fabric কিনতে গেলে Fabrication এর শিকার হতে হয়।

৩৪২. **Facetious** মূল অর্থ- হাস্যরসাত্মক; গুরুতর কিছু নয়।

Synonym: flippant, flip, glib, frivolous. Antonym: serious.

Mnemonic- ১. Facetious = Face is not serious , যার ফেস/মুখ সিরিয়াস না, সেই Facetious .

৩৪৩. **Facile** মূল অর্থ- দ্রুত ও স্বতঃস্ফূর্ত; সহজ; হালকা।

Synonym: simplistic, superficial, oversimple. Antonym: thorough, profound.

Mnemonic- ১. Facile = facial যেসব মেয়েরা নিয়মিত facial/ফেসিয়াল করে অর্থাৎ যাকে বলা হয় দুর্দান্ত সুন্দরী, তারা সাধারনত দ্রুত ও স্বতঃস্ফূর্তভাবে কথা বলতে পারে। অর্থাৎ নিয়মিত Facial করা মেয়েরা facile হয়।

Scanned by CamScanner

৩৪৪. **Faction** মূল অর্থ- দলীয় বিবাদ; বড় কোন দলের মধ্যে ছোট ছোট দল ভাগ হয়ে হ্যাঙ্গামা করা।

Synonym: junto, camp, cabal, coterie.

Mnemonic- ১. Faction = Fraction + action,. Faction শব্দটি এমনিতে বিবাদ বোঝাতে ব্যাবহিত হয়। এখানে মনে রাখতে হবে যে একই দলের দুই বা তার বেশি Fraction বা ছোট অংশের মধ্যে যে action হয় সেটাই Faction।

৩৪৫. **Farcical** মূল অর্থ- অদ্ভুত; হাস্যকর।

Synonym: humorous, ridiculous, ludicrous. Antonym: humorless.

Mnemonic- ১. Farcical = Farce + cal , থিয়েটারে হাস্যকর বা ব্যাঙ্গাত্তক কিছু বোঝাতে Farce শব্দটি ব্যাবহার করা হয়। যে ঘটনা Farce তৈরি করে , সেটাই Farcical।

৩৪৬. **Fastidious** মূল অর্থ- খুঁতখুঁতে; ফলাফল নিয়ে অসন্তুষ্ট।

Synonym: particular, prissy, picky, fussy. Antonym: unrefined, untidy.

Mnemonic- ১. Fastidious = First ideas , মানুষ যখন তার জীবনের প্রথম আইডিয়া নিয়ে কাজ করতে যায় তখন সে খুব Fastidious বা খুঁতখুঁতে থাকে।

৩৪৭. **Fatalist** মূল অর্থ- অদৃষ্টবাদী; ভাগ্যবিশ্বাসী; যে মনে করে তার ভবিষ্যতে যা হবে সেটা পরিবর্তন করা সম্ভব না।

Synonym: determinist, predestinarian, necessitarian. Antonym: libertarian.

Mnemonic- ১. Fate মানে ভাগ্য বা অদৃষ্ট। যারা Fate বা ভাগ্যে বিশ্বাসী তাদের বলা হয় Fatalist. (কেউ যদি কোন মতবাদ বা কোন বিশেষ কিছুতে বিশ্বাস করে তবে তার শেষে ist লাগিয়ে দেওয়া হয়। এই ist= বাদী বলা যেতে পারে । যেমন – যারা communism বা সমাজতন্ত্রে বিশ্বাস করে তাদের বলা হয় communist)

৩৪৮. **Fatuous** মূল অর্থ- বোকা; মাথামোটা; আহাম্মক।

Synonym: vacuous, mindless, asinine. Antonym: wise.

Mnemonic- ১. Fatuous = Fat + ous , অনেকেই মজা করে বলেন- ফ্যাট বা মোটা মানুষের বুদ্ধি কম হয়। আর Fatuous মানেও বোকা বা আহাম্মক ।

৩৪৯. **Fauna** মূল অর্থ- প্রাণীকুল।

Synonym: animal group, avifauna. Antonym: flora.

এই শব্দটি দ্বারা পৃথিবীর সকল প্রাণীকে বোঝানো হয়। Flora ও Fauna এই শব্দদুটি জীববিজ্ঞানে খুব পরিচিত শব্দ। প্রথমটি দ্বারা সমস্ত উদ্ভিদকে বোঝানো হয়। আর পরেরটি দ্বারা সমস্ত প্রাণীকুলকে বোঝানো হয়।

Scanned by CamScanner

Mnemonic- ১. Fauna শব্দটিকে সাপের ফনার সাথে মিল রেখে মনে রাখা সহজ। অনেকের Flora ও Fauna এর মধ্যে কোনটি দ্বারা প্রাণীকুল বোঝায়, আর কোনটি দ্বারা উদ্ভিদকুল বোঝায় তা নিয়ে ঝামেলা বাধে। সাপের যেহেতু ফনা আছে তাই Fauna হল প্রাণীকুল। আর Flora শুনতে অনেকটা Flower এর মত। উদ্ভিদের যেহেতু ফুল হয়, তাই Flora হল উদ্ভিদকুল।

৩৫০. **Fecund** মূল অর্থ- উর্বর; ফলপ্রসু।

Synonym: fertile, fruitful, productive. Antonym: barren, sterile.

Mnemonic- ১. Fecund = fertile land , Fecund land বলতে Fertile land বা উর্বর জমি বোঝায়। আবার বেশি বেশি সন্তান জন্মদেওয়া কোন প্রাণীকেও fecund বলা যেতে পারে। তেমনি কোন লেখক যদি প্রতি মাসেই দু চারটি বই লিখে ফেলেন তাকেও fecund লেখক বলা যায়।

৩৫১. **Felicity** মূল অর্থ- সুখ; দক্ষতা।

Synonym: happiness, joy ; eloquence, aptness. Antonym: unhappiness.

কোন কিছু লিখে বা বলে বোঝানোর দক্ষতার ক্ষেত্রে এই শব্দটি ব্যাবহিত হয়।

Mnemonic- ১. Felicity = feli +city . যার অনেক বিষয়ে দক্ষতা আছে সে city বা শহর ছেড়ে যদি জংগলেও চলে যায় তবুও সে সুখী থাকতে পারবে। Felicity দ্বারা সুখ এবং দক্ষতা দুটি জিনিসই বোঝানো হয়।

৩৫২. **Fervor** মূল অর্থ- আগ্রহের ঝোঁক; আকুলতা; উত্তপ্ত।

Synonym: passion, ardour, intensity. Antonym: apathy.

Mnemonic- ১. Fervor = Fever , মানুষের যখন Fever হয় বা জ্বর আসে, তখন তার শরীর উত্তপ্ত হয়ে যায়, সে প্রলাব বকতে পারে(আকুলতা দেখা দেয়)। এটিকে Fever দিয়ে মনে রাখুন।

৩৫৩. **Fetter** মূল অর্থ- প্রতিবন্ধকতা; বাধা; পায়ের বেড়ী।

Synonym: shackles, manacles, handcuffs, restrict, restrain.

Mnemonic- ১. Fetter = feet + er , এই feet শব্দের হল পা। আর fetter অর্থ পায়ের সাথে একটা শিকল, মানে পায়ের বেড়ি। আর পায়ের বেড়ি তো নিঃসন্দেহে একটি প্রতিবন্ধকতা।

৩৫৪ **Fidelity** মূল অর্থ- সততা; বিশ্বস্ততা।

Synonym: faithfulness, loyalty, constancy. Antonym: disloyalty, infidelity.

Mnemonic- ১. Fidelity শব্দের রুট হল fid, যার অর্থ বিশ্বাস। fidelity, confide, diffident, bonafide, fiduciary এই প্রত্যেকটি শব্দের সাথেই বিশ্বাস বিষয়টি জড়িত। আর Fidelity মানেও সততা বা বিশ্বস্ততা।

৩৫৫. **Figurative** মূল অর্থ- কথার মধ্যে বিভিন্ন বস্তু বা প্রতিকের সাহায্যে বর্ণনা করা; রূপক।

Synonym: metaphorical, non-literal, symbolic. Antonym: literal.

Scanned by CamScanner

Mnemonic- ১. Figure মানে কোন প্রাণীরশরীর শরীর বা প্রতীক। কেউ যখন তার কথার মধ্যে কোন প্রতীকের সাহায্যে বা Figure এর সাহায্যে বর্ণনা দেয় তখন সেই বর্ণনাকে Figurative বর্ণনা বলা হয় ।

৩৫৬. **Finesse** মূল অর্থ- সূক্ষ্ম চাল দেওয়া; চালাকি করা।

Synonym: winning move, trick, stratagem skill, subtlety, expertise.

Mnemonic- ১. Finesse = Fine + sse, fine মানে সুন্দর বা সূক্ষ্ম । আর finess মানে সূক্ষ্ম চাল দেওয়া ।

৩৫৭. **Flagrant** মূল অর্থ- প্রকাশ্যে খারাপ কাজ করে এমন ব্যাক্তি; ক্ষতিকর ।

Synonym: blatant, glaring, obvious, overt. Antonym: unobtrusive, slight.

Mnemonic- ১. বিভিন্ন প্রতিষ্ঠান অনেক ক্ষেত্রে তার কোন কোন গ্রাহককে Flag দেয়। এর অর্থ হল সেই প্রতিষ্ঠান ওই গ্রাহককে ক্ষতিকর হিসেবে চিহ্নিত করেছে। আবার ফুটবল খেলাতেও দেখবেন কেউ কোন ভুল বা ফাউল করলেও তাকে বিভিন্ন কালারের Flag দেখানো হয়। অর্থাৎ ক্ষতিকর কিছু করলে সেটা Flag দেখনোর মাধ্যমে বোঝানো হয়। Flagrant মানে এমন একজন ব্যাক্তি যাকে Flag দেখানো হয়েছে। অর্থাৎ সে ক্ষতিকর।

৩৫৮. **Flaunt** মূল অর্থ- লোকদেখানো; কোনকিছু দাম্ভিকভাবে দেখিয়ে বেড়ানো।

Synonym: show off, display ostentatiously. Antonym: be modest about, hide.

Mnemonic- ১. flaunt ->Friend's aunt, আমার বন্ধু সব সময় তার aunt এর টাকাপয়সার নিয়ে দাম্ভিকতা দেখায়। অর্থাৎ সে তার aunt এর সম্পদ নিয়ে Flaunt।

৩৫৯. **Flout** মূল অর্থ- অভদ্রভাবে কোনকিছুর বিরোধিতা করা; বিদ্রুপ করা।

Synonym: defy, go against, rebel against, scorn. Antonym: observe.

Mnemonic- ১. Flout = Foul + out , যখন কোন খেলোয়াড় ফাউল করে বল আউট করে দেয় তখন বুঝতে হবে সে অভদ্রভাবে রেফারির বা কোন খেলোয়াড়ের বিরোধিতা করছে । আর Flout মানে অভদ্রভাবে কোন কিছুর বিরোধিতা করা।

৩৬০. **Foible** মূল অর্থ- চরিত্রের ছোটখাট দুর্বলতা।

Synonym: weakness, weak point, weak spot. Antonym: strength.

Mnemonic- ১. Foible কে Feeble দিয়ে মনে রাখা সহজ। Feeble মানে দুর্বল। মনে রাখুন যে- আমাদের চরিত্রের feeble সমস্যাগুলোকে বলা হয় Foible।

৩৬১. **Foment** মূল অর্থ- উত্তেজিত করা; উস্কে দেওয়া; প্ররোচিত করা।

Synonym: : instigate, incite, provoke, agitate.

Scanned by CamScanner

Mnemonic- ১. Foment = Fome + end , কোন কিছুর নিয়ে যদি সেটা থেকে ফোম বা ফেনা বের করে ফেলা হয় তবে বুঝতে হবে সেটাকে যথেষ্ট পরিমান উত্তেজিত করা হয়েছে বা নাড়াচাড়া করা হয়েছে। আর এই Foment শব্দের অর্থও উত্তেজিত করা।

৩৬২. **Forbear** মূল অর্থ- কোন কিছু থেকে বিরত থাকা।

Synonym: refrain, abstain, desist, keep. Antonym: persist in.

Mnemonic- ১. Foreberar = forget + beer , বিয়ার খাওয়া থেকে বিরত থাকতে হলে অর্থাৎ Forebear হলে beer এর কথা ভুলে থাকতে হবে।

৩৬৩. **Forgo** মূল অর্থ- কোন কিছু বাদ দিয়ে করা; কিছু করা থেকে বিরত থাকা।

Synonym: relinquish, foreswear, waive, give up.

Mnemonic- ১. Forgo = For ego , বেশিরভাগ মানুষই তার ego বা অহম বাচাতে অনেককিছু করা থেকেই বিরত থাকে । আর Forgo মানেও- কোন কিছু বাদ দিয়ে করা।

৩৬৪. **Forsake** মূল অর্থ- পরিত্যাগ করা; ফেলে যাওয়া; সম্পর্ক ত্যাগ করা।

Synonym: renounce, abandon give up, relinquish. Antonym: keep.

Mnemonic- ১. Forsake কে hand shake দিয়ে মনে রাখা যায়। forsake করার আগে বা পরিত্যাগ করার আগে মানুষ hand shake করে যায় ।

৩৬৫. **Fortuitous** মূল অর্থ- সৌভাগ্যক্রমে; আকস্মিকভাবে ঘটে যাওয়া।

Synonym: chance, unexpected, unanticipated,fortunate.

Antonym: predictable.

Mnemonic- ১. Fortuitous শব্দটি এসেছে fortune থেকে। fortune মানে ভাগ্য। যারা fortune বা ভাগ্যে কারনে ঘটে গেছে, অর্থাৎ একদমই আকস্মিক ঘটেছে(না ঘটারই কথা) সেটাকেই Fortuitous বলে ।

৩৬৬. **Founder** মূল অর্থ- ব্যর্থ হওয়া; ভেঙ্গে পরা; ডুবে যাওয়া।

Synonym: fail, sink, go down, be lost at sea, submerge. Antonym: succeed.

Mnemonic- ১. এমনিতে আমরা সবাই Founder শব্দটির সাথে পরিচিত। এর একটি অর্থ হল প্রতিষ্ঠাতা। কিন্তু ভেবে দেখুন যদি কোন প্রতিষ্ঠান সফল না হয় তাহলে এর Founder বা প্রতিষ্ঠাতার অবস্থা কি হবে। প্রতিষ্ঠান ব্যার্থ হওয়া মানেই Founder ব্যার্থ্য হওয়া বা ডুবে যাওয়া। আর মজার ব্যাপার হল এর আরেকটি অর্থ হল- ব্যার্থ হওয়া; ভেঙ্গে পরা; ডুবে যাওয়া।

৩৬৭. **Fraternal** মূল অর্থ- ভাইয়ের মত; ভাই সুলভ।

Synonym: brotherlike, brotherly. Antonym: sisterly.

Scanned by CamScanner

Mnemonic- ১. Frater মানে ভাই। আর Fraternal মানে ভাইসুলভ বা ভাই সম্পর্কে।

৩৬৮. **Frenetic** মূল অর্থ- উন্মত্ত; ক্ষিপ্র; উদ্ভ্রান্ত।

Synonym: frantic, wild, frenzied, hectic. Antonym: calm.

Mnemonic- ১. Frenetic = Fanatic , Fanatic মানে উন্মাদ টাইপের লোক। আর Frenetic দ্বারাও প্রায় একই অর্থ প্রকাশ করে। মনে রাখুন- Frenetic রা Fanatic হয়।

৩৬৯. **Frugal** মূল অর্থ- মিতব্যায়ী, কৃপণ।

Synonym: thrifty, sparing, economical, saving. Antonym: extravagant.

Mnemonic- ১. Frugal = few girl , যারা মিতবায়ি তারা খরচ বাঁচানোর জন্য খুব কম মেয়েদের সাথে চলাফেরা করে। কারন মেয়েদের সাথে চলা মানেই খরচ। তাই যত few girl এর সাথ চলা যায় ততই frugal হওয়া যাবে।

৩৭০. **Furtive** মূল অর্থ- নজর এড়ানো; গোপন।

Synonym: secretive, secret, surreptitious; sly.

Antonym: open, above board.

Mnemonic- ১. Furtive = Far + tive, far মানে দূরবর্তী। নজর এড়ানোর জন্য কোন কিছু যদি অনেক দূরবর্তী বা Far জায়গায় করা হয় তবে বুঝতে হবে সেটা Furtive বা গোপন।

৩৭১. **Futile** মূল অর্থ- অকার্যকর; আশাহীন।

Synonym: fruitless, vain, pointless; useless. Antonym: useful, fruitful.

Mnemonic- ১. Futile হল Fertile এর ঠিক উলটো। Fertile হল উর্বর , যা খুবই কার্যকর বা উৎপাদনশীল। আর Futile হল তার উল্টো । অকার্যকর ও উৎপাদনের কোন আশাই নেই ।

৩৭২. **Garrulous** মূল অর্থ- বাঁচাল; বাক্যবাগীশ।

Synonym: talkative, loquacious, voluble. Antonym: taciturn, reticent.

Mnemonic- ১. Garrulous = Girls rule us , যেসব মেয়েরা ছেলেদের উপর আধিপত্য স্থাপন করে বুঝতে হবে তারা Garrulous বা বাক্যবাগীশ অর্থাৎ বেশি কথা বলে।

৩৭৩. **Gauche** মূল অর্থ- অদক্ষ; বেমানান; ভুলভাবে শিখেছে এমন ব্যাক্তি।

Synonym: awkward, gawky, inelegant. Antonym: elegant.

Mnemonic- ১. Gauche = কচি , কচি বা নতুনরা সাধারনত অদক্ষ হয় ।

৩৭৪. **Genre** মূল অর্থ- প্রকার বা ধরণ।

Scanned by CamScanner

Synonym: : category, class, classification, set, type, sort.

গান, বাদ্যযন্ত্র, সাহিত্য, চিত্রকলা ও শিল্পের বিভিন্ন প্রকার বোঝাতে এই শব্দটি ব্যবহার করা হয়। যেমন- 1. লোক genre এর গান। 2. হ্যাভি মেটাল সঙ্গীতের একটি genre.

Mnemonic- ১. genre = generation , প্রতিটি জেনারেশনেরই একটি করে genre এর প্রতি ভালোলাগা থাকে। আর মূলত প্রতিটি জেনারেশনেই একটি করে genre তৈরি হয়। ৮০ এর দশকের(Generation এর) মানুষ যে genre এর গান শুনতো এখন তারা আর সেই genre এর গান শোনে না ।

৩৭৫. **Genteel** মূল অর্থ- সুরুচিসম্পন্ন; বিনয়ী; ভদ্র; অভিজাত।

Synonym: refined, respectable, polished. Antonym: uncouth.

Mnemonic- ১. Gentell = Gentle, একজন Gentleman বা ভদ্রলোক সবসময়ই Gentell বা সুরুচিসম্পন্ন হয়।

৩৭৬. **Gesticulate** মূল অর্থ- কথা বলার সময় শারীরিক অঙ্গভঙ্গি করে বোঝানো।

Synonym: gesture, make gestures, signal. Antonym: boo.

Mnemonic- ১. Gesture মানে অঙ্গভঙ্গি বা দাঁড়ানোর ভঙ্গি। আসলে gest দ্বারা শরীরের অঙ্গের অবস্থানের বিষয়টি বোঝানো হয়। আর এই Gesticulate শব্দটি দ্বারা কথা বলার সময় শারীরিক অঙ্গভঙ্গি করে বোঝানোকে নির্দেশ করা হয়।

৩৭৭. **Glut** মূল অর্থ- বাড়তি; প্রয়োজনাতিরিক্ত।

Synonym: surplus, excess, surfeit, superfluity. Antonym: dearth.

Mnemonic- ১. Glut কে মনে রাখার জন্য ভাবুন Glut = Gain a lot।

৩৭৮. **Grandiloquent** মূল অর্থ- গালভরা; সুন্দর সুন্দর কথা বলে কোন কিছুর প্রশংসা।

Synonym: pompous, bombastic, magniloquent. Antonym: unpretentious.

অনেক সময় বড় বড় উপমা যোগ করে খারাপ জিনিসকেও ভাল দেখানোর চেষ্টা করা হয়, এসব ক্ষেত্রে এই শব্দটি ব্যাবহিত হয়।

Mnemonic- ১. Grandiloquent = Grand + loquent , Grand মানে বেশি বা অতিরিক্ত Loquent মানে কথা বলা। মানুষ যখন কোন কিছুর গালভরা প্রশংশা করতে চায় তখন তাকে এমনিতেই অনেক বেশি কথা বলতে হয়।

৩৭৯. **Grandiose** মূল অর্থ- অদ্ভুতভাবে অতিরঞ্জিত।

Synonym: magnificent, impressive, grand, imposing. Antonym: humble.

Scanned by CamScanner

Mnemonic- ১. grand+iose(pose) = Grandiose – যেসব লোক অতিরিক্ত Pose বা হাবভাব দেখায় । যারা বেশি(Grand) pose দেখায় তারাই Grandiose।

৩৮০. **Gratuitous** মূল অর্থ- বিচারবিবেচনা ছাড়া; অকারণে; বিনা উষ্কানিতে ।

Synonym: unjustified, without reason, uncalled for. Antonym: ;justifiable.

Mnemonic- ১. Gratuitous = Gre tution । অনেকেই Gre এর প্রিপারেশনের জন্য tution নেয়। যা একদম অকারণে করে থাকে । যদি সে বিচারবিবেচনা করত তবে বুঝতে পারত এটা একদমই অপ্রয়োজনীয়। তাহলে মনে রাখতে হবে- Gre tution নেওয়া একদম বিচারবিবেচনা ছাড়া কাজ।

৩৮১. **Gravity** মূল অর্থ- গাম্ভীর্য।

Synonym: seriousness, importance, profundity. Antonym: triviality.

Mnemonic- ১. Gravity বলতে সাধারনভাবে অভিকর্ষ বা মাধ্যাকর্ষণ শক্তিকে বোঝায়। কিন্তু এর আরেকটি অর্থ আছে। যে বস্তুর ভার বেশি তার Gravity বা মাধ্যাকর্ষণ শক্তি ও বেশি। আর মানুষ যদি ভারি হয় তবে তাকে আমরা কি বলি ? বলি যে এই লোকটি গম্ভীর।

৩৮২. **Gregarious** মূল অর্থ- সামাজিক; দলপ্রিয়; অন্যের সঙ্গ চায় এমন ব্যাক্তি।

Synonym: sociable, social, company-loving. Antonym: unsociable.

Mnemonic- ১. মনে রাখার সুবিধার্থে ভাবুন Gregarious মানুষ gathering পছন্দ করে। Gregarious = gathering with us.

৩৮৩. **Guile** মূল অর্থ- চতুর; ফন্দীবাজ; ধোঁকাবাজ।

Synonym: cunning, craftiness, craft. Antonym: honesty, candor.

Mnemonic ১. যারা নিজেদের সম্পর্কে বাড়িয়ে বলে, অনেকেই তাদের বলে , "এত গুল মারিস না "। অর্থাৎ এত চাপাবাজি করিস না। সবার কাছে নিজের সম্পর্কে গুল মারা আর ধোঁকাবাজি করা(Guile) একই কথা। এই গুল(Gul) দিয়ে Guile কে মনে রাখা সহজ।

৩৮৪. **Hackneyed** মূল অর্থ- অতিব্যাবহিত; বস্তাপচা; মামুলি।

Synonym: overused, overworked, overdone. Antonym: original.

Mnemonic- ১. আমরা সবাই Hack বা হ্যাকিং শব্দটির সাথে পরিচিত। যদি কোন কিছু সহজেই হ্যাক করা যায়, সে জিনিস সবাই ব্যাবহার করবে, তার আর দাম থাকবে না । অর্থাৎ সেটা একটা মামুলি জিনিসের পরিনত হবে। আর এই Hackneyed মানেও ঠিক তাই; মামুলি জিনিস।

৩৮৫. **Hapless** মূল অর্থ- দুর্ভাগা; ভাগ্যহীন।

Scanned by CamScanner

Synonym: unfortunate, unlucky, luckless. Antonym: lucky.

Mnemonic- ১. Hapless = hopeless , এই শব্দটি মনে রাখার জন্য hap এর পরে একটি o যোগ করে দিন, তাহলেই অর্থ হয়ে যাবে যার কোন আশা নেই। আর যার কোন আশা নেই সেই দুর্ভাগা ।

৩৮৬. **Harbinger** মূল অর্থ- অগ্রদূত; আগামীর বার্তাবাহী।

Synonym: herald, sign, indicator, indication, signal, prelude.

Harbinger কোন ব্যাক্তি হতে পারে, আবার কোন প্রাকৃতিক চিহ্নও হতে পারে।

Mnemonic- ১. Harbinger শুনতে অনেকটা messenger এর মত। messenger মানে বার্তাবাহক। আর harbinger হল আগামী দিনের বার্তাবাহক। এই শব্দটি মূলত ফ্রেন্স শব্দ herbergeor থেকে এসেছে। ১৫ শতকের দিকে রাজা বা সেনাবাহিনীদের জন্য আশ্রয়ের খোজ এনে দিত তাদের বলা হত- herbergeor। সেই শব্দ ইংরেজিতে ঢুকে একটু পরিবর্তন হয়ে আজকের Harbinger হয়ে গেছে ।

৩৮৭. **Hedonism** মূল অর্থ- আনন্দবাদ; সুখ সন্ধানী মতবাদ।

Synonym: self-indulgence, indulgence, epicurism. Antonym: self-restraint.

এই শব্দটি দ্বারা একটি মতবাদকে বোঝানো হয়, যে মতবাদের মূলকথা হলো- আনন্দ উপভোগ করাই জীবনের উদ্দেশ্য।

Mnemonic- ১. Hedonism কে ভেঙ্গে ফেলুন -=> He donism , ism মানে মতবাদ। He donism এ বিশ্বাস করে। অর্থাৎ যে Don হওয়ায় বিশ্বাস করে। Don রা সাধারণ আনন্দ মজা ইত্যাদি পছন্দ করে। সে(He) donism এ বিশ্বাস করে মানে সে আনন্দবাদে বিশ্বাস করে। আর Hedonism মানে- আনন্দবাদ বা "সুখ সন্ধানী" মতবাদ।

৩৮৮. **Hegemony** মূল অর্থ- কর্তৃত্ব, নেতৃত্ব।

Synonym: leadership, dominance, dominion. Antonym: self-government.

একটি জাতির উপর যদি অন্য জাতি কর্তৃত্ব ফলাতে আসে তবে সেটাকে Hegemony বলা হয়।

Mnemonic- ১. Hegemony = huge money, যার প্রচুর টাকা আছে সে সবার উপর কর্তৃত্ব ফলাতে পারে, নেতৃত্ব দিতে পারে। আর Hegemony অর্থও কর্তৃত্ব বা নেতৃত্ব।

৩৮৯. **Heresy** মূল অর্থ- প্রচলিত মতের বিরুদ্ধে কোন বিশ্বাস।

Synonym: dissension, dissent, dissidence. Antonym: orthodoxy.

Mnemonic- ১. Heresy = her + essay , অর্থাৎ তার প্রবন্ধ। যেহেতু এখানে her আছে তাহলে বুঝে নিতে হবে যে প্রবন্ধ যে লিখেছে সে নারী। নারীবাদী লেখিকা তসলিমা নাসরিনের কথা মনে রাখুন। তার লেখা প্রবন্ধগুলো সবই প্রচলিত বিশ্বাসের বিরুদ্ধে যায়।

Scanned by CamScanner

৩৯০. **Hermetic** মূল অর্থ- অপ্রবেশ্য; বায়ু প্রতিরোধী; যেখানে বাতাস ও ঢুকতে পারে না।

Synonym: airtight, tight, sealed, shut. Antonym: leaky.

Mnemonic- ১. Hermit মানে সাধু বা নির্জনবাসি। কিছু কিছু hermit রা এমন স্থানে থাকে যেখানে প্রবেশ করা সম্ভব না। Hermetic মানেন অপ্রবেশ্য।

৩৯১. **Heyday** মূল অর্থ- স্বর্ণযুগ; পূর্ণবিকশিত সময়; প্রধান।

Synonym: prime, peak, height. Antonym: low point.

Mnemonic- ১. Heyday = high day অর্থাৎ উচ্চ দিন। মানুষের যখন সবথেকে ভাল সময় যায় তখন সেটাকে আমরা high day বলতে পারি। আর heyday দ্বারাও এমন অর্থ বোঝায়। heyday হলো স্বর্ণযুগ; পূর্ণবিকশিত সময়।

৩৯২. **Hiatus** মূল অর্থ- কর্মবিরতি; বিচ্ছেদ।

Synonym: pause, break, interval, interruption, suspension, intermission.

Mnemonic- ১. Hiatus = Hi at us, কাজ করতে করতে আমরা যখন বোরিং হয়ে যাই, তখন আমাদের কেউ Hi/হাই বলেই আমরা একটা কর্মবিরতি নিয়ে নেই। এর অর্থও- কর্মবিরতি।

৩৯৩. **Hierarchy** মূল অর্থ- পদবীর বিভিন্ন ক্রমের ভিত্তিতে চলা প্রতিষ্ঠান ; ক্রমোচ্চ শ্রেণিবিভাগ।

Synonym: pecking order, ranking, grading.

Mnemonic- ১. Hierarchy মনে রাখার জন্য high rangk মনে রাখুন। hierchy ব্যাবস্থায় hing rangk এর লোকজন সবথেকে বেশি ক্ষমতাবান, আর rangk কমার সাথে সাথে তাদের ক্ষমতাও কমে আসে।

৩৯৪. **Histrionic** মূল অর্থ- অতিরিক্ত নাটকীয়; স্বাভাবিক না।

Synonym: melodramatic, theatrical, affected. Antonym: unaffected.

Mnemonic- ১. Histrionic = hysteria + nic।এটাকে hysteria দিয়ে মনে রাখুন। hysteria অর্থ হল মৃগীরোগ। hysteria আক্রান্ত ব্যাক্তিরা আতিরিক্ত উত্তেজিত হয়ে পরে, খিঁচুনি হয়। স্বাভাবিক কোন মানুষ যদি এমন করে তাহলে সেটা নাটকীয় লাগবে।

৩৯৫. **Homily** মূল অর্থ- নৈতিক বক্তিতা; ধর্মপোদেশ।

Synonym: sermon, lecture, discourse, address, preachment.

Mnemonic- ১. এই শব্দটিকে Home দিয়ে মনে রাখুন। Home/বাড়িতে থাকলে আমাদের সারাদিনই নৈতিক বক্তিতা/ধর্মোপদেশ শুনতে হয়। আর Homily মানেও- নৈতিক বক্তিতা।

৩৯৬. **Homogeneous** মূল অর্থ- অভিন্ন; একই জাতীয়; সমপ্রকৃতির ।

Synonym: similar, comparable, equivalent, like. Antonym: different, dissimilar.

Scanned by CamScanner

Mnemonic- ১. Homogeneous = homo + geneous , homo মানে একই, আর hetero মানে আলাদা। যেখানেই homo দেখবেন বুঝে নেবেন যে এখানে একই জাতীয় কিছুর কথা বলা হচ্ছে। আর geneous মানে ধরন। অর্থাৎ Homogeneous মানে একই রকম বা সমপ্রকৃতির।

৩৯৭. **Husbandry** মূল অর্থ- মৃতব্যায়ীভাবে সম্পদের ব্যাবস্থাপনা করা; কৃষিকাজ; গৃহের কাজ করা।

Synonym: conservation, careful managemen, farming, agriculture, thriftiness, frugality, saving, budgeting.

Antonym: wastefulness.

Mnemonic- ১. Husbandry = Husband + ry । Husband এর একটি অর্থের সাথে আমরা সবাই পরিচিত। সেটা হল স্বামী। আসলে Husband শব্দটি দ্বারা এমন একজনকে বোঝানো হয় যে সবকিছু দেখাশোনা করে। যে ক্ষেতখামারের দেখাশোনা করে সে Husband বা কৃষক। আবার যে স্ত্রীর দেখাশোনা করে সেও Husband। আবার অনেকসময় যে প্রতিষ্ঠানের হিসাব দেখাশোনা করে তাকেও Husband বলা হয়। আর Husbandry মানে হল - মৃতব্যায়ীভাবে(হিসাব-নিকাষ করে) সম্পদের ব্যাবস্থাপনা করা; কৃষিকাজ; গৃহের কাজ করা।

৩৯৮. **Hyperbole** মূল অর্থ- বাড়িয়ে বলা; অতিরঞ্জিত করে বলা; চাপা মারা।

Synonym: exaggeration, overstatement, magnification, amplification.

Antonym: understatement.

Mnemonic- ১. Hyperbole = hyper + bole , hyper মানে বেশি , আর ধরে নিলাম bole মানে বলা। অর্থাৎ Hyperbole অর্থ বেশি-বেশি বা বাড়িয়ে বলা।

৩৯৯. **Hypothetical** মূল অর্থ- অনিশ্চিত; প্রমাণিত নয় এমন ।

Synonym: speculative, conjectured, imagined.

Antonym: real, actual.

Mnemonic- ১. Hypo মানে কম, Hyper মানে বেশি। Hypothetical = hypo + theoretical, বিজ্ঞানের ক্ষেত্রে সেটাকেই থিওরি বলা হয় যা প্রমাণিত বা প্রতিষ্ঠিত। আর যেগুলো নিয়ে এখনো গবেষণা চলছে কিন্তু এখন প্রমাণিত হয়নি বা থিওরি হিসেবে প্রতিষ্ঠা পায়নি সেগুলোকে বলা হয় hypothetical। অর্থাৎ Hypothetical মানে যা এখনো প্রমাণিত হয়নি। (এই শব্দটি মূলত বিজ্ঞানের ক্ষেত্রে বেশি ব্যাবহিত হয়)

৪০০. **Iconoclast** মূল অর্থ- প্রথাবিরোধী; সমাজের প্রচলিত বিশ্বাসের বিরুদ্ধে বলা।

Synonym: critic, sceptic, questioner; heretic.

Antonym: conventional.

Mnemonic- ১. Icon শব্দটি, "মূর্তি" অর্থেও ব্যাবহিত হয় আবার, "আদর্শ" অর্থেও ব্যাবহিত হয়। মূর্তির সাথে বিভিন্ন প্রথা বা বিশ্বাস জড়িত থাকে। iconoclast মানে Icon এর অনুসারী না । কোন ব্যাক্তি যদি iconoclast হয় তাহলে বুঝতে হবে সে সমাজের প্রথা বা বিশ্বাসের বিরুদ্ধে।

৪০১. **Ideology** মূল অর্থ- ভাবাদর্শ; মতাদর্শ; সামাজিক ও রাজনৈতিক মতবাদের ভিত্তি।

Synonym: beliefs, ideas, ideals, principles, doctrine.

Scanned by CamScanner

Mnemonic- ১. Ideology = Ideal + logy । Ideal মানে আদর্শ আর logy মানে জ্ঞান বা মতামত। কোন মানুষ যে ধরনের সামাজিক ও রাজনৈতিক মতবাদকে তার আদর্শ মনে করে সেটাই তার Idiology।

৪০২. **Idiosyncrasy** মূল অর্থ- নিজস্ব বৈশিষ্ট্য; বিশেষত্ব; পাগলাটে।

Synonym: peculiarity, individual/personal trait, oddity, eccentricity.

Mnemonic- ১. Idiosyncrasy কে ভেঙ্গে ফেলুন-> Idiosyncrasy = idiot + seen + crazy । যদি কেউ ইডিয়ট ও ক্রেজি আচরন করে তবে ধরে নিতে হবে সে কিছুটা পাগলাটে। আর এগুলো তার একান্ততই নিজস্ব বৈশিষ্ট্য(কারন সচরাচর আমরা কাউকে ইডিয়টের মত বা পাগলের মত আচরন করতে দেখি না)। আর Idiosyncrasy মানেও ঠিক তাই।

৪০৩. **Idyllic** মূল অর্থ- গ্রামের মত শান্ত ও মনোরম ;প্রকৃতিগতভাবেই শান্ত।

Synonym: perfect, ideal, idealized, wonderful. Antonym: hellish.

Mnemonic- ১. Idyllic শুনতে অনেকটা idle+ic এর মত। idle অর্থ কোন কিছু না করে বসে থাকা। আর idyllic অর্থ শান্ত ও মনোরম ; অর্থাৎ আরামের। idyllic life মানে ঝামেলাহিন আরামের জীবন। আর idle life ও আরামের জীবন।

৪০৪. **Ignominy** মূল অর্থ- মারাত্মক মর্যাদাহানি।

Synonym: shame, humiliation, embarrassment. Antonym: honour.

Mnemonic- ১. Ignominy = if no money , যদি পকেটে কোন টাকাই না থাকে তবে সেটা মর্যাদাহানীকর ।

৪০৫. **Illicit** মূল অর্থ- অনৈতিক; অনুমোদিত।

Synonym: illegal, unlawful, illegitimate. Antonym: licit, legal.

Mnemonic- ১. Illicit = Ill + cit(seat) , অসুস্থ বা ill অবস্থায় ড্রাইভারের Seat/সিটে বসা অনুমোদিত নয়। কারন এতে দুর্ঘটনা ঘটতে পারে।

৪০৬. **Immigrate** মূল অর্থ- এক দেশ থেকে সম্পূর্ণ নতুন একটি দেশে চলে আসা ।

Synonym: transmigrate, get, migrate, arrive. Antonym: leave, emigrate.

এখানে মনে রাখতে হবে যে emigrate আর Immigrate শুনতেও একই রকম, অর্থও খুব কাছাকাছি। কিন্তু দুটির মধ্যে পার্থক্য আছে। emigrate মানে এক দেশ থেকে অন্য দেশে চলে যাওয়া। আর Immigrate মানে অন্য দেশ থেকে কোন একটি দেশে চলে আসা।

Mnemonic- ১. এই দুটি কাছাকাছি শব্দকে মনে রাখার জন্য ভাবুন-emigrate মানে exit আর Immigrate মানে in । অর্থাৎ একটার অর্থ চলে যাওয়া, আরেকটির অর্থ চলে আসা।

৪০৭. **Imminent** মূল অর্থ- "আসন্ন" বা খুব তাড়াতাড়ি যা ঘটতে চলেছে।

Scanned by CamScanner

Synonym: impending, at hand, close.

Antonym: remote.

Mnemonic- ১. Imminent = immediate, শব্দদুটি শুনতে প্রায় একই রকম। যা immediate ঘটতে চলেছে, সেটাই Imminent ঘটনা ।

৪০৮. **Immutable** মূল অর্থ- অপরিবর্তনীয়, যা পরিবর্তন করা যায় না।

Synonym: unchangeable, fixed, set.

Antonym: variable.

Mnemonic- ১. আমরা যখন টেলিভিশন Mute/মিউট করি তখন টেলিভিশনের শব্দ বন্ধ হয়ে যায়। যদি কোন টিভিকে mute করা না যায় তবে সেটার হবে immutable = not mutable. অর্থাৎ মনে রাখতে হবে যে যে টেলিভিশনের সাউন্ড পরিবর্তন করা যায় না সেটার immutable বা অপরিবর্তনীয়। ২. আমরা অনেকেই Mutation শব্দটির সাথে পরিচিত। যদি কোন জীবের DNA তে Mutation হয় তবে বুঝতে হবে যে তার DNA কোড পরিবর্তন হয়ে গেছে। অর্থাৎ বোঝাই যাচ্ছে Mutation মানেই পরিবর্তন। আর যা পরিবর্তন করা যাবে না সেটাই Immutable (অর্থাৎ not able to mutation)।

৪০৯. **Impartial** মূল অর্থ- নিরপেক্ষ ।

Synonym: unbiased, unprejudiced, neutral.

Antonym: biased.

Mnemonic- ১. আমরা অনেক সময়ই শুনি- এই বিচার মানি না, এখানে partiality(পারসিয়ালিটি) হয়েছে। partiality মানে পক্ষপাতিত্ব করা। আর Impartial মানে যেখানে partiality করা হয় নি। অর্থাৎ নিরপেক্ষ। বিঃদ্রঃ মনে রাখতে হবে যে এই, "im" দ্বারা বেশিরভাগ ক্ষেত্রেই না বোঝানো হয়।

৪১০. **Impeccable** মূল অর্থ- নির্ভুল; নিষ্পাপ ।

Synonym: flawless, faultless, unblemished.

Antonym: imperfect.

Mnemonic- ১. মনে রাখার সুবিধার্থে Impeccable= im pecca ble শব্দটির মধ্যে মাঝের পাক্কা শব্দটি মনে রাখুন। পাক্কা মানে একদম সঠিক । আর Impeccable মানেও নির্ভুল। ২. Peccadillo মানে খুব ক্ষুদ্র অপরাধ। আর im দ্বারা এখানে, "না" বোঝানো হয়েছে। অর্থাৎ Impeccable মানে হল কোন ক্ষুদ্র অপরাধও নেই। একদম নিষ্পাপ।

৪১১. **Imperial** মূল অর্থ- রাজ্য সংক্রান্ত।

Synonym: royal, regal, monarchal, sovereign, kingly.

Mnemonic- ১. আসলে Imperial, emperor ও empire তিনটি শব্দই একই রুট থেকে এসেছে। তিনটির দ্বারাই রাজা বা রাজ্য সম্পর্কিত বিষয় বোঝানো হয়। বানান আলাদা হলেও এদের অর্থ একই।

৪১২. **Impervious** মূল অর্থ- অভেদ্য ; যেখানে প্রবেশ করা সম্ভব না।

Synonym: impermeable, impenetrable, impregnable.

Antonym: permeable.

Scanned by CamScanner

Mnemonic- ১. Impervious = im permission। pervious কে permission এর সাথে মনে রাখুন। এখানে im মানে না, অর্থাৎ যেখানে প্রবেশ করার permission নেই সেটাই Impervious।

৪১৩. **Impetuous** মূল অর্থ- আবেগপ্রবণ; অত্যন্ত অস্থির।

Synonym: impulsive, rash, hasty. Antonym: cautious.

Mnemonic- ১. Impetuous = im(not)-pet-tuo(to)-us , im মানে না, pet মানে পোষা জন্তু, us মানে আমাদের। অর্থাৎ আমাদের পোষা জন্তু না। ভাবুন আমাদের বাসায় এমন একটি জন্তু এসে পরেছে(যেহেতু জন্তুটি পোষা না তার মানে বাইরে থেকেই এসেছে) । নতুন পরিবেশে এসে সে তার পরিবারের জন্তুদের জন্য খুব অস্থির আর আবেগপ্রবণ হয়ে পরেছে(খুব দৌড়াদৌড়ি করছে, খেতে চাচ্ছে না) ।

৪১৪. **Implement** মূল অর্থ- কাজে লাগানো; বাস্তবায়ন করা।

Synonym: execute, apply, put into effect/action.

আমরা যদি কাজের জন্য কোন প্ল্যান করি তবে সেটাকে বাস্তবায়ন করাটাই হবে সেটার Implement করা।

Mnemonic- ১. Implement কে increment দিয়ে মনে রাখুন। আমারা যখন চাকরিতে increment পাই তখন আমাদের plan Implement করতে পারি।

৪১৫. **Impotent** মূল অর্থ- অক্ষম; শক্তিহীন; পুরুষত্বহীন।

Synonym: powerless, ineffective, ineffectual. Antonym: powerful, effective.

কোন মেশিন বা যন্ত্র যদি তার কার্যক্ষমতা হারায় তবে সেটাকে impotent বলা হয়। আবার কোন পুরুষ যদি সন্তান জন্মদানে অক্ষম হয় তবে তাকেও Impotent বলা হয়।

Mnemonic- ১. Potency মানে ক্ষমতা। Potency শব্দটি থেকেই এই শব্দটি এসেছে। Impotent = im + potent অর্থাৎ ক্ষমতা নেই। ৪১৬. Impugn মূল অর্থ-

৪১৬. **Impugn** মূল অর্থ- মিথ্যা প্রমান করার জন্য কথার দ্বারা আক্রমণ করা।

Synonym: call into question, challenge, question. Antonym: support.

Mnemonic- ১. Pugn একটি ল্যাটিন শব্দ, যার অর্থ যুদ্ধ করা বা আক্রমণ করা। Impugn = im + pugn , এর অর্থ দ্বারায় আক্রমণ না করা। কিন্তু এটি তলোয়ার নিয়ে যুদ্ধ করা না বোঝালেও, মানুষকে মিথ্যা প্রমান করার জন্য বাক-যুদ্ধ করাকে বোঝায়।

৪১৭. **Inane** মূল অর্থ- পাতলা বুদ্ধি; অসার; কাণ্ডজ্ঞানহীন।

Synonym: silly, foolish, stupid, fatuous. Antonym: intelligent, sensible.

কেউ যদি হাতির পিঠে পাখা লাগিয়ে উড়তে চায় তবে তার চিন্তাকে Inane বলা যেতে পারে।

Scanned by CamScanner

Mnemonic- ১. Inane আর Insane শব্দ দুটি শুনতে একই রকম। Insane মানে পাগলাটে, আর inane মানে কাণ্ডজ্ঞানহীন। Inane আর Insane এই দুই ধরনের মানুষের কাজ প্রায় একই রকম।

৪১৮. **Inaugurate** মূল অর্থ- আনুষ্ঠানিকভাবে শুরু করা; আনুষ্ঠানিকভাবে যোগ দেওয়া।

Synonym: initiate, begin, start, institute. Antonym: end, wind up.

Mnemonic- ১. কোন লোককে Inaugurate করা মানে আনুষ্ঠানিকভাবে তার চাকরী শুরু করা। মনে রাখার জন্য ভেবে রাখুন - মানুষকে যখন Inaugurate করা হয় তখন প্রথমদিকে আগ্রহ নিয়ে কাজ করে। Inaugurate কে জাস্ট আগ্রহ এর সাথে মিলিয়ে নিন ।

৪১৯. **Incandescent** মূল অর্থ- জ্বলজ্বলে; মেধাবী।

Synonym: white-hot, intensely hot, red-hot. Antonym: dim, calm.

মোমবাতি Incandescent হতে পারে, আবার কেউ যদি অনেক মানুষের মধ্যে তার মেধার পরিচয় দেয় তবে তাকেই Incandescent বলা যেতে পারে। তবে এই মেধাকে পরীক্ষায় পাশ করা অর্থে না বুঝিয়ে- যেসব মানুষ মানুষের মাঝে শিক্ষা ও মানবতার আলো ছড়ায় তেমন মানুষদের বঝাতেই বেশি ব্যাবহিত হয়।

Mnemonic- ১. Incandescent মনে রাখার জন্য candle মনে রাখলেই হবে। candle আলো দেয়, আর তাই তা Incandescent বা জ্বলজ্বলে ।

৪২০. **Incantation** মূল অর্থ- একই কথা বার-বার আবৃত্তি করে যাওয়া; জাদুমন্ত্র পড়া।

Synonym: chant, invocation, conjuration, magic spell, magic formula, rune.

Mnemonic- ১. Cantata মানে পুথির গান বা গল্পের গান। পুথিতে একই কথা কয়েকবার করে পড়া হয়। আর জাদু মন্ত্রগুলো একসময় বিভিন্ন রহস্যময় পুথিতে লিপিবদ্ধ থাকত। আর সেই cantata বা পুথির গান থেকেই এই incantation এসেছে। এর অর্থ হল- একই কথা বার বার করে পরে যাওয়া , বা জাদুমন্ত্র পড়া।

৪২১. **Incense** মূল অর্থ- প্রচণ্ড রাগিয়ে দেওয়া ।

Synonym: enrage, infuriate, anger, madden. Antonym: placate, please.

Mnemonic- ১. Incense = in + cense(sense) , Incense মানে রাগে sense হারানোর মত অবস্থা। অর্থাৎ কাউকে Incense করা মানে তাকে এত রাগিয়ে দেওয়া যে তার sense হারানোর মত অবস্থা।

৪২২. **Incessant** মূল অর্থ- অবিরাম; একটানা।

Synonym: ceaseless, unceasing, constant. Antonym: intermittent.

Mnemonic- ১. Incessant = in cessant(session) , কিছু কিছু ফল in সব session এ ধরে অর্থা Incessant ধরে / অবিরাম ধরে। ২. Cease মানে বন্ধ আর incessant মানে অবিরাম অর্থাৎ যার কোন ব নেই(Cease ও cessant শুনতে একইরকম))।

৪২৩. **Incipient** মূল অর্থ- শুরু; উদীয়মান।

Scanned by CamScanner

Synonym: developing, impending, growing. Antonym: full-blown.

Mnemonic- ১. Incipient = inCIPient এর মাঝের, "cip" এর দিকে লক্ষ্য করুন। Ananta CIP মানে অনন্ত জলিল আমাদের দেশের একজন উদীয়মান জেমস বন্ড হিরু(বিঃদ্রঃ অনন্ত সাহেবের ফেবু নাম Ananta CIP)।

৪২৪. **Incisive** মূল অর্থ- মর্মভেদী; কোন কিছুর মূল জিনিস বরাবর কাটা।

Synonym: penetrating, acute, sharp. Antonym: rambling.

ভেদ করাও এক ধরনের কাটা। মর্ম বা হৃদয় বরাবর কাটা।

Mnemonic- ১. Incision মানে কাটা। আর Incision থেকেই এই Incisive এসেছে। Incisive মানে কারো হৃদয় Incision করা/কাটা। Incisive কথা বললে মানুষের হৃদয়ে চোট লাগে।

৪২৫. **Incongruous** মূল অর্থ- বেমানান; বেসুরো; অসামঞ্জস্যপূর্ণ।

Synonym: out of place, out of keeping, inappropriate.

Antonym: appropriate.

Mnemonic- ১. Con দ্বারা ঐক্য বা সামঞ্জস্যতা বোঝানো হয়। যেমন- concord, consonant, consensus ইত্যাদি। আর এখানে con এর আগে in আছে। in দ্বারা না বোঝানো হয়। অর্থাৎ এই শব্দটির অর্থ হবে ঐক্য বা সামঞ্জস্য এর বিপরীত। আসলে এই শব্দটি দ্বারা অসামঞ্জস্যপূর্ণ সবকিছুকেই বোঝানো হয়। সুর সামঞ্জস্য না হলে বেসুরো হয়, ইত্যাদি।

৪২৬. **Incorrigible** মূল অর্থ- অসংশোধনীয়; শোধরানোর অনুপযুক্ত।

Synonym: inveterate, habitual, confirmed. Antonym: occasional.

Mnemonic- ১. Incorrigible = in+corr+igible (not correct eligible) অর্থাৎ সঠিক হবার উপযুক্ত না। যখন কোন আসামীকে আর সঠিক(correct) পথে আনার মত অবস্থা থাকে না তখন তাকে Incorrigible বলা হয়।

৪২৭. **Increment** মূল অর্থ- বৃদ্ধি ।

Synonym: increase, addition, gain. Antonym: reduction.

Mnemonic- ১. কারো চাকরির বেতন বৃদ্ধি পেলে আমরা বলি যে- ও Increment পেয়েছে। Increment পেয়েছে এর অর্থ হল বেতন Increment হয়েছে বা বৃদ্ধি পেয়েছে।

৪২৮. **Indifferent** মূল অর্থ- নির্বিকার; উদাসীন ; কোন পক্ষেই না; মাঝারী।

Synonym: unconcerned about, apathetic about/towards. Antonym: heedful.

মেয়েদের প্রপোজ করা হলে অনেক সময় তারা Indifferent অবস্থান নেয়। অর্থাৎ হ্যাঁ না কোনটাই বলে না। নির্বিকার থাকে। বা এই ব্যাপারে উদাসীন থাকে।

Scanned by CamScanner

Mnemonic- ১. মেয়েরা প্রেম করার জন্য সাধারণত একটু different টাইপের ছেলে চায়। কিন্তু তেমন কেউ প্রপোজ করলে আবার Indifferent অবস্থান নেয়। অর্থাৎ অর্থাৎ হ্যাঁ না কোনটাই বলে না।

৪২৯. **Indigenous** মূল অর্থ- স্থানীয় ।

Synonym: native, aboriginal, local. Antonym: expatriate.

Mnemonic- ১. Indigenous শব্দটি Genus থেকে এসেছে। genus দ্বারা গোত্রের মত একটি বিষয় বোঝানো হয়। indigenous= in the genus. অর্থাৎ গোত্রের মধ্যেই আছে/ বা এই এলাকার। আর Indigenous বলতেও স্থানীয় বোঝানো হয়।

৪৩০. **Indigent** মূল অর্থ- দরিদ্র।

Synonym: poor, impecunious, destitute. Antonym: rich.

Mnemonic- ১. Indigent= indian gents, ইন্ডিয়ান ভদ্রলোকরা সাধারণত গরিব'ই হয়।

৪৩১. **Indignant** মূল অর্থ- অত্যন্ত রাগী; অন্যায্য কিছু দেখে প্রচণ্ড রেগে যাওয়া।

Synonym: aggrieved, resentful, affronted. Antonym: content.

Mnemonic-১. Indignant = in+dignity(না+মর্যাদা), অর্থাৎ মর্যাদাহানী করা। মর্যাদাহানী করলে কেউ অত্যন্ত রেগে যায়।

৪৩২. **Indolent** মূল অর্থ- অলস ।

Synonym: lazy, idle, slothful. Antonym: industrious.

Mnemonic- ১. যেসব মানুষ indolent তারা বশিরভাগ সময়ি indoor এ থাকে ।

৪৩৩. **Indulgent** মূল অর্থ- প্রশ্রয়পূর্ণ ; ইচ্ছার দাম দেওয়া।

Synonym: permissive, easy-going, broad-minded. Antonym: strict.

Mnemonic- ১. Gentle মানুষ তাদের বাচ্চাদের প্রতি indulgent হয়।

৪৩৪. **Ineffable** মূল অর্থ- বর্ণনাতীত; ভাষায় বর্ণনা করা সম্ভব না এমন।

Synonym: inexpressible, indescribable, beyond words.

Mnemonic- ১. Fable মানে গল্প। যা গল্পের মত করে বোঝানো সম্ভব না, সেটাই Ineffable বা বর্ণনাতীত।

৪৩৫. **Inept** মূল অর্থ- জড়সড় , অপদার্থ; কাজের না।

Synonym: incompetent, unskilful, unskilled. Antonym: competent.

Mnemonic- ১. আমরা সবাই Ept Test এর নাম শুনেছি। এই টেস্টের মাধ্যমে বোঝা যায় যে কোন নারী গর্ভধারন করেছে কিনা। ept টেস্টে যদি দেখা যায় কেউ গর্ভধারণ করার কথা থাকলেও যে করতে পারেনি তবে তাকে inept শব্দের যতগুলো অর্থ আছে সবগুল অপবাদ সইতে হবে ।

Scanned by CamScanner

৪৩৬. **Inert** মূল অর্থ- নিষ্ক্রিয়; রাসায়নিকভাবে নিষ্ক্রিয়; আলসে।

Synonym: unmoving, motionless, immobile. Antonym: moving, active.

Mnemonic- ১. আমরা সবাই বিজ্ঞান বইতে নিষ্ক্রিয় গ্যাসের নাম শুনেছি। আর না শুনলেও সমস্যা নেই আমরা সবাই নিয়ম বাতির নাম শুনেছি। নিয়ণ বাতি এক ধরনের গ্যাস দিয়ে তৈরি হয়। তার নাম নিয়ন গ্যাস। আর এই গ্যাসটি কারো সাথেই বিক্রিয়া করে না তাই এর নাম inert গ্যাস বা নিষ্ক্রিয় গ্যাস।

৪৩৭. **Inexorable** মূল অর্থ- অনিবার্য, অপরিবর্তনীয়; কঠোর ।

Synonym: relentless, unstoppable, unavoidable, intransigent, unbending.

Mnemonic- ১. যা Inexorable সেটাই inflexible . শব্দদুটি শুনতে একইরকম আর অর্থ একই । যা পরিবর্তন করা যায় না । কঠিন । ইত্যাদি।

৪৩৮. **Infamous** মূল অর্থ- কুখ্যাত; জঘন্য।

Synonym: notorious, disreputable, ill-famed. Antonym: reputable.

Mnemonic- ১. Famous মানে বিখ্যাত, আর infamous ঠিক তার উল্টো ; কুখ্যাত।

৪৩৯. **Infatuated** মূল অর্থ- বোকা; মোহে পরে বা প্রেমে পরে বোকা হয়ে যাওয়া।

Synonym: besotted, in love, love-struck, head over heels in love.

Mnemonic- ১. Infant মানে শিশু। যারা Infant বা শিশুর মত আচরন করে তারাই Infatuated ।

৪৪০. **Infer** মূল অর্থ- অনুমান করা।

Synonym: deduce, reason, work out, conclude.

Mnemonic- ১. Infer = in far , ফার(far) মানে দূর। দূর ভবিষ্যতে কি হবে সেটা infer করতে হয়, অর্থাৎ অনুমান করতে হয়।

৪৪১. **Infinitesimal** মূল অর্থ- একদম ক্ষুদ্র; ক্ষুদ্র থেকেও ক্ষুদ্র।

Synonym: minute, tiny, minuscule. Antonym: huge.

Mnemonic- ১. Infinitesimal = infinitely small অর্থাৎ যা অসীম বা infinite এর কাছাকাছি ক্ষুদ্র সেটাই Infinitesimal ।

৪৪২. **Ingenuous** মূল অর্থ- ভেজালমুক্ত; খোলামেলা, সাদামাটা; সাধারণ ।

Synonym: naive, innocent, simple, childlike. Antonym: disingenuous.

Mnemonic- ১. Ingenuous = In + genuine। যা সাদামাটা, খোলামেলা বা সাধারণ সেটাই ভেজালমুক্ত বা Ingenuous ।

৪৪৩. **Inherent** মূল অর্থ- কোন কিছুর অপরিহার্য বৈশিষ্ট্য; জন্মগত; স্বকীয়।

Scanned by CamScanner

Synonym: intrinsic, innate, immanent, built-in. Antonym: acquired.

Mnemonic- ১. Inherent শব্দটি এসেছে heredity থেকে। যার অর্থ বংশগতীয়। বংশগতিয় বা জন্মগত বৈশিষ্ট্য সাধারণত খুবই গুরুত্বপূর্ণ হয়। কোন কিছুর inherent বৈশিষ্ট্য বলতে তার এমন কিছু বৈশিষ্ট্যকে বোঝায় যেগুলো ছাড়া সে বাচতে পারবে না বা তাকেই আর চেনাই যাবে না।

৪৪৪. **Injunction** মূল অর্থ- আনুষ্ঠানিক হুকুম।

Synonym: order, ruling, direction, directive, command, instruction, demand.

Mnemonic- ১. আমরা অনেক সময় শুনি হাইকোর্ট থেকে ইঞ্জাংকশন জারি করেছে। এর অর্থ হল কোর্ট আনুষ্ঠানিকভাবে কোন বিষয়ে ঘোষণা দিয়েছে। এই শব্দটিকে injection এর সাথে মিল রেখে মনে রাখা সহজ।

৪৪৫. **Innate** মূল অর্থ- সহজাত; প্রাকৃতিক; প্রকৃতি প্রদত্ত।

Synonym: inborn, natural, inbred, congenital, inherent. Antonym: acquired.

Mnemonic- ১. Natal মানে জন্মকালে | এই innate শব্দটির রুট Natal এর খুব কাছাকাছি। innate দ্বারা বোঝানো হচ্ছে যে জন্মসময় থেকেই। মানুষের কোন বৈশিষ্ট্য যদি তার ছোট বেলা থেকেই(মানে natal period থেকেই) থাকে তবে আমরা বলি যে এই বৈশিষ্ট্যটি জন্মগত, বা প্রকৃতিপ্রদত্ত বা প্রাকৃতিক। অর্থাৎ এই বৈশিষ্ট্যটি তাকে অর্জন করে নিতে হয়নি। এটি তার জন্মগত।

৪৪৬. **Innocuous** মূল অর্থ- ক্ষতিহীন; কারো ক্ষতি করে না এমন ।

Synonym: harmless, safe, non-dangerous. Antonym: obnoxious.

Mnemonic- ১. Innocuous= in no occurrence , অর্থাৎ এমন কিছুই ঘটেনি যাতে কারো ক্ষতি হয়। আর Innocuous মানেও ক্ষতিহীন ।

৪৪৭. **Inordinate** মূল অর্থ- অতিরিক্ত; অযৌক্তিক।

Synonym: excessive, undue, unreasonable. Antonym: moderate, limited.

Mnemonic- ১. Inordinate = in+ordinary , অর্থাৎ সাধারন না। ধরুন কারো কাছ থেকে আপনার টাকা পাওয়ার কথা ছিল, এখন সে ordinary বা যা দেবার কথা ছিল সেটা না দিয়ে অনেক বেশি দিল, অর্থাৎ inordinate বা অতিরিক্ত পরিমাণ টাকা দিল।

৪৪৮. **Insatiable** মূল অর্থ- অতৃপ্ত; যাকে সহজে সন্তুষ্ট করা যায় না।

Synonym: unquenchable, unappeasable, uncontrollable. Antonym: pleased.

Mnemonic- ১. Insatiable = in + satisfy + able। Insatiable মানুষকে satisfy করা যায় না।

৪৪৯. **Insidious** মূল অর্থ- প্রতারণাপূর্ণ; গোপন ।

Scanned by CamScanner

Synonym: stealthy, subtle, surreptitious. Antonym: straightforward.

Mnemonic- ১. Insidious= inside+us , অর্থাৎ যা inside বা ভেতরে আছে। যা inside এ আছে সেটাই Insidious বা গোপন। আর প্রতারণাপূর্ণ কাজগুলো সাধারণত গোপনেই করা হয়। Insidious শব্দের অর্থ "প্রতারণাপূর্ণ" ও "গোপন" দুটোই ।

৪৫০. **Insinuate** মূল অর্থ- ইংগিত দেওয়া; হামাগুড়ি দিয়ে ঢুকে পড়া।

Synonym: imply, suggest, hint, intimate, whisper, worm one's way into.

Mnemonic- ১. Insinuate = in+sign+ate , অর্থাৎ sign বা চিহ্ন দেওয়া । sign বা চিহ্নের মাধ্যমেই সাধারনত ইংগিত দেওয়া হয়।

৪৫১. **Insipid** মূল অর্থ- পানসে; নীরস ।

Synonym: tasteless, flavourless , uninteresting, boring. Antonym: tasty.

কোন পানীয় যদি insipid হয় তাহলে বুঝতে হবে সেটার কোন স্বাদ নেই অর্থাৎ পানসে। আবার কোন জোকস যদি insipid হয় বুঝতে হবে সেটা শুনে কারো হাসি পাবে না।

Mnemonic- ১. Sip মানে চুমুক দেওয়া। insipid= in + sid(id) , in মানে যদি না ধরি, তাহলে বলা যায়, চুমুক দেবার মত না। যদি কোন কিছু চুমুক দেবার মত না হয় তাহলে বুঝতে হবে সেটা পানসে। আর insipid মানেও পানসে বা বিস্বাদ।

৪৫২. **Insolent** মূল অর্থ- দাম্ভিক; অপমানজনক।

Synonym: impertinent, impudent, cheeky. Antonym: polite.

Mnemonic- ১. Insolent= insulting + arrogant , insulting মানে অপমানজনক, আর arrogant মানে দাম্ভিক। প্রথমটার প্রথমটুকু অর্থাৎ ins আর শেষেরটার শেষটুকু অর্থাৎ nt নিয়ে হয়েছে insolent। আর অর্থও এই দুটোই- দাম্ভিক; অপমানজনক।

৪৫৩. **Instigate** মূল অর্থ- উস্কানি দেওয়া; প্ররোচিত করা; উত্তেজিত করা।

Synonym: incite, encourage, urge, set in motion. Antonym: dissuade.

Mnemonic- ১. Instigate = Institute এর gate। MIT(Masatusate institute of technology) এমন একটি ইন্সটিটিউট, যেখানে পড়া বিশ্বের কোটি কোটি ছেলেমেয়ের স্বপ্ন। এই Institute এর gate দেখলেই ছেলেমেয়রা ভাল একটি GRE স্কোর করার জন্য উত্তেজনা পায়। এটি মানুষকে ভাল স্কোর করার জন্য উস্কে দেয়। (মনে রাখতে হবে যে Instigate শব্দটি সাধারনত পজিটিভ উস্কে দেওয়ার ক্ষেত্রে ব্যাবহিত হয় না, বরং কাউকে খারাপ কোন কাজে উস্কে দেবার ক্ষেত্রে ব্যাবহিত হয়)।

৪৫৪. **Insular** মূল অর্থ- দ্বীপ ; জনবিচ্ছিন্ন ।

Synonym: isolated, inaccessible, cut off. Antonym: accessible.

Scanned by CamScanner

Mnemonic- ১. ল্যাটিন ভাষায় insula মানে দ্বীপ । ল্যাটিনের insula থেকেই আজকের insular শব্দটি এসেছে। আবার আমরা সবাই insulator শব্দটির সাথে পরিচিত। insulator হল এমন একটি জিনিস যা কোন কিছুকে অভেদ্য করে রাখে। যেমন বৈদ্যুতিক তারের উপর insulator দিলে সেটা আর শক করে না পাশাপাশি তাপ অপচয় করে না। আবার ফ্রিজের মধ্যে insulator থাকে কারন সেটা ভেতরের চেম্বারটাকে বাইরের তাপমাত্রা থেকে আলাদা করে রাখে । অর্থাৎ insulator মানে এমন পদার্থ যা কোন কিছুকে আলাদা বা বিচ্ছিন্ন করে রাখে। insulator আর insular খুব কাছাকাছি শব্দ। দুটোর অর্থই বিচ্ছিন্ন করা সম্পর্কিত।

৪৫৫. **Insurgent** মূল অর্থ- বিদ্রোহী।

Synonym: rebel, revolutionary, revolutionist, mutineer, agitator, subversive.

Mnemonic- ১. আর্মি ও পুলিশে sergeant নামে একটি পদ আছে। sergeant হল এমন একজন অফিসার যে কারো কমান্ডে চলে না। insurgent = in + sergeant । যে পুলিশ sergeant এর নির্দেশ শোনে না, সেই পুলিশ বিদ্রোহী বা Insurgent ।

৪৫৬. **Integral** মূল অর্থ- অবশ্য প্রয়োজনীয়, গুরুত্বপূর্ণ।

Synonym: essential, fundamental, basic. Antonym: incidental, peripheral.

Mnemonic- ১. ক্যালকুলাস হল গনিতের একটি শাখা। দুই ধরনের ক্যালকুলাসের মধ্যে একটি হল Integral ক্যালকুলাস। আমরা জানি ক্যালকুলাস খুবই গুরুত্বপূর্ণ বিষয়। মনে রাখার জন্য ভাবুন- Integral ক্যালকুলাস গুরুত্বপূর্ণ আর Integral মানেও গুরুত্বপূর্ণ ।

৪৫৭. **Integrate** মূল অর্থ- একত্র করা।

Synonym: combine, amalgamate, merge. Antonym: separate.

Mnemonic- ১. Integrate = in together . অর্থাৎ একত্র হওয়া বা একত্র করা । আমরা সবাই মোবাইল বা কম্পিউটারের ic (আইসি) এর সাথে পরিচিত। আইসি মানে Integrate circuit. অনেকগুলো সার্কিট একত্র করে যখন কোন সার্কিট তৈরি করা হয় তখন সেটাকে বলা হয় ic বা Integrate circuit। এ থেকেই বোঝা যাচ্ছে Integrate মানে হল একত্র ।

৪৫৮. **Intractable** মূল অর্থ- বশ মানে না, অবাধ্য; জেদি ।

Synonym: unmanageable, uncontrollable, ungovernable. Antonym: manageable.

Mnemonic- ১. Intractable মানে যাকে GPS দিয়েও Track করা যায় না । আর যাকে Track করা যায় না বুঝতে হবে সে অবাধ্য ও জেদি। Intractable = not Track able .

৪৫৯. **Intransigent** মূল অর্থ- সমঝোতা করতে অনাগ্রহী; জেদি।

Synonym: uncompromising, inflexible, unbending. Antonym: compliant.

কোন বিচারের বিচারক যদি Intransigent হয় তাহলে বুঝতে হবে যে সে শাস্তি কমাতে রাজী হইয়।

Scanned by CamScanner

Mnemonic- ১. Intransigent = in + transact(transaction) , in মানে না আর transaction মানে লেনদেন, অর্থাৎ লেনদেন করতে আগ্রহী না । Intransigent ব্যাক্তি দ্বারা একমন একজন ব্যাক্তিকে বোঝায় যে লেনদেন করতে আগ্রহী না বা সমঝোতা করতে আগ্রহী না। সমঝোতা না হলে তো আর লেনদেন সম্ভব না । আর এমন লোককে অবশ্যই জেদি বলতেই হয়।

৪৬০. **Intrinsic** মূল অর্থ- স্বকীয়; নিজস্ব।

Synonym: inherent, innate, inborn, inbred. Antonym: extrinsic, acquired.

কুকুরের লেজ বাকা হয়ে থাকে এটা তার Intrinsic বৈশিষ্ট্য।

Mnemonic- ১. In মানে ভেতরের, Intrinsic বৈশিষ্ট্য মানে ভেতরের বৈশিষ্ট্য। ex মানে বাইরের extrinsic বৈশিষ্ট্য মানে বাইরের বৈশিষ্ট্য ।

৪৬১. **Introspective** মূল অর্থ- কারো মনের ও চিন্তার অবস্থা বুঝতে চেষ্টা করা; কারো অনুভুতি বোঝার চেষ্টা করা।

Synonym: inward-looking, self-examining. Antonym: outward-looking.

Mnemonic- ১. Introspective = intro + respective, অর্থাৎ কারো ভেতরের বিষয়কে সম্মান করা। Introspective করা মানে কেউ কি ভাবছে সেটা বুঝতে চেষ্টা করা। আর কারো মনের অবস্থা বুঝে তো আর সেটাকে সম্মান করা যায় না।

৪৬২. **Inundate** মূল অর্থ- প্লাবিত করা; পানি দিয়ে ভাষিয়ে দেওয়া; অভিভূত করা।

Synonym: overwhelm, overpower, overburden, overrun, overload, swamp.

Mnemonic- ১. Inundate = I Nun Date , আমি একজন নানের(খ্রিষ্টান সন্ন্যাসিনী) কাছে গেলাম, গিয়ে একটা ডেট জিজ্ঞেস করলাম। কিসের ডেট ? নোয়া(নূহ নবী কে খ্রিষ্টানরা বলে নোয়া) কোন ডেটে সেই মহাপ্লাবনের সময় নৌকাতে উঠেছিল। বিষয়টা প্যাঁচানো হয়ে গেলেও, এই গল্পটা মনে পড়লেই নূহ-নাণ-নৌকা- আর তারপর মহাপ্লাবনের কথা মনে পরে যাবে।

৪৬৩. **Invective** মূল অর্থ- কুটুক্তিমূলক; হিংসাত্মক; অবমাননাকর।

Synonym: abuse, insults, vituperation, expletives. Antonym: praise.

Invective বাক্য বলা মানে কাউকে গালি দিয়ে বা অপমান করে কথা বলা।

Mnemonic- ১. Envy মানে হিংসা । Invective = envy + active, অর্থাৎ যে actively হিংসা করে বা সবসময় হিংসা করতেই থাকে। আর হিংসা করাই যার কাজ সে Invective বা হিংসাত্মক/কুটুক্তিমূলক কথা বলে।

৪৬৪. **Inveterate** মূল অর্থ- স্বভাবগত; মজ্জাগত।

Synonym: ingrained, deep-seated, deep-rooted. Antonym: unusual.

Scanned by CamScanner

কেউ যদি মিথ্যা বলায় Inveterate হয়, তবে বুঝতে হবে যে মিথ্যা বলাটা তার স্বভাবগত, সে ইচ্ছে করলেই সত্য কথা বলতে পারবেনা।

Mnemonic- ১. Inveterate = in veter ate , in মানে ভিতর, veter কে উচ্চারণ করুন ভিতর। শব্দটির মধ্যে দুইবার ভেতর আছে। কোন স্বভাব যদি মানুষের একদম ভেতরে গেথে যায়, তবে সেটাকে বলা হবে Inveterate বা মজ্জাগত।

৪৬৫. **Irascible** মূল অর্থ- সহজেই রেগে যায়; মাথাগরম ।

Synonym: irritable, quick-tempered, short-tempered. Antonym: calm.

Mnemonic- ১. Irascible = erase + ible(able), erase মানে মুছে ফেলা । erase+able মানে মুছে ফেলা যায়। সামান্য ঘটনায় যার কাণ্ডজ্ঞান থাকে না অর্থাৎ কাণ্ডজ্ঞান মুছে যায়, তেমন মানুষকেই বলা হয় Irascible বা মাথাগরম মানুষ।

৪৬৬. **Ironic** মূল অর্থ- কোন কিছু বলে তার উল্টো অর্থ বোঝানো; বিদ্রূপ করে উল্টো বলা।

Synonym: sarcastic, sardonic, dry, caustic. Antonym: sincere.

প্রচুর গরমের মধ্যে কেউ আপনাকে গরম পানি খেতে দিল, তার কাণ্ডজ্ঞানের অভাব বুঝতে পেরে আপনি তাকে বলেন- " পানিটা তো বেশ ঠাণ্ডা, আরেকটু গরম হলে খেতে ভাল লাগত " । এখানে আপনি বোঝাতে চেয়েছেন, বলেছেন তার উল্টোটা। এভাবে বিপরীত বলে বিদ্রূপাত্মক ইঙ্গিত করাকে Irony করা বলে, আর এমন বাক্যকে বলে Ironic বাক্য।

Mnemonic- ১. Irony কে iron দিয়ে মনে রাখুন। বাসায় পুরুষদের থেকে মহিলারাই বেশি জামাকাপড় iron করে। আর পুরুষদের থেকে মহিলারাই বেশি irony টাইপের কথা বেশি বলে। তাই যারা বেশি iron করে তারাই বেশি irony করে ।

৪৬৭. **Irrevocable** মূল অর্থ- অপরিবর্তনীয়; যা পরিবর্তন করা যায় না।

Synonym: irreversible, unrectifiable, irremediable. Antonym: reversible.

Mnemonic- ১. Revoke মানে বাতিল করা, বা পরিবর্তন করা। revocable মানে- পরিবর্তন করার যোগ্য । আর Irrevocable মানে যা পরিবর্তন করার যোগ্য নয়। কোন শব্দের আগে এই- "i" প্রিফিক্স বসিয়ে দিলে তার অর্থ উল্টো হয়ে যায়। যেমন- regular মানে নিয়মিত আর irregular মানে অনিয়মিত। এক্ষেত্রেও ঠিক তাই হয়েছে।

৪৬৮. **Itinerant** মূল অর্থ- এক স্থান থেকে অন্য স্থানে ঘুরে বেড়ানো; ভ্রাম্যমাণ ।

Synonym: travelling, peripatetic, wandering. Antonym: sedentary.

Mnemonic- ১. Itinerant শব্দটির সাথে Itinerary শব্দের মিল আছে। আমরা সবাই জানি ভ্রমন করার প্ল্যানকে Itinerary বলা হয়। আর একজন Itinerant মানুষ হলো এমন একজন ব্যাক্তি, যে বিভিন্ন স্থানে ভ্রমন করে বেরায়। তবে Itinerant শব্দটি শুধু মানুষের ক্ষেত্রেই ব্যাবহিত হয় না। ভ্রাম্যমাণ কোন কিছু বোঝাতেও এই

Scanned by CamScanner

শব্দটি ব্যাবহার করা হয়। ২. কেউ যদি Itinerary শব্দটির সাথে পরিচিত না হয় তবে এটি মনে রাখার জন্য এই শব্দটির সাথে tannery শব্দটিকে ভাবুন। tannery বা চামড়ার কারখানা তার তিব্র গন্ধের কারনে কোন এলাকাতেই বেশিদিন টিকেতে পারে না ফলে তাকে বিভিন্ন এলাকায় স্থানান্তরিত হতে হয়, বা ভ্রমন করতে হয়।

৪৬৯. **Judicious** মূল অর্থ- সূক্ষ্মবিচার; ন্যায়বিচার ।

Synonym: wise, sensible, prudent, politic. Antonym: ill-advised.

Mnemonic- ১. Judicious শব্দটি judge শব্দ থেকে এসেছে। judge করা মানে বিচার করা। আর Judicious মানে হল একদম সঠিক judge করা।

Note: এখানে একটি বিষয় মনে রাখা দরকার । Judicious ও judicial শব্দকে অনেক সময় একই রকম জায়গায় ব্যাবহার করা হয়। কিন্তু দুটি শব্দের মধ্যে একটি বড় পার্থক্য আছে। যেকোনো বিচার সংক্রান্ত বিষয়কেই judicial বলা যায় , কিন্তু শুধুমাত্র সঠিক ও সূক্ষ্মবিচারকেই Judicious বলা যাবে।

৪৭০. **Juxtapose** মূল অর্থ- পাশাপাশি রাখা(একটির পর আরেকটি) ।

Synonym: place/set side by side, compare, contrast.

Mnemonic- ১. Juxtapose = just next + position, অর্থাৎ just একটি পরের(next) পজিশনে আরেকটিকে সাজিয়ে রাখাকেই Juxtapose বলা হয়।

৪৭১. **Kinetic** মূল অর্থ- গতিসংক্রান্ত, প্রানবন্ত।

Synonym: moving. Antonym: nonmoving.

Mnemonic- ১. katrina kaif একজন Kinetic গার্ল ; মানে ক্যাটরিনা কাইফ একজন প্রানবন্ত মেয়ে। যারা খুব চটপটে বা গতিশীল হয় তাদেরকেই আমরা প্রানবন্ত বলে থাকি। Kinetic শব্দটি সাধারণত যেকোনো গতিশীল বা গতিসংক্রান্ত ব্যাপারেই ব্যাবহার করা হয়ে থাকে। আর যখন তা একজন মানুষের ক্ষেত্রে ব্যবহার করা হয় তখন এটার অর্থ হয়- প্রান্তবন্ত বা জীবন্ত ।

৪৭২. **Labyrinth** মূল অর্থ- গোলকধাঁধা; ধাঁধা ।

Synonym: maze, warren, network, complex.

Mnemonic- ১. Labyrinth মানে হল গোলকধাঁধা। গোলকধাঁধা আসলে এমন একটি স্থান, যেখানে কেউ ঢুকলে আর বের হতে পারে না। কারন সে যে পথ দিয়েই বের হোক না কেন শেষ পর্যন্ত আগের অবস্থানেই ফিরে আসে। গ্রিক মিথলজি অনুসারে দেবতা ডেডিলাস ষাঁড়ের মাথা যুক্ত এক মানুষকে আটকে রাখার জন্য প্রথম একটি Labyrinth বা গোলকধাঁধা তৈরি করেছিলেন। যাতে ওই মিনোটারটি(ষাঁড়ের মাথা যুক্ত মানুষ) পালাতে না পারে। মজার ব্যাপার হলো- এই গ্রিক মিথ ছাড়া এই শব্দটির অন্য কোন রুট খুজে পাওয়া যায়না।

৪৭৩. **Laconic** মূল অর্থ- স্বল্পভাষী; অল্প কথা বলা ।

Synonym: brief, concise, terse, succinct. Antonym: verbose, loquacious.

Scanned by CamScanner

বিশেষ করে রুক্ষ ব্যাবহার করা বোঝাতে এই শব্দটি ব্যাবহার করা হয়।

Mnemonic- ১. Laconic = lack of word অর্থাৎ শব্দের অভাব। Laconic বলতে গেলে প্রথমেই lack বলতে হয়। lack মানে কম। Laconic শুনলেই বুঝতে হবে যে এখানে কিছু একটা কমের কথা বলা হচ্ছে। আর সেটা হল sonic(ধ্বনি) বা শব্দ।

৪৭৪. **Lament** মূল অর্থ- শোক প্রকাশ করা; বিলাপ করা।

Synonym: wail, wailing, lamentation, moan. Antonym: celebrate, rejoice.

Mnemonic- ১. Lament = l(amen)t , কেউ মারা গেলে ধর্মীয় আনুষ্ঠানিকতা পালন করার পর amen বলা হয়। মনে রাখতে হবে যে- কারো মৃত্যুতে lament করার সময় lt(last) এ amen বলা হয়।

৪৭৫. **Lampoon** মূল অর্থ- ব্যাঙ্গ করা; বিদ্রূপ করা।

Synonym: satirize, mock, ridicule, make fun of, poke fun at.

Mnemonic- ১. Lampoon = lamp + spoon , আপনি যদি spoon বা চামচে করে lamp বা বাতিতে তেল ভরতে শুরু করেন তবে সবাই আপনাকে নিয়ে lampoon করা শুরু করবে।

৪৭৬. **Languish** মূল অর্থ- দুর্বল হয়ে যাওয়া; অবসন্নতা।

Synonym: weaken, grow weak, deteriorate. Antonym: thrive, flourish.

Mnemonic- ১. Languish = lack of wish , কেউ যদি Languish হয়ে যায় অর্থাৎ দুর্বল/অবসন্ন হয়ে যায়, তবে তার wish বা ইচ্ছে একদম কমে যাবে(lack)। (বাস্তবেও দুর্বল অবসন্ন মানুষের ভাল-মন্দ কোন সবরকম ইচ্ছাই একদম কমে যায়)

৪৭৭. **Largess** মূল অর্থ- বদান্যতা; বড় ধরনের দান করা; মানবপ্রেমী।

Synonym: generosity, liberality, munificence. Antonym: meanness.

Mnemonic- ১. Largess = large+ss , এখানে ss মানে social service বা সামাজিক সেবা। Largess মানে বড় ধরনের সমাজ সেবা। Largess মানে বড় ধরনের social service দেওয়া বা দান করা। আর যারা এসব করে বেরায় তারা অবশ্যই মানবপ্রেমী।

৪৭৮. **Latent** মূল অর্থ- উপস্থিত কিন্তু দৃশ্যমান না; আপাত ; কার্যকরি(কিন্তু দৃশ্যমান না)।

Synonym: dormant, quiescent, inactive, untapped. Antonym: manifest, active.

একটি ক্যামেরার ফিল্মের ভেতর ছবি থাকে। কিন্তু সেটাকে স্টুডিওতে নিয়ে Develop না করলে কিন্তু ছবিটি দেখা যাবে না। অর্থাৎ ফিল্মের মধ্যে ছবিটি latent অবস্থায় আছে।

Mnemonic- ১. Latent = late potent , অর্থাৎ দেরি করে কার্যকরী। আসলে latent বলতে এমন জিনিসকেই বোঝায় যা এখনো কার্যকরী না তবে পরে(দেরি করে) কার্যকরী হবে এটা নিশ্চিত।

Scanned by CamScanner

৪৭৯. **Laud** মূল অর্থ- প্রশংসা করা; উচ্চ প্রশংসা করা; হাততালি দেওয়া।

Synonym: praise, extol, hail, applaud, acclaim. Antonym: condemn.

Mnemonic- ১.laud = loud , laud মানে উচ্চপ্রশংসা করা , আর loud মানে উচ্চ করা বা বৃদ্ধি করা। যেমন- loudspeaker এ সাউন্ডকে অনেক বৃদ্ধি করা হয়। আর এই laud করা মানে কাউকে অনেক প্রশংসা করা বা হাততালি দেওয়া । অর্থাৎ দুটির অর্থই উচ্চ পর্যায়ের ☺ ।

৪৮০. **Legacy** মূল অর্থ- উত্তরাধিকার সুত্রে পাওয়া; উইল করে দেওয়া ।

Synonym: bequest, inheritance, heritage, bequeathal, bestowal, benefaction.

Mnemonic- ১. Legacy পাওয়া = legally পাওয়া । কোনকিছু উত্তরাধিকার সুত্রে বা উইল থেকে পাওয়াটা legally পাওয়া ।

৪৮১. **Lethargy** মূল অর্থ- ঢিলা; ঝিমুনি; অলস ।

Synonym: sluggishness, inertia, inactivity. Antonym: vigour, energy.

Mnemonic- ১. Lethargy = lack of energy . মানুষের যখন ঝিমুনি আসে বা তারা ঢিলামি করে, বুঝতে হবে যে তখন তাদের এনার্জি কমে গেছে, বা Lethargy শুরু হয়েছে।

৪৮২. **Levity** মূল অর্থ- হালকা স্বভাবের; জাতে অসার; সিরিয়াস না ।

Synonym: light-heartedness, carefreeness, light-mindedness. Antonym: gravity.

Mnemonic- ১. Levity = live+eat , অর্থাৎ শুধু বেচে থাকা আর খাওয়া। জাতে অসার লোক বা Levity লোকজন খাওয়া বাদে আর তেমন কিছু করে না। যারা শুধু live করে আর eat করে তাদের levity বলা হয় ।

৪৮৩. **Libel** মূল অর্থ- লিখিতভাবে অনন্যার নামে নিন্দা করা বা মিথ্যা কথা বলা ।

Synonym: defamation, defamation of character, vilification. Antonym: praise.

Mnemonic- ১. Libel শুনতে অনেকটা label এর মত। কোন জিনিস ক্ষতিকারক কিনা সেটা বোঝানোর জন্য বোতল বা কন্টেইনারের গায়ে label/লেবেল দেওয়া থাকে। যেমন বিষ থাকলে লেবেলে লেখা থাকে- সাবধান বিষ। যদি কোন লেবেল সঠিক হয় তবে সেটাকে label বলে, আর যদি কোনটি মিথ্যা হয় বা ইচ্ছে করেই কোন ভাল জিনিসকে ক্ষতিকর বলে সেটাকে libel বলে । শুধু মনে রাখতে হবে Libel দিয়ে সাধারনত কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে মিথ্যা লিখিত অভিযোগকে বোঝানো হয়।

৪৮৪. **Litigate** মূল অর্থ- মামলা করা ।

Synonym: sue, process, challenge, action. Antonym: withdraw.

Mnemonic- ১. Litigate = কেচিগেট , Litigate শুনতে কেচিগেট এর মত। কলাপসিবল গেটকে আমাদের দেশে অনেক সময় কেচিগেট বলা হয়। কোন প্রতিবেশি যদি রাতের আধারে কেচিগেট দিয়ে আপনার বাসায় ঢুকে যায় আপনি তখন কি করবেন ? তার নামে আদালতে একটা মামলা বা Litigate করবেন ।

Scanned by CamScanner

৪৮৫. **Loquacious** মূল অর্থ- বাকপটু, বাচাল ।

Synonym: talkative, garrulous, voluble. Antonym: reticent, taciturn.

Mnemonic- ১. Loquacious এর থেকে loq(লোক) বেছে নিন, তারপর qua(কওয়া) মানে বলা বেছে নিন। যে লোক বেশি কয় মানে বেশি বলে সেই Loquacious বা বাচাল। এর আগে আমরা laconic শব্দটি পড়েছিলাম। এর অর্থ হল স্বল্পভাষী। আর Loquacious হল তার ঠিক উল্টো।

৪৮৬. **Lucid** মূল অর্থ- স্বচ্ছ; পরিস্কার; সহজবোধ্য।

Synonym: clear, intelligible, comprehensible. Antonym: dark , muddled.

Mnemonic- ১. Lucid শুনতে অনেকটা acid এর মত। মানুষ acid দিয় স্বর্ণ , রূপা এবং আরও অনেক জিনিস পরিস্কার করে। so Lucid হল এসিড এর মত পরিস্কার ।

৪৮৭. **Lugubrious** মূল অর্থ- মাত্রাতিরিক্ত দুঃখী; বিষণ্ণ ।

Synonym: mournful, gloomy, sad. Antonym: cheerful, joyful.

Mnemonic- ১. Lugubrious = lugu + bury + us , lugu মানে গল্প আর bury মানে কবর দেওয়া। কেউ যখন তার কোন প্রিয়জনকে কবর দেবার গল্প বলে তখন তাকে অনেক দুঃখী ও বিষণ্ণ মনে হয়।

৪৮৮. **Luminous** মূল অর্থ- উজ্জ্বল; আলো দেয় এমন ।

Synonym: shining, bright, brilliant, radiant. Antonym: dark.

Mnemonic- ১. শচিন টেন্ডুলকার luminous inverters কোম্পানির এ্যাড দেয়। আমরা সবাই জানি এটি একটি আইপিএস কোম্পানি। আইপিএস যেহেতু লোড সেডিং এর সময় আলো দেয় সম্ভবত তাই এই কোম্পানির এমন নাম রাখা হয়েছে। আর এটি এসেছে ল্যাটিণ lumen থেকে যার অর্থ আলো।

৪৮৯. **Machination** মূল অর্থ- খারাপ কাজের জন্য ফন্দি পাকানো।

Synonym: schemes, plotting, plots, intrigues, conspiracies, designs, plans.

Mnemonic- ১. Machination শব্দটি মূলত Machine থেকে এসেছে। একসময় কোন জটিল কাজ করার জন্য পরিকল্পনা করা বা কোন যন্ত্র তৈরি করার জন্য বিষয়গুলোকে বোঝানোর জন্য machinari শব্দটি ব্যাবহার করা হত। আপনি যদি কারো ভাল করতে চান তবে তার জন্য কোন জটিল ও কুটিল পরিকল্পনা লাগে না, কিন্তু কারো ক্ষতি করার জন্য আপনাকে অবশ্যই অনেক জটিল পরিকল্পনা করতে হয়। অর্থাৎ কিছুটা machinari জাতীয় কাজ করতে হয়। সে থেকেই কালক্রমে Machination শব্দটি দ্বারা- "খারাপ কাজের জন্য ফন্দি পাকানো" বোঝায়।

৪৯০. **Magnanimous** মূল অর্থ- ক্ষমাশীল; উদার; মহৎ ।

Synonym: generous, charitable, benevolent. Antonym: selfish.

Scanned by CamScanner

Mnemonic- ১. Magni বা magna দ্বারা বড় কিছু বোঝানো হয়। যেমন- magnifying glass দিয়ে কোন কিছুকে বড় করে দেখা যায়। অর্থাৎ magna মানে বড়। আর Magnanimous হল বড় মনের মানুষ। বা ক্ষমাশীল; উদার; মহৎ।

৪৯১. **Magnate** মূল অর্থ- ধনী ব্যাক্তি; সফল ও ক্ষমতাশীল ব্যাবসায়ী ।

Synonym: industrialist, tycoon, mogul. Antonym: pawn.

Mnemonic- ১. বাংলা সিনেমাতে আমরা business Magnate কথাটির সাথে পরিচিত। আসলে যখন কোন ব্যাবসায়ি তার ব্যাবসায়ে প্রচুর সফলতা লাভ করে আর তার ফলে সে অনেক ক্ষমতাবান ব্যাক্তিতে পরিনত হয় তখন তার সাথে Magnate শব্দটি ব্যাবহার করা হয়। Magnate কে magnet বা চুম্বক দিয়েও মনে রাখতে পারেণ। চুম্বক সাধারনত সব ধাতুকে আকর্ষণ করে। আর ক্ষমতাবান সফল ব্যাবসায়ি ও ধনী ব্যাক্তিরাও মানুষজনকে চুম্বকের মতই আকর্ষণ করেন।

৪৯২. **Malaise** মূল অর্থ- অস্বস্তি বোধ করা; হতাশা বোধ করা ।

Synonym: unhappiness, restlessness, uneasiness. Antonym: comfort, well-being.

Mnemonic- ১. Malaise = mal + ease , mal মানে খারাপ, আর ease মানে শান্তি। যেখানেই এই mal দেখবেন বুঝে নেবেন যে এখানে খারাপ কিছু বোঝানো হচ্ছে। একটা পরিচিত উদাহরণ দেই। এক সময় মনে করা হত যে খারাপ বাতাস থেকে malaria রোগ হয়। mal মানে খারাপ আর aria মানে বাতাস। ফলে এই রোগের নাম হয়ে গেল malaria।

৪৯৩. **Malfeasance** মূল অর্থ- সরকারী আমলার অন্যায় আচরণ ।

Synonym: misconduct, wrongful conduct, wrongdoing, actus reus.

Mnemonic- ১. Malfeasance = mal + fees + ens , mal মানে খারাপ, আর fees মানে কোন কিছুর ফি । বেশিরভাগ সময়ই দেখা যায়- সরকারী আমলারা সাধারন জনগনের কাছ থেকে বেশি fees নিয়ে থাকে। আর এটা নিঃসন্দেহে খুব খারাপ আচরণ । আর Malfeasance অর্থও সরকারী আমলার অন্যায় আচরণ।

৪৯৪. **Malignant** মূল অর্থ- ক্ষতিকর; বিশেষ করে স্বাস্থের জন্য ক্ষতিকর।

Synonym: spiteful, hostile, malevolent, malicious. Antonym: benign.

Mnemonic- ১. Pregnet অবস্থায় Malignant কিছু খাওয়া যাবে না। Mal মানে খারাপ। কোন কিছু malignat হলে বুঝতে হবে যে তা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। tumor দুই ধরনের হয়। এক ধরনের টিউমার থেকে ক্যান্সার ছড়ায়, আর অন্য ধরনের থেকে কিছু হয়না। যে টিউমার ক্ষতিকর অর্থাৎ ক্যান্সার ছড়ায় সেগুলোকে বলা হয় Malignant টিউমার । অর্থাৎ Malignant মানে ক্ষতিকর ।

৪৯৫. **Malinger** মূল অর্থ- অসুস্থতার অজুহাতে কাজ ফাকি দেওয়া।

Synonym: pretend to be ill, feign/fake illness.

Scanned by CamScanner

Mnemonic- ১. Malinger মানে ক্রিকেটার মালিঙ্গার কথা ভাবুন। এইসব খেলয়াররা কিছু হলেই ইনজুরি বা অসুস্থতার ওজুহাতে খেলা ফাকি দেয় । (ক্রিকেটপ্রেমীরা রাগ করবেন না, এটা শুধুমাত্র মনে রাখার জন্যই বলা)।
২. Linger মানে কোনকিছুতে দীর্ঘসময় লাগানো। আর mal মানে তো খারাপ। অর্থাৎ এই শব্দটির রুট থেকে বোঝা যাচ্ছে কোন একটি অসৎ ওজুহাতে বা কারনে যদি কেউ কাজে দীর্ঘসময় লাগায় বা ফাকি দেয় তবে সেটাকে Malinger বলা হয়।

৪৯৬. **Malleable** মূল অর্থ- সহজেই বিভিন্ন আকার আকৃতি দেওয়া যায়; সহজেই পরিবর্তনীয়।

Synonym: pliable, ductile, plastic, pliant. Antonym: hard.

Mnemonic- ১. Malleable = meltable, এই দুটি শব্দ শুনতে প্রায় একই রকম। যা মেল্ট করা বা গলানো যায় সেটাকে meltable বলে। আর যা গলানো যায় সেটাকে সহজেই যেকোনো আকারে পরিনত করা যায়। আর Malleable মানে সহজেই যার আকার পরিবর্তন করা যায়।

৪৯৭. **Mandate** মূল অর্থ- কোন কাজের জন্য হুকুম করা।
Synonym: instruction, direction, decree, command, order, injunction.
Mnemonic- ১. Mandate = man+date; কোন একজন man(মানুষ) আপনাকে কোন একটি কাজ করার জন্য একটি date ফিক্সড করে দিল। অর্থাৎ আপনাকে Mandate করল বা কাজের জন্য হুকুম করল।
২. Mandatory মানে বাধ্যতামূলক। এই Mandate থেকেই Mandatory শব্দটি এসেছে ।

৪৯৮. **Manifest** মূল অর্থ- দৃশ্যমান; স্পষ্ট ।

Synonym: obvious, clear, plain, apparent. Antonym: hidden, secret.

Mnemonic- ১. Manifest = Manifesto। নির্বাচনের আগে রাজনৈতিক দলগুলো তাদের ইশতেহার বা Manifesto ঘোষণা করে। সেখানে লেখা থাকে যে, আগামি ইলেকশনে জিততে পারলে তারা দেশর উন্নয়নের জন্য তারা কি ধরনের নীতি গ্রহন করবে । এই Manifesto হল একদম দৃশ্যমান অর্থাৎ দলের দৃশ্যমান পরিকল্পনা। যা সবাই দেখতে পারে। আর Manifest অর্থও দৃশ্যমান বা স্পষ্ট ।

৪৯৯. **Manifesto** মূল অর্থ- ইশতেহার; ঘোষণাপত্র; জনসাধারনের জন্য উন্মুক্ত নীতিমালা।

Synonym: policy statement, platform, programme, declaration, proclamation.

Manifesto দ্বারা বিশেষভাবে রাজনৈতিক দলের ইশতেহারকেই বোঝানো হয়।
Mnemonic- ১. নির্বাচনী ইশতেহার বা Manifesto এর সাথে আমার সবাই পরিচিত। এই শব্দটি ল্যাটিন manifestus শব্দ থেকে এসেছে। যার অর্থ প্রকাশ্যে ঘোষণা করা ।

৫০০. **Marshal** মূল অর্থ- সারিবদ্ধভাবে দাঁড়ানো; কোনকিছু করার জন্য অনেকে একসাথে জড় হওয়া।

Synonym: gather, gather together, assemble, collect, muster, mass, amass.

Mnemonic- ১. Marshal = March , Marshal শুনতে অনেকটা march এর মত। সৈনিকরা মার্চ করার সময় সারিবদ্ধভাবে দাঁড়ায়। আর Marshal অর্থও সারিবদ্ধভাবে দাঁড়নো।

Scanned by CamScanner

৫০১. **Martial** মূল অর্থ- যুদ্ধের মত; যুদ্ধ সংক্রান্ত।

Synonym: warlike, combative, belligerent, bellicose. Antonym: civil, civilian.

Mnemonic- ১. ১৯৭১ সালে তৎকালীন পূর্বপাকিস্থানে(বর্তমানে বাংলাদেশ) Martial law সামরিক আইন জারি করা । সামরিক বাহিনী তৈরি করা হয় যুদ্ধের জন্য। আর Martial শব্দটি দ্বারা যুদ্ধ ও সামরিক বাহিনী সংক্রান্ত বিষয়াবলী বোঝানো হয়।

৫০২. **Martyr** মূল অর্থ- শহীদ; ধর্মযুদ্ধে শহীদ ।

Synonym: put to death, kill, make a martyr of, martyrize; burn.

Mnemonic- ১. Martyr = mar + tyr (মরার জন্য তৈয়ার বা তৈরি) ; যারা ধর্মের জন্য যুদ্ধ করে তারা যেকোনো মুহূর্তে মৃত্যুর জন্য তৈরি থাকে। ফলে তারা যুদ্ধ করতে গিয়েই Martyr হয় ।

৫০৩. **Matriculate** মূল অর্থ- ভর্তি হওয়া; বিশেষ করে কলেজে ভর্তি হওয়া।

Synonym: be enrolled at a college or university.

Mnemonic- ১. একসময় এসএসসি পরীক্ষাকে বলা হত Matriculation পরীক্ষা। আর যারা এই পরিক্ষায় পাশ করত তাদের বলা হত ম্যাট্রিক পাশ। যে ম্যাট্রিক পাশ করতে পারে শুধু তারাই কলেজে ভর্তি হতে পারে বা Matriculate করতে পারে। এই হল ম্যাট্রিক পাশের ইতিহাস।

৫০৪. **Maudlin** মূল অর্থ- বোকা ও অতিরিক্ত ভাবপ্রবণ।

Synonym: sentimental, over-sentimental, emotional. Antonym: austere.

Mnemonic- ১. Maudlin = modeling , যখন একজন সাধারন মানুষকে modeling করার জন্য ডাকা হয় তখন বেশিরভাগ মানুষই Maudlin হয়ে যায়। অর্থাৎ বোকা ও অতিরিক্ত ভাবপ্রবণ আচরণ করে।

৫০৫. **Maverick** মূল অর্থ- সমাজের রীতিনীতি সম্পর্কে অনাগ্রহী; প্রথাবিরোধী; ভবঘুরে; বাউন্ডুলে।

Synonym: individualist, nonconformist, free spirit. Antonym: conformist.

Mnemonic- ১. টপ গান সিনেমায় টম ক্রুজের নাম থাকে Maverick । আর Maverick চরিত্রটি প্রথাবিরোধী ও ভবঘুরে টাইপের। সে নৌবাহিনীর সদস্য হওয়া সত্ত্বেও নৌবাহিনীর অনেক নিয়ম ভঙ্গ করে। ফলে বোঝাই যাচ্ছে এই সিনেমায় টম ক্রুজের নাম কেন Maverick থাকে ।

৫০৬. **Maxim** মূল অর্থ- একটি মৌলিক নীতি; প্রাচীন প্রচলিত কথা; প্রবাদ ।

Synonym: saying, adage, aphorism, proverb, motto, saw, axiom, dictum.

Mnemonic- ১. Maxim = maximum + saying, প্রাচীন প্রচলিত কথাগুলো বা প্রবাদগুলো maximum মানুষই বলে(saying) এবং বিশ্বাস করে। অর্থাৎ maxim হল ম্যাক্সিমাম মানুষের প্রচলিত বিশ্বাস।

৫০৭. **Mediate** মূল অর্থ- মধ্যস্থতা করা।

Synonym: : resolve, settle, arbitrate in, umpire, reconcile, mend, clear up.

Scanned by CamScanner

৫০১. **Martial** মূল অর্থ- যুদ্ধের মত; যুদ্ধ সংক্রান্ত।

Synonym: warlike, combative, belligerent, bellicose. Antonym: civil, civilian.

Mnemonic- ১. ১৯৭১ সালে তৎকালীন পূর্বপাকিস্থানে(বর্তমানে বাংলাদেশ) Martial law সামরিক আইন জারি করা। সামরিক বাহিনী তৈরি করা হয় যুদ্ধের জন্য। আর Martial শব্দটি দ্বারা যুদ্ধ ও সামরিক বাহিনী সংক্রান্ত বিষয়াবলী বোঝানো হয়।

৫০২. **Martyr** মূল অর্থ- শহীদ; ধর্মযুদ্ধে শহীদ ।

Synonym: put to death, kill, make a martyr of, martyrize; burn.

Mnemonic- ১. Martyr = mar + tyr (মরার জন্য তৈয়ার বা তৈরি) ; যারা ধর্মের জন্য যুদ্ধ করে তারা যেকোনো মুহূর্তে মৃত্যুর জন্য তৈরি থাকে। ফলে তারা যুদ্ধ করতে গিয়েই Martyr হয় ।

৫০৩. **Matriculate** মূল অর্থ- ভর্তি হওয়া; বিশেষ করে কলেজে ভর্তি হওয়া।

Synonym: be enrolled at a college or university.

Mnemonic- ১. একসময় এসএসসি পরীক্ষাকে বলা হত Matriculation পরীক্ষা। আর যারা এই পরিক্ষায় পাশ করত তাদের বলা হত ম্যাট্রিক পাশ। যে ম্যাট্রিক পাশ করতে পারে শুধু তারাই কলেজে ভর্তি হতে পারে বা Matriculate করতে পারে। এই হল ম্যাট্রিক পাশের ইতিহাস।

৫০৪. **Maudlin** মূল অর্থ- বোকা ও অতিরিক্ত ভাবপ্রবণ।

Synonym: sentimental, over-sentimental, emotional. Antonym: austere.

Mnemonic- ১. Maudlin = modeling , যখন একজন সাধারন মানুষকে modeling করার জন্য ডাকা হয় তখন বেশিরভাগ মানুষই Maudlin হয়ে যায়। অর্থাৎ বোকা ও অতিরিক্ত ভাবপ্রবণ আচরণ করে।

৫০৫. **Maverick** মূল অর্থ- সমাজের রীতিনীতি সম্পর্কে অনাগ্রহী; প্রথাবিরোধী; ভবঘুরে; বাউন্ডুলে।

Synonym: individualist, nonconformist, free spirit. Antonym: conformist.

Mnemonic- ১. টপ গান সিনেমায় টম ক্রুজের নাম থাকে Maverick I আর Maverick চরিত্রটি প্রথাবিরোধী ও ভবঘুরে টাইপের। সে নৌবাহিনীর সদস্য হওয়া সত্ত্বেও নৌবাহিনীর অনেক নিয়ম ভঙ্গ করে। ফলে বোঝাই যাচ্ছে এই সিনেমায় টম ক্রুজের নাম কেন Maverick থাকে ।

৫০৬. **Maxim** মূল অর্থ- একটি মৌলিক নীতি; প্রাচীন প্রচলিত কথা; প্রবাদ ।

Synonym: saying, adage, aphorism, proverb, motto, saw, axiom, dictum.

Mnemonic- ১. Maxim = maximum + saying, প্রাচীন প্রচলিত কথাগুলো বা প্রবাদগুলো maximum মানুষই বলে(saying) এবং বিশ্বাস করে। অর্থাৎ maxim হল ম্যাক্সিমাম মানুষের প্রচলিত বিশ্বাস।

৫০৭. **Mediate** মূল অর্থ- মধ্যস্থতা করা।

Synonym: : resolve, settle, arbitrate in, umpire, reconcile, mend, clear up.

Scanned by CamScanner

Mnemonic- ১. Mediate কে middle বা inter-midiate শব্দ দিয়ে মনে রাখা যায়। দুই পক্ষের middle বা মাঝে তৃতীয় পক্ষ এসে সাধারনত মধ্যস্থতা করেন বা Mediate করেন। অথবা বলতে পারেন দুই চরম অবস্থান থেকে সরিয়ে এসে একটি inter-midiate অবস্থানে আনাটাকেই Mediate করা বা মধ্যস্থতা করা বলে ।

৫০৮. **Mellifluous** মূল অর্থ- সুন্দরভাবে বহমান; শুনতে ভাল লাগে এমন।

Synonym: sweet-sounding, sweet-toned, dulcet. Antonym: cacophonous.

Mnemonic- ১. Mellifluous = Melodious Flute বা সুন্দর বাশির সুর শুনতে Mellifluous লাগে বা শ্রুতিমধুর লাগে। Mellifluous মূলত একটি গ্রিক শব্দ ছিল, অর্থ ছিল মধু প্রবাহিত হওয়া। তবে সেটাকে এখন মসৃণভাবে প্রবাহিত হওয়া , শ্রুতিমধুর ইত্যাদি অর্থে ব্যাবহার করা হয়। ঠিক honey শব্দটির মত !

৫০৯. **Mendacious** মূল অর্থ- মিথ্যাবলা; অসৎ ।

Synonym: lying, untruthful, dishonest, deceitful. Antonym: truthful.

Mnemonic- ১. Mending করা মানে মেরামত করা বা ঠিক করা। যা Mending দরকার সেটা অবশ্যই খারাপ। আর খারাপ মানুষকে তো মেরামত করা বা Mending ই করতে হবে । অর্থাৎ যাদের Mending করা দরকার তারাই Mendacious I

৫১০. **Mendicant** মূল অর্থ- ভিক্ষুক ।

Synonym: beggar, beggarman, beggarwoman, tramp. Antonym: exuberant.

Mnemonic- ১. Mendicant = men I can't , যদি কোন পুরুষ মানুষ(men) বলে- আমি পারবনা(I can't) তাদের ভিক্ষা করে খাওয়া ছাড়া গতি নেই ।

৫১১. **Mentor** মূল অর্থ- দিকনির্দেশক; পরামর্শদাতা; শিক্ষক ।

Synonym: adviser, guide, confidant, confidante, counsellor, consultant.

Mnemonic- ১. আমরা রাস্তায় বের হলেই mentor's এর কোচিং এর অ্যাড দেখি। mentor's কি করে ? মূলত কোন বিষয় কিভাবে পড়তে হবে সে বিষয় দিকনির্দেশনা দেয়। আর একারনেই কিন্তু এই কোচিং এর নাম রেখেছে mentor's I অর্থাৎ Mentor মানে দিকনির্দেশক বা শিক্ষক। তবে মনে রাখার দরকার এই শব্দটি সাধারণত ব্যাবসায়িক ক্ষেত্রে বেশি ব্যাবহিত হয়। যারা ব্যাবসায়িক পরামর্শ দিয়ে থাকে তাদেরকে Mentor বলে ।

৫১২. **Mercenary** মূল অর্থ- ভাড়া করা সৈন্য; টাকার জন্য যে যেকোনো কাজ করে দেয়।

Synonym: money-oriented, grasping, greedy. Antonym: altruistic.

Mnemonic- ১. Mercenary = mercy + nary(নাই) ; mercy মানে করুনা। অর্থাৎ যার mercy নাই। যার করুনা নেই সে টাকার জন্য যেকোনো কিছু করতে পারে। ভারায় মানুষও খুন করতে পারে। তাহলে যার করুনা নেই- সেই Mercenary বা ভাড়াটে সৈন্য/টাকার জন্য কাজ করা লোক ।

Scanned by CamScanner

৫১৩. **Mercurial** মূল অর্থ- আবেগ কোন দিকে মোর নেবে বলা যায় না; দ্রুত মানসিক অবস্থা পরিবর্তনকারী।

Synonym: volatile, capricious, temperamental. Antonym: stable.

Mnemonic- ১. Mercurial = mercury liquid। mercury মানে পারদ। তরল পারদ খুব সামান্য তাপেই প্রসারিত হয়। আর একারনেই liquid পারদ দিয়ে থার্মমিটার তৈরি করা হয়। অর্থাৎ mercury liquid খুব দ্রুত পরিবর্তন হয়। আর Mercurial মানে হলো এমন একজন ব্যাক্তি যার মানসিক অবস্থা খুব দ্রুত পরিবর্তন হয়। এই ভাল মুডে আছে তো এই খারাপ। কখন কি করবে বলা যায় না ।

৫১৪. **Metamorphosis** মূল অর্থ- রূপান্তর; খুব দ্রুত এক আকৃতি থেকে অন্য একটি আকৃতিতে পরিনত হওয়া।

Synonym: transformation, mutation, transmutation.

আমরা জানি যে- শুঁয়োপোকা যখন প্রজাপতিতে রুপান্তরিত হয়ে তখন সেটা বেশ দ্রুত ঘটে। এই রুপান্তর প্রক্রিয়াকে Metamorphosis বলে ।

Mnemonic- ১. Meta দ্বারা পরিবর্তনসূচক বিষয়গুলোকে বোঝায়। Morphos মানে হল আকৃতি। যেখানেই Morphos থাকবে বুঝে নিতে হবে যে এই শব্দটি দ্বারা আকৃতি সংক্রান্ত কিছু বোঝাচ্ছে। তাহলে Metamorphosis মানে দাঁড়াচ্ছে- আকৃতিগত পরিবর্তন।

৫১৫. **Microcosm** মূল অর্থ- ক্ষুদ্র জগত ।

Synonym: miniature.

Mnemonic- ১. Microcosm = micro + cosmos । micro মানে ক্ষুদ্র। আমরা যখন মোবাইলের মেমোরি কার্ড কিনি তখন সেখানে লেখা থাকে- Micro SD। আগে যেসব মেমোরি পাওয়া যেত সেগুলোর তুলনায় অনেক ছোট হওয়ায় এমন নাম হয়েছে। আর cosmos মানে মহাবিশ্ব বা জগত। কার্ল সাগানের কসমস টিভি সিরিজ বেশ জনপ্রিয় । ন্যাট জিওতে আপনারা অনেকেই দেখেছেন। cosmos এ মহাবিশ্ব নিয়ে বিভিন্ন জিনিস দেখানো হয়। তাহলে micro + cosmos = ক্ষুদ্র জগত ।

৫১৬. **Milieu** মূল অর্থ- আশেপাশের পরিবেশ; চারপাশ ।

Synonym: environment, background, backdrop, setting, context, atmosphere.

Mnemonic- ১. Milieu = maa illu , তেলেগু ভাষায়, "মা ইল্লু" মানে আমার বাড়ি। আর তামিল ভাষায় my illam। Milieu শব্দের অর্থ হলো- বাড়ি বা আশেপাশের পরিবেশ। এই শব্দটি শিখলে একই সাথে তামিল, তেলেগু আর ইংরেজি তিনটি শেখা হয়ে যাবে । ২. Milieu = mile u , অর্থাৎ তোমার আশেপাশের এক মাইল । Milieu মানেও আশেপাশের পরিবেশ(১ মাইল আশেপাশের জন্য যথেষ্ট)।

৫১৭. **Minuscule** মূল অর্থ- খুবই ক্ষুদ্র ।

Synonym: tiny, minute, microscopic, nanoscopic. Antonym: vast, huge.

Scanned by CamScanner

৫১৩. **Mercurial** মূল অর্থ- আবেগ কোন দিকে মোর নেবে বলা যায় না; দ্রুত মানসিক অবস্থা পরিবর্তনকারী।

Synonym: volatile, capricious, temperamental.

Antonym: stable.

Mnemonic- ১. Mercurial = mercury liquid। mercury মানে পারদ। তরল পারদ খুব সামান্য তাপেই প্রসারিত হয়। আর একারনেই liquid পারদ দিয়ে থার্মমিটার তৈরি করা হয়। অর্থাৎ mercury liquid খুব দ্রুত পরিবর্তন হয়। আর Mercurial মানে হলো এমন একজন ব্যাক্তি যার মানসিক অবস্থা খুব দ্রুত পরিবর্তন হয়। এই ভাল মুডে আছে তো এই খারাপ। কখন কি করবে বলা যায় না।

৫১৪. **Metamorphosis** মূল অর্থ- রূপান্তর; খুব দ্রুত এক আকৃতি থেকে অন্য একটি আকৃতিতে পরিনত হওয়া।

Synonym: transformation, mutation, transmutation.

আমরা জানি যে- শুঁয়োপোকা যখন প্রজাপতিতে রূপান্তরিত হয়ে তখন সেটা বেশ দ্রুত ঘটে। এই রূপান্তর প্রক্রিয়াকে Metamorphosis বলে।

Mnemonic- ১. Meta দ্বারা পরিবর্তনসূচক বিষয়গুলোকে বোঝায়। Morphos মানে হল আকৃতি। যেখানেই Morphos থাকবে বুঝে নিতে হবে যে এই শব্দটি দ্বারা আকৃতি সংক্রান্ত কিছু বোঝাচ্ছে। তাহলে Metamorphosis মানে দাঁড়াচ্ছে- আকৃতিগত পরিবর্তন।

৫১৫. **Microcosm** মূল অর্থ- ক্ষুদ্র জগত।

Synonym: miniature.

Mnemonic- ১. Microcosm = micro + cosmos । micro মানে ক্ষুদ্র। আমরা যখন মোবাইলের মেমোরি কার্ড কিনি তখন সেখানে লেখা থাকে- Micro SD। আগে যেসব মেমোরি পাওয়া যেত সেগুলোর তুলনায় অনেক ছোট হওয়ায় এমন নাম হয়েছে। আর cosmos মানে মহাবিশ্ব বা জগত। কার্ল সাগানের কসমস টিভি সিরিজ বেশ জনপ্রিয়। ন্যাট জিওতে আপনারা অনেকেই দেখেছেন। cosmos এ মহাবিশ্ব নিয়ে বিভিন্ন জিনিস দেখানো হয়। তাহলে micro + cosmos = ক্ষুদ্র জগত।

৫১৬. **Milieu** মূল অর্থ- আশেপাশের পরিবেশ; চারপাশ।

Synonym: environment, background, backdrop, setting, context, atmosphere.

Mnemonic- ১. Milieu = maa illu , তেলেগু ভাষায়, "মা ইল্লু" মানে আমার বাড়ি। আর তামিল ভাষায় my illam। Milieu শব্দের অর্থ হলো- বাড়ি বা আশেপাশের পরিবেশ। এই শব্দটি শিখলে একই সাথে তামিল, তেলেগু আর ইংরেজি তিনটি শেখা হয়ে যাবে। ২. Milieu = mile u , অর্থাৎ তোমার আশেপাশের এক মাইল। Milieu মানেও আশেপাশের পরিবেশ(১ মাইল আশেপাশের জন্য যথেষ্ট)।

৫১৭. **Minuscule** মূল অর্থ- খুবই ক্ষুদ্র।

Synonym: tiny, minute, microscopic, nanoscopic.

Antonym: vast, huge.

Scanned by CamScanner

Mnemonic- ১. Minuscule = Mini scale , খেয়াল করে দেখবেন যেকোনো জিনিসের সবথেকে ছোট সাইজকে বলে মিনি সাইজের । mini ক্ষুদ্র আর scale মানে মাপ , অর্থাৎ ক্ষুদ্র মাপের।

৫১৮. **Misanthropic** মূল অর্থ- মানববিদ্বেষী; যে মানবজাতিকে ঘৃণা করে।

Synonym: antisocial, unsociable, unfriendly. Antonym: sociable.

Mnemonic- ১. Anthropic মানে মানুষ সম্পর্কিত। যেখানেই Anthropic বা anthro দেখবেন বুঝে নেবেন সেখানেই মানুষ সম্পর্কিত কিছু বোঝাচ্ছে। যেমন- Anthopology মানে নৃবিজ্ঞান। মানুষের উৎপত্তি ও বিকাশ সম্পর্কে Anthopology আলোচনা করে। mis একটি নেতিবাচক শব্দ। Misanthropic= Mis+anthropic মানে মানববিদ্বেষী বা মানবজাতিকে ঘৃণা করা।

৫১৯. **Mitigate** মূল অর্থ- কোন কিছুর প্রভাব কমিয়ে আনা ।

Synonym: alleviate, reduce, diminish, lessen. Antonym: aggravate.

যদি জরুরী ব্যাবস্থা গ্রহনের ফলে ঘূর্ণিঝড়ের প্রভাব কমিয়ে আনা হয় তবে এই কমিয়ে আনাটাকে Mitigate বলা যাবে।

Mnemonic- ১. Mitigate কে Colgate দিয়ে মনে রাখতে পারেন। colgate ব্যাবহারে দাত ক্ষয়ের প্রভাব কমিয়ে আনা যায় বা Mitigate করা যায়।

ল্যাটিন ভাষার mitigatus থেকে ইংরেজি Mitigate শব্দটি এসেছে। ল্যাটিন ভাষায় এই শব্দটি শুধু ব্যাথা কমানোর ক্ষেত্রে ব্যাবহিত হত।

৫২০. **Mollify** মূল অর্থ- নরম করা; প্রশমিত করা; শান্ত করা ।

Synonym: appease, placate, allay, assuage. Antonym: inflame, enrage.

Mnemonic- ১. Mollify কে mall অর্থাৎ shoping mall দিয়ে মনে রাখুন। যদি গার্লফ্রেন্ডের রাগ প্রশমিত করে তাকে শান্ত করাতে চান তবে তাকে mallify করুন অর্থাৎ mall এ নিয়ে যান। দেখবেন ট্রিক্স ১০০ পারসেন্ট কাজ করেছে। এছাড়াও Mollify, Nullify , Pacifiy এই শব্দগুলোকে একসাথে মনে রাখতে পারেন। এই শব্দগুলোর প্রায় একই অর্থ ।

৫২১. **Monolithic** মূল অর্থ- ভারী, কঠিন, অনমনীয় , অভিন্ন কোন বস্তু।

Synonym: massive, huge, vast, colossal. Antonym: tiny.

যদি বিশাল আকারের কোন শীলাখন্ড পাওয়া যায় যেটা প্রচুর শক্ত, অনেক ওজন, এবং দেখতে পুরোটাই একইরকম তাহলে সেটাকে Monolithic বলা যাবে। তবে অনেক ক্ষেত্রে বিশাল আকারের, সবাই দক্ষ ও প্রচুর শক্তিশালী কোন কর্পোরেশনকেও Monolithic বলা হয়ে থাকে।

Mnemonic- ১. Monolithic = mono + lithic , mono মানে এক । আর lithic মানে পাথর। lithic মানে যদি না জানেন তাহলে খেয়াল করুন মানুষের সভ্যতার নাম করন করা হয়েছে lithic দিয়ে । যেমন- Paleolithic

Scanned by CamScanner

যুগ। Paleolithic মানে পুরাতন পাথরের যুগ। এই যুগে মাত্র মানুষ কেবল মাত্র পাথর ব্যাবহার করে অস্ত্র নির্মান শিখেছে। তাহলে দেখা যাচ্ছে mono + lithic মানে একইরকম পাথরের। আর একইরকম পাথর দিয়ে কোন কিছু তৈরি করা হলে সেটা অনেক শক্ত হয়। আর সেই থেকেই এই Monolithic শব্দটি এসেছে। Monolithic মানে ভারী, কঠিন, অনমনীয় , অভিন্ন কোন বস্তু।

৫২২. **Moribund** মূল অর্থ- মরে যাচ্ছে এমন; বৃদ্ধি পায় না এমন।

Synonym: dying, expiring, on one's deathbed. Antonym: thriving.

Mnemonic- ১. Moribund কে বাংলা মরি(mori) দিয়ে মনে রাখুন। Moribund হল এমন কোন কিছু যা more/মরে যাচ্ছে।

৫২৩. **Morose** মূল অর্থ- মনমরা; বিষাদগ্রস্ত; অন্ধকারাচ্ছন্ন ।

Synonym: sullen, sulky, gloomy, bad-tempered. Antonym: cheerful.

Mnemonic- ১. Morose = mor + rose (more rose), মেয়েটি তার জন্মদিনে আরও অনেকগুলো গোলাপ বা more rose চেয়েছিল । কিন্তু তার প্রেমিক মাত্র একটি গোলাপ আনায় সে এখন মনমরা ও বিষাদগ্রস্ত হয়ে আছে। অর্থাৎ সে এখন Morose হয়ে আছে ।

৫২৪. **Mortify** মূল অর্থ- অপমানিত করা, ছোট করা ।

Synonym: embarrass, humiliate, chagrin. Antonym: be pleased.

Mnemonic- ১. Mortify থেকে শুধু r বাদ দিয়ে দিন । এখন এটা moti fy । বেশি মোটা মানুষকে অনেকসময় moti বা মোটি বলে ডাকা হয়। ধরুন moti fy মানে কাউকে মোটি বলে ডাকা। তার মানে তাকে অপমানিত বা ছোট করা চেষ্টা করা। আর Mortify অর্থও মনমরা; বিশাদগ্রস্থ ।

৫২৫. **Mundane** মূল অর্থ- সাধারণ; একঘেয়ে; পার্থিব।

Synonym: humdrum, dull, boring, tedious. Antonym: extraordinary.

Mnemonic- ১. Mundane শুনতে অনেকটা Monday এর মত। পৃথিবীর বেশিরভাগ দেশেই Sunday হল সাপ্তাহিক ছুটি। Sunday ছুটির দিন হওয়ায় সবাই এইদিনটিকে অনেকি উপভোগ করে। আর এই দিনের পরের দিন থেকেই সবকিছু Mundane বা একঘেয়ে । আর Sunday এর পরের দিন Monday । অর্থাৎ Monday এর পরের দিনটি একদমই Mundane বা একঘেয়ে।

৫২৬. **Munificent** মূল অর্থ- অনেক উদার; প্রচুর খরচ করার স্বভাব ।

Synonym: generous, bountiful, open-handed. Antonym: mean.

Mnemonic- ১. Munificent মানে muni rishi/ মুনি ঋষিদের মত । মুনি ঋষিরা সাধারনত অনেক উদার হয়। তারা তো আর টাকা পয়সা দিতে পারে না, তবে যে যেমন আশির্বাদ চায় তাকে সেই আশির্বাদই দিয়ে দেন। তাহলে Munificent মানে দাঁড়াচ্ছে অনেক উদার ।

Scanned by CamScanner

৫২৭. **Myopia** মূল অর্থ- ক্ষীণদৃষ্টি; সম্মুখ দৃষ্টির অভাব।

Synonym: nearsightedness, ametropia, shortsightedness. Antonym: hyperopia.

Myopia একটি রোগের নাম। এই রোগ হলে কাছের জিনিস স্পষ্ট দেখা যায় কিন্তু দুরের জিনিস ঝাপসা দেখায়। Mnemonic- ১. Myopia ও Hyperopia চোখের দুটি রোগের নাম। opia দিয়ে Opaque ঝাপসা দৃষ্টির কথা মনে রাখুন। তাহলে opia থাকলেই বুঝে নেবের চোখে ঝাপসা দেখার ব্যাপার। আর Hyper মানে বেশি, আর My মানে আমার বা কাছের। তাহলে- Myopia হলে কাছের জিনিস ঝাপসা দেখা যাবে আর Hyperopia হলে দুরের জিনিস ঝাপসা দেখা যাবে।

৫২৮. **Myriad** মূল অর্থ- প্রচুর সংখ্যক ।

Synonym: innumerable, countless, infinite, numberless. Antonym: calculable.

Mnemonic- ১. Myriad = Pyramid , Myriad আর Pyramid দেখতে প্রায় একই রকম। মনে রাখুন যে- Pyramid বানাতে Myriad শ্রমিক লেগেছিল। সেই প্রাচীন আমলে এত বড় স্থাপত্য তৈরি করার জন্য এই Myriad সংখ্যক শ্রমিক নিয়োগ করাটা সত্যি বিস্ময়কর ।

৫২৯. **Narcissism** মূল অর্থ- কারো প্রতি বা তার শরীরের প্রতি অতিরিক্ত ভালোবাসা অনুভব করা।

Synonym: conceit, narcism, vanity. Antonym: humility.

Mnemonic- ১. Narcissus ছিল গ্রিক মিথের একটি চরিত্র। Narcissus নিজেই নিজের শরীরের সৌন্দর্যের প্রেমে পরে ছিল। আর তার থেকেই এই Narcissism শব্দটির উৎপত্তি হয়েছে। তাহলে Narcissism মানে শরীরের প্রেমে পরা।

৫৩০. **Nebulous** মূল অর্থ- ঝাপসা; অস্পষ্ট ।

Synonym: indistinct, indefinite, unclear, vague. Antonym: clear.

Mnemonic- ১. Nebula মানে হল নিহারিকা। নিহারিকাকে থাকে প্রচুর পরিমান গ্যাস। এই গ্যাস থেকেই সূর্যের মত নক্ষত্র সৃষ্টি হয়। নিহারিকা বা Nebula তে প্রচুর গ্যাস থাকার কারনে এগুলো দেখতে ঝাপসা কুয়াশার মত দেখা যায়। আর Nebula মানেও ঝাপসা বা অস্পষ্ট।

৫৩১. **Nefarious** মূল অর্থ- শয়তান; মারাত্মক খারাপ।

Synonym: villainous, wicked, Notorious . Antonym: virtuous.

Mnemonic- ১. Nefarious , Dengerous, ferocious, Notorious এই শব্দগুলি দ্বারা প্রায় একই অর্থ প্রকাশ করা হয়। এগুলোর প্রত্যেকটির অর্থই খারাপ-ভয়ংকর-হিংস্র এমন।

৫৩২. **Neologism** মূল অর্থ- একটি নতুন শব্দের ব্যাবহার ।

Synonym: new word, new expression, new term, new phrase, newly coined.

Scanned by CamScanner

Mnemonic- ১. Neo মানে নতুন । logy দিয়ে কোন একটি বিষয়ের উপর বিশেষ জ্ঞানকে বোঝায়। Neologism মানে নতুন একটি শব্দের ব্যাবহার। অর্থাৎ Neologism হল ভাষা সম্পর্কে একটি বিশেষ জ্ঞান (এখানে একটি শব্দ) যোগ হওয়া।

৫৩৩. **Nepotism** মূল অর্থ- বন্ধু, পরিবার বা রাজনৈতিক দলের প্রতি পক্ষ নেওয়া ।

Synonym: favouritism, favoritism, discrimination. Antonym: impartial.

Mnemonic- ১. Nepotism সম্রাট Nepolean কে দিয়ে মনে রাখুন। Nepolean তার দেশ ও তার দেশের মানুষের প্রতি পক্ষ নিয়ে অনেক যুদ্ধে জয়ী হয়েছিলেন । আর Nepotism মানে Nepolean এর মত বন্ধু, পরিবার বা রাজনৈতিক দলের প্রতি পক্ষ নেওয়া।

৫৩৪. **Nihilism** মূল অর্থ- শূন্যবাদ; এই মহাবিশ্বে মানুষের কোন নির্দিষ্ট নৈতিকতা থাকাকে অস্বীকার করা ।

Synonym: negativity, cynicism, rejection, repudiation, renunciation.

আমরা অনেককিছুকেই নৈতিক বা ভাল বা খারাপ বলে মনে করি। কিন্তু যে Nihilism এ বিশ্বাস করে তার কাছে এগুলোর কোন অর্থ নেই ।

Mnemonic- ১. Nihilism = nil+ism, nil মানে শূন্য, আর কোন মতবাদের শেষে সবসময় ism থাকে। তাহলে Nihilism মানে দাঁড়াচ্ছে- শূন্যবাদ । Nihilism বা শূন্যবাদে বিশ্বাসী মানুষের কাছে, মানুষের সার্বিক নৈতিক বোধ, ভাল-মন্দের বিচার, ইত্যাদির কোন অর্থ নেই।তার কাছে এগুলো nil/শূন্য ।

৫৩৫. **Nominal** মূল অর্থ- শুধু নামে; কাজের না ; গুরুত্বপূর্ণ না ।

Synonym: in name/title only, titular, formal. Antonym: real.

Mnemonic- ১. Nominal = Name only, nominal মানে শুধু name বা নামেই যে জিনিসের উল্লেখ। অর্থাৎ নামসর্বস্ব বা only ইন Name । আর যে জিনিস কাজের না শুধু নামের ক্ষেত্রেই, সেটা তো আর গুরুত্বপূর্ণ হতে পারে না।

৫৩৬. **Nostalgia** মূল অর্থ- অতীতের কথা ভেবে আবেগী হওয়া; বাড়ির প্রতি টান অনুভব করা।

Synonym: wistfulness, longing/yearning/pining for the past, regret.

Mnemonic- ১. Nostalgia = No+tragic, অতীতের কথা ভেবে যখন মানুষ আবেগি হয় তখন মানুষ শুধু ভাল স্মৃতিগুলোকে মনে করে একধরনের আনন্দ পেতে চায়। সে সময় তাদের অতীতের দুঃখের দিনগুলোকেও যেন আজকের চাইতে ভাল মনে হয়। অর্থাৎ অতীতের স্মৃতি রোমন্থন হল এক ধরনের No tragic টাইপের ব্যাপার। আর Nostalgia মানে অতীতের কথা ভেবে আবেগি হওয়া। বিভিন্ন সিনেমা বা নাটকে দেখবেন- "আমি Nostalgic হয়ে গিয়েছিলাম " এমন বাক্য ব্যাবহার করে। এর মানে হল আমি অতীতের স্মৃতির কথা ভেবে আবেগি হয়ে গিয়েছিলাম।

৫৩৭. **Notorious** মূল অর্থ- কুখ্যাত, খারাপ বলে পরিচিত।

Scanned by CamScanner

Synonym: infamous, of ill repute, scandalous. Antonym: faceless.

Mnemonic- ১. Nefarious, Dengerous, ferocious, Notorious শব্দগুলোর খুব কাছাকাছি অর্থ, আর শুনতেও একইরকম। Notorious এর ক্ষেত্রে - খারাপ এর থেকে বেশি প্রাধান্য খারাপ বলে যার পরিচিত আছে এমন। যদি কোন মানুষ Dengerous বা ferocious হয় তবে তার এমন হবার, অর্থাৎ এই খারাপ প্রকৃতির হবার দুর্নামটাকেই Notorious হওয়া বলে।

৫৩৮. **Novel** মূল অর্থ- নতুন।

Synonym: new, original, unusual, unfamiliar. Antonym: old.

Mnemonic- ১. আমরা সবাই কমবেশি Novel বা উপন্যাস পড়ি। Novel এ আমাদের জীবনে প্রতিনিয়ত ঘটা কোন ঘটনাকে নতুনভাবে উপস্থাপন করা হয়। আর Novel এর আরেক অর্থ তাই- নতুন। মনে রাখতে হবে Novel এর আরেকটি অর্থ আছে, আর সেটা new বা নতুন।

৫৩৯. **Noxious** মূল অর্থ- ক্ষতিকর; বিষাক্ত; অস্বাস্থ্যকর।

Synonym: poisonous, toxic, deadly, virulent. Antonym: innocuous, safe.

Mnemonic- ১. Noxious= Toxious, আসলে কিন্তু Toxious বলে কোন শব্দ নেই। Toxin মানে বিষ। ইংরেজি শব্দ গঠনের ধরন অনুসারে বলা যায় Toxious মানে হবে বিষাক্ত। আর Noxious মানেও ক্ষতিকর বা বিষাক্ত।

৫৪০. **Nuance** মূল অর্থ- সূক্ষ্ম পার্থক্য ।

Synonym: fine distinction, shade, shading. Antonym: bulk.

Mnemonic- ১. Nuance কে ভেঙ্গে ফেলুন -> new + ounce. মানে একটি নতুন আউন্স। এক আউন্স খুব ক্ষুদ্র পরিমাণ। এই ক্ষুদ্র পরিমাণ নতুন করে যোগ করলে সেটা খুব বেশি পার্থক্য হয় না। অর্থাৎ খুব সূক্ষ্ম পার্থক্য হয়। আর Nuance মানে সূক্ষ্ম পার্থক্য।

৫৪১. **Obdurate** মূল অর্থ- অনুভূতিহীন ।

Synonym: hardhearted, flinty, heartless. Antonym: softhearted.

Mnemonic- ১. Obdurate কে ভেঙ্গে ফেলুন -> Obdurate = Obvious+rate, মানে যে রেট থেকে নড়চড় হয় না। যে কোন কিছুতেই তার রেট থেকে নরচড় হয়না তাকে আমরা অনুভূতিহীন বলতে পারি। আর Obdurate মানে অনুভূতিহীন / অবাধ্য ।

৫৪২. **Obfuscate** মূল অর্থ- অস্পষ্ট করা; বিভ্রান্ত করা ।

Synonym: obscure, confuse, make obscure/unclear. Antonym: clarify.

Mnemonic- ১. Obfuscate কে ভেঙ্গে ফেলুন -> Obfuscate = fuss + create , fuss তৈরি করা মানে হৈচৈ বা বিভ্রান্তি তৈরি করা । হৈচৈ করা মানে কোন কিছু স্পষ্ট না শোনা বা অস্পষ্ট করে কিছু বলা। আর Obfuscate মানে অস্পষ্ট করা; বিভ্রান্ত করা ।

Scanned by CamScanner

৫৪৩. **Oblique** মূল অর্থ- পরোক্ষ; কৌণিক।

Synonym: slanting, slanted, sloping, at an angle. Antonym: straight.

Mnemonic- ১. আমার সবাই Oblique চিহ্ন বা "/" এর সাথে পরিচিত। চিহ্নটি দেখতে বাকা বা কৌণিক। আর Oblique মানে কৌণিক। এখন শুধু মনে রাখতে হবে যে এর আরেকটি অর্থ হল পরোক্ষ। কৌণিক আর পরোক্ষ বেশ কাছাকাছি বিষয়। পরোক্ষভাবে কথা বলাকে আমরা অনেক সময় কৌণিক কথা বলে থাকি।

৫৪৪. **Oblivion** মূল অর্থ- সম্পূর্ণ ভুলে যাওয়া; বিস্মৃতি।

Synonym: unconsciousness, insensibility, stupor. Antonym: awareness.

Mnemonic- ১. Oblivion কে ভেঙ্গে ফেলুন -> Oblivion= Obstracle vision মানে লক্ষ্য বুঝতে বাধা। আপনি যদি আপনার সবকিছুই ভুলে যান, আপনার বিস্মৃতি হয় তবে আপনি আপনার লক্ষ্যই বুঝতে পারবেন না। অর্থাৎ আপনার Oblivion হলে vision এও Obstracle বা বাধা আসবে।

৫৪৫. **Obscure** মূল অর্থ- ঘোলাটে; ঝাপসা; সহজে বোঝা যায় না ।

Synonym: unclear, uncertain, unknown, in doubt. Antonym: clear, plain.

Mnemonic- ১. ভেঙ্গে ফেলুন-> Obscure = OBSession + CURE অনেক ডাক্তার মনে করেন OBSession cure করাটা এখনো একটি ঝাপসা বিষয়। তাই তারা ঔষধের পাশাপাশি, কাউন্সিলিং ইত্যাদির সাহায্য নেন । তবে তাদের কাছে বিষয়টি এখনো পরিস্কার না। আর Obscure মানে ঝাপসা।

৫৪৬. **Obsequious** মূল অর্থ- আজ্ঞাবহ; ধামাধরা; তোষামুদে।

Synonym: servile, ingratiating, unctuous. Antonym: domineering.

Mnemonic- ১. Obsequious মানে obedient service দেওয়া। obedient service দিয়ে Obsequious কে মনে রাখুন। যারা obedient service দেয় বুঝতে হবে যে তারা ধামাধরা বা তোষামুদে। আর Obsequious অর্থ- আজ্ঞাবহ; ধামাধরা; তোষামুদে।

৫৪৭. **Obtuse** মূল অর্থ- স্থুল; মাথামোটা।

Synonym: annoyingly insensitive or slow to understand.

Mnemonic- ১. Obtuse কে ভেঙ্গে ফেলুন -> Obtuse= ob+use, ob দ্বারা বেশিরভাগ সময়ই না বোঝানো হয়। অর্থাৎ যা ব্যাবহার করা হয়না । যদি কেউ মাথা বা মস্তিস্কের ব্যাবহার না করেন, তবে সেটা দিন দিন এমন অবস্থা হবে যে পরে সবাই তাকে Obtuse বা মাথামোটা বলবে। Obtuse মানে স্থুল বা মাথামোটা ।

৫৪৮. **Officious** মূল অর্থ- বিরক্তিকরভাবে সেধে উপদেশ দেওয়া ।

Synonym: self-important, bumptious, self-assertive. Antonym: self-effacing.

Mnemonic- ১. Office এর লোকজন শুধু Officious করতে পারে, অর্থাৎ বিরক্তিকরভাবে সেধে উপদেশ দিতে আসে। আমাদের দেশে এটা একটা কমন সমস্যা।

Scanned by CamScanner

৫৪৯. **Onerous** মূল অর্থ- গুরুভার ; কষ্টকর দায়িত্ব ।

Synonym: burdensome, heavy, inconvenient. Antonym: effortless.

Mnemonic- ১. Onerous কে ভেঙ্গে ফেলুন -> Onerous= one+rous যদি অনেক লোকের দায়িত্ব one বা একজনের উপর দিয়ে দেওয়া হয় তবে সেটা তার জন্য গুরুভার হয়ে দারায়। এখানে one বা একজন মানুষের উপর দায়িত্ব দেওয়াকে মনে রাখুন।

৫৫০. **Opaque** মূল অর্থ- এত অস্বচ্ছ যে দেখা সম্ভব না; ঝাপসা; বোঝা কঠিন ।

Synonym: non-transparent, cloudy, filmy. Antonym: transparent.

Mnemonic- ১. Opaque= op(opposite) of aque(aqua) . aqua মানে পানি। অর্থাৎ এটি পানির বিপরীত। আমরা জানি পানি হলো স্বচ্ছ , তাহলে এর বিপরীত হল অস্বচ্ছ। আর Opaque মানেও অস্বচ্ছ বা ঝাপসা ।

৫৫১. **Opulent** মূল অর্থ- বিলাসিতাময়; জাঁকজমকপূর্ণ; ঐশ্বর্যশালী ।

Synonym: luxurious, sumptuous, palatial. Antonym: stark, Spartan.

Mnemonic- ১. Opulent থেকে শুধু শেষের lent টুকু মনে রাখুন। lent হল খ্রিস্টানদের একটি ধর্মীয় উৎসব যেটা প্রায় ৪০ দিন চলে(৬ সপ্তাহ)। আর তারপর ইস্টার সানডেতে এসে শেষ হয়। অনুষ্ঠানটি বেশ জাঁকজমকপূর্ণ ; ঐশ্বর্যশালী লোকেরা এর খরচ বহন করে। আর opulent মানে জাঁকজমকপূর্ণ বা ঐশ্বর্যশালী।

৫৫২. **Orthodox** মূল অর্থ- প্রাচীনপন্থী; গতানুগতিক; পুস্তক অনুসারে চলা।

Synonym: conservative, traditional, observant. Antonym: modern.

Orthodox শব্দটি বেশিরভাগ ক্ষেত্রেই ধর্মীয় ক্ষেত্রে ব্যাবহার করা হয়। যদি কোন ধর্মীয় প্রতিষ্ঠান Orthodox হয় তাহলে বুঝতে হবে যে তারা সেই ধর্মের একদম প্রাচীন নিয়মগুলো মেনে চলে আর সেই ধর্মের মূল ধর্মগ্রন্থ মেনে চলে।

Mnemonic- ১. আমরা সবাই Orthodox church(অর্থডক্স চার্চ) এর নাম শুনেছি । Orthodox church হল পৃথিবীর সবথেকে প্রাচীন ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর একটি। আর তারা একদম প্রাচীন নিয়মগুলো মেনে থাকে। অর্থাৎ এই প্রতিষ্ঠানটি প্রাচীনপন্থী ও গতানুগতিক ধর্মীয় আচরণে বিশ্বাসী । আসলে একারনেই Orthodox চার্চের নাম অর্থডক্স । Orthodox মানে প্রাচীনপন্থী; গতানুগতিক ।

৫৫৩. **Ostensible** মূল অর্থ- নামেমাত্র; আপাতভাবে; দৃশ্যমান একটি আর ভেতরের ব্যাপার আরেকটি।

Synonym: apparent, seeming, outward, surface. Antonym: real, genuine.

ধরুন একটি কর্মচারি টেলিফোন রিপেয়ার করার কথা বলে টেলিফোনের মধ্যে একটি গোপন মাইক্রোফোন সেট করল। এখানে তার Ostensible উদ্দেশ্য হল টেলিফোন ঠিক করা, কিন্তু তার আসল উদ্দেশ্য বা গোপন উদ্দেশ্য হল বসের টেলিফোন আলাপ রেকর্ড করা ।

Scanned by CamScanner

Mnemonic- ১. Ostensible = OS ten + able , (মানে operating system 10)। অনেকেই অপারেটিং সিস্টেম ইউন্ডোস ১০ দিলেও থিম দেয় MacOS এর। এরা উপরে তাদের পিসিকে অ্যাপলের দেখাতে চাইলেও ভেতরে আসলে ইউন্ডজ চলে। অর্থাৎ এখানে ম্যাকটা হল Ostensible বা নামেমাত্র , আসল কাজ করে উইন্ডোজ ১০ ।

৫৫৪. **Ostentatious** মূল অর্থ- লোক দেখানো জাকজমক।

Synonym: showy, pretentious, conspicuous. Antonym: plain, unobtrusive.

Mnemonic- ১. Ostensible আর Ostentatious আসলে একই রুট থেকে এসেছে। Ostensible বলতে এমন কিছু বোঝায় – যেখানে কেউ উপরে একটি বিষয় দেখায়, আর মূলত অন্য কিছু করে। Ostentatious হল এমন এমন এমন একজন মানুষ যে হয়ত খুব বেশি ধনী না কিন্তু সে তার বাহ্যিক সাজ সজ্জায় অনেক টাকাপয়সাওয়ালা সাজার চেস্টা করছে। অর্থাৎ এখানেও Ostensible কার্যকর্ম চলছে। শুধু মনে রাখতে হবে যে- Ostentatious হল বাইরে নিজেকে বড় করার মত Ostensible কিছু ।

৫৫৫. **Pacify** মূল অর্থ- শান্ত করা।

Synonym: placate, appease, calm, calm down. Antonym: provoke, enrage.

Mnemonic- ১. Peace মানে শান্তি । Pacify মানে কাউকে Peace করা বা শান্তি দেওয়া। এর আগে আমরা Mollify শিখেছিলাম। আর সেখানে দেখানো হয়েছিল Mollify, Nullify , Pacifiy এগুলো খুব কাছাকাছি অর্থ বহন করে। এবং শুনতেও প্রায় একই রকম।

৫৫৬. **Painstaking** মূল অর্থ- প্রচুর যত্নশীল।

Synonym: careful, meticulous, thorough. Antonym: careless.

Mnemonic- ১. Painstaking মনে রাখা একদম সহজ। Painstaking = pain + taking, কেউ যদি তার কাজ করার জন্য বা কোন দায়িত্ব পালন করার জন্য প্রচুর pain বা যন্ত্রণা সহ্য করে তাহলে বুঝতে হবে যে সে তার কাজের প্রতি প্রচুর যত্নশীল বা Painstaking ।

৫৫৭. **Palliate** মূল অর্থ- কমানো; কোন সমস্যা থেকে মুক্তি দেওয়া।

Synonym: alleviate, ease, relieve, soothe, take the edge off, assuage.

Mnemonic- ১. Palliate = pill+i+ate , ব্যাথার সময় যদি আমি একটি পিল খাই(pill I ate) তাহলে কি হবে? ব্যাথা কমে যাবে বা Palliate হবে। ২. Palliate শুনতে অনেকটা alleviate ও mitigate এর কাছাকাছি, এই তিনটির শব্দের অর্থই কমানো ।

৫৫৮. **Palpable** মূল অর্থ- স্পর্শ করা যায়; অনুভব করা যায়।

Synonym: tangible, touchable, noticeable, detectable. Antonym: intangible.

Scanned by CamScanner

Mnemonic- ১. Palm মানে হাতের তালু। palp মানে হাতের তালু দিয়ে আলতো ভাবে স্পর্শ করা। Palpable= palp + able , অর্থাৎ যা স্পর্শ করার যোগ্য সেটাই palpable।

৫৫৯. **Paltry** মূল অর্থ- গুরুত্বহীন; অখাদ্য।

Synonym: small, meagre, trifling, insignificant. Antonym: considerable.

Mnemonic- ১. Paltry কে জাস্ট Poultry মুরগী দিয়ে মনে রাখুন । বেশিরভাগ মানুষের কাছেই Poultry মুরগী একটি অখাদ্য হিসেবে দুর্নাম আছে। আর এটাকে তাই অনেকে খাদ্য হিসেবে গুরুত্বহীন মনে করে। অর্থাৎ Poultry মুরগী হল একটি Paltry খাদ্য বা গুরুত্বহীন; অখাদ্য।

৫৬০. **Panacea** মূল অর্থ- সর্বরোগের মহাঔষধ; যে জিনিস খেলে সব রোগ ভাল হয় ।

Synonym: universal cure, cure-all. Antonym: toxic.

Mnemonic- ১. Panacea শব্দটি এসেছে গ্রিক panakeia থেকে । pan মানে সব আর akos মানে সারানো । অর্থাৎ সবকিছু ভাল করে যা তাই panakeia বা Panacea। এই শব্দটির উৎপত্তি সাথে আলকেমি বিদ্যা জড়িত। যারা আলকেমি চর্চা করত তারা মূলত বিভিন্ন ধাতুর রসায়ন নিয়েই বেশি মাথা ঘামাত। বিশেষ করে লোহা বা পতন থেকে কিভাবে সোনা তৈরি করে যায় এগুলো নিয়েই বেশি মাথা ঘামাত । তবে তারা এক পর্যায়ে Panacea অর্থাৎ সর্বরোগের মহাঔষধ তৈরি করতে চেয়েছিল।

৫৬১. **Paradigm** মূল অর্থ- একটি মডেল ; একটি উদাহরণ; একটি আদর্শ ।

Synonym: imago, image, example, concentrate, model, prototype, epitome.

Mnemonic- ১. Paradigm = para+digagram , para মানে প্রথম। আর digagram মানে নকশা। প্রথম নকশাকেই সব সময় আদর্শ বা মডেল মেনে সব জিনিস তৈরি করা হয়। যেকোনো জিনিস যেমন- গাড়ি বা কোন আসবাব ইত্যাদির ক্ষেত্রেও তাই করা হয়। আর Paradigm মানে মডেল বা প্রথম digagram ।

৫৬২. **Paradox** মূল অর্থ- এমন একটি বাক্য বা তথ্য যা নিজেই নিজের সাথে সজ্ঘাতপূর্ণ; ধাঁধা।

Synonym: contradiction, contradiction in terms.
এই কথাটি মিথ্যা । এটি একটি paradox বাক্য। যদি কথাটি মিথ্যে হয়, তবে সেটা মিথ্যে হয়েও সত্য। অর্থাৎ এটি একই সাথে মিথ্যা ও সত্য দুটোই।

Mnemonic- ১. Paradox = para+dodge , para মানে প্রথম। প্রথম যখন আমরা কোন প্যারাডক্সের মুখোমুখি হই তখন এক ধরনের ডজ(dodge) খেতে হয়। আর যখন বিষয়টার রহস্য জানা হয়ে যায় তখন সেটাকে আর Paradox মনে হয় না। মনে রাখতে হবে Paradox আসলে এক ধরনের dodge বাক্য বা তথ্য বা অবস্থা।

৫৬৩. **Parochial** মূল অর্থ- দৃষ্টিভঙ্গির দিক থেকে সংকীর্ণ; বিশ্বদৃষ্টিভঙ্গীর অভাব।

Synonym: narrow-minded, small-minded, provincial. Antonym: cosmopolitan.

Scanned by CamScanner

Mnemonic- ১. Parochial= Partial । Parochial দৃষ্টিভঙ্গি মানে Partial বা আংশিক দৃষ্টিভঙ্গী। যারা Parochial দৃষ্টিভঙ্গির মানুষ তারা শুধু তাদের আঞ্চলিকতা বা সগোষ্ঠীর বিষয়েই চিন্তা করতে পারে। যাকে এককথায় Partial বা আংশিক বলা যেতে পারে।

৫৬৪. **Parody** মূল অর্থ- ব্যাঙ্গ করে অনুকরণ করা।

Synonym: satire, burlesque, lampoon, pastiche, caricature.

Mnemonic- ১. আমরা অনেক সময় দেখি বিভিন্ন গানের সুর ঠিক রেখে ভিন্ন লিরিকে গান করা হয়। এই গানগুলো Parody গান নামে পরিচিত।

৫৬৫. **Parsimonious** মূল অর্থ- কৃপণ।

Synonym: mean, miserly, niggardly, close-fisted. Antonym: generous.

Mnemonic- ১. যে তার purse থেকে money খরচ করতে চায় না সেই হল Parsimonious.

৫৬৬. **Partisan** মূল অর্থ- যে কোন বিশেষ ব্যাক্তি, মতবাদ বা ধারনা পছন্দ করে।

Synonym: supporter, follower, adherent, devotee. Antonym: :impartial.

Mnemonic- ১. Partisan কে Party দিয়ে মনে রাখুন। যে ব্যাক্তিদের Party তে দাওয়াত করা হয় তারাই Partisan। আমারা Party তে সাধারনত কোন বিশেষ ব্যাক্তিকে দাওয়াত করি। আর Partisan মানেও বিশেষ ব্যাক্তি।

৫৬৭. **Patent** মূল অর্থ- সুস্পষ্ট।

Synonym: obvious, clear, plain, evident, self-evident. Antonym: unobtrusive.

Mnemonic- ১. আমরা প্রায়ই কোন আবিস্কার Patent করে নেবার কথা শুনে থাকি। কেউ যখন Patent করে নেয় মানে তখন বুঝতে হবে যে, এটি যে তারই আবিস্কার, সেটা স্পষ্ট করে নেয়।

৫৬৮. **Paternal** মূল অর্থ- পিতা সম্পর্কিত।

Synonym: patrilineal, patrimonial. Antonym: maternal.

আপনার কাকা হল আপনার Paternal আত্মীয়। আর আপনার মামা হল আপনার maternal আত্মীয়।

নমোনিক- ১. Paternal - maternal । Paternal মানে পিতা সম্পর্কিত, আর maternal মানে মাতা সম্পর্কিত। অনেকে ভাবতে পারেন, বাংলার সাথে ইংরেজির এই ধ্বনিগত মিল হল কি করে ? আসলে বাংলা ও ইংরেজি দুটি ভাষাই একটি আদি ভাষাগোষ্ঠীর অংশ। এই ভাষাগোষ্ঠীর নাম ইন্দো-ইউরোপিয় ভাষাগোষ্ঠী। আর তাই মা- mother, ত্রিপদ- Tripod ইত্যাদি ক্ষেত্রে ধ্বনির মিল পাওয়া যায়।

৫৬৯. **Pathology** মূল অর্থ- রোগনির্ণয়বিদ্যা ; রোগ নির্ণয় করার বিজ্ঞান ।

Synonym: palaeopathology, medical science, paleopathology.

Scanned by CamScanner

Mnemonic- ১. ডাক্তার রোগ পরীক্ষা করার জন্য আমাদের বিভিন্ন Pathology সেন্টারে পাঠায়।

৫৭০. **Patriarch** মূল অর্থ - কূলপতি; পুরুষতান্ত্রিক সমাজে পরিবারের কর্তা।

Synonym: senior figure, father, paterfamilias, leader, elder, grandfather.

Mnemonic- ১. Patriarch = Patri+ monarch . patri মানে পিতা সম্পর্কিত সেটা আমরা আগেই জেনেছি। আর monarch মানে রাজা বা কর্তা। আর Patriarch মানে হল কুলপতি। বিশেষ করে পুরুষতান্ত্রিক সমাজে পরিবারের কর্তা।

৫৭১. **Patrician** মূল অর্থ- অভিজাত; সম্ভ্রান্ত; কুলিন ।

Synonym: aristocrat, grandee, noble, noblewoman. Antonym: lowborn.

Mnemonic- ১. Patrician= Patri + cian , আগের দিনের সমাজে(বেশিরভাগ সমাজ ও বেশিরভাগ মূল্যবোধ অনুযায়ী) পুরুষকে প্রধান, শক্তিশালী;বুদ্ধিমান; অভিজাত বা শ্রেষ্ঠ ধরা হত।

৫৭২. **Patronize** মূল অর্থ- সমর্থন করা; পৃষ্ঠপোষকতা; উৎসাহ দেওয়া; নিয়মিত কাস্টমার হওয়া।

Synonym: sponsor, back, fund, finance.

আপনি যদি কোন বৈজ্ঞানিক গবেষণা করেন, বা শিল্পকলার চর্চা করেন, সেটাকে Patronize করা মানে সেটাকে পৃষ্ঠপোষকতা করা ও সেটাকে সমর্থন করা।

Mnemonic- ১. Patronize = Patro+ nize মানে পিতার মত থাকা, সমর্থন দেওয়া । আগের দিনের রাজারা বিভিন্ন জিনিসের পিতার মত সাহায্য করত।

৫৭৩. **Paucity** মূল অর্থ- অভাব; সল্পতা; দীনতা ।

Synonym: scarceness, scarcity, dearth. Antonym: abundance.

Mnemonic- ১. Paucity কে scarcity দিয়ে মনে রাখা সহজ। দুটি শুনতে প্রায় একই রকম। আর অর্থও একদম কাছাকাছি। scarcity মানে ঘাটতি বা অভাব । আর Paucity মানে অভাব বা স্বল্পতা ।

৫৭৪. **Peccadillo** মূল অর্থ- ছোট-খাট ভুল ; সামান্য অপরাধ।

Synonym: misdemeanour, minor offence, petty offence, delinquency.

Mnemonic- ১. Peccadillo = Pecado impeccable নিষ্পাপ। এর সাথে সেই আদমের নিষিদ্ধ ফল খাওয়ার ইতিহাস জড়িত। picado লিখে গুগোলে সার্চ দিলে দেখবেন আপেল আর সাপের ছবি দেখাচ্ছে ।

৫৭৫. **Pedantic** মূল অর্থ- একাডেমিক গোঁড়া; একাডেমিক বোরিং মানুষ; বিচারবুদ্ধিহীন ।

Synonym: overscrupulous, scrupulous, precise, exact. Antonym: open mind.

Scanned by CamScanner

Mnemonic- ১. Pedantic = Pandit , Pedantic শুনতে অনেকটা Pandit এর মত । পন্ডিতরা বা অতি বিদ্বান ব্যাক্তি আর একাডেমিক গোঁড়া প্রায় একই অর্থ বহন করে। আর এসব অতিবিদ্বান ব্যাক্তিরা বেশিরভাগ সময়ই বরিং টাইপের মানুষ হয়। আর Pedantic মানে একাডেমিক গোঁড়া বা একাডেমিক বোরিং মানুষ।

৫৭৬. **Pedestrian** মূল অর্থ- পদব্রজে ভ্রমনকারী; কল্পনাশক্তিবিহীন ।

Synonym: walker, person on foot, hiker, rambler. Antonym: driver.

Pedestrian বলতে সাধারনত পদব্রজে ভ্রমনকারী বা সাধারণ একজন পথচারীকে বোঝায়; কিন্তু এটা দ্বারা আরও বেশ কিছু জিনিস বোঝায়। সেটাও আমাদের মনে রাখতে হবে। যেমন কোন খাদ্য তালিকাও Pedestrian হতে পারে। সেটা হলে বুঝতে হবে যে প্রতিদিন একই রকম খাবার দেওয়া হচ্ছে। আবার একটা পেইংটিং ও Pedestrian হতে পারে। যেমন- আপনি চারুকলায় মাস্টার্স শেষ করেছেন। এবার আপনি কোন প্রদর্শনীর জন্য এমন একটি চিত্র আঁকলেন যেটা দেখে কেউ হয়ত মনে করতে পারে এটা ক্লাস এইটের কারো আকা, মানে একদম সাদামাটা ও আর্টলেস। এমন কোন চিত্রকেও Pedestrian বলা হয়।

Mnemonic- ১. Pedestrian= Pede+strain, pede/pod মানে পা। pede বা পদ/পা থেকে মনে রাখতে হবে যে এটা দ্বারা পা দ্বারা ভ্রমন করা বোঝায়।

৫৭৭. **Pejorative** মূল অর্থ- নেতিবাচক; মর্যাদাহানী।

Synonym: disparaging, derogatory, denigratory. Antonym: complimentary.

Mnemonic- ১. Pejorative কে pajero বা পাজারো গাড়ী দিয়ে মনে রাখা সহজ। যারা পাজারো গাড়ি ব্যাবহার করে তার সমাজে উচু মর্যাদার অধিকারী। মনে রাখতে হবে এখানে Mnemonicটা উল্টো ব্যাবহিত হচ্ছে। এখানে মনে রাখতে হবে pajero দিয়ে কিন্তু অর্থ হবে উল্টো। মানে যারা pajero ব্যাবহার করে তাদের উল্টো ।যার pajero ব্যাবহার করে তারা মর্যাদাবান আর তার উল্টো মানে মর্যাদাহীন। আর Pejorative মানে মর্যাদাহীন।

৫৭৮. **Penchant** মূল অর্থ- আসক্তি; কোন কিছুর প্রতি বিশেষ টান ।

Synonym: acquired taste, taste, weakness. Antonym: dislike.

Mnemonic- ১. Penchant কে ভেঙ্গে ফেলুন -> Penchant=- P+enchant , শব্দটিকে enchant দিয়ে মনে রাখুন। enchant মানে জাদুমুগ্ধ বা মারাত্মক মুগ্ধ। আর Penchant মানে আসক্তি। মানুষ যে জিনিসের প্রতি enchant তার প্রতি মানুষের Penchant বা আসক্তি থাকে।

৫৭৯. **Penitent** মূল অর্থ- দুঃখিত; অনুতপ্ত।

Synonym: repentant, contrite, regretful. Antonym: impenitent.

Mnemonic- ১. Penitent কে penny বা পেনি দিয়ে মনে রাখা সহজ। penny হারিয়ে গেলে মানুষ Penitent হয়ে যায়(ইউরোপের বিভিন্ন দেশের মুদ্রাকে penny বলা হয়)।

৫৮০. **Pensive** মূল অর্থ- চিন্তিত; বিষণ্ণ।

Scanned by CamScanner

Synonym: thoughtful, thinking, reflective. Antonym: happy.

Mnemonic- ১. Pensive কে Expensive দিয়ে মনে রাখুন। যখন মানুষ Expensive বা বেশি ব্যয়বহুল জীবনযাপন করে তখন সেই অতিরিক্ত খরচের কথা ভেবে Pensive থাকে বা চিন্তিত থাকে।

৫৮১. **Peremptory** মূল অর্থ- চূড়ান্ত; স্বৈরাচারী।

Synonym: brusque, imperious, high-handed, brisk. Antonym: liberal.

কেউ যদি Peremptory সিদ্ধান্ত নেয় তাহলে বুঝতে হবে যে সে কাউকে এই ব্যাপারে অমত করার সুযোগ দেবে না। অর্থাৎ সে একদম চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে।

Mnemonic- ১. Peremptory হল Primary এর ঠিক উল্টো । Primary সিদ্ধান্ত হল প্রাথমিকভাবে নেওয়া সিদ্ধান্ত, অর্থাৎ এটাকে এদিক সেদিক করে পরে একটা সঠিক সিদ্ধান্তে পৌঁছান হবে। আর Peremptory হল ঠিক তার উলটো, এটাকে পাল্টানোর কোন সুযোগ নেই।এটাই শেষ ,এটাই চূড়ান্ত। Peremptory = not primary.

৫৮২. **Perennial** মূল অর্থ- প্রতি বছর ঘটে এমন ; ক্রমাগত চলছে ।

Synonym: everlasting, perpetual, eternal, continuing. Antonym: daily.

Mnemonic- ১. Perennial= per annual , per মানে প্রতি, আর annul মানে বার্ষিক । Perennial হল এমন একটি বিষয় যা প্রতি বছর ঘটে। অর্থাৎ ক্রমাগত চলছে ।

৫৮৩. **Perfidy** মূল অর্থ- বিশ্বাসঘাতকতা ।

Synonym: treachery, duplicity, deceit. Antonym: faithfulness.

Mnemonic- ১. Perfidy = per+fede , fede মানে বিশ্বাস বা সততা। আর Perfidy মানে বিশ্বাস ভঙ্গ করা। fide এর আরও ব্যাবহার দেখুন- fidelity মানে। আর fidelity নষ্ট করা মানে Perfidy করা।

৫৮৪. **Perfunctory** মূল অর্থ- অনাগ্রহী ; অবসন্ন; অসাবধান।

Synonym: cursory, desultory; quick, brief. Antonym: careful.

Mnemonic- ১. Perfunctory = Per+functory , functory কার্যকরি, আর Per মানে কার্যকরিতা নষ্ট হওয়া বা কমে যাওয়া। যার কার্যকারিতা কমে যায় বুঝতে হবে সে অনাগ্রহী বা অসাবধান । আর Perfunctory অর্থ অনাগ্রহী বা অসাবধান।

৫৮৫. **Peripatetic** মূল অর্থ- বিচরন করা; ক্রমাগত ভ্রমন করা।

Synonym: nomadic, itinerant, travelling, wandering, roving, roaming.

Mnemonic- ১. Peripatetic = peri+patetic , শব্দটির প্রথম অংশ হল- Peri । এর অর্থ গোলাকার । অ্যারিস্টটল যখন এথেন্সে তার নিজের শিক্ষালয় লাইসিয়ামে তার শিষ্যদের শিক্ষা দিতেন তখন তিনি গোলাকারে ক্রমাগত ভ্রমণ করতেন। এরিস্টটলের সেই ক্রমাগত হাটাহাটির থেকেই এই শব্দটির প্রচলন হয়েছে।

Scanned by CamScanner

৫৮৬. **Periphery** মূল অর্থ- পরিধি ; চৌহদ্দি; কোন কিছুর শেষ সীমানা; বাইরের দিক।

Synonym: edge, outer edge, margin, fringe. Antonym: centre.

Mnemonic- ১. Periphery = peri+ferry , peri মানে গোল। আপনি যদি গোল কিছুর চারিদিকে(ধরে নিন পৃথিবী) ফেরীতে(ferry) করে ঘুরে আসেন তবে আপনি পরিধি ঘুরে আসতে পারবেন বা Periphery ঘুরে আসতে পারবেন পারবেন। (বৃত্তের চারপাশকে বলা হয় বিত্তের পরিধি।)

৫৮৭. **Perjury** মূল অর্থ- শপথ করে মিথ্যা বলা ।

Synonym: lying under oath, violation of an oath.

আদালতে যখন মানুষ সাক্ষী দেয় তখন সে শপথ করে নেয় যে সে মিথ্যা সাক্ষ্য দেবে না। কিন্তু যদি সে এই শপথ করার পরও মিথ্যা সাক্ষী দেয় বা মিথ্যা তথ্য বলে তবে সেটাকে Perjury বলা হয়। আর এটা আইনের দৃষ্টিতে একটি অপরাধ।

Mnemonic- ১. Perjury = partiality in jury। Jury বিচার সভার সামনে মিথ্যা বলাকেই বলে Perjury ।

৫৮৮. **Permeate** মূল অর্থ- ভেদ করা; প্রবেশ করা ।

Synonym: pervade, spread through, fill, filter through, diffuse through.

Mnemonic- ১. Permission না পেলে Permeate করা যায় না। Permeate করা মানে হল কোন কিছুর মধ্যে প্রবেশ করা বা কোন বিষয়ে জড়িত হওয়া ।

৫৮৯. **Pernicious** মূল অর্থ- সাংঘাতিক; মারাত্মক খারাপ।

Synonym: harmful, damaging, destructive, injurious. Antonym: beneficial.

Mnemonic- ১. Pernicious = ferocious = dangerous, এই শব্দগুলো শুনতে একইরকম আর শব্দগুলোর অর্থও প্রায় একই ।

৫৯০. **Perquisite** মূল অর্থ- কোন কাজের জন্য পাওয়া বিশেষ সুবিধা; বেতনের অতিরিক্ত পাওনা।

Synonym: appanage, pourboire, bakshis, baksheesh, perk, bakshish.

ধরুন আপনি একটি অফিসে জব করেন। এই জব করার জন্য আপনি আপনার অফিসের ফটোকপি মেশিন থেকে ফ্রীতে ফটোকপি করতে পারেন। এটা একধরনের Perquisite।

Mnemonic- ১. Perquisite = park+u+site , আপনার সাইটের মানে আপনি যে সাইটে কাজ করেন সেখানে একটি পার্ক আছে। আর এই পার্কে জনসাধারনের প্রবেশ নিষেধ। শুধুমাত্র যারা এই সাইটে কাজ করে তারাই এখানে ঢুকতে পারে। ফলে এই পার্কে ঘুরে বেড়ানটা আপনার জন্য একটি Perquisite বা কাজের সুবাদে পাওয়া বিশেষ সুবিধা। বা বেতনের অতিরিক্ত পাওনা।

৫৯১. **Pertinent** মূল অর্থ- প্রাসঙ্গিক; সম্পর্কযুক্ত ।

Scanned by CamScanner

Synonym: relevant, to the point, apposite. Antonym: irrelevant.

Mnemonic- ১. Pertinent = relevant , Pertinent মানেই relevant। দুটি শব্দ শুনতে একইরকম আর অর্থ পুরোপুরি একই ।

৫৯২. **Perturb** মূল অর্থ- অতিশয় বিরক্ত করা ।

Synonym: worry, upset, unsettle, disturb. Antonym: reassure.

Mnemonic- ১. Perturb = Disturb , Perturb আর Disturb শুনতে কাছাকাছি। আর অর্থও প্রায় এক। Perturb করা মানে অতিশয় Disturb করা।

৫৯৩. **Peruse** মূল অর্থ- সতর্কতার সাথে পড়া।

Synonym: flick, leaf, thumb, see, flip, examine, riff, riffle.

Mnemonic- ১. Peruse = peer+use , আমরা সবাই Peer review এর নাম শুনেছি। একটি একটি থিসিস পেপার যখন Peer review হয়ে আসে তখন সেটাকে একদম খাটি বলে ধরে নেওয়া হয়। Peer review তে মূলত পেপারটিকে পংখানুপংখানুভাবে চেক করা হয়।

peer মানে কুটিলভাবে দৃষ্টি দেওয়া। use মানে ব্যাবহার করা। অর্থাৎ কুটিলভাবে দৃষ্টি দিয়ে ব্যাবহার করা। কোন কিছুর প্রতি কুটিল দৃষ্টি দিয়ে পড়তে হলে সেটাকে সতর্কতার সাথে পড়তেই হবে। কোন ডকুমেন্ট Peruse করা মানে সতর্কতার সাথে পড়া।

৫৯৪. **Pervade** মূল অর্থ- ছড়িয়ে দেওয়া।

Synonym: spread through, permeate, fill, suffuse.

Mnemonic- ১. Pervade = spread , শব্দদুটি শুনতে একই রকম, আর অর্থও এক। মনে রাখতে হবে- কোন কিছু Pervade করা মানে সেটাকে spread করা বা ছড়িয়ে দেওয়া।

৫৯৫. **Petulant** মূল অর্থ- অভদ্র; বদরাগী; খিটখিটে স্বভাবের।

Synonym: peckish, nettlesome, testy, tetchy. Antonym: good-natured.

Mnemonic- ১. Petulant = Pet u lend , পোষা জন্তু(Pet) কি আর ধার(lend) করার জিনিস নাকি? তাই যারা পোষা জন্তু ধার করতে চায় তাদের সাথে Petulant বা অভদ্র আচরণ করাটা খুব বেশি অস্বাভাবিক না ।

৫৯৬. **Philanthropy** মূল অর্থ- মানবজাতির প্রতি ভালোবাসা; মানবহৈতেষী।

Synonym: benevolence, generosity, humanitarianism. Antonym: misanthropic.

Mnemonic- ১. Philanthropy = phil+anthorpy , phil মানে আকর্ষণ বা ভালোবাসা, যেখানেই phil দেখবেন, বুঝে নেবেন এখানে কোন কিছুর প্রতি আকর্ষণ বা ভালোবাসা বোঝানো হচ্ছে। আর anthorp যেখানেই

Scanned by CamScanner

দেখবেন বুঝে নেবেন এখানে মানুষ সম্পর্কিত কিছু বলা হচ্ছে। তাহলে Philanthropy অর্থ দাঁড়াচ্ছে - মানুষকে ভালোবাসা।

৫৯৭. **Philistine** মূল অর্থ- একজন ফিটফাট অশিক্ষিত ব্যাক্তি যার শিক্ষা ও সংস্কৃতি সম্পর্কে উপলব্দি নাই।

Synonym: nonintellectual, anti-intellectual. Antonym: intellectual.

Mnemonic- ১. Philistine কে প্যালেস্টাইন দিয়ে মনে রাখুন। এই শব্দটি আসলেই প্যালেস্টাইনের সম্পর্ক রয়েছে। বাইবেলের ওল্ড টেস্টামেনে বর্ণনা আছে যে প্যালেস্টাইনের লোকেরা ইসরাইলের সাথে যুদ্ধ করেছিল। সম্ভবত এজন্যই তাদের নাম দেওয়া হয়েছিল- "enemy of god" অর্থাৎ ঈশ্বরের শত্রু। আর সেখানে থেকেই এই শব্দটির উৎপত্তি। ঈশ্বরের শত্রুকে কেউ ভাল চোখে দেখার কথা না, ফলে এই শব্দের অর্থ হয়ে গেছে- "একজন ফিটফাট অশিক্ষিত ব্যাক্তি যার শিক্ষা ও সংস্কৃতি সম্পর্কে উপলব্দি নাই।" সম্ভবত এদের যুদ্ধবাজ বোঝাতে এমন তকমা দেওয়া হয়েছে। অবশ্য এখন প্যালেস্টাইনের লোকেরা নিয়মিত যুদ্ধ করেই যাচ্ছে।

৫৯৮. **Pious** মূল অর্থ- সশ্রদ্ধ বা ভক্তিপূর্ণ; বিশেষ করে বাহ্যিকভাবে ভক্তিপূর্ণ।

Synonym: religious, devout, devoted, dedicated, reverent. Antonym: impious.

Mnemonic- ১. Pious= Pio(প্রিয়)+ us(আমাদের), যারা আমাদের কাছে প্রিয় আমারা তাদের সাথে Pious আচরণ করি। অর্থাৎ সশ্রদ্ধ বা ভক্তিপূর্ণ আচরণ করি।

৫৯৯. **Pivotal** মূল অর্থ- অত্যন্ত গুরুত্বপূর্ণ।

Synonym: central, crucial, vital, critical, focal. Antonym: noncrucial.

Mnemonic- ১. Pivotal মনে রাখার জন্য শুধু এর মাঝের অংশ মানে- vot এর দিকে লক্ষ্য করুন। Votting - অর্থাৎ ভোট দেওয়া একটি Pivotal কাজ , অর্থাৎ অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ।

৬০০. **Placate** মূল অর্থ- শান্ত করা; তৃপ্ত করা ।

Synonym: gruntle, appease, tranquilize. Antonym: agitate.

Mnemonic- ১. Placate = play + cat , আপনার যদি অনেক মন খারাপ থাকে বা অস্বস্তিতে থাকেন তাহলে আপনার প্রিয় বিড়ালটির(cat) সাথে একটু playing করুণ দেখবেন, অনেকটা ভাল লাগছে , শান্ত লাগছে। playing with cat আপনাকে Placate করতে পারে বা শান্ত/ তৃপ্ত করতে পারে।

৬০১. **Plaintive** মূল অর্থ- দুঃখ প্রকাশ করা।

Synonym: mournful, sad, wistful, doleful. Antonym: joyful.

Mnemonic- ১. Plaintive= pain+tive , pain বা দুঃখ প্রকাশ করা। Plaintive কে মনে রাখার জন্য শব্দটি থেকে শুধু l বাদ দিয়ে দিন। এবার এটার প্রথম অংশ হয়ে যাবে pain বা দুঃখ। আর Plaintive অর্থ হল দুঃখ প্রকাশ করা ।

Scanned by CamScanner

৬০২. **Platitude** মূল অর্থ- একটি নিরস বা মামুলী মন্তব্য; সস্তা ।

Synonym: cliché, truism, commonplace. Antonym: wish saying.

Mnemonic- ১. Platitude= plain attitude, plain অর্থাৎ একদম রসহীন ব্যাবহার(attitude)। ধরুন আপনি আপনার বসকে একটি বড় ধরনের খুশির সংবাদ দিলেন। আপনি আশা করে ছিলেন বস আপনার সাফল্যে খুশি হয়ে আপনাকে কোন ভাল মন্তব্য করবে। কিন্তু দেখা গেল সে শুধু বলল, " ও আচ্ছা" । মানে একদম plain বা নিরস টাইপের উত্তর। ভাল কোন মন্তব্যই করল না। এমন নিরস মন্তব্যকে বলা হয় Platitude ।

৬০৩. **Plebeian** মূল অর্থ- সাধারণ লোক; আমজনতা; নিম্ন শ্রেণীর।

Synonym: proletarian, commoner, common person. Antonym: aristocrat.

Mnemonic- ১. Plebeian শুনতে অনেকটা Pebble এর মত। Pebble বা নুড়ি পাথর সব জায়গায় পাওয়া যায়। অর্থাৎ এটি একটি সাধারণ জিনিস। আর Plebeian মানেও সাধারণ মানুষ। আসলে এই শব্দটি এসেছে ল্যাটিন ভাষা থেকে। প্রাচীন রোমে রাজ্যের মানুষকে চার ভাগে ভাগ করা হত। তার মধ্যে সবথেকে নিম্ন শ্রেণীর মানুষদের বলা হত Plebeian। এই Plebeian রা ছিল অনেকটা Pebble বা নুড়ি পাথরের মতই সাধারণ বস্তু।

৬০৪. **Plethora** মূল অর্থ- আধিক্য , অতিরিক্ত পরিমাণে।

Synonym: overplus, redundancy, excessiveness. Antonym: paucity.

Mnemonic- ১. Plethora =ple+thora , এই শব্দটিকে হিন্দি thora দিয়ে মনে রাখুন। হিন্দিতে thora মানে অল্প । আর Plethora হল thora এর উল্টো । অর্থাৎ অনেক বেশি।

৬০৫. **Poignant** মূল অর্থ- বেদনাদায়কভাবে আবেগপ্রবণ; অত্যন্ত চঞ্চল; ধারালো।

Synonym: touching, moving, sad, saddening. Antonym: unmoving.

Mnemonic- ১. Poignant কে Pregnant দিয়ে মনে রাখুন। মেয়েরা প্রথম যখন Pregnant বা গর্ভবতী হয় তখন তারা অত্যন্ত আবেগপ্রবণ থাকে(আর এত বেশি আবেগপ্রবণ থাকাটা তার স্বামীর কাছে painful হতে পারে)। আর Poignant মানে অত্যন্ত/বেদনাদায়কভাবে আবেগপ্রবণ।

৬০৬. **Polarize** মূল অর্থ- দুই অংশে ভাগ করে ফেলা; মেরুকরণ ।

Synonym: polarise, part, divide, separate.

Mnemonic- ১. Polarize শব্দটি এসেছে মূলত pole থেকে। pole অর্থ মেরু। পৃথিবীর দুই মেরু- উত্তর মেরু আর দক্ষিণ মেরু(North pole আর South pole)। আমরা জানি দুই মেরু পৃথিবীর দুই প্রান্তে। পৃথিবীর একদম উত্তর প্রান্তকে বলা হয় উত্তরমেরু আর একদম দক্ষিণপ্রান্তকে বলা হয় দক্ষিণ মেরু। Polarize বা মেরুকরণ করা মানে কোন একক দলকে দুই ভাগে ভাগ করে দেওয়া। যখন কোন একটি দলের সবাই একসাথে থাকে তখন তাদের মধ্যে সব বিষয়ে মিল থাকে। এখন কৌশলে যদি তাদের Polarize করা হয় বা তাদের মধ্যে ভাগ সৃষ্টি

Scanned by CamScanner

করা হয় তবে একদল আরেকদলের বিরুদ্ধে বলবে। একদলের অবস্থান হবে অন্যদলের ঠিক বিপরীতে। ঠিক যেমন উত্তর মেরু আর দক্ষিণমেরু। সাধারনত রাজনৈতিক দলের ক্ষেত্রে এই শব্দটি বেশি ব্যাবহার করা হয়।

৬০৭. **Polemic** মূল অর্থ- কোন বিতর্কিত বিষয়কে বাতিল করে দেবার জন্য কোন শক্ত যুক্তি দেওয়া; বিতর্ক করা।

Synonym: diatribe, invective, denunciation, denouncement, rant, tirade.

Mnemonic- ১. Polemic = Ptolemy র মত । আমরা সবাই Ptolemy বা টলেমিরা নাম শুনেছি(টলেমি বানানে P এর উচ্চারণ উহ্য থাকে)। টলেমি ছিলেন প্রাচীন গ্রিসের একজন জ্যোতির্বিদ ও গনিতবিদ। তখনকার মানুষ মনে করত ড্রাগন সুর্যকে খেয়ে ফেলে বলেই সুর্যগ্রহন হয়। কেউ মনে করত এগুলো বুঝি কোন খারাপ দেবতার কাজ। টলেমিই প্রথম শক্ত যুক্তি দিয়ে বলেন যে সুর্যের উপর পৃথিবীর ছায়া পরার কারনে এই গ্রহন হয়। শুধু তাই না, তিনি ভবিষ্যৎবানী করেন যে- এরপরেরবার কবে সুর্যগ্রহন হবে। আর তা মিলেও যায়। টলেমি ছিলেন তার সময়ের সবথেকে বেশি যুক্তিবাদী মানুষ। আমরা মনে রাখব- Polemic মানে Ptolemy/টলেমির মত শক্ত যুক্তি দিয়ে কোন বিতর্কিত বিষয় বাতিল করা।

৬০৮. **Ponderous** মূল অর্থ- বিশালাকার ও কদাকার; ভারী।

Synonym: clumsy, slow, heavy, awkward. Antonym: light, graceful.

Mnemonic- ১. Ponderous = pound+erous , মানে অনেক pound এর । কোন বস্তুর ওজন যদি অনেক pound হয় তাহলে সেটা অবশ্যই বিশালাকার হবে (পাশাপাশি ভারীও হবে)। আর Ponderous মানেও বিশালাকার বা ভারী । আরেকটি বিষয় হল- ছোট আকারের জিনিসগুলোই দেখতে বেশি সুন্দর। তাই বিশালাকার বা ভারীর পাশাপাশি এটাও মনে রাখতে হবে যে Ponderous কদাকারও ।

৬০৯. **Portent** মূল অর্থ- লক্ষণ; ভবিষ্যতে কিছু ঘটার ইঙ্গিত।

Synonym: omen, sign, indication, presage, warning, forewarning.

Mnemonic- ১. Portent কে important দিয়ে মনে রাখুন। Portent বা ভবিষ্যতে কিছু ঘটার ইঙ্গিত একটি important বিষয়। অর্থাৎ Portent হল important বিষয়।

৬১০. **Postulate** মূল অর্থ- স্বীকার্য; যা সত্য বলে ধরে নেওয়া হয়।

Synonym: put forward, advance, posit, hypothesize, take as a hypothesis.

Postulate শব্দটি বৈজ্ঞানিক গবেষণার ক্ষেত্রে বেশি ব্যাবহিত হয়। কোন তত্ত্বের শুরুতে আগের গবেষণা থেকে বা নতুন করে কিছু জিনিস ধরে নিতে হয়। তারপর সেটা নিয়ে পরবর্তী গবেষণা এগুতে থাকে। যেমন আপেক্ষিক তত্ত্বের শুরুতে Postulate ছিল যে আলোর বেগ সকল দর্শকের সাপেক্ষে একই থাকবে।

Mnemonic- ১. Postulate= Post+u+late , কোন বৈজ্ঞানি যখন তার তত্ত্ব গঠন করেন তার অনেক পরে(late) গবেষণার ফলাফল জার্নালে post করেন। অর্থাৎ Postulate করার অনেক late এ সেটাকে post করা হয়।

৬১১. **Pragmatic** মূল অর্থ- ব্যাবহারিক; পার্থিব; তত্ত্বের থেকে অভিজ্ঞতার উপর বেশি নির্ভরশীল।

Scanned by CamScanner

Synonym: matter-of-fact, pragmatical, practical. Antonym: impractical.

Mnemonic- ১. যেকোনো কিছুই ব্যাবহারিকভাবে করতে গেলে অনেক সমস্যায় পড়তে হয়। তবু দেখে যেমন মনে হয়, Pragmatic বা ব্যাবহারিকভাবে তা করতে গেলে বোঝা যায় সেটা আসলে তার থেকে অনেক বেশি Problematic । অর্থাৎ যেকোনো Pragmatic বিষয়ই Problematic বা সমস্যাপূর্ণ।

৬১২. **Precedent** মূল অর্থ- অতীতের উদাহরণ।

Synonym: model, exemplar, example, pattern, previous case, prior case.

Mnemonic- ১. Precedent কে President/রাষ্ট্রপতি দিয়ে মনে রাখা সহজ। কারন বানান ভিন্ন হলেও দুটোর উচ্চারণ প্রায় একই। President রা রাষ্ট্র পরিচালনার জন্য অতীতের উদাহরন থেকে অর্থাৎ Precedent থেকে শিক্ষা গ্রহন করেন।

৬১৩. **Precept** মূল অর্থ- জীবনযাপনের জন্য কর্মবিধি; কোন নির্দিষ্ট ধরনের কাজের জন্য নীতি।

Synonym: principle, rule, tenet, canon, code, doctrine, guideline.

একটি উদাহরণ দিলেই Precept বিষয়টি পরিষ্কার হবে। " প্রতিবেশি দেশকে সাহায্য কর" এটা একটি দেশের পররাষ্ট্র নীতি। এই নীতিটিকে একটি Precept বলা যেতে পারে।

Mnemonic- ১. Precept= concept, আসলে Precept ও এক ধরনের concept। দুটোর অর্থ বেশ কাছাকাছি। Precept হল সাধারণভাবে বেচে থাকার জন্য আমরা যেসব concept ধারন করি সেগুলো। আর concept কে সাধারনত একটু তত্ত্বীয় ক্ষেত্রে প্রয়োগ করা হয়। অর্থাৎ ব্যাবহারিক জীবনের যেসব concept ব্যাবহার করা হয় সেগুলোকে Precept বলে ।

৬১৪. **Precipitate** মূল অর্থ- হঠাৎ করে ঘটার কারন সৃষ্টি হওয়া ।

Synonym: hurl, catapult, throw, plunge, launch, project, fling.

Mnemonic- ১. Precipitate= Pre + anticipate , pre মানে পূর্বে, anticipate মানে ধারনা করা । পূর্বে যা anticipate/ধারনা করা হয়নি, হঠাৎ তেমন কিছু ঘটার কারন সৃষ্টি হওয়াকেই বলা হয় Precipitate।

৬১৫. **Precipitous** মূল অর্থ- খাঁড়া।

Synonym: steep, sheer, high, perpendicular. Antonym: plain.

Mnemonic- ১. Precipitate-> Precipitous , Precipitate এর সাথে Precipitous এর একটি সূক্ষ্ম যোগাযোগ রয়েছে। Precipitate মানে হঠাৎ করে কোন কিছু ঘটার কারন সৃষ্টি হওয়া। কোন ঘটনা যদি ধির ধিরে ঘটে, আর সেটাকে যদি গ্রাফ পেপারে প্লট করি তাহলে একটি মসৃণ গ্রাফ পাওয়া যাবে। আর যদি তা হঠাৎ ঘটে তবে আমরা একটি Precipitous বা খাড়া গ্রাফ পাব। আর Precipitous মানে খাড়া।

৬১৬. **Preclude** মূল অর্থ- কোন কিছু ঘটার সম্ভাবনা সারা জীবনের জন্য বাতিল করা।

Synonym: prevent, make it impossible for, make it impracticable for, rule out.

Scanned by CamScanner

Mnemonic- ১. Preclude= exclude , Preclude আর exclude শুনতে একই রকম। অর্থও প্রায় একই । exclude মানে তো বাতিল করা। আর কোন কিছু যখন সারা জীবনের জন্য exclude করা হয় তখন সেটাকে Preclude বলা হয়।

৬১৭. **Precursor** মূল অর্থ- অগ্রদূত।

Synonym: forerunner, predecessor, forefather, father, parent, antecedent.

Mnemonic- ১. Precursor = pre+cursor, মাউসের coursor কি করে? আপনি ঠিক কোথায় কোন একশন নেবেন সেটা দেখায়। অর্থাৎ কম্পিউটারের মাউস হলো কম্পিউটারের পথ প্রদর্শক বা অগ্রদুত। আর Precursor মানেও অগ্রদুত।

৬১৮. **Predilection** মূল অর্থ- আগেই পক্ষ নিয়ে রাখা ।

Synonym: liking, fondness, preference, partiality. Antonym: dislike.

কোন বিচারের ক্ষেত্রে যদি Predilection করা হয়, তাহলে বুঝতে হবে যে বিচারক বিচার কার্য শুরু হবার আগেই, অর্থাৎ উভর পক্ষের কথা শোনার আগেই সিদ্ধান্ত নিয়ে ফেলেছে।

Mnemonic- ১. Predilection = Pre+dilection, dilection মানে পছন্দ করা। pre dilection মানে আগেই পছন্দ করে রাখা। যদি কেউ আগেই পছন্দ করে রাখে তবে সে তার পক্ষ নেবে স্বাভাবিক। সুতরাং Predilection অর্থ- আগেই পক্ষ নিয়ে রাখা ।

৬১৯. **Preeminent** মূল অর্থ- সবার থেকে ভাল ; সর্বোচ্চ।

Synonym: greatest, leading, foremost. Antonym: unknown.

Mnemonic- ১. Preeminent কে Prominent দিয়ে মনে রাখুন। আমরা প্রায়ই শুনে থাকি- Prominent রাইটার বা Prominent আর্টিস্ট। Prominent মানে উল্লেখযোগ্য। যারা সবার থেকে ভাল তারাই তো উল্লেখযোগ্য তাই না ? তাহলে মনে রাখতে হবে যারা Prominent তারাই Preeminent ।

৬২০. **Preempt** মূল অর্থ- অগ্রাধিকার ভিত্তিতে কোন কিছু করা বা নেওয়া বা দখল করা।

Synonym: commandeer, take possession of, occupy, seize, arrogate.

Mnemonic- ১. Preempt কে ভেঙ্গে ফেলুন-> Preempt= prior+ attempt, prior বা অগ্রাধিকার এর উপর ভিত্তি করে যদি কোন attempt নেওয়া হয় তবে সেটাকে আমরা বলব- Preempt ।

৬২১. **Premise** মূল অর্থ- আন্দাজ করা ; উপসংহারে পৌঁছানোর জন্য ভিত্তি ।

Synonym: proposition, assumption, postulate, hypothesize.

Mnemonic- ১. Premise কে ভেঙ্গে ফেলুন ->Premise= pre+mise(muse), pre muse মানে আগেই চিন্তা করা।কোন কিছু সম্পর্কে আগেই চিন্তা করা মানে আন্দাজ করা। আর Premise মানেও আন্দাজ করা।

৬২২. **Prepossess** মূল অর্থ- সবার আগেই দখল করা, আগেই প্রভাবিত করা।

Scanned by CamScanner

Synonym: influence, act upon, predetermine, bias, prejudice.

Mnemonic- ১. Prepossess কে ভেঙ্গে ফেলুন-> Prepossess= Pre+ process, pre মানে পূর্বে আর process মানে প্রক্রিয়া। অর্থাৎ কোন প্রক্রিয়া আগেই শুরু করা। আর Prepossess মানে সবার আগে দখল করা ।

৬২৩. **Prerogative** মূল অর্থ- কোন শ্রেণীর জন্য বিশেষ ক্ষমতা বা অধিকার।

Synonym: entitlement, right, privilege, advantage, due, birthright; liberty.

Mnemonic- ১. Prerogative কে Interrogative দিয়ে মনে রাখুন। এই দুটির মধ্যে একটা সম্পর্ক আছে। Prerogative দের বা বিশেষ ক্ষমতার মানুষদের কার্যকলাপ সবসময়ই Interrogative হয়ে থাকে। অর্থাৎ তাদের সবকিছুই সাধারনের কাছে প্রশ্নবোধক ।

৬২৪. **Prevail** মূল অর্থ- জয়ী হওয়া; প্রতিদ্বন্দ্বীকে ছাড়িয়ে যাওয়া।

Synonym: win, win out, win through, triumph. Antonym: lose .

Mnemonic- ১. Prevail কে ভেঙ্গে ফেলুন-> Prevail= prove well , prove well মানে ভালমতো প্রমান করা। আর Prevail মানে জয়ী হওয়া বা প্রতিদ্বন্দ্বীকে ছাড়িয়ে যাওয়া। প্রতিদ্বন্দ্বীকে ছাড়িয়ে যাওয়া মানে বেশ ভাল মতই প্রমান করা।

৬২৫. **Pristine** মূল অর্থ- আসল; অপরিবর্তিত; বিশুদ্ধ ।

Synonym: immaculate, in perfect condition, perfect. Antonym: dirty.

Mnemonic- ১. Pristine কে ভেঙ্গে ফেলুন-> Pristine = priest+ine , অর্থাৎ priest বা পাদ্রীর মত। পাদ্রীরা সাধারনত একদম বিশুদ্ধ থাকার চেস্টা করে। এমনকি বিবাহ পর্যন্ত করে না। অর্থাৎ তারা অপরিবর্তিত থাকে সেটাও বলা যায়।মূলত priest ঈশ্বরের সেবায় নিয়োজিত থাকে তাই তাদের বিশুদ্ধ থাকতে হয়। আর Pristine মানে আসল; অপরিবর্তিত; বিশুদ্ধ। ২. Pristine= fresh teen , মনে হয় যা বোঝার বুঝে গেছেন।

৬২৬. **Prodigal** মূল অর্থ- অত্যন্ত অপব্যায়ী ।

Synonym: wasteful, extravagant, spendthrift. Antonym: thrifty.

Mnemonic- ১. Prodigal কে ভেঙ্গে ফেলুন -> Prodigal = Pro wd girl , অর্থাৎ professional with girl। যারা মেয়েদের সাথে চলাফেরাকেই profession হিসেবে নিয়েছে তাদের তো একটু বেশি ব্যায় হবেই, তাই না ? মনে রাখুন Prodigal মানে অত্যন্ত অপব্যায়ী।

৬২৭. **Prodigious** মূল অর্থ- অসাধারণ; বিশাল; দৈত্যাকার ।

Synonym: enormous, huge, colossal, immense. Antonym:small, unexceptional.

Mnemonic- ১. Prodigious কে Prodigious = prodigy game দিয়ে মনে রাখুন। অনেকেই prodigy game বা দৈত্যদের গেম খেলে থাকেন। Prodigious মানে prodigy বা দৈত্যের মত বিশাল। Prodigious মানে অসাধারণ; বিশাল; দৈত্যাকার।

Scanned by CamScanner

৬২৮. **Prodigy** মূল অর্থ- সাধারণ শিশুর তুলনায় বিস্ময়কর প্রতিভাধর শিশু।

Synonym: child genius, genius, wonder child, mastermind, virtuoso.

Mnemonic- ১. Prodigy মানে দৈত্য হলেও এটি দ্বারা সাধারণ শিশুর তুলনায় বিস্ময়কর প্রতিভাধর শিশুকে বোঝানো হয়। আসলে বোঝানো হয় যে সাধারণ শিশুর তুলনায় এই শিশুটি অসাধারণ(Prodigious) ।

৬২৯. **Profane** মূল অর্থ- ধর্মে যা গ্রহণীয় নয়; অপবিত্র; নাপাক।

Synonym: obscene, blasphemous, foul, vulgar. Antonym: decorous.

Mnemonic- ১. Profane কে ভেঙ্গে ফেলুন -> Profane = porn fan , পর্নের ভক্ত কখনোই ধর্মে গ্রহণীয় হতে পারে না। আর Profane মানে ধর্মে যা গ্রহণীয় নয়।

৬৩০. **Profess** মূল অর্থ- ঘোষণা করা ; মুক্তকণ্ঠে ঘোষণা করা।

Synonym: declare, announce, proclaim.

Mnemonic- ১. Profess কে confess দিয়ে মনে রাখুন। কিছুদিন ফেসবুকে ক্রাস আন্ড কনফেশন নামে একটি ট্রেন্ড চালু হয়েছিল। সেখানে সবাই মুক্তকণ্ঠে তাদের ভালোবাসা আর কারো কাছে কোন ভুল করে থাকলে কনফেস করত। confess মানে স্বীকার করা বা মুক্তকণ্ঠে জানান দেওয়া। আর Profess মানেও মুক্তকণ্ঠে ঘোষণা করা।

৬৩১. **Proficient** মূল অর্থ- ব্যাপকভাবে/পুংখানুপুংখানুভাবে উপযুক্ত; দক্ষ ।

Synonym: skilled, skilful, expert, accomplished. Antonym: inept.

Mnemonic- ১. Proficient কে Efficient দিয়ে মনে রাখা সহজ। Efficient মানে দক্ষ। আর Proficient মানেও দক্ষ। দুটি শুনতে একই রকম আর অর্থও এক।

৬৩২. **Profligate** মূল অর্থ- অতিরিক্ত অপব্যয়কারী; উড়নচণ্ডী।

Synonym: wasteful, extravagant, spendthrift. Antonym: thrifty, frugal.

Mnemonic- ১. Profligate এর মধ্যে শেষে gate আছে। মনে রাখার জন্য এই বাক্যটি লক্ষ করুন- Profligate = spend Profusely like bill Gates . অর্থাৎ যে বিল গেটসের মত খরচ করে। আমাদের তো আর বিল গেটসের মত টাকা নেই। তাই গেটসের মত খরচকারিকে বলা হবে- Profligate বা অতিরিক্ত অপব্যয়কারী।

৬৩৩. **Profound** মূল অর্থ- গভীর; অন্তর্নিহিত।

Synonym: complex, abstract, deep, weighty. Antonym: superficial, mild.

Mnemonic- ১. Professional রা বা researchers রা গবেষণা করে যা found করে বা পায় সেটার Profound মিনিং থাকে অর্থাৎ গভীর অন্তর্নিহিত অর্থ থাকে।

৬৩৪. **Profuse** মূল অর্থ- অতিরিক্ত; প্রবাহমান(যার শেষ হচ্ছে না)।

Scanned by CamScanner

Synonym: copious, prolific, abundant, ample. Antonym: scarce.

Mnemonic- ১. Profuse= Produce Huge , পচুর পরিমাণে উৎপাদন করলে(Produce Huge) সেটাকে Profuse বলা যাবে। Profuse এর আরেকটি অর্থ হল প্রবাহমান। কোন কিছুর যদি নিরবিচ্ছিন্ন সরবরাহ থাকে তবেই সেটাকে প্রবাহমান বলা যায়। আর এর জন্য দরকার Huge পরিমাণে Produce করা। তাহলে আমরা বলতে পারি যে- Huge Produce করলে সেটাকে Profuse বলে।

৬৩৫. **Proletariat** মূল অর্থ- শ্রমজীবী শ্রেণী ।

Synonym: the workers, working-class people. Antonym: aristocracy.

এই শব্দটি মূলত কমিউনিজম বা মার্ক্সবাদীরা ব্যাবহার করে। কার্ল মার্ক্সের অনুসারীরা রাশিয়ার অত্যাচারী যার সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করে সেই অত্যাচারী শাশন ব্যাবস্থার বিনাশ ঘটায়। মার্ক্স মূলত শ্রমজীবী মানুষদের অধিকার প্রতিষ্ঠা করার জন্য তার তত্ত গঠন করেছিলেন। আর বিপ্লবটা করবেও এই শ্রমজীবী মানুষেরা। এই শ্রমজীবী মানুষদের মার্ক্সবাদীরা Proletariat বলে।

Mnemonic- ১. Proletariat কে illiterate দিয়ে মনে রাখুন। Proletariat বা শ্রমজীবী মানুষেরা বেশিরভাগই illiterate হয়। তবে এখানে মনে রাখা দরকার Proletariat বলতে মূলত কারখানার কাজ করা শ্রমজীবী মানুষকে বোঝায়(মার্কবাদের ভিত্তি অনুযায়ী)।

৬৩৬. **Proliferate** মূল অর্থ- প্রচুর সংখ্যায় বৃদ্ধি পাচ্ছে এমন।

Synonym: increase rapidly, grow rapidly, multiply. Antonym: decrease.

Mnemonic- ১. Proliferate = Pro+life+rate -> Profuse+life+rate। Profuse বা প্রচুর সংখ্যক life rate , অর্থাৎ প্রচুর পরিমাণে জন্ম নিচ্ছে। আর Proliferate অর্থও ঠিক তাই। যা প্রচুর পরিমাণে জন্ম নিচ্ছে তাকে Proliferate বলা হয়।

৬৩৭. **Prolific** মূল অর্থ- প্রচুর পরিমাণে সৃষ্টি করতে পারে এমন; উর্বর।

Synonym: plentiful, abundant, bountiful. Antonym: unproductive.

একজন লেখক যদি প্রতি বছর ডজন খানেক বই লিখে ফেলে তবে তাকে Prolific রাইটার বলা হয়। আবার কোন ব্যাক্তি যদি ২০-৩০ বাচ্চা আর ৫০-৬০ টা নাতি নাত্নি থাকে তবে তাকেও মানুষ বলা যায়।

Mnemonic- ১. Prolific কে সিমপ্লি উপরের Proliferate দিয়ে মনে রাখুন। দুটির অর্থ সেম। প্রচুর পরিমাণে জন্ম হওয়া সংক্রান্ত। তবে পার্থক্যটা ভালমতো জানা দরকার। যদি কোন কিছু নিজেই প্রচুর পরিমাণে সৃষ্টি হয় তবে সেটা হবে Proliferate। যেমন- মৌমাছি প্রচুর সংখ্যক জন্ম নেয়। তাহলে বলা হবে যে মৌমাছি একটি Proliferate প্রাণী। আর যদি কেউ নিজেই জন্ম দেয় তার ক্ষেত্রে Prolific ব্যাবহিত হবে। যেমন- একজন লেখক Prolific মানে সে প্রচুর বই লিখে।

৬৩৮. **Promulgate** মূল অর্থ- প্রচার করা; জনসম্মুখে কোনকিছু ঘোষণা দিয়ে জানিয়ে দেওয়া।

Synonym: make known, make public, publicize, spread.

Scanned by CamScanner

Mnemonic- ১. Promulgate= promote out of gate ,গেটের বাইরে promote করা। কোন কিছু যখন জনসম্মুখে বা খোলাখুলি/পাব্লিকলি promote করা হয় তখন সেটাকে Promulgate বলা হয়। আর Promulgate অর্থ ঠিক তাই ।

৬৩৯. **Propensity** মূল অর্থ- স্বভাবগত অভ্যাস; স্বভাবগত প্রবনতা ।

Synonym: tendency, inclination, predisposition, proneness, proclivity.

কেউ যদি গালি ছাড়া কথা বলতে না পারে তবে সেটাকে তার Propensity বলা যায় ।

Mnemonic- ১. আজকাল মানুষের গ্রাম থেকে city তে আসার Propensity লক্ষ্য করা যায়।

৬৪০. **Propitious** মূল অর্থ- অনুকূল অবস্থা ।

Synonym: favourable, auspicious, promising. Antonym: inauspicious.

Mnemonic- ১. Propitious = Profitious , শব্দদুটি শুনতে কাছাকাছি। Propitious মানে কোন কিছুর অনুকুল অবস্থা বা ভাল অবস্থা। কারো ব্যাবসা যদি Propitious হয় তাহলে বুঝতে হবে যে তার ব্যাবসায় বেশ লাভ হচ্ছে। আবার মানুষ যখন কোন কিছুতে Profitious হয় বা লাভ তখন তার অণুকুল অবস্থা হয়। অর্থাৎ Propitious ও Profitious খুব কাছাকাছি অবস্থা।

৬৪১. **Proponent** মূল অর্থ- সমর্থনকারী ; উকিল ।

Synonym: advocate, supporter, upholder. Antonym: opponent.

Mnemonic- ১. Proponent হল সমর্থন করা আর Opponent হল বিরুদ্ধে আচরণ। অর্থাৎ এর ঠিক উল্টো । মনে রাখতে হবে Proponent এর উলটোটাই হল Opponent। pro মানে সমর্থন , আর opposition বা opposite থেকেই আমারা মনে রাখতে পারব যে oppo মানেই বিপরীত।

৬৪২. **Proprietary** মূল অর্থ- কোন সম্পত্তির মালিকের মত বৈশিষ্ট্য; মালিকানা।

Synonym: patented, branded, trademarked. Antonym: nonproprietary.

Mnemonic- ১. Proprietary = Propitor এর মত । খেয়াল করে দেখবেন কোন দোকানের মালিক যদি আপনাকে ভিজিটিং কার্ড দেয় সেখানে তার নামের আগে লেখা থাকে প্রোপাইটর/ Propitor। অর্থাৎ সে ওই ব্যাবসার মালিক। Proprietary শব্দটি মূলত Propitor থেকে এসেছে। Proprietary মানে Propitor এর মত।

৬৪৩. **Propriety** মূল অর্থ- যথাযথতা; সঠিকতা।

Synonym: correctness, rightness, fitness. Antonym: impropriety.

Scanned by CamScanner

Mnemonic- ১. Proper মানে সঠিক বা যথাযথ। কোন কিছু যেমন হওয়া উচিত তেমন হলে আমরা বলি যে এই জিনিসটি Proper বা এটি Properly কাজ করছে। এই Proper থেকে Propriety বা properness শব্দগুলো এসেছে। যার Proper বৈশিষ্ট্য আছে তারই Propriety বা সঠিকটা আছে।

৬৪৪. **Prosaic** মূল অর্থ- গদ্যময়; গদ্যের মত; কবিতা বা পদ্যের মত নয়; নিরস; বেরসিক।

Synonym: ordinary, everyday, usual, common. Antonym: interesting.

Mnemonic- ১. Prosaic= prose like , poem মানে কবিতা, আর prose মানে গদ্য। এক সময় সব সাহিত্যই কবিতা বা পদ্যের আকারে তৈরি করা হত। গদ্য বা প্রবন্ধ বলে কিছু ছিল না। কারন মনে করা হত যে- যার পদের সাথে বা লাইনের সাথে অন্য লাইনের ধ্বনিগত মিল নাই তা সুন্দর না , বেরসিক। অর্থাৎ তাকে সাহিত্যের মধ্যে ফেলা যায় না। ফলে যা Prosaic বা prose like অর্থাৎ prose বা গদ্যের মত সেটাকে নিরস বা বেরসিক ভাবা হত। তার থেকেই আজকের এই Prosaic শব্দের সৃষ্টি ।

৬৪৫. **Proscribe** মূল অর্থ- তাড়িয়ে দেওয়া; বহিষ্কৃত করা; নিষিদ্ধ করা।

Synonym: forbid, prohibit, ban, bar. Antonym: allow.

Mnemonic- ১. Proscribe হল Subscribe ঠিক উল্টো। আমরা Youtube এ বিভিন্ন ভিডিও চ্যানেল Subscribe করি, আবার বিভিন্ন ওয়েবসাইটের নিউজলেটার ইত্যাদি Subscribe করি। Subscribe করা মানে অনুসরন করা, বা ফলো করা। আর Proscribe হোল Subscribe এর ঠিক উল্টো। Proscribe মানে তাড়িয়ে দেওয়া; বহিষ্কৃত করা; নিষিদ্ধ করা।

৬৪৬. **Proselytize** মূল অর্থ- ধর্মান্তরিত করা; এক মতবাদ থেকে অন্য মতবাদে রুপান্তরিত করা।

Synonym: evangelize, convert, seek/make converts.

Mnemonic- ১. Proselytize = Hypnotize , আপনি যদি কাউকে Proselytize করতে চান, অর্থাৎ আপনার ধর্মে ধর্মান্তরিত করতে চান তবে অবশ্যই তাকে Hypnotize করতে হবে বা সম্মোহন করতে হবে। আপনার কথা দ্বারা যদি সে সম্মোহিত না'ই হয় তবে কেন সে আপনার মতবাদ বা আপনার ধর্ম গ্রহন করবে।

৬৪৭. **Protagonist** মূল অর্থ- নায়ক; সেনেমা বা নাটকের মূল চরিত্র।

Synonym: chief character. Antonym: minor character.

Mnemonic- ১. Protagonist মানে যে সব সময় Protest করে। সেনেমাতে দেখা যায় নায়ক সাহেব নায়িকাকে Protest করে ।

৬৪৮. **Protract** মূল অর্থ- দীর্ঘ সময় লাগানো; দীর্ঘসূত্রিতা।

Synonym: temporise, extend, temporize. Antonym: shorten.

Scanned by CamScanner

Mnemonic- ১. Protract -> protractor। জ্যামিতিতে আমরা সবাই protractor বা চাঁদা দিয়ে বিভিন্ন জ্যামিতিক চিত্র একেছি। যদি protractor দিয়ে কোন আকি তবে তা সহজেই আকা সম্ভব। আর যদি চাদা ছাড়া আকতে যাই তবে সেটা করতে দীর্ঘ সময় লাগবে। মনে রাখতে হবে protractor ছাড়া কোন আকতে গেলে বা মাপতে গেলে সেটা Protract হয়ে যাবে বা দীর্ঘ সময় লাগবে।

৬৪৯. **Provident** মূল অর্থ- ভবিষ্যতের জন্য প্রস্তুতিমূলক; ভবিষ্যতের জন্য সরবরাহ; হিসেবী।

Synonym: prudent, far-sighted, judicious. Antonym: improvident.

Mnemonic- ১. চাকরির ক্ষেত্রে Provident fund খুব প্রচলিত একটি শব্দ। অনেকেই বলতে শোনা যায় Provident fund এঁর টাকা দিয়ে একটা গাড়ী কিনব, কেউ বলে একটা বাড়ি বানাবো। চাকুরির বেতন থেকে কর্তিপক্ষ প্রতি মাসেই কিছু টাকা ভবিষ্যতের জন্যা জমা করে রাখে। সেটাকেই Provident fund বলা হয়। সুতুরাং বুঝতেই পারছেন Provident মানে- "ভবিষ্যতের জন্য প্রস্তুতিমূলক" ।

৬৫০. **Provincial** মূল অর্থ- পুরো পৃথিবীর তুলনায় কারো ক্ষীণ ; সংকীর্ণ ।

Synonym: regional, state, territorial. Antonym: national.

Mnemonic- ১. Provincial আর province খুব কাছাকাছি। province মানে প্রদেশ বা এলাকা। সম্পূর্ণ পৃথিবীর তুলনায় একটি প্রদেশ বা এলাকা খুবই সংকীর্ণ । আর Provincial অর্থ সংকীর্ণ । কেউ যদি province শব্দটির সাথে পরিচিত না হন তাহলে এটি মনে রাখার জন্য prince শব্দটি দিয়ে মনে রাখতে পারেন। আগের দিনে প্রতিটি province এ একজন করে prince বা রাজপুত্র থাকত।

৬৫১. **Provisional** মূল অর্থ- অস্থায়ী; শর্তসাপেক্ষ।

Synonym: tentative, conditional, probationary. Antonym: unconditional.

Mnemonic- ১. বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা শেষ করার পর আমরা Provisional সার্টিফিকেট নিয়ে জরুরী কাজগুলো সেরে ফেলি। তারপর কনভোকেশনের সময় মূল সার্টিফিকেট তুলি। অর্থাৎ Provisional সার্টিফিকেটটি আসলে একটি অস্থায়ী সনদপত্র। আর Provisional অর্থও অস্থায়ী। Provisional সার্টিফিকেটটি দেওয়া হয় শর্তসাপেক্ষে। সব কাজের জন্য এটি ব্যাবহার করা যায় না । আর Provisional এর আরেকটি অর্থ হল শর্তসাপেক্ষ।

৬৫২. **Proximity** মূল অর্থ- নৈকট্য; ঘনিষ্ঠতা।

Synonym: closeness, nearness, presence, juxtaposition, propinquity, adjacency.

Mnemonic- ১. আমরা প্রায়ই approximately কথাটি ব্যাবহার করি। কেউ যদি বলে এই গাড়িটির দাম approximately ৮০ লক্ষ হতে পারে, তাহলে বুঝতে হবে গাড়িটির দাম ৮০ লক্ষ টাকার কাছাকাছি। আর Proximity শব্দের অর্থ হল নৈকট্য বা কাছাকাছি। মূলত এই দুটি শব্দের একই রুট।

৬৫৩. **Prudent** মূল অর্থ- সচেতন; দূরদর্শী।

Synonym: wise, well judged, judicious. Antonym: unwise.

Scanned by CamScanner

Mnemonic- ১. Prudent= President. Prudent কে President দিয়ে মনে রাখুন। একজন President অবশ্যই Prudent হতে হয় অর্থাৎ সচেতন ও দূরদর্শী হতে হয়।

৬৫৪. **Purported** মূল অর্থ- গুজব ছড়ানো; দাবী করা।

Synonym: claim, lay claim, profess, pretend.

Mnemonic- ১. Ported মানে কোথাও থেকে নিয়ে আসা(মনে রাখার জন্য চিটাগং পোর্টের কথা ভাবুন, সেখানে বিদেশ থেকে বিভিন্ন জিনিস নিয়ে আসা হয়)। আর Purported মানে কোন প্রমান ছাড়া হাওয়া থেকে একটা কথা নিয়ে আসা বা গুজব ছড়ানো । যখন কোন প্রমান ছাড়া বা যুক্তিযুক্ত কোন বিষয় ছাড়াই হাওয়া থেকে কোন তথ্য নিয়ে আসা হয় বা Ported করা হয় তখন এসব উদ্ভট দাবিকে বলা হয় Purported দাবী বা গুজব।

৬৫৫. **Putative** মূল অর্থ- সাধারণভাবে গৃহীত; অনুমিত; নামকরা; গৃহীত।

Synonym: acknowledged. Antonym: unacknowledged.

এখানে মনে রাখতে হবে যে যখন কোন বিষয়কে Putative বলা হবে তখন বুঝতে হবে যে এটা সর্বসাধারন মনে করে বা মানে। কিন্তু তার মানে এই নয় যে এটা প্রমানিত। অর্থাৎ Putative মানে সবার কাছে গৃহীত হলেও সেটা প্রমানিত না । ফলে সেটা সত্য নাও হতে পারে।

Mnemonic- ১. Putative = Reputative , এই শব্দদুটির শুনতে প্রায় একই রকম, শুধু আগে একটা re আছে। আর অর্থও খুব কাছাকাছি। Putative মানে জনগণের কাছে গৃহীত , পাশাপাশি আবার "নামকরা" । Reputative মানে বিখ্যাত অর্থাৎ যার reputation খ্যাতি আছে। এখানে খেয়াল রাখবেন Reputative হল Putative এর থেকে বেশি বিখ্যাত । অর্থাৎ বেশি বিখ্যাত ও নির্ভরযোগ্য স্থানে Reputative ব্যাবহিত হয়। আর কম নির্ভরযোগ্য ক্ষেত্রে Putative ব্যাবহিত হয়। শুধু মনে রাখুন Reputative এর আগেRe আছে এটা বেশি নির্ভরযোগ্য ক্ষেত্রে ব্যাবহিত হয়।

৬৫৬. **Qualify** মূল অর্থ- পরিবর্তন করা বা সীমাবদ্ধ করা ।

Synonym: be eligible, meet the requirements. Antonym: disqualify.

Mnemonic- ১. Qualify কে Quality দিয়ে মনে রাখুন। Qualify মানে Quality পরিবর্তন করা। যখন কোন কিছুর Quality পরিবর্তন করা হবে তখন জিনিসটি নিজেই পরিবর্তিত হয়ে যাবে। আর অনেকক্ষেত্রে তার নিজ বৈশিষ্ট্য থেকে সে সীমাবদ্ধ হয়ে যাবে। তাহলে দেখা যাচ্ছে Qualify করা মানে কোন কিছুকে পরিবর্তন করা বা সমাবদ্ধ করা।

৬৫৭. **Qualitative** মূল অর্থ- কোন কিছুর মান সম্পর্কিত।

Synonym: pertaining to quality. Antonym: quantitative.

যদি কোন ঔষধের মান পরীক্ষা করা হয় তবে সেটাকে বলা হয় Qualitative এনালাইসিস।

Mnemonic- ১. Qualitative কে Quality দিয়ে মনে রাখুন। কারন এটা Quality সম্পর্কিত। যদি কোন কিছু ভাল কিনা বা মান কেমন এসব পরীক্ষা করা হয় তবে সেটাকে বলা হয় Qualitative এনালাইসিস, আর যদি

Scanned by CamScanner

কোন কিছু পরিমাণ কি বা কতোগুলো আছে (অর্থাৎ Quantity কি) সে সংক্রান্ত কোন পরীক্ষা করা হয় তবে সেটাকে বলে quantitative এনালাইসিস। অর্থাৎ যা Quality সম্পর্কে কিছু বলে সেটাই Qualitative।

৬৫৮. **Querulous** মূল অর্থ- অভিযোগ; গজগজ করা; বিরক্তিতে বিভিন্ন শব্দ করা।

Synonym: petulant, complaining, pettish, touchy. Antonym: uncomplaining.

Mnemonic- ১. Querulous মানে যে Quarrel বা ঝগড়া করে। আর ঝগড়া করা মানেই আরেকজনের নামে অভিযোগ, অন্যকে দোষ দিয়ে গজগজ করা ইত্যাদি। মনে রাখতে হবে যে Querulous মানে Quarrel করা মানুষের কাজ।

৬৫৯. **Quixotic** মূল অর্থ- ভাববিলাসী; বাস্তবজ্ঞানহীন ; বিভিন্ন অবাস্তব ধারনার প্রতি আস্থা স্থাপনকারী।

Synonym: idealistic, unbusinesslike, romantic. Antonym: pragmatic.

Mnemonic- ১. Quixotic = quick + exotic, যারা exotic বা উদ্ভট জিনিসের প্রতি দ্রুত (quick) ঝুকে পরে তারাই Quixotic। Quixotic মানুষেরা বিভিন্ন অবাস্তব ধারনার প্রতি আস্থা রেখেই জীবনযাপন করে।

৬৬০. **Ramification** মূল অর্থ- ফলশ্রুতিতে ঘটা; শাখাপ্রশাখা বের হওয়া।

Synonym: consequence, result, aftermath, outcome, effect, upshot.

Mnemonic- ১. Ramification হল Unification এর ঠিক উল্টো। Unification হল বিভিন্ন শাখা প্রশাখা জাতীয় জিনিসকে একত্র করা, আর Ramification হল কোন কিছু থেকে শাখা প্রশাখা বের হওয়া । Ramification আর Unification শুনতে প্রায় একইরকম কিন্তু অর্থ ঠিক উল্টো।

৬৬১. **Rancor** মূল অর্থ- তিক্ততা; দীর্ঘদিনের পুষে রাখা বিদ্বেষ; প্রতিশোধস্পিহা ।

Synonym: bitterness, spite, hate, hatred. Antonym: amicability.

Mnemonic- ১. যার Anger বা রাগ বেশি বেশি সে তত বেশি Rancor বা প্রতিশোধস্পিহা ধারন করে। Anger হল রাগ। আর A এর জায়গায় যখন R হয়ে যাবে তখন সেই রাগ প্রতিশোধে পরিনত হবে ।

৬৬২. **Rapacious** মূল অর্থ- লোভী, বিশেষ করে অর্থলোভী; লুণ্ঠনকারী মনোভাব ।

Synonym: grasping, greedy, avaricious, acquisitive. Antonym: generous.

Mnemonic- ১. Rapacious = Rupee+cious , অর্থাৎ যাদের Rupee বা টাকার প্রতি লোভ বেশি তারাই Rapacious বা অর্থলোভী।

৬৬৩. **Rebuke** মূল অর্থ- তিব্র সমালোচনা করা; তিরস্কার করা বা বকা দেওয়া।

Synonym: reprimand, reproach, scold, admonish. Antonym: praise.

Scanned by CamScanner

Mnemonic- ১. Rebuke কে Reebok দিয়ে মনে রাখতে পারেন। ধরুন আপনার একটি Reebok এর জুতা আছে। আর জুতাটা আপনার অনেক প্রিয়। এবার এটি যদি আপনার অনুমতি ছাড়া কেউ ব্যাবহার তবে আপনি তাকে Rebuke করবেন। অর্থাৎ তার তিব্র সমালোচনা করবেন বা তাকে বকা দেবেন।

৬৬৪. **Rebut** মূল অর্থ- বৈপরীত্য; প্রতিবাদ করা; অস্বীকার করা; মিথ্যা প্রমান করা।

Synonym: refute, deny, disprove, prove wrong. Antonym: confirm.

Mnemonic- ১. যখন কেউ কথার মধ্যে re মানে পুনঃ পুনঃ but কথাটি বলে তখন বুঝতে হবে যে সে এই বক্তব্যের সাথে বিপরীত মত প্রকাশ করে , বা কথাটি অস্বীকার করে। আর Rebut অর্থ ও বৈপরীত্য বা প্রতিবাদ করা বা অস্বীকার করা

৬৬৫. **Recalcitrant** মূল অর্থ- কর্তিপক্ষের প্রতি একগুয়েভাবে তর্ক করা; অবাধ্য।

Synonym: refractory, disobedient, fractious. Antonym: obedient.

Mnemonic- ১. Recalcitrant = Re(Regular)+ cal(ccalculator)+trant(irritant) , কর্তিপক্ষ নিষেধ করা সত্ত্বেও ক্যালকুলেটর(ccalculator) ব্যাবহার করে কর্তিপক্ষকে নিয়মিত(Regular) জ্বালাতন (irritant) করা। Recalcitrant মানে হলো কর্তিপক্ষের প্রতি একগুয়েভাবে তর্ক করা । অর্থাৎ অবাধ্য আচরণ করা। আর Recalcitrant অর্থ - আর Recalcitrant অর্থও তাই।

৬৬৬. **Recant** মূল অর্থ- আগে বিশ্বাস করা হত এমন কোন বিষয় জনসম্মুখে প্রত্যাহার করা; জনসম্মুখে ভুল স্বীকার করা ।

Synonym: renounce, forswear, disavow, deny. Antonym: reaffirm.

Mnemonic- ১. Recant= Re+can't মানে পুনরায় আর পারা যাবে না। ধরে নিন কোন বিষয়ে আগে একটা ভুল হয়েছিল, কিন্তু সেই ভুল এখন আর করা যাবে না(Re+can't)। আর Recant অর্থ হলো- আগে বিশ্বাস করা হত এমন কোন বিষয় জনসম্মুখে প্রত্যাহার করা ।

৬৬৭. **Reciprocal** মূল অর্থ- পারস্পারিক ; পরস্পর বিনিময়যোগ্য।

Synonym: mutual, common, shared, joint. Antonym: nonreciprocal.

Mnemonic- ১. Reciprocal = Mutual , Reciprocal কে Mutual দিয়ে মনে রাখা সহজ। বন্ধুদের সাথে ঝামেলা হলে আমরা Mutual করে ফেলি, অর্থাৎ পারস্পারিক ভুল স্বীকার করে নেই। Mutual মানে পারস্পারিক, আর Reciprocal মানেও পারস্পারিক।

৬৬৮. **Reclusive** মূল অর্থ- সন্ন্যাসী টাইপের; সমাজ থেকে আলাদা।

Synonym: solitary, secluded, isolated. Antonym: gregarious.

নমোনিক- ১. Reclusive= Residentialy exlclusive অর্থাৎ exlclusive বা অসাধারণ একটা জায়গায় বাস করা(Resident) । যারা সন্ন্যাসী টাইপের লোক বা সমাজ থেকে আলাদা, তারা আমাদের মত সাধারণ বসতবাড়িতে

Scanned by CamScanner

থাকে না। তারা exlclusive বা অসাধারণ কোন স্থানে থাকে(সেটা আমাদের কাছে সাধারণ মনে হলেও তাদের কাছে exlclusive)। আর Reclusive মানে সন্ন্যাসী টাইপের বা সমাজ থেকে আলাদা।

৬৬৯. **Recondite** মূল অর্থ- বোঝা অনেক কঠিন; মাথার উপর দিয়ে যাওয়া।

Synonym: obscure, abstruse, arcane. Antonym: straightforward.

Mnemonic- ১. Recondite= re+conduct, conduct মানে পরিচালনা করা। ধরুন আপনি একটি ট্রেনিং করছেন। এখন কোন বিষয় যদি বুঝতে কঠিন হয় তবে আপনার ট্রিনারকে সেই বিষয়টি re conduct করতে হবে। অর্থাৎ ট্রেনিংটি আবার পরিচালনা করতে হবে। মনে রাখতে হবে Recondite জিনিস বঝার জন্য বিষয়টি re conduct করতে হয়।

৬৭০. **Recrimination** মূল অর্থ- তিক্ত প্লাটা অভিযোগ ।

Synonym: accusation(s), mutual accusation(s), counter-accusation(s).

Mnemonic- ১. Recrimination= Re+crimination , crimination মানে অভিযোগ করা। crime করলে crimination করা হয়। এভাবে crimination মনে রাখা যায়। আর Recrimination মানে পাল্টা(re) অভিযোগ করা।

৬৭১. **Redolent** মূল অর্থ- সুগন্ধি ।

Synonym: evocative, suggestive, reminiscent, remindful. Antonym: odor.

Mnemonic- ১. Redolent = Deodorant , Redolent কে Deodorant দিয়ে মনে রাখা সহজ। আমরা প্রায় সবাই Deodorant ব্যাবহার করি। Deodorant সবসময়ই সুগন্ধি হয়। আর Redolent মানেও সুগন্ধি।

৬৭২. **Redundant** মূল অর্থ- অপ্রয়োজনীয়ভাবে পুনরাবৃত্তি হওয়া; অতিরিক্ত ; অপ্রয়োজনীয়।

Synonym: unnecessary, not required, inessential. Antonym: essential.

Mnemonic- ১. Redundant= Abundant, Redundant আর Abundant শুনতে প্রায় একই রকম। Abundant মানে প্রচুর বা প্রাচুর্য। আর Redundant এর একটি অর্থ অতিরিক্ত। আর আরেক অর্থ- পুনরাবৃত্তি হওয়া। কোন জিনিস অতিরিক্ত হলে সেটা পুনরাবৃত্তি হওয়াটা স্বাভাবিক।

৬৭৩. **Refute** মূল অর্থ- মিথ্যা প্রমান করা; খন্ডন করা।

Synonym: disprove, prove wrong/false. Antonym: confirm.

Mnemonic- ১. Refute= Refuse , আপনি যদি প্রেমিকার কাছে Refute হয়ে যান, অর্থাৎ মিথ্যা প্রমান হয়ে যান, তবে সে দেরি না করে আপনাকে Refuse করে দেবে। দুটোর অর্থ প্রায় একই ।

৬৭৪. **Reiterate** মূল অর্থ- পুনরায় বলা; একই জিনিস বার বার ।

Synonym: repeat, say again, restate, retell, recapitulate. Antonym: once.

Scanned by CamScanner

Mnemonic- ১. Reiterate= Re+utter+it , utter মানে উচ্চারণ করা। Re utter it মানে বারবার উচ্চারণ করা। Reiterate অর্থও তাই; একই জিনিস বার বার হলে সেটাকে Reiterate বলা হয়।

৬৭৫. **Relegate** মূল অর্থ- নির্বাসিত করা; বিতারিত করা।

Synonym: downgrade, lower, lower in rank/status. Antonym: upgrade.

Mnemonic- ১. Relegate= relase from gate, ভাবুন কোন একজনকে গেট(gate) থেকে relase করে দেওয়া হয়েছে বা বের করে দেওয়া হয়েছে। এখন সে বিতারিত মানুষ বা Relegate ব্যাক্তি ।

৬৭৬. **Relentless** মূল অর্থ- ক্রমাগত; একটানা ।

Synonym: persistent, continuing, constant, continual. Antonym: short-lived.

Mnemonic- ১. Relentless= Restless , Relentless কে Restless দিয়ে মনে রাখা সহজ। Restless মানে বিরামহীন। আর Relentless মানে ক্রমাগত বা একটানা । দুটোর অর্থ প্রায় একই।

৬৭৭. **Relinquish** মূল অর্থ- ছেড়ে দেওয়া; ত্যাগ করা; আত্মসমর্পণ করা ।

Synonym: renounce, give up, part with, give away. Antonym: retain.

Mnemonic- ১. Relinquish = Release + wish , Release/ত্যাগ করার ইচ্ছা । Relinquish মানে ত্যাগ করা বা ছেড়ে দেওয়া।

৬৭৮. **Remonstrate** মূল অর্থ- বিপরীত যুক্তি দেখানো; তিব্র আপত্তি করা; অভিযোগ তোলা ।

Synonym: protest, complain, expostulate; argue with. Antonym: accept.

Mnemonic- ১. Remonstrate কে demonstrate দিয়ে মনে রাখা সহজ। আরমা সবাই demonstrate এর সাথে পরিচিত। demonstrate মানে দেখানো বা বর্ণনা করা। আর কোন কিছু বিরুদ্ধে demonstrate করাকেই Remonstrate বলা হয়। অর্থাৎ কিছু বিশেষ ধরনের demonstrate কে Remonstrate বলা হয়।

৬৭৯. **Renaissance** মূল অর্থ- নবজাগরণ; রেনেসা।

Synonym: rebirth, revolution.

Mnemonic- ১. রেনেসা নামে একটি ব্যান্ডদল আছে। এই রেনেসা দিয়ে Renaissance কে মনে রাখুন। মধ্যযুগে পোপতন্ত্রের বিভিন্ন কুসংস্কার থেকে বের হবার জন্য ইউরোপের মানুষের মধ্যে নবজাগরন সৃষ্টি হয়। বিভিন্ন শিল্পি ও সাহিত্যিক মিলে আন্দোলন শুরু করেন । সেটাই এখন আমাদের কাছে Renaissance বা রেনেসা নামে পরিচিত। মনে রাখুন রেনেসা ব্যান্ড নবজাগরনের গান গায়।

৬৮০. **Renounce** মূল অর্থ- পরিত্যাগ করা।

Synonym: reject, refuse to abide by, refuse to recognize. Antonym: accept.

Scanned by CamScanner

Mnemonic- ১. Renounce= Re+ announce, প্রথমে ভেঙ্গে ফেলুন। এখন Renounce হয়ে গেল Re announce - কোন কিছু পরিত্যাগ করার আগে বার বার ঘোষণা/ announce করতে হয়।যখন কোন দোকান পরিত্যাগ করে অন্য স্থানে স্থানান্তর করা হয়, তার আগে বার বার ঘোষণা দেওয়া হয়, আবার একটি সাইনবোর্ডও লাগিয়ে দেওয়া হয়। মনে রাখতে হবে Re announce করে Renounce করা হয় বা পরিত্যাগ করা হয়।

৬৮১. **Reparation** মূল অর্থ- ক্ষতিপূরণ; পরিশোধ করা ।

Synonym: amends, restitution, redress, compensation, recompense.

Mnemonic- ১. Reparation= Repair+tion , Reparation মানে Repair করে দেওয়া। আর Repair করে দেওয়া মানে ক্ষতিপূরণ করা বা ক্ষতি পরিশোধ করা। তাহলে Reparation মানে-Repair করে দেওয়া বা ক্ষতিপূরণ করা ।

৬৮২. **Repercussion** মূল অর্থ- প্রতিক্রিয়া; প্রতিধ্বনি; পরোক্ষ প্রভাব।

Synonym: consequence, result, effect, outcome, by-product; reverberation.

Mnemonic- ১. Repercussion= Re+percussion, ড্রাম, ঢোল ইত্যাদি বাদ্যযন্ত্রকে বলা হয় percussion ইন্সট্রুমেন্ট। এগুলো দিয়ে মূলত percussion বা শব্দ করা হয়। percussion মানে যদি ধ্বনি হয় তবে Re+percussion মানে হবে প্রতিধ্বনি। Repercussion দিয়ে মূলত প্রতিধ্বনি বা প্রতিক্রিয়া বোঝানো হয়।

৬৮৩. **Replenish** মূল অর্থ- পুনরায় ভরা; পুনরায় সরবরাহ করা; রিস্টোর করা।

Synonym: refill, top up, fill up, recharge. Antonym: empty.

Mnemonic- ১. Replenish= Re+filings , Replenish কে ভেঙ্গে নিন। এবার ভাঙার পর অর্থ হচ্ছে- পুনরায় ভরা। আর Replenish অর্থ হলো- পুনরায় ভরা বা পুনরায় সরবরাহ করা ।

৬৮৪. **Replete** মূল অর্থ- সম্পূর্ণভাবে ভর্তি; প্রচুর পরিমাণে ।

Synonym: filled, full, well stocked, well supplied. Antonym: empty.

Mnemonic- ১. Replete কে ভেঙ্গে Replete = re+ plate এভাবে মনে রাখুন। একটি প্লেটে যদি বার বার(re+ plate) দেওয়া হয় তবে সেটা সম্পূর্ণ ভর্তি হয়ে যাবে। আর Replete অর্থ হলো- সম্পূর্ণভাবে ভর্তি ।

৬৮৫. **Reprehensible** মূল অর্থ- নিন্দা করার মত; অপবাদ দেওয়ার যোগ্য।

Synonym: deplorable, disgraceful, discreditable. Antonym: creditable.

Mnemonic- ১. Reprehensible কে Apprehensible দিয়ে মনে রাখুন। এই দুটির মধ্যে একটি সম্পর্ক আছে। Reprehensible শুনতে অনেকটা Apprehensible এর মত । Apprehensible মানে যাকে গ্রেফতার করা যায়। যে Reprehensible অর্থাৎ অপবাদ দেবার যোগ্য, সে Apprehensible অর্থাৎ গ্রেফতার করার যোগ্য।

৬৮৬. **Reprisal** মূল অর্থ- প্রতিশোধ নেবার জন্য সশস্ত্র হামলা। চোখের বদলা চোখ ।

Synonym: retaliation, counterattack, counterstroke, comeback; revenge.

Mnemonic- ১. Reprisal= re+price+all , re/পাল্টা আক্রমনে all price বা সব মূল্য বুঝে নেওয়া। চোখের বদলে পুরো মূল্য বুঝে নিতে হলে আরেকটি চোখ তুলে নিতে হবে। আর Reprisal মানেও তাই।সশস্ত্র প্রতিশোধ বা চোখের বদলা চোখ নেবার নামই Reprisal।

৬৮৭. **Reproach** মূল অর্থ- বকা দেওয়া; অপবাদ দেওয়া।

Synonym: rebuke, reprove, scold, chide, reprimand. Antonym: commend.

Mnemonic- ১. Reproach = Re approach , approach মানে সামনে যাওয়া। পছন্দ না করা সত্ত্বেও যদি কেউ বার বার (Re) কারো সামনে যেতে(approach) থাকে তবে তাকে Reproach বা বকাদেওয়া হবে। আর Reproach মানে বকা দেওয়া।

৬৮৮. **Reprove** মূল অর্থ- সামান্য তিরস্কার করা।

Synonym: reprimand, rebuke, reproach, scold. Antonym: praise.

Mnemonic- ১. Reprove কে Approve দিয়ে মনে রাখা সহজ। Reprove হল Approve এর ঠিক উল্টো । Approve মানে অনুমোদন করা বা মেনে নেওয়া। আর Reprove মানে অনুমোদন না করে উল্টো সামান্য তিরস্কার করা।

৬৮৯. **Repudiate** মূল অর্থ- বাতিল করা; পরিত্যাগ করা।

Synonym: reject, renounce, abandon, forswear. Antonym: embrace.

Mnemonic- ১. Repudiate এর সাথে abdicate, negate শব্দগুলোর মিল আছে। এদের প্রত্যেকের অর্থই বাতিল করা।

৬৯০. **Requisite** মূল অর্থ- প্রয়োজনীয়; আবশ্যকীয়।

Synonym: necessary, required, prerequisite. Antonym: optional.

Mnemonic- ১. Requisite ও Require দুটো শব্দের একই রুট। Require মানে প্রয়োজন। Require এর Requi থেকে আমরা Requisite মনে রাখতে পারি। Requi দেখলেই বুঝতে হবে যে প্রয়োজনীয় কিছু বোঝাচ্ছে।

৬৯১. **Resolute** মূল অর্থ- সঙ্কল্প করা; অটল; শক্ত ।

Synonym: determined, purposeful, purposive, resolved.

Antonym: irresolute.

Scanned by CamScanner

Mnemonic- ১. Resolute কে salute দিয়ে মনে রাখা সহজ। দৃঢ় সঙ্কল্পের বা সিদ্ধান্তে অটল লোককে দেখলেই salute দিতে ইচ্ছে করে। মনে রাখতে হবে- যাদের দেখলে salute দিতে ইচ্ছে করে তারা দৃঢ় সঙ্কল্পের ব্যাক্তি বা Resolute পারসন।

৬৯২. **Respite** মূল অর্থ- বিশ্রাম; কাজ থেকে মুক্তি।

Synonym: rest, break, breathing space. Antonym: active.

Mnemonic- ১. Respite = rest a bit , Respite কে ভেঙ্গে Respite করে ফেলুন। এখন এটা শুনতে Respite এর মত শোনাচ্ছে। তাহলে মনে রাখতে হবে Respite মানে- rest a bit অর্থাৎ একটু বিশ্রাম নেওয়া।

৬৯৩. **Reticent** মূল অর্থ- শান্ত; সংযমী; কম কথা বলা লোক।

Synonym: reserved, withdrawn, introverted. Antonym: expansive.

Mnemonic- ১. Reticent কে Innocent দিয়ে মনে রাখা সহজ। Reticent লোকেরা বেশিরভাগই Innocent হয়।

৬৯৪. **Revere** মূল অর্থ- উচ্চমাত্রার সম্মান করা; সম্মান করা।

Synonym: respect, admire, think highly of. Antonym: despise.

Mnemonic- ১. Revere কে severe দিয়ে মনে রাখা সহজ। severe টাইপের মানুষকে লোকজন Revere করে বা সম্মান করে।

৬৯৫. **Rhetoric** মূল অর্থ- কথা বলার শিল্প; বক্তিতায় দক্ষ; বড় বক্তিতা।

Synonym: oratory, eloquence, power of speech , command of language.

Mnemonic- ১. Rhetoric = Heroic , যেসব মানুষ ভাল বক্তিতা দিতে পারে, তারাই রাজনৈতিকভাবে Heroic হয়, যেমন- বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান, বারাক ওবামা এরা সবাই Rhetoric আর এই কারনেই তারা Heroic জাতীয় Hero।

৬৯৬. **Rigorous** মূল অর্থ- কঠোর।

Synonym: strict, severe, stern, stringent. Antonym: lax.

Mnemonic- ১. Rigorous কে Vigorous দিয়ে মনে রাখা সহজ। Vigorous মানে সবল বা তেজস্বী। আর Rigorous মানে কঠোর। দুটোর অর্থই কাছাকাছি, আর উচ্চারণও কাছাকাছি।

৬৯৭. **Robust** মূল অর্থ- শক্ত এবং স্বাস্থ্যবান ; কঠিন ।

Synonym: :durable, resilient, tough, hard-wearing, strong. Antonym: frail.

Scanned by CamScanner

Mnemonic- ১. Robust কে Robotic দিয়ে মনে রাখা সহজ। Robust ও Robotic দুটোর প্রথমেই Rob আছে। Rob একটি রুট। এটি দ্বারা শক্ত, কঠিন, শক্তিশালী, জোড় ইত্যাদি বোঝানো হয়। Robust দেখেই Rob এর সাথে মিলিয় বুঝতে হবে যে- Robust দ্বারা অনেক শক্ত কিছু বোঝাচ্ছে।

৬৯৮. **Rogue** মূল অর্থ- বদমাশ; খচ্চর ; যে নিজের লোকের সাথেও অপরাধ করতে কুণ্ঠা বোধ করে না ।

Synonym: scoundrel, villain, reprobate, rascal, good-for-nothing, wretch. Mnemonic- ১. Rogue= ro+gue (rob+guest) -> যে ব্যাক্তি তার guest বা অতিথির জিনিসও rob/ লুণ্ঠন করে। আসলেই Rogue বলতে এমন মানুষকে বোঝায়, যে তার নিজের লোকদের সাথেও যেকোনো ধরনের অপরাধ করতে পারে।

৬৯৯. **Rudimentary** মূল অর্থ- প্রথমিক; মৌলিক; অপরিণত।

Synonym: basic, elementary, introductory, early, primary. Antonym: advanced.

Mnemonic- ১. Rudimentary = Elementary , শব্দদুটি শুনতে প্রায় একই রকম, আর অর্থ হুবহু এক । Rudimentary মানেও কোন প্রাথমিক জিনিস বা জিনিস, যা থেকেই পরবর্তী জিনিস তৈরি হয়, আর Elementary মানেও প্রাথমিক বা মৌলিক। so যা Elementary সেটাই Rudimentary।

৭০০. **Ruminate** মূল অর্থ- ভাবা; চিন্তা করা; ধ্যান করা ।

Synonym: think about, contemplate, consider, give thought to.

Mnemonic- ১. Ruminate= room+no+nate(রুমে নাই নেট) , রুমে যদি ইন্টারনেট না থাকে তাহলে আমরা কি করি ? বসে বসে বিভিন্ন জিনিস ভাবা/চিন্তা করা ছাড়া কিছু করার নেই। আর Ruminate মানে ভাবা বা চিন্তা করা ।

৭০১. **Rustic** মূল অর্থ- গ্রামীণ; সেকেলে; আদিম।

Synonym: rural, country, countryside; countrified. Antonym: urban.

Mnemonic- ১. Rustic কে Rust বা মরিচা দিয়ে মনে রাখা সহজ। কোন জিনিস যদি পুরনো হয়ে যায় তবে তার উপর মরিচা বা জং পরে। আর Rustic অর্থ- সেকেলে, গ্রামীণ, আদিম।

৭০২. **Saccharine** মূল অর্থ- অত্যধিক মিষ্টি; মিষ্টি ।

Synonym: sentimental, over-sentimental, over-emotional. Antonym: bitter.

Mnemonic- ১. বাজারে Saccharine / স্যাকারিন কিনতে পাওয়া যায়। Saccharine এতটাই মিষ্টি যে শুধু Saccharine মুখে দিলে তেতো লাগে। তাই অনেক পরিমাণ পানির মধ্যে যদি একটু Saccharine দেওয়া যায় তবেই পানি মিষ্টি হয়ে যায়। যাই হোক, আশাকরি বাজারের Saccharine দিয়েই এটা আমাদের মনে থাকবে।

৭০৩. **Sacrilege** মূল অর্থ- পবিত্র কিছুকে অপবিত্র করা; ধর্মীয় আইন লঙ্ঘন করা।

Synonym: desecration, profanity, profaneness, profanation. Antonym: piety.

Scanned by CamScanner

Mnemonic- ১. Sacrilege = Sacred+leg । Sacred মানে পবিত্র । কোন Sacred জিনিসকে কে leg দিয়ে স্পর্শ করাকে Sacrilege বলা যায়। কোন পবিত্র জিনিস পা দিয়ে স্পর্শ করলে তার পবিত্রতা নষ্ট করা হয়। আর এটা ধর্মীয় আইন লঙ্ঘন করার মত বিষয়। আর Sacrilege অর্থও ধর্মীয় আইন লঙ্ঘন করা।

৭০৪. **Sacrosanct** মূল অর্থ- পবিত্র; এত গুরুত্বপূর্ণ যে পবিবর্তন করা সম্ভব না ।

Synonym: sacred, hallowed, respected, inviolable, inviolate. Antonym: profane.

Sacrosanct শব্দটি মূলত ধর্মিয় ক্ষেত্রে ব্যাবহার করা হয়। তখন এর অর্থ থাকে পবিত্র। যেমন একটি মসজিদ, মন্দির বা গির্জাকে Sacrosanct বা পবিত্র যায়। কিন্তু ধর্মিয় বিষয়ের বাইরে যখন শব্দটি ব্যাবহার করা হয় তখন এটাকে

Mnemonic- ১. Sacrosanct কে উপরের Sacrilege দিয়েই মনে রাখা যায়। দুটি শব্দের মধ্যেই Sacr আছে । এটার মানে পবিত্র। Sacrosanct মানেও পবিত্র। আর পবিত্র জিনিস ইচ্ছে মত পরিবর্তন করা যায় না। যেমন কোন ধর্মগ্রন্থকে আপনি চাইলেই সংশোধন করতে পারবেন না।

৭০৫. **Sagacious** মূল অর্থ- জ্ঞানী; বুদ্ধিমান; চালাক; সূক্ষ্ম বিচারক ।

Synonym: wise, clever, intelligent. Antonym: stupid.

Mnemonic- ১. Sage মানে জ্ঞান। আর Sage থেকেই Sagacious শব্দটি এসেছে(শব্দ গঠনের নিময়ের কারনে e টা a হয়ে গেছে)। Sage দেখলেই বুঝে নিতে হবে যে এটার দ্বারা জ্ঞান সম্পর্কিত কিছু বোঝাচ্ছে। Sagacious মানে যার Saga আছে বা জ্ঞান আছে।

৭০৬. **Salient** মূল অর্থ- উল্লেখযোগ্য; দৃষ্টি আকর্ষনীয়।

Synonym: important, main, principal, major, chief. Antonym: unimportant.

Mnemonic- ১. Salient= Prominent , আমরা প্রায়ই শুনি Prominent রাইটার , বা Prominent আর্টিস্ট। Prominent মানে হলো উল্লেখযোগ্য। Prominent আর Salient বেশ কাছাকাছি। আর অর্থও একই রকম ।

৭০৭. **Salutary** মূল অর্থ- স্বাস্থ্যকর; উপকারী।

Synonym: healthy, health-giving, healthful, salubrious. Antonym: unhealthy.

Mnemonic- ১. Salutary = sanitary napkin, Salutary কে মনে রাখার এটাই সবথেকে সহজ উপায়। sanitary napkin ব্যাবহার করা হয় যাতে রোগজীবাণু আক্রমন করতে না পারে। অর্থাৎ এটা স্বাস্থ্যকর বা উপকারী । আর Salutary অর্থও স্বাস্থ্যকর।

৭০৮. **Sanctimonious** মূল অর্থ- ভণ্ডামিপূর্ণ ; ভন্ডসাধু ।

Synonym: self-righteous, holier-than-thou, churchy, pious. Antonym: honest.

Scanned by CamScanner

Mnemonic- ১. Sanctimonious = saints and munis সাধু রা মুনিদের ভন্ড মনে করে, আর মুনিরা সাধুদের ভন্ড মনে করে। খ্রিষ্টান ধর্মের সাধুদের saints বলা হয়। আর হিন্দু ধর্মের সাধুদের মুনি/ muni বলা হয়। আর এক ধর্মের লোক তো অন্য ধর্মকে প্রায়ই ভণ্ড বলে থাকে। তাহলে Sanctimonious মানে ভন্ডসাধু বা ভণ্ডামিপূর্ণ ।

৭০৯. **Sanguine** মূল অর্থ- হাসিখুশি; আনন্দিত; আশাবাদী ।

Synonym: optimistic, bullish, hopeful, buoyant. Antonym: pessimistic.

Mnemonic- ১. Penguin দিয়ে মনে রাখুন; পেঙ্গুইন নিজেই বেশ হাসিখুশি পাখি , তার তাদের দেখলেই আনন্দ লাগে। আর বাচ্চারা তো পেঙ্গুইনের ছবি দেখলেই খুশি।

৭১০. **Sardonic** মূল অর্থ- বিদ্রূপপূর্ণ ; ঘৃণাজনক ।

Synonym: mocking, satirical; sarcastic, ironical, ironic.

Mnemonic- ১. Sardarji যেমন আচরণ করে সেটাকে মনে রাখুন Sardonic দিয়ে। Sardarji তার চাকর বাকরের সাথে সব সময় ঘৃণাজনক ব্যাবহার ও বিদ্রূপপূর্ণ ব্যাবহার করে। আর Sardonic অর্থ হলো- বিদ্রূপপূর্ণ ; ঘৃণাজনক ।

৭১১. **Scintillate** মূল অর্থ- ঝিকমিক করা; ঝিলমিল করা; স্ফুলিঙ্গ তৈরি হওয়া।

Synonym: sparkle, shine, gleam, glitter, flash, shimmer. Antonym: absorb.

Mnemonic- ১. Scintillate, twinkle, sparkle শব্দগুলো শুনতে কাছাকাছি। এগুলোর অর্থও একদম কাছাকাছি। সেই কবিতাটার কথা মনে আছে? "twinkle twinkle little star" । twinkle মানে ঝিকমিক করা। আর Scintillate মানেও ঝিকমিক করা।

৭১২. **Scrupulous** মূল অর্থ- সতর্ক; খুতখুতে; কঠোর ।

Synonym: careful, meticulous, painstaking, thorough. Antonym: slapdash.

Mnemonic- ১. Scrupulous = Fastidious, Fastidious কে দিয়ে Scrupulous মনে রাখা সহজ। Fastidious মানে খুতখুতে স্বভাবের । আর Scrupulous মানে কাজের প্রতি সতর্ক ও খুঁতখুঁতে । অর্থাৎ অর্থ প্রায় একই ।

৭১৩. **Scrutinize** মূল অর্থ- সূক্ষ্ম বিশ্লেষণ করা; অত্যন্ত খুটিয়ে খুটিয়ে পরীক্ষা করা।

Synonym: examine carefully, inspect, survey, scan. Antonym: glance at.

Mnemonic- ১. Scrutinize = analyze, Scrutinize ও এক ধরনের analyze তবে তা খুবই সুক্ষ analyze। যদি কোন কিছু সাধারণভাবে বিশ্লেষণ করা হয় তবে সেটাকে বলা হবে analyze। আর সেটা যদি বিশেষ ভাবে analyze করা হয় তবে সেটাকে বলা হবে Scrutinize । ২. screw টাইট হয়েছে কিনা তা analyze করাই হল Scrutinize করা।

Scanned by CamScanner

৭১৪. **Secular** মূল অর্থ- ধর্মনিরপেক্ষ; ধর্ম নিয়ে কোন যায় আসে না এমন।

Synonym: non-religious, lay, non-church, temporal, worldly. Antonym: holy.

Mnemonic- ১. আমরা প্রায়ই Secular country বা ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের কথা শুনি। বিশ্বে অনেক দেশ আছে তাদের রাষ্ট্র ধর্ম ঘোষণা করা আছে । আবার অনেক দেশ আছে যারা নিজেদের Secular country ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বলে ঘোষণা দেয় । তাহলে Secular মানে ধর্মনিরপেক্ষ।

৭১৫. **Sedition** মূল অর্থ- বিদ্রোহ; সরকার বা শাশনশ্রেণীর বিরুদ্ধে সাধারণ নাগরিকের বিদ্রোহ ।

Synonym: incitement (to riot/rebellion), agitation, rabble-rousing, revolt.

Mnemonic- ১. Petition/পিটিশন বা আবেদন না করে সরাসরি রাস্তায় নামাকেই বলে Sedition/বিদ্রোহ বলে।

৭১৬. **Segregate** মূল অর্থ- পৃথক করা; আলাদা করা।

Synonym: separate, set apart, keep apart, sort out. Antonym: amalgamate.

Mnemonic- ১. Segregate কে aggregate দিয়ে মনে রাখতে পারন। দুটি শুনতে একই রকম। কিন্তু অর্থ বিপরীত। Segregate মানে আলাদা করা আর aggregate মানে একত্রিত করা। মনে রাখার জন্য দেখুন - Segre=separate/আলাদা , আর aggre= agree/রাজী হওয়া।

৭১৭. **Sensory** মূল অর্থ- অনুভূতি সংক্রান্ত; অনুভূতি বহনকারী।

Synonym: sensational, sensorial, receptive. Antonym: extrasensory.

এটি মূলত চিকিৎসা বিজ্ঞানের একটি শব্দ। যেসব স্নায়ু আমাদের শরীরের sensation বা অনুভূতি বহন করে তাদেরকে Sensory নার্ভ বলে। অর্থাৎ এই শব্দটি sensation ও senses এর সাথে জড়িত।

Mnemonic- ১. Sensory= sense+carry , যেসব নার্ভ sense carry করে অর্থাৎ অনুভূতি বহর করে তাদের Sensory নার্ভ বলে। আপনার ত্বক দ্বারা আপনি গরম-ঠাণ্ডা ইত্যাদি অনুভূতি অনুভব করেন। Sensory নার্ভ এই অনুভূতিগুলো মস্তিস্কে পরিবহন করে(carry) বলেই এদের এমন নাম। অর্থাৎ Sensory মানে অনুভূতি বহনকারী।

৭১৮. **Sentient** মূল অর্থ- সচেতন; সংবেদী; অনুভূতি বুঝতে সক্ষম; সজ্ঞান; কোন কিছু বোঝার জ্ঞান আছে এমন।

Synonym: feeling, capable of feeling, living; conscious. Antonym: insentient.

Mnemonic- ১. Sentient শব্দটি sense এর সাথে সম্পর্কিত। যা sense বুঝতে সক্ষম সেটাই Sentient।

৭১৯. **Sequester** মূল অর্থ- আলাদা করে রাখা; লোকচক্ষুর আড়ালে রাখা।

Synonym: isolate oneself, hide oneself away, shut oneself away.

Scanned by CamScanner

Mnemonic- ১. Sequester = seek quest অর্থাৎ খোজ চাওয়া। যা আলাদা করে রাখা হয়েছে সেটার জন্য মানুষ seek quest করে বা তার খোজ চায়। তাহলে Sequester মানে হল আলদা করে রাখা।

৭২০. **Serendipity** মূল অর্থ- আকস্মিক সৌভাগ্য; না চাইতেই কোন কিছু পাওয়া।

Synonym: chance, happy chance, happy accident. Antonym: misfortune.

Mnemonic- ১. Serendipity = Seren + dipity , শিরীন আর দিপ্তি । দুই জমজ বোন। ছোটবেলায় হারিয়ে গিয়েছিল। বড় হবার পর তারা আকস্মিকভাবে নিজেদের খুজে পায়। এটা ছিল তাদের জন্য একটি Serendipity অর্থাৎ আকস্মিক সৌভাগ্য। এই দুই বোনের নাম একসাথে দেখেই বুঝে নিতে হবে যে এই শব্দটির অর্থ আকস্মিক সৌভাগ্য। এই শব্দের কোন মূল খুজে না পাওয়ায় এমন বাংলা সিনেমার মত নেমনিক তৈরি করতে হল। তবে মজার ব্যাপার হল- এই শব্দটির আসলেই কোন শব্দগত রুট নেই। একটি ইরানী রূপকথার গল্প থেকে এই শব্দটি প্রচলিত হয়েছে। সেই গল্পের তিনজন রাজকুমার ছিল। সেই রাজকুমাররা বিভিন্ন সময় আকস্মিকভাবে অনেক ভাল জিনিস আবিস্কার করত। আর তাই তাদের বলা হত- Serendip রাজকুমার। সেই থেকেই আজকের Serendipity শব্দের জন্ম।

৭২১. **Servile** মূল অর্থ- বিনয়ী এবং ক্রীতদাসসুলভ; চাকররের মত।

Synonym: obsequious, sycophantic, excessively deferential. Antonym: bossy.

Mnemonic- ১. Servant -> Servile , Servant বা ক্রীতদাস থেকে Servile শব্দটি এসেছে। Servant এর কাজ হলো তার প্রভুকে serve করা বা সেবা করা। যে serve করতে অভ্যস্ত তার আচরণ Servile বা ক্রীতদাসসুলভ।

৭২২. **Singular** মূল অর্থ- অনন্য ; বিশেষ; ব্যাতিক্রমি; অসাধারন।

Synonym: remarkable, extraordinary, outstanding. Antonym: ordinary.

Mnemonic- ১. Single-> Singular, Single/এক বা একক থেকে Singular শব্দটি এসেছে। যা সচরাচর পাওয়া যায় না অর্থাৎ অনেককিছুর ভিরে Single বা ১ পিছ, সেটাকেই Singular বলা হয়। এই শব্দটি দ্বারা এমন একজন মানুষ বা জিনিসকে বোঝায় যাকে অনেকগুলোর ভির থেকে আলাদা করে চেনা যাবে। অর্থাৎ এটির আরেকটি অর্থ হল ব্যাতিক্রমী।

৭২৩. **Sinister** মূল অর্থ- শয়তান; পাপী; অশুভ ।

Synonym: menacing, ominous, forbidding, baleful. Antonym: noble.

Mnemonic- ১. Sinister= Sin+star, sin মানে পাপ বা অপরাধ। যে এত পাপ করেছে যে পাপের জগতে সে star বা তারকা তাকেই বলা হবে Sinister বা পাপী।

৭২৪. **Slander** মূল অর্থ- জনসম্মুখে খারাপভাবে কথা বলা; অপবাদ দেওয়া; কারো নামে বিদ্বেষী গুঁজব রটানো।
Synonym: defamation, defamation of character, libel. Antonym: laud.

Scanned by CamScanner

Mnemonic- ১. জনসম্মুখে কাউকে Slang/গালি দেওয়া মানে তাকে Slander করা । আর Slander অর্থও- - জনসম্মুখে খারাপভাবে কথা বলা। Slander কে জাস্ট Slang দিয়ে মনে রাখুন(শেষে শুধু der লাগিয়ে দিন)।

৭২৫. **Sloth** মূল অর্থ- আলস্য; কুঁড়েমি; কাজের প্রতি অনিচ্ছা ।

Synonym: laziness, idleness, indolence. Antonym: industriousness.

Mnemonic- ১. Sloth বা শ্লথ একটি প্রাণীর নাম। এটি এক ধরনের বেশ পরিচিত স্তন্যপায়ী প্রাণী। বানরের মত গাছে থাকে । আর এদের চলাফেরা একদম ধীর। আর এই ধীরগতির কারনেই এর নাম হয়েছে শ্লথ। শব্দটি এমনকি বাংলায়ও পরিচিত। অনেক সময় আলসে মানুষের চলাফেরা নিয়ে ব্যাঙ্গ করার জন্য বলা হয়- এই লোকটির চলাফেরা তো দেখি শ্লথের মত। ২. Sloth= slow+ th , কাজকর্ম খুবই slow তাকে বলা হয় আলসে বা Sloth। আরও একটা মজার বিষয় আছে। বাইবেল এবং গ্রেকো-রোমান ধারণা অনুসারে- এই পৃথিবীতে মোট সাতটি মারাত্মক পাপ রয়েছে। সেই সাতটি পাপের একটি হলো- sloth। এখানে sloth দ্বারা কাজ করার অনিচ্ছাকে বোঝানো হয়। তাই আর যাই করুন না কেন-কখনো নিজের মনে sloth বাসা বাধতে দেবেন না !!

৭২৬. **Sobriety** মূল অর্থ- শান্ত; গম্ভীর।

Synonym: seriousness, solemnness, thoughtfulness. Antonym: drunkenness.

Mnemonic- ১. Sobriety= sober+ety , sober মানে শান্ত থাকা। অবশ্য sober বলতে সাধারণ শান্ত থাকাকে বোঝায় না। বিশেষ করে যখন কেউ মদ/অ্যালকোহল খেয়েও শান্ত থাকে তখন সেই অবস্থাকে sober বলা হয়। sober থাককেই Sobriety বলা হয়। অর্থাৎ Sobriety মানে শান্ত। তবে শব্দটিকে আরেকটু গভির অর্থেও ব্যাবহার করা হয়। তখন এটি দ্বারা গম্ভীর বোঝানো হয়।

৭২৭. **Solicitous** মূল অর্থ- আগ্রহী এবং মনযোগী; উৎকণ্ঠিতভাবে কোন কিছু চাওয়া।

Synonym: concerned, caring, attentive, interested. Antonym: inattentive.

Mnemonic- ১. Solicitous=soul+touch অর্থাৎ soul বা আত্মার স্পর্শ। কেউ যখন কোন কিছু সম্পর্কে একান্তভাবে চায় বা কোন সমস্যা তার আত্মাকে স্পর্শ করে যায় তখন বুঝতে হবে সে সেটা সম্পর্কে Solicitous অর্থাৎ আগ্রহী এবং মনযোগী। আর Solicitous মানেও আগ্রহী এবং মনযোগী।

৭২৮. **Solvent** মূল অর্থ- সর্বস্বান্ত নয়; দেউলিয়া নয়; যে টাকা বা ঋণ পরিশোধ করতে সক্ষম।

Synonym: debt-free, not in debt, out of debt. Antonym: in debt.

Mnemonic- ১. বিদেশ লেখাপড়া করতে গেলে বা ভিসার জন্য আবেদন করতে গেলে ব্যাঙ্ক solvency দেখাতে বলে। অর্থাৎ তারা দেখতে চায় যে আপনি যদি বিদেশে গিয়ে কোন কারনে অসুস্থ হয়ে পরেন বা কোন জরুরী প্রয়োজনে আপনার টাকার দরকার হয় তবে আপনার সেই টাকা পরিশোধ করার ক্ষমতা আছে কিনা। তাই তারা আপনার solvency বা পরিশোধ ক্ষমতা দেখে নেয়। যার solvency আছে , সেই Solvent । অর্থাৎ আপনি Solvent মানে হলো আপনি- সর্বস্বান্ত নন, দেউলিয়া নন । এবং আপনি টাকা পরিশোধ করতে সক্ষম।

৭২৯. **Soporific** মূল অর্থ- ঘুম আনে এমন; নিদ্রাকর্ষক; একঘেয়ে।

Scanned by CamScanner

Synonym: sleep-inducing, somnolent, sedative. Antonym: invigorating.

Mnemonic- ১. Soporific= so+poor+fiction মানে একদম নিচুমানের সাহিত্য। একদম নিচুমানের সাহিত্য পড়েতে আমাদের Soporific লাগে। অর্থাৎ ঘুম চলে আসে। আর একঘেয়ে লাগে। আর Soporific অর্থ হলো- ঘুম আনে এমন/ একঘেয়ে।

৭৩০. **Sordid** মূল অর্থ- জঘন্য; নোংরা; অতিরিক্ত দারিদ্রতার কারনে নোংরা পরিবেশ।

Synonym: dirty, filthy, mucky, grimy, muddy, grubby. Antonym: immaculate.

Mnemonic- ১. Sordid=sordi+d, নোংরা পরিবেশে গেলে আমাদের sordi/সর্দি লেগে যায়। নোংরা পরিবেশে মূলত প্রচুর ধুলাবালি থাকে, আর সেই ধুলা বা ডাস্ট কনাগুলো আমাদের ইমিউনু সিস্টেম খারাপ বলে চিহ্নিত করে। ফলে সে একধরনের তরল নিঃসরিত করে, এগুলোকে বাইরে বের করার জন্য। আর সেটাকেই আমরা সর্দি বলি। মনে রাখতে হবে যে- Sordid বা নোংরা পরিবেশে গেলে আমাদের sordi/লাগে। সো Sordid মানে নোংরা।

৭৩১. **Spawn** মূল অর্থ- প্রসব করা; জন্ম দেওয়া ; প্রচুর পরিমানে তৈরি করা।

Synonym: give rise to, bring about, occasion, generate, engender, originate.

Mnemonic- ১. Spawn মানে ডিম। এই একটি অর্থ আমরা সবাই জানি। কিন্তু এর আরেকটি অর্থ হল প্রসব করা। আসলে ডিম দেওয়া আর প্রসব করার কিন্তু একই অর্থ দ্বারায়। ডিম দেওয়া মানেও একটি নতুন প্রাণীর জন্ম দেওয়া। এই শব্দটি আরেকটি অর্থ হলো- প্রচুর পরিমাণে তৈরি করা। খেয়াল করে দেখবেন- মাছ বা পিঁপড়ে জাতীয় বেশ কিছু প্রাণী আছে যাদের ডিমের সংখ্যা প্রচুর। অর্থাৎ ডিমের সাহায্যে কিছু প্রাণী এত সংখ্যক বাচ্চা তৈরি করতে পারে যা সরাসরি বাচ্চা প্রসব করলে সেটা সম্ভব নয়। আর একারনেই এই Spawn এর আরেকটি অর্থ হলো- প্রচুর পরিমানে সৃষ্টি করা।

৭৩২. **Specious** মূল অর্থ- চতুরতাপূর্ণ আকর্ষণীয়।

Synonym: plausible but wrong, seemingly correct, misleading, deceptive, false.

একটি উদাহরণ দিলে শব্দটির অর্থ বুঝতে আরও সুবিধা হবে। ধরুন আপনি একটি নদীর ছবি তুললেন। এটি ছবিতে দেখতে খুবই আকর্ষণীয় মনে হচ্ছে। কিন্তু আপনি আসলে এমন একটি স্থান থেকে জুম করে ছবিটি তুলেছেন যাতে নদীর পারের প্রচুর নোংরা ছবিতে দেখা না যায়। এই ছবিটিকে Specious বলা হবে। কারন এটি দেখতে সুন্দর ঠিকই, তবে তার মধ্যে চালাকি আছে।

Mnemonic- ১. Specious = Suspicious , Specious কে Suspicious দিয়ে মনে রাখুন। Suspicious মানে সন্দেহজনক। যদি কোন কিছুর সৌন্দর্য দেখে Suspicious মনে হয় বা সন্দেহ হয় তবে সেটাকে Specious বলা হয়।

৭৩৩. **Sporadic** মূল অর্থ- এলোপাথারি চালু হওয়া এবং বন্ধ হওয়া; বিক্ষিপ্ত; ছড়িয়ে ছিটিয়ে পরা; কিছুক্ষণ পর পর বিস্ফোরিত হওয়া।

Scanned by CamScanner

Synonym: occasional, infrequent, periodic. Antonym: frequent, regular.

Mnemonic- ১. Sporadic আর Periodic হলো একদম বিপরীত। Periodic মানে হলো একটি নির্দিষ্ট সময় পরপর কোন কিছু ঘটা। অর্থাৎ Periodic জিনিসের একটা নির্দিষ্ট নিয়ম আছে। আর Sporadic তার উল্টো। বিচ্ছিন্নভাবে কোন কিছু ঘটা না বিস্ফোরিত হওয়াকেই বলা হয় Sporadic। কোন ফুলের বা উদ্ভিদের spore/বীজকনা যেমন বিক্ষিপ্তভাবে ছড়িয়ে পরে তেমন। মনে রাখার জন্য spore অংশটি লক্ষ্য রাখুন। spore এর ছড়িয়ে পরার ধরনটিও Sporadic।

৭৩৪. **Spurious** মূল অর্থ- মিথ্যা; নকল।

Synonym: bogus, fake, not genuine, specious, false. Antonym: authentic.

Mnemonic- ১. Fast and furious দিয়ে এটাকে মনে রাখুন। Furious এর স্থানে Spurious বসিয়ে দিন। অনেকেই হলিউডের সিনেমার অতিনাটকিয়তাকে ব্যাঙ্গ করার জন্য বলে থাকেন- Fast and Spurious। অর্থাৎ তারা বলতে চান যে- Fast and furious সিনেমায় যেসব অ্যাকশন দেখানো হয় সেগুলো আসলে Spurious বা মিথ্যা/ নকল।

৭৩৫. **Squalor** মূল অর্থ- ময়লা; তুচ্ছ; অধঃপতিত।

Synonym: dirt, dirtiness, squalidness, filth, filthiness. Antonym: cleanliness.

এই শব্দটি সাধারনত কোন এলাকা বা দেশের ক্ষেত্রে ব্যাবহিত হয়। কোন দেশকে যদি Squalor বলা হয় তাহলে বুঝতে হবে যে সেই দেশের বেশিরভাগ এলাকাই নোংরা; সবকিছুর অবস্থা একদম বাজে; কোন শৃঙ্খলা নেই; সমাজ অধঃপতিত ইত্যাদি। এককথায় বাসকরার যোগ্য নয়।

Mnemonic- ১. Squalor হলো এমন একটি এলাকা যার অবস্থা ঠিক গোয়ালঘর এর মত। গোয়ালঘর হলো গ্রামের গরু রাখার ঘর। আর তার অবস্থা যে কি হতে পারে সেটা অজানা নয়। গোয়ালঘর সাধারণত ময়লা, স্যাতস্যাতে ও বসবাস অযোগ্য হয়ে থাকে। আর Squalor বলতেও এমন স্থান বোঝায় যার সার্বিক অবস্থা এতই খারাপ যে সেটাও বাসকরার অযোগ্য।

৭৩৬. **Squander** মূল অর্থ- অপব্যায় করা।

Synonym: waste, misspend, throw away, dissipate. Antonym: save.

Mnemonic- ১. Squander = Spender , যে প্রচুর Spend/ব্যায় করে তাকেই বলা হয় Spender বা অপব্যায়কারী। আর Squander মানেও অপব্যায় করা। Squander আর Spender শুনতেও একইরকম, আর অর্থও এক।

৭৩৭. **Stagnation** মূল অর্থ- গতিহীন; স্থির; স্থবিরাবস্থা; নিশ্চল।

Synonym: doldrums, inactivity, inactiveness, stagnancy. Antonym: action.

Scanned by CamScanner

ধরুন একটি কোম্পানি প্রতিষ্ঠার পর থেকে প্রথম দশ বছর খুব দ্রুত বৃদ্ধি পেল। এবার দশ বছর পরে এসে কোম্পানির বৃদ্ধির হার একদম বন্ধ হয়ে গেল। এমন অবস্থাকে বলা হবে কোম্পানিটির Stagnation অবস্থা। একটি কোম্পানি Stagnation হওয়া মানে, সেই কোম্পানির আর কোন বৃদ্ধি হচ্ছে না। সেভাবে ছিল সেভাবেই আছে।

Mnemonic- ১. Stagnation = Stag+nation , হরিন জাতি। Stag মানে পুরুষ হরিন।তাহলে Stag nation মানে দাঁড়াচ্ছে হরিণ/হরিণ জাতি। হরিণজাতি বেশ দ্রুত চলাফেরা করে। আর Stagnation অর্থ ঠিক তার উল্টো। Stagnation মানে গতিহীন; স্থবিরাবস্থা।

৭৩৮. **Static** মূল অর্থ- নিশ্চল; স্থির।

Synonym: unchanged, fixed, stable, steady, constant. Antonym: variable.

Mnemonic- ১. Static= stay ঠিক । অর্থাৎ যে অবস্থায় ছিল ঠিক সেই অবস্থায়ই থাকা। static বা statue এই শব্দগুলোর মূলত একই রুট । static স্থির, আর statue হলো মুর্তি।আমরা জানি statue নড়াচড়া করতে পারে না। বুঝতেই পারছেন এগুলো আসলে একই রুটের শব্দ। Stat থেকেই এমন শব্দগুলো এসেছে।

৭৩৯. **Staunch** মূল অর্থ- দৃঢ়ভাবে প্রতিজ্ঞাবদ্ধ; দৃঢ়ভাবে সমর্থন করা; অনুগত থাকা।

Synonym: stalwart, loyal, faithful, trusty, committed. Antonym: disloyal.

Mnemonic- ১. Staunch= Sta+unch -> Stay unchanged , যদি কেউ তার কাজের প্রতি বা তার দেওয়া কথার প্রতি অবিচল থাকে(Stay unchanged) তবে তাকে Staunch বলা হয়। কথার প্রতি অবিচল থাকা মানে দৃঢ়ভাবে প্রতিজ্ঞাবদ্ধ থাকা। আর Staunch অর্থও দৃঢ়ভাবে প্রতিজ্ঞাবদ্ধ থাকা।

৭৪০. **Steadfast** মূল অর্থ- অনুগত; বিশ্বাসী।

Synonym: loyal, faithful, committed, devoted. Antonym: disloyal.

Mnemonic- ১. Steadfast= Stand+first , যে ব্যাক্তিকে বলার সাথে সাথেই দাঁড়ায়(Stand) তাকে আমরা অনুগত বলি। আর Steadfast মানেও অনুগত।

৭৪১. **Stigmatize** মূল অর্থ- অপমানের চিহ্ন লেগে যাওয়া; দুর্নামের সিল লেগে যাওয়া।

Synonym: condemn, denounce; brand, label, mark out; disparage, vilify.

Mnemonic- ১. Stigmatize কে ভেঙ্গে ফেলুন-> Stigmatize=Stigma tize , শব্দটির মধ্যে Stigma রয়েছে। Stigma মানে কালি বা কলঙ্ক। আর Stigmatize মানে Stigma লেগে যাওয়া বা অপমানের চিহ্ন লেগে যাওয়া ।

৭৪২. **Stipulate** মূল অর্থ- লিখিত চুক্তির কোন একটি শর্ত বা অংশ।

Synonym: specify, set down, set out, lay down, set forth, state clearly.

Mnemonic- ১. Stipulate কে ভেঙ্গে ফেলুন -> staple+it ,। যখন কোন লিখিত চুক্তি করা হয় তখন সেটাকে staple করে রাখা হয়। মনে রাখুন লিখিত চুক্তির সাথে staple করার সম্পর্ক রয়েছে।

Scanned by CamScanner

৭৪৩. **Stoic** মূল অর্থ- নির্বিকার আনন্দ অথবা বেদনা; সুখ অথবা দুঃখ; সৌভাগ্য অথবা দুর্ভাগ্য।

Synonym: unemotional, cool, calm, stolid.

Mnemonic- ১. Stoic bliss নামে একটি বাংলা ব্যান্ড ছিল। ঐ'যে, " আবার জিগায়" গানটা গাইতো। bliss মানে আনন্দ। আর Stoic bliss মানে নির্বিকার আনন্দ। ওদের গান শুনলে আসলে সুখ আছি নাকি দুঃখে আছি; সৌভাগ্য অথবা দুর্ভাগ্য কোনটাই বোঝা যায় না। এখান থেকে মনে রাখুন- Stoic শব্দটি মনে রাখুন।

৭৪৪. **Stratum** মূল অর্থ- কোন বস্তুর স্তর; সামাজিক স্তর।

Synonym: layer, vein, seam, lode, level, class, echelon, rank.

Mnemonic- ১. Stratum শুনতে অনেকটা Saturn এর কাছাকাছি। Saturn মানে শনিগ্রহ। আর সেখানে থেকেই শনিবার বা saturday এসেছে। Saturn এর একটি বলয় আছে। আর সেই বলয়ের মধ্যে আছে বেশ কয়েকটি স্তর। আর Stratum মানেও কোন বস্তুর স্তর বা সামাজিক স্তর।

৭৪৫. **Stricture** মূল অর্থ- বাধা; সীমাবদ্ধতা; বাজে সমালচনা ।

Synonym: constraint, restriction, limitation, control. Antonym: freedom.

Mnemonic- ১. Stricture শুনতে অনেকটা strict sir এর মত। কোন strict sir কি করে? বলেন যে এই করা যাবে না, সেই করা যাবে না ইত্যাদি ভ্যানভ্যান । অর্থাৎ বিভিন্ন ধরনের সীমাবদ্ধতা তৈরি করে দেন। আর Stricture মানে সীমাবদ্ধতা বা বাধা।

৭৪৬. **Strife** মূল অর্থ- তিক্ত দ্বন্দ্ব; ঝামেলা হৈচৈ।

Synonym: conflict, friction, discord, disagreement. Antonym: harmony.

Mnemonic- ১. Strife কে strike দিয়ে মনে রাখা সহজ। যখন strike বা ধর্মঘট হয় তখন মানুষজন রাস্তায় বের হয়ে অবরোধ করে; হৈচৈ করে , পুলিশের সাথে মারামারি করে। আর Strife মানে তিক্ত দ্বন্দ্ব; ঝামেলা হৈচৈ। প্রায় কাছাকাছি বিষয়।

৭৪৭. **Stringent** মূল অর্থ- যথাযথ; নিয়ন্ত্রিত।

Synonym: strict, firm, rigid, rigorous, severe. Antonym: lenient.

Mnemonic- ১. Stringent কে strict এর সাথে মিলিয়ে মনে রাখতে পারেন। strict মানে যথাযথ বা নিয়ন্ত্রিত। আর Stringent মানেও ঠিক তাই।

৭৪৮. **Stymie** মূল অর্থ- বাধা পাওয়া; ব্যাহত হওয়া।

Synonym: impede, interfere with, hamper, hinder. Antonym: assist.

Scanned by CamScanner

এটি আসলে একটি গলফ খেলার টার্ম। কোন প্লেয়ারের বল যদি অন্য আরেকজন খেলয়ারের বল ও কাপের মাঝে হয় অর্থাৎ ঠিক একই বরাবর হয়, তবে সেটাকে Stymie বলা হয়। এমন হলে বলের বাধার কারনে প্রতিপক্ষের খেলয়ারের পক্ষে বল কাপে ফলা সম্ভব হবে না ।

Mnemonic- ১. Stymie কে ভেঙ্গে ফেলুন -> Stymie= Tie me , অর্থাৎ আমাকে বাঁধ। আর Stymie মানে বাধা পাওয়া। মনে রাখুন Stymie এর Tie বা বাধার একটা সম্পর্ক আছে।

৭৪৯. **Subjugate** মূল অর্থ- দমন করা; ক্রীতদাস বানানো।

Synonym: conquer, vanquish, defeat, crush, quell. Antonym: liberate.

Mnemonic- ১. Subjugate= sub+jo+gate , সব গেটের ভেতর যাও।

৭৫০. **Sublime** মূল অর্থ- অসাধারণ; মহিমান্বিত; অত্যন্ত প্রশংশিত; রাজকীয় ঐশর্য্যশালী।

Synonym: exalted, elevated, noble, lofty. Antonym: poor, lowly.

Mnemonic- ১. Sublime কে Lime দিয়ে মনে রাখা সহজ। lime বা চুনের দন্ডকে আগুনে পোড়ালে প্রচুর আলো সৃষ্টি হয়। মহিমান্বিত ও অসাধারন ব্যাক্তিকে আলোকিত বলে ধরা হয়। আর একারনেই Sublime , limelight শব্দগুলোর সৃষ্টি হয়েছে। lime থেকে আলো, আর আলো থেকে আলোকিত বা মহিমান্বিত ।

৭৫১. **Subordinate** মূল অর্থ- গুরুত্বের দিক/পদমর্যাদারদিক থেকে/সামাজিক অবস্থানের দিক থেকে নিচুস্তরের; গৌণ ।

Synonym: lower-ranking, junior, lower, lesser. Antonym: superior.

Mnemonic- ১. Subordinate= Sub+ordinate , sub মানে উপ বা নিচের পজিশন(যেমন- রেজিস্টারের নিচের পদ হল- সাবরেজিস্টার)। আর ordinate মানে order বা ক্রমঅনুসারে সাজানো। তাহলে বোঝা যাচ্ছে Subordinate মানে কোন পজিশনের নিচের পজিশনকে Subordinate বলা হয়। যেমন- রেজিস্টারের Subordinate পদ হল- সাবরেজিস্টার ।

৭৫২. **Substantive** মূল অর্থ- বস্তুগত; বাস্তব; প্রয়জনিয় ।

Substantive মানে বাস্তব। যেমন- পানি, ইট, বালু এগুলো হল Substantive বা বস্তুগত। এগুলোকে বাস্তব ও বলা হয়(বস্তু দিয়ে গঠিত বলে)। ওপরপক্ষে আত্মা বা রূহ Substantive না। অর্থাৎ বস্তু দিয়ে গঠিত না। একে আমরা দেখতে পাই না। এটি বাস্তব না(অন্তত সাধারণ মানুষের কাছে)।

Mnemonic- ১. Substantive= Substance+tive , Substance বা বস্তু থেকেই Substantive শব্দটি এসেছে। যা Substance বা বস্তু দিয়ে গঠিত তাকেই Substantive বলা হয়। যা Substantive না বুঝতে হবে সেটা বস্তু দিয়ে গঠিত নয় বা তার বাস্তব অস্তিত্ব নেই।

৭৫৩. **Subtle** মূল অর্থ- সুস্পষ্ট না; সূক্ষ্ম ।

Synonym: fine, fine-drawn, ultra-fine, nice, overnice. Antonym: crude.

Scanned by CamScanner

দুটি জিনিসের মধ্যে যদি বড় মাপের পার্থক্য না থাকে তবে সেই পার্থক্যকে বলা হবে Subtle বা সূক্ষ্ম পার্থক্য।

Mnemonic- ১. Subtle= sub+little , অর্থাৎ little/ক্ষুদ্র থেকেও ছোট। যা ক্ষুদ্র থেকেও বেশি ক্ষুদ্র সেগুলোকে আমরা বলি সূক্ষ্ম। আর যা little এর ও sub অর্থাৎ little থেকেও ছোট সেটাই Subtle বা সূক্ষ্ম।

৭৫৪. **Subversive** মূল অর্থ- কুলসিত; উৎখাত; বিদ্রোহী।

Synonym: troublemaker, dissident, agitator, revolutionary, revolutionist.

কোন মানুষ যদি Subversive চিন্তা করে তাহলে বুঝতে হবে যে সে এমন চিন্তা করছে যা সমাজ ও রাষ্ট্রের প্রচলিত আইনের দ্বারা সমর্থনিয় নয়। আইনের চোখে সেটা খারাপ বা কুলসিত চিন্তা। যেমন- সরকার উৎখাত করার চিন্তা একটা Subversive চিন্তা।

Mnemonic- ১. Subversive চিন্তা = reversive/প্রচলিত চিন্তার বিপরীত চিন্তা। Subversive আর Subversive শুনতে একই রকম। Subversive বিদ্রোহী আর reversive মানে revers বা বিপরীত । reversive যদিও কোন প্রচলিত শব্দ না, শুধু মনে রাখার জন্য(reverse বৈশিষ্ট্য) ব্যাবহার করা হলো।

৭৫৫. **Succinct** মূল অর্থ- সংক্ষিপ্ত এবং যথাযথ; সারমর্ম ।

Synonym: concise, short, brief, compact, condensed. Antonym: lengthy.

Mnemonic- ১. Success পাবার জন্য অবশ্যই Succinct পথে বা সংক্ষিপ্ত এবং যথাযথ পথে এগুতে হবে ।

৭৫৬. **Succumb** মূল অর্থ- হার মানা; মারা যাওয়া; বশীভূত হয়ে পড়া।

Synonym: yield, give in, give way, submit. Antonym: resist, conquer.

Mnemonic- ১. Succumb= suck thumb , আগুল চোষা। মানুষ হেরে যায় তখন আঙ্গুল চোষা(suck thumb) ছাড়া কিছুই করার থাকে না। তাই Succumb দেখলেই বুঝতে হবে যে- suck thumb । আর তখনই বুঝে নিতে হবে যে এটার অর্থ হেরে যাওয়া। এই শব্দটি যখন আরও একটু গভির অর্থ বোঝায় তখন এটা দ্বারা মারা যাওয়া বোঝায়। আর হেরে যাওয়া আর মারা যাওয়া একই কথা(সেটা যুদ্ধক্ষেত্র হলে ভালমতই টের পাওয়া যায়)।

৭৫৭. **Supercilious** মূল অর্থ- দাম্ভিক;উদ্ধত; অনুগ্রাহক।

Synonym: arrogant, haughty, conceited, disdainful. Antonym: humble, modest.

নমোনিক- ১. এই শব্দটি মূলত supercilium থেকে এসেছে। এটি একটি ল্যাটিন শব্দ। supercilium = super + cilium , cilium অর্থ চোখের পাতা। দাম্ভিক মানুষেরা বিশেষভাবে চোখের পাতা নেড়েই তাদের দাম্ভিকভাব বুঝিয়ে দেয়। ফলে একসময় এই supercilium শব্দের অর্থ হয়ে গেছে দাম্ভিকতা। আর ঐ ল্যাটিন থেকেই আজকের Supercilious শব্দটি এসেছে।

৭৫৮. **Superficial** মূল অর্থ- শুধুমাত্র উপরের দিক; অগভীর; ব্যাপক নয়।

Scanned by CamScanner

Synonym: surface, exterior, external, outer, outside. Antonym: deep.

কোন মানুষ যদি Superficial স্বভাবের হয় তাহলে বুঝতে হবে সে গভীর চিন্তা করতেই পারে না। শুধুমাত্র বাহ্যিক বা উপরের দিকগুলোর দিকেই তার দৃষ্টি।

Mnemonic- ১. Superficial কে facial দিয়ে মনে রাখুন। যখন ফেসিয়াল করা হয় তখন আপনার মুখের শুধুমাত্র উপরিভাগে কিছু প্রসাধন ব্যাবহার করা হয়। অর্থাৎ এটা একটা উপরিভাগের ট্রিটমেন্ট। গভীর বা ভেতরের কোন ট্রিটমেন্ট নয়। আপনি যদি আপনার মুখের ত্বক ভাল রাখতে চান তাহলে আপনাকে ডাক্তারের পরামর্শে সঠিক উপায়, স্কিন টেস্ট করে সবকিছু করতে হবে। অর্থাৎ facial হলো শুধুমাত্র বাহ্যিক/উপরিভাগের বিষয়। আর Superficial বলতেও শুধু উপরিভাগের কোন কিছুকে বোঝায়।

৭৫৯. **Superfluous** মূল অর্থ- অতিরিক্ত; অপ্রয়োজনীয়; প্রচুর।

Synonym: surplus, redundant, unneeded, not required. Antonym: necessary.

Mnemonic- ১. Superfluous= Super+ flow+us , Super flow প্রচুর প্রবাহ। আপনার কাছে যদি টাকা পয়সার Super flow থাকে বা প্রচুর প্রবাহ থাকে, তাহলে সেটাকে Superfluous বা অতিরিক্ত/প্রচুর বলা যাবে। অর্থাৎ Superfluous মানে অতিরিক্ত বা প্রচুর ।

৭৬০. **Surfeit** মূল অর্থ- বাড়তি; প্রচুর পরিমাণে।

Synonym: excess, surplus, abundance, oversupply. Antonym: lack, dearth.

যদি আপনি প্রয়জনের অতিরিক্ত মদ খেয়ে ফেলেন তবে সেটাকে বলা হবে Surfeit।

Mnemonic- ১. Surfeit=surplus , এই শব্দদুটি দেখতে একই রকম । আর দুটোর অর্থই অতিরিক্ত। যদি কেউ surplus এর সাথেও পরিচিত না হন, তাহলে surplus মনে রাখার জন্য-> surplus=sure+plus এভাবে মনে রাখুন। যেখানে নিশ্চিত বৃদ্ধিপাবে(sure+plus) সেখানে অতিরিক্ত পরিমাণে থাকবে ।

৭৬১. **Surreptitious** মূল অর্থ- গোপন; গুপ্ত।

Synonym: secret, stealthy, clandestine, secretive. Antonym: blatant.

Mnemonic- ১. Surreptitious=sir+rape+titi+us , কোন হতভাগ্য স্যার(sir) যদি তার student(us) দের মধ্যে থেকে rape করে(এটি নির্মম হলেও সত্য, পত্রিকার পাতায় প্রচুর নিউজ দেখা যায়) তবে সেটা Surreptitious ব্যাপার বা গোপন ব্যাপার ।

৭৬২. **Surrogate** মূল অর্থ- প্রতিনিধি; বিকল্প।

Synonym: substitute, proxy, replacement; agent, deputy, representative.

কোন টিচার যদি কোন জরুরী কাজে না আসার কারনে তার ক্লাস নেবার জন্য অন্য একজনকে দিয় ক্লাস নেবার কাজ চালায় তবে সেই নতুন টিচারকে Surrogate টিচার বলা হবে।

Scanned by CamScanner

Mnemonic- ১. Surrogate মানে substitute বা বিকল্প। আমরা প্রায়ই Surrogate mother বা পালক মা এর কথা শুনি। পালক বা মূলত আসল মায়ের অনুপস্থিতিতে সন্তানকে মায়ের অভাব পূরণ করেন। অর্থাৎ মায়ের প্রতিনিধি হিসেব কাজ করেন। আর Surrogate অর্থ হলো- প্রতিনিধি বা বিকল্প।

৭৬৩. **Sycophant** মূল অর্থ- অন্যদের তেল দিয়ে বেরানো মানুষ; চাটুকার; কারো মন খুশি করার জন্য প্রশংসা করা।

Synonym: toady, creep, crawler, fawner, flatterer, flunkey, truckler.

Mnemonic- ১. Sycophant= psycho fan , কোন সেলিব্রেটির পাগল ভক্তরা(psycho fan) সেই সিলিব্রিটিকে সামনে পেলে Sycophant এর মত আচরণ করে অর্থাৎ তেল মারা শুরু করে। Sycophant মানে হলো- চাটুকার মানুষ।

৭৬৪. **Synthesis** মূল অর্থ- বিভিন্ন ছোট অংশ জোড়া দিয়ে কোন কিছু তৈরি করা; সৃষ্টি করা।

Synonym: combination, union, amalgam, blend. Antonym: decomposition.

Synthesis বলতে রসায়নে বিশেষ এক ধরনের বিক্রিয়াকে বোঝানো হয়।যদি দুটি বা তার বেশি বস্তুর মিলনে একটি জিনিস তৈরি হয় তবে সেটাকে বিক্রিয়া বলা হয়।

Mnemonic- ১. Synthesis কে Genesis দিয়ে মনে রাখুন। Genesis মানে সৃষ্টি। বাইবেলের ওল্ড টেস্টামেনের প্রথম অধ্যায়ের নাম বুক অফ জেনেসিস(Book of genesis)। এই অধ্যায়ে মহাবিশ্ব কিভাবে সৃষ্টি হল সেটা বর্ননা করা আছে। তাহলে বোঝা যাচ্ছে Genesis মানে সৃষ্টি। আর Synthesis মানেও সৃষ্টি। Genesis বলতে সব ধরনের সৃষ্টি বোঝালেও Synthesis বলতে শুধু কোন জিনিস থেকে অন্য কোন জিনিস সৃষ্টিকেই বোঝায়।

৭৬৫. **Tacit** মূল অর্থ- উহ্য; না বলেই কোন কিছু বোঝানো; বলা হয়নি এমন। .

Synonym: implicit, understood, implied, inferred. Antonym: explicit, stated.

ধরুন আপনি কাউকে পছন্দ করেন না। সেটা তাকে কখনোই মুখে বলেননি, কিন্তু আপনার আচরণে সে ঠিকই বুঝে গেছে যে আপনি তাকে পছন্দ করেন না। এমন বিষয়কে Tacit বলা হয়।

Mnemonic- ১. Tacit= Take it , ধরুন আপনার ঘরে কেউ কোন কিছু একটা নিতে এসেছে। আপনার এক্সপ্রেশন দেখেই বুঝে গেছে যে আপনি এটা নেবার অনুমতি দিয়েছেন(Take it)। এই ব্যাপারটা হল Tacit।

৭৬৬. **Taciturn** মূল অর্থ- সল্পভাষী; কম কথা বলে এমন।

Synonym: untalkative, uncommunicative, reticent. Antonym: loquacious.

Mnemonic- ১. Tacit-> Taciturn। Tacit থেকেই মূলত Taciturn শব্দটি এসেছে। যে Tacit আচরণ করে, অর্থাৎ কথা না বলেই কোন কিছু বোঝাতে চায় এমন মানুষকেইই Taciturn বলা হয় । অর্থাৎ যারা ইসারা ইঙ্গিতে কথা বলে, উহ্য রেখে কথা বলে তারা Taciturn বা সল্পভাষী।

Scanned by CamScanner

৭৬৭. **Tangential** মূল অর্থ- বাহ্যিক; কোন পদার্থ বা হাতের সাথে শুধুমাত্র উপরিভাগের সাথে সম্পর্কিত; স্পর্শ সম্পর্কিত; ভেতরের নয় ।

ধরুন আপনি একটি সংগঠনের সাথে জড়িত। কিন্তু আপনি তাদের প্রত্যেক মিটিং এ তো উপস্থিত থাকেন না, মাঝে মাঝে বার্ষিক মিটিং ও মিস যায়। অর্থাৎ আপনি সেই সংগঠনের সাথে খুব গভিরভাবে জড়িত না। এমন হলে বলা যায় যে এই সংগঠনের সাথে আপনার সম্পর্কটি Tangential । অর্থাৎ বাহ্যিক। মানে তাদের সাথে আছেন কিন্তু তাদের প্রতিস্থানের ভবিষ্যৎ কি এসব বিষয়ে আপনি তেমন একটা ভাবেন না। বা ভেতরের কাজের সাথে জড়িত না ।

Mnemonic- ১. Tangential= Tangent+ial , আমরা সবাই জ্যামিতিতে Tangent বা স্পর্শক সম্পর্কে পড়েছি। বৃত্তের বাইরের কোন সরলরেখা যদি বৃত্তকে শুধুমাত্র একটি বিন্দুতে স্পর্শ করে তাকে স্পর্শক বলে। আর Tangential মানেও শুধুমাত্র বাহ্যিকভাবে স্পর্শ করা।

৭৬৮. **Tangible** মূল অর্থ- স্পর্শযোগ্য; স্পর্শগ্রাহ্য।

Synonym: touchable, palpable, tactile, material, physical. Antonym: intangible.

আপনার বাড়ি গাড়ি ইত্যাদি হল আপানার Tangible সম্পদ, আর আপনার সুনাম, মেধা হলো আপনার Intangible সম্পদ ।

Mnemonic- ১. Tangible= Touchable , Tangible কে সমপ্লি Touchable দিয়ে মনে রাখুন । যা Touchable বা স্পর্শ করার যোগ্য, সেটাই Tangible।

৭৬৯. **Tantamount** মূল অর্থ- সমপরিমাণ; সমান মূল্যের।

Synonym: equivalent to, equal to, amounting to, as good as, more or less.

Mnemonic- ১. Tantamount= Tant+amount , এই শব্দটি ইংরেজি ও প্রাচীন ফ্রেন্স ভাষার সমন্বয়ে গঠিত। প্রাচীন ফ্রেন্স ভাষায় Tant মানে সমান। আর ইংরেজিতে amount মানে পরিমান। অর্থাৎ Tantamount মানে সমান পরিমাণ। Tantamount এর amount দেখেই বুঝে নিতে হবে যে এখানে পরিমানের কথা বলা হচ্ছে। তারপর Tant দেখে মনে করতে হবে এটা একটা ফ্রেন্স শব্দ যার অর্থ সমান।

৭৭০. **Tautological** মূল অর্থ- শব্দের পুনঃ ব্যাবহার; বৃত্তাকারে ফিরে আসা ।

Defination : Using the same thing twice using different words.

When everyone has a camera, cameras will be universal। এই বাক্যটি একটি Tautological বাক্য। কারন এখানে প্রথম অংশে একবার camera উল্লেখ করা হলেও দ্বিতীয় অংশে আবারো তা উল্লেখ করা হয়েছে। এমন অপ্রয়োজনীয়ভাবে কোন শব্দের পুনঃ ব্যাবহার হলে সেটাকে Tautological বলা হয়।

Mnemonic- ১. Tautological= Tauto+logical , একই জিনিস যখন দুইবার হয় তখন Tauto ব্যাবহার করা হয়। যেমন- বৈজ্ঞানিক নামকরনের ক্ষেত্রে গন আর প্রজাতি যখন মিলে যায় তখন তাকে tautonomy বলা হয়। Tauto কে মনে রাখার জন্য Tauto= two o two হিসেবে মনে রাখুন।

Scanned by CamScanner

৭৭১. **Temerity** মূল অর্থ- অতিরিক্ত সাহসিকতা; অদূরদর্শিতা।

Synonym: audacity, boldness, audaciousness, nerve. Antonym: shyness.

যারা অতিরিক্ত সাহস দেখায় তারা আসলে অদূরদর্শি। কি হবে তা না বুঝেই সাহস দেখাতে যায়। ফলে Temerity শব্দের অর্থ অতিরিক্ত সাহসিকতা এবং অদূরদর্শিতা দুটোই।

Mnemonic- ১. Temerity কে Timidity দিয়ে মনে রাখুন। Timidity মানে ভিরুতা বা কাপুরুষতা। আর Temerity হলো ঠিক তার উল্টো। Temerity মানে অতিরিক্ত সাহসী, যার মধ্যে ভীরুতা বলে কিছু নেই।

৭৭২. **Temperate** মূল অর্থ- নাতিশীতোষ্ণ; মৃদু; হালকা।

Synonym: mild, clement, pleasant, agreeable, benign. Antonym: extreme.

যদি কোন অঞ্চলের আবহাওয়া Temperate হয় তাহলে বুঝতে হবে যে সে অঞ্চলে বেশি শীতও না আবার বেশি গরমও না। আর যদি কোন শিক্ষক Temperate হয় তাহলে বুঝতে হবে যে সে বেশ শান্ত স্বভাবের মানুষ, ছাত্রদের মৃদু বকাঝকা করলেও পিটানি দেয় না।

Mnemonic- ১. Temperate= Temparature + moderate, যদি কোন অঞ্চলের temperature/তাপমাত্রা moderate/মাঝারি হয় তাহলে সেই অঞ্চলকে Temperate বা নাতিশীতোষ্ণ বলা হয়।

৭৭৩. **Tenable** মূল অর্থ- সমর্থনযোগ্য; রক্ষা করার যোগ্য।

Synonym: defensible, justifiable, supportable. Antonym: indefensible.

ধরুন কেউ যদি বলে পৃথিবী গোল নয় বরং পৃথিবী সমতল তবে তার যুক্তি Tenable নয়।

Mnemonic- ১. Tenable = Teen+able, Teen বয়সে ছেলেমেয়েরা নতুন সবকিছুকেই Tenable বা সমর্থনযোগ্য মনে করে। ২. Tenable কে Tolerable দিয়ে মনে রাখতে সহজ। যেগুলো Tolerable বা সহ্য করার যোগ্য, সেগুলো Tenable বা সমর্থন করার যোগ্য।

৭৭৪. **Tenacious** মূল অর্থ- অধ্যাবসায়ী; কোন কাজে প্রতি শক্তভাবে লেগে থাকা; একগুয়ে।

Synonym: firm, tight, fast, clinging; strong. Antonym: loose, weak.

Mnemonic- ১. Tenacious= Ten asian , Tenacious শুনতে অনেকটা Ten asian এর মত । যদি Ten asian দেশ একসাথে কাজ করে তবে তাদের আলাদা করা সম্ভব না। তারা তখন Tenacious হয়ে যাবে। অর্থাৎ তারা তাদের লক্ষের প্রতি শক্তভাবে লেগে থাকবে।

৭৭৫. **Tenet** মূল অর্থ- নীতি বা বিশ্বাস । Religious tenet – ধর্মীয় বিশ্বাস ।

Synonym: principle, belief, doctrine, precept, creed, credo, article of faith.

Scanned by CamScanner

Mnemonic- ১. Tenet= Teen+net , একটি প্রচলিত Tenet বা প্রচলিত বিশ্বাস হল Teen বয়সীদের ইন্টারনেট বা net ব্যাবহার করা উচিত না। teen দের net ব্যাবহার করতে না দেওয়ার এই Tenet একটি ভুল Tenet বা ভুল বিশ্বাস ।

৭৭৬. **Tentative** মূল অর্থ- পরীক্ষামূলক; সাময়িক; অনিশ্চিত।

Synonym: provisional, unconfirmed, unsettled, indefinite. Antonym: definite.

Mnemonic- ১. Tentative = Tent+ative, tent বা তাবুতে আমরা সাময়িকের জন্য থাকি। আর Tentative মানেও হলো সাময়িক বা পরীক্ষামূলক।

৭৭৭. **Tenuous** মূল অর্থ- পাতলা; সূক্ষ্ম।

Synonym: slight, insubstantial, flimsy, thin, slender. Antonym: thick.

Mnemonic- ১. Tenuous = tiny+ous , tiny=ক্ষুদ্র, Tenu=পাতলা I Tenuous মানে অতি সূক্ষ্ম। tiny+ous = অতি ক্ষুদ্র। দুটোই খুব কাছাকাছি অর্থ। আর শুনতেও দুটোর মধ্যে মিল আছে।

৭৭৮. **Terse** মূল অর্থ- বাহুল্য বর্জিত; সংক্ষিপ্ত।

Synonym: curt, brusque, abrupt, clipped, blunt. Antonym: long-winded.

Mnemonic- ১. Terse কে verse দিয়ে মনে রাখুন। verse বা কবিতায় খুব অল্প লাইনের মধ্যে অনেক কিছু বোঝানো হয়ে থাকে। প্রবন্ধ লিখতে গেলে যেখানে অনেক শব্দ লাগে অনেক বাহুল্য উদাহরণ দিতে হয় সেখানে verse বা কবিতায় খুব অল্প কথায় অন্তর্নিহিত কথাটি বলা হয়ে যায়।

৭৭৯. **Theology** মূল অর্থ- ধর্মতত্ত্ব; ধর্ম ও সৃষ্টিকর্তা নিয়ে বিশ্লেষণ ।

Mnemonic- ১. গ্রিক ভাষায় Theos মানে ঈশ্বর বা সৃষ্টিকর্তা, আর logy মানে জ্ঞান। অর্থাৎ Theology মানে ঈশ্বর/সৃষ্টিকর্তা সম্পর্কে জ্ঞান ।

৭৮০. **Tirade** মূল অর্থ- দীর্ঘ বক্তিতা; বিরক্তিকর বক্তিতা(বেশি বাগারম্বর হবার করনে)।

Synonym: diatribe, invective, polemic, denunciation, rant, broadside.

Mnemonic- ১. সুন্দর কোন অনুষ্ঠানে গিয়ে Tirade বা দীর্ঘ বক্তিতা শুনতে হলে আমরা Tired হয়ে যাই।

৭৮১. **Torpor** মূল অর্থ- ধীর গতির; আসলে ।

Synonym: lethargy, torpidity, sluggishness, inertia. Antonym: vigour, energy.

Mnemonic- ১. Torpor কে turtle দিয়ে মনে রাখুন। turtle বা কচ্ছপ খুবই ধীরগতির প্রাণী। আর Torpor মানে হলো- turtle বা কচ্ছপের মত ধীর। আর ধীরগতির মানুষকে আমরা আলসে বলে থাকি। Torpor এর আরেকটি অর্থ হলো- আসলে ।

৭৮২. **Touchstone** মূল অর্থ- যে পাথর দিয়ে সোনা পরীক্ষা করা হয়; কষ্টি পাথর।

Scanned by CamScanner

Synonym: criterion, standard, yardstick, benchmark, norm, gauge.

Mnemonic- ১. Touchstone= Touch+stone , যে পাথর/ stone দিয়ে Touch করে সোনা পরীক্ষা করা হয় সেটাকেই Touchstone বলে। বাংলায় এর আরেকটি নাম হলো কষ্টিপাথর। অনেক প্রাচীনকাল থেকেই এই পাথরকে বিশেষ মূল্যবান মনে করা হয়। তাই এই পাথর দিয়ে দেবদেবীর মূর্তি তৈরি করা হত।

৭৮৩. **Tout** মূল অর্থ- দালালী করা ; স্বার্থসিদ্ধির জন্য প্রশংসা করা; জনসম্মুখে প্রশংসা করা ।

Synonym: commend, endorse, praise, recommend, support, urge, push.

Mnemonic- ১. Tout কে বাংলা টাউট দিয়ে মনে রাখুন। বাংলায় টাউট বলে একটি শব্দ আছে(সম্ভবত এটি ইংরেজি শব্দ থেকেই নেওয়া)। যার অর্থ প্রতারক বা অতিচালাক। মনে রাখুন- টাউট লোকজন Tout করতে উস্তাদ অর্থাৎ দালালী করা বা স্বার্থসিদ্ধির জন্য প্রশংসা করতে পারদর্শী।

৭৮৪. **Transcend** মূল অর্থ- কাউকে ছাড়িয়ে যাওয়া; অতিক্রম করা।

Synonym: surpass, excel, exceed, beat, trump, top, cap, outdo, outstrip.

Mnemonic- ১. Transcend কে Transcend পেনড্রাইভ দিয়ে মনে রাখুন। Transcend পেনড্রাইভ ডাটা ট্রান্সফার স্পীডের দিক থেকে সবাইকে ছাড়িয়ে যেতে চায় তাই কোম্পানির নাম রেখেছে Transcend ।

৭৮৫. **Transgress** মূল অর্থ- আইন অমান্য করা; পাপ।

Synonym: misbehave, behave badly, break the law. Antonym: obey.

Mnemonic- ১. Transgress= Trans + grace , Trans মানে অতিক্রম করা, আর grace মানে সৃষ্টিকর্তার অনুগ্রহ। সৃষ্টিকর্তার অনুগ্রহ অতিক্রম করা মানে পাপ করা। আর Transgress মানেও আইন করা বা পাপ করা।

৭৮৬. **Transient** মূল অর্থ- অস্থায়ী; কোথাও বেশিদিন থাকে না এমন।

Synonym: transitory, temporary, short-lived. Antonym: permanent.

Mnemonic- ১. Transient এর সাথে Transit , Trasfer শব্দগুলোর মিল আছে। Transit ও Trasfer দুটো দ্বারাই পরিবরন বোঝানো হয়। আর যেকোনো পরিবহণ মানেই জায়গা পরিবর্তন বা অস্থায়ী । আর Transient মানেও অস্থায়ী।

৭৮৭. **Trepidation** মূল অর্থ- ভয়; আশঙ্কা; স্নায়বিক কম্পন।

Synonym: fear, apprehension, dread, fearfulness. Antonym: calm.

Mnemonic- ১. Trepidation= Trepid + ation। Trepid,Timid শব্দগুলো দ্বারা ভীত বোঝায়। আর Trepidation মানে Trepid হওয়া বা ভীত হওয়া। তাছাড়া Trepidation কে Palpitation দিয়ে মনে রাখতে সহজ। Palpitation মানে palse বেরে যাওয়া বা বুক ধড়ফড় করা। Trepidation হলে বা ভীত হলে মানুষের Palpitation হয় বা বুক ধড়ফড় করে।

Scanned by CamScanner

৭৮৮. **Turpitude** মূল অর্থ- অসৎচরিত্র; লম্পট; নৈতিক বিকৃতি।

Synonym: wickedness, immorality, depravity, corruption. Antonym: virtue.

Mnemonic- ১. Turpitude= Tapori attitude , হিন্দিতে Tapori মানে উচ্ছৃঙ্খল । উচ্ছৃঙ্খল attitude = Turpitude ।

৭৮৯. **Ubiquitous** মূল অর্থ- একইসময় সবস্থানে থাকা; সর্বত্রবিরাজমান।

Synonym: omnipresent, ever-present, present everywhere. Antonym: rare.

Mnemonic- ১. Ubiquitous কে mosquitos এর সাথে মিলিয়ে নিন; শুনতে একই রকম। যেখানেই যান না কেন mosquito কে সবজায়গায়ই পাবেন। আর Ubiquitous অর্থও সর্বত্রবিরাজমান।

৭৯০. **Unconscionable** মূল অর্থ- বিবেক দ্বারা নিয়ন্ত্রিত নয়; বিকেকহীন; অযৌক্তিক।

Synonym: unethical, amoral, immoral, unprincipled. Antonym: ethical.

Mnemonic- ১. Unconscionable= Un+ conscience+able , conscience মানে বিবেক। conscience এর সাথে পরিচিত না হলে conscience কে মনে রাখুন-> con+science , মানে conscious science মস্তিষ্কের বিজ্ঞান। বিবেক হল মস্তিষ্কের বিজ্ঞান। Unconscionable মানে conscience বা বিবেকহীন।

৭৯১. **Unctuous** মূল অর্থ- তৈলাক্ত(আক্ষরিক ও রুপক দুভাবেই); কপট।

Synonym: sycophantic, ingratiating, obsequious, fawning. Antonym: blunt.

Mnemonic- ১. unctuous -> functuous -> party like , পার্টিতে মেয়েরা প্রচুর Unctuous বা তৈলাক্ত মেকাপ দিয়ে আসে।

৭৯২. **Uniform** মূল অর্থ- সঙ্গতিপূর্ণ; অপরিবর্তনীয়; প্রত্যেকের জন্য একই।

Synonym: constant, consistent, steady, invariable. Antonym: variable.

Mnemonic- ১. Uniform কে স্কুলের ইউনিফর্ম দিয়ে মনে রাখা সহজ। ইউনিফর্মগুলো দেখতে একই রকম হয়। অর্থাৎ একটার সাথে আরেকটার সঙ্গতি থাকে। আর ইউনিফর্মগুলো প্রত্যেক ছাত্রের জন্য একই রঙের হয়।

৭৯৩. **Unremitting** মূল অর্থ- অবিরাম; অখন্ড; নির্দয়।

Synonym: relentless, unrelenting, continual, constant. Antonym: intermittent.

যদি কোন যুদ্ধকে Unremitting বলা হয় , তাহলে বুঝতে হবে যে তা কোন বিরতি না নিয়ে একদম নির্দয়ভাবে মানুষ মেরেই চলেছে।

Mnemonic- ১. Unremitting= Un+re+mitting, ভেঙ্গে ফেলার পর অর্থ হচ্ছে- পুনরায় মিটিং না করে। যদি কোন যুদ্ধ অবিরাম চলে তাহলে বুঝতে হবে যে সেখানে দুই পক্ষ কোন মিটিং না করে যুদ্ধ চালিয়ে যাচ্ছে।

Scanned by CamScanner

৭৯৪. **Unwitting** মূল অর্থ- অনিচ্ছাকৃত; অনবগত; অজ্ঞতা বসত ।

Synonym: unintentional, unintended, inadvertent. Antonym: deliberate.

Mnemonic- ১. Wit মানে জ্ঞান। witting মানে কোন কিছু জানা। আর Unwitting মানে কোন কিছু না জানা। Unwitting ভাবে কোনকিছু করা মানে অজ্ঞতা বসত বা অনিচ্ছাকৃতভাবে কিছু করা।

৭৯৫. **Urbane** মূল অর্থ- আত্মপ্রত্যয়ী; রুচিশীল; অত্যাধুনিক।

Synonym: suave, sophisticated, debonair, worldly. Antonym: uncouth.

Mnemonic- ১. Urbane = Urban , যার Urban/শহুরে এলাকায় থাকে তাদেরকেই Urbane বলা হয়। গ্রামের মানুষের থেকে শহরের মানুষ বেশি আত্মপ্রত্যয়ী, রুচিশীল ও অত্যাধুনিক হয়। একারনেই এই শব্দটি দ্বারাও এসব অর্থ বোঝানো হয়।

৭৯৬. **Usurp** মূল অর্থ- অন্যায়ভাবে দখল করা।

Synonym: seize, take over, expropriate, take possession of, take, appropriate.

Mnemonic- ১. Usurp কে ভেঙ্গে ফেলুন -> us(e)+ur+p(ower) , মনে রাখুন- by use ur power বা তোমার নিজের ক্ষমতা ব্যাবহার করে তুমি কোন কিছু Usurp করতে পারবে। বা অন্যায়ভাবে দখল করতে পারবে। তাই বলে Usurp করার অভ্যাস করতে যাবেন না কেউ!

৭৯৭. **Utilitarian** মূল অর্থ- যে সবকিছুর উপরে প্রয়োজনকে প্রাধান্য দেয়; বাস্তববাদী।

Synonym: practical, functional, serviceable. Antonym: decorative.

Mnemonic- ১. Utilitarian শব্দটি মূলত utility থেকে এসেছে। যে সব কিছুর উপরে utility বা উপযোগ/কার্যকারিতা/প্রয়োজনীয়তা কে প্রাধান্য দেয় তাকেই Utilitarian বলা হয়।

৭৯৮. **Utopia** মূল অর্থ- আদর্শ নগর; আদর্শ রাষ্ট্র; আদর্শ রাষ্ট্রের অবাস্তব স্বপ্ন।

Synonym: ideal place, paradise, heaven on earth. Antonym: hell on earth.

Mnemonic- ১. Utopia কে Etheopia দিয়ে মনে রাখুন। ইথিওপিয়া একটি রাষ্ট্র। আর Utopia মানে আদর্শ রাষ্ট্র। এখন ইথিওপিয়ার মানুষ যদি তাদের দেশকে আদর্শ রাষ্ট্র মনে করে তবে বুঝতে হবে তারা Utopia তে ভুগতেছে। মনে রাখার জন্য রাষ্ট্র ও Etheopia কে মিলিয়ে নিন। আদর্শ বিষয়টা এমনিতেই মনে পরবে।

৭৯৯. **Vacillate** মূল অর্থ- দ্বিধান্বিত বা অস্থির; দোদুল্যমান অবস্থা।

Synonym: dither, be indecisive, be irresolute. Antonym: resolute.

Mnemonic- ১. Vicillate = VC late, ইউনিভার্সিটির VC যখন লেট করে আসে তখন সব শিক্ষকরা Vacillate হয়ে যায়। অর্থাৎ দ্বিধান্বিত হয়ে যায়। কেউ আবার অস্থির হয়ে যায়। আর Vacillate অর্থও দ্বিধান্বিত

Scanned by CamScanner

বা অস্থির হওয়া। ২. Vacillate কে oscillate এর সাথে মিলিয়ে মনে রাখুন।তাতে দুটো শব্দই মনে থাকবে। দুটোর উচ্চারণ কাছাকাছি আর অর্থও কাছাকাছি। শুধু মনে রাখতে হবে যখন কোন মানুষ অস্থির হয় সেটাকে Vacillate বলা হয়, আর যখন পানি বা কোন বস্তু অস্তির হয় তখন সেটাকে oscillate বলা হয়। তাহলে দেখা যাচ্ছে cillate মানেই অস্থির ।

৮০০. **Vapid** মূল অর্থ- প্রানবন্ত নয়; একঘেয়ে; উদ্দীপনাহীন ।

Synonym: insipid, uninspired, colourless, uninteresting. Antonym: lively.

Mnemonic- ১. Vapid কে rapid দিয়ে মনে রাখা সহজ । Vapid হল rapid এর ঠিক উল্টো। rapid মানে দ্রুত , উদ্দীপনাযুক্ত। আর Vapid মানে ধীর, উদ্দীপনাহীন। আর ধীর বা উদ্দীপনাহীন জিনিসমাত্রি একঘেয়ে। মনে রাখতে হবে Vapid হল rapid এর ঠিক উল্টো।

৮০১. **Vehement** মূল অর্থ- তিব্র; শক্তিশালী; হিংস্র ।

Synonym: passionate, forceful, ardent, impassioned. Antonym: mild.

Mnemonic- ১. Vehement শব্দটির মজার ইতিহাস আছে। এই শব্দটি এসেছে vehicle থেকে। ১৫ শতকের দিকের ঘটনা। যেসব জিনিস বেশি বড় হবার কারনে মানুষ বহন করতে পারত পারত না অর্থাৎ vehicle এর সাহায্য নেওয়া হত তাদেরকে তখন থেকে Vehement বলা হত। পরে কালক্রমে এখন বড় এর পাশাপাশি শক্তিশালী, হিংস্র ইত্যাদি বোঝাতেও Vehement শব্দটি ব্যাবহার করা হয়। মনে রাখতে হবে vehicle থেকে Vehement শব্দটি এসেছে।

৮০২. **Venal** মূল অর্থ- ঘুষখোর; যাকে টাকা দিয়ে কেন যায়।

Synonym: corrupt, corruptible, bribable, open to bribery. Antonym: honest.

Mnemonic- ১. Venal কে penal দিয়ে মনে রাখা সহজ। আমরা সবাই penal case মানে ফৌজদারী মামলার সাথে পরিচিত। শুধু মনে রাখুন- Venal মানুষকে penal মামালায় মানে দেওয়া উচিত।

৮০৩. **Venerate** মূল অর্থ- অত্যন্ত শ্রদ্ধা করা; পূজনীয় ভাবা; পবিত্র মনে করা।

Synonym: revere, reverence, respect, worship. Antonym: despise.

এই শব্দটি বিশেষ করে অনেক প্রাচীন কোন জিনিস বা অনেক বয়স্ক মানুষের ক্ষেত্রে ব্যাবহার করা হয়। অনেক প্রাচীন জিনিসকে শ্রদ্ধা করার ক্ষেত্রে Venerate শব্দটি ব্যবহার করা হয়।

Mnemonic- ১. Venerate=very+rate, যাকে Venerate করা হয় বা পূজনীয় ভাবা হয়, তাকে প্রচুর দাম দেওয়া(very rate) হয়।

৮০৪. **Veracity** মূল অর্থ- সত্যবাদিতা।

Synonym: truthfulness, truth, accuracy, accurateness. Antonym: falsity.

Scanned by CamScanner

Mnemonic- ১. Veracity কে একটু Audacity এর সাথে মিলিয়ে নিন। Veracity করার জন্য Audacity বা সাহস থাকতে হয়। ২. শব্দটি মূলত ল্যাটিন verus থেকে এসেছে। verus মানে সত্য। verus কথা বলাকেই Veracity বলা হয়।

৮০৫. **Verbose** মূল অর্থ- শব্দবহুল; কথা বলার সময় অতিরিক্ত শব্দ ব্যাবহার করা।

Synonym: wordy, loquacious, garrulous, talkative. Antonym: succinct.

অনেকেই বক্তিতা দিতে উঠলে থামতেই চায় না, এমন বক্তিতাকে বলা হয় Verbose speech .

Mnemonic- ১. Verbose = so many Verb। যে কথা বলার সময় so many Verb ব্যাবহার করে তাকেই Verbose বলা হয়।

৮০৬. **Verisimilitude** মূল অর্থ- সত্য বলে মনে হয়; বাস্তবতার কাছাকাছি।

Synonym: semblance, gloss, realistic. Antonym: not realistic.

Mnemonic- ১. Verisimilitude= Very + similar + attitude, ভাঙার পরে মনে রাখা সহজ। কেউ যদি সত্য বলে তাহলে তার আচরণ/attitude একদম/Very similar হবে না। কিন্তু যদি কেউ সত্য বা অন্তত সত্যের কাছাকাছি বলে তবে তারটা হবে Very similar attitude। আর Verisimilitude মানেও সত্য বলে মনে হয় এমন/ বাস্তবতার কাছাকাছি।

৮০৭. **Vernacular** মূল অর্থ- কথ্য ভাষা; প্রতিদিনের বলা বাক্য; গালি।

Synonym: slang, idiom, argot, patois, dialect. Antonym: formal language.

Mnemonic- ১. Vernacular কে particular দিয়ে মনে রাখা সহজ। প্রতিটি particular এলাকার Vernacular আলাদা আলাদা। অর্থাৎ প্রতিটি এলাকার কথ্য ভাষা আলাদা আলাদা। particular এর সাথে Vernacular এর V দিয়ে ভাষাকে মিলিয়ে নিন।

৮০৮. **Vestige** মূল অর্থ- পরে থাকা কোন অংশ; চিহ্ন।

Synonym: trace, scrap, remnant, remainder, fragment, relic. Sign.

কোন অপরাধী চলে যাবার সময় তার ব্যাবহিত কিছু জিনিসের ক্ষুদ্র অংশ ফেলে যেতে পারে। সেটাকে তার Vestige বলা যায়।

Mnemonic- ১. Vestige কে in vestigate বা investigate দিয়ে মনে রাখা সহজ। কারন investigate করার সময় গোয়েন্দারা Vestige খুজে বেড়ায় । কোন আসামীর ব্যাবহিত কোন জিনিসের পরে থাকা কোন অংশ বা চিহ্ন খুজে বেড়ায়। আর এটাকেই Vestige বলা হয়।

৮০৯. **Vex** মূল অর্থ- বিরক্ত করা; জ্বালাতন করা; কনফিউজ করা।

Synonym: annoy, irritate, infuriate, anger, incense. Antonym: mollify.

Scanned by CamScanner

Mnemonic- ১. Vex কে wax দিয়ে মনে রাখুন। মেয়েরা অবাঞ্ছিত লোম বিদায় করতে waxing করে এটি বেশ বিরক্তিকর প্রক্রিয়া।

৮১০. **Viable** মূল অর্থ- জীবনযাত্রায় সক্ষম; কর্মক্ষম; টেকসই।

Synonym: workable, feasible, practicable, practical. Antonym: impracticable.

Mnemonic- ১. Viable= survivable, survivable মানে যা survive করতে সক্ষম। টেলিভিশনের বিয়ার গ্রিলের survival টেকনিকের প্রোগ্রাম দেখি। survivable মানে টিকে থাকতে সক্ষম। আর Viable মানেও জীবনযাত্রায় সক্ষম বা টিকে থাকতে সক্ষম।

৮১১. **Vicarious** মূল অর্থ- অভিজ্ঞতালব্ধ ; বাস্তবে করা হয়েছে এমন ।

Synonym: indirect, second-hand, secondary, derived. Antonym: direct.

Mnemonic- ১. Vicarious=victory of us , কোন কিছু victory জয় পাবার জন্য সেই বিষয়ে অভিজ্ঞতা লাগে। আমরা যদি Vicarious হতে পারি তবে আমাদের victory আসবে।

৮১২. **Vicissitude** মূল অর্থ- উত্থান; স্বাভাবিক পরিবর্তন ; ভাগ্যের পরিবর্তন ।

Synonym: change, alteration, alternation, transformation, metamorphosis.

Mnemonic- ১. Vicissitude=wise+ attitude , Vicissitude শুনতে অনেকটা wise attitude এর মত শোনায় । wise attitude বা জ্ঞানবান মনোভাবের কারনে মানুষের উত্থান ঘটে, ভাগ্যের পরিবর্তন হয় ।

৮১৩. **Vilify** মূল অর্থ- কারো সম্পর্কে জঘন্য কথা বলা; দুর্নাম করা।

Synonym: disparage, denigrate, defame, run down. Antonym: commend.

Mnemonic- ১. Vilify= vile+fy ,vile মানে জঘন্য। কারো নামে জঘন্য কথা বলা মানে তাকে Vilify করা। ২. Vilify= villain+fy, villain বা সিনেমার ভিলেইন দিয়ে Vilify মনে রাখতে পারেন। কাউকে সবার কছে villain প্রমান করা মানে Vilify করা। Vilify হলো glorify এর ঠিক উল্টো । glorify মানে কারো গুনকির্তন করা, আর Vilify দুর্নাম করা।

৮১৪. **Vindicate** মূল অর্থ- সকল অপবাদ ও সন্দেহ দূর করা।

Synonym: acquit, clear, absolve, free from blame. Antonym: convict.

Mnemonic- ১. Vindicate =vin(win)+di(the)+cate(case), যখন কেউ কোন case বা মামলায় জয়ী হয় তখন আসলে তাকে অপবাদ থেকে মুক্ত করা হয় এবং সকল সন্দেহ দূর করা হয়। আর Vindicate মানে হলো- সকল অপবাদ ও সন্দেহ দূর করা।

৮১৫. **Vindictive** মূল অর্থ- প্রতিশোধপরায়ন; প্রতিশোধ নিতে তৈরি।

Synonym: vengeful, out for revenge, revengeful. Antonym: forgiving.

Scanned by CamScanner

Mnemonic- ১. Vindictive=Victory+addictive –বা যার জয়ী হবার নেশা। যে ব্যাক্তি Victory addictive যে প্রতিশোধপরায়ন হওয়াটাই স্বাভাবিক। আর প্রতিশোধের ইচ্ছা জয়ী হতে উদ্দীপনা যোগায়। তাই Victory addictive মানুষ হলো- Vindictive বা প্রতিশোধপরায়ন।

৮১৬. **Virtuoso** মূল অর্থ- দক্ষ সঙ্গীতজ্ঞ; সঙ্গীত বা কোন বিদ্যায় পারদর্শী।

Synonym: genius, expert, master, master hand. Antonym: beginner.

Mnemonic- ১. Virtuoso =virtue+so , যার so many virtue অর্থাৎ প্রচুর গুন রয়েছে সেই Virtuoso ব দক্ষ ব্যাক্তি। যে সঙ্গীতে দক্ষ যে Virtuoso শিল্পী, যে ডাক্তারিবিদ্যায় দক্ষ যে Virtuoso ডাক্তার।

৮১৭. **Virulent** মূল অর্থ- মারাত্মক বিষাক্ত; স্বাস্থ্যের জন্য ক্ষতিকর; ঘৃণাপূর্ণ।

Synonym: poisonous, toxic, venomous, noxious, deadly. Antonym: non-toxic.

Mnemonic- ১. Virulent=viral ant, Virulent শুনতে অনেকটা viral ant এর মত। viral ant মানে যে পিঁপড়া virus/ভাইরাস ছড়ায়। যে পিপড়ার কামড়ে ভাইরস ছড়ায় সে পিপড়াকে আমরা বিষাক্ত বলি। আর Virulent অর্থও মারাত্মক বিষাক্ত । viral ant মারাত্মক বিষাক্ত আর স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

৮১৮. **Visionary** মূল অর্থ- স্বপ্নদর্শী; ভবিষ্যৎ নিয়ে যার অবাস্তব লক্ষ্য ।

Synonym: inspired, imaginative, creative, inventive, insightful, ingenious.

Mnemonic- ১. Vision+imaginery

৮১৯. **Vitiate** মূল অর্থ- বিশুদ্ধতা নষ্ট করা; দূষিত করা।

Synonym: spoil or impair the quality or efficiency of.

Mnemonic- ১. Vitiate = vish+ate , হিন্দিতে বিশকে ভিশ উচ্চারণ করা হয়, কেউ যদি কারো কাউকে বিশ খাওয়ানোর জন্য খাদ্য দ্রব্যের সাথে বিশ মিশিয়ে দেয় তবে সেই খাবারের বিশুদ্ধতা নষ্ট হয়ে যাবে বা খাবারটি দূষিত হয়ে যাবে। আর Vitiate অর্থ হল- বিশুদ্ধতা নষ্ট করা বা দূষিত করা।

৮২০. **Vitriolic** মূল অর্থ- জ্বালাময়ী; তিক্ততায় ভরপুর।

Synonym: acrimonious, rancorous, bitter, caustic. Antonym: pleasant.

Mnemonic- ১. Vitriol থেকে Vitriolic শব্দটি এসেছে। Vitriol মানে এ্যাসিড। আর Vitriolic মানে অ্যাসিডের মত। আপনার হাতে যদি একটু অ্যাসিড লেগে যায়, তাহলে কি হবে? হাত জ্বলতে শুরু করবে। খুবই তিক্ত অনুভূতি হবে। এ্যাসিড যেহেতু জ্বালা সৃষ্টিকারী পদার্থ তাই Vitriolic শব্দের অর্থ- জ্বালাময়ী; তিক্ততায় ভরপুর।

৮২১. **Vocation** মূল অর্থ- পেশা ; কাজ; চাকরি ।

Synonym: calling, life's work, mission, purpose, function, position, niche.

Scanned by CamScanner

Mnemonic- ১. Vocation হল vacation এর ঠিক উল্টো। vacation মানে ছুটি বা অবকাশ। আর Vocation মানে হলো পেশা বা কাজ। অর্থাৎ যে সময়টা আপনি vacation এ থাকেন না সেই সময় আপনি Vocation বা কাজে থাকেন।

৮২২. **Vociferous** মূল অর্থ- উচ্চশব্দ; গোলমাল-চেঁচামেচি।

Synonym: vehement, outspoken, vocal, forthright. Antonym: silent.

Mnemonic- ১. Vociferous = voice furious, কারো voice যদি furious বা রাগান্বিত হয় তবে তা উচ্চশব্দের হবে বা গোলমাল-চেচামেচির মত মনে হবে। অর্থাৎ Vociferous মানে furious voice ।

৮২৩. **Volatile** মূল অর্থ- উদ্বায়ী; অস্থায়ী ।

Synonym: evaporative, vaporous, vaporescent; explosive. Antonym: stable.

Volatile বা উদ্বায়ী বস্তুকে তাপ দিলে তরল না হয়ে সরাসরি বাস্পে পরিনত হয়। যেমন কর্পূর বা ন্যাপথোলিন উদ্বায়ী বা volatile পদার্থ। এদেরকে উত্তপ্ত করা হলে তরল না হয়ে সরাসরি বাস্পে পরিনত হবে।

Mnemonic- ১. Volatile= Volume+little. যে বস্তুর Volume খুব দ্রুত কমে(little) যায় সেই বস্তুকে Volatile বলা হয়।

৮২৪. **Volition** মূল অর্থ- ইচ্ছা; সচেতনভাবে নির্বাচন করা ।

Synonym: the faculty or power of using one's will.

Mnemonic- ১. Volition = voting action, আমার যখন ভোট দেই তখন সেটা নিজের ইচ্ছাতেই দেই। অর্থাৎ নিজেই ইচ্ছাতেই প্রার্থী নির্বাচন করি। অর্থাৎ Volition শব্দটির অর্থ ঠিক voting action এর মত। দুটোর অর্থই সচেতনভাবে নির্বাচন করা ।

৮২৫. **Wanton** মূল অর্থ- অসৎচরিত্র; অসমর্থনীয়; অবাধ্য ।

Synonym: deliberate, wilful, malicious, malevolent, spiteful, vicious, wicked.

Mnemonic- ১. Wanton = want on , যে মানুষের want বা চাওয়া সব সময় on থাকে, তাকে তার এত চাহিদা মেটানোর জন্য অসৎচরিত্রের হতে হয়। যা সমর্থন করা যায় না। তাই বলা যায় যার want সব সময় on থাকে তাকে wanton বলে।

৮২৬. **Willful** মূল অর্থ- স্বেচ্ছাচারী ।

Synonym: headstrong, self-willed, strong-willed, stubborn. Antonym: biddable.

Mnemonic- ১. Will মানে ইচ্ছা । আর সেই ব্যাক্তিকেই willful বল হয় যে শুধু নিজের ইচ্ছা অনুসারেই চলে। কারো সুবিধা অসুবিধা না দেখে যে শুধু তার ইচ্ছার দাম দেয় সেই Willful ।

৮২৭. **Wistful** মূল অর্থ- একান্তভাবে চাওয়া; দুঃখের সাথে চাওয়া।

Scanned by CamScanner

Synonym: regretful, nostalgic, yearning, longing; plaintive, rueful, melancholy.

Mnemonic- ১. Wistful শুনতে প্রায় Wishful এর মত। Wishful মানে কারো জন্য কোন কিছু চাওয়া। আর Wistful মানে যেকোনো কিছু একান্তভাবে চাওয়া। শুধু মনে রাখতে হবে Wistful মানে খুব বেশি পরিমাণে চাওয়া।

৮২৮. **Zealous** মূল অর্থ- কোন কিছুর প্রতি প্রবল আগ্রহী; গভীরভাবে অনুগত।

Synonym: fervent, ardent, fervid, fiery, passionate. Antonym: apathetic.

Mnemonic- ১. Zealous শুনতে অনেকটা Jealous এর মত। Jealous মানে হিংসা বা ঈর্ষা করা । আমরা অনেক সময়ই বলে থাকি এই মেয়েটা খুব Jealous ফিল করে। অর্থাৎ ঈর্ষা বোধ করে। মজার ব্যাপার হল দুই জেলাসের অর্থ ঠিক উল্টো। Z দিয়ে যে হলে আগ্রহী, আর J দিয়ে হলে হিংসা । ২. Zealous = Zeal+ous , Zeal অর্থ আগ্রহ। আর Zealous মানে প্রবলভাবে আগ্রহী।

Scanned by CamScanner

PART TWO

৮২৯. **Abase** মূল অর্থ- হীন করা; সম্মান বা মূল্য কমিয়ে ফেলা।

Synonyms: humble, humiliate, belittle, demean, lower, degrade, disgrace.

Mnemonic- ১. Abase = a+base। base মানে ভিত্তি। আর Abase মানে base বা ভিত্তি হারিয়ে ফেলা। base হারিয়ে ফেললে মানুষ তার নিজের অবস্থান থেকে নিচে নেমে যায়। অথ্যার্ৎ Abase মানে হলো হীন করা; অধঃপতন; সম্মান হারানো।

৮৩০. **Abet** মূল অর্থ- কুকর্মে সহযোগিতা বা উৎসাহ দেয়া।

Synonyms: assist, aid, help, lend a hand, support, back. Antonyms: hinder.

Mnemonic- ১. Abet = A+ bet, bet মানে রাজি ধরা। আর রাজি ধরাকে সামাজিকভাবে এক ধরনের খারাপ কাজ বা এক প্রকার কুকর্ম হিসেবে গণ্য করা হয়। তাহলে abet মানে হলো bet ধরতে aid বা সাহায্য করা। অর্থাৎ কুকর্মে সহযোগিতা/উৎসাহ দেয়া।

৮৩১. **Abeyance** মূল অর্থ- মুলতবী করা।

Synonyms: suspension, a state of suspension. Antonyms: in hand, under way.

Mnemonic- ১. Abeyance = obey + ance। Abeyance শুনতে অনেকটা obey ance এর মত। obey মানে মান্য করা বা পালন করা। আর Abeyance হলো ঠিক তার উল্টো। Abeyance হলো পালন করার পরিবর্তে মুলতবী করা । মনে রাখতে হবে- Abeyance হলো obey এর উল্টো।

৮৩২. **Abjure** মূল অর্থ- শপথপূর্বক পরিত্যাগ করা।

Synonyms: renounce, relinquish, reject, dispense with.

Mnemonic- ১. Abjure= Ab + jure , Ab প্রিফিক্স দ্বারা বিরত থাকা বা বিপরীত বোঝানো হয়। আর jure মানে নিয়ম বা রীতি। jure কে jury বা বিচারকের সাথে মিল রেখে মনে রাখুন। এখন দেখুন- Ab + jure = রীতির বিপরীত। আপনি শপথ করেছিলেন যে একটি রীতি মানবেন। এখন সেটার বিপরীতে যাচ্ছেন। অর্থাৎ সেটা পরিত্যাগ করছেন। হলো শপথপূর্বক পরিত্যাগ করা।

৮৩৩. **Abomination** মূল অর্থ- জঘন্য, ঘৃনা, বিরক্তি।

Synonyms: detestation, loathing, hatred, aversion. Antonyms: liking, love.

Mnemonic- ১. শব্দটিকে আমি এইভাবে ভাঙতে বলবো। এইভাবে (abo) মেনে (mina) নেয়া যায় না। অর্থ্যাৎ এর অর্থ হলো যা মেনে নেয়া যায় না তাহলে জঘন্য, ঘৃন্য, বিরক্তিকর, - এগুলো এর অর্থ।

৮৩৪. **Aboriginal** মূল অর্থ- স্থানীয়; অনেক প্রাচীন।

Synonyms: indigenous, native; original, earliest, first, ancient, primitive.

এই শব্দটি সাধারনত কোন অঞ্চলের আদিম বাসিন্দাদের ক্ষেত্রে ব্যাবহিত হয়।

Scanned by CamScanner

Mnemonic- ১. Original জিনিস সম সময় প্রাচীন গুলোই হয়।এখন যা পান তা হল নকল। aboriginal মানে হল প্রাচীন বা প্রাচীন বাসিন্দা। মনে রাখতে হবে যে, Aboriginal বাসিন্দা হলো কোন অঞ্চলের Original বাসিন্দা।

৮৩৫. **Abound** মূল অর্থ- প্রচুর সংখ্যক; প্রচুর পরিমাণে।

Synonyms: be plentiful, be abundant, be numerous. Antonyms: meagre, scanty.

Mnemonic- ১. Abound= A + bound , A দ্বারা বেশিরভাগ ক্ষেত্রেই না বোঝায়, আর bound মানে আবদ্ধ বা সীমাবদ্ধ । অর্থাৎ A + bound= সীমাবদ্ধ নয়। যদি কোনকিছু সীমাবদ্ধ না হয়, তাহলে বুঝতে হবে যে তা প্রচুর সংখ্যক আছে।

৮৩৬. **Abrogate** মূল অর্থ- বাতিল করা ।

Synonyms: repudiate, revoke, repeal, rescind. Antonyms: introduce institute.

কোন আইন, কোন অধিকার বা কোন চুক্তি বাতিল করাকে Abrogate বলা যায়।

Mnemonic- ১. আমরা Abrogate এর শুধু, "gate" টুকুর উপর লক্ষ্য রাখব। ভাবুন যে- আগে রমনা পার্কের একটি গেট দিয়ে আপনি চলাচল করতে পারতেন। কিন্তু এখন সেই আইন Abrogate করা হয়েছে। ফলে সেই gate দিয়ে চলাচল করা বন্ধ।

৮৩৭. **Accede** মূল অর্থ- রাজী হওয়া।

Synonyms: agree to, consent to, accept, assent to. Antonyms: refuse, deny.

Mnemonic- ১. Accede কে Accept দিয়ে মনে রাখা সহজ। দুটি শব্দ দেখতে প্রায় একই রকম। Accede মানে রাজী হওয়া, আর Accept মানে গ্রহন করা। মনে রাখতে হবে যে-Accede না হলে কেউ Accept করে না।

৮৩৮. **Accentuate** মূল অর্থ- গুরুত্ব আরোপ করা; উল্লেখযোগ্য করে তোলা; বিশেষভাবে উচ্চারণ করা; উচ্চারণ করা।

Synonyms: focus attention on, bring/call/draw attention to. Antonyms: mask.

Mnemonic- ১. Accentuate শব্দটি এসেছে Accent থেকে। আমরা প্রায়ই শুনি- অ্যামেরিকান Accent আর ব্রিটিশ Accent অনেক আলাদা। Accent মানে উচ্চারণ করার ভঙ্গী। আর Accentuate মানে কারো উপর গুরুত্ব আরোপ করা। খেয়াল করবেন- কেউ যখন কাউকে বিশেষ ভাবে পরিচয় করিয়ে দিতে চায় তখন সে তার নামটি একটু বিশেষভাবে জোড় দিয়ে উচ্চারণ করে। আর এজন্যই Accentuate শব্দটি দিয়ে- "উচ্চারণ করা" এবং "গুরুত্ব আরোপ করা" দুটোই বোঝায়।

৮৩৯. **Access** মূল অর্থ- প্রবেশাধিকার; প্রবেশ।

Synonyms: entrance, entry, way in, means of entry, admission, admittance.

Mnemonic- ১. আমার কাছে আপনার ফেসবুকের Access আছে, অর্থাৎ আমার কাছে আপনার ফেসবুকের আইডি ও পাসওয়ার্ড আছে। এই শব্দটি বেশিরভাগ ক্ষেত্রেই কম্পিউটার সম্পর্কিত বিভিন্ন জিনিসের বর্ণনার ক্ষেত্রে

Scanned by CamScanner

ব্যবহিত হয়। শব্দটি মূলত ১৪ শতকের শুরুর দিক থেকে ব্যাবহিত হয়। তখন এর অর্থ ছিল- জ্বর জাতীয় রোগের আক্রমন। ১৬ শতকের দিকে অর্থ পরিবর্তন হয়ে, "আক্রমন" থেকে "প্রবেশাধিকার" হয়ে যায়। আর ১৯৫৭ সাল থেকে এটিকে বিশেষভাবে কম্পিউটারের ক্ষেত্রে ব্যাবহার করা হয়।

৮৪০. **Acclaim** মূল অর্থ- জনসম্মুখে উচ্চপ্রশংসা করা; জয়ধ্বনি করা।

Synonyms: praise, applaud, cheer, commend. Antonyms: criticize.

কোন লেখকের বই বের হবার পড় যদি কয়েকজন বুদ্ধিজীবী মিলে সেই বইটির ভূয়সী প্রশংসা করা বা দাবি করে করে যে বইটি খুব ভাল হবে এই প্রশংসা করাকে Acclaim বলা যায়।

Mnemonic- ১. Acclaim = A + claim , claim মানে দাবি করা । আর Acclaim মানে কোন কিছু যে ভাল সবার সামনে বা পাবলিকলি সেই দাবি করা। তাহলে আমরা মনে রাখব- claim মানে দাবি করা , আর Acclaim ভাল বলে দাবি করা।

৮৪১. **Accord** মূল অর্থ- রাজী হওয়া; ঐক্য; সম্মতি ।

Synonyms: correspond, agree, tally, match up, concur. Antonyms: disagree.

Mnemonic- ১. Accord কে সহজেই Concord দিয়ে মনে রাখা যায়। Concord মানে ঐক্য আর Accord মানেও ঐক্য। এই শব্দটির রুট হলো- cord। cord মানে দড়ি। মনে রাখুন- সবাই দড়ি দিয়ে বাঁধা। অর্থাৎ সবার মধ্যে বন্ধন আছে বা ঐক্য আছে।

৮৪২. **Accoutrements** মূল অর্থ- বিশেষ কাজের জন্য ব্যাবহিত ব্যাক্তিগত কাপড়, যন্ত্রপাতি বা অন্যান্য জিনিসপত্র।

Synonyms: accouterment, habiliment, accessory, furnishing, wear, vesture.

যারা হাইকিং করে বা পাহাড়ে ভ্রমন করে তাদের প্রত্যেকের সাথে অনেক ধরনের বিশেষ জামাকাপড়, ছোটখাটো যন্ত্রপাতি, ঔষধ ইত্যাদি নিতে হয়। এমন বিশেষ কোন কাজের উদ্দেশ্যে ব্যাবহিত ব্যাক্তিগত জিনিসকে Accoutrements বলে।

Mnemonic- ১. Accoutrements কে Equipment দিয়ে মনে রাখুন। Equipment মানে সরঞ্জাম। আর Accoutrements মানে কোন বিশেষ কাজের জন্য নিয়ে যাওয়া Equipments । মনে রাখতে হবে- Accoutrements মানে বিশেষ Equipments ।

৮৪৩. **Accrue** মূল অর্থ- জমা হওয়া ।

Synonyms: accumulate, collect, gather, build up.

Mnemonic- ১. Accrue = A crore । Accrue কে A crore বা এক কোটি হিসেবে মনে রাখুন। এক কোটি টাকা পকেটে থাকতে হলে অবশ্যই টাকা পয়সা জমাতে হবে। Accrue শব্দটি accretion শব্দটির সাথে সম্পর্কিত। accretion মানে বৃদ্ধি করা। accretion করা আর Accrue করা প্রায় সমার্থক।

Scanned by CamScanner

৮৪৪. **Acquisitive** মূল অর্থ- কোনকিছু অর্জন করতে ইচ্ছুক।

Synonyms: greedy, hoarding, covetous, avaricious.

Antonyms: unacquisitive.

Mnemonic- ১. Acquisitive শব্দটি Acquire থেকে এসেছে। আমরা জানি- Acquire মানে অর্জন করা। আর যে Acquire করতে ইচ্ছুক তাকেই Acquisitive বলে।

৮৪৫. **Acquit** মূল অর্থ- নির্দোষ প্রমান করা; বেকসুর খালাস দেওয়া।

Synonyms: discharge, execute, perform, do, carry out, effect, implement.

Mnemonic- ১. Acquit = Ac quit , আমরা জানি Quit মানে ছাড়া বা মুক্ত। Acquit মানে কাউকে Quit করা বা মুক্ত করা। কাউকে যদি কোন অপরাধের জন্য আটকে রাখা হয় আর তারপর তাকে জেল থেকে Quit করা হয়, তাহলে বুঝতে হবে যে তাকে নির্দোষ প্রমান করা হয়েছে। আর Acquit মানেও ঠিক তাই- নির্দোষ প্রমান করা ; বেকসুর খালাস দেওয়া।

৮৪৬. **Acronym** মূল অর্থ- বিভিন্ন শব্দের আদ্যক্ষর দিয়ে গঠিত সংক্ষিপ্ত নির্দেশক শব্দ ।

Mnemonic- ১. Acronym কে সহজেই Synonym দিয়ে মনে রাখা যায়। Acronym আর Synonym দুটি'ই শব্দ সম্পর্কিত। আর দেখতেও মিল আছে। Acronym মানে আদ্যক্ষর দিয়ে গঠিত শব্দ, আর Synonym সমার্থক শব্দ। মনে রাখার জন্য- Acro=আদ্যক্ষর , Syn= সমার্থক , এভাবে মনে রাখুন।

৮৪৭. **Adage** মূল অর্থ- প্রবাদ; প্রবাদবাক্য ।

Synonyms: saying, maxim, axiom, proverb, aphorism, saw, dictum, precept.

Mnemonic- ১. Adage কে Adage = Ad age হিসেবে মনে রাখতে পারেন। Ad এর সাথে আমরা সবাই পরিচিত। বিভিন্ন দার্শনিক বা বিখ্যাত কারো জন্মতারিখ লিখার সময় লিখা হয়- 560 AD । AD এর পূর্ণরুপ হলো- Anno Domini বা যিশু খ্রিষ্টের জন্মের পর থেকে গননা করা সাল। Ad age = যিশু খ্রিষ্টের জন্মের বয়সের। অর্থাৎ অনেক প্রাচীন। আর প্রবাদবাক্যগুলো সবসময়ই অনেক প্রাচীন হয়। মনে রাখতে হবে Adage=Ad age মানে যিশু খ্রিষ্টের জন্মের সময় থেকে প্রচলিত কথা । অর্থাৎ প্রবাদ ।

৮৪৮. **Adduce** মূল অর্থ- প্রমাণ স্বরূপ উল্লেখ করা; উদ্ধিতি দেওয়া।

Synonyms: prove, abduce, show, testify, evidence, cite.

Mnemonic- ১. Adduce = Add use, আমরা যখন কোন কিছুর প্রমান দিতে যাই তখন বিভিন্ন জিনিস Add করে ব্যাকের মধ্যে use করি। আর আমাদের স্বপক্ষে যুক্তি দেই। মনে রাখতে হবে যে প্রমান দিতে হলে বিভিন্ন জিনিস Add করে use করতে হয়।

৮৪৯. **Adjourn** মূল অর্থ- স্থগিত রাখা ; মুলতবি রাখা।

Synonyms: suspend, break off, discontinue, interrupt, postpone, put off.

Scanned by CamScanner

Mnemonic- ১. যারা কেডি পাঠকের আদালত দেখেন তারা নিশ্চই খেয়াল করেছেন যে, জজ সাহেব যখন আদালতের কাজ মুলতবি ঘোষণা করেন তখন বলেন- "The court is adjourned"। adjourned ঘোষণা করার পর ঐদিনের মত আদালতে কাজ স্থগিত রাখা হয়। তাহলে Adjourn মানে-স্থগিত রাখা বা মুলতবি ঘোষণা করা।

৮৫০. **Adjunct** মূল অর্থ- কোন কাজের সাথে অন্য কাজের সংযোগ থাকা; সংযুক্ত; সহকারী।

Synonyms: supplement, addition, accompaniment, complement, companion.

Mnemonic- ১. Adjunct কে Junction দিয়ে মনে রাখতে পারেন। Adjunct = Ad Junction , আমারা সবাই রেলওয়ে Junction এর সাথে পরিচিত। যেখানে দুটি রেল লাইন এসে সংযুক্ত হয়ে সেটাকেই Junction বলা হয়। Ad মানে যোগ করা আর Junction মানে সংযোগ এবং Adjunct মানে সংযুক্ত।

৮৫১. **Ad-lib** মূল অর্থ- তাৎক্ষণিকভাবে সংগীত, কবিতা, নাটক বা বক্তিতা রচনা করা।

Synonyms: improvise, extemporize, speak impromptu.

Mnemonic- ১. ল্যাটিন ভাষার ad libitum এর সংক্ষিপ্ত রুপ হলো এই- Ad-lib। libitum মানে সন্তুষ্ট করা। কেউ যখন সবাইকে তাৎক্ষণিকভাবে সংগীত, কবিতা, নাটক বা বক্তিতা রচনা করে তখন সেটাকে ad libitum বা Ad-lib বলা হয়।

৮৫২. **Advent** মূল অর্থ- আবির্ভাব ; আগমন; (খ্রিষ্টানদের কাছে এর মানে- এর ধর্মিয় গুরুত্ব রয়েছে)।

Synonyms: arrival, appearance, emergence. Antonyms: departure.

Mnemonic- ১. Advent = Ad Went , রুশ সহ বেশ কিছু ভাষায় W কে v এর মত উচ্চারণ করা হয়। তাই মনে রাখার সুবিধার্থে vent কে Went বানিয়ে দিলাম। Went মানে গিয়েছিল। Ad Went হবে তার উল্টো- অর্থাৎ আসবে বা আগমন হবে। মনে রাখতে হবে Advent হলো Went এর উল্টো।

৮৫৩. **Adventitious** মূল অর্থ- আকস্মিক ।

Synonyms: unplanned, unpremeditated, accidental. Antonyms: planned.

Mnemonic- ১. Adventitious কে Adventure দিয়ে মনে রাখা সহজ। Adventure বা দুঃসাহসিক অভিযানগুলো সাধারণত আকস্মিকভাবেই হয়ে থাকে। আর Adventitious অর্থ হলো- আকস্মিক।

৮৫৪. **Advocate** মূল অর্থ- উকিল; আইনজীবী; সমর্থক; যে কোন পক্ষের সম্বন্ধে যুক্তি দেখায়।

Synonyms: champion, upholder, supporter, backer, promoter. Antonyms: critic.

Mnemonic- ১. Advocate এর সবথেকে প্রচলিত অর্থ হলো- উকিল। উকিল কি করেন? উকিল মূলত কারো পক্ষ হয়ে আদালতের কাছে বিভিন্ন যুক্তি দেখান। অর্থাৎ উকিল মূলত কারো পক্ষে সমর্থন আদায় করেন। ফলে Advocate এর বেশ কিছু অর্থ হয়।

৮৫৫. **Affidavit** মূল অর্থ- হলফনামা; শপথপত্র; কোন কাজের পূর্বে লিখিত চুক্তি।

Synonyms: legal document, official document.

Scanned by CamScanner

Mnemonic- ১. বিভিন্ন ব্যাবসা বাণিজ্য বা জমিজমার ক্ষেত্রে প্রায়ই একটা কথা বলা হয় যে- Affidavit করে নিতে হবে। Affidavit করা মানে দুই পক্ষের সাক্ষ্য নিয়ে একটি লিখিত চুক্তি করে ফেলা। তাহলে Affidavit মানে হলো- লিখিত চুক্তি।

৮৫৬. **Affiliate** মূল অর্থ- শাখারূপে অন্তর্ভুক্তে করা; সম্পর্কযুক্ত সংগঠন; সম্পর্কযুক্ত ব্যক্তি।

Synonyms: associated, allied, related, integrated.

Mnemonic- ১. আপনারা অনেকেই শুনেছে Amazon.com সহ বিভিন্ন ই-কমার্স সাইটে Affiliate এর মাধ্যমে টাকা আয় করা যায়(মূলত এর উপর ভিত্তি করে Affiliate Marketing নামে একটি স্বতন্ত্র ব্যাবসা দাড় হয়েছে)। যদি আপনার রেফারেন্সে Amazon থেকে বা এমন কোন ই-কমার্স সাইট থেকে বিক্রি হয় তবে তারা আপনাকে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা দেবে। কারন আপনি তাদের ব্যাবসায়ের সাথে সম্পর্কযুক্ত। অন্যভাবে বলা যায়- আপনি তাদের শাখা হিসেবে কাজ করেছেন। তাহলে Affiliate মানে দাঁড়াচ্ছে - শাখারূপে অন্তর্ভুক্তে করা; সম্পর্কযুক্ত সংগঠন; সম্পর্কযুক্ত ব্যক্তি।

৮৫৭. **Affliction** মূল অর্থ- পরিতাপ; দু:খ; দুর্বিপাক; পীড়া; অসুখ; দুর্দশা।

Synonyms: suffering, distress, pain, trouble, misery.

Mnemonic- ১. Affliction কে Infection এর সাথে মিলিয়ে সহজেই মনে রাখা যায়। Infection নিজেই এক ধরনের অসুখ। আর Affliction এর একটি অর্থ হলো- অসুখ বা পীড়া। আর Infection হলে আমরা দুর্বিপাকে পরে যাই। আমাদের বিভিন্ন সমস্যা হয়। আর Affliction এর অর্থ হলো- পরিতাপ; দু:খ; দুর্বিপাক; পীড়া; অসুখ; দুর্দশা - এগুলো।

৮৫৮. **Afford** মূল অর্থ- সামর্থ; দেওয়া; সরবরাহ করা; কোনো কাজ করার ঝুঁকি নেওয়া।

Synonyms: pay for, bear/meet the expense of, spare the price of.

Mnemonic- ১. Afford শুনতে অনেকটা Effort এর মত। Effort মানে প্রচেষ্টা। আর Afford মানে- কোন কাজ করার ঝুকি নেওয়া। দুটি শব্দের অর্থ বেশ কাছাকাছি।

৮৫৯. **Affront** মূল অর্থ- মুখের উপর অপমান করা; অপমান করা; মুখোমুখি হওয়া।

Synonyms: insult, offence, indignity, slight, snub. Antonyms: compliment.

Mnemonic- ১. Affront যে Front এর সাথে মিলিয়ে মনে রাখা সহজ। Front মানে সামনে বা সম্মুখে। Front বা সম্মুখে অপমান করাকেই Affront বলা হয়। আর Affront এর আরেকটি অর্থ হলো Front এ দাঁড়ানো বা মুখোমুখি হওয়া।

৮৬০. **Aftermath** মূল অর্থ- ফলাফল; পরিনাম; কোন একটি কারনের ফলে কিছু ঘটা।

Synonyms: repercussions, after-effects, by-product, fallout, backwash, trail.

Scanned by CamScanner

Mnemonic- ১. Aftermath কে জাস্ট ভেঙ্গে ফেলুন। Aftermath= After + math। একটি math/অংক করার পর আমরা কি পাই? ফলাফল পাই। আর Aftermath মানেও ঠিক তাই; ফলাফল বা পরিনাম।

৮৬১. **Aggrandize** মূল অর্থ- অতিরঞ্জিত করা; শক্তি, সম্পদ, সম্মান ইত্যাদি বৃদ্ধি করা।

Synonyms: glorify, overdraw, magnify, exaggerate. Antonyms: understate.

Mnemonic- ১. Aggrandize এর মূল অংশ হলো Grand। Grand মানে মহান বা বিশাল কোন কিছু। কোন কিছুকে Grand এ পরিনত করাকেই বলা হয় Aggrandize। একটু খেয়াল করলেই এরকম শব্দের অনেক উদাহরণ পাবেন। যেমন- কোন কিছু Summary তৈরি করাকে বলা হয় Summarize।

৮৬২. **Aggrieve** মূল অর্থ- অত্যাচার করা; অন্যায় আচরণ করা; বেদনার্ত করা।

Synonyms: oppress, abuse, afflict.

Mnemonic- ১. Aggrieve কে Deprive দিয়ে মনে রাখতে পারেন। Aggrieve মানে অত্যাচার করা, আর Deprive মানে বঞ্চিত করা। Deprive করাও মূলত এক ধরনের অত্যাচার করা। এছারাও এটিকে grieve দিয়ে মনে রাখতে পারেন। grieve মানে শোক পাওয়া বা কষ্ট পাওয়া। grieve দেওয়াকে Aggrieve বলা হয়।

৮৬৩. **Aghast** মূল অর্থ- আতঙ্কগ্রস্ত; বিস্ময়বিমূঢ়; বিস্ময়ে হতবুদ্ধি।

Synonyms: horrified, appalled, astounded, amazed, dismayed.

Mnemonic- ১. Aghast শুনতে অনেকটা A Ghost এর মত শোনায়। Ghost দেখলে মানুষ Aghast হয়ে যায়। অর্থাৎ ভূত দেখলে মানুষ আতঙ্কগ্রস্ত হয়ে যায়।

৮৬৪. **Alchemy** মূল অর্থ- মধ্যযুগীয় রসায়ন-শাস্ত্রে বিভিন্ন ধাতুকে পরিবর্তন করে সোনা তৈরি করার বিদ্যা; জাদুর মত করে কোন কিছুকে পরবিবর্তন করার বিদ্যা; আলকেমি।

Synonyms: chemistry; magic, sorcery, witchcraft, enchantment.

Mnemonic- ১. প্রাচীনকালের Alchemy থেকেই আজকের Chemistry শব্দের জন্ম হয়েছে। আলকেমির, "আল" অংশটি আরবি ভাষা থকে এসেছে। মূল বিদ্যাটি এবং নামটি আলেকজান্দ্রিয়ানদের কাছ থেকে আরবরা রপ্ত করে। পরে সেটা আরবদের থেকে স্পেন হয়ে ইউরোপে প্রবেশ করে। মনে রাখতে হবে- Chemistry তে কোন পদার্থকে বিক্রিয়া ঘটিয়ে অন্যরকম পদার্থে রুপান্তরিত করা হয়। আর Alchemy হলো একই একটি যাদুবিদ্যা ভার্শন।

৮৬৫. **Alienate** মূল অর্থ-অপরিচিত করা; বিচ্ছিন্ন করা; শত্রুভাবাপন্ন করে তোলা; কারো প্রতি বিতৃষ্ণা তৈরি করা।

Synonyms: estrange, turn away, set apart, drive apart. Antonyms: unite.

Mnemonic- ১. Alienate শব্দটি Alien শব্দের সাথে সম্পর্কিত। Alien মানে ভিনগ্রহের বা বিদেশি বা অপরিচিত। কাউকে Alien বা অপরিচিত বা দূরের করে দেওয়াকেই Alienate বলা হয়। অর্থাৎ Alienate মানে হলো- অপরিচিত করা; বিচ্ছিন্ন করা; শত্রুভাবাপন্ন করে তোলা; কারো প্রতি বিতৃষ্ণা তৈরি করা।

৮৬৬. **Allegiance** মূল অর্থ- আনুগত্য।

Scanned by CamScanner

Synonyms: loyalty, faithfulness, fidelity. Antonyms: disloyalty.

Mnemonic- ১. Ali আর তার Gin -এর কাহিনীর কথা মনে আছে? জিনটি আলীর প্রতি খুবই অনুগত ছিল। যা বলত তাই শুনত। তাহলে আমরা মনে রাখব- Allegiance = Ali+ Gins বা Allegiance মানে হলো আলীর জীনের মত অনুগত।

৮৬৭. **Allegory** মূল অর্থ- রূপকবর্ণনা; রূপককাহিনী।

Synonyms: parable, analogy, metaphor, symbol, emblem.

Mnemonic- ১. Allegory কে আমরা Story দিয়ে মনে রাখব। মনে রাখুন যে Allegory হলো এক ধরনের Story। এবং এটা কোন সাধারণ Story নয়। এটা হলো- রূপকধর্মী Story।

৮৬৮. **Allot** মূল অর্থ- বরাদ্দ করা; বণ্টন করা; নির্দিষ্ট করে দেওয়া।

Synonyms: allocate, assign, issue, award, grant, administer.

Mnemonic- ১. Allot থেকে lot কে আলাদা করে ফেলুন। এই শব্দটিকে আমরা lot দিয়েই মনে রাখব। lot মানে প্রচুর। ভেবে নিন কোথাও প্রচুর পরিমাণ জিনিস জমা করা আছে। এখন নিশ্চই সেটাকে সবার মধ্যে বণ্টন করে দিতে হবে! মনে রাখতে হবে- lot/প্রচুর জিনিসকে অনেকের মধ্যে বণ্টন করে দেওয়াকেই আমরা Allot বলব।

৮৬৯. **Altercation** মূল অর্থ- তর্কবিতর্ক; উত্তপ্ত বাক্যের দ্বারা বিতর্ক।

Synonyms: argument, quarrel, squabble, fight, shouting match.

Mnemonic- ১. Altercation= Alter conversation। মনে রাখতে হবে Altercation হলো Alter এবং conversation এর মিলিত রুপ। Alter মানে বিপরীত আর conversation মানে কথোপকথন। অর্থাৎ একজন যে কথা বলছে অন্যজন তার বিপরীত কথা বলছে। আর এই বিষয়টিকেই আমরা তর্কবিতর্ক বলি।

৮৭০. **Amass** মূল অর্থ- জড়ো করা; জমানো।

Synonyms: gather, collect, assemble; accumulate. Antonyms: dissipate.

Mnemonic- ১. Amass = Add mass , mass মানে বস্তু আর Add মানে যোগ করা। মূলত Amass দ্বারা mass বৃদ্ধি করা বা বস্তু জড় করানোকেই বোঝায়।

৮৭১. **Amid** মূল অর্থ- ভেতরে; মাঝে; অভ্যন্তরে।

Synonyms: in the middle of, surrounded by, among. Antonyms: surrounding.

Mnemonic- ১. Amid কে ভেঙ্গে ফেলুন । Amid = A mid। mid মানে মাঝে। A mid মানে হলো- মাঝের কোনকিছু ।

৮৭২. **Anathema** মূল অর্থ- অভিশপ্ত বস্তু বা মানুষ; ঘৃণিত ।

Synonyms: abhorrent, hateful, odious, repugnant, repellent.

Scanned by CamScanner

Mnemonic- ১. Anathema শব্দটি মূলত একটি ধর্মিয় শব্দ। খ্রিষ্টান ধর্ম অনুসার কেউ যদি ঈশ্বরের দ্বারা অভিশপ্ত হয় তখন তাকে Anathema বলা হয়। Anathema কে মনে রাখার জন্য Asthma এর সাথে মিলিয়ে মনে রাখতে পারেন। Asthma/হাপানি একটি Anathema বা অভিশপ্ত রোগ ।

৮৭৩. **Ancillary** মূল অর্থ- আনুষঙ্গিক; সহায়ক।

Synonyms: additional, auxiliary, supporting, helping. Antonyms: main.

Mnemonic- ১. Ancillary কে সহজেই Auxiliary এর সাথে মিলিয়ে মনে রাখা যায়। আমরা ইংলিশ গ্রামারে Auxiliary verb/Helping verb বা সাহায্যকারী ক্রিয়া শিখেছিলাম। Auxiliary মানে হলো সাহায্যকারী। আর Ancillary মানে হলো আনুষঙ্গিক বা সহায়ক।

৮৭৪. **Angst** মূল অর্থ- উদ্বেগ; আশঙ্কা।

Synonyms: anxiety, fear, dread, apprehension, worry, perturbation.

Mnemonic- ১. Angst কে Angstrom দিয়ে মনে রাখা যায়। Angstrom হলো ১ সেন্টিমিটারের ১ কোটি ভাগের একভাগ । অর্থাৎ খুবই ক্ষুদ্র। যখন কারো আর্থিক বা সামাজিক অবস্থা Angstrom এর মত ক্ষুদ্র হয়ে যায় তখন সেটা তার কাছে খুবই উদ্বেগের বা আশঙ্কার হয়ে দ্বারায়। আর Angst মানে- উদ্বেগ; আশঙ্কা।

৮৭৫. **Annex** মূল অর্থ- যুক্ত করা; অন্তর্ভূত করা ।

Synonyms: add, append, attach, join. Antonyms: relinquish.

Mnemonic- ১. Annex = An extra , একটি অতিরিক্ত কিছু যোগ করা। Annex মানেও extra কিছু যোগ করা বা যুক্ত করা ।

৮৭৬. **Annuity** মূল অর্থ- বাৎসরিক আয়; বার্ষিক প্রাপ্য সুদ।

Synonyms: Annual income.

Mnemonic- ১. Annuity শব্দটি Annual এর সাথে সম্পর্কিত। Annual income বা বার্ষিক আয়কেই Annuity বলা হয় ।

৮৭৭. **Antedate** মূল অর্থ- আগের কোন জিনিস বা ঘটনা; পূর্বের; প্রকৃত তারিখের পূর্ববর্তী।

Synonyms: precede, predate, come/go before, be earlier than.

Mnemonic- ১. Antedate = Ante date , Ante মানে আগের বা পুর্বের আর date মানে তারিখ বা দিন। অর্থাৎ Antedate মানে আগের দিনের কোনকিছু ।

৮৭৮. **Anterior** মূল অর্থ- সম্মুখভাগ; সামনের দিক।

Synonyms: frontal, prefrontal, front. Antonyms: posterior, back.

Scanned by CamScanner

Mnemonic- ১. Anterior আর Posterior এই দুটি শব্দকে একসাথে মনে রাখুন। Anterior এর Ante মানে আগের বা সামনের, আর Posterior এর Post মানে পরের বা পেছনের। Anterior দ্বারা কোন প্রাণী বা বস্তুর সামনের দিককে বোঝানো হয়। আর Posterior দ্বারা পেছনের দিককে বোঝানো হয়।

৮৭৯. **Anthology** মূল অর্থ- সাহিত্য-সঙ্কলন; সংগ্রহ; সংকলন।

Synonyms: collection, selection, compendium, treasury, compilation.

Mnemonic- ১. Anthology = Antho logy। প্রথম টুকুর দিকে লক্ষ্য করুন। antho কে grontho হিসেবে মনে রাখুন। তাহলে anthology=gronthology, অর্থাৎ গ্রন্থ, বই বা সাহিত্যের সংকলন।

৮৮০. **Anthropomorphic** মূল অর্থ- কোন প্রাণী বা বস্তুর উপর মানুষের বৈশিষ্ট্য আরোপ করা; নরত্বারোপমূলক।

Mnemonic- ১. Anthropomorphic = Anthropo + morphic, Anthro দ্বারা মানুষ বোঝানো হয় (যেমন- Anthropology মানে নৃবিজ্ঞান)। আর morph দ্বারা আকৃতি বা বৈশিষ্ট্য বোঝানো হয়। তাহলে- Anthropomorphic মানে দাঁড়াচ্ছে- কোন কিছুর উপর মানুষের আকৃতি বা বৈশিষ্ট্য আরোপ করা।

৮৮১. **Antipodal** মূল অর্থ- পৃথিবীর বিপরীত পৃষ্ঠ সংক্রান্ত; কোনকিছুর সম্পূর্ণ বিপরীত।

Synonyms: opposition, diametrical opposition.

Mnemonic- ১. Antipodal = Anti + podal, Anti মানে বিপরীত। আর Pod কে পৃথিবীর সাথে মিলিয়ে নিন। তাহলে Antipodal মানে দাঁড়াচ্ছে - পৃথিবীর বিপরীত। আর Antipodal অর্থও- পৃথিবীর বিপরীত পৃষ্ঠ সংক্রান্ত। তবে এর আরেকটি অর্থ হলো- "কোনকিছুর সম্পূর্ণ বিপরীত"।

৮৮২. **Antiquity** মূল অর্থ- প্রাচীনত্ব; অনাদিকাল; প্রাচীনকালের লোক।

Synonyms: ancient times, the ancient past, classical times, former times.

Mnemonic- ১. আমরা সবাই তো Antique এর দোকানের সাথে পরিচিত। বিভিন্ন মুভিতে অনেক বড় বড় Antique এর দোকান দেখানো হয়। এসব দোকান থেকে মানুষ অনেক প্রাচীন আমলের জিনিস কিনতে যায়। Antique মানে প্রাচীন। আর কোন কিছুর Antique বৈশিষ্ট্য থাকাকেই Antiquity বা প্রাচীনত্ব বলা হয়।

৮৮৩. **Aperture** মূল অর্থ- খোলা; ছিদ্র; রন্ধ্র ।

Synonyms: opening, hole, gap, space, slit, slot, vent, passage.

Mnemonic- ১. ক্যামেরার Aperture দিয়ে ক্যামেরার মধ্যে আলো প্রবেশ করে। যারা DSLR ব্যাবহার করেন তারা বিষয়টি আরও ভালমতো জানেন। এই Aperture মানে হলো ছিদ্র। Aperture বাড়িয়ে কমিয়ে আলো বাড়ানো কমানো যায়, ফলে ছবিতে আলো বেশি-কম করার জন্য Aperture এর ভ্যালু কমালে বারালেই ছবি সাদা বা কালো করা যায়। তাহলে- Aperture মানে হলো ছিদ্র বা রন্ধ্র।

৮৮৪. **Apex** মূল অর্থ- সর্বোচ্চ বিন্দু; চুড়া; শীর্ষ।

Synonyms: tip, peak, summit, pinnacle, top. Antonyms: bottom.

Scanned by CamScanner

Mnemonic- ১. Apex আমাদের সবার পরিচিত জুতার ব্র্যান্ড। জুতার Apex কে দিয়েই এটাকে মনে রাখতে পারেন। Apex মানে হলো সর্বোচ্চ বা শীর্ষ। Apex কোম্পানি এই নাম দিয়ে বোঝাতে চাইছে যে তাদের জুতার মান হলো- সর্বোচ্চ। এমন অনেক কোম্পানির নাম পাবেন যেমন- Acme, summit, Zenith ইত্যাদি। আর এগুলো সবগুলোই Apex এর সমার্থক শব্দ।

৮৮৫. **Apogee** মূল অর্থ- চাঁদ বা কোনো গ্রহ বা কৃত্রিম উপগ্রহের কক্ষপথের যে বিন্দুটি পৃথিবী থেকে সবচেয়ে দূরে।

Mnemonic- ১. Apogee = Apo gee , মানে আপু চলে গেছে। আপুর তো বিয়ে হয়ে গেছে, তাই আপু দূরে চলে গেছে। Apogee হলো সবথেকে দূরের বিন্দু। আর আপুর বিয়ে হবার পর আপু আগের তুলনায় সবথেকে দূরে চলে গেছে।

৮৮৬. **Apoplexy** মূল অর্থ- মস্তিষ্কের রক্তনালী ছিঁড়ে যাবার কারনে কোন একপাশ বা উভয়পাশ অবশ হয়ে যাওয়া; স্ট্রোক; স্ট্রোক করা; সন্ন্যাস রোগ।

Synonyms: brain stroke.

Mnemonic- ১. Apoplexy একটি মেডিক্যাল টার্ম। এই শব্দটি গ্রীক ভাষার apoplexia থেকে এসেছে। apoplexia মানে হলো অবশ হয়ে যাওয়া। উচ্চরক্তচাপ বা কোন কারনে যদি মস্তিষ্কের রক্তনালী ছিঁড়ে যায়, তবে শরীরের কোন একপাশ বা উভয়পাশ অবশ হয়ে যায়। এই অবস্থাকে Apoplexy বলা হয়।

৮৮৭. **Apostasy** মূল অর্থ- ধর্মত্যাগ; নিজের ধর্ম ত্যাগ করা; দলত্যাগ; নীতি বিসর্জন।

Synonyms: renunciation of belief, abandonment of belief. Antonyms: loyalty.

Mnemonic- ১. Apostasy = A post asy । এখানে A দ্বারা ত্যাগ করা বোঝাচ্ছে। Apostasy মানে নিজের post ছেড়ে দেওয়া। বিশেষ করে নিজের ধর্ম ত্যাগ করার ক্ষেত্রে এই শব্দটি বেশি ব্যাবহিত হয়।

৮৮৮. **Appalling** মূল অর্থ- আতঙ্কজনক; মর্মঘাতী।

Synonyms: dreadful, very bad, awful, terrible, frightful. Antonyms: admirable.

Mnemonic- ১. Appalling কে Appealing এর সাথে তুলনা করে মনে রাখা সহজ। Appealing মানে মর্মস্পর্শী বা আবেদনময়। আর Appalling হলো ঠিক তার উল্টো- মর্মঘাতী বা আতঙ্কজনক। Appeal করা মানে আবেদন করা। এটা দিয়ে Appealing মনে রাখুন। আর এর উল্টোটাই হলো Appalling।

৮৮৯. **Apparition** মূল অর্থ- অপচ্ছায়া; ভূতের মত; আবির্ভাব।

Synonyms: ghost, phantom, spectre, spirit, wraith, shadow.

Mnemonic- ১. Apparition শুনতে অনেকটা A Partitions এর মত। Partitions মানে বিভাজন। আপনি যদি হঠাত করে একটা বিভাজিত শরীর দেখেন তাহলে কি ভাববেন ? ভাববেন এটা তো সাক্ষাৎ ভূত। আর Apparition মানেও ভূত বা অপচ্ছায়া।

৮৯০. **Appellation** মূল অর্থ- উপনাম; পদবি; উপাধি।

Scanned by CamScanner

Synonyms: name, title, designation, denomination, honorific.

Mnemonic- ১. Appellation এর সাথে Application একটা সম্পর্ক দাড় করালে এটা মনে রাখা সহজ হয়। আমারা যখন Application লেখি , তখন Appellation বা উপনাম বা উপাধি কোন কাজে আসে না। এক্ষেত্রে শুধুমাত্র প্রকৃত নাম দিয়েই কাজ চালাতে হয়।

৮৯১. **Appendage** মূল অর্থ- কোনকিছুর সাথে কিছু একটা সংযুক্ত করা; উপাঙ্গ; আনুষঙ্গিক বস্তু।

Synonyms: addition, attachment, adjunct, addendum, appurtenance.

Mnemonic- ১. Appendage কে দেখতে অনেকটা Appendix এর মত। Appendix চিনেছেন তো ? যেটার কারনে আমাদের এ্যাপেন্ডিসাইটিস হয় সেটার নামই Appendix। বিজ্ঞানীরা বলেন যে এই Appendix হলো একটা বাড়তি বা আনুষঙ্গিক অঙ্গ বা উপাঙ্গ । মোটেই আবশ্যকীয় কিছু নয়। আর Appendix এর মত Appendage মানেও হলো- উপাঙ্গ; আনুষঙ্গিক বস্তু।

৮৯২. **Apportion** মূল অর্থ- প্রাপ্য অনুযায়ী ভাগ করে দেওয়া; বিভিন্নভাগে ভাগ করা।

Synonyms: share out, divide out, allocate, distribute, allot, assign, dispense.

Mnemonic- ১. Apportion = Ap portion, ভেঙ্গে ফেলার পর নিশ্চই আসলে বিষয়টি বুঝতে পেরেছেন! portion মানে অংশ বা ভাগ। আর প্রাপ্য অনুযায়ী ভাগ করে দেওয়াকেই Apportion বলা হয়।

৮৯৩. **Apposite** মূল অর্থ- যথাযথ; উপযুক্ত; যথোপযুক্ত।

Synonyms: appropriate, suitable, fitting, apt. Antonyms: inappropriate.

Mnemonic- ১. Apposite হলো Opposite এর উল্টো। Opposite মানে বিপরীত বা অনুপযুক্ত আর Apposite মানে যথাযথ বা উপযুক্ত ।

৮৯৪. Appraise মূল অর্থ- মূল্য নির্ধারণ করা; নির্ধারণ করা ; বিচার করা।

Synonyms: assess, evaluate, estimate, judge, rate, gauge.

Mnemonic- ১. Appraise শব্দটি price এর সাথে সম্পর্কিত। price মানে মূল্য । আর price নির্ধারণ করে দেওয়াকেই Appraise বলা হয়।

৮৯৫. **Appurtenance** মূল অর্থ- আনুষঙ্গিক বা সহায়ক কোনো কিছু; উপাঙ্গ।

Synonyms: accessories, trappings, appendages, accoutrements, extras.

Mnemonic- ১. Appurtenance কে উপরে পড়া Appendage এর সাথে মিলিয়ে একসাথে মনে রাখুন। দুটির অর্থ খুবই কাছাকাছি ।

৮৯৬. **Apropos** মূল অর্থ- প্রাসঙ্গিক; ঠিক সময়ে ঠিক জিনিস।

Synonyms: appropriate, pertinent, relevant. Antonyms: inappropriate.

Scanned by CamScanner

Mnemonic- ১. Apropos শুনতে অনেকটা Propose এর মত। কাউকে Propose করে সেটাকে গ্র্যান্ড করতে হলে একদম সঠিক সময়ে সঠিক কাজটি করতে হবে। তা না হলে সেটা প্রত্যাখ্যান হবার সম্ভাবনা প্রবল। মনে রাখতে হবে Propose করতে হয় সঠিক সময়ে, আর Apropos মানে- "প্রাসঙ্গিক" বা ঠিক সময়ে ঠিক জিনিস।

৮৯৭. **Apt** মূল অর্থ- একদম সঠিক; যথাযথ; কোন কিছুর প্রতি ঝোঁক; কার্যক্ষম; উপযুক্ত।

Synonyms: suitable, fitting, appropriate, befitting. Antonyms: inappropriate.

Mnemonic- ১. Apt কে Aptitude এর সাথে মিল রেখে মনে রাখতে পারেন। মূলত দুটি খুবই কাছাকাছি অর্থ বহন করে। Aptitude দ্বারা কোন স্বাভাবিক দক্ষতা বা ঝোঁক বোঝানো হয়। আবার Apt দ্বারাও একই জিনিস বোঝানো হয়।

৮৯৮. **Arcade** মূল অর্থ- খিলানে ঢাকা পথ; বিপণিশোভিত আচ্ছাদিত পথ; তোরণ-শ্রেণী।

Synonyms: gallery, colonnade, cloister, loggia, portico, forum.

Mnemonic- ১. Arcade শব্দটি মূলত Arch এর সাথে সম্পর্কিত। Arch মানে খিলান। আর Arcade মানে খিলানে ঢাকা পথ। অর্থাৎ পথের দুই পাশেই খিলান আছে এমন পথ। আবার Arcade গেম দিয়েও Arcade কে মনে রাখতে পারেন। কারন Arcade গেম ইনডোর গেম।

৮৯৯. **Archipelago** মূল অর্থ- দ্বীপপুঞ্জ; দ্বীপমালা; অনেকগুলো দ্বীপের সমন্বয়ে গঠিত।

Mnemonic- ১. Archipelago = Arey+ship+pe+lejaoo, এই হিন্দিকে যদি বাংলা করি তাহলে- " আমাকে Ship/জাহাজে করে নিয়ে যাও"। দ্বীপপুঞ্জ যেতে হলে তো জাহাজ ছাড়া উপায় নেই।

৯০০. **Archives** মূল অর্থ- নথিপত্রের সংগ্রহশালা; সংগ্রহশালা ।

Synonyms: records, annals, chronicles, registers, accounts.

Mnemonic- ১. বিভিন্ন ব্লগে বা সাইটে পুরনো পোস্টগুলো Archives এ জমা থাকে। আবার ফেসবুকে পুরনো ম্যাসেজগুলোও ম্যাসেজ Archives এ জমা থাকে। তাহলে বুঝতেই পারছেন- Archives মানে হলো- "নথিপত্রের সংগ্রহশালা" বা "সংগ্রহশালা"।

৯০১. **Arid** মূল অর্থ- খুব শুষ্ক; অনুর্বর; রসকষহীন; জীবনবোধের অভাব।

Synonyms: dry, dried up, dreary, dull, drab. Antonyms: wet, interesting.

Mnemonic- ১. Arid শুনতে অনেকটা Rigid এর মত। Rigid মানে অনমনীয় বা শক্ত। আর Arid মানেও শুষ্ক বা রসকষহীন। কিন্তু মনে রাখতে হবে যে- Rigid শব্দটি কোন বস্তুর ক্ষেত্রে শক্ত হওয়াকে বোঝায় আর Arid দ্বারা কোন জমিকে শুষ্ক হওয়াকে বোঝায়।

৯০২. **Armament** মূল অর্থ- রণসজ্জা; যুদ্ধ চালনার সহায়ক বিশেষ সরঞ্জাম; যুদ্ধের জন্য সজ্জিত সামরিক বাহিনী।

Synonyms: arms, weapons (of war), weaponry, firearms, guns, ordnance.

Scanned by CamScanner

Mnemonic- ১. Armament কে Ornament দিয়ে মনে রাখা সহজ। Ornament মানে গহনা বা মেয়েদের সাজসজ্জার জিনিস। আর Armament হলো সামরিকবাহিনী বা আর্মিদের যুদ্ধ করার জন্য ব্যাবহিত সাজসজ্জা। Arma দিয়ে army দের সাজসজ্জার বিষয়টি মনে রাখতে হবে।

৯০৩. **Armistice** মূল অর্থ- যুদ্ধবিরতি; সাময়িক সন্ধি।

Synonyms: truce, ceasefire, suspension of war. Antonyms: declaration of war.

Mnemonic- ১. Armistice কে ভেঙ্গে ফেলুন-> Armistice = Army is ice , Army/সেনবাহিনী ice হয়ে গেছে অর্থাৎ জমে গেছে। সেনাবাহিনী জমে গেছে মানে তারা আর যুদ্ধ করছে না। মানে তারা যুদ্ধবিরতি নিয়েছে। আর Armistice মানেও- যুদ্ধবিরতি; সাময়িক সন্ধি ।

৯০৪. **Arraign** মূল অর্থ- অভিযুক্ত করা; কৈফিয়ত দাবি করা; বিচারের জন্য আদালতে হাজির করা।

Synonyms: indict, prosecute, put on trial, bring to trial Antonyms: clear.

Mnemonic- ১. Arraign কে এভাবে ভেঙ্গে ফেলুন-> Arraign = Err + again , Err মানে Error বা ভুল। কেউ যদি Again and Again ভুল করে, তবে তাকে অভিযুক্ত করা হয় এবং কৈফিয়ত দাবি করা হয়। আর Arraign অর্থও- অভিযুক্ত করা; কৈফিয়ত দাবি করা।

৯০৫. **Arrant** মূল অর্থ- সম্পূর্ণ; অকাট্য; কুখ্যাত।

Synonyms: utter, downright, thoroughgoing, absolute, complete, thorough.

যেমন- কেউ যদি সম্পূর্ণ বা অকাট্য বোকা হয় তবে তাকে Arrant fool বলা হয়।

Mnemonic- ১. Arrant শুনতে অনেকটা Arrogant এর মত। Arrogant বা দাম্ভিক লোকেরা কুখ্যাত হয়। আর Arrant এর একটি অর্থ হলো কুখ্যাত। আবার দাম্ভিক লোকেরা নিজেদের ক্ষমতাকে সম্পূর্ণ অকাট্য মনে করে। অর্থাৎ তারা নিজেদের সম্পূর্ণ ক্ষমতাবান আর অকাট্য মনে করে। আর Arrant এর আরেকটি অর্থ হলো- সম্পূর্ণ; অকাট্য।

৯০৬. **Arrears** মূল অর্থ- বকেয়া; অপরিশোধিত পাওনা।

Synonyms: money owing, outstanding payment(s), debt(s), liabilities.

Mnemonic- ১. Arrears শুনতে অনেকটা err-years এর মত। আমাদের সারা বছরের ভুলগুলো হলো আমাদের বকেয়া। যা সঠিকভাবে করা উচিত ছিল সেটা করা না হলে সেটাকে তো সামনে পরিশোধ করতেই হবে। তাহলে আমরা মনে রাখব- Arrears হলো সারা বছরের বকেয়া। তবে মনে রাখতে হবে যে- এই পাওয়া বলতে আসলে টাকা পয়সা সংক্রান্ত পাওনা বোঝানো হচ্ছে।

৯০৭. **Arsenal** মূল অর্থ- অস্ত্রাগার; অনেক অস্ত্রের সংগ্রহ।

Synonyms: armoury, arms depot, arms cache weapons, weaponry, arms.

Mnemonic- ১. লন্ডনের ফুটবল ক্লাব Arsenal তো সবাই চিনি। Arsenal ক্লাব দিয়ে এটাকে মনে রাখুন। যে ব্যাক্তি এই ক্লাবের নামকরন করেছিল সে বোঝাতে চেয়েছে যে- এই টিমের প্রত্যেকটি খেলোয়াড় একেকটি

Scanned by CamScanner

অস্ত্র(অর্থাৎ এদের সাথে খেলতে আসলে তেমন প্রস্তুতি নিয়েই আসতে হবে)। আমরা মনে রাখব- Arsenal মানে হলো অস্ত্রের ক্লাব বা অস্ত্রাগার। আবার এটাকে Arsenal = Arms of sena dol , অর্থাৎ সেনা দলের Arms/অস্ত্র । এভাবেও মনে রাখা যায়।

৯০৮. **Articulate** মূল অর্থ- স্পষ্ট; স্পষ্ট উচ্চারণ; সন্ধিযুক্ত ।

Synonyms: eloquent, fluent, communicative, effective. Antonyms: inarticulate.

Mnemonic- ১. Articulate কে ভেঙ্গে ফেলুন-> Articulate = Article + ate , অর্থাৎ আর্টিকেলকে খেয়ে ফেলা। কোন Article খেয়ে ফেলা বলতে আমরা কি বুঝি? যদি কোন Article খুব সহজ ভাষায় অর্থাৎ স্পষ্ট ভাষায় লেখা হয় তখন সেটাকে আমরা ভালমতো মনে রাখতে পারি। অনেকেই বলি যে এটাকে একদম খেয়ে ফেলেছি। Article টি যখন Articulate বা স্পষ্ট হয় তখন Article ate করা যায়। আর Articulate মানে হলো- স্পষ্ট; স্পষ্ট উচ্চারণ।

৯০৯. **Artisan** মূল অর্থ- হস্তশিল্পী; শিল্পী; কারিগর ।

Synonyms: craftsman, craftswoman, craftsperson, skilled worker, mechanic.

Mnemonic- ১. Artisan দ্বারা একধরণের Artist কে বোঝানো হয়। তাই আমরা এটাকে Artist এর সাথে মিলিয়ে মনে রাখতে পারি। তবে মনে রাখতে হবে যে Artisan দ্বারা মূলত ক্র্যাফট বা হস্তশিল্পের Artist কে বোঝানো হয়। কিছুদিন আগে হলি আর্টিসান বেকারিতে সন্ত্রাসী হামলা হয়েছিল। এই রেস্টুরেন্ট দিয়েও এই শব্দটি মনে রাখতে পারেন। হলি আর্টিসান মানে হলো পবিত্র বা কারিগড়। রেস্টুরেন্টের মালিক এই নাম দিয়ে খাবার প্রস্তুতকারকদের বিশুদ্ধতা বোঝাতে চেয়েছে।

৯১০. **Ascertain** মূল অর্থ- নিশ্চিতভাবে অনুধাবন করা; নিশ্চিত করা; সুস্পষ্ট করা; অনুধাবন করা।

Synonyms: find out, discover, get/come to know, work out, make out.

Mnemonic- ১. Ascertain শব্দটি মূলত Certain থেকে এসেছে। Certain নিশ্চিত। কোন নিশ্চিতভাবে অনুধাবন করা বা নিশ্চিত করাটাই হলো- Ascertain| অর্থাৎ Ascertain মানে Make Certain (মনে করে দেখুন একটু আগেই আমরা ঠিক এই পদ্ধতিতে গঠন করা কতগুলো শব্দ শিখেছি)।

৯১১. **Ascribe** মূল অর্থ- আরোপ করা; দায়িত্ব অর্পণ করা ।

Synonyms: attribute, assign, put down, set down, accredit, credit.

Mnemonic- ১. Ascribe কে Prescribe দিয়ে মনে রাখা যায়। আমরা ডাক্তারের কাছে আমাদের রোগ সারানোর জন্য Ascribe করি, আর ডাক্তার আমাদেরকে কি করতে হবে তা Prescribe করেন।

৯১২. **Askance** মূল অর্থ- বক্রভাবে বা আড়চোখে তাকানো।

Synonyms: suspiciously, with suspicion, skeptically. Antonyms: welcomingly.

Scanned by CamScanner

Mnemonic- ১. Askance এর সাথে Askew এর সম্পর্ক রয়েছে। আর শব্দদুটি দেখতেও একই রকম। Askew মানে কোনকিছু বাকাভাবে থাকা আর Askance মানে বাকাভাবে তাকানো। আবার Askance কে এর প্রথম অংশ Ask দিয়েও মনে রাখা যায়। আমরা যখন কাউকে Ask করি বা প্রশ্ন করি তখন তার দিকে আড়চোখে তাকাই। আর Askance মানেও আড়চোখে তাকানো।

৯১৩. **Aspersion** মূল অর্থ- কলঙ্ক; কুৎসা; দুর্নাম।

Synonyms: vilification, disparagement, denigration, defamation.

Mnemonic- ১. Aspersion কে Ass-person হিসেবে মনে রাখা যায়। কেউ যখন কারো নামে দুর্নাম রটায় বা কুৎসা ছড়ায় তখন রেগে অনেক সময় Ass-person ও বলে ফেলে। আর Aspersion মানেও কলঙ্ক; কুৎসা; দুর্নাম।

৯১৪. **Assail** মূল অর্থ- তীব্র আক্রমণ করা; প্রাণপণ চেষ্টা করা।

Synonyms: attack, assault, make an assault on, launch an attack on.

Mnemonic- ১. Assail কে Misail দিয়ে সহজেই মনে রাখা যায়। Assail মানে তিব্র আক্রমন করা। আর Misail দিয়েও তিব্র আক্রমন করা হয়। তাহলে আমরা মনে রাখব- Misail দিয়ে Assail করা হয়।

৯১৫. **Assert** মূল অর্থ- জাহির করা; দাবি করা; সোজাসুজি বলা।

Synonyms: declare, maintain, contend, argue, state, claim, propound, submit.

Mnemonic- ১. Assert শুনতে অনেকটা Exert এর মত। Assert মানে জাহির করা, আর Exert মানেও জাহির করা।

৯১৬. **Assess** মূল অর্থ- পরিমাপ করা; পরীক্ষা করা; মূল্যনির্ণয় করা।

Synonyms:evaluate, judge, gauge, rate, estimate, appraise, form an opinion of.

Mnemonic- ১. আমরা প্রায়ই Educational Assessment কথাটি শুনে থাকি। Educational Assessment দ্বারা যাচাই করা হয় যে শিক্ষণের পদ্ধতিটি ঠিক কতটা কার্যকর। তাহলে দেখা যাচ্ছে Assessment মানে হচ্ছে মূল্য নির্ধারন করা। Assess হলো verb আর Assessment হলো noun। Assess মানে, "পরীক্ষা করা" আর Assessment মানে, "পরীক্ষা"।

৯১৭. **Astringent** মূল অর্থ- আঁঠালো; সঙ্কোচক; কঠোর; নির্মম।

Synonyms: constricting, contracting, severe, sharp, stern, harsh.

Mnemonic- ১. Astringent কে ভেঙ্গে ফেলুন-> Astringent = A strict agent। অর্থাৎ যে agent দিয়ে কোনকিছুকে কঠিন করা হয়। Astringent শব্দটি মূলত stringent থেকে এসেছে। stringent মানে কঠোর বা আটো। যা দিয়ে কোন কিছু কে stringent করা হয় সেটাই Astringent।

৯১৮. **Asylum** মূল অর্থ- আশ্রয়; আশ্রয়স্থান; মানসিক বা আধ্যাত্মিক আশ্রয়; পাগলা গারদ।

Synonyms: refuge, sanctuary, shelter, safety, psychiatric hospital, madhouse.

Scanned by CamScanner

Mnemonic- ১. আমরা মাঝে মাঝেই পত্রিকাতে নিউজ দেখি যে- তারেক জিয়া ব্রিটেন সরকারের কাছে Asylum চেয়েছে। বা এই ব্যাক্তি ঐ রাষ্ট্রের কাছে Asylum চেয়েছে। এই কথার অর্থ হলো- সে ঐ রাষ্ট্রের কাছে আশ্রয় চেয়েছে। তাহলে Asylum মানে আশ্রয়।

৯১৯. **Atone** মূল অর্থ- প্রায়শ্চিত্ত করা; প্রতিবিধান করা।

Synonyms: make amends, make reparation, make restitution.

Mnemonic- ১. Atone থেকে শুধুমাত্র tone টুকুর দিকে লক্ষ্য করুন। মানুষ যখন পাপকাজ করে তখন তার কথার tone থাকে উদ্ধত। আর যখন সে তার পাপের প্রায়শ্চিত্ত করতে চায় তখন তার tone পরিবর্তন হয়ে যায়। তাহলে আমরা মনে রাখব- Atone মানে তার কথার tone পরিবর্তন হওয়া বা প্রায়শ্চিত্তের মনোভাব ধারন করা। অর্থাৎ প্রায়শ্চিত্ত করা।

৯২০. **Atrophy** মূল অর্থ- নির্জীব হয়ে যাওয়া; অবক্ষয়; ক্ষয়িষ্ণুতা।

Synonyms: waste away, waste, become emaciated. Antonyms: strengthen.

Mnemonic- ১. Atrophy=A+trophy Atrophy কে Trophy দিয়ে মনে রাখা যায়। Trophy মানে "ট্রফি" কারো জয়ের স্মারকচিহ্ন । আর এখানে A দ্বারা নেতিবাচক কিছু বোঝানো হচ্ছে। যখন কারো ট্রফি বা জয়ের চিহ্ন মুছে যেতে থাকে সেই অবস্থাকে Atrophy বলা হয়।

৯২১. **Attest** মূল অর্থ- সত্যায়িত করা; প্রত্যায়ন করা; সত্য বলে সাক্ষ্য দেওয়া।

Synonyms: certify, corroborate, confirm, verify. Antonyms: disprove.

Mnemonic- ১. আমরা যখন কোথাও আমাদের মূল মার্কশিট বা সার্টিফিকেট জমা না দিয়ে ফটোকপি জমা দেই তখন সেটাকে কোন শিক্ষক বা নির্ভরযোগ্য ব্যাক্তি দ্বারা Attested করে নিতে হয়। Attested করা মানে সত্যায়িত করা। আর Attest করা জিনিসকেই Attested বলা হয়।

৯২২. **Attribute** মূল অর্থ- গুণ; বৈশিষ্ট্য; ধর্ম; লক্ষণ।

Synonyms: quality, feature, characteristic, trait, element, aspect, property. Mnemonic- ১. Attribute কে tribute দিয়ে মনে রাখা সহজ। আমরা যখন কারো গুনে মুগ্ধ হই তখন তার সম্মানে tribute দেই(কিছুদিন আগে Artcell এর ভক্তরা Artcell এর সম্মানে tribute জানালো)। তাহলে Attribute মানে হলো গুন বা বৈশিষ্ট্য ।

৯২৩. **Augur** মূল অর্থ- ভবিষ্যদ্বক্তা; দৈবজ্ঞ ।

Synonyms: seer, soothsayer, fortune teller, crystal gazer, clairvoyant.

Mnemonic- ১. Augur শব্দটি ল্যাটিন Avis থেকে এসেছে। Avis মানে পাখি। প্রাচীনকালে পাখিকে বিভিন্ন ঘটনার পূর্বাভাষ হিসেবে দেখা হত। পাখির বিভিন্ন ডাক বা কোন বিশেষ ধরনের পাখি দেখে ধারণা করা হত যে- আগামীতে কি ঘটতে চলেছে। পরবর্তীতে ল্যাটিন Avis শব্দটি বিভিন্ন ভাষায় প্রবেশ করে পরিবর্তিত হয়ে ইংরেজি Augur শব্দের উৎপত্তি ঘটে।

৯২৫. **August** মূল অর্থ- সম্মানিত ও চিত্তাকর্ষক।

Scanned by CamScanner

Synonyms: distinguished, respected, eminent, venerable.   Antonyms: despise.

Mnemonic- ১. August বলতে আমরা August মাসকেই বুঝি। এই August মাসের নামকরন করা হয়েছে খ্রিষ্টপূর্ব ৮ শতকের সালের রোমান সম্রাট Augustus Caesar এর সম্মানে। সম্রাট Augustus Caesar ছিলেন রোমানদের কাছে অনেক সম্মানিত ও চিত্তাকর্ষক ব্যাক্তি। ফলে August এর অর্থ হয়ে দ্বারায় - সম্মানিত ও চিত্তাকর্ষক। এভাবে আরও মাসের নামকরন করা হয়েছে। যেমন- জুলাই মাসের নামকরন করা হয়েছে সম্রাট Julius Caesar এর নামানুসারে।

৯২৬. **Auspices** মূল অর্থ- সুরক্ষা; সমর্থন; পৃষ্ঠপোষকতা।

Synonyms: indorsement, protection, aegis, endorsement.

Mnemonic- ১. Auspices কে ভেঙ্গে ফেলুন-> Auspices = Au spices, এই শব্দটিকে spices দিয়ে মনে রাখুন। spices মানে মসলা। spices বা মসলা আমাদের রান্নার সুরক্ষা ও পৃষ্ঠপোষকতা করে, অর্থাৎ রান্নার মান বাড়িয়ে দেয়। আর Auspices মানে- সুরক্ষা; সমর্থন; পৃষ্ঠপোষকতা।

৯২৭. **Auxiliary** মূল অর্থ- সহায়ক; গৌণ; ভাড়াটে।

Synonyms: additional, supplementary, supplemental.   Antonyms: prime.

Mnemonic- ১. আমরা ইংরেজি গ্রামারে Auxiliary verb বা helping verb শিখেছিলাম। Auxiliary verb এর কাজ হলো মূল verb কে সহায়তা করা। তাহলে বোঝা যাচ্ছে- Auxiliary সহায়ক বা গৌণ(Auxiliary verb মুখ্য বা প্রধান নয়, বরং গৌণ) । তবে এই শব্দটি ভাড়াটে অর্থে ব্যাবহিত হতে পারে(মনে রাখুন ভাড়াটে খুনি হলো সহায়ক, মূল খুনি হলো যে খুনের পরিকল্পনা করে)।

৯২৮. **Avail** মূল অর্থ- উপকার করা; সেবা করা।

Synonyms: help, aid, assist, benefit, be of use to, be useful to, profit.

Mnemonic- ১. Avail = A Vail , Vail মানে বকশিস। কাউকে Vail বা বকশিস দেওয়া মানে তার উপরকার করা।

৯২৯. **Avant-garde** মূল অর্থ- প্রগতির পুরোধা; অগ্রদূত ; সৈন্যবাহিনী প্রভৃতির সর্বাগ্রভাগ ।

Mnemonic- ১. Avant-garde কে ভেঙ্গে মনে রাখুন। Avant মানে মূল বা প্রধান, আর garde সেনা বা রক্ষী। তাহলে Avant-garde মানে দাঁড়াচ্ছে- মূল সেনা। আর Avant-garde অর্থ হলো- প্রগতির পুরোধা; অগ্রদূত ; সৈন্যবাহিনী প্রভৃতির সর্বাগ্রভাগ।

৯৩০. **Aversion** মূল অর্থ- ঘোর অপছন্দ; বিতৃষ্ণা।

Synonyms: dislike of, distaste for, disinclination, abhorrence.   Antonyms:liking.

Mnemonic- ১. Aversion শব্দটি Averse এর সাথে সম্পর্কিত। Averse মানে বিমুখ বা অপছন্দ । আর Aversion মানে অপছন্দ করা।

৯৩১. **Avert** মূল অর্থ- ঠেকানো; প্রতিহত করা; চোখ, মন ইত্যাদি সরিয়ে নেওয়া।

Scanned by CamScanner

Synonyms: prevent, stop, avoid, nip in the bud; stave off, head off.

Mnemonic- ১. Avert কে Divert এর সাথে মিল রেখে মনে রাখা সহজ। Divert মানে বিমুখ হওয়া বা মুখ সরিয়ে নেওয়া। আর Avert মানে চোখ, মন ইত্যাদি সরিয়ে নেওয়া।

৯৩২. **Avid** মূল অর্থ- আগ্রহী; উদ্যমী।

Synonyms: keen, eager, enthusiastic, ardent. Antonyms: apathetic.

Mnemonic- ১. Avid কে Avid = A video এভাবে মনে রাখুন। আমরা সাধারণত টেক্সট বই দেখলেই পালাই কিন্তু video দেখতে আগ্রহী থাকি। আর Avid মানে আগ্রহী বা উদ্যমী।

৯৩৩. **Bacchanal** মূল অর্থ- মাতাল; মাতলামি-সংক্রান্ত; অসচ্চরিত্র; গ্রীকদের মদের দেবতা ব্যাকাস বা তাঁর পূজা সংক্রান্ত।

Synonyms: inebriated, drunk, orgiastic, intoxicated. Antonyms: sober.

Mnemonic- ১. Bacchanal কে Bacchan মানে অমিতাভ বচ্চন কে দিয়ে মনে রাখা সহজ। অমিতাভ বচ্চন বিভিন্ন সিনেমায় মাতাল হবার ও মাতলামির অভিনয় করেন। বচ্চন সাহেবকে দিয়ে আমরা Bacchanal কে মনে রাখতে পারি। ২. Bacchanal শব্দটি মূলত গ্রীকদের মদের দেবতা Bacchus/ব্যাকাস এর নাম থেকে এসেছে। যারা Bacchus এর অনুসারী তাদের Bacchanal বলা হয়। আর Bacchus এর অনুসারীরা তো একটু মাতাল হবেই !

৯৩৪. **Baleful** মূল অর্থ- হিংসাপরায়ণ; ধ্বংসাত্মক; হুমকিযুক্ত ।

Synonyms: menacing, threatening, unfriendly, hostile. Antonyms: benevolent.

Mnemonic- ১. Baleful শব্দটি Bale এর সাথে সম্পর্কিত। Bale মানে অনিষ্ট, ক্ষতি বা দুর্দশা। তাহলে Baleful মানে হবে- প্রচুর ক্ষতি হবার মত কোনকিছু। আর Baleful এর একটি অর্থ হলো- ধ্বংসাত্মক।

৯৩৫. **Balk** মূল অর্থ- হঠাৎ বাধা; প্রতিবন্ধকতা; উপেক্ষা করা।

Synonyms: impede, obstruct, thwart, hinder. Antonyms: assist.

Mnemonic- ১. Balk কে Bulk দিয়ে মনে রাখা সহজ। আমরা Bulk sms শব্দটির সাথে পরিচিত। যখন কোন কোম্পানি প্রচুর গ্রাহককে sms পাঠায় তখন সেটাকে Bulk sms বলা হয়। Bulk মানে প্রচুর; স্তুপাকার, মোটাদাগের ইত্যাদি। কোন Bulk বা বিশাল বস্তুকে একটি বাধার সাথে তুলনা করা যায়। আর Balk মানে বাঁধা বা প্রতিবন্ধকতা।

৯৩৬. **Ballyhoo** মূল অর্থ- শোরগোল করে প্রচার; কুরুচিপূর্ণ বিজ্ঞাপন; হইচই।

Synonyms: publicity, advertising, promotion, marketing, propaganda.

Mnemonic- ১. Ballyhoo কে Bollywood এর সাথে মিল রেখে মনে রাখা যায়। Bollywood এর সিনেমার বিজ্ঞাপন দেবার কথা ভাবুন। সিনেমার বিজ্ঞাপনগুলো তারা শোরগোল করে প্রচার করে। আবার অনেকগুলো থাকে কুরুচিপূর্ণ বিজ্ঞাপন। আর Ballyhoo মানে - শোরগোল করে প্রচার; কুরুচিপূর্ণ বিজ্ঞাপন; হইচই।

Scanned by CamScanner

৯৩৭. **Balm** মূল অর্থ- মানসিক বেদনাদি উপশমকারী বস্তু; সুগন্ধ; সৌরভ।

Synonyms: relief, comfort, ease, consolation. Antonyms: exacerbation.

Mnemonic- ১. Balm কে Calm দিয়ে মনে রাখা সহজ। Calm মানে শান্ত। আর Balm হলো এমন জিনিস যা আপনাকে Calm করে দেবে।

৯৩৮. **Bandy** মূল অর্থ- এদিক-ওদিক চালনা করা; বিনিময় করা; না ভেবেচিন্তে কারো বা কোনকিছুর সম্পর্কে আলোচনা করা।

Synonyms: bowed, curved, bent, crooked, misshapen. Antonyms: straight.

Mnemonic- ১. Bandy কে Brandy এর সাথে মিল রেখে মনে রাখা সহজ। যখন মানুষ Brandy তখন মানুষ মাতলামি করে। ফলে কোনকিছু করতে গেলে তা গোলমেলে হয়ে যায়। কন জিনিস নিয়ে এমনিতেই এদিক-ওদিক চালনা করা। আবার নেশার ঘোরে- না ভেবেচিন্তে কারো বা কোনকিছুর সম্পর্কে আলোচনা করে। মনে রাখতে হবে যে- Brandy খেলে মানুষ Bandy হয়ে যায়।

৯৩৯. **Banter** মূল অর্থ- পরিহাস; ঠাট্টা।

Synonyms: joke, jest, pun, repartee, raillery, ripostes.

Mnemonic- ১. Banter শুনতে অনেকটা Bander এর মত। তাই এটাকে Bander বা বান্দর দিয়ে মনে রাখা যায়। আমরা যখন কাউকে নিয়ে পরিহাস করি বা ঠাট্টা করি তখন অনেক সময়ই মজা করে বান্দর বলি। বান্দর দিয়ে Banter শব্দটিকে মনে রাখাটা আসলেই একটা পরিহাসের বিষয়!

৯৪০. **Baroque** মূল অর্থ- দু:সাহসী বলিষ্ঠ এবং চটকদার।

Synonyms: ornate, fancy, very elaborate, over-elaborate. Antonyms: plain.

Mnemonic- ১. Baroque শুনতে অনেকটা Barack এর মত। Barack Obama একজন দু:সাহসী বলিষ্ঠ এবং চটকদার মানুষ। তা'না হলে তিনি অ্যামেরিকার প্রেসিডেন্ট হতে পারতেন না। তাহলে আমরা Baroque কে Barack Obama দিয়ে মনে রাখব।

৯৪১. **Barrage** মূল অর্থ- গোলাগুলির বেড়াজাল; বাঁধ ; বাঁধা; প্রতিবন্ধক।

Synonyms: bombardment, gunfire, cannonade, battery.

Mnemonic- ১. আমরা সবাই তিস্তা Barrage এর কথা শুনেছি। তিস্তা Barrage দিয়ে ভারত তিস্তা নদীর পানি আটকে রেখেছে। তাহলে বোঝাই যাচ্ছে Barrage মানে বাধা বা প্রতিবন্ধক।

৯৪২. **Bauble** মূল অর্থ- দৃষ্টিকটু কবজ বা অলংকার; কমদামী গহনা; খেলনা; তুচ্ছ।

Synonyms: trinket, knick-knack, ornament, toy, novelty, curiosity.

Mnemonic- ১. Bauble শুনতে অনেকটা Babool এর মত। Babool হলো ইন্ডিয়ার সবথেকে সস্তা টুথপেস্ট। এটি বাবুল গাছের উপাদান থেকে তৈরি করা হয়। ইন্ডিয়ার মানুষ ঐতিহ্যগতভাবে এই গাছের উপাদান দিয়ে দাত

Scanned by CamScanner

মাজে। এই গাছ কিন্তু আমাদের দেশেও আছে। যাই হোক, Babool হলো সস্তা টুথপেস্ট আর Bauble এর অর্থও কমদামী, খেলনা, তুচ্ছ ইত্যাদি।

৯৪৩. **Bedlam** মূল অর্থ- কোলাহলপূর্ণ স্থান; পাগলা গারদ।

Synonyms: uproar, pandemonium, commotion, mayhem. Antonyms: calm.

Mnemonic- ১. Bedlam কে ভেঙ্গে ফেলুন-> Bedlam = Bed alarm । সকাল সকাল ঘুম ভাঙার জন্য আমরা Bed এর পাশে alarm দেওয়া ঘড়ি রাখি । ফলে সকালবেলা আমাদের বেডকেই একটা কোলাহলপূর্ণ স্থান বলে মনে হয়। আর Bedlam মানেও কোলাহলপূর্ণ স্থান। এর আরেকটি অর্থ হলো- পাগলা গারদ। এই বেডের পাশে এলার্ম দেওয়ার সিস্টেম দেখে আমাদের ঘরকে কেউ পাগলা গারদ বলে ভুলও করতে পারে।

৯৪৪. **Begrudge** মূল অর্থ- কারো বিনোদনের ব্যাপারে অসন্তুষ্ট হওয়া; নারাজ হওয়া; বিক্ষুব্ধ হওয়া।

Synonyms: envy, grudge, resent; be jealous of, be envious of.

Mnemonic-১. Begrudge কে ভেঙ্গে ফেলুন-> Begrudge = Beg rude ; ভাবুন যে কারো কাছে একজন ভিক্ষুক আসলো beg/ভিক্ষা করতে। আর সেই ব্যাক্তিটি তৎক্ষণাৎ তার সাথে rude/বাজে ব্যাবহার করা শুরু করল। এমন হলে বুঝতে হবে যে- সেই লোকটি ভিক্ষুকের উপর বেজায় নারাজ হয়েছে এবং বিক্ষুব্ধ হয়েছে । আর Begrudge এর অর্থ হলো- অসন্তুষ্ট হওয়া; নারাজ হওয়া; বিক্ষুব্ধ হওয়া। ২. Begrudge শব্দটি মূলত Grudge এর সাথে সম্পর্কিত। Grudge মানে হিংসা। কারো যদি কোন লোকের উপর হিংসা থাকে তবে সে ঐ লোকের সবকিছুতেই অসন্তুষ্ট হবে। আর Begrudge মানে হলো- অসন্তুষ্ট হওয়া বা নারাজ হওয়া ।

৯৪৫. **Behest** মূল অর্থ- আদেশ; নির্দেশ ।

Synonyms: instruction, bidding, request, requirement, wish, desire.

Mnemonic- ১. Behest কে Request এর সাথে মিল রেখে মনে রাখা যায়। Request মানে অনুরোধ করা আর Behest মানে নির্দেশ দেওয়া। তাহলে আমাদের মনে রাখতে হবে যে- Behest হলো- Request এর উল্টো।

৯৪৬. **Bemoan** মূল অর্থ- বিলাপ করা; শোক করা; আক্ষেপ করা।

Synonyms: lament, bewail, deplore, complain about. Antonyms: applaud.

Mnemonic- ১. Bemoan কে সহজেই moan দিয়ে মনে রাখতে পারেন। আর এটি মূলত moan থেকেই এসেছে। moan মানে কান্না বা বিলাপ। আর Bemoan মানে বিলাপ করা। অর্থাৎ moan করাকেই Bemoan বলা হয়। আর যদি কেউ moan অর্থ না জানেন, তাহলে moan কে মৌন এর মত উচ্চারণ করে মনে রাখতে পারেন। মানুষ যখন কস্টে থাকে তখন তারা মৌন থাকে। এভাবে moan মানে কষ্টের কিছু সেটা মনে রাখতে পারেন।

৯৪৭. **Benediction** মূল অর্থ- আশীর্বাদ; স্বস্তিবচন; গির্জার উপাসনার পর পুরোহিত কর্তৃক উচ্চারিত আশীর্বচন।

Synonyms: blessing, prayer, invocation, dedication; grace, thanksgiving.

Scanned by CamScanner

Mnemonic- ১. পোপ দ্বিতীয় জন পলের মৃত্যুর পর পোপ Benedict XVI পোপ হিসেবে নির্বাচিত হন। পোপ Benedict কে দিয়ে আমরা Benediction কে মনে রাখতে পারি। পোপ Benedict সবসময়ই আশীর্বাদকার্য করেন। আর Benediction অর্থও- আশীর্বাদ; স্বস্তিবচন।

৯৪৮. **Benighted** মূল অর্থ- অজ্ঞতাপূর্ণ; অজ্ঞানতিমিরে আচ্ছন্ন; তমসাকবলিত।

Synonyms: ignorant, unenlightened, uneducated. Antonyms: enlightened.

Mnemonic- ১. Benighted = Beni nighted , Beni মানে মঙ্গল বা আশীর্বাদ আর nighted মানে রাত্রি বা অন্ধকার। অর্থাৎ Benighted মানে আশীর্বাদের অন্ধকার। আর ঈশ্বরের আশীর্বাদ যখন না পাওয়া যাবে তখন মানুষের মধ্যে অজ্ঞতা চলে আসবে। মানুষ তখন অজ্ঞানতিমিরে আচ্ছন্ন হয়ে পরবে। আর Benighted অর্থও ঠিক তাই- অজ্ঞতাপূর্ণ; অজ্ঞানতিমিরে আচ্ছন্ন; তমসাকবলিত।

৯৪৯. **Bestow** মূল অর্থ- দান করা; প্রদান করা; অর্পণ করা।

Synonyms: confer on, present to, award to, give, grant, vouchsafe.

Mnemonic- ১. Bestow শুনতে অনেকটা best toy এর মত। কেউ যখন বাচ্চাদের কিছু প্রদান করে তখন তারা best toy প্রদান করতে চায়। best toy একটা প্রদান করার বা দান করার জিনিস। আর Bestow মানেও দান করা বা প্রদান করা।

৯৫০. **Bilious** মূল অর্থ- খিটখিটে মেজাজবিশিষ্ট; দেহের পিত্ত সম্পর্কিত।

Synonyms: bad-tempered, irritable, irascible. Antonyms: good-humoured.

Mnemonic- ১. Bilious শব্দটি Bile থেকে এসেছে। Bile মানে পিত্ত। আর Bilious মানে Bile বা পিত্ত সম্পর্কিত। Bile juice বা পিত্তরস কেমন সে সম্পর্কে আমাদের সবারই ধারণা আছে। পিত্ত রস একদম তেতো। এজন্যই Bilious শব্দের আরেকটি অর্থ- খিটখিটে বা তিক্ত মেজাজবিশিষ্ট।

৯৫১. **Bivouac** মূল অর্থ- অস্থায়ী ক্যাম্প; তাম্বুবিহীন ছাউনী; তাঁবু না খাটিয়ে খোলা আকাশের নীচে অস্থায়ীভাবে বাস করা।

Synonyms: encampment, military quarters, camp, cantonment, laager.

Mnemonic- ১. Bivouac = Bi vouac কে vouac বা vacuum দিয়ে মনে রাখুন। vacuum খালি বা খোলা। মনে রাখতে হবে Bivouac মানে vacuum বা খালি জায়গায় থাকা।

৯৫২. **Blanch** মূল অর্থ- সাদা বা ধূসর করা; ভয়ে বা শীতে বিবর্ণ বা সাদা হওয়া।

Synonyms: make/turn pale, whiten, make/turn pallid. Antonyms: darken.

Mnemonic- ১. Blanch শুনতে অনেকটা Bleach এর মত। আমরা সবাই Bleach করার পাউডার অর্থাৎ Bleaching পাউডারের সাথে পরিচিত। Bleaching পাউডারের সাহায্যে জামাকাপড় সাদা করা হয়। তাহলে বুঝতেই পারছেন- Bleach করা মানে সাদা করা। আর Blanch মানেও সাদা করা।

৯৫৩. **Bland** মূল অর্থ- হালকা; মৃদু; শান্ত; স্বাদহীন; মসৃণ; সহজে হজম হয় এমন।

Scanned by CamScanner

Synonyms: mild, tasteless, flavourless, insipid. Antonyms: tangy.

Mnemonic- ১. Bland কে Blond দিয়ে মনে রাখা সহজ। Blond মানে সোনালী চুলের মেয়ে। Blond মেয়েরা শান্ত, মৃদু আর হালকা স্বভাবের হয়। আর Bland মানেও- হালকা; মৃদু; শান্ত।

৯৫৪. **Blandishment** মূল অর্থ- তোষামোদ; খোশামোদ; চাটুবাক্য।

Synonyms: flattery, cajolery, coaxing, wheedling, honeyed words.

Mnemonic- ১. Blandishment = Brandy to an Irish women , Irish women এর সাথে ফ্লাটারি করার জন্য Brandy অফার করা। আর Blandishment মানেও ফ্লাটারি বা তোষামোদ করা।

৯৫৫. **Bliss** মূল অর্থ- পরম সুখ; সুখ; মঙ্গল।

Synonyms: joy, pleasure, delight, happiness, gladness. Antonyms: misery.

Mnemonic- ১. Bliss কে সহজেই Bless দিয়ে মনে রাখা যায়। Bless মানে মঙ্গল বা কল্যাণ। আর Bliss মানে সুখ; মঙ্গল। দুটির অর্থ প্রায় একই রকম আর শুনতেও প্রায় কাছাকাছি।

৯৫৬. **Bluster** মূল অর্থ- গর্জন; ভীষণ ক্রোধ; তুমুল শব্দে প্রবাহিত হওয়া।

Synonyms: rant, thunder; boast, brag, swagger.

Mnemonic- ১. Bluster শুনতে অনেকটা Blaster এর মত। Blaster মানে যা বিস্ফোরণ ঘটায়। বিস্ফোরণ ঘটলে তুমুল শব্দ হয়। Bluster মানেও তুমুল শব্দে প্রবাহিত হওয়া বা ভীষণ গর্জন করা।

৯৫৭. **Bombast** মূল অর্থ- অতিরিক্ত শব্দবহুল বক্তিতা বা লেখা; বাগাড়ম্বরপূর্ণ।

Synonyms: bluster, pomposity, ranting, nonsense. Antonyms: plain speaking.

Mnemonic- ১. আমরা অনেক সময়ই বলি যে- Bombasting কথায় সবাইকে ভুলাতে পার, কিন্তু আমরা তোমার সবখবর জানি। Bombasting কথা মানে বাগাড়ম্বরপূর্ণ কথা।

৯৫৮. **Bon vivant** মূল অর্থ- ভোজনবিলাসী; খাদ্য; পানীয় ও উন্নত জীবনের প্রতি মনযোগী।

Mnemonic- ১. Bon vivant একটি ফ্রেন্স শব্দ। এর অর্থ হলো- খাদ্য; পানীয় ও উন্নত জীবনের প্রতি মনযোগী ব্যাক্তি।

৯৫৯. **Bona fide** মূল অর্থ- প্রকৃত; খাটি; বিশ্বস্ত।

Mnemonic- ১. Bona fide একটি ল্যাটিন ভাষার শব্দ। Bona fide এর fide মানে faith বা বিশ্বাস। আর Bona fide মানে বিশ্বস্ত বা প্রকৃত।

৯৬০. **Boon** মূল অর্থ- বর; আশীর্বাদ; অনুগ্রহ।

Synonyms: blessing, godsend, bonus, good thing. Antonyms: curse.

Scanned by CamScanner

Mnemonic- ১. Boon কে Bonus সাথে মিলিয়ে মনে রাখতে পারেন। Bonus পাওয়া Boon বা বর পাবার মত ব্যাপার ।

৯৬১. **Boor** মূল অর্থ- চাষা; বর্বর; অসভ্য ব্যক্তি ।

Synonyms: lout, oaf, ruffian, hooligan, thug, rowdy. Antonyms: civil.

Mnemonic- ১. Boor শব্দটির রুট অনেক প্রাচীন। পৃথিবীর সব ভাষার আদি ভাষা হলো ইন্দো-ইউরোপিয় ভাষা। আদি ইন্দো-ইউরোপিয় ভাষার Bhu থেকে Boor শব্দটি এসেছে। Bhu মানে জমি। সংস্কৃত ভাষায় এটা "ভূ" । "ভূ" বা ভূমি যারা চাষ করে তাদেরকেই Boor বলা হচ্ছে।

৯৬২. **Booty** মূল অর্থ- লুণ্ঠিত দ্রব্য; ডাকাতির মাল ।

Synonyms: loot, plunder, pillage, haul, prize, trophy.

Mnemonic- ১. Booty কে looty দিয়ে মনে রাখতে পারেন। looty মানে loot/লুট করা জিনিস। আর Booty মানেও লুট করা বা ডাকাতি করা জিনিস।

৯৬৩. **Botch** মূল অর্থ- তালগোল পাকান; বিশৃঙ্খল করিয়া ফেলা; বিশ্রী দাগ; কলঙ্কচিহ্ন।

Synonyms: bungle, do badly, do clumsily, make a mess of. Antonyms: tidy up.

Mnemonic- ১. Botch কে হিন্দি Bache বা বাংলায় বাচ্চা দিয়ে মনে রাখতে পারেন। বাচ্চারা সবকিছু তালগোল পাকিয়ে ফেলে, বিশৃঙ্খলা করে; দেয়ালে বিশ্রী দাগ লাগিয়ে ফেলে। আর Botch মানে- তালগোল পাকান; বিশৃঙ্খল করিয়া ফেলা; বিশ্রী দাগ।

৯৬৪. **Bracing** মূল অর্থ- বলদায়ক; চাঙ্গা করে এমন।

Synonyms: invigorating, refreshing, stimulating. Antonyms: tiring.

Mnemonic- ১. Bracing শুনতে অনেকটা Breathing এর মত। Breathing মানে শ্বাস নেওয়া। অনেক পরিশ্রমের পর জোরে শ্বাস নিলে আমাদের চাঙ্গা লাগে, শরীরে বল ফিরে পাওয়া যায়। আর Bracing মানে বলদায়ক বা চাঙ্গা করে এমন।

৯৬৫. **Brandish** মূল অর্থ- আন্দোলিত করা বা আস্ফালন করা; ঘোরান ।

Synonyms: flourish, wave, shake, wield, raise, hold aloft.

Mnemonic- ১. Brandish কে Brandy দিয়ে মনে রাখা যায়। যে Brandy খায় তাকে আমরা Brandish বলব। মনে রাখতে হবে যে- Brandy খেয়ে মানুষ Brandish যায়।

৯৬৬. **Bravado** মূল অর্থ- মিথ্যে বাহাদুরি দেখানো; সাহসের বড়াই ।

Synonyms: boldness, bold manner, swagger, swaggering. Antonyms: modesty.

Mnemonic- ১. Bravado কে ভেঙ্গে ফেলুন-> Bravado = Bravo do , কেউ যদি খেলায় জিতে যায় বা কোনকিছুটে জয়ী হয় তখন সবাই তাকে Bravo বলে প্রশংসা করে। কিন্তু কেউ যদি নিজেই নিজেকে Bravo বলা

Scanned by CamScanner

শুরু করে তবে সবাই তাকে বলবে যে- " এই লোকটা মিথ্যে বাহাদুরি দেখায় " । তাহলে আমরা মনে রাখব- যদি কেউ নিজেই নিজেকে Bravo বলে তবে সেটা Bravado বা মিথ্যে বাহাদুরি দেখানো।

৯৬৭. **Brawn** মূল অর্থ- বড় মাংসপেশী; পেশি; শক্তি ।

Synonyms: physical strength, muscle, muscles. Antonyms: weakness, puniness.

Mnemonic- ১. Brawn কে Prawn এর সাথে মিলিয়ে মনে রাখুন। আপনি যদি Brawn এর অধিকারী হতে চান তবে আপনাকে বেশি বেশি Prawn/চিংড়ি খেতে হবে।

৯৬৮. **Brazen** মূল অর্থ- নির্লজ্জ; দুঃসাহসিক।

Synonyms: bold, shameless, as bold as brass. Antonyms: timid, shy.

নমোনিক- ১. Brazen কে ভেঙ্গে ফেলুন-> Brazen = Bra + zen , আপনি যদি বাইরে ঘুরতে বের হয় জাপানি zen গাড়িতে করে Bra অর্থাৎ বিকিনি পরিহিত মেয়েকে দেখেন, তাহলে আপনি কি বলবেন ? বলবেন যে মেয়েটি Brazen অর্থাৎ নির্লজ্জ ।

৯৬৯. **Breach** মূল অর্থ- লঙ্ঘন; ফাটল।

Synonyms: contravention, violation, breaking, break, rupture, split.

Mnemonic- ১. Breach কে ভেঙ্গে ফেলুন-> Breach= B + reach, এখানে B মানে না, আর reach মানে পৌঁছানো। Breach মানে আপনি পৌছাতে পারেননি । আপনার পৌঁছানোর কথা ছিল কিন্তু আপনি পৌছাতে পারেননি, তার মানে আপনি নিয়ম লঙ্ঘন করেছেন। আর Breach মানেও লঙ্ঘন করা।

৯৭০. **Brink** মূল অর্থ- কিনারা বা ধার।

Synonyms: edge, verge, margin, rim, lip. Antonyms: middle.

Mnemonic- ১. Brink কে সহজেই Bank দিয়ে মনে রাখা যায়। Bank মানে পাড় বা কিনারা আর Brink মানেও কিনারা। দুটি শব্দ দেখতেও রকই রকম আর অর্থও এক।

৯৭১. **Bristle** মূল অর্থ- মারাত্মক ক্রোধ প্রকাশ করা; ক্ষুদ্র শক্ত লোম ।

Synonyms: hair, whisker; stubble, prickle, spine, quill.

Mnemonic-১. Bristle কে Pistol এর সাথে সম্পর্কিত করে নিলে এটাকে মনে রাখা সহজ। আমারা যখন মারাত্মক রেগে যাই, অর্থাৎ ক্রোধ প্রকাশ করি তখন আমরা Pistol দিয়ে ভয় দেখাতে চাই। তাহলে দেখা যাচ্ছে, Bristle এর সাথে Pistol এর বেশ ভাল একটা সম্পর্ক আছে। Bristle মানে হলো Pistol ব্যাবহার করার মত মারাত্মক ক্রোধ প্রকাশ করা। আবার আমাদের যখন অনেক রাগ হয় তখন আমাদের লোম শক্ত হয় যায়। আর Bristle এর আরেকটি অর্থ হলো- ক্ষুদ্র শক্ত লোম ।

৯৭২. **Bromide** মূল অর্থ- নীরস মন্তব্য; গতানুগতিক নীরস কথাবার্তা।

Scanned by CamScanner

Synonyms: insipid remark, dull comment.

Mnemonic- ১. Bromide হলো ব্রোমিন এর লবন। ক্লোরাইড হলো ক্লোরিনের লবন। আর এগুলো একদমই গতানুগতিক ও নীরস রাসায়োনিক পদার্থ। আর Bromide মানেও নীরস।

৯৭৩. **Brouhaha** মূল অর্থ- উত্তেজনা; চিল্লাচিল্লি ।

Synonyms: uproar, hubbub, noise, katzenjammer.

Mnemonic- ১. Brouhaha = Bou haha , বিয়ে বাড়িতে Bou/বউকে নিয়ে সবার মধ্যেই অনেক উত্তেজনা থাকে। সবাই haha করে অনেক চিল্লাচিল্লি করে। এগুলোর সাথে মিলিয়ে Brouhaha মনে রাখুন।

৯৭৪. **Buffoon** মূল অর্থ- ভাঁড়; ভাঁড়ের মত অভিনয় করা (গাধার মত) ।

Synonyms: clown , entertainer, Pierrot, comedian.

Mnemonic- ১. Buffoon কে Cartoon দিয়ে মনে রাখা সহজ। Buffoon বা ভাড়েরা অনেক সময় Cartoon এর মত সেজে অভিনয় করে। মনে রাখতে হবে যে Buffoon বা ভাড়েরা Cartoon মত অভিনয় করে।

৯৭৫. **Bulwark** মূল অর্থ- আত্মরক্ষার দেয়াল; আত্মরক্ষার উপায়।

Synonyms: wall, rampart, fortification, parapet, defence, defender, support.

Mnemonic- ১. Bulwark কে ভেঙ্গে ফেলুন-> Bulwark = Bull work । অর্থাৎ ষাঁড়ের মত কাজ করা। প্রাচীনকালে মানুষকে তার আত্মরক্ষার উপায় বের করার জন্য Bull work বা ষাঁড়ের মত খাটুনী খাটতে হত। আর Bulwark মানে হলো- আত্মরক্ষার দেয়াল; আত্মরক্ষার উপায়।

৯৭৬. **Byzantine** মূল অর্থ- অতিশয় জটিল স্থাপত্য; বাইজেন্টাইন রাজ্যের সাথে সম্পর্কিত।

Synonyms: excessively complicated, a citizen of Byzantium.

Mnemonic- ১. Byzantine শব্দটি Byzantine/বাইজেন্টাইন মানে বাইজেন্টাইন সম্রাজ্য সাথে সম্পর্কিত। ইতালির রোমে ছিল এই সম্রাজ্য মূল কেন্দ্র। ইতালি এবং রাশিয়াতে রাইজেন্টাইন সম্রাটরা অনেক জটিল জটিল স্থপত্য নির্মান করেছিল। ফলে Byzantine শব্দের অর্থই হয়ে গেছে অতিশয় জটিল স্থাপত্য।

৯৭৭. **Cabal** মূল অর্থ- চক্রান্তকারী ক্ষুদ্র দল; গুপ্তচক্র।

Synonyms: clique, faction, coterie, group, set, band, party.

Mnemonic- ১. Cabal কে সহজেই Kabul দিয়ে মনে রাখতে পারেন। Kabul হলো আফগানিস্থানের রাজধানী। আফগানিস্থানের বিভিন্ন স্থানে, বিশেষ করে কাবুলে বিভিন্ন গুপ্তচক্র রয়েছে। বিন লাদেন দীর্ঘদিন সেখানে ছিলেন। তাহলে আমরা মনে রাখব যে- Cabal হলো Kabul এর গুপ্তচক্র।

৯৭৮. **Cache** মূল অর্থ- গুপ্ত স্থান; কোনকিছু লুকানোর স্থান; খাদ্যের গুপ্ত ভাণ্ডার।

Synonyms: hiding place, storage place, secret place, hole; hideout.

Scanned by CamScanner

Mnemonic- ১. Cache কে Case দিয়ে মনে রাখা সহজ। Case মানে বাক্স। আমরা Case এর মধ্যে বিভিন্ন জিনিস লুকিয়ে রেখে দেই। আর Cache মানে গুপ্ত স্থান বা কোনকিছু লুকানোর স্থান।

৯৭৯. **Calamity** মূল অর্থ- দুর্যোগ; চরম দুর্দশা।

Synonyms: disaster, catastrophe, tragedy, cataclysm. Antonyms: godsend.

Mnemonic- ১. Calamity এর সাথে Climate কে মিলিয়ে নিন। Climate বা আবহাওয়া যখন খারাপ হয় তখন তাকে আমরা Calamity বলি ।

৯৮০. **Callous** মূল অর্থ- অনুভূতিহীন; নির্মম; সহানুভূতিহীন ।

Synonyms: heartless, unfeeling, uncaring, cold. Antonyms: kind.

Mnemonic- ১. Callous কে ভেঙ্গে ফেলুন Callous = Callo us , এটাকে আমরা "Callo" দিয়ে মনে রাখব। Callo কে বাংলায় লিখলে হয়- "কাল্লো"। আমাদের দেশে কাল্লো বা কাল্লু এগুলো সাধারণ বিভিন্ন দুর্ধর্ষ সন্ত্রাসীদের হয়। আর সন্ত্রাসীদের কথা মনে হলেই আমাদের- অনুভূতিহীন; নির্মম; সহানুভূতিহীন একজন মানুষের কথা মনে হয়। আর Callous মানেও ঠিক তাই। তাহলে আমরা মনে রাখব- Callous মানে Callo/কাল্লু এর মত নির্মম লোক।

৯৮১. **Calumny** মূল অর্থ- অপবাদ; মিথ্যা অপবাদ; নিন্দা।

Synonyms: slander, defamation (of character), character assassination.

Mnemonic- ১. Calumny শব্দটি ল্যাটিন ভাষার calumnia থেকে এসেছে। যার অর্থ খারাপ মন্তব্য করা। Calumny কে Kalmuhi দিয়ে মনে রাখতে পারেন। হিন্দিতে Kalmuhi বা বাংলায় বলতে পারেন "কালমুখ"। এই ধরনের শব্দগুলো সাধারণত অপবাদ দেবার ক্ষেত্রে ব্যাবহার করা হয়। আর Calumny মানেও অপবাদ দেওয়া বা নিন্দা করা।

৯৮২. **Canon** মূল অর্থ- রীতি; আইন; ধর্মীয় আইন; ধর্মানুশাসন; গির্জার নিয়মকনুন।

Synonyms: principle, rule, law, tenet, precept, law, decree, edict, statute.

Mnemonic- ১. Canon কে Canun হিসেবে মনে রাখুন। Canun কে বাংলায় লিখলে হয় কানুন। আমরা আইন বা রীতি এর সমার্থক শব্দ বোঝাতে, "আইন-কানুন" শব্দটি ব্যাবহার করে থাকি। তাহলে মনে রাখতে হবে যে- Canon মানে হলো Canun বা আইন-কানুন।

৯৮৩. **Cant** মূল অর্থ- আন্তরিকতাহীন কুটিল কথা; সততার ভাণ করা; ভণ্ডামিপূর্ণ ধর্মকথা।

Synonyms: hypocrisy, sanctimony, humbug, pietism. Antonyms: sincerity.

Mnemonic- ১. Cant দ্বারা মূলত ভান করা বা ভণ্ডামি করা বোঝানো হয়। Cant কে Can't trust এর সাথে মিলিয়ে নিন। যিনি Cant বা ভণ্ড, তাকে আমরা বিশ্বাস করতে পারিনা অর্থাৎ Can't trust । তাহলে মনে রাখতে হবে যে- Cant = Can't trust।

৯৮৪. **Canvass** মূল অর্থ- ভোট বা মতামত চাওয়া; জরিপ করা ।

Scanned by CamScanner

Synonyms: campaign, electioneer, solicit votes, drum up support, poll.

Mnemonic- ১. নির্বাচনের সময় রাজনৈতিক দলের সমর্থকরা Canvass করে। Canvass করার মূল উদ্দেশ্য থাকে ভোট চাওয়া। তাহলে নির্বাচনের Canvass থেকেই আমরা এটার অর্থ মনে রাখতে পারি। আর Canvass এর আরেকটি অর্থ হলো জরিপ করা। যখন Canvass করা হয় তখন কিন্তু কতজন লোক ভোট দিয়ে পারে তার একটা আনুমানিক জরিপও করা হয়ে থাকে। আর Canvass এর একটি অর্থ হলো জরিপ করা।

৯৮৫. **Capacious** মূল অর্থ- প্রশস্ত; আরামদায়ক; নিজের বাড়ির মত।

Synonyms: roomy, commodious, spacious, ample, big. Antonyms: cramped.

Mnemonic- ১. Capacious কে Capacity এর সাথে মিলিয়ে নিন। কোন গাড়ির কথাই ধরুন । যদি গাড়ির Capacity বেশি থাকে অর্থাৎ বেশি সিট থাকে তবে সেটা অবশ্যই প্রশস্ত হবে। সেটাতে ঘুরতে আরাম লাগবে। নিজের বাড়ির মত মনে হবে। আর Capacious মানেও- প্রশস্ত; আরামদায়ক; নিজের বাড়ির মত। আবার Capacious কে spacious এর সাথে মিল রেখেও মনে রাখতে পারেন। spacious মানে যার space বা জায়গা বেশি আছে। অর্থাৎ spacious মানেও প্রশস্ত আর Capacious মানেও প্রশস্ত।

৯৮৬. **Capital** মূল অর্থ- কোন দেশ বা সরকারের প্রশাসনিক মূল শহর; রাজধানী; টাকা; যন্ত্রপাতি; ব্যাবসায়ের সম্পদ; মূলধন; প্রধান; মাথা; বড় ।

Synonyms: first city, metropolis, money, finance(s), funds, the wherewithal.

Mnemonic- ১. Capital শব্দটি দ্বারা অনেকগুলো অর্থ বোঝানো হয়। তার বেশিরভাগ অর্থের সাথেই আমরা পরিচিত। যেমন- দেশের রাজধানীকে Capital বলা হয়; কোন ব্যাবসায়ের মূলধনকেও Capital বলা হয়। আবার সেই ব্যাবসার যন্ত্রপাতিকেও Capital বলা হয়। সব ক্ষেত্রেই খেয়াল করুন যে- Capital দিয়ে মূলত কোনকিছুর মূল বা প্রধান এই জাতীয় অর্থ প্রকাশ করা হয়েছে। মনে রাখতে হবে যে- Capital মানে মূল বা প্রধান।

৯৮৭. **Captivate** মূল অর্থ- আকৃষ্ট করা; মোহিত করা; জাদুমুগ্ধ করা; বন্দী করা।

Synonyms: enthral, charm, enchant, bewitch. Antonyms: repel, bore.

Mnemonic- ১. Captivate শব্দটি মূলত Captive থেকে এসেছে। Captive মানে বন্দি। মনে আছে, মাইকেল মধুসূদন দত্ত Captive lady নামে একটি কাব্যগ্রন্থ লিখেছিলেন ? Captive lady মানে হলো বন্দী নারী। Captive/বন্দী করাকেই Captivate বলা হয়। কিন্তু এই বন্দী করা শব্দটি অনেক ক্ষেত্রে রূপক অর্থেও ব্যাবহিত হয়। আমরা অনেক সময় বলি যে, সে আমায় রূপের মায়ায় বন্দী করেছে। এই Captivate শব্দটির ক্ষেত্রেও এভাবে বন্দী করা বলতে রূপক অর্থে ব্যবহিত হয়।

৯৮৮. **Carcinogenic** মূল অর্থ- ক্যান্সার সৃষ্টিকারী।

Synonyms: having the potential to cause cancer.

Mnemonic- ১. Carcinogenic শব্দটি Cancer এর সাথে সরাসরি সম্পর্কিত। যে জিনিস/খাদ্য Cancer সৃষ্টি করতে পারে তাকে বলা হয় Carcinogen। আর Carcinogenic মানে Cancer সৃষ্টিকারী। Cancer এর সাথে মিলিয়ে Carcinogenic কে মনে রাখতে পারেন।

Scanned by CamScanner

৯৮৯. **Cardinal** মূল অর্থ- সবথেকে গুরুত্বপূর্ণ; প্রধান; মৌলিক।

Synonyms: fundamental, basic, main, chief, primary. Antonyms: unimportant.

Mnemonic- ১. Cardinal বা Cardiac মানে হৃদপিণ্ড সম্পর্কিত। কারো হার্টের সমস্যা হলে বলা হয় যে- " তার Cardiac ডিজিস হয়েছে"। এখন খেয়াল করুন- হার্ট বা হৃদপিণ্ড হলো আমাদের শরীরের খুবই গুরুত্বপূর্ণ একটি অঙ্গ। তাহলে Cardinal নিয়ম বলতে আমাদের সবথেকে গুরুত্বপূর্ণ নিয়মকে বুঝে নিতে হবে। তাহলে আমারা মনে রাখবে যে- Cardinal মানে হলো- হার্টের মত গুরুত্বপূর্ণ।

৯৯০. **Careen** মূল অর্থ- অনিয়ন্ত্রিতভাবে কোন একটি নির্দিষ্টদিকে দ্রুতগতিতে নাড়ানো; কাত করা।

Synonyms: tilt, rock, lurch, pitching, pitch, sway.

Mnemonic- ১. Careen কে ভেঙ্গে ফেলুন-> Careen = Car in rain , Careen শুনতে অনেকটা Car in rain এর মত। আমরা যদি কোন Car কে rain এর সময় ড্রাইভ করতে চাই তাহলে অনিয়ন্ত্রিতভাবে কোন একটি নির্দিষ্ট দিকে দ্রুতগতিতে যেতে থাকবে। নিয়ন্ত্রন করা কষ্ট হয়ে যাবে। Car in rain এর কথা মনে করে আমরা Careen এর অর্থ মনে রাখতে পারি।

৯৯১. **Cartography** মূল অর্থ- মানচিত্র নির্মান করার বিদ্যা।

Synonyms: mapmaking, the science or practice of drawing maps.

Mnemonic- ১. Cartography কে ভেঙ্গে ফেলুন-> Cartography = Carto + graphy , "graphy" দ্বারা কোনকিছু অঙ্কন করাকে বোঝানো হয়। আর Cartography দ্বারা মানচিত্র অঙ্কন বিদ্যাকে বোঝানো হয়।

৯৯২. **Cascade** মূল অর্থ- জলপ্রপাত; জলপ্রপাতের মত দেখতে এমন কোন কিছু।

Synonyms: waterfall, falls, water chute, cataract, rapids, torrent.

Mnemonic- ১. Cascade মানে ছোট জলপ্রপাত । তবে এই শব্দটি দিয়ে জলপ্রপাতের মত দেখতে এমন কোন কিছুকেও বোঝায় । আর cataract মানে হলো বড় জলপ্রপাত। এই Cascade শব্দটি নিয়ে একটি মজার ব্যাপার আছে। Cascade কে অনেক ক্ষেত্রে একটি গালি হিসেবেও ব্যাবহার করা হয়। Cascade মানে হলো বমি করা। মনে রাখার সুবিধার্থে ধরে নিন যে- Cascade হলো পাহাড়ের বমি!

৯৯৩. **Cataclysm** মূল অর্থ- আকস্মিক বিপর্যয়; ভয়াবহ বন্যা; ভূমিকম্প।

Synonyms: disaster, catastrophe, calamity, tragedy. Antonyms: salvation.

Mnemonic- ১. Cataclysm কে Catastrophe এর সাথে মিলিয়ে মনে রাখা সহজ। দুটি দ্বারাই বড় ধরনের বিপর্যয় বোঝানো হয়।

৯৯৪. **Caucus** মূল অর্থ- রাজনৈতিক দলের মিটিং; রাজনৈতিক দলের সমিতি।

Synonyms: meeting, assembly, gathering, congress, conference, convention.

Scanned by CamScanner

Mnemonic- ১. Caucus কে Ruckus দিয়ে মনে রাখা সহজ। Ruckus মানে বিশৃঙ্খলা । আর আমরা জানি Caucus বা রাজনৈতিক দলের মিটিং এর সময় বিশৃঙ্খলা একটি খুব সাধারণ বিষয়। তাহলে আমরা মনে রাখবে যে- Caucus এর সময় Ruckus হয়।

৯৯৫. Cavalier মূল অর্থ- দাম্ভিক; রুক্ষ মেজাজের; ভাবনাহীন; অশ্বারোহী সৈনিক ।

Synonyms: Royalist, king's man offhand, indifferent. Antonyms: thoughtful.

Mnemonic- ১. Cavalier কে chevalier এর সাথে মিলিয়ে মনে রাখা সহজ। শব্দদুটি দেখতেও একই রকম আর দুটি দ্বারাই অশ্বারোহী সৈনিক বোঝানো হয়। তবে মনে রাখতে হবে যে- Cavalier এর আরেকটি অর্থ হলো- দাম্ভিক বা রুক্ষ মেজাজেরর মানুষ। অশ্বারোহী সৈনিকরা যে সুন্দর মিষ্ট স্বভাবের মানুষ হবে না সেটা আমরা সবাই আন্দাজ করতে পারি। তাহলে Cavalier অর্থ হলো- দাম্ভিক; রুক্ষ মেজাজের; অশ্বারোহী সৈনিক

৯৯৬. Cavil মূল অর্থ- তুচ্ছ আপত্তি; ছোট-খাট ভুল ধরা।

Synonyms: complain, carp, grumble, moan, grouse, grouch, whine, bleat.

Mnemonic- ১. Cavil দেখতে অনেকটা Evil এর মত। Cavil এর সাথে Evil এর সম্পর্ক হলো- Evil বা খারাপ মানুষরা সব সময় Cavil খুজে বেড়ায়। অর্থাৎ খারাপ মানুষেরা সব সময় অন্যের ছোটখাট ভুল খুজে বেড়ায়।

৯৯৭. Chaff মূল অর্থ- অপ্রয়োজনীয় জিনিস; আবর্জনা; ভুষি।

Synonyms: rubbish, refuse, waste, garbage, litter. Antonyms: important.

Mnemonic- ১. Chaff কে Haff(half) এর সাথে সম্পর্কিত করে নিন। আমরা যদি কোন কাজ কে half বা অর্ধেক অবস্থায় ফেলে রাখি, তাহলে সেটা কোন কাজে লাগে না। অর্থাৎ সেটা অপ্রয়োজনীয় জিনিসে পরিনত হয়।

৯৯৮. Chameleon মূল অর্থ- রঙ বদলানো মানুষ; যে নিজেকে বুঝতে দেয় না; গিরগিটী।

Mnemonic- ১. Chameleon হলো এক ধরনের গিরগিটী। এই প্রাণীগুলো শত্রুর হাত থেকে বাচার জন্য, শিকার ধরার জন্য এবং পরিবেশের সাথে নিজেকে লুকিয়ে রাখার জন্য প্রতিনিয়ত রঙ বদল করতে পারে। ফলে Chameleon এর একটি অর্থ হয়ে গেছে রঙ বদলানো মানুষ। অর্থাৎ যে মানুষ নিজেকে বুঝতে দেয় না।

৯৯৯. Champion মূল অর্থ- রক্ষা করা; সমর্থন করা।

Synonyms: advocate, proponent, knight, man-at-arms. Antonyms: opponent.

Mnemonic- ১. যে বিজয়ী হয় তাকে আমরা Champion বলি। Champion এর আরেকটি অর্থ হলো বীরপুরুষ(যারা যুদ্ধে জয়ী হয় তাদেরকেই বীরপুরুষ বলা হয়)। কোন একটি জাতির বীরপুরুষরাই পারে নিজের দেশের মানুষদের রক্ষা করতে। এই কথাটি মাথায় রেখে আমরা Champion এর অর্থ মনে রাখতে পারি।

১০০০. Channel মূল অর্থ- নির্দেশ দেওয়া (কোন নির্দিষ্ট কিছু অনুসরন করার জন্য); কোন একটি পথ অনুসরন করতে বলা; মাধ্যম।

Synonyms: means, medium, instrument, mechanism, agency.

Scanned by CamScanner

Mnemonic- ১. যখন একটি পানির প্রবাহ দুটি সাগড়কে সংযুক্ত করে তখন তাকে Channel বলা হয়। কিন্তু এর আসলে অনেকগুলো সেকেন্ডারি মিনিং আছে। যেমন- যদি কোনকিছু কোন কিছুর সাথে সংযোগ ঘটিয়ে দেয়, তবে সেটাকেও Channel বলা হয়। যেমন- আপনি যদি কোন ব্যাক্তির মাধ্যমে বড় কোন জবে জয়েন করতে পারেন, তাহলে এই সংযোগকারী ব্যাক্তিও একজন Channel। আবার রেডিও বা টিভি Channel এর কথা চিন্তা করুন। এখানে Channel দ্বারা একটি নির্দিষ্ট তরঙ্গদৈর্ঘ্যকে বোঝানো হচ্ছে। যখনই আপনি ৮৮.০ তে টিউন করবেন, তখনই আপনি রেডিও ফুর্তির সাথে সংযুক্ত হবেন। তাহলে দেখা যাচ্ছে Channel একটি অর্থ হলো- সংযুক্তকারী পথ। খেয়াল করে দেখুন- Channel মানে একটি নির্দিষ্ট সুরু পথ বা সুনির্দিষ্ট কিছু। এখন মনে রাখতে হবে যে, Channel এর আরেকটি সেকেন্ডারি মিনিং হলো, "নির্দিষ্ট কোন কিছু করতে নির্দেশ দেওয়া" এবং আরেকটি হলো- "নির্দিষ্ট কোন পথ অনুসরন করতে বলা"।

১০০১. **Chaste** মূল অর্থ- বিশুদ্ধ এবং অলংকৃত নয়; যৌনতা থেকে বিরত; সতী।

Synonyms: virginal, virgin, intact, maidenly, maiden. Antonyms: promiscuous.

Mnemonic- ১. Chaste কে Caste এর সাথে মিলিয়ে মনে রাখা সহজ। Caste মানে বর্ন বা জাত। এক Caste এর মানুষের সাথে অন্য Caste এর মানুষের বিয়ে হয়না, কারন বংশধারা বিশুদ্ধ রাখার চেস্টা করা হয়। আর Chaste মানেও বিশুদ্ধ এবং অলংকৃত নয়।

১০০২. **Cherub** মূল অর্থ- একদম চাদেরকনা মার্কা কিউট বাচ্চা; দেবদূত ।

Synonyms: angel, seraph, baby, infant, toddler.

Mnemonic- ১. বাইবেলের ঐতিহ্য অনুসারে Cherub শব্দটিকে ঈশ্বরের অনুচর দেবদূত হিসেবে পাওয়া যায়। তবে এই শব্দটির উৎপত্তি আরও প্রাচীন। এটি মূলত Cherubim শব্দ থেকে এসেছে। ইহুদীদের ধর্মিয় শিক্ষকদের বলা ধর্মীয় লোককাহিনী থেকেই Cherubim শব্দটির উৎপত্তি। Cherub দ্বারা পাখাযুক্ত সুন্দর ও অল্পবয়সী দেবদূত বোঝানো হয়। কোন বাচ্চা দেখতে অনেক সুন্দর হলেও Cherub শব্দটি ব্যাবহিত হয়।

১০০৩. **Chortle** মূল অর্থ- আনন্দের সাথে হাসা।

Synonyms: chuckle, laugh, giggle, titter, tee-hee, snigger; guffaw, cackle. Mnemonic- ১. Chortle কে Chuckle দিয়ে মনে রাখা সহজ। Chuckle মানেও হাসা আর Chortle মানে হাসা। তবে মনে রাখতে হবে Chortle বলতে একদম মৃদু হাসি ও একদম সশব্দে হাসির মাঝামাঝি হাসিকে বোঝানো হয়।

১০০৪. **Churl** মূল অর্থ- রুক্ষ মেজাজের; অভদ্র; বর্বর; চাষা।

Synonyms: Goth, boor, tyke, barbarian, unpleasant person, peasant, tike.

Mnemonic- ১. Churl এর উচ্চারণ চার্ল। চার্ল কে চাল দিয়ে মনে রাখতে পারেন। চালকে চাষা এর সাথে মিলিয়ে নিন। চাষারা চাল উৎপাদন করে। আর Churl এর একটি অর্থ চাষা।এবার চাষার সাথে তুলনা করে সেকেন্ডারি মিনিংগুলো মনে রাখুন।

১০০৫. **Chutzpah** মূল অর্থ- নির্লজ্জতা; দুঃসাহস ।

Scanned by CamScanner

এই শব্দটির অর্থ একদম সঠিক অর্থ নির্লজ্জতা দুঃসাহস বা এই জাতীয় শব্দটি দিয়ে পরিপূর্ণভাবে প্রকাশ করা যায় না। অ্যামেরিকার লেখক লিও রস্টেন এই শব্দটির একদম সঠিক অর্থ বোঝাতে একদম ক্লাসিক একটি উদাহরণ দিয়েছেন। তিনি লিখেছেন- যদি কোন ব্যাক্তি তার নিজের বাবা ও মা'কে খুন করে, আর তারপর আদালতে বিচার হবার অসময় সে এতিম বলে তাকে ক্ষমা করার জন্য অনুরোধ করে তবে এমন নির্লজ্জ ও দুঃসাহসী লোককে Chutzpah বলাটা সঠিক হবে।

Mnemonic- ১. Chutzpah এই শব্দটি ইহুদীদের ইদ্দিস ভাষা থেকে এসেছে। উচ্চারণ করতে হবে "হুটসপা"। হুটসপা= হুট + পা। যে হুট করেই মানুষকে পা দিয়ে লাথি মারে সে'ই হুটসপা বা Chutzpah।

১০০৬. **Cipher** মূল অর্থ- শূন্য; একজন অতি-নগণ্য ব্যক্তি; একটি সংকেত।

Synonyms: zero, nought, nil, nobody, nonentity, code. Antonyms: celebrity.

Mnemonic- ১. Cipher শব্দটির অনেক বড় ইতিহাস। কারন শূন্য ও তার ব্যবহারের ইতিহাস এই শব্দটির সাথে জড়িয়ে আছে। এটির একদম আদি রুট হলো সংস্কৃত শব্দ শূন্য বা sunnya। এই sunnya আরব পণ্ডিতদের নজরে আসলে তারা এটাকে ব্যাবহার করা শুরু করে। তারা এই sunnya কে উচ্চারণ করত sifr। এটা ল্যাটিনে গিয়ে হয়ে যায় cifra। ল্যাটিন cifra থেকেই ইংরেজির Cipher শব্দটি এসেছে। Cipher দ্বারা কোন কোড বা গোপন সংকেত বোঝানো হয়। কম্পিউটার যে সংকেটের সাহায্যে চলে যেখানে শুধু ০ আর ১ থাকে। এর সাথে মিলিয়ে এর দুটি অর্থই মনে রাখতে পারবেন।

১০০৭. **Circumnavigate** মূল অর্থ- পুরো অঞ্চল প্রদক্ষিণ করা; জলপথে সম্পূর্ণ অঞ্চল ঘুরে আসা।
Synonyms: circle, compass.
Mnemonic- ১. Circumnavigate = Circum + navigate. Circum মানে আশেপাশের সবকিছু (যেখানেই Circum দেখবেন এখানে আশেপাশের সবকিছু সম্পর্কে কিছু বোঝানো হচ্ছে) আর navigate মানে জাহাজ বা বিমানে করে যাত্রা করা। তাহলে Circumnavigate মানে দাঁড়াচ্ছে- আশেপাশের পুরো অঞ্চল ঘুরে আসা।

১০০৮. **Citadel** মূল অর্থ- শহর রক্ষাকারী দুর্গ; কেল্লা ; গড়প্রাচীর; আত্মরক্ষার জিনিস ।

Synonyms: fortress, fort, stronghold, fortification, castle, burg.

Mnemonic- ১. Citadel কে Castle এর সাথে মিল রেখে মনে রাখা যায়। Castle মানে দুর্গ বা সুরক্ষিত প্রাসাদ। আর Citadel মানে দুর্গ।

১০০৯. **Clandestine** মূল অর্থ- কোন বিধ্বংসী কাজ করার জন্য লুক্কায়িত বা গোপন কিছু।

Synonyms: secret, covert, furtive, surreptitious. Antonyms: open, above board.

Mnemonic- ১. Clandestine = Clan + destine, Clan/গোত্রের Destiny/ভাগ্য নির্ভর করে Clandestine পরিকল্পনার উপর, অর্থাৎ গোপন পরিকল্পনার উপর। যদি পরিকল্পনা ফাস হয়ে যায় তাহলে ভাগ্যে খারাপ কিছু ঘটার সম্ভাবনা থাকে।

১০১০. **Classic** মূল অর্থ- শীর্ষ গুণসম্পন্ন; কোন কিছুর আদর্শ মান হিসেবে গণ্য করা হয় এমন; ধ্রুপদী।

Synonyms: definitive, authoritative; outstanding, simple, elegant, understated.

Scanned by CamScanner

Mnemonic- ১. আমরা কোন গানগুলোকে Classic গান বলি? উচ্চাঙ্গসঙ্গীত; রবীন্দ্রসঙ্গীত, নজরুল সঙ্গীত ইত্যাদি। আবার বিদেশের বিখ্যাত বইগুলোকে Classic বই বলা হয়। অর্থাৎ সবথেকে ভাল গুনসম্পন্ন কোনকিছুকেই Classic এর মর্যাদা দেওয়া হয়। মনে রাখতে হবে যে- Classic মানেই শীর্ষ গুণসম্পন্ন বা অনুকরণ করার মত ।

১০১১. **Cleave** মূল অর্থ- শক্তভাবে লেগে থাকা; বিভক্ত করা।

Synonyms: split, split open, crack open, stick fast to, adhere strongly to.

Mnemonic- ১. Cleave মানে ভাগ করা বা বিভক্ত করা এটা আমরা সবাই জানি। আর কেউ যদি না জানেন তাহলে Cleave কে Cleavage দিয়ে মনে রাখতে পারেন। আর কেউ যদি এটার অর্থও না জানেন তাহলে Cleavage লিখে গুগলে সার্চ করুন। আশা করি এবার আর জীবনেও ভুলবেন না। যাই হোক, Cleave একটি স্পেশাল শব্দ। কারন এই শব্দটি দুটি বিপরীত অর্থ প্রকাশ করে। লেগে থাকা আর বিভক্ত করা সম্পূর্ণ বিপরীত বিষয়। কিন্তু এটি দ্বারা এই দুটোই বোঝানো হয়। এমন আরও শব্দ আছে যেমন- Last।

১০১২. **Climatic** মূল অর্থ- জলবায়ু সম্পর্কিত।

Synonyms: relating to climate.

Mnemonic- ১. এই শব্দটি Climate এর সাথে সম্পর্কিত। Climate মানে জলবায়ু । আর Climatic মানে জলবায়ু সম্পর্কিত। Climatic এর সাথে Climactic কে গুলিয়ে ফেললে চলবে না। Climactic মানে কোন ঘটনা বা সিনেমার ক্লাইম্যাক্স সম্পর্কিত।

১০১৩. **Cloister** মূল অর্থ- দেয়াল আচ্ছাদিত কোন নির্জন স্থান; মঠ; সন্ন্যাসীদের আশ্রম।
Synonyms: walkway, covered walk, corridor, abbey, monastery, friary.
Mnemonic- ১. Cloister = Closed structure , Cloister কে Closed structure দিয়ে মনে রাখা সহজ। কারন এই শব্দটি দ্বারা চারিদিকে structure দেওয়া একটা Closed/বদ্ধ এবং শান্ত স্থানকে বোঝানো হয়।

১০১৪. **Clone** মূল অর্থ- একদম হুবহু নকল; দেখতে একই রকম কোন প্রাণী বা বস্তু।

Synonyms: double, look-alike, dead ringer, copy .

Mnemonic- ১. Clone মোবাইল থেকে এটাকে মনে রাখা সহজ। বাজারে স্যামসাং বা আইফোনের ক্লোন পাওয়া যায়। এগুলো দেখতে একদম আসল আইফোন মত। তবে Clone শব্দটি জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ বেশি ব্যাবহিত হয়। কোন প্রাণীর DNA থেকে হুবহু আরেকটিও প্রাণী তৈরি করাকে Clone প্রাণী বলা হয়। আর এই পক্রিয়াকে Cloning বলা হয়।

১০১৫. **Clout** মূল অর্থ- মাথায় টোকা দেওয়া ; গাট্টা মারা; প্রভাব ।

Synonyms: smack, slap, thump, punch, influence, power, pull.

Mnemonic- ১. Clout কে Cloud এর সাথে মিলিয়ে মনে রাখা যায়। Clout আর Cloud দেখতে অনেকটা একই রকম। Clout মানে প্রভাব থাকা। আর Cloud বা মেঘের বেশ বিস্তৃত এলাকা জুরে একটা প্রভাবে থাকে।

Scanned by CamScanner

আর প্রভাব থাকার সাথে মাথায় গাট্টা মারার একটা সম্পর্ক তো আছে। প্রভাব খাটাতে হলে মাঝে মাঝে দু একটা গাট্টা মারতেই হয়।

১০১৬. **Cloy** মূল অর্থ- কোন কিছু বেশি হয়ে যাবার কারনে বিতৃষ্ণা বধা করা; বেশি মিষ্টি খেয়ে ফেলার ফলে মিষ্টির প্রতি বিতৃষ্ণা বোধ করা।

Synonyms: sickly sweet, sugary, syrupy, saccharine, honeyed, oversweet.

Mnemonic- ১. Cloy এর সাথে Ploy কে মিলিয়ে নিন। Ploy মানে চাকরি। কেউ যদি নতুন চাকরি পায় তখন মানুষকে মিষ্টি খাওয়ায়। আর বেশি মিষ্টি খেলে যেটা হয় সেটাকেই Cloy বলে।

১০১৭. **Coddle** মূল অর্থ- বেশি আদর করা; বাচ্চাদের অতিরিক্ত/অসংযত/জড়াজড়ি করে আদর করা।

Synonyms: pamper, cosset, mollycoddle. Antonyms: neglect.

Mnemonic- ১. Coddle কে Cuddle দিয়ে সহজেই মনে রাখা যায়। দুটির অর্থই আদর করা। Coddle কে Coddalu দিয়েও মনে রাখতে পারেন। তেলেগু ভাষায়- Coddalu মানে শ্যালিকা। আর শ্যালিকা বা Coddalu দের সবাই Coddle করে।

১০১৮. **Cogitate** মূল অর্থ- চিন্তা করা; ধ্যান করা; কোন কিছু নিয়ে সতর্কতার সাথে চিন্তা করা।

Synonyms: think (about), contemplate, conside, review, study.

Mnemonic- ১. Cogitate কে Agitate এর সাথে মিলিয়ে মনে রাখা যায়। Agitate মানে আন্দোলিত করা বা নাড়া দেওয়া। মস্তিস্ককে Agitate করা মানেই Cogitate করা। Cogitate শব্দটি মূলত Cognition শব্দটির সাথে সম্পর্কিত। Cognition মানে জ্ঞান বা চেতনা। Cogitate হলো Cognition কে কাজে লাগানো ।

১০১৯. **Cohort** মূল অর্থ- দল; যুদ্ধের সৈন্যদল।

Synonyms: unit, outfit, force; army, group, corps, division.

Mnemonic- ১. প্রাচীন রোমে কয়েকশত সেনা নিয়ে গঠিত দলকে Cohort বলা হত। তবে আধুনিককালে প্রগতিশীলরা শব্দটিকে এই অর্থে ব্যাবহার করতে চান না। এটিকে মনে রাখার জন্য- Cohort = Co + horsel hort এর সাথে horse কে মিলিয়ে নিন। প্রাচীনকালে মানুষ যখন দল বেধে যুদ্ধে অংশ নিত তখন তারা horse ব্যাবহার করত। Co(সহ) + horse কে- " একদল ঘোড়ায় চড়া সহযোদ্ধা" হিসেবে মনে রাখুন।

১০২০. **Commemorate** মূল অর্থ- কারো সম্মান হিসেবে তার স্মৃতিস্মরণ করা ; স্মৃতিস্বরূপ কিছু করা।

Synonyms: celebrate, pay tribute to, pay homage to, honour, salute, toast.

অনেক সময় বিশেষ ব্যাক্তিদের সম্মানে কোন বিল্ডিং বা বিশ্ববিদ্যালয়ে নামকরন করা হয়। আবার অনেক সময় কোন সংস্থার সম্মানে তাদের লোগোতে ব্যাবহার করা রঙ ব্যাবহার করা হয়। এগুলোকে Commemorate বলা যায়।

Mnemonic- ১. এই শব্দটি memory এর সাথে সম্পর্কিত। Commemorate এর মধ্যে memory শব্দটি খুজে পেয়েছেন তো ? তাহলেই এটাকে মনে রাখতে পারবেন।

Scanned by CamScanner

১০২১. **Commiserate** মূল অর্থ- সহানুভূতি দেখানো; সহমর্মি হিসেবে দুঃখ প্রকাশ করা; সহমর্মিতা দেখানো।

Synonyms: offer sympathy to, be sympathetic to, express sympathy for.

Mnemonic- ১. Commiserate= Co + misery + ate । উপরের শব্দটির মত Commiserate এর মধ্যে misery খুজে বের করুন। misery মানে দুর্দশা। কারো দুর্দশায়, তার সাথে থাকাটাই Commiserate করা ।

১০২২. **Commodious** মূল অর্থ- প্রশস্ত; আরামদায়ক ।

Synonyms: roomy, capacious, spacious, ample. Antonyms: cramped.

Mnemonic- ১. Commodious কে Commode দিয়ে মনে রাখা সহজ। সাধারণ টয়লেট থেকে Commode যুক্ত টয়লেট বেশি আরামদায়ক। আর Commodious মানে প্রশস্ত ও আরামদায়ক।

১০২৩. **Compatible** মূল অর্থ- সামঞ্জস্যপূর্ণ; কাজ করা,বাস করা ইত্যাদির উপযুক্ত; সুস্থিত ।

Synonyms: well suited, suited, well matched. Antonyms: incompatible.

দুটি লোকের মতামত যদি মিলে যায় বা সামঞ্জস্যপূর্ণ হয় তবে তারা একত্রে কাজ করতে পারে। এই সামঞ্জস্য থাকার কারনে দুটি লোককে একজনের সাথে অন্যজনকে Compatible বলা হয়।

Mnemonic- ১. Compatible = Compare able। Compare মানে তুলনা করা। যখন দুটি জিনিস Compare করে মিল পাওয়া যায় তখন সেটাকে Compatible বা সামঞ্জস্যপূর্ণ বলা যায়।

১০২৪. **Competent** মূল অর্থ- উপযুক্ত; সক্ষম ।

Synonyms: capable, able, proficient, adept. Antonyms: incompetent.

Mnemonic- ১. Competent আর Compatible এর সাথে বেশ শক্ত সংযোগ রয়েছে। কোনকিছু যদি Compatible বা সামঞ্জস্যপূর্ণ হয় তবে সেটাকে Competent বা উপযুক্ত বলা যায়। এমনকি অনেক ক্ষেত্রে এই দুটি শব্দ দ্বারা একই অর্থ প্রকাশ পেতে পারে।

১০২৫. **Compile** মূল অর্থ- একত্র করা; সংকলন করা; বিভিন্ন লেখা বা তথ্য একটি বইতে একত্র করা ।

Synonyms: assemble, put together, make up, collate, compose, marshal.

Mnemonic- ১. Compile শব্দটি Pile এর সাথে সম্পর্কিত। pile মানে গাদা করা বা একটির উপর আরেকটি রাখা। আর Compile মানে অনেক ইনফরমেশন বা লেখা একত্র করা। pile এর সাথে মিল রেখে Compile কে মনে রাখুন।

১০২৬. **Comply** মূল অর্থ- সম্মত হওয়া; কোন শর্ত অনুযায়ী রাজী হওয়া; রাজী হওয়া।

Synonyms: abide by, act in accordance with, observe. Antonyms: ignore.

Mnemonic- ১. Comply কে Compatible এর সাথে মিল রেখে মনে রাখা সহজ। কোন কিছু যখন Compatible বা সামঞ্জস্যপূর্ণ হয় তখন মানুষ কোন কিছুর করতে Comply বা সম্মত হয়।

১০২৭. **Composed** মূল অর্থ- স্থির; শান্ত ।

Scanned by CamScanner

Synonyms: calm, cool, as cool as a cucumber. Antonyms: excited.

Mnemonic- ১. Compose থেকেই Composed শব্দটি এসেছে। কোন কিছু Compose করা মানে লিখা বা গ্রন্থিত করা। এর আরেকটি অর্থ হলো- মীমাংসা করা(সেকেন্ডারি মিনিং)। যদি কোন কিছু মীমাংসা করা হয় তবে সেটাকে স্থির বলা যায়। স্থির এবং শান্ত বেশ কাছকাছি অর্থ। মনে রাখতে হবে- যা Compose করা হয়ে যায়, তা মীমাংসা করা হয়ে যায়। আর মীমাংসা করা কোন বিষয় স্থির বা সুস্থিত হয়।

১০২৮. **Compromise** মূল অর্থ- আপোষ করা; ছাড় দেওয়া ।

Synonyms: agreement, understanding, settlement. Antonyms: intransigence.

Mnemonic- ১. গার্লফ্রেন্ড আর বয়ফ্রেন্ডের মাঝে ঝগড়া হলে বন্ধুরা Compromise করার পরামর্শ দেয়। অর্থাৎ নিজেদের মধ্যে আপোষ করে নিতে বলে। অন্যভাবে বললে বলা যায়- উভয় পক্ষকেই কিছু বিষয়ে ছাড় দিতে বলে।

১০২৯. **Compunction** মূল অর্থ- অনুশুচনা; বিবেকের দংশন ।

Synonyms: scruples, misgivings, qualms, worries, unease, uneasiness.

Mnemonic- ১. Compunction = Come + puncture , যখন আমাদের খারাপ কাজগুলো puncture হয়ে যায়- তখন আমাদের অনুশুচনা হয়। অর্থাৎ খারাপ কাজ-> come puncture = Compunction । আর Compunction মানেও অনুশুচনা ।

১০৩০. **Concave** মূল অর্থ- অবতল; ভেতরের দিকে বাকা ।

Synonyms: curved inwards, hollow, hollowed out. Antonyms: convex.

Mnemonic- ১. আমরা বিজ্ঞান বইতে উত্তল লেন্স ও অবতল লেন্স পড়েছিলাম। উত্তল লেন্স ভাইরের দিকে বাকা থাকে আর অবতল লেন্স ভেতরের দিকে বাকা থাকে। Concave মানে উত্তল, convex মানে অবতল। এই দুটিকে একত্রে মনে রাখা সহজ। Concave মধ্য থেকে cave দিয়ে Concave কে সহজেই মনে রাখতে পারেবেন। cave বা গুহা দেখতে কেমন? ভেতরের দিকে বেকে গেছে। ফলে Concave মানে অবতল বা ভেতরের দিকে বাকা।

১০৩১. **Concede** মূল অর্থ- কোন কিছু সত্য বলে স্বীকার করা; মেনে নেওয়া।

Synonyms: admit, acknowledge, accept, allow. Antonyms: deny.

Mnemonic- ১. Concede কে Confess দিয়ে মনে রাখা যায়। Concede মানে কোন কিছু সত্য বলে স্বীকার করা আর Confess কোন সত্য কিছু নিজে থেকেই স্বীকার করা।

১০৩২. **Concentric** মূল অর্থ- সমকেন্দ্রিক; একই কেন্দ্র বিশিষ্ট।

Synonyms: coaxal, homocentric, coaxial. Antonyms: eccentric.

Mnemonic- ১. Concentric = Con + centric, Con মানে একই আর centric মানে center বা কেন্দ্র(center ও centre দুটোর মানেই কেন্দ্র)। অর্থাৎ একই কেন্দ্র বিশিষ্ট। আমাদের সৌরজগতের গ্রহগুলো Concentric, অর্থাৎ এগুলো সবাই একই সুর্যকে কেন্দ্র করে ঘুরছে।

১০৩৩. **Concert** মূল অর্থ- সম্মিলিত প্রচেষ্টা; চুক্তি ।

Scanned by CamScanner

Synonyms: joint action, agreement or harmony. Antonyms: disagree.

Mnemonic- ১. Concert এর একটি অর্থ আমরা সবাই জানি। Concert মানে উন্মুক্ত সঙ্গীতানুষ্ঠান। এই অর্থটি দিয়ে আমরা পরের অর্থগুলো মনে রাখতে পারি। Concert এ সাধারনত অনেক শিল্পী একই স্টেজে গান গায়। অর্থাৎ Concert অনুষ্ঠানটি একটি সম্মিলিত প্রচেষ্টা। আর Concert এর আরেকটি অর্থ হলো- সম্মিলিত প্রচেষ্টা। এর আরকটি অর্থ হলো- "চুক্তি" । কোনকিছু নিয়ে চুক্তি করাটাও কিন্তু একটি সম্মিলিত প্রচেষ্টা ।

১০৩৪. **Concoct** মূল অর্থ- কয়েকটি জিনিস মিশ্রিত করে তৈরি করা; উদ্ভাবন করা ।

Synonyms: make up, prepare, fabricate, invent, contrive.

Mnemonic- ১. Concoct= Con + coct , con মানে একত্রে, আর coct মানে cocktail। যখন ককটেইল বানায় তখন কিভাবে বানায়? অনেকগুলো মদ একত্র করে ককটেইল তৈরি করে মজা করে খাওয়া হয়। অনেকে আবার সিরাপ, ট্যাবলেট, মধু, জুস একত্র করে ককটেল তৈরি করে। তাহলে এখন নিশ্চই Concoct মানে কি বুঝতেই পারছেন। একত্রে অনেককিছু মিশ্রিত করে তৈরি করা।

১০৩৫. **Concomitant** মূল অর্থ- সহগামী; সহচারী।

Synonyms: attendant, accompanying, associated. Antonyms: unrelated.

Mnemonic- ১. Concomitant = Con + comitant , Con মানে একত্রে আর comitant=commitment বা প্রতিশ্রুতি দেওয়া। দুইজন মানুষ যখন একত্রে চলার প্রতিশ্রুতি দেয়, অর্থাৎ একত্রে commitment করে, তখন তাদের সহগামী বলা হয়। আর Concomitant মানে- সহগামী বা সহচারী।

১০৩৬. **Confederate** মূল অর্থ- মিত্র; সন্ধিসুত্রে আবদ্ধ ।

Synonyms: federal, confederated, federated, allied, associate, partner.

Mnemonic- ১. Confederate = Con + federate, Con মানে একত্রে , আর federate= federal, federal/ফেডারেল মানে যুক্তরাষ্ট্র। যখন অনেকগুলো রাষ্ট্র সন্ধি করে একই রাষ্ট্র হিসেবে থাকে তখন সেই রাষ্ট্রকে ফেডারেল বলে। যেমন- আমেরিকা একটি ফেডারেল রাষ্ট্র। তাহলে Confederate মানে একত্রে federal গঠন করে থাকা। বা সন্ধিসুত্রে আবদ্ধ থাকা। আর সন্ধিসুত্রে আবদ্ধ রাষ্ট্র তো অবশ্যই মিত্র হবে। ফলে, Confederate = মিত্র ।

১০৩৭. **Confer** মূল অর্থ- ধারণা বিনিময় করা; পরামর্শ করা; অর্পণ করা বা দান করা।

Synonyms: bestow on, grant to, consult. Antonyms: withhold.

Mnemonic- ১. Confer কে খুব সহজেই Conference দিয়ে মনে রাখা যায়। Conference এ দিয়ে মানুষ কি করে? ধারণা বিনিময় করে। আর Confer মানেও ধারণা বিনিময় করা/পরামর্শ করা। এর আরেকটি অর্থ হলো দান করা বা অর্পণ করা।

১০৩৮. **Confidant** মূল অর্থ- যার সাথে গোপন চিন্তা শেয়ার করা যায়; বিশ্বস্ত; সখা।

Synonyms: close friend, bosom friend, best friend, close associate, companion.

Scanned by CamScanner

Mnemonic- ১. Confident কে দিয়ে সহজেই Confidant কে মনে রাখা যায়। Confident মানে আত্মবিশ্বাস বা নিজের প্রতি বিশ্বাস । আর Confidant মানে অন্যের প্রতি বিশ্বাস । মনে রাখতে হবে- শুধু a এর স্থানে e হয়ে নিজে বিশ্বাস অন্যের কাছে চলে যাবে।

১০৩৯. **Configuration** মূল অর্থ- সজ্জা; অবস্থা; রূপরেখা।

Synonyms: arrangement, layout, outline, silhouette, structure, format.

Mnemonic- ১. আমরা কোনকিছু কিনতে গেলে জিজ্ঞেস করি- " আচ্ছা এটার Configuration কেমন? " অর্থাৎ জিনিসটা আসলে কেমন অবস্থায় আছে সেটা জানতে চাই। Configuration মানে অবস্থা । সেটা কেমন অবস্থায় আছে, ভাল না খারাপ, তাছাড়া তার ভেতরের জিনিসগুলো কিভাবে সজ্জিত আছে। অর্থাৎ Configuration দ্বারা এগুলোর সবকিছুই বোঝানো হয়।

১০৪০. **Conflagration** মূল অর্থ- বড় ধরনের অগ্নিকাণ্ড ।

Synonyms: fire, blaze, flames, inferno, firestorm, holocaust.

Mnemonic- ১. Conflagration = Con flag ration , শব্দটির মাঝে flag রয়েছে। flag মানে পতাকা। কখনো কোন দুর্ঘটনা ঘটলে তখন আমরা লাল পতাকা উড়িয়ে বিপদ সম্পর্কে জানিয়ে দেই। Con flag মানে একত্রে যখন অনেক পতাকা উড়িয়ে বিপদ সংকেত দেওয়া হবে তখন বুঝতে হবে যে বড় কোন দুর্ঘটনা ঘটেছে। আর Conflagration মানে- বড় কোন অগ্নিকাণ্ড। flag শব্দটিকে বিপদসংকেত হিসেবে মনে রাখলেই Conflagration মনে রাখা যায়।

১০৪১. **Confluence** মূল অর্থ- একত্রে বয়ে যাওয়া; জনতার ঢেউ।

Synonyms: convergence, meeting, junction, conflux, watersmeet; sangam.

Mnemonic- ১. Confluence = Con flow nce এভাবে মনে রাখুন(শব্দগঠনের নিয়মের কারনে অনেক সময় বানান একটু পরিবর্তন হয়ে যায়) , con মানে একত্রে আর flow মানে বয়ে যাওয়া। তাহলে Confluence মানে দাঁড়াচ্ছে- একত্রে বয়ে যাওয়া। এর আরেকটিও অর্থ হলো- জনতার ঢেউ। অনেক লোক যখন একত্রে চলতে থাকে তখন সেটাকে পানি বয়ে চলার মতই মনে হয়। আর এজন্যই একে ঢেউয়ের সাথে তুলনা করা হয়।

১০৪২. **Confound** মূল অর্থ- হতবুদ্ধি করা; বিভ্রান্ত করা; বিস্মিত করা।

Synonyms: amaze, astonish, dumbfound, stagger, surprise, startle, stun.

Mnemonic- ১. Confound= Confusion found – এভাবে মনে রাখা সহজ। Confusion মানে বিভ্রান্তি। আর Confound মানে বিভ্রান্ত করা বা হতবুদ্ধি করা ।

১০৪৩. **Congeal** মূল অর্থ- একত্রিত হওয়া; জমাট বাধা; মোরব্বার মত আঠালো হওয়া।

Synonyms: coagulate, clot, cake, set, solidify. Antonyms: soften, liquefy.

Mnemonic- ১. Congeal = Con + gel , gel বা jelly শুনলেই আমাদের কাছে জমাট বাধা আঠালো কোনকিছুর কথা মনে হয়। আর Congeal মানেও জমাট বাধা, মোরব্বার মত আঠালো হওয়াকে বোঝানো হয়।

Scanned by CamScanner

১০৪৪. **Conjugal** মূল অর্থ- বিবাহ সম্পর্কিত।

Synonyms: marital, matrimonial, nuptial, wedded, connubial, bridal.

Mnemonic- ১. Conjugal = Con + jugal I jugal = যুগল । প্রেমিক প্রেমিকা যখন একত্রে থাকে তখন তাকে যুগল বলা হয়। হিন্দুরা বলে- "রাধা কৃষ্ণের যুগল মূর্তি" I যুগল বা কাপলরা তো এক সময় বিয়ে করবেই। তাই Conjugal দেখেই বুঝে নিতে হবে যে এটা দ্বারা বিবাহ সম্পর্কিত কিছু বোঝাচ্ছে।

১০৪৫. **Connive** মূল অর্থ- চক্রান্ত করা; কারো অজ্ঞতার সুযোগ নিয়ে তাকে ভুল পথে পরিচালিত করা।

Synonyms: scheming, plotting, colluding, cunning, crafty. Antonyms: condemn.

Mnemonic- ১. Connive কে Conspire দিয়ে মনে রাখা সহজ। Connive মানে চক্রান্ত করা, আর Conspire মানেও চক্রান্ত করা বা কারো অজ্ঞতার সুযোগ নিয়ে তাকে ভুল পথে পরিচালিত করা।

১০৪৬. **Conservatory** মূল অর্থ- গাছপালা রক্ষা করার জন্য কাচের ঘর; গ্রিনহাউজ; সঙ্গীতের বিদ্যালয়।

Synonyms: greenhouse, glasshouse; conservatoire, music school.

Mnemonic- ১. Conservatory এর রুট বা মূল অংশ হলো- Conserve. Conserve মানে সংরক্ষন করা। আর আমরা যদি স্বাভাবিকভাবে ভাবি তাহলে Conservatory মানে দাঁড়াবে- যেখানে সংরক্ষন করা হয়। আর Conservatory মানে হলো- "গাছপালা রক্ষা করার জন্য কাচের ঘর"।

১০৪৭. **Consign** মূল অর্থ- হস্তান্তর করা; দায়িত্ব অর্পন করা; গচ্ছিত রাখা।

Synonyms: assign, allocate, place, put, entrust, grant, remit, hand down.

Mnemonic- ১. Consign= Con + sign , আমরা জানি con মানে একত্রে, আর sign মানে স্বাক্ষর করা। যখন কেউ কোন কিছু কারো কাছে হস্তান্তর করে তখন আগের মালিকরা সবাই একত্রে স্বাক্ষর করে তার দায়িত্ব অন্য জনের হাতে অর্পণ করে। আর Consign মানেও তাই- "হস্তান্তর করা; দায়িত্ব অর্পন করা; গচ্ছিত রাখা" ।

১০৪৮. **Consolidate** মূল অর্থ- একত্র করা; ঘনীভূত করা; শক্তিশালী করা I

Synonyms: combine, unite, merge, strengthen. Antonyms: segregate.

Mnemonic- ১. Consolidate = Con + solid + ate , Con মানে একত্রে করা, solid মানে কঠিন বা শক্ত বস্তু। আর Consolidate বলতে মূলত – একত্রিত করে শক্তিশালী করাকেই বোঝানো হয়।

১০৪৯. **Conspicuous** মূল অর্থ- সহজেই দেখা যায় এমন; সুস্পষ্ট; দৃষ্টি আকর্ষণীয়; বাদ যাওয়া সম্ভব নয়।

Synonyms: easily seen, clear, visible, clearly visible. Antonyms: inconspicuous.

Mnemonic- ১. Conspicuous = Cons + pic+ u+ us , ভেঙ্গে ফেলার পর মনে রাখাতে সুবিধা হবে । এই - pic u us টুকু মনে রাখলেই চলবে। pic u us – থেকে বোঝা যায় এটা দ্বারা তোলার মত কিছু বোঝানো হচ্ছে। যা স্পষ্ট দেখা যায় , তাকেই আমরা ছবি তুলতে পারি। আর Conspicuous মানেও সুস্পষ্ট কোনকিছু ।

১০৫০. **Consternation** মূল অর্থ- হঠাৎ বিভ্রান্তি; আতঙ্ক।

Scanned by CamScanner

Synonyms: dismay, perturbation, anxiety, distress. Antonyms: satisfaction.

Mnemonic- ১.Consternation-> Conster nation, Conster শুনতে অনেকটা Monster এর মত। Monster মানে দৈত্য। ধরুন আপনি Mnemonicসের বইটি পড়া শেষ করে মাত্র উঠতে যাবেন, এমন সময় আপনার ঘরে একটি দৈত্যের আবির্ভাব ঘটল তাহলে কি হবে? আপনি আতঙ্কের মাঝে পরে যাবেন। তাহলে Monster দিয়ে Conster মনে রাখলেই Consternation মনে রাখা যাবে।

১০৫১. **Constituency** মূল অর্থ- রাজনৈতিক নেতাদের সমর্থক ; সমর্থকবৃন্দ ।

Synonyms: a group of people with shared interests or political opinions.

Mnemonic- ১. Constitute, Constitution, Constituency এই শব্দগুলো পরস্পর সম্পর্কযুক্ত । Constitute মানে গঠন করা, Constitution মানে সংবিধান আর Constituency মানে রাজনৈতিক নেতাদের সমর্থকবিন্দ । Constituency বা নির্বাচকমণ্ডলী নির্বাচনের মাধ্যমে Constitution বা সংবিধান গঠন করে/Constitute করে।

১০৫২. **Contempt** মূল অর্থ- অবজ্ঞা করা; মর্যাদাহানী করা; ঘৃণা করা।

Synonyms: scorn, disdain, disrespect, deprecation. Antonyms: respect.

Mnemonic- ১. Contempt কে Temper এর সাথে সম্পর্কযুক্ত করে মনে রাখা যায়। যখন মানুষের Temper/মেজাজ খারাপ হয়ে যায় তখন সে সবাইকে Contempt/অবজ্ঞা করে কথা বলে । আর Contempt এর অর্থ হলো- অবজ্ঞা করা বা মর্যাদাহানী করা ।

১০৫৩. **Continuum** মূল অর্থ- একটি সম্পূর্ণ জিনিসের অনেকগুলো অংশ, কিন্তু একটি অংশ আরেকটি অংশের সাথে এত মসৃণভাবে মিশে আছে যে, তাদের আর আলাদা অংশ হিসেবে বোঝা যায় না।

Synonyms: a continuous sequence in which adjacent elements are not perceptibly different from each other, but the extremes are quite distinct.

আলোর বর্নালী খেয়াল করলে দেখবেন- লাল আলো দিয়ে শুরু হয়েছে আর বেগুনী আলো দিয়ে শেষ হয়েছে। এর মাঝে আরও ৫ টি রঙ রয়েছে। কিন্তু লাল আলো এত মসৃণভাবে কমলা রঙের সাথে মিশে আছে যে, ঠিক কোথায় লাল শেষ হয়ে কমলা শুরু হয়েছে সেটা বোঝা যায় না।

Mnemonic- ১. Continuum কে Continuous সাথে মিলিয়ে মনে রাখা সহজ। কারন Continuum মানে হলো- "a continuous sequence"। কিন্তু এখানে আমাদের মনে রাখতে হবে যে , এক্ষেত্রে এই sequence এর একটি উপাদানের সাথে অন্যটির স্পষ্ট পার্থক্য করা যায় না।

১০৫৪. **Contraband** মূল অর্থ- চোরা চালানের জিনিস; নিষিদ্ধ দ্রব্য।

Synonyms: smuggled, black-market, bootleg, bootlegged. Antonyms:legal.

Mnemonic- ১. Contraband কে ভেঙ্গে ফেলুন-> Contraband = Contra brand , Contra মানে বিরুদ্ধে। আর brand মানে কোন পণ্য বা "পণ্যচিহ্ন" । মনে রাখতে হবে- যে brand এর পণ্যের বিরুদ্ধে(Contra) অভিযোগ আছে সেটাকেই Contraband বা নিষিদ্ধ দ্রব্য বলা হয়।

Scanned by CamScanner

১০৫৫. **Contretemps** মূল অর্থ- অপ্রত্যাশিত দুর্ঘটনা; অপ্রত্যাশিতভাবে কারো সাথে ঝগড়া বা মতপার্থক্য।

Synonyms: mishap, misadventure, accident, mischance.

Mnemonic- ১. Contretemps কে ভেঙ্গে ফেলুন-> Contretemps = Contre + temps, Contretemps শব্দটি ফ্রেন্স ভাষার "Contre" এবং "temps" এর সমন্বয়ে গঠিত হয়েছে। Contre মানে against বা বিরুদ্ধ আর temps মানে time বা সময়। অর্থাৎ Contretemps মানে- যে সময় আমাদের বিরুদ্ধে গেছে। কোন অপ্রত্যাশিত দুর্ঘটনা ঘটলে আমরা বলি যে- "সময় আমাদের বিরুদ্ধে চলে গেছে" । তাহলে Contretemps মানে দাঁড়াচ্ছে- অপ্রত্যাশিত দুর্ঘটনা।

১০৫৬. **Contumely** মূল অর্থ- ঔদ্ধত্য; কর্কশ ব্যাবহার; দাম্ভিকতা।

Synonyms: abuse, insults, slurs, aspersions, derision. Antonyms: compliments.

Mnemonic- ১. Contumely কে ভেঙ্গে ফেলুন-> Contumely = Con tume? হিন্দিতে- "কন তুম?" মানে- তুমি কে? আমরা যখন আরও সাথে ঔদ্ধত্য প্রকাশ করি বা কর্কশ ব্যাবহার করি তখন মাঝে মাঝেই বলে ফেলি- " তুমি কে, হ্যাঁ ? "। মনে রাখতে হবে- এই ধরনের কথা আমরা তখনই বলি, যখন কারো সাথে কর্কশ ব্যাবহার করা করি। আর Contumely শব্দের অর্থ হলো- ঔদ্ধত্য; কর্কশ ব্যাবহার; দাম্ভিকতা।

১০৫৭. **Conundrum** মূল অর্থ- ধাঁধা; সমাধানবিহীন সমস্যা; হতবুদ্ধিকর সমস্যা ।

Synonyms: riddle, puzzle, vexed question, quandary, dilemma.

Mnemonic- ১. Conundrum কে Dilemma এর সাথে মিল রেখে মনে রাখতে পারেন। Dilemma মানে উভয় সংকট বা হতবুদ্ধিকর সমস্যা। আর Conundrum মানে ধাঁধা; সমাধানবিহীন সমস্যা; হতবুদ্ধিকর সমস্যা।

১০৫৮. **Convene** মূল অর্থ- সমবেত হওয়া; একত্রিত হওয়া; দেখা করা।

Synonyms: summon, call, hold; formal convoke. Antonyms: disperse.

Mnemonic- ১. আমরা সবাই Convention Hall বা সম্মেলন কক্ষের সাথে পরিচিত। Convention Hall এ সম্মেলন হয়। তাহলে Convention মানে হলো সম্মেলন। সম্মেলনের সময় সবাই একত্রিত হয় । মূলত Convene থেকেই Convention শব্দটি এসেছে। Convention মানে সম্মেলন আর Convene মানে সমবেত হওয়া।

১০৫৯. **Conversant** মূল অর্থ- পরিচিত; জানাশোনা।

Synonyms: familiar with, acquainted with, au fait with. Antonyms: ignorant of.

Mnemonic- ১. আমরা সবাই Conversation শব্দটির সাথে পরিচিত। Conversation মানে কথোপকথন। Conversant শব্দটি Conversation এর সাথে সরাসরি সম্পর্কিত। যার সাথে আপনার Conversation হয়েছে তাকে Conversant বলা হয়। অর্থাৎ যার সাথে আপনার কথোপকথন হয়েছে তাকেই তো আপনি পরিচিত বলবেন তাই না ? তাহলে Conversant মানে- পরিচিত বা জানাশোনা ।

১০৬০. **Converse** মূল অর্থ- বিপরীত; প্রতিপক্ষ।

Scanned by CamScanner

Synonyms: opposite, reverse, obverse, inverse. Antonyms: advocate.

Mnemonic- ১. Converse কে Adverse এর সাথে মিল রেখে মনে রাখতে পারেন। Converse মানেও বিপরীত আর Adverse মানেও বিপরীত। Converse, Adverse, Reverse এই তিনটি দ্বারাই বিপরীত বোঝানো হয়। তাই এই তিনটিকেই একসাথে মিলিয়ে নিন।

১০৬১. **Convey** মূল অর্থ- বহন করা; যোগাযোগ করা।

Synonyms: transport, carry, bring, take, fetch, bear, move, ferry, shuttle.

Mnemonic- ১. Conveyor দিয়ে Convey কে মনে রাখা সহজ। আমরা জানি- Conveyor মানে বহনকারী। তাহলে Convey মানে হবে বহন করা। মনে রাখার জন্য Carrier = Conveyor , Convey=Carry এভাবেও মনে রাখতে পারেন।

১০৬২. **Conviction** মূল অর্থ- শক্ত বিশ্বাস; অপরাধের জন্য দৃঢ় সংকল্প ।

Synonyms: belief, opinion, view, thought. Antonyms: uncertainty.

Mnemonic- ১. বিভিন্ন মুভিতে দেখবেন, আসামীদের Convicted বলা হয়। Convicted মানে অপরাধী। যাদের Conviction বা অপরাধের জন্য দৃঢ় সংকল্প আছে তারাই Convicted হয়। তবে Conviction দ্বারা শুধু অপরাধের জন্য সংকল্প ছাড়াও কোন, "শক্ত বিশ্বাস" - কেও বোঝানো হয়।

১০৬৩. **Convolution** মূল অর্থ- মোচড় বা বাক ।

Synonyms: twist, turn, coil, spiral, twirl. Antonyms: straighten.

Mnemonic- ১. প্রাণীবিজ্ঞান বইয়ের Proximal convoluted tubule এর কথা মনে আছে। এটা হলো আমাদের কিডনিতে অবস্থিত একটি প্যাঁচানো অংশ। এই অংশটির কাজ হলো ফিল্টার করা। convoluted tubule মানে বাঁকানো নালী। অর্থাৎ convoluted অর্থ-"বাঁকানো"। তাহলে Convolution মানে হবে বাকা । এটা থেকে আমরা Convolution এর অর্থ মনে রাখতে পারি।

১০৬৪. **Copious** মূল অর্থ- প্রচুর ।

Synonyms: abundant, superabundant, plentiful, ample. Antonyms: sparse.

Mnemonic-১. Copy -> Copious , আমরা যদি কোন জিনিসকে Copy করি, তাহলে সেটা সংখ্যায় বৃদ্ধি পাবে। ফলে Copy থেকেই Copious শব্দটি মনে রাখা যায়।

১০৬৫. **Cordial** মূল অর্থ- আন্তরিক; করুণাময়; স্নেহপূর্ণ; যত্নবান; আরামদায়ক।

Synonyms: friendly, warm, genial, affable, amiable. Antonyms: unfriendly.

Mnemonic- ১. Cordial কে Cardiac দিয়ে মনে রাখা সহজ। Cardiac মানে হৃদপিণ্ড সম্পর্কিত। হৃদপিণ্ড বা হৃদয়ের সাথেই আন্তরিক, স্নেহ , ভালোবাসা ইত্যাদি জড়িত। আর Cordial অর্থ হলো- আন্তরিক, করুণাময়, স্নেহপূর্ণ ইত্যাদি। তাহলে আমরা Cordial দেখেই প্রথমে Cardiac বা হৃদপিণ্ড সম্পর্কিত কিছু ভেবে নেব।

১০৬৬. **Corollary** মূল অর্থ- কোন কিছুর ফল স্বরূপ ঘটা; একটি ঘটনার ফলে অন্য আরেকটি এমনিতেই ঘটা।

Scanned by CamScanner

Synonyms: consequence, result, upshot, outcome. Antonyms: cause, origin.

Mnemonic- ১. Corollary মানে কোন কিছুর Consequence। মনে রাখার জন্য ভেবে নিন- কেউ যদি বিয়ে করে তাবে তার Corollary তে(ফলস্বরূপ) তাকে মাঝে মাঝেই বউয়ের জন্য Jewellery কিনতে হবে।

১০৬৭. **Corporeal** মূল অর্থ- বস্তুগত; স্পর্শযোগ্য; শরীরের মত; মাংসল।

Synonyms: bodily, fleshly, carnal, corporal. Antonyms: incorporeal.

Mnemonic- ১. Corporeal মানে real বা বাস্তব জিনিস। মূলত Corporeal বলতে আত্মা বা অশরীরী কিছুর ঠিক বিপরীত জিনিসকে বোঝানো হয় । Corpo মানে মাংস আর real বাস্তব। অর্থাৎ Corporeal মানে রক্ত-মাংসের শরীরের মত বাস্তব। যার রক্ত মাংসের শরীর আছে, তাকে আমরা বাস্তব বলি। তাকে স্পর্শ করা যায়। কিন্তু আত্মা হলো অশরীরী কিছু। যাকে স্পর্শ করা যায় না।(এই শব্দটির রুট অনেক প্রাচীন, সংস্কৃত ও ইন্দো-ইউরোপিয় ভাষার kwrpes থেকে Corpo এর উৎপত্তি হয়। আর সেই আদিকালে মানুষ আধিভৌতিক জিনিস বেশি বিশ্বাস করত বলে এসবের সংজ্ঞায়ন প্রয়োজন ছিল খুব গুরুত্বপূর্ণ) ।

১০৬৮. **Correlation** মূল অর্থ- দুটি বা তার বেশি জিনিসের মধ্যে পারস্পারিক সম্পর্ক।

Synonyms: connection, association, link, tie-in, tie-up, relation.

Mnemonic- ১. Correlation কে ভেঙ্গে ফেলুন-> Correlation = Co + relation। co মানে সহ, আর relation মানে সম্পর্ক। তাহলে বুঝতেই পারছেন, Correlation বলতে বিভিন্ন জিনিসের মধ্যে পারস্পারিক সম্পর্কে বোঝানো হচ্ছে।

১০৬৯. **Corrosive** মূল অর্থ- ক্ষয়ে যাওয়া; ক্ষয়কারক; ধ্বংসাত্মক ।

Synonyms: caustic, corroding, eroding, erosive, abrasive, biting.

Mnemonic- ১. Corrosive আর Erosive কে একসাথে মনে রাখুন। এই দুটি শব্দ দেখতে একই রকম। আর এই দুটির অর্থই- ক্ষয়কারক।

১০৭০. **Corrugated** মূল অর্থ- ঢেউ খেলানো; তরঙ্গের মত।

Synonyms: ridged, fluted, channelled, furrowed, grooved. Antonyms: plain.

Mnemonic- ১. Corrugated শব্দটি Rugged এর সাথে সম্পর্কিত। Rugged মানে উঁচুনিচু বা অসমতল। আর Corrugated মানেও ঢেউ খেলানো বা উঁচুনিচু । কেউ যদি Rugged এর সাথ পরিচিত না থাকেন তাহলে Rugg= raff এভাবে মনে রাখতে পারেন।

১০৭১. **Coterie** মূল অর্থ- অন্তরঙ্গ গোষ্ঠী; বন্ধু বা সহযোগীদের দল।

Synonyms: clique, set, circle, inner circle, crowd, in-crowd, gang.

Mnemonic- ১. মনে করে দেখুন- যখন মাইকেল জ্যাকসন মারা যায় তখন অনেক পত্রিকা নিউজ করেছিল- Coterie killed M.J.। অর্থাৎ পত্রিকাগুলো বোঝাতে চেয়েছিল যে- জ্যাকসন অন্তরঙ্গ বন্ধদের কোন ছোট দল মিলেই তাকে হত্যা করেছে। তাহলে- Coterie মানে অন্তরঙ্গ গোষ্ঠী; বন্ধু বা সহযোগীদের দল।

Scanned by CamScanner

১০৭২. **Cower** মূল অর্থ- ভয়ে জড়সড় হওয়া বা গুটিয়ে যাওয়া।

Synonyms: cringe, shrink, crouch, recoil, flinch, pull back.

Mnemonic- ১. আগের দিনের সিনেমায় নায়িকাদের মাঝে মাঝেই নায়ককে বলত- তুমি একটা Cowered। Cowered মানে ভীতু বা কাপুরুষ । আর Cower মানে প্রচুর ভয় পাওয়া বা ভয়ে জড়সড় হওয়া। তাহলে আমরা Cowered দিয়ে সহজেই Cower মনে রাখতে পারি।

১০৭৩. **Crass** মূল অর্থ- একদম অনুভূতিহীন; একদম অপরিশোধিত; মারাত্মক বেকুব।

Synonyms: stupid, insensitive, blundering, dense. Antonyms: intelligent.

Mnemonic- ১. Crass কে সহজেই Gross দিয়ে মনে রাখতে পারেন। Crass মানে অপরিশোধিত আর Gross মানেও অপরিশোধিত। আবার Crass দিয়েও বেকুব বোঝানো হয়, এবং Gross বুদ্ধির মানুষ মানেও বেকুব মানুষ। মূলত বেশিরভাগ ক্ষেত্রেই এই দুটি শব্দ প্রায় একই অর্থ বহন করে।

১০৭৪. **Craven** মূল অর্থ- কাপুরুষ।

Synonyms: contemptibly lacking in courage; cowardly. Antonyms: brave.

Mnemonic- ১. Craven কে Coward এর সাথে মিলিয়ে মনে রাখা যায়। দুটির অর্থই কাপুরুষ।

১০৭৫. **Crescendo** মূল অর্থ- ক্রমাগত শব্দ বৃদ্ধি করতে থাকা; কোনকিছু ক্রমাগত বৃদ্ধি করতে থাকা; ধাপে ধাপে চরম অবস্থার দিকে অগ্রগতি হওয়া।

Synonyms: a gradual increase in loudness/ intensity of. Antonyms: decreasing.

Mnemonic- ১. আমরা সবাই রেড ক্রিসেন্ট / Red Crescent সোসাইটির সাথে পরিচিত। রেড ক্রিসেন্ট সোসাইটির প্রতীকটি নিশ্চই মনে আছে। একটি বাকা লাল রঙের চাঁদ তাই না ? Red মানে লাল আর Crescent মানে বাকা চাঁদ। চাদের কলা। এই Crescent থেকেই Crescendo শব্দটি এসেছে। আমরা সবাই জানি যে- বাকা চাঁদ একদিন যায় আর ধাপে ধাপে বৃদ্ধি পেতে থাকে। আর Crescendo মানে হলো Crescent বা বাকা চাদের মত ধাপে ধাপে বৃদ্ধি পাওয়া।

১০৭৬. **Crestfallen** মূল অর্থ- মনমরা; বিষণ্ণ; আশা ও উদ্যম হারিয়ে ফেলা ।

Synonyms: downhearted, downcast, despondent. Antonyms: cheerful.

Mnemonic- ১. Crestfallen কে ভেঙ্গে ফেলুন-> Crestfallen = Crest fallen । কারো সম্মানার্থে আমরা Crest উপহার দেই। যদি কারো Crest নিপতিত হয়/fallen তবে তার মনমরা বা বিষণ্ণ লাগাটা অস্বাভাবিক না। আর Crestfallen অর্থ হলো- মনমরা; বিষণ্ণ; আশা ও উদ্যম হারিয়ে ফেলা ।

১০৭৭. **Crevice** মূল অর্থ- সুরু ফাক; চিড়; ফাটল ।

Synonyms: crack, fissure, cleft, chink, interstice, cranny, nook.

Mnemonic- ১. Crevice -> Crev -> Cleft । Cleft মানে ফাটল বা চিড় । আর Crevice মানেও সুরু ফাক; চিড়; ফাটল ।

Scanned by CamScanner

১০৭৮. **Cringe** মূল অর্থ- ভয়ে নত হয়ে ফিরে আসা ; কাপুরুষতা করা; অবনত হওয়া।

Synonyms: cower, shrink, draw back, pull back, recoil. Antonyms: brave.

Mnemonic- ১. Cringe কে Syringe দিয়ে মনে রাখুন। ইনজেকশনের Syringe দেখে অনেকেই ভয়ে চিকিসা না নিয়ে ফিরে আসে। Cringe কে Syringe এর সাথে মিলিয়ে মনে রাখুন।

১০৭৯. **Critique** মূল অর্থ- সমালোচনামূলক পর্যালোচনা।

Synonyms: analysis, evaluation, assessment, appraisal, appreciation, review.

Mnemonic- ১. Critique এর সাথে Criticism এর সরাসরি সম্পর্ক রয়েছে। Criticism মানে সমালোচনা করা। কোন Criticism/সমালোচনামূলক লেখাকেই Critique বলা হয়।

১০৮০. **Crux** মূল অর্থ- মূল বিষয়; বিতর্কের মূল বিষয়; জটিল সমস্যা বা জটিল অংশ ।

Synonyms: nub, essence, central point, main point. Antonyms: minor point.

Mnemonic- ১. Crux থেকে শুধু Cru এর দিকে লক্ষ্য করুন। Cru= Crucial I Crucial গুরুত্বপূর্ণ । আর গুরুত্বপূর্ণ বিষয় মানেই মূল বিষয়। আমরা মনে রাখব- Crux মানে Crucial বিষয়।

১০৮১. **Cuisine** মূল অর্থ- রন্ধনপ্রণালি ; কোন দেশের রান্নার প্রণালি।

Synonyms: cooking, cookery, fare, haute cuisine, cordon bleu.

Mnemonic- ১. Cuisine শুনতে অনেকটা Kitchen এর মত। Kitchen মানে রান্নাঘর আর Cuisine মানে কোন দেশের বা এলাকার রান্নার প্রণালি। Cuisine শব্দটিকে Cook এবং Kitchen এর সাথে মিলিয়ে মনে রাখুন।

১০৮২. **Cull** মূল অর্থ- অনেকগুলোর মধ্য থেকে একটি তুলে নেওয়া; তুলে নেওয়া; বাছাই; চয়ন করা।

Synonyms: select, choose, pick, take, obtain, get, glean.

Mnemonic- ১. Cull কে Pull দিয়ে মনে রাখা সহজ। Cull মানে অনেকগুলোর মধ্য থেকে একটি তুলে নেওয়া বা টেনে নেওয়া। আর Pull টানা। মনে রাখতে হবে যে Cull মানে অনেকগুলোর মধ্য থেকে কোন কিছু বাছাই করে টেনে নেওয়া বোঝায়। আর Pull দ্বারা যেকোনো কিছুকেই টানা বোঝায় ।

১০৮৩. **Curb** মূল অর্থ- নিয়ন্ত্রন করা বা বিরত থাকা।

Synonyms: restraint, restriction, check, brake, rein, control, limitation.

Mnemonic- ১. সুন্দরীদের Curve দেখা থেকে Curb নিজেকে করা উচিত।

১০৮৪. **Curmudgeon** মূল অর্থ- কুটিল ও বদমেজাজি লোক।

Synonyms: bad-tempered person; crank; informalcrosspatch, sourpuss.

Scanned by CamScanner

Mnemonic- ১. Curmudgeon কে ভেঙ্গে ফেলুন-> Car mud geon(gone) । আপনার গাড়ি যদি কাদার মধ্যে যায় তবে আপনি হঠাত করেই বদমেজাজি হয়ে যেতে পারেন। আর Curmudgeon মানেও বদমেজাজি লোক।

১০৮৫. **Cursory** মূল অর্থ- দ্রুত এবং খুটিনাটি বিহীন; ত্বরিত ; পৃষ্ঠগত বা বাইরের দিকের ।

Synonyms: perfunctory, desultory, casual, superficial. Antonyms: thorough.

Mnemonic- ১. cursory = Cursor + y , মাউসের cursor খুব দ্রুতগতিতে নড়াচড়া করে। আসলে প্রায় সবসময়ই নড়াচড়া করে। আর এটি কমপিউটারের কোন ভেতরের কাজ করে না, শুধুমাত্র বাহ্যিক কাজকর্ম করে। অর্থাৎ কম্পিউটার মাউসের cursor এমন একটি জিনিস যা সবসময় বাইরের কাজকর্ম করে , খুব দ্রুতগতির । আর cursory অর্থও তাই।

১০৮৬. **Debase** মূল অর্থ- সম্মান/মূল্য কমানো; অধঃপতিত করা; হীন করা।

Synonyms: degrade, devalue, demean. Antonyms: enhance.

Mnemonic- ১. Debase কে ভেঙ্গে ফেলুন-> Debase = De base , De মানে কমানো, আর base মানে ভিত্তি বা মূল্যমান। যদি আমরা কোনকিছুর base খারাপ করে ফেলি তবে সেটার মূল্য কমে যাবে। আর এই বিষয়টি যদি কোন মানুষের ক্ষেত্রে ধরি তাহলে তার সম্মান কমে যাবে। তাহলে Debase মানে সম্মান বা মূল্য কমানো।

১০৮৭. **Debunk** মূল অর্থ- কোনো ব্যক্তি, আদর্শ ইত্যাদির সম্বন্ধে ভ্রান্ত ধারণার অপসারণ করা; স্বরূপ উৎঘাটিত করা; অনাবৃত করা।

Synonyms: explode, deflate, puncture, quash. Antonyms: confirm.

Mnemonic- ১. Debunk কে ভেঙ্গে ফেলুন-> Debunk = De bunk, bunker এর মধ্যে বিভিন্ন জিনিস লুকিয়ে রাখা হয়। হয় অর্থাৎ bunker হলো একটি আচ্ছাদিত জায়গা। তাহলে Debunk করার অর্থ হবে- আচ্ছাদন সরিয়ে দেওয়া। আর Debunk এর অর্থও তাই- অনাবৃত করা।

১০৮৮. **Decree** মূল অর্থ- সরকারী আদেশ; আইন প্রণয়ন করা ।

Synonyms: order, edict, command, commandment, mandate, proclamation.

Mnemonic- ১. আমরা অনেক সময়ই যে সরকার এই বিষয়ে ডিক্রি জারি করেছে। আমাদের দেশ যখন স্বাধীন ছিল না তখন এই কাজটি মাঝে মাঝেই করা হত। তাই যদি মুক্তিযুদ্ধের ইতিহাসের বই পরেন তাহলে ডিক্রি জারি করা কথাটি মঝেই মাঝেই পাবেন। ডিক্রি জারি করা মানে কোন নতুন আইন প্রণয়ন করা। তাহলে Decree মানে- সরকারী আদেশ; আইন প্রণয়ন করা ।

১০৮৯. **Decry** মূল অর্থ- নিচে নামানো; নিন্দা করা; সমালোচনা করা।

Synonyms: denounce, condemn, criticize, censure. Antonyms: praise, overrate.

Scanned by CamScanner

Mnemonic- ১. Decry কে ভেঙ্গে ফেলুন-> Decry = De cry , অর্থাৎ কান্না না করা। কারো উপর রাগ হলে বাচ্চারা তো কেদেঁই সমাধান করে ফেলে। কিন্তু বড়রা তো আর কান্না করতে পারে না, ফলে যার উপর রাগ তার নিন্দা করে বা সমালোচনা করে।

১০৯০. **Deem** মূল অর্থ- বিচার করা; বিবেচনা করা ।

Synonyms: regard as, consider, judge, adjudge, hold to be.

Mnemonic- ১. Deem কে Seem এর সাথে সম্পর্কযুক্ত করে মনে রাখুন। Seem মানে মনে হওয়া। আমরা যখন কোন ঘটনা দেখে Seem/কিছু মনে করি, তখন তার উপর ভিত্তি করেই সেটাকে Deem/বিচার করি । মনে রাখতে হবে যে- আমরা সবসময় Seem এর পর Deem করি।

১০৯১. **Deficit** মূল অর্থ- ঘাটতি; টাকার ঘাটতি ।

Synonyms: shortfall, deficiency, shortage. Antonyms: surplus, profit.

Mnemonic- ১. Deficit কে Deficiency দিয়ে মনে রাখা সহজ। Deficiency মানে ঘাটতি বা অভাব। আর Deficit মানেও ঘাটতি বা টাকার ঘাটতি ।

১০৯২. **Defile** মূল অর্থ- নোংরা করা; অপবিত্র করা।

Synonyms: spoil, sully, mar, desecrate, profane. Antonyms: purify.

Mnemonic- ১. Defile কে ভেঙ্গে ফেলুন-> Defile = De file , De মানে নেতিবাচক কোনকিছু আর file মানে নথিপত্র। নথিপত্রকে আমরা সব সময় সাজিয়ে গুছিয়ে রাখি। De file মানে হলো সেই নথিগুলোকে এলোমেলো বা নোংরা করে রাখা । আর Defile মানেও নোংরা করা। আবার Defile কে Profile এর সাথে মিলিয়েও মনে রাখতে পারেন। আমাদের Profile এ আমরা সবকিছু সুন্দর করে দেখানোর চেস্টা করি। তাহলে দেখা যাচ্ছে- Profile হলো Defile এর বিপরীত।

১০৯৩. **Deft** মূল অর্থ- দক্ষ; পটু।

Synonyms: skilful, adept, adroit, dexterous. Antonyms: clumsy.

Mnemonic- ১. Deft কে Apt দিয়ে মনে রাখা সহজ । Deft মানে দক্ষ। আর Apt মানেও দক্ষ। ২. Deft দেখতে অনেকটা Deaf এর মত। Deaf মানে বধির। খেয়াল করে দেখবেন যারা বধির তারা কানে শুনতে না পেলেও বিভিন্ন কাজে বেশ দক্ষ। বিজ্ঞানীরা দেখেছেন- কোন প্রাণী যদি তার কোন ইন্দ্রিয় ব্যাবহার না করে তবে তার অন্য ইন্দ্রিয়গুলোর কর্মদক্ষতা বেড়ে যায়। ফলে এমন হওয়াটা স্বাভাবিক।

১০৯৪. **Defunct** মূল অর্থ- কার্যক্ষমতা হারিয়ে ফেলেছে এমন; বিলুপ্ত।

Synonyms: disused, unused, inoperative, unusable.

Antonyms: working, extant.

Scanned by CamScanner

Mnemonic- ১. Defunct কে ভেঙ্গে ফেলুন-> Defunct = De funct , এখানে funct= function I function মানে ক্রিয়া বা কাজ। তাহলে Defunct মানে হবে- function হারিয়ে ফেলা বা কার্যক্ষমতা হারিয়ে ফেলা। আর Defunct অর্থও ঠিক তাই- কার্যক্ষমতা হারিয়ে ফেলেছে এমন; বিলুপ্ত।

১০৯৫. **Degrade** মূল অর্থ- মর্যাদা বা সম্মান কমিয়ে ফেলা; ভেজাল মেশানো; দুর্নীতি করা।

Synonyms: demean, debase, cheapen, devalue. Antonyms: dignify.

Mnemonic- ১. Degrade কে ভেঙ্গে ফেলুন। Degrade = De grade I grade মানে মান। তাহলে Degrade মানে হবে মান কমিয়ে ফেলা। আর Degrade মানেও ঠিক তাই- মর্যাদা বা সম্মান কমিয়ে ফেলা; ভেজাল মেশানো; দুর্নীতি করা।

১০৯৬. **Deign** মূল অর্থ- দয়াশীল হওয়া; কারো সম্মানের স্থান থেকে নিচে নেমে আসা।

Synonyms: condescend, stoop, lower oneself, descend, think fit.

ধরুন আপনি শাহরুখ খানেকে আপনার সাথে ছবি তোলার জন্য অনুরোধ করলেন। আর কিছুক্ষণ পর দেখলেন সে ষ্টেজ থেকে নেমে এসে আপনার সাথে নিজেই সেলফি তুলছে। তার এই আচরণকে Deign বলা যায়।

Mnemonic- ১. Deign কে Benign এর সাথে মিলিয়ে মনে রাখতে পারেন। Deign মানে দয়াশীল হওয়া, আর Benign মানে দয়ালু। তবে এখানে অবশ্যই মনে রাখতে হবে যে Deign আর Benign এক ধরনের দয়ালু না। সেটা উপরের উদাহরণ দেখে নিন। ২. আবার Deign কে Reign এর সাথে মিলিয়েও মনে রাখা যায়। Reign মানে শাসন করা। আর Deign হলো তার ঠিক উল্টো।

১০৯৭. **Deity** মূল অর্থ- দেবতা; ঈশ্বর ।

Synonyms: god, goddess, divinity, immortal; creator, demiurge.

Deity শব্দটি দ্বারা মূলত, "দেবতা" বোঝানো হয়। অনেক সময় এই শব্দটির দ্বারা ঈশ্বর বা God কে বোঝানো হয়। তবে সেটি আসলে পুরোপুরি সঠিক নয়। কারন Deity শব্দটি দ্বারা মূলত বহুঈশ্বরবাদী ধর্মের ঈশ্বরকে বোঝানো হয়। আর বহুঈশ্বরবাদী ধর্ম যেমন, হিন্দু ধর্মে ঈশ্বর বলতে স্বয়ং সৃষ্টিকর্তার পাশাপাশি দেবতাদেরকেও বোঝানো হয়। ফলে আমরা যদি এটাকে হিন্দুধর্মের বা এমন কোন বহুঈশ্বরবাদী ধর্মের ঈশ্বর হিসেবে উল্লেখ করি, তবে সেটাকে সঠিক বলা যাবে। কিন্তু ইসলাম বা অন্য তিনটি আব্রাহামিক ধর্মের মত কোন একেশ্বরবাদী ধর্মের ক্ষেত্রে ব্যাবহার করি সেটা আসলে পুরোপুরি সঠিক হবে না। (বিঃদ্রঃ হিন্দু ধর্মের মূল একেশ্বরবাদ হলেও এখন এটি মূলত একেশ্বরবাদ ও বহুঈশ্বরবাদের একটি সংমিশ্রণ হিসেবেই প্রচলিত)

Mnemonic- ১. Deity শব্দটির একদম আদিম রুট হলো- "Deiwos"। Deiwos বা "দেওস" এর সাথে আমাদের বাংলা ভাষার "দেও" এর মিল খুজে পাবেন(খেয়াল করে দেখবেন আগের দিনের মানুষরা গল্প বলার সময়, "দেও", "দৈত্য" এসব শব্দ ব্যাবহার করতেন)। মজার ব্যপার হলো এই মিল কিন্তু কাকতালীয় নয়। আজ থেকে প্রায় সারে পাচ হাজার বছরেরও আগের কথা। সেসময় সমগ্র পৃথিবীতে একটি মূল ভাষাগোষ্ঠী ছিল। অর্থাৎ সেসময় বাংলা, ইংরেজি বা স্প্যানিস বলে আলাদা কোন ভাষা ছিলনা। সবাই একটি কমন ভাষায় কথা বলত। সেই ভাষার নাম ছিল- " প্রাক-ইন্দো-ইউরোপীয় ভাষা"। নাম দেখেই বুঝতে পারছেন যে- এই ভাষাটি ছিল India ও Europe এর সকল ভাষার আদি ভাষা। কালক্রমে এই ভাষাগোষ্ঠীর লোকেরা আলাদা হয়ে বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে

Scanned by CamScanner

পরে। আজ থেকে প্রায় ৪০০০ বছর আগে তাদের মধ্য থেকে একদল লোক ভারতে প্রবেশ করে। তাদেরকে বলা হত আর্য। এরাই মূলত হিন্দু ধর্মের শুরু করে। তাদের ভাষার নাম ছিল সংস্কৃত। আর সেই সংস্কৃত ভাষার সাথে এদেশীয় আদিম বাসিন্দাদের ভাষার মিলমিশের মাধ্যমেই হিন্দি, বাংলা এসব ভাষার জন্ম হয়। এজন্যই হিন্দি ও বাংলায় এত মিল। আবার সংস্কৃত ভাষার সাথেও বাংলার মিল। সে যাই হোক Deiwos থেকে "দেও" তারপর দেও থেকে বাংলা ভাষার দেবতা শব্দের সৃষ্টি হয়। সেই প্রাচীনকালে দেও বলতে বিশাল শক্তির কিছু বোঝানো হত। এত আদিমকালে মানুষের কাছে দেও আর দেবতার মধ্যে তেমন পার্থক্য ছিল না। আর সেই Deiwos থেকে ল্যাটিন Deus আর তারপর ইংরেজি ভাষায় প্রবেশ করার সময় এটি Deity হয়ে যায়। তাহলে Deity মানে হলো দেবতা বা ঐশ্বরিক শক্তি।

১০৯৮. **Dejected** মূল অর্থ- হতাশ ; মর্মাহত ; হৃদয় ভেঙ্গে টুকরো টুকরো হয়ে যাওয়া।

Synonyms: downcast, downhearted, despondent.

Antonyms: cheerful, happy.

Mnemonic- ১. Dejected কে Rejected এর সাথে সম্পর্কিত করে মনে রাখুন। প্রেমিকার কাছ Rejected হয়ে গেলে আমরা হতাশ ও মর্মাহত হয়ে পরি। আর Dejected মানেও হতাশ ; মর্মাহত ; হৃদয় ভেঙ্গে টুকরো টুকরো হয়ে যাওয়া।

১০৯৯. **Delectable** মূল অর্থ- আনন্দদায়ক; সুস্বাদু ।

Synonyms: delicious, mouth-watering, appetizing. Antonyms: inedible.

Mnemonic- ১. Delectable কে Delicious দিয়ে মনে রাখতে পারেন। Delicious মানে সুস্বাদু আর Delectable মানেও সুস্বাদু। আবার Delectable কে Palatable দিয়েও মনে রাখতে পারেন। Palatable মানে সুস্বাদু বা আনন্দদায়ক । আর Delectable মানেও সুস্বাদু বা আনন্দদায়ক।

১১০০. **Delinquent** মূল অর্থ- কোন দায়িত্ব বা আইন অবহেলা করা; পরিশোধ করতে দেরি করা।

Synonyms: negligent, neglectful, remiss. Antonyms: dutiful.

Mnemonic- ১. Delinquent কে Delay এর সাথে সম্পর্কিত করে মনে রাখতে পারেন। Delay মানে দেরি করা । আর কোন কাজ সময়মত না করা মানেই দায়িত্বে অবহেলা করা। তাহলে আমরা মনে রাখব যে- Delay করা মানেই Delinquent হওয়া।

১১০১. **Delve** মূল অর্থ- যত্নসহকারে খুজে দেখা; গভীরভাবে অনুসন্ধান করা।

Synonyms: investigate, conduct investigations into, make enquiries into.

Mnemonic- ১. Delve কে Shelves এর সাথে সম্পর্কিত করে মনে রাখুন। যখন আমাদের Shelves এর মধ্যে কিছু না পাওয়া যায়, তখন সেটাকে আমাদের Delve/ যত্নসহকারে খুজে দেখতে হয়। মনে রাখুন যে- Shelves - এ জিনিস খুজে না পেলে Delve করতে হয়।

১১০২. **Demeanor** মূল অর্থ- আচরণ; ব্যাবহার; চালচলন।

Synonyms: manner, air, attitude, appearance, look, aspect, mien.

Scanned by CamScanner

Mnemonic- ১. Demeanor শুনতে অনেকটা The manner এর মত। দেখতে আলাদা হলেও শব্দ দুটির উচ্চারণ প্রায় একই। ফলে Demeanor কে The manner দিয়ে মনে রাখতে পারেন। The manner মানে কারোও আচরণ বা ব্যাবহার। আর Demeanor মানেও- আচরণ; ব্যাবহার; চালচলন। ২. আবার Demeanor কে Behavior দিয়েও মনে রাখতে পারেন। দুটির অর্থ একই।

১১০৩. **Demise** মূল অর্থ- মরণ; মৃত্যু ।

Synonyms: death, dying, passing, passing away. Antonyms: birth.

Mnemonic- ১. Demise কে Dismiss দিয়ে মনে রাখা সহজ। Dismiss মানে শেষ করা। আমরা এখানে ধরে নেব কারো জীবন শেষ করা। জীবন শেষ মানেই- মরন। আর Demise শব্দের অর্থও মরন। ২. আবার Demise কে Diminish দিয়েও মনে রাখতে পারেন। Diminish করা মানেও শেষ করা।

১১০৪. **Demography** মূল অর্থ- পরিসংখ্যানিকভাবে জনসংখ্যার বিভিন্ন বিষয় বিশ্লেষণ।

কোন ম্যাগাজিন যদি তাদের জরিপে বলে যে - বাংলাদেশের মোট ৫৫ ভাগ মানুষ অ্যালকোহল পান করে, তার তাদের মধ্যে ৭০ ভাগই মাসে এক লক্ষ টাকার উপর আয় করে। তাহলে এই ধরনের ফলাফলকে একটি Demographic স্টাডি বলা হবে।

Mnemonic- ১. Demography কে ভেঙ্গে ফেলুন-> Demography = Demo graphy I Democracy মানে গণতন্ত্র। তাহলে বুঝতেই পারছেন Demo দ্বারা জনগন বোঝানো হয়। আর graphy মানে আকা, graph তৈরি করা বা কোন বিষয় বিশ্লেষণ করা । তাহলে Demography মানে দাঁড়াচ্ছে জনসংখার বিশ্লেষণমূলক চিত্র আকা। আর Demography মানে- পরিসংখ্যানিকভাবে জনসংখ্যার বিভিন্ন বিষয় বিশ্লেষণ ।

১১০৫. **Demur** মূল অর্থ- আপত্তি করা; সন্দেহের কারনে অনিচ্ছা প্রকাশ করা।

Synonyms: raise objections, object, take exception, take issue, protest.

Mnemonic- ১. Demur কে ভেঙ্গে ফেলুন-> Demur = Dem ur = Damn ur। আমরা যখন কারো মতামত সম্পর্কে আপত্তি করি- তখন অনেক সময় বলে ফেলি- Damn ur opinion। তাহলে মনে রাখতে হবে- Demur করলে Damn ur বলা হয়।

১০০৬. **Demure** মূল অর্থ- লাজুক; বিনয়ী; চাপা স্বভাবের ।

Synonyms: modest, unassuming, meek, mild. Antonyms: brazen.

Mnemonic- ১. Demure কে শুনতে হুবহু The moor এর মত শোনায়। আমরা সবাই moor/মুর জাতির কথা শুনেছি। moor উত্তর পশ্চিম আফ্রিকার একটি বর্বর জাতি। এজন্য মুর বলে অনেকে গালিও দেয়। The moor মানে বর্বর আর Demure হলো ঠিক তার উল্টো। অর্থাৎ লাজুক; বিনয়ী; চাপা স্বভাবের ।

১১০৭. **Denomination** মূল অর্থ- সম্প্রদায়; শ্রেণী ; দল ।

Synonyms: religious group, sect, Church, cult, movement, faith community.

Scanned by CamScanner

যেমন- ধর্মীয় সম্প্রদায় (Religious Denomination); সামাজিক শ্রেণী(Social Denomination) ইত্যাদি ।

Mnemonic- ১. Denomination কে ভেঙ্গে ফেলুন-> Denomination = De nomination। এবার Nomination এর দিকে লক্ষ্য করুন। রাজনৈতিক দলগুলো দলের প্রধানের কাছে Nomination চায়। আমরা মনে রাখব- Denomination রা Nomination চায়।

১১০৮. **Denote** মূল অর্থ- চিহ্নিত করা; নির্দেশ করা; সূচিত করা; বোঝানো ।

Synonyms: designate, indicate, be a sign of, be a mark of, signify, signal.

Mnemonic- ১. Denote = De note I Denote কে আমরা শুধু note দিয়েই মনে রাখব। কাগজের মুদ্রাকে note বলা হয়। আর note এর মধ্যে অনেকেই বিভিন্ন জিনিস লেখে, আবার অনেকেই অনেক হাবিজাবি জিনিস চিহ্নিত করে। আর Denote চিহ্নিত করা। আমরা মনে রাখব- ফালতু টাইপের লোকজন note এর মধ্যে অনেককিছু Denote করে।

১১০৯. **Denounce** মূল অর্থ- সমালোচনা করা ; নিন্দা করা ।

Synonyms: condemn, criticize, attack, censure, castigate. Antonyms: praise.

Mnemonic- ১. Denounce কে Renounce এর সাথে সম্পর্কযুক্ত করে মনে রাখুন। আমরা কোন মানুষের Denounce করার পর তাকে Renounce করি। অর্থাৎ আমরা কারো সমালোচনা করার পর তাকে পরিত্যাগ করি। তাহলে Denounce মানে সমালোচনা করা।

১১১০. **Depict** মূল অর্থ- ছবির মত করে বর্ণনা করা; চিত্রাণুরূপ বর্ননা ।

Synonyms: portray, represent, picture, illustrate , describe, detail, relate.

Mnemonic- ১. Depict কে ভেঙ্গে ফেলুন-> Depict = De pict, এখানে De = Description আর pict = Picture , Description মানে বর্ননা আর Picture মানে ছবি। অর্থাৎ ছবির মত করে বর্ননা করা। আর Depict মানেও - ছবির মত করে বর্ণনা করা; চিত্রাণুরূপ বর্ননা ।

১১১১. **Deplete** মূল অর্থ- সরবরাহ কমিয়ে দেওয়া; নিঃশেষ করা; খালি করা।

Synonyms: exhaust, use up, consume, expend. Antonyms: augment.

Mnemonic- ১. Deplete কে ভেঙ্গে ফেলুন-> Deplete = De + plete I De মানে কমানো । আর plate মানে থালা। কেউ যদি থালার মধ্য থেকে খাবার কমাতে থাকে, তবে তা একসময় শেষ হয়ে যায়। আর Deplete মানে- কমিয়ে দেওয়া বা নিঃশেষ করা।

১১১২. **Deplore** মূল অর্থ- অনুশোচনা করা; দুঃখ প্রকাশ করা; সমালোচনা করা ।

Synonyms: abhor, be shocked by, be offended by. Antonyms: admire, applaud.

অতীতের কোন ভুল কাজের জন্য যখন কেউ অনুশোচনা করে, দুঃখ প্রকাশ করে বা নিজেই নিজের কাজের সমালোচনা করে তখন Deplore শব্দটি ব্যাবহার করা হয়।

Scanned by CamScanner

Mnemonic- ১. Deplore কে Explore এর সাথে সম্পর্কিত করে মনে রাখুন। আমরা যখন আমাদের ভুলগুলোকে Explore করি তখন আমাদের অনুশোচনা হয়। মনে রাখতে হবে যে- ভুল Explore করার পর আমাদের Deplore হয়।

১১১৩. **Deploy** মূল অর্থ- কৌশল অনুসারে সৈন্য সাজানো; রণসজ্জা ; যুদ্ধের জন্য সজ্জিত সামরিক বাহিনী ।

Synonyms: position, station, post, place. Antonyms: concentrate.

Mnemonic- ১. আমরা সবাই Diplomatic শব্দটির সাথে পরিচিত। Diplomatic মানে কূটনৈতিক । Deploy আর Diplomatic শব্দদুটি মূলত একই রুট থেকে এসেছে। Deploy মানে কৌশল অনুসারে সৈন্য সাজানো। অর্থাৎ এটি একটি কূটনৈতিক কাজ। মূলত প্রাচীনকালে সৈন্যদের পরিচালনা বা রণসজ্জা এরকম কাজগুলোই কূটনৈতিক কাজ হিসেবে বিবেচিত হত। কিন্তু এখন বিশ্বায়নের যুগে কূটনীতির সংজ্ঞাই পাল্টে গেছে।

১১১৪. **Depose** মূল অর্থ- ক্ষমতাচ্যুত করা; গদি থেকে নামানো; পদচ্যুত করা।

Synonyms: overthrow, overturn, topple, bring down, remove from office.

Mnemonic- ১. Depose কে ভেঙ্গে ফেলুন-> Depose = De pose। De মানে সরানো আর pose = position। অর্থাৎ পজিশন থেকে সরিয়ে ফেলা। আর Depose মানে- ক্ষমতাচ্যুত করা; গদি থেকে নামানো; পদচ্যুত করা।

১১১৫. **Depredate** মূল অর্থ- লুণ্ঠন করা; লুট করে নিয়ে আসা।

Synonyms: steal from, typically using force; plunder.

Mnemonic- ১. Depredate কে Plunderage এর সাথে মিল রেখে মনে রাখা যায়। Plunderage মানে রাহাজানি বা ডাকাতি। আর Depredate মানে লুণ্ঠন করা বা লুট করা। দুটি খুবই কাছাকাছি অর্থ।

১১১৬. **Derelict** মূল অর্থ- অবহেলিত; পরিত্যাক্ত; মনুষ্যবিহীন ।

Synonyms: negligent, neglectful, remiss unsafe, dangerous, hazardous.

Mnemonic- ১. Derelict শব্দটি মূলত relic থেকে এসেছে। relic মানে ধ্বংসাবশেষ। আর Derelict মানে অবহেলিত বা পরিত্যাক্ত। relic বা ধ্বংসাবশেষকে মানুষ অবহেলিত বা পরিত্যাক্ত অবস্থায় ফেলে রাখে। ফলে সেটা একসময় মনুষ্যবিহীন হয়ে পরে। আর Derelict মানে- অবহেলিত; পরিত্যাক্ত; মনুষ্যবিহীন ।

১১১৭. **Desist** মূল অর্থ- কোনকিছু বন্ধ করা; ক্ষান্ত দেওয়া ।

Synonyms: abstain, refrain, forbear, hold back. Antonyms: continue, persist in.

Mnemonic- ১. Desist কে Resist এর সাথে মিলিয়ে মনে রাখতে পারেন। Resist মানে বাঁধা দেওয়া। আর Desist মানে বন্ধ করা। খুবই কাছাকাছি মিনিং।

১১১৮. **Devout** মূল অর্থ- ধর্মপ্রান; গভীরভাবে ধার্মিক; প্রবল উৎসাহী ।

Synonyms: pious, religious, devoted, dedicated. Antonyms: insincere, lapsed.

Scanned by CamScanner

Mnemonic- ১. Devout এর প্রথম অংশ Dev । Dev কে বাংলায় উচ্চারণ করলে হয়- "দেব" । ধর্মপ্রান মানুষ দেব দেবীর পূজা করে। আমরা Dev/দেব দিয়ে ধর্মপ্রান মানুষের কথা মনে রাখতে পারি।

১১১৯. **Diatribe** মূল অর্থ- লম্বা সময় ধরে চলা তিক্ত ও গালি-গালাজ পূর্ণ বিতর্ক।

Synonyms: tirade, harangue, verbal onslaught, verbal attack, denunciation.

Mnemonic- ১. Diatribe = Dia tribe । Di মানে দুই আর Tribe মানে উপজাতি। দুটি Tribe এর মধ্যে অনেক সময় দীর্ঘ বিরোধ চলে। তখন তারা নিজেদের মধ্যে গালি-গালাজ পূর্ণ বিতর্ক করে। তাহলে Diatribe মানে গালি-গালাজ পূর্ণ বিতর্ক।

১১২০. **Dichotomy** মূল অর্থ- দুই ভাগে ভাগ হয়ে যাওয়া; দুই পক্ষের লোক ভাগ হয়ে যাওয়া।

Synonyms: division, separation, divorce, split, gulf, chasm; difference, contrast.

Mnemonic- ১. Dichotomy কে ভেঙ্গে ফেলুন-> Dichotomy = Dicho + tomy । Dicho মানে দুই। আর tomy মানে ভাগ করা(যেমন- anatomy মানে অঙ্গব্যাবচ্ছেদ বিদ্যা) । তাহলে Dichotomy মানে দাঁড়াচ্ছে- দুই ভাগে ভাগ । আর Dichotomy অর্থও তাই- দুই ভাগে ভাগ হয়ে যাওয়া; দুই পক্ষের লোক ভাগ হয়ে যাওয়া।

১১২১. **Diffuse** মূল অর্থ- ছড়িয়ে পরা; চারিদিকে ছড়িয়ে পরা; ব্যাপন।

Synonyms: spread, spread out, spread around. Antonyms: concentrate.

Mnemonic- ১. আমরা বিজ্ঞান বইতে Diffusion বা ব্যাপন পক্রিয়া সম্পর্কে পড়েছিলাম। ব্যাপন মানে বেশি ঘনত্ব থেকে কম ঘনত্বের দিয়ে ছড়িয়ে পড়া। তাহলে বুঝতেই পারছেন- Diffuse মানে হলো- চারিদিকে ছড়িয়ে পরা।

১১২২. **Dilapidated** মূল অর্থ- জীর্ণ ; ধ্বংসপ্রাপ্ত ; ক্ষয়প্রাপ্ত ।

Synonyms: run down, tumbledown, ramshackle. Antonyms: smart, intact.

Mnemonic- ১. Dilapidated কে ভেঙ্গে ফেলুন-> Dilapidated = Di(The) lapi dated, অর্থাৎ আপনার lapi/ল্যাপটপটি over dated/মেয়াদউত্তীর্ণ হয়ে গেছে। আর ল্যাপি মেয়াদউত্তীর্ণ হয়ে গেলে তো সেটা জীর্ণ হয়ে যাবেই। আর Dilapidated মানেও জীর্ণ। তাহলে আমরা Dilapidated দেখেই মনে করে ফেলব The) lapi dated ।

১১২৩. **Dilate** মূল অর্থ- বড় করা; বিস্তৃত করা; বিস্তারিতভাবে বর্ণনা করা বা লেখা।

Synonyms: enlarge, become larger, widen. Antonyms: contract.

Mnemonic- ১. Dilate কে ভেঙ্গে ফেলুন-> Dilate = Die late । লেট(late) করে মারা(late) যাওয়া মানে জীবনকে বড় করা। আর Dilate মানেও বড় করা বা বিস্তৃত করা। তবে মনে রাখতে হবে যে এই Dilate শব্দটি দ্বারা মূলত কোনকিছুকে ব্যাখ্যা করে বড় করা বা বিস্তৃত করাকে বোঝানো হয়। তাহলে আমরা মনে রাখব- Dilate মানে Die late ।

Scanned by CamScanner

১১২৪. **Dilemma** মূল অর্থ- উভয়সঙ্কট ; বিপদজনক অবস্থা ।

Synonyms: quandary, predicament, difficulty, problem, puzzle, conundrum.

Mnemonic- ১. Dilemma কে ভেঙ্গে ফেলুন-> Dilemma = Di lemma। Di মানে দুই আর lemma মানে থিম বা মূল বিষয়। যদি দুটি মূল বিষয় থাকে তবে কোনটি রেখে কোনটিকে গুরুত্বপূর্ণ মনে করব সেটা একটা বিপদজনক অবস্থা হয়ে দ্বারায়। আর এমন পরিস্থিতিকে উভয়সঙ্কট বলা হয়। আর Dilemma শব্দের অর্থ হলো- উভয়সঙ্কট ; বিপদজনক অবস্থা ।

১১২৫. **Diminution** মূল অর্থ- শেষ হয়ে যাবার প্রক্রিয়া; কমে যাওয়া; অবনতি ।

Synonyms: curtailment, curtailing, cutting back, cutback. Antonyms: increase.

Mnemonic- ১. Diminution কে ভাল করে লক্ষ্য করুন Diminution = Diminish + tion। Diminish মানে শেষ হয়ে যাওয়া বা কমে যাওয়া। বুঝতেই পারছেন Diminish হবার প্রক্রিয়াকেই Diminution বলা হচ্ছে। আর Diminution অর্থও ঠিক তাই- শেষ হয়ে যাবার প্রক্রিয়া; কমে যাওয়া; অবনতি ।

১১২৬. **Dire** মূল অর্থ- ভয়ানক ; মরিয়া; উন্মত্ত ।

Synonyms: terrible, dreadful, appalling, frightful. Antonyms: good, mild.

Mnemonic- ১. অনেক সময় বলা হয় যে- ঐ লোকটা খুব ডেয়ারিং লোক । অর্থাৎ লোকটি খুব ভয়ানক। ডেয়ারিং মানে ভয়ানক। Dire কে ডেয়ারিং এর সাথে মিলিয়ে সহজেই মনে রাখতে পারবেন।

১১২৭. **Dirge** মূল অর্থ- অন্ত্যেষ্টিক্রিয়ার গান; শোকসঙ্গীত।

Synonyms: elegy, lament, funeral song/chant, burial hymn, requiem.

Mnemonic- ১. Dirge কে হিন্দি "দার্জি" বা বাংলায় "দর্জি" হিসেবে লেখা যায়। অন্ত্যেষ্টিক্রিয়ার সময় দর্জির কাছে গিয়ে কফিনের কাপড় কিনে আনতে হয়। এভাবে আমরা Dirge কে অন্ত্যেষ্টিক্রিয়ার সাথে একে সম্পর্কিত করতে পারি। কিন্তু মনে রাখতে হবে যে Dirge মানে অন্তেস্টিক্রিয়ার কাপড় নয়, বরং অন্ত্যেষ্টিক্রিয়ার গান বা শোকসংগীত ☹।

১১২৮. **Disaffect** মূল অর্থ- অনুরাগ বা আকর্ষন কমে যাওয়া; বিচ্ছিন্ন হওয়া; দূরে সরে যাওয়া ।

Synonyms: drift away, drift apart, alienate, wean, modify.

Mnemonic- ১. Disaffect কে ভেঙ্গে ফেলুন-> Disaffect = Dis affect। Dis নষ্ট হওয়া বা কমে যাওয়া। আর affect মানে affection বা স্নেহ/অনুরাগ/ভালোবাসা। তাহলে Disaffect মানে দাঁড়াচ্ছে- অনুরাগ বা আকর্ষন কমে যাওয়া।

১১২৯. **Disarray** মূল অর্থ- বিশৃঙ্খলা; ছত্রভঙ্গ; বিহ্বলতা।

Synonyms: disorder, confusion, chaos; untidiness. Antonyms: tidiness.

Scanned by CamScanner

Mnemonic- ১. Disarray কে ভেঙ্গে ফেলুন-> Disarray = Dis array । Dis নষ্ট হওয়া আর array মানে সজ্জিত করা। তাহলে Disarray মানে দাঁড়াচ্ছে- সজ্জা বা শৃঙ্খলা নষ্ট করা। অর্থাৎ বিশৃঙ্খলা। আর Disarray মানেও তাই- বিশৃঙ্খলা; ছত্রভঙ্গ; বিহ্বলতা।

১১৩০. **Disclaim** মূল অর্থ- দাবি পরিত্যাগ করা; ত্যাগ করা।

Synonyms: deny, refuse to accept, reject. Antonyms: acknowledge.

Mnemonic- ১. Disclaim কে ভেঙ্গে ফেলুন-> Disclaim = Dis claim । Dis নষ্ট করা, আর claim মানে দাবি। তাহলে বুঝতেই পারছেন- Disclaim মানে দাবি পরিত্যাগ করা।

১১৩১. **Discomfit** মূল অর্থ- হতাশ করা; বিহ্বল করা অবস্থায় পরা ।

Synonyms: embarrass, make uneasy, abash, disconcert. Antonyms: reassure.

আপনার ছেলে যখন ১০ বছর বয়সী হয়ে যাবার পরও বাংলা ভালভাবে পড়তে শিখবে না তখন আপনি Discomfit হয়ে যাবেন।

Mnemonic- ১. Discomfit কে Discomfortable এর সাথে মিলিয়ে সহজেই মনে রাখা যায়। যখন আপনার Discomfit/হতাশ লাগবে তখন আপনি Discomfortable ফিল করবেন।

১১৩২. **Disconcert** মূল অর্থ- হতাশ করা; বিরক্তিকর; দ্বিধার মধ্যে ফেলা বা বিহ্বল করা ।

Synonyms: unsettle, nonplus, discomfit. Antonyms: reassure.

বিরক্তিকর শব্দ যদি আপনাকে বাধ্য হয়ে শুনে যেতে হয়, অর্থাৎ এড়ানোর উপায় না থাকে তবে সেটাকে Disconcert শব্দের তালিকায় ফেলতে পারবেন।

Mnemonic- ১. Disconcert কে ভেঙ্গে ফেলুন-> Disconcert = Dis concert। concert শুনতে আমাদের সবারই ভাল লাগে। কিন্তু Disconcert দেখেই বোঝা যাচ্ছে এটা দ্বারা ভাল লাগা না বুঝিয়ে বরং বিরক্তি লাগা বোঝাবে।

১১৩৩. **Discourse** মূল অর্থ- বর্ননামূলক বক্তিতা; আলাপ; লিখিত বা মুখে বলা আলাপ বা বক্তিতা

Synonyms: discussion, conversation, talk, dialogue, communication.

Mnemonic- ১. Discourse কে Discuss এর সাথে মিলিয়ে নিন। Discuss মানে আলাপ-আলোচনা। আর Discourse মানে- বর্ননামূলক বক্তিতা; আলাপ । ফলে আমরা Discuss থেকেই Discourse কে মনে রাখতে পারি। তবে মনে রাখতে হবে যে Discourse দ্বারা বিশেষ ভাবে বর্ননামূলক বক্তিতাকে বোঝানো হয়।

১১৩৪. **Discrepancy** মূল অর্থ- পার্থক্য; অসামঞ্জস্য ; দুটি বিষয়ের মধ্যে সাদৃশ্য বা সামঞ্জস্যতার অভাব; অসামঞ্জস্য।

Synonyms: inconsistency, difference, disparity. Antonyms: similarity.

Scanned by CamScanner

Mnemonic- ১. Discrepancy শুনতে অনেকটা Dis-consistency এর মত শোনায়। আমরা জানি- consistency মানে ঐক্য। তাহলে Dis-consistency মানে হবে পার্থক্য বা অসামঞ্জস্য। আর Discrepancy অর্থ হলো- পার্থক্য; অসামঞ্জস্য ; দুটি বিষয়ের মধ্যে সাদৃশ্য বা সামঞ্জস্যতার অভাব। (বিঃদ্রঃ Dis-consistency বলে আসলেই কোন শব্দ নেই। মনে রাখার সুবিধার্থে consistency এর সাথে Dis জুড়ে দেওয়া হয়েছে)

১১৩৫. **Discursive** মূল অর্থ- অপ্রাসঙ্গিক; উদ্দেশ্যহীনভাবে প্রসঙ্গ পরিবর্তন ।

Synonyms: rambling, digressive, meandering, wandering. Antonyms: concise.

Mnemonic- ১. Discursive কে ভেঙ্গে ফেলুন-> Discursive= Dis cursive I Dis মানে না আর Cursive মানে টানা হাতের লেখা বা স্পষ্ট লেখা। তাহলে Discursive মানে দাঁড়াচ্ছে অস্পষ্ট লেখা। পরিক্ষার খাতা দেখার সময় শিক্ষকরা অস্পষ্ট লেখাকে অপ্রসঙ্গিক লেখা মনে করে নাম্বার কম দেয়। এখানে মূল বিষয় হলো- Discursive কে তারা অপ্রসঙ্গিক মনে করে। আর Discursive মানে- অপ্রাসঙ্গিক; উদ্দেশ্যহীনভাবে প্রসঙ্গ পরিবর্তন ।

১১৩৬. **Disgruntle** মূল অর্থ- মেজাজ বিগড়ে দেওয়া; অতৃপ্ত করা ।

Synonyms: dissatisfy. Antonyms: satisfy.

Mnemonic- ১. আমরা প্রায়ই বলতে শুনিতে- আমাদের প্রতিষ্ঠান এটা Grant করে না। অর্থাৎ Grant মানে হলো মেনে নেওয়া। এবার Disgruntle কে Dis Grant হিসেবে মনে রাখুন। যা কোন প্রতিষ্ঠান মেনে নেয়না সেটা নিয়ে আপনি তার কাছে বার-বার গেলে তার মেজাজ বিগরে যাবে। আর Disgruntle মানে মেজাজ বিগ্রে দেওয়া। ২. Disgruntle শব্দটি মূলত grunt এর সাথে সম্পর্কিত। grunt মানে ঘোঁৎ ঘোঁৎ শব্দ করা। কেউ যদি কানের কাছে ঘোঁৎ ঘোঁৎ শব্দ করে তবে তো মেজাজ বিগ্রে যাবারই কথা। আর Disgruntle মানে হলো- grunt করে মেজাজ বিগ্রে দেওয়া।

১১৩৭. **Disinformation** মূল অর্থ- ভুলপথে চালনা করার জন্য ভুল তথ্য দেওয়া; জনগনকে বাগে রাখার জন্য সরকারের দেওয়া ভুলতথ্য ।

Synonyms: misinformation.

Mnemonic- ১. Disinformation কে ভেঙ্গে ফেলুন। Disinformation = Dis information। Disinformation মানে জনগনকে ভুল information দেওয়া।

১১৩৮. **Dismal** মূল অর্থ- বিষণ্ণ; নিরানন্দ ; অন্ধকারময়; ভয়ের কারন।

Synonyms: glum, mournful, melancholy, morose. Antonyms: cheerful.

Mnemonic- ১. Dismal=Abysmal I Dismal কে সেই বিখ্যাত ওয়ার্ড Abysmal সাথে মিল রেখে মনে রাখা যায়। Abysmal মানে হতাশার অতল গহব্বর। আর Dismal মানে- বিষণ্ণ; নিরানন্দ ; অন্ধকারময়; ভয়ের কারন।

১১৩৯. **Dismay** মূল অর্থ- ভয়ে পরিপূর্ণ; আতঙ্ক; উদ্বিগ্ন ।

Synonyms: alarm, shock, surprise, consternation, concern. Antonyms: relief.

Scanned by CamScanner

Mnemonic- ১. May মানে সক্ষম। তাহলে Dismay মানে অক্ষম। আর অক্ষম ব্যাক্তিরাই ভীতু হয়। সবসময় ভয়ে পরিপূর্ণ, আতঙ্ক ও উদ্বিগ্ন হয়ে থাকে। আর Dismay মানে- ভয়ে পরিপূর্ণ; আতঙ্ক; উদ্বিগ্ন।

১১৪০. **Dissent** মূল অর্থ- অসম্মতি জানানো; অনুমোদন উঠিয়ে নেওয়া; মতবিরোধ।

Synonyms: disagreement, dispute, demur. Antonyms: agreement, acceptance.

Mnemonic- ১. Dissent কে ভেঙ্গে ফেলুন-> Dissent = Dis sent. Sent মানে পাঠানো। তাহলে Dissent মানে হবে সেটা ফিরিয়ে আনা। আর Dissent এর অথ হলো- অনুমোদন উঠিয়ে নেওয়া।

১১৪১. **Disservice** মূল অর্থ- ক্ষতিসাধন করা; কোন তথ্য দিয়ে ক্ষতি করা।

Synonyms: unkindness, bad turn, ill turn. Antonyms: favour.

Mnemonic- ১. Disservice কে ভেঙ্গে ফেলুন-> Disservice = Dis service I service মানে সেবা করা। তাহলে service এর আগে যদি একটি Dis থাকে তবে তার অর্থ হয়ে যাবে ঠিক বিপরীত। অর্থাৎ Disservice অর্থ হবে ক্ষতি করা। আর Disservice অর্থ হলো- ক্ষতিসাধন করা; কোন তথ্য দিয়ে ক্ষতি করা।

১১৪২. **Dissident** মূল অর্থ- ভিন্নমতাবলম্বী।

Synonyms: dissenter, objector, protester, disputant. Antonyms: conformist.

Mnemonic- ১. একটু আগে আমরা যে Dissent শিখেছিলাম সেটা দিয়েই Dissident কে মনে রাখতে পারি। Dissent মানে অসম্মতি জানানো। আর Dissident মানে ভিন্নমতালম্বী। যিনি আপনার থেকে ভিন্নমতালম্বী তিনি অবশ্যই আপনার কোন কাজে অসম্মতি জানাবে এটাই স্বাভাবিক। তাহলে আমরা মনে রাখব- Dissident সবসময় Dissent করে।

১১৪৩. **Dissuade** মূল অর্থ- কাউকে বুঝিয়ে কোনকিছু থেকে ফিরিয়ে আনা; কোন কারনে কোন কিছু থেকে বিরত থাকা।

Synonyms: discourage, deter, prevent, disincline. Antonyms: persuade.

Mnemonic- ১. Dissuade কে Persuade সাথে মিল রেখে মনে রাখুন। Persuade মানে কাউকে কিছু বুঝিয়ে কিছু করানো, বা সোজা বাংলায় বললে- "পটানো"। আর Dissuade মানে- কাউকে বুঝিয়ে কোনকিছু থেকে ফিরিয়ে আনা। তাহলে দেখা যাচ্ছে Dissuade ও একধরণের Persuade। Persuade দ্বারা বুঝিয়ে যেকোনো কিছু করানোকে বোঝানো হয়। আর Dissuade দ্বারা যেকোনো কিছু না বুঝিয়ে বিশেষ করে বুঝিয়ে ফিরিয়ে আনাকে বোঝানো হয়।

১১৪৪. **Distinct** মূল অর্থ- স্বতন্ত্র; আলাদা; স্পষ্ট পার্থক্য।

Synonyms: discrete, separate definite, well defined. Antonyms: indistinct.

Mnemonic- ১. Distinct বহুল ব্যাবহিত একটি শব্দ। এর অর্থ হলো আলাদা বা স্বতন্ত্র। আমরা প্রায়ই বলি- Distinct man, Distinct species ইত্যাদি। এর মানে হলো- আলাদা মানুষ, আলাদা প্রজাতি। এটিকে মনে রাখার জন্য Different এর সাথে মিলিয়ে মনে রাখাতে পারেন।

Scanned by CamScanner

১১৪৫. **Diurnal** মূল অর্থ- প্রতিদিন ঘটে এমন; একদিনের মধ্যে ঘটে এমন ।

Synonyms: daily, everyday, day-to-day, quotidian; occurring every day.

Mnemonic- ১. Diurnal এর সাথে Annual তুলনা করুন। Annual মানে বার্ষিক। আর Diurnal দৈনিক। Diurnal এর D দিয়ে Daily মনে রাখুন। আর Annual এর A কে Anniversary বাৎসরিক এর সাথে মিলিয়ে নিন। এবার নিশ্চয় Diurnal মনে রাখতে সমস্যা হবে না !

১১৪৬. **Divine** মূল অর্থ- যুক্তি তর্কের মাধ্যমে কিছু আন্দাজ করা ; ভবিষ্যৎবানী করা; দৈববাণী করা; ঐশ্বরিক।

Synonyms: to intuit, to prophesy, foretell, forecast, foresee.

Mnemonic- ১. Zeus/জিউসের সাথে আমরা সবাই পরিচিত । জিউস হলো- গ্রীকদের একজন প্রধান দেবতা। গ্রীক Zeus থেকে ল্যাটিন Deus এসেছে। আর ল্যাটিন Deus থেকেই কালক্রমে Divine শব্দটির উৎপত্তি হয়েছে। তাহলে বুঝতেই পারছেন- Divine শব্দটি দেবতা বা ঈশ্বরের সাথে সম্পর্কিত হবে। আর Divine এর একটি অর্থ হলো- "ঐশ্বরিক" । এর আরেকটি অর্থ হলো- ভবিষ্যৎবানী করা বা দৈববাণী করা। একদময় ভবিষ্যৎবানী করাটা সম্পূর্ণ ঐশ্বরিক বিষয় ছিল। কারন তখন শুধু পুরোহিত বা এই জাতীয় লোকেরাই এটা করতে পারতেন। ফলে এর একটি অর্থ হয়ে গেছে- দৈববাণী করা। তবে আজকাল এটাকে সেকেন্ডারি মিনিং হিসেবে- যুক্তি তর্কের মাধ্যমে কিছু আন্দাজ করাকে বোঝানো হয়(কারন হিসেবে বলা যেতে পারে যে- আজকাল ভবিষ্যৎবানী করাটা একটা প্রযুক্তিগত বিষয় হয়ে দাঁড়িয়েছে)।

১১৪৭. **Divulge** মূল অর্থ- উদঘাটন করা; গোপন কোন বিষয় উন্মোচন করা; ফাস করা; প্রকাশ করা।

Synonyms: disclose, reveal, make known, impart. Antonyms: conceal.

Mnemonic- ১. Divulge কে ভেঙ্গে ফেলুন-> Divulge = Di vulge । vulge কে আমরা ভাজ এর মত করে উচ্চারন করতে পারি। এবার Di vulge কে লিখতে পারি- ভাজ খোলা। ভাজ খোলা মানে কোন কিছু উন্মচন করা বা ফাস করা। আর Divulge অর্থ হলো- উদঘাটন করা; গোপন কোন বিষয় উন্মোচন করা; ফাস করা; প্রকাশ করা।

১১৪৮. **Document** মূল অর্থ- প্রমানের সাহায্যে বিশেষ করে লিখিত প্রমানের সাহায্যে সমর্থন করা; প্রামাণ্য দলিলপত্রাদি হাজির করা ।

Synonyms: official paper, legal paper, paper, form, certificate, deed, charter.

Mnemonic- ১. আমরা সবাই জানি যে- Document মানে দলিল বা লিখিত কোন নথি। কিন্তু এই Document শব্দটি আবার সেকেন্ডারি মিনিং হিসেবে, Document দিয়ে কোন কিছু প্রমান করার ক্ষেত্রেও ব্যাবহিত হয়।

১১৪৯. **Doldrums** মূল অর্থ- কমকর্মশক্তি; নিষ্ক্রিয় অবস্থা; মনমরা ভাব ।

Synonyms: depression, melancholy, gloom. Antonyms: busy, lively.

নাবিকদের কাছে Doldrums হলো নিরক্ষরেখার কাছের কোন অঞ্চল, যেখানে খুব কম বাতাস প্রবাহিত হয়। আর আমাদের মত সাধারণ মানুষের কাছে Doldrums মানে মনমরা ভাব, নিষ্ক্রিয় বসে থাকা ইত্যাদি ।

Scanned by CamScanner

Mnemonic- ১. Doldrums কে ভেঙ্গে ফেলুন। Doldrums = Dol drums । আমরা বাংলায় ঢোল ড্রাম লিখতে পারি। কেউ যদি ঢোল ড্রাম বাজায় তাহলে বুঝতে হবে যে সে বেশ উৎফুল্ল বা কর্মক্ষম অবস্থায় রয়েছে। আর Doldrums দ্বারা ঠিক এর উল্টো অবস্থাকে বোঝানো হয়। Doldrums মানে হলো- কমকর্মশক্তি; নিষ্ক্রিয় অবস্থা; মনমরা ভাব ।

১১৫০. **Doleful** মূল অর্থ- দুঃখপূর্ণ; বেদনাপূর্ণ; শোকাবহ।

Synonyms: mournful, woeful, sorrowful, sad. Antonyms: cheerful.

Mnemonic- ১. Doleful কে Dull Full এর সাথে মিলিয়ে মনে রাখতে পারেন। Dull মানে পানসে বা নীরস। Dull Full মানে সম্পূর্ণ নীরস। আর এত নীরস জীবন কে চায় বলুন? এত নীরস জীবন আমাদের কাছে দুঃখপূর্ণ বা বেদনাপূর্ণ মনে হয়। আর Doleful মানেও Dull Full এর মত দুঃখপূর্ণ বা বেদনাপূর্ণ ।

১১৫১. **Dolt** মূল অর্থ- বেকুব ; নির্বোধ; ক্যাবলা ।

Synonyms: fool, nincompoop, clown, simpleton. Antonyms: shrewd.

Mnemonic- ১. Dolt কে bolt বা Nut-bolt দিয়ে মনে রাখা সহজ। বেকুব লোক দেখলেই আমরা বলি যে এর মাথার Nut-bolt ঢিলা আছে। তাহলে মনে রাখতে হবে যে- Dolt দের Nut-bolt ঢিলা থাকে।

১১৫২. **Dotage** মূল অর্থ- বার্ধক্য; শেষ বয়স; ভীমরতি।

Synonyms: declining years, winter/autumn of one's life.

Antonyms: childhood.

Mnemonic- ১. Dotage মনে রাখা খুবই সহজ। জাস্ট ভেঙ্গে ফেলুন-> Dotage = Dot age I Dot মানে "." বা ফুলস্টপ। ফুলস্টপ মানে শেষ(বাক্য)। আর age মানে বয়স। তাহলে আমরা দেখতে পাচ্ছি Dot age মানে শেষ বয়স। মনে রাখতে হবে Dot মানে বাক্যের শেষ আর Dotage মানে বয়সের শেষ।

১১৫৩. **Double entendre** মূল অর্থ- কোন শব্দ বা বাক্য দ্বারা দুটি অর্থ বোঝানো হলে, অনেক সময় দুটি অর্থের একটি অর্থ অশ্লীল বা অশালীন হয়ে থাকে। এমন শব্দকে Double entendre বলে।

Mnemonic- ১. Double entendre মূলত একটি লিটারি টার্ম। এটি ফ্রেন্স ভাষা থেকে ইংরেজিতে প্রবেশ করেছে। ফেন্স ভাষায় Double মানে দুই আর entendre মানে শোনা বা বোঝা। আমরা Double entendre এর Double দেখেই এর দুটি অর্থ বোঝানো মনে রাখতে পারি।

১১৫৪. **Dour** মূল অর্থ- ভয়ানক; দুর্দমনীয়।

Synonyms: stern, unsmiling, unfriendly. Antonyms: cheerful, friendly.

Mnemonic- ১. Dour কে বাংলায় উচ্চারণ করলে হবে- "দৌড়" । ভয়ানক কিছু দেখলে আমরা কি করি ? সোজা দৌড় দেই। তাহলে মনে রাখতে হবে যে ইংরেজি Dour দেখলে আমরা বাংলা দৌড় দেই। আশা করি আমরা এবার আর Dour এর অর্থ ভুলে যাব না।

১১৫৫. **Downcast** মূল অর্থ- হতাশ; দমে যাওয়া।

Scanned by CamScanner

Synonyms: despondent, disheartened, discouraged. Antonyms: elated.

Mnemonic- ১. Downcast কে ভেঙ্গে ফেলুন-> Downcast = Down cast, Down মানে নিচু আর cast মানে জাত। Downcast = নিচু জাত। কোন নিচু জাতের মানুষকে যদি আপনি কথায় কথায় Downcast বলেন তাহলে কি হবে? সে হতাশ হয়ে যাবে। আর Downcast মানেও হতাশ বা দমে যাওয়া।

১১৫৬. **Downplay** মূল অর্থ- গুরুত্বহীন করে তোলা।

Synonyms: emphasise, wave off, play down. Antonyms: play up.

Mnemonic- ১. Downplay কে ভেঙ্গে ফেলুন। Downplay = Down play। কোন গানের সিডি বাজারে ছাড়ার পড়ো যদি সেটার play করার সংখ্যা Down হয়ে যায়, তবে সেটা গুরুত্বহীন হতে থাকে। আর Downplay মানে- গুরুত্বহীন করে তোলা।

১১৫৭. **Draconian** মূল অর্থ- কঠোর; নির্দয়; কঠোর আইন সংক্রান্ত।

Synonyms: harsh, severe, strict, extreme. Antonyms: mild.

Mnemonic- ১. Draconian কে Dracula এর সাথে তুলনা করে মনে রাখত পারেন। Dracula দ্বারা এক ধরনের ভ্যাম্পায়ার অথবা এক ধরনের ড্রাগনকে বোঝানো হয়। আর ভ্যাম্পায়ার বা ড্রাগন দুটিই ভয়ানক জিনিস। আর Draconian মানে কঠোর বা নির্দয়। আবার Draconian কে Draco = ডাকু = ডাকাত এভাবেও মনে রাখতে পারেন। ডাকু বা ডাকাতরা সাধারণত কঠোর ও নির্দয় হয়। আর Draconian অর্থ- নির্দয় ; কঠোর। তাহলে Draconian দেখেই আমরা ড্রাগন বা ডাকুর মত ভয়ানক বা নির্দয় কিছু ভেবে নেব।

১১৫৮. **Droll** মূল অর্থ- হাস্যরসময়; রঙ্গ করা।

Synonyms: funny, humorous, amusing, comic. Antonyms: serious.

Mnemonic- ১. Droll কে আমরা সহজেই Troll দিয়ে মনে রাখতে পারি। ইন্টারনেটে ট্রল একটি খুবই কম শব্দ। আমরা সবাই ট্রল করার সাথে পরিচিত। কোনকিছু নিয়ে হাস্যরস বা মজার জিনিস তৈরি করার নামই Troll করা। আর Droll অর্থ- হাস্যরসময়; রঙ্গ করা।

১১৫৯. **Dross** মূল অর্থ- আবর্জনা; দামি কোন জিনিস ব্যাবহারের ফলে সৃষ্টি হওয়া অব্যাবহিত জিনিস।

Synonyms: rubbish, junk, debris, chaff, draff, detritus, flotsam and jetsam.

Mnemonic- ১. Dross কে Dress এর সাথে সম্পর্কিত করে মনে রাখা সহজ। Dress তৈরি করার কথা ভাবুন। Dress তৈরি করার সময় প্রয়োজনীয় কাপড় কেটে নেওয়া হয়। আর নিচে কিছু ছোট কাপড়ের টুকরো পরে থাকে। এগুলোকে আবর্জনা হিসেবে ফেলে দেওয়া হয়। আর এই ঠিক এমন জিনিসগুলোকেই Dross বলা হয়। কারন Dross অর্থ হলো- আবর্জনা, বিশেষ করে দামি কোন জিনিস ব্যাবহারের ফলে সৃষ্টি হওয়া অব্যাবহিত জিনিস।

১১৬০. **Duress** মূল অর্থ- বলপূর্বক নিয়ন্ত্রণ; বন্দী করা।

Synonyms: coercion, compulsion, force, pressure. Antonyms: free will.

Scanned by CamScanner

Mnemonic- ১. Duress কে Stress এর সাথে মিলিয়ে মনে রাখতে পারেন। কারো উপর Stress দেওয়া মানে তার উপর জোড় খাটানো বা চাপ দেওয়া বা তাকে বলপূর্বক নিয়ন্ত্রন করা। আর Duress অর্থ হলো- বলপূর্বক নিয়ন্ত্রণ; বন্দী করা।

১১৬১. Ebb মূল অর্থ- ভাটা; মন্দা; কমে যাওয়া।

Synonyms: recede, go out, retreat.

Antonyms: come in, Tide.

Mnemonic- ১. Ebb এর মূল অর্থ ভাটা। Tide মানে জোয়ার অর্থাৎ এর উল্টো। ভাটার সময় পানি কমে যায়, তাই এটি দ্বারা কমে যাওয়াও বোঝায়। এটাকে egg এর সাথেয় মিল রাখেন। ইদানিং বার্ড ফ্লু হচ্ছে, তার কারনে কি হয়, ডিম কমে যাচ্ছে। বাজারে ডিম কমে যাচ্ছে। তাহলে ebb মানেও কমে যাওয়া । আবার উর্দু তে "এব" মানে খারাপ অভ্যাস, আর সেটা আমাদের কি করা উচিত? খারাপ অভ্যাস ত্যাগ করা উচিত। তাহলে Ebb এর মানে দাড়ায় কমানো।

১১৬২. Ecclesiastical মূল অর্থ- যাজকীয়; যাজকসংক্রান্ত, গির্জা সংক্রান্ত।

Synonyms: priestly, ministerial, clerical, ecclesiastic, prelatic, canonical.

Mnemonic- ১. Ecclesi এর সাথে আমরা চার্চ মনে রাখতে পারি। অথবা যারা Game of thrones দেখেছেন তারা এটাতে মজা পাবেন। খালেসি আর এক্লেসি প্রায় একই রকম শব্দ । খালেসি এর ধর্ম কি ছিল, দেখলে অনেকটা খ্রিস্টান মনে হয়, তাহলে সেটা হবে চার্চ এর সাথে সম্পর্ক যুক্ত। আবার আরেক ভাবে দেখা যায়। এক্লেসি আর একিলিস কাছাকাছি। একিলিস এর কথা ভাবলে গ্রিক আর রোমান যোদ্ধা দের কথা মনে পরে । তাদের ধর্মের কথা ভাবলে চার্চ এর কথাই মাথায় আসে। তাহলে এভাবে লিঙ্ক করে মনে রাখা যেতে পারে।

১১৬৩. Eclipse মূল অর্থ- অন্ধকার; গ্রহণ; নিষ্প্রভতা ; অন্ধকার করা; দিপ্তিতে ছাড়িয়ে যাওয়া ম্লান হয়ে যাওয়া।

Synonyms: blotting out, blocking, covering, obscuring, hiding, concealing.

Mnemonic- ১. যখন সূর্য গ্রহণ বা চন্দ্র গ্রহণ হয়, তখন আসলে কি হয়? এক গ্রহ আরেকটাকে, সূর্য কে এক্ষেত্রে ঢেকে দেয়, যাতে করে তার আলো আটকে যায়, বের হতে পারে না, অর্থাৎ অন্ধকার হয়ে যায়। আবার হিন্দি কথার সাথেয় যদি মিলায়ে এভাবে দেখি, Eclipse = ek Lips । ek মানে এক, আর Lips মানে ঠোঁট। তাহলে এক ঠোঁট যখন আরেক ঠোঁট কে ঢেকে রাখে তখন কি হয়? তখন দেখা যায় না, screen ডার্ক হয়ে যায়, হা হা, সেরকম ই ভাবে মনে রাখতে পারেন।

১১৬৪. Ecosystem মূল অর্থ- বাস্তুতন্ত্র; বাস্তুসংস্থান; পরিবেশের সাথে উদ্ভিদ ও প্রাণীর সম্পর্ক।

Mnemonic- ১. এটা সহজেই মনে রাখা যায় এভাবে যে eco মানে হল পরিবেশ বা nature। আর system মানে একটি সাজানো নিয়ম মাপিক ব্যাবস্থা। তাহলে পরিবেশের যে সাজানো গোছান একটি ব্যাবস্থা আছে, অর্থাৎ সেখানে প্রাণী উদ্ভিদ এরা যে নিয়ম মেনে বসবাস করে সেটাকেই Ecosystem বলে। বিজ্ঞানের ভাষায় বলা হয় বাস্তুসংস্থান।

১১৬৫. Edict মূল অর্থ- ফরমান; অনুশাসন; কর্তিপক্ষের আদেশ।

Synonyms: decree, order, command, commandment, mandate, proclamation.

Scanned by CamScanner

Mnemonic- ১. যে সবাইকে আদেশ করে বা কমান্ড করে তাকে Dictator বলা হয় । তাহলে আমরা Dictator এর Dict এর সাথেয় মিল রেখে মনে রাখতে পারি edict মানে অনুশাসন বা আদেশ করা।

১১৬৬. **Edifice** মূল অর্থ- অট্টালিকা; প্রাসাদ; ইমারত ।

Synonyms: building, structure, construction, erection, pile, complex.

Mnemonic- ১. এটাকে উচ্চারণ করলে অনেকটা head office এর মত শুনায়, হেড অফিস তো সবসময় বড় বিল্ডিং এ হয় । তাহলে Edifice কে আমরা মনে রাখব বড় অফিস হিসেবে।

১১৬৭. **Effectual** মূল অর্থ- সফল ।

Synonyms: effective, successful, efficacious, productive. Antonyms: ineffectual.

Mnemonic- ১. এটার সাথে effective এর মিল আছে, আর সেটার মানে হল কোন কিছু ভাল ভাবে হওয়া । তাহলে এটার মানে সফল ভাবে কিছু হওয়া।

১১৬৮. **Efficacy** মূল অর্থ- কার্যক্ষমতা; ফলপ্রসূতা ।

Synonyms: efficacious, effectuality, effectiveness. Antonyms: inefficacy.

Mnemonic- ১. Effective মানে কার্যকরী, Efficient মানে কর্মক্ষম , আর Efficacy মানে কার্যক্ষমতা। এই শব্দগুলো মূলত একই রুট থেকে এসেছে।

১১৬৯. **Effigy** মূল অর্থ- প্রতিমূর্তি; প্রতিকৃতি ।

Synonyms: statue, statuette, carving, sculpture, graven image, model.

Mnemonic- ১. Figgy কে figure এর সাথে মিলিয়ে নিন। figure মানে কোন কিছুর মূর্তি। আর Effigy অর্থও মূর্তি বা প্রতিকৃতি ।

১১৭০. **Elation** মূল অর্থ- উল্লাস; প্রচুর আনন্দের অনুভূতি ।

Synonyms: happiness, exhilaration, joy, delight. Antonyms: misery.

Mnemonic- ১. এটাকে election এর সাথে মিলিয়ে মনে রাখা সহজ। যে দল election এ জিতে, সেই দল অনেক আনন্দ করে ।

১১৭১. **Electorate** মূল অর্থ- নির্বাচকমণ্ডলী; ভোটার ।

Synonyms: voter, people, vote, citizenry, constituency, elector.

Mnemonic- ১. Electorate শব্দটি election বা নির্বাচনের সাথে জড়িত। যারা elect করে বা নির্বাচন করে- তাদের Electorate বা নির্বাচকমণ্ডলী বা ভোটার বলা হয়।

১১৭২. **Elegy** মূল অর্থ- বিষাদ সঙ্গীত; শোক সূচক গান ।

Synonyms: funeral poem/song, burial hymn, lament, dirge, plaint.

Scanned by CamScanner

Mnemonic- ১. প্রাচীনকালে গ্রিসে এক ধরনের বিষাদময় সুরে সমবেত কণ্ঠে কবিতা পাঠ করা হত। এগুলোকে eleigeia বলা হত। সেই eleigeia থেকে Elegy শব্দের উৎপত্তি। মনে রাখার জন্য- Elegy = A + Legy = A + Legendary Person = একজন legendary person মারা গেলে সবাই অনেক শোকাহত হয়।

১১৭৩. **Elite** মূল অর্থ- অভিজাত; সেরা; অভিজ্ঞ।

Synonyms: best, pick, cream, nonpareil, aristocracy. Antonyms: dregs.

Mnemonic- ১. Elite শব্দটির রুট Elect এর সাথে সম্পর্কিত। Elect মানে নির্বাচন করা। যে সেরা তাকে সবাই নির্বাচিত করে। যারা Elected হয় তারাই Elite বা সেরা।

১১৭৪. **Elocution** মূল অর্থ- বাগ্মিতা , বাকপটুতা।

Synonyms: pronunciation, enunciation, articulation, diction, speech.

Mnemonic- ১. এটাকে শুনলে election এর সাথে মিল পাওয়া যায় । যারা election এ ভাল করে, সাধারণত তারা বক্তৃতায় ভাল হয় । মনে রাখুন- election এ জয়ী হতে হলে- Elocution এ ভাল হতে হয়।

১১৭৫. **Emaciate** মূল অর্থ- ক্ষয় করা; নষ্ট করা বা রোগা হওয়া।

Synonyms: thin, skeletal, bony, scrawny, skinny. Antonyms: fat.

Mnemonic- ১. EMa= HeyyyMAaa = মাকে এভাবে ডাকি আমরা যখন অসুস্থ হয়ে পড়ি। আবার, E + Mass = E for out or less + Mass for muscle = তাহলে ক্ষয় হয়ে যাওয়া বুঝাতে আমরা এটা ব্যাবহার করতে পারি ।

১১৭৬. **Emanate** মূল অর্থ- নিঃসৃত হওয়া; নির্গত হওয়া; উৎপন্ন হওয়া।

Synonyms: emerge, flow, pour, proceed, issue, ensue, come out.

Mnemonic- ১. Emanate কে Emit এর সাথে মিল রেখে মনে রাখুন। Emit মানে নির্গত হওয়া বা নিঃসৃত হওয়া। আর Emanate মানেও নিঃসৃত হওয়া; নির্গত হওয়া; উৎপন্ন হওয়া।

১১৭৭. **Emancipate** মূল অর্থ- মুক্ত করা; বন্ধন হইতে মুক্ত করা; স্বাধীনতা দেওয়া।

Synonyms: free, liberate, set free, release. Antonyms: enslave.

Mnemonic- ১. Man + cip = Man with a Ship = জাহাজ নিয়ে মানুষ মুক্ত হয়ে বের হতে পারে। কাউকে যদি সমুদ্রের মধ্যে নির্বাসন দিয়ে রাখা হয়, আর সেই লোকটির যদি একটি জাহাজ থাকে তবে সে মুক্ত হতে পারবে।

১১৭৮. **Embargo** মূল অর্থ- নিষেধাজ্ঞা; বারণ; নিষেধ করা; বারণ করা।

Synonyms: ban, bar, prohibition, stoppage, interdict, proscription, veto.

Mnemonic- ১. Em + Cargo = No + Cargo = মানে সব মালামাল যাওয়া নিষেধ । আবার EM + Bar = NO + BAR = Bar এর ব্যাবসা কে বন্ধ করে দিল।

Scanned by CamScanner

১১৭৯. Embellish মূল অর্থ- অলঙ্কৃত করা, সজ্জিত করা, শোভা করা ।

Synonyms: decorate, adorn, ornament, dress, dress up, furnish; beautify.

Mnemonic- ১. মাঝখানে আছে Belli । এর সাথে মিল আছে Twilight movie এর নায়িকা Bella এর যে অনেক সুন্দর । তাহলে সুন্দর করার জন্য আমরা সজ্জিত করে ।

১১৮০. Embody মূল অর্থ- মূর্ত করা, মূর্তিদান করা, অন্তর্ভুক্ত করা, বাস্তব রূপ দান করা ।

Synonyms: personify, incorporate, give human form/shape to, realize.

Mnemonic- ১. Empower মানে কাউকে ক্ষমতা দেওয়া। এই empower এর মত আরও অনেকগুলো শব্দ আছে, যেগুলোর আগে em যুক্ত করে দেওয়া বোঝানো হয়। আর এখানে- Embody = em + Body । অর্থাৎ কেউকে দেহ দেওয়া বোঝাচ্ছে। দেহ দেওয়া মানে রুপ দেওয়া বা আকৃতি দেওয়া। বিষয়টি কিছুটা আত্মাকে দেহ দান করার মত।

১১৮১. Embroil মূল অর্থ- পেঁচানো , জড়িত করা, ঝামেলায় জড়ানো ।

Synonyms: involve, entangle, ensnare, enmesh.

Mnemonic- ১. Em + B(r)oil = I am Boil = ঝামেলায় আমার অবস্থা খারাপ। আবার Boil মানে অনেক heat দেওয়া । তাহলে, মুরগি কে বয়েল করলে সেটাকে অনেক গরম করা হয় । সেরকম ই পরিস্থিতি গরম হয়ে যাওয়া এর সাথে মনে রাখা যায় এটা ।

১১৮২. Embryonic মূল অর্থ- আদি , মৌলিক , ভ্রূনাবস্থিত, বিকশিত হয়নি এমন ।

Synonyms: fetal, unborn, unhatched, rudimentary. Antonyms: mature.

Mnemonic- ১. Embryonic = Embryo + Nic । Embryo মানে ভ্রূণ। আর Embryonic মানে ভ্রুনের মত অবস্থা। অর্থাৎ একদম আদি বা অবিকশিত অবস্থা।

১১৮৩. Emissary মূল অর্থ- গুপ্ত চর , গোয়েন্দা।

Synonyms: envoy, ambassador, diplomat, delegate, attaché, legate.

Mnemonic- ১. Someone with a Mission, মানে Agent. অথবা এভাবে, E + Missary = Secret + Missary = Secret Mission ।

১১৮৪. Empathy মূল অর্থ- সহমর্মিতা, সহানুভূতি ।

Synonyms: sympathy, fellow feeling .

Mnemonic- ১. অনেকটা Sympathy এর মত । sympathy হল সহানুভূতি দেখান আর empathy হল সহানুভূতি দেখানোর ক্ষমতা ।

১১৮৫. Empower মূল অর্থ- ক্ষমতা প্রদান করা, অধিকারী হওয়া।

Synonyms: authorize, license, entitle, permit. Antonyms: forbid.

Scanned by CamScanner

Mnemonic- ১. Em + Power = তাহলে Power কে activate করা এর সাথে মনে রাখা যায় এটা।

১১৮৬. Endear মূল অর্থ- আদর করা, প্রিয় করা।

Synonyms: delight, please. Antonyms: displease.

Mnemonic- ১. En + Dear = to become dear = কারো কাছে প্রিয় হওয়া।

১১৮৭. Engaging মূল অর্থ- আকর্ষক , মনোরম , আকর্ষণ পূর্ণ, নিবেশ।

Synonyms: charming, appealing, attractive, pretty. Antonyms: unappealing.

Mnemonic- ১. Eng + Age = Young + Age = কম বয়সী মেয়েরা আকর্ষণীও হয় । আবার Girls engage Boys মানে মেয়েরা ছেলেদের আকর্ষণ করে ।

১১৮৮. Enmity মূল অর্থ- শত্রুতা ,বিরোধিতা।

Synonyms: hostility, animosity, antagonism, friction. Antonyms: friendship.

Mnemonic- ১. Enemy + Ity = সহজেই মনে রাখা যায় এটা শত্রুর সংক্রান্ত কিছু ।

১১৮৯. Ennui মূল অর্থ- অবসাদ , মানসিক ক্লান্তি।

Synonyms: boredom, tedium, listlessness, lethargy. Antonyms: animation.

Mnemonic- ১. En + Nui = No + New = Nothing new leads to Boredom .আবার এটা উচ্চারণ করলে অনেক টা নেহিইইই হিন্দি শব্দের মত শোনায়, তাহলে ভাল লাগছে না তার মনে কোন কিছু এমন অবস্থা বোঝাচ্ছে ।

১১৯০. Ensue মূল অর্থ- ঘটা। সঙ্ঘটিত হওয়া , অনুসরণ করা ।

Synonyms: result, follow, develop, stem, spring, arise, derive, evolve.

Mnemonic- ১. এভাবে মনে রাখেন, যখন কাউকে কোর্ট এ Sue করা হয়, তখন কেস টা ensue হয়। আবার, ensue = end of issue = তার মানে একটা result হবেই।

১১৯১. Entail মূল অর্থ- ফলস্বরূপ ঘটা।

Synonyms: necessitate, make necessary, require, need, demand.

Mnemonic- ১. en+ tail = সব প্রাণীর tail থাকে, তাহলে tail থাকার ফলে তাদের শরীর এর একটি অংশ পূর্ণ থাকে। আবার, tail আছে বলেই bird রা উড়ার সময় direction পরিবর্তন করতে পারে।

১১৯২. Entity মূল অর্থ- সত্তা; অস্তিত্ব; অস্তিত্বশীল বস্তু।

Synonyms: existence, being; life, living. Antonyms: nonentity.

Scanned by CamScanner

Mnemonic- ১. Entity কে সহজেই Entry দিয়ে মনে রাখা যায়। Entry করা মানে লিখে রাখা। আমরা অনেককিছুই খাতায় Entry করে রাখি। যার কোন অস্তিত্ব নাই তার কথা আমরা খাতায় লিখে রাখিনা। মনে রাখতে হবে যে- যার কোন Entity নাই, তার জন্য কোন Entry করা প্রয়োজন পরে না।

১১৯৩. **Entreat** মূল অর্থ- অনুনয় করা; প্রার্থনা করা ।

Synonyms: implore, beseech, beg, plead with, supplicate, pray, ask, request.

Mnemonic- ১. Entreat কে treat দিয়ে সহজেই মনে রাখা যায়। নিজের বন্ধুকে আমরা ভাল কিছু হলেই treat দিতে বলি/অনুরোধ করি । তাহলে আমরা মনে রাখব- Entreat মানে treat দিতে অনুরোধ করা বা অনুরোধ করা।

১১৯৪. **Entrepreneur** মূল অর্থ- উদ্যোক্তা; যে নতুন কিছু শুরু করে ঝুঁকি নিয়ে ।

Synonyms: businessman, business person, enterpriser, speculator, tycoon.

Mnemonic- ১. আমরা সবাই Enterprise শব্দটির সাথে পরিচিত। Enterprise মানে ব্যাবসায়িক উদ্যোগ । যিনি Enterprise পরিচালনা করেন তিনিই Entrepreneur বা উদ্যোক্তা।

১১৯৫. **Enumerate** মূল অর্থ- গণনা করা; পরপর নাম উল্লেখ করা।

Synonyms: businessman, businesswoman, business person, business executive.

Mnemonic- ১. Enumerate-> E + numerate | numerate শব্দ টা দেখে আমরা number এর কথা মনে করতে পারি। Enumerate মানে number গোনা বা গণনা করা। এর আরেকটি অর্থ হলো- পরপর নাম উল্লেখ করা।

১১৯৬. **Envision** মূল অর্থ- কল্পনা করা; আগামী কি হবে তা আন্দাজ করার ক্ষমতা ; অন্তঃদৃষ্টি।

Synonyms: visualize, imagine, envisage, picture, see in one's mind's eye.

Mnemonic- ১. Envision = en + vision। vision মানে দৃষ্টি। যারা দূরদৃষ্টি রাখে তাদের আমরা visionary বলি, তাদের কল্পনা শক্তি থাকে বলেই তারা দূরদৃষ্টি সম্পন্ন। অর্থাৎ তাদের Envision আছে।

১১৯৭. **Epicure** মূল অর্থ- খাই খাই করে এমন লোক; পান ভোজন এ আসক্ত ব্যাক্তি ।

Synonyms: gourmet, gastronome, gourmand, connoisseur; glutton, sensualist.

Mnemonic- ১. Epicure মানে Epicurus এর অনুসারী। Epicurus ছিলেন একজন গ্রীক দার্শনিক। তিনি মনে করতেন আনন্দ লাভই জীবনের উদ্দেশ্য। ফলে খাও দাও ফুর্তি কর এটাই ছিল তার দর্শনের মূল কথা। এপিকুরাসের মতবাদ অনুসারেই Epicure শব্দটির এমন অর্থ। মনে রাখার জন্য-> Epicure = Epic + Curry । epic মানে মহাকাব্য আর Curry মানে তরকারী। যে খাবারের উপর মহাকাব্য লিখে ফেলতে পারে বুঝতে হবে সে খাবারের অনেক ভক্ত। বুঝতেই পারছেন এমন ব্যক্তির পান-ভোজনে কেমন আসক্তি থাকতে পারে। তাহলে Epicure মানে

Scanned by CamScanner

পরিশিষ্ট বা বইয়ের শেষ পরিচ্ছেদ ।

১১৯৮. **Epilogue** মূল অর্থ- উপসংহার; পরিশেষ ; পরিশিষ্ট বা বইয়ের শেষ পরিচ্ছেদ ।

Synonyms: afterword, postscript, PS, coda, codicil. Antonyms: prologue.

Mnemonic- ১. Prologue আর Epilogue এই দুটি শব্দকে একসাথে মনে রাখা সহজ। কোন বইয়ের শুরুতে যে প্রস্তাবনা বা ভূমিকা থাকে সেটাকে Prologue বলা হয়। আর শেষের পরিশিষ্টকে Epilogue বলা হয়। Prologue এর Pro দেখেই বুঝে নিতে হবে যে এটা শুরুর থাকে। তাহলে Epilogue থাকবে শেষে। শব্দদুটির সাথে dialogue এর সাথে মিল আছে। তাহলে- Epilogue মানে শেষের dialogue ।

১১৯৯. **Epoch** মূল অর্থ- কাল; যুগ; অধিযুগ ।

Synonyms: era, age, period, time, aeon, span.

Mnemonic- ১. Epic থেকে আমরা Epoch এর অর্থ মনে রাখতে পারি। Epic মানে মহাকাব্য। মহাকাব্য তো আর প্রতি বছর লেখা হয়না। যুগে যুগে হয়ত দু'একটি লেখা হয়। সেই কবে হোমার তার ওডিসি লিখেছিলেন। তারপর হাজার বছরেও কোন Epic লেখা হয়নি। তাহলে মনে রাখতে হবে যে- Epic লেখা হয় Epoch পরে পরে।

১২০০. **Equestrian** মূল অর্থ- অশ্বারোহী ।

Synonyms: horseman, horsewoman, rider, horse rider, jockey; cavalryman.

Mnemonic- ১. Equestrian কে Pedestrian এর সাথে মিল রেখে মনে রাখা সহজ। Pedestrian মানে যে পায়ে হেটে চলে । আর যে ঘোড়ায় চড়ে চলে সে হলো- Equestrian। এই শব্দটির একদম আদি রুট হলো- Equus , ইকু বা অশ্ব ।(স্থান ভেদে উচ্চারণ আলাদা হয় বলে এই অবস্থা)

১২০১. **Estimable** মূল অর্থ- শ্রদ্ধেয়, মাননীয় ।

Synonyms: reputable, honorable, good, respectable.

Antonyms: disreputable.

Mnemonic- ১. Estimable = Estime + able, Esteem মানে হল শ্রদ্ধা । যে esteem করার যোগ্য সে Estimable বা শ্রদ্ধেয় ।

১২০২. **Estrange** মূল অর্থ- বিচ্ছিন্ন করা; ছাড়াছাড়ি করা।

Synonyms: alienate, antagonize, disaffect. Antonyms: attract, unite.

Mnemonic- ১. Estrange = En + Strange = কাউকে strange করে ফেলা। কেউকে Strange বা অপরিচিত করে ফেলা, মানে তার সাথে সম্পর্ক ছেদ করে ফেলা।

১২০৩. **Ethics** মূল অর্থ- নীতি শাস্ত্র , নীতি ।

Synonyms: moral code, morals, morality, moral stand, moral principles, moral.

Mnemonic- ১. Ethics = E + thic = ই + ঠিক = যাহা ঠিক তা নিয়েই Ethics বা নীতিশাস্ত্র গড়ে উঠেছ।

Scanned by CamScanner

১২০৪. **Eulogy** মূল অর্থ- প্রশংসা, সাধারণত কোন শোক সংবাদ বা ঘটনায় তাকে নিয়ে প্রশংসার কথা বলা।

Synonyms: accolade, speech of praise, panegyric. Antonyms: attack.

Mnemonic- ১. Eulogy কে You logy হিসেবে মনে রাখুন। You মানে তুমি, আর logy মানে জ্ঞান। তোমার জ্ঞানের কথা বলা মানে তোমার প্রশংসা করা। কেউ মারা গেলে তার শোকসভায় সবাই মৃত ব্যাক্তির জ্ঞানের কথা বলে, সেটাকেই Eulogy বলা হয়।

১২০৫. **Evince** মূল অর্থ- স্পষ্ট প্রদর্শন করা।

Synonyms: reveal, show, make clear, make plain. Antonyms: conceal.

Mnemonic- ১. এটা শুনতে অনেকটা Evidence এর মত। যা আমরা show করি কিছু প্রমান করার জন্য। আবার এটা শুনতে অনেকটা convince এর মত। কাউকে convince করতে হলে তাকে সেটা দেখায়ে রাজি করাতে হয়।

১২০৫. **Evoke** মূল অর্থ- আহ্বান করা, আবির্ভূত করা।

Synonyms: bring to mind, call to mind, put one in mind of, call up.

Mnemonic- ১. কেউ ঘুমিয়ে থাকলে আমরা তাকে ডাকি যখন কাউকে দিয়ে তখন বলি, এই ওকে ডাক, সেই ডাকার সাথে মিল রেখে মনে রাখা যায় এই শব্দটা ।

১২০৬. **Excise** মূল অর্থ- আবগারি, শুল্ক (Noun) ,কাটা , শুল্ক আদায় করা (verb)।

Synonyms: duty, tax, levy, tariff, toll, tithe; customs, customs duties.

Mnemonic- ১. Excise কে আমরা সহজেই Exercise দিয়ে মনে রাখতে পারি। Exercise করলে আমাদের শরীরের চর্বি কমে যায়। তার মানে exercise আমাদের চর্বি Excise করে। আর Excise অর্থ কাটা; বিশেষ করে আবগারি শুল্ক কাটা ।

১২০৭. **Exempt** মূল অর্থ- অব্যাহতি প্রাপ্ত, মুক্ত (Adjective),রেহাই দেওয়া , মুক্ত করা (verb)।

Synonyms: free from, not liable to, not subject to. Antonyms: liable to.

Mnemonic- ১. Attempt মানে কোন কিছু করার পদক্ষেপ নেওয়া, আর exempt মানে তার উলটাটা, অর্থাৎ অব্যাহতি দেওয়া বা রেহাই দেওয়া।

১২০৮. **Exhume** মূল অর্থ- প্রকাশ করা, কবর খুঁড়িয়ে তোলা (Verb)।

Synonyms: disinter, dig up, unearth. Antonyms: bury.

Mnemonic- ১. Ex দিয়ে সাধারণত বের করা বোঝানো হয় , আর hume শুনতে অনেকটা human এর মত। তাহলে Exhume অর্থ দাঁড়াচ্ছে কবর থেকে মানুষ বের করা। এটিকে কিছুটা রূপকঅর্থে ব্যাবহার করা হয়। তখন কোন কিছুকে প্রকাশ করা বোঝানো হয়।

১২০৯. **Exodus** মূল অর্থ- প্রস্থান, যাত্রা, দলবদ্ধ ভাবে প্রস্থান (Noun)।

Scanned by CamScanner

Synonyms: mass departure, withdrawal, evacuation. Antonyms: arrival.

Mnemonic- ১. ex (Exit) + O (of) + US = আমাদের যাত্রা বা আমাদের দলবদ্ধভাবে প্রস্থান। এই শব্দটি মনে রাখার জন্য Exodus God মুভিটির কথা মনে করুন। এই মুভিতে মোজেস(মুসা নবী) তার দলবল নিয়ে মিশর থেকে বের হয়ে যায়।

১২১০. **Exorbitant** মূল অর্থ- অতিরিক্ত, আধিক্য পূর্ণ (Adjective) ।

Synonyms: extortionate, excessively high. Antonyms: reasonable.

Mnemonic- ১. Ex + orbit = extra from our orbit। অরবিট/ orbit মানে গ্রহের কক্ষপথ। নরমালই তো গ্রহ অরবিট এর মধ্যে ঘোরে, কিন্তু এক্সট্রা যখন হয়ে যায়, সেটার কথা বলছে এখানে ।

১২১১. **Expiate** মূল অর্থ- প্রায়শ্চিত্ত করা (Verb) ।

Synonyms: atone for, make amends for, make up for, do penance for.

Mnemonic- ১. শুনতে অনেকটা Expiry date এর মত। দোকান থেকে কোন কিছু যদি আমরা কিনি আর পরে দেখি তার expiry date টা over হয়ে গিয়েছে তাহলে আমার আবার সেটা ফেরত দিতে আসি দোকানে ।

১২১২. **Explicate** মূল অর্থ- প্রকাশ করা। ব্যাখ্যা করা । (Verb) ।

Synonyms: explain, explain in detail, make explicit. Antonyms: obscure.

Mnemonic- ১. এটা অনেকটা Explain এর মত শুনতে আর দেখতে । আবার ভাগ করে মনে রাখতে চাইলে , explain + communicate = explicate ।

১২১৩. **Exposition** মূল অর্থ- প্রকাশ, প্রদর্শন, উদ্ভাস (Noun) ।

Synonyms: exhibition, fair, trade fair, display, show, presentation.

Mnemonic- ১. Exposition > Exhibition > Explanation , Expose মানে কোন কিছু প্রকাশ করা, Exhibition মানে কোন কিছুর প্রদর্শনী করা বা display করা। আমরা এই শব্দগুলকে মিলিয়ে নিয়ে Exposition কে মনে রাখতে পারি।

১২১৪. **Expostulate** মূল অর্থ- তর্ক করা, যুক্তি দেখানো (Verb)।

Synonyms: remonstrate, disagree, argue, take issue, reason.

Mnemonic- ১. Postulate মানে কোন কিছু সম্পর্কে ধারনা করে সঠিক বলে ধরে নেওয়া। আর Expostulate মানে সেই ধরে নেওয়া সম্পর্কে উল্টো যুক্তি দেওয়া বা তর্ক করা। অর্থাৎ তার Postulate করা জিনিস কে Ex বা বাতিল করে দেওয়া।

১২১৫. **Expunge** মূল অর্থ- মুছিয়ে ফেলা (Verb) ।

Scanned by CamScanner

Synonyms: erase, remove, delete, rub out, wipe out, efface; cross out.

Mnemonic- ১. Expunge কে Sponge এর সাথে মিলিয়ে মনে রাখতে পারেন। এটা শুনতে অনেকটা Sponge এর মত, যা দিয়ে আমরা থালাবাসন পরিষ্কার করি। আর Expunge মাছে মুছে ফেলা ।

১২১৬. **Exquisite** মূল অর্থ- সূক্ষ্মভাবে ভাল, নিদারুণ , তীব্র (adjective) ।

Synonyms: intense, acute, keen, piercing, sharp. Antonyms: crude.

Mnemonic- ১. যদি কেউ বলে please don't squeeze it তার মানে সেটা একটা সূক্ষ্ম কোন বস্তু। সেটাকে squeeze করলেই নষ্ট হয়ে পারে। মনে রাখতে হবে যে- যা squeeze করা যায় না, তাই সূক্ষ্ম। আর সেটাই Exquisite । অর্থাৎ Exquisite মানে নিখুত বা সূক্ষ্ম ।

১২১৭. **Extant** মূল অর্থ- অদ্যাপি বর্তমান, এখন অস্তিত্ব আছে এমন (adjective) ।

Synonyms: still existing, in existence, surviving. Antonyms: non-existent.

Mnemonic- ১. Extinct মানে বিলুপ্ত হয়ে যাওয়া। আর এর ঠিক বিপরীত হল Extant। এটাকে আমরা Exist এর সাথে মিলিয়েও মনে রাখতে পারি। Exist মানে যার অস্তিত্ব আছে, আর Extant মানেও তার খুব কাছাকাছি। মনে রাখতে হবে- যা এখনো Exist করে, সেটাকেই Extant বলে।

১২১৮. **Extort** মূল অর্থ- বল প্রয়গে আদায় করা (verb) ।

Synonyms: force, obtain by force, obtain by threat(s), blackmail someone for.

Mnemonic- ১. ex + tort = via torture = torture মানে কোন কিছুর জন্য জোর করা। জোর-জবর্দস্তির মাধ্যমে বা torture এর মাধ্যমে আদায় করাকেই আমরা বলব- Extort করা।

১২১৯. **Extremity** মূল অর্থ- চরম অবস্থা, প্রান্তসীমা (Noun) ।

Synonyms: intensity, high degree, magnitude, acuteness. Antonyms: mild.

Mnemonic- ১. Extreme থেকেই বোঝা যায় Extremity শব্দটি এসেছে। Extreme মানে চরম বা মারাত্মক। আর Extreme অবস্থাকেই Extremity বা "চরম অবস্থা" বলা হয়।

১২২০. **Exuberant** মূল অর্থ- উচ্ছ্বাসিত , সমৃদ্ধ, প্রাচুর্যপূর্ণ (adjective) ।

Synonyms: luxuriant, lush, rich, abundant, abounding. Antonyms: meagre.

Mnemonic- ১. Exuberant কে ভেঙ্গে ফেলুন-> exuberant = excess ants, অর্থাৎ অনেক বেশি পিপড়া। কোন কিছু অনেক বেশি থাকাকে Exuberant বলা হয়।

১২২১. **Facade** মূল অর্থ- কোন অট্টালিকার সম্মুখভাগ; মিথ্যা বা ভুল সম্মুখভাগ।

Synonyms: front, frontage, face, aspect, elevation. Antonyms: back side.

Scanned by CamScanner

Mnemonic- ১. শব্দটি থেকে Fac (Fake) + ade (addition) অর্থ্যাৎ আপনার চেহারা উপর কোন কিছু add করে অন্য একটি বিকৃত চেহারা বানানো যেতে পারে। কিংবা একটি বিল্ডিং এর সম্মুখ ভাগে নতুন কিছু add করে এর চেহারা পাল্টে দেওয়া যায়।

১২২২. **Facet** মূল অর্থ- কোন কাটা রত্নের পৃষ্ঠদেশ; অনেকপৃষ্ঠ বিশিষ্ট কোন কিছুর কোন একটি দিক; দৃষ্টিভঙ্গী।

Synonyms: surface, face, side, aspect, feature.

Mnemonic- ১. Facet শব্দটি মূলত Face বা মুখ থেকে এসেছে। Facet এর অর্থ মূলত পৃষ্ঠদেশ, বিশেষ করে হীরা বা কোন রত্নের যে অনেকগুলো পৃষ্ঠ থাকে তার যেকোনো একটি। একটু ভালমত ভেবে দেখলে বুঝবেন এই পৃষ্ঠটিই ঐ রত্নটির মুখ বা Face। আর Face দেখেই মানুষের দৃষ্টিভঙ্গী সম্পর্কে আন্দাজ করা যায়। ফলে এই Face থেকেই Facet শব্দটির সেকেন্ডারি মিনিংগুলো সম্পর্কে আমরা ধারণা করতে পারি।

১২২৩. **Fallacy** মূল অর্থ- ভ্রম; ভ্রান্ত ধারণা ।

Synonyms: misconception, mistaken belief, misbelief, delusion, false notion.

Mnemonic- ১. Fallacy = False see , অর্থাৎ ভুল দেখা। মানুষ যখন ভুল বা ভ্রম দেখে তখন সেটাকে Fallacy বলা যায়। আপনি আপনার ভবিষ্যৎ সম্পর্কে ধারনা করলেন যে আপনি দুই বছর পর বিলিয়নিয়ার হয়ে যাবেন। এখন আপনি যদি সঠিক পরিকল্পনা ছাড়াই এটা ভেবে থাকেন, অর্থাৎ ভবিষ্যৎ সম্পর্কে False see করেন, তবে সেটাকে Fallacy বা ভ্রান্ত ধারণা বলা হবে। এজন্য অনেক সময় বলা হয়- " এই ছেলেটি Fallacy -তে ভুগছে "।

১২২৪. **Fathom** মূল অর্থ- অনুধাবন করা ; বুঝতে পারা; গভীরতা মাপা ।

Synonyms: understand, comprehend, work out, measure the depth of.

Fathom মূলত সমুদ্রের পানির গভীরতা মাপার একটি একক। ৬ ফিটে এক Fathom হয়। কোন কিছু বুঝতে পারা আর গভিরতা মাপা প্রায় কাছাকছি ব্যাপার। Fathom যেহেতু গভীরতা মাপার একটি একক, তাই সেকেন্ডারি মিনিং হিসেবে এটি দ্বারা গভীরতা মাপা এমনকি কোন কিছু বুঝতে পারাকেও বোঝায়।

Mnemonic- ১. Fathom কে সহজেই Fathometer দিয়ে মনে রাখা যায়। আমরা সবাই জানি যে- সমুদ্রে গভীরতা মাপার জন্য Fathometer/ফ্যাদোমিটার ব্যবহার করা হয়। পানির গভীরতা কত Fathom সেটা জানা যায় বলেই এর নাম হয়েছে Fathometer।

১২২৫. **Faux** মূল অর্থ- মিথ্যা ।

Synonyms: false, fake, artificial, unreal, imitation. Antonyms: natural.

Mnemonic- ১. Faux এর উচ্চারণ অনেকটা False এর মত। আর দুটির অর্থই মিথ্যা। False ও Fake এর সাথে মিল রেখে Faux কে মনে রাখতে পারেন।

১২২৬. **Fawn** মূল অর্থ- মমতা দেখানো; সুবিধা পাবার জন্য মমতা দেখানো; তোষামুদ করা।

Synonyms: obsequious, servile, sycophantic, flattering, ingratiating, unctuous.

Scanned by CamScanner

Fawn শব্দটির দুটি অর্থ। ১ বছরের কম বয়সী বাচ্চা হরিণকে Fawn বলা হয়। আর অন্যটির অর্থ উপরে দেওয়া আছে।

Mnemonic- ১. Fawn কে Fan এর সাথে মিল রেখে মনে রাখা যায়। যেসব ব্যাক্তিরা Fawn, তারা আপনার সাথে এমন আচরণ করবে, দেখে মনে হবে যেন তারা আপনার ফ্যান। কিন্তু আমরা জানি তারা আসলে সুবিধা পাবার আশায় এগুলো করে থাকে। আর এভাবে সুবিধা পাওয়ার আশাকেই Fawn বলে।

১২২৭. **Feign** মূল অর্থ- ভান করা; ছল করা; প্রতারনা করা।

Synonyms: simulate, fake, sham, affect. Antonyms: sincere.

Mnemonic- ১. Feign দেখতে অনেকটা Foreign এর মত। যুগে যুগে অনেক ইংরেজদের মত অনেক Foreign রা আমাদের সাথে Feign করে, অর্থাৎ ছল করে আমাদের দেশ শাসন করেছে।

১২২৮. **Fester** মূল অর্থ- পচে পুঁজ তৈরি হওয়া; ঘা তৈরি হওয়া; ইনফেশন হওয়া।

Synonyms: suppurate, become septic, form pus, secrete pus, discharge.

Mnemonic- ১. Fester শব্দটি Fistula শব্দটির সাথে জড়িত। রাস্তার ক্যানভাসের কারনে আমরা সবাই ভগন্দর ও ফিস্টুলা শব্দগুলির সাথে পরিচিত। Fistula হলে মলদ্বার দিয়ে সুরু গর্ত হয়ে পুজ পরে। Fistula থেকেই Fester বা পুঁজ তৈরি হওয়া মনে রাখা যায়।

১২২৯. **Fetish** মূল অর্থ- অতিপ্রাকৃতিক শক্তিসম্পন্ন কোন বস্তু ; এমন কোন জড় বস্তু, যার প্রতি মানুষ অতিরিক্ত শ্রদ্ধা করে ; প্রতিমা ।

Synonyms: juju, talisman, charm, amulet; totem, icon, idol, image, effigy, doll.

অনেক মানুষ মনে করে তাবিজ, কবজ, মাদুলি ইত্যাদির রোগ বা বিপদ প্রতিরোধ করার মত শক্তি আছে, এগুলোকে Fetish বলা যায়। তবে এই শব্দটির আরও একটি বিশেষ ব্যাবহার আছে। অনেক মানুষ কোন বস্তু, জামাকাপড় বা কোন অঙ্গের প্রতি প্রবল যৌন আকর্ষণ অনুভব করে। সেক্ষেত্রেও এই Fetish শব্দটি ব্যাবহার করা হয়।

Mnemonic- ১. আফ্রিকার গিয়েনা উপকূলের আদিম অধিবাসীরা বিভিন্ন মাদুলি, কবচ ইত্যাদিকে অত্যন্ত শ্রদ্ধা ও পুজা করত। পর্তুগীজ নাবিক ও ব্যাবসায়িরা আদিবাসীদের এই জিনিসগুলোকে fétiches বলত। সে এই fétiches থেকেই ইংরেজির Fetish শব্দটি এসেছে।

১২৩০. **Fiasco** মূল অর্থ- চরম ব্যর্থতা, বিশেষ করে হাস্যকর ও অপমানজনক ব্যর্থতা।

Synonyms: failure, disaster, catastrophe, debacle. Antonyms: success.

Mnemonic- ১. Fiasco শব্দটির একটি মজার ইতিহাস আছে। Fiasco শব্দটি এসেছে ফ্লাস্ক বা Flask শব্দ থেকে। ল্যাটিন ভাষায় Flask কে বলে flasco। এক সময় ইতালিতে বাজি ধরে খেলা হত। সেসময় এসব খেলায় হেরে যাওয়াটা ছিল হাস্যকর আর অপমানজনক। পাশাপাশি হেরে গেলে এক bottle ওয়াইন কিনতে সবাইকে খাওয়াতে হত। হেরে গেলে bottle বা Flask কিনে খাওয়াতে হত, আর তার থেকেই এই Fiasco শব্দটির সৃষ্টি।

Scanned by CamScanner

ইতিহাস= bottle>Flask>flasco> Fiasco। আমরা Flask এর সাথে মিল রেখে Fiasco মনে রাখতে পারি। (সূত্রঃ ইতালিয়ান ডিকশনারি)

১২৩১. **Fiat** মূল অর্থ- ইচ্ছামত হুকুম প্রদান; আদেশ; ক্ষমতা প্রদান।

Synonyms: edict, decree, imperial decree, stay, decree nisi, enactment, bull.

ধরুন কোন দেশের মুদ্রার মান নির্ধারিত হবার কথা বাজারের উপর ভিত্তি করে, কিন্তু সেটা না হয়ে যদি অর্থমন্ত্রনালয়ের লোকজন তাদের ইচ্ছামত আদেশ দিয়ে মুদ্রার মান বৃদ্ধি করে ফেলে, তবে তবে সেটাকে Fiat বলা হবে।

Mnemonic- ১. Fiat শব্দের অর্থ না জানলেও আমরা সবাই Fiat গাড়ির সাথে পরিচিত(অন্তত যারা মাসুদ রানা পড়েছেন)। Fiat গাড়ি দিয়েই Fiat কে মনে রাখুন। Fiat গাড়ির মালিকরা বেশ ক্ষমতাবান হয়, ফলে তাদের অধীনস্থদের উপর ইচ্ছামত Fiat জারি করতে পারে। মনে রাখুন- Fiat এর মালিকরা Fiat জারি করতে পারে।

১২৩২. **Fickle** মূল অর্থ- কোন কারন ছাড়াই ঘন ঘন পরিবর্তন(কারো প্রতি শ্রদ্ধা, আগ্রহ ইত্যাদি); চপল স্বভাব; দ্রুত মনোভাব পরিবর্তন করা ।

Synonyms: capricious, changeable, variable, volatile. Antonyms: constant.

Mnemonic- ১. Fickle কে Flicker দিয়ে মনে রাখতে পারেন। Flicker মানে মিটিমিটি করা বা ঝিকমিক করা অর্থাৎ দ্রুত রঙ ও উজ্জ্বল্য পরিবর্তন করা। আর Fickle মানে দ্রুত মনোভাব পরিবর্তন করা।

১২৩৩. **Figment** মূল অর্থ- বানানো; কল্পিত; মিথ্যা উদ্ভাবন; উদ্ভাবন।

Synonyms: concoction, fabrication; hallucination, illusion.

ধরুন একটি বাচ্চা ছেলে তার মা'কে বলছে- "জানো মা, আজকে আমার স্কুলের পেছনে একটা বিশাল দৈত্য এসেছিল"। এই কথাটি ছেলেটির কল্পনা করা বা বানানো কথা। এই কল্পিত বা বানানো কাহিনীকে Figment বলা হয়।

Mnemonic- ১. Figment এর Fig=Figure ও ment=mental, অর্থাৎ মনে তৈরি হওয়া কোন মূর্তি বা আকৃতি। আর Figment অর্থও কিন্তু তাই। যা বাস্তবে নাই কিন্তু কেউ কল্পনা করে নিচ্ছে বা তার মনের মত করে বানিয়ে নিচ্ছে, সেটাকেই Figment বলা হয়।

১২৩৪. **Fiscal** মূল অর্থ- অর্থ সংক্রান্ত; টাকা পয়সা বা ধনসম্পদ সম্পর্কিত ।

Synonyms: tax, budgetary, revenue; financial, economic, monetary, money.

Fiscal এর এর একটি অর্থ হলো রাজকোষ বা ট্যাক্স থেকে পাওয়া রাষ্ট্রের অর্থ সম্পর্কিত।তবে অর্থ সম্পর্কিত যেকোনো ক্ষেত্রেই এই শব্দটি ব্যাবহার করা হয়।

Mnemonic- ১. Fiscal কে Financial দিয়ে মনে রাখা সহজ। Fiscal মানেই Financial। একই অর্থ।

১২৩৫. **Fledgling** মূল অর্থ- অনভিজ্ঞ; অপরিণত।

Synonyms: embryonic, infant, chick, baby bird, nestling. Antonyms: mature.

Scanned by CamScanner

যে পাখির সবেমাত্র পালক গজাচ্ছে তাকে Fledgling বলা হয়। কিন্তু সেকেন্ডারি মিনিং হিসেবে অনভিজ্ঞ বা অপরিণত ব্যবহিত হয়।

Mnemonic- ১. Fledgling কে Flight দিয়ে মনে রাখুন। যে পাখি মাত্র Flight বা উড়া শিখেছে, তাকেই Fledgling বলে। আর যে পাখি মাত্র উড়া শিখেছে সে- অনভিজ্ঞ ও অপরিণত। আর Fledgling এর অর্থও তাই।

১২৩৬. **Flippant** মূল অর্থ- অসম্মানজনক মন্তব্য ; বেয়াদপ; অভদ্র; নির্লজ্জ ।

Synonyms: frivolous, superficial, shallow, glib. Antonyms: serious.

Mnemonic- ১. Flippant কে Slip-pant দিয়ে মনে রাখুন। যেসব ছেলেরা বখাটে বলে পরিচিত, তারাই সাধারণত Flippant বা অসম্মানজনক মন্তব্য করে থাকে। খেয়াল করে দেখবেন, এসব বখাটেরা এত নিচে প্যান্ট পরে যে, এদের pant মাঝে মাঝেই Slip করার মত অবস্থা হয়। ফলে অনেকেই বখাটেদের Slip-pant বলে থাকে। মনে রাখতে হবে Slip-pant রা Flippant মন্তব্য করে।

১২৩৭. **Florid** মূল অর্থ- লালবর্ন; রক্তিম ; লালচে মুখের ।

Synonyms: ruddy, red, red-faced, reddish, rosy. Antonyms: pale.

Mnemonic- ১. Florid কে অ্যামেরিকার Florida অঙ্গরাজ্য বা Flower দুটি দিয়েই মনে রাখা যায়। Florid এর মধ্যযুগীয় অর্থ ছিল সুন্দর। Florid শব্দটি মূলত ফুল থেকে এসেছে। ফুলের কথা মনে হলেই আমাদের লাল রঙের কথা মনে হয়। আবার Florida-র কথা ভাবুন। Florida তে প্রচুর ফুলগাছ আছে। আর তার বেশিরভাগই লাল। আর Florida-র পতাকাতেও গাড় লাল রঙের একটি ক্রস আছে। সবমিলিয়ে মনে রাখতে হবে Florid ও Florida মানেই লাল ।

১২৩৮. **Fodder** মূল অর্থ- গবাদিপশুর খাদ্য; কাঁচামাল ।

Mnemonic- ১. Fodder কে Food এর সাথে মিলিয়ে মনে রাখা যায়। যেকোনো ধরনের খাদ্যকেই Food বলে, আর শুধু গবাদিপশুর খাদ্যকে Fodder বলে। এর সেকেন্ডারি মিনিংটাও মানে- "কাঁচামাল" এই অর্থটাও মনে রাখতে হবে। পশুর খাদ্য তো আসলেই কাঁচামাল, তাই মনে থাকবে আশা করি।

১২৩৯. **Folly** মূল অর্থ- মূর্খতা; বকামি; পাগলামি; অদূরদর্শিতা ।

Synonyms: foolishness, foolhardiness, stupidity. Antonyms: wisdom.

Mnemonic- ১. Folly কে Fool এর সাথে মিলিয়ে নিন। আসলেই এই দুটি শব্দের মধ্যে সম্পর্ক রয়েছে। যারা Fool বা বোকা তাদের আচরণকেই Folly বলা হয়।

১২৪০. **Foray** মূল অর্থ- অতর্কিত হানা দেওয়া বা আক্রমন করা ।

Synonyms: raid, attack, assault, incursion, swoop, strike.

Mnemonic- ১. Foray শুনতে অনেকটা বাংলা ফুরায় এর মত। যখন চোরের টাকা পয়সা ফুরায়, তখন সে অন্যের বাড়িতে অতর্কিত হানা দেয় বা Foray । মনে রাখুন- যখন ফুরায়, তখন Foray।

১২৪১. **Forebode** মূল অর্থ- কোন কিছুর পূর্বাভাষ; ভবিষ্যৎবানী করা।

Scanned by CamScanner

Synonyms: presage, augur, portend, prognosticate, foreshadow, foreshow.

Mnemonic- ১. Forebode = Fore + bode , Fore মানে সামনের বা আগামীর, আর bode মানে লক্ষণ। তাহলে Forebode মানে দাঁড়াচ্ছে- আগামী দিনের লক্ষণ। আর Forebode মানেও ঠিক তাই। আগামী দিনে কি হবে সেটার পূর্বাভাষ বা ভবিষ্যৎবানীকেই Forebode বলা হয়।

১২৪২. **Foreclose** মূল অর্থ- টাকা পরিশোধ না করতে পারার কারনে বন্ধকদাতাকে ঋণ বা কোন সুবিধা বন্ধ করে দেওয়া; বন্ধ করা; বাতিল করা।

Synonyms: obstruct, prevent, thwart, forbid, queer, obviate, head off.

Mnemonic- ১. Foreclose = Fore + close , Fore মানে সামনের বা আগামীর আর close মানে বন্ধ করে দেওয়া। অর্থাৎ শব্দটির দুই অংশের অর্থ থেকে বোঝা যাচ্ছে- আগামীতে কোন কিছু বন্ধ করে দেওয়া হবে। Foreclose অর্থও ঠিক তাই।

১২৪৩. **Forensic** মূল অর্থ- আইন ও আদালত সম্পর্কিত (কোন বৈজ্ঞানিক পরীক্ষা) ।

Mnemonic- ১. কোন মানুষ যদি অস্বাভাবিকভাবে মৃত্যুবরন করে তখন তার দেহকে Forensic পরীক্ষার জন্য পাঠানো হয়। আইন ও আদালতের নিয়ম অনুসারে যখন এমন কোন বৈজ্ঞানিক পরীক্ষা করা হয় তখন সেটাকে Forensic পরীক্ষা বলা হয়।

১২৪৪. **Forestall** মূল অর্থ- ভবিষ্যতে কোন ঘটনা ঘটতে পারে সেটা আন্দাজ করে তা থামানো।

Synonyms: pre-empt, get in before, get ahead of, steal a march on, anticipate.

Mnemonic- ১. Forestall = Fore + stall, Fore মানে আগামীর আর stall মানে থামা(Tea stall এ আমরা চা খাবার জন্য থামি)। তাহলে Forestall মানে দাঁড়াচ্ছে- আগামীতে কি ঘটবে তা আন্দাজ করে তাকে Stall করা বা থামানো।

১২৪৫. **Forswear** মূল অর্থ- প্রত্যাহার করা; পরিত্যাগ করা; ফিরিয়ে ফেওয়া(বিশেষ করে কোন শপথ বা অঙ্গীকার ফিরিয়ে নেবার ক্ষেত্রে ব্যাবহিত হয়) ।

Synonyms: renounce, swear off, forgo, abjure, reject, relinquish, abstain from.

Mnemonic- ১. Forswear এর মধ্যে দেখুন swear শব্দটি আছে। swear মানে শপথ করা। আর Forswear মানে শপথ করার পর তা পরিত্যাগ করা।

১২৪৬. **Forte** মূল অর্থ- কোন ব্যাক্তির বিশেষ গুন বা মেধা বা শক্তি।

Synonyms: strength, strong point, speciality.　　Antonyms: weakness.

Mnemonic- ১. Forte কে Fort দিয়ে মনে রাখা যায়। Fort বা দুর্গ হলো কোন রাজার বিশেষ শক্তি , আর Forte হলো কারো- বিশেষ গুন বা শক্তি। আর আসলেই এই Forte শব্দটি Fort থেকেই এসেছে।

১২৪৭. **Forthright** মূল অর্থ- খোলামেলা; স্পষ্টবাদী।

Synonyms: frank, direct, straightforward, honest.　　Antonyms: secretive.

Scanned by CamScanner

Mnemonic- ১. Forthright = Forth right, Forth মানে সোজা সামনের দিকে আর right মানে সঠিক। যেসব ব্যাক্তি সোজা কথা বলে বা সঠিক কথা বলে তাদেরকেই কিন্তু Forthright বা স্পষ্টবাদী বলা হয়। ফলে এটা মনে রাখা কঠিন হবে না।

১২৪৮. **Foster** মূল অর্থ- উৎসাহিত করা; উন্নতি ঘটানো ।

Synonyms: encourage, promote, further, stimulate. Antonyms: neglect.

Foster শব্দটি Food শব্দটির সাথে সম্পর্কিত। প্রাচীন কালে(যখন টাকার প্রচলন ছিল না এবং খাদ্যের অভাব ছিল প্রকট) কাউকে Food দেওয়ার অর্থ ছিল তাকে সাহায্য করা বা তার উন্নতি ঘটাতে সাহায্য করা।

Mnemonic- ১. Foster কে Poster দিয়ে মনে রাখা সহজ । নির্বাচনের সময় Poster দিয়ে জনতাকে Foster বা উৎসাহিত করা হয়।

১২৪৯. **Fragmentary** মূল অর্থ- অসম্পূর্ণ; ভগ্ন; অনেকগুলো টুকরো দিয়ে গঠিত।

Synonyms: incomplete, fragmental, fragmented. Antonyms: extensive.

Mnemonic- ১. Fragmentary শব্দটি Fragment থেকে এসেছে। Fragment মানে টুকরো বা ভাঙ্গা অংশ(আমরা যখন আমাদের পিসির ফাইল defragmentation করি তখন মূলত বিভিন্ন ড্রাইভের টুকরো টুকরো অংশকে সাজিয়ে গুছিয়ে রাখা হয়। ফলে পিসি ফাস্ট হয়)। আর Fragmentary শব্দটি দ্বারা ভগ্ন বা অনেকগুলো টুকরো দিয়ে গঠিত কোনকিছুকে বোঝানো হয়।

১২৫০. **Fruitful** মূল অর্থ- উৎপাদনক্ষম ; ফলদায়ক; ভাল ফলাফল দেয় এমন; সফল ।

Synonyms: productive, constructive, fruit-bearing, fructiferous, fecund, high-yielding, lush, abundant, profuse, prolific. Antonyms: infertile, fruitless, futile.

Mnemonic- ১. Fruitful= Fruit + ful । Fruit মানে ফল। যা ফল দেয় সেটাই Fruitful । আমরা এভাবে মনে রাখতে পারি যে- " যে গাছ Fruit দেয়, অর্থাৎ ফল দেয় তাকে আমরা ফলদায়ক বলি আর ইংরেজিতে সেটাকে বলা যায় Fruitful বা উদপাদনক্ষম " ।

১২৫১. **Fuel** মূল অর্থ- উদ্দীপিত করা; প্রজ্বলিত করা।

Synonyms: encouragement, incentive, ammunition, incitement.

Mnemonic- ১. Fuel এর একটি অর্থ হলো জ্বালানী। আমরা যদি কোন মেশিনে বা বাতিতে জ্বালানী সরবরাহ করি তবে কি ঘটবে? সেই মেশিনটি আরও উদ্দীপিত হবে, বা বেশি করে প্রজ্বলিত হবার শক্তি পাবে। আসলে প্রতিটি শব্দেরই সেকেন্ডারি মিনিং বা গৌণ অর্থ থাকে। সমৃদ্ধ ও আকর্ষিনীয় লিখা লিখতে হলে বিভিন্ন ওয়ার্ডের এসব সেকেন্ডারি মিনিং ব্যাবহার করা হয়। আপনি কোন বাক্যের মূলভাবে দেখেই এসব সেকেন্ডারি মিংনিং বুঝে নিতে পারবেন। যেমন- কোথায় এই Fuel দিয়ে উৎসাহিত করা বোঝানো হতে পারে। জাস্ট একটু ভাবুন যে- একটি বাতিতে যদি আমরা বেশি পরিমাণে জ্বালানী লোড করি তবে কি ঘটবে? তা আরও বেশি জ্বলতে থাকবে। এটাকে রুপকভাবে বলা যায় যে- আমার বাতিটির জ্বলার উৎসাহ আরও বাড়িয়ে দিলাম।

১২৫২. **Fulminate** মূল অর্থ- প্রবল প্রতিবাদ জানানো; কড়া সমালোচনা করা।

Scanned by CamScanner

Synonyms: protest, rail, rage, rant, thunder, storm, criticize, censure.

Mnemonic- ১. Fulminate = Full + illuminate , অর্থাৎ সম্পূর্ণ জ্বলে ওঠা। আমরা যখন কারো বিরুদ্ধে তিব্র প্রতিবাদ জানাই, তখন সেটাকে জ্বলে ওঠাও বলে থাকি। অনেকেই বলেন- আমার কথা শুনে তুমি তো একেবারে জ্বলে উঠলে। আসলে এই শব্দটিকে আক্ষরিকভাবে ব্যবহার করা হলে সত্যিকারের আগুন জ্বলে ওঠা বোঝানো হয়। আর সেকেন্ডারি মিনিং এর ক্ষেত্রে মানুষের তিব্র প্রতিবাদ বোঝানো হয়।

১২৫৩. **Gaffe** মূল অর্থ- অনিচ্ছাকৃতভাবে কোন অসামাজিক কাজ করে ফেলা; ভুল ।

Synonyms: blunder, mistake, error, slip; indiscretion, impropriety.

Mnemonic- ১. Gaffe কে সহজেই Gape দিয়ে মনে রাখা যায়। Gape মানে বড় করে হ্যাঁ করা বা হাই তোলা। আপনি যদি ভুল বশত কোন সভার মধ্যে Gape বা হাই তোলেন। তাহলে তা একটি Gaffe বলে গণ্য করা হবে।

১২৫৪. **Galvanize** মূল অর্থ- আচমকা কোন কাজের ফলে চমকে যাওয়া।

Synonyms: jolt, shock, startle. Antonyms: demotivate.

Mnemonic- ১. Galvanic cell(ব্যাটারির মত কাজ করে এমন একটি জিনিস) এর সাহায্যে বিদ্যুৎ কোন ধাতব বস্তুকে উদ্দিপ্ত করাকেই Galvanize বলা হয়। এর সাহায্যে মূলত লোহাজাতীয় জিনিসের উপর সীসার আস্তরণ দেওয়া হয়। এই শব্দটির রূপক বা সেকেন্ডারি মিনিং হিসেবে, "চমকানো" বোঝানো হয়। কোন মানুষের শরীরে বিদ্যুৎ প্রবাহিত করলে যেমন কেউ চমকে উঠবে, তার সাথে তুলনা করে এটাকে মনে রাখুন।

১২৫৫. **Gambit** মূল অর্থ- কোন সুবিধা পাবার জন্য চালাকি পরিকল্পনা।

Synonyms: stratagem, machination, scheme, plan, tactic, manoeuvre.

দাবা খেলার সময় অনেকেই নিজের কমদামি কোন সৈন্যকে বিপদের মুখে ফেলে দিয়ে প্রতিপক্ষের মন্ত্রী বা ঘোড়া খাওয়ার জন্য পরিকল্পনা করে(দাবার প্রথম চালের ক্ষেত্রে বিশেষভাবে প্রযোজ্য)। সেক্ষেত্রে Gambit শব্দটি ব্যাবহিত হয়। তাছারাও এই ধরনের কোন ধূর্ত পরিকল্পনাকে Gambit বলা যায়।

Mnemonic- ১. Gambit শব্দটিকে কে Gambir বা গৌতম গাম্বিরকে দিয়ে মনে রাখতে পারেন। Gambit বলতে বিশেষ করে দাবার প্রথম চাল'কে বোঝানো হয়। আর Gambir ছিল ক্রিকেটের একজন ওপেনিং খেলোয়াড়। তবে আমাদের এই অর্থের সাথে সেকেন্ডারিং মিনিংও মনে রাখতে হবে। দাবার প্রথম চালের পাশাপাশি Gambir বলতে- কোন সুবিধা পাবার জন্য চালাকি পরিকল্পনাকেও বোঝানো হয়।

১২৫৬. **Gamut** মূল অর্থ- কোন কিছুর সম্পূর্ণ ব্যাপ্তি; সম্পূর্ণ রেঞ্জ জুড়ে।

Synonyms: range, spectrum, span, sweep, compass, scope, area.

Mnemonic- ১. Gamut শব্দটি সঙ্গীতের সাথে জড়িত। মধ্যযুগে প্রথম শব্দটি প্রচলিত হয়। তখন এটি দ্বারা সবচে নিচের নোট G কে বোঝানো হত। আর G কে গ্রীক ভাষায় গামা বলা হত। সেই Gamma থেকেই Gamut এসেছে। পরবর্তীতে এটি দ্বারা কোন মিউজিক্যাল ইন্সট্রুমেন্টের সম্পূর্ণ স্কেলকে বোঝানো হতে থাকে। আর সেকেন্ডারি মিনিং হিসেবে যেকোনো কিছুর সম্পূর্ণ রেঞ্জকে বোঝানো হয়। মনে রাখতে হবে- সঙ্গীতের G নোট থেকে Gamma->Gamut এসেছে।

Scanned by CamScanner

১২৫৭. **Garner** মূল অর্থ- জমা করা; অর্জন করা; উপার্জন করা।

Synonyms: gather, collect, accumulate, amass, assemble; store.

Mnemonic- ১. Grain, Garner, Granary এই শব্দগুলো একটি আরেকটির সাথে সম্পর্কিত। Grain মানে শস্যদানা, Granary মানে শস্যভাণ্ডার, Garner মানে শস্য জমা করা। তবে Garner দ্বারা শুধু শস্য জমা করা না বুঝিয়ে টাকা পয়সা মজা করা বা উপার্জন করাকেও বোঝায়।

১২৫৮. **Gastronomy** মূল অর্থ- ভোজন শিল্প; ভোজন বিদ্যা।

Synonyms: culinary art, cuisine.

Mnemonic- ১. Gastro দ্বারা পাকস্থলী বোঝানো হয়। আশা করি পাকস্থলীর সাথে ভোজনের সম্পর্কটা বুঝে গেলে এটার অর্থ মনে রাখা কোন সমস্যা হবেনা। (মনে রাখার জন্য Gastric/গ্যাস্ট্রিক আলসার/ পাকস্থলীর আলসার। বা গ্যাস্ট্রিক রোগ ইত্যাদির সাথে মিলিয়ে নিন)

১২৫৯. **Generic** মূল অর্থ- সাধারণ; বিশেষ নয়; কোন বিশেষ কোম্পানি বা প্রতিষ্ঠানের হয়।

Synonyms: general, common, collective, non-specific. Antonyms: specific.

Mnemonic- ১. কোন ঔষধের নামের নিচে খেয়াল করে দেখবেন ছোট অক্ষরে কিছু লেখা থাকে। যেমন- "নাপা" , এটা হলো ঔষধটার ব্যান্ড নাম। আর তার নিচে ছোট করে লেখা থাকবে- Paracetamol 500 mg। লক্ষ্য করুন- মেক্সিমকো কোম্পানির Paracetamol এর নাম নাপা, স্কয়ারের Paracetamol এর নাম "এইচ" এভাবে বিভিন্ন কোম্পানির, "ব্যান্ড নাম" বিভিন্ন হতে পারে। তবে নিচে ছোট করে লেখা নামটা আলাদা হবে না। এটা হলো সবার জন্য কমন বা সাধারণ নাম। এটাকে বলা হয় "Generic নাম"।

১২৬০. **Genesis** মূল অর্থ- সৃষ্টি; উৎপত্তি; শুরু ।

Synonyms: origin, source, root, beginning, commencement, start, outset.

বাইবেলের প্রথম অধ্যায়ের নাম- "বুক অফ জেনেসিস" । এই অধ্যায়ে ঈশ্বর এই পৃথিবীসহ বাকি সবকিছু সৃষ্টির কথা ব্যাখ্যা করেছেন।

Mnemonic- ১. Genesis কে Synthesis এর সাথে মিলিয়ে মনে রাখা যায়। Synthesis মানে দুটি বা তার বেশি জিনিসের মিশ্রনে কোন নতুন জিনিস তৈরি করা। আর Genesis মানে তৈরি করা, সৃষ্টি করা , উৎপন্ন করা ইত্যাদি।

১২৬১. **Genocide** মূল অর্থ- কোন দেশ, জাতি বা ধর্মিয় গোষ্ঠীকে হত্যার মাধ্যমে বিনাশ করা; গণহত্যা।

Synonyms: racial killing, massacre, wholesale slaughter, mass slaughter.

এ্যাডলফ হিটলার Genocide পরিচালনা করে প্রায় ৬০ লক্ষ মানুষ হত্যা করেছিল। একটি বিশেষ গোষ্ঠীকে বিনাস করার জন্য এই গণহত্যাকে Genocide বলা যায়। ১৯৭১ সালে পশ্চিম পাকিস্থান পূর্ব পাকিস্থানের উপর Genocide চালায়।

Scanned by CamScanner

Mnemonic- ১. জার্মানি থেকে ইহুদী জাতিকে ধ্বংস করার জন্য হিটলারের নাজি বাহিনী ইহুদীদের উপর যে গণহত্যা চালায় সেটাকে সংজ্ঞায়িত করার জন্য রাফেল লেমকিনের ১৯৪৪ সালে লেখা -"Axis Rule in Occupied Europe" বইতে Genocide শব্দটি প্রথম ব্যাবহার করা হয়। তিনি গ্রিক Genos এবং cide থেকে শব্দটি গঠন করেন। Genos মানে জাতি আর cide মানে হত্যা করা। তাহলে Genocide মানে দাঁড়াচ্ছে কোন জাতিকে হত্যা করা।

১২৬২. **Germane** মূল অর্থ- প্রযোজ্য; প্রাসঙ্গিক।

Synonyms: relevant, pertinent, applicable, apposite. Antonyms: irrelevant.

Mnemonic- ১. Germane কে German দিয়ে সহজেই মনে রাখা যায়। German/জার্মানরা অনেক সভ্য জাতি। সভ্য ও উন্নত জাতির মানুষরা কখনোই অপ্রাসঙ্গিক বিষয় নিয়ে সময় নষ্ট করে না। মনে রাখতে হবে যে German রা সবক্ষেত্রেই Germane চিন্তাভাবনা করে।

১২৬৩. **Ghastly** মূল অর্থ- ভয়ঙ্কর ; ভীতিজনক ; ভূতের মত।

Synonyms: terrible, frightful, horrible, grim. Antonyms: pleasant.

Mnemonic- ১. Ghastly আমরা সহজেই Ghostly দিয়ে মনে রাখতে পারি। শব্দদুটি শুনতে একই রকম আর অর্থও একই। Ghostly মানে Ghost বা ভূতের মত অর্থাৎ ভয়ঙ্কর। আর Ghastly অর্থও - ভয়ঙ্কর ; ভীতিজনক ; ভূতের মত।

১২৬৪. **Gratis** মূল অর্থ- বিনামূল্যে ।

Synonyms: free of charge, free, without charge. Antonyms: for a fee.

Mnemonic- ১. খাবার হোটেলে গিয়ে প্রথমবার তরকারি শেষ হবার পর আমরা অনেক সময় বলি- "মামা Gratis/গ্রেটিস দ্যান" । প্রথম প্লেট খাবার পর পরের বার যেটুকু আমরা নিয়ে থাকি তার জন্য আমরা কোন পে করি না। এটাকে Gratis বলা হয়। Gratis মানে বিনামূল্যে পাওয়া।

১২৬৫. **Grievous** মূল অর্থ- মর্মান্তিক; দুঃখজনক; মারাত্মক ।

Synonyms: serious, severe, grave, bad. Antonyms: slight, trivial.

Mnemonic- ১. Grievous কে Grave এর সাথে মিল রেখে মনে রাখা সহজ। Grave মানে কবর। Grave বা কবরের কথা শুনলেই আমাদের মর্মান্তিক ও দুঃখজনক বিষয়গুলোর কথা মনে পরে। আর Grievous অর্থ মর্মান্তিক; দুঃখজনক।

১২৬৬. **Grimace** মূল অর্থ- ভেংচি কাটা।

Synonyms: scowl, frown, sneer, pout, moue. Antonyms: smile.

Mnemonic- ১. Grimace শুনতে অনেকটা Grim Face এর মত। Grim মানে ভয়ানক। ভেংচি কাটলে মুখ দেখতে অনেক সময় বেশ ভয়ানক লাগে। আর Grimace অর্থ হলো- "ভেংচি কাটা"।

১২৬৭. **Guise** মূল অর্থ- বাইরের অবস্থা ; আভাস।

Scanned by CamScanner

Synonyms: likeness, external appearance, appearance, semblance, form.

Mnemonic- ১. Guise করা বলতে আমরা সাধারণভাবে- অনুমান করাকে বোঝাই। একটু ভেবে দেখুন, আমরা গেইজ করি কিভাবে? কোনকিছুর বাইরের অবস্থা দেখেই আমরা তার সম্পর্কে অনুমান করি। আর এখানে আমরা দেখতে পাচ্ছি- বাইরের অবস্থাটাকেও Guise বলা হয়। Guise এর আরেকটি অর্থ হলো, "আভাস" যা "অনুমান" শব্দটির খুব কাছাকাছি।

১২৬৮. **Habituate** মূল অর্থ- প্রশিক্ষণ দেওয়া; কোন পরিস্থিতির সাথে মানিয়ে নেওয়া।

Synonyms: accustom, make used, adapt, adjust, attune, acclimatize.

Mnemonic- ১. Habituate কে Habit দিয়ে মনে রাখুন। Habit মানে অভ্যাস। আর কোন কিছুকে Habit এ পরিনত করে ফেলাকেই Habituate বলা হয়। কোন কিছুকে যখন আপনি Habit এ পরিনত করতে চাইবেন তখন আপনাকে প্রতিদিন প্রশিক্ষণ দিতে হবে। আর যখন তা Habit হয়ে যাবে, তখন সেটা আপনার প্রতিকূল হলেও আপনি সেটার সাথে মানিয়ে নিতে পারবেন। আর Habituate অর্থও তাই- প্রশিক্ষণ দেওয়া; কোন পরিস্থিতির সাথে মানিয়ে নেওয়া।

১২৬৯. **Halcyon** মূল অর্থ- শান্তিপূর্ণ; সতর্ক; শান্ত।

Synonyms: serene, calm, pleasant, balmy. Antonyms: stormy.

মাছরাঙ্গা বা Kingfisher এর আরেক নাম হলো Halcyon। মিথ অনুসারে মনে করা হয় যে, শীতকালে নিরক্ষরেখা থেকে সূর্য যখন দূরে চলে যায় তখন ১৪ দিন সবথেকে শান্ত আবহওয়া থাকে, আর এসময় একটি রুপকথার পাখি(অনেকে মনে করে এটি আসলে মাছরাঙ্গা) সেই শান্ত সমুদ্রে বংশবৃদ্ধি করে। Halcyon শব্দটি hals থেকে এসেছে, যার অর্থ সমুদ্র বা শান্তিপূর্ণ সমুদ্র।

Mnemonic- ১. Halcyon এক Cyclone এর সাথে মিলিয়ে মনে রাখা সহজ। Cyclone হলে সব লণ্ডভণ্ড হয়ে যায়, আর Halcyon হলো তার বিপরীত। Halcyon মানে শান্ত; শান্তিপূর্ণ ।

১২৭০. **Harass** মূল অর্থ- হয়রানি করা ; যন্ত্রণা বা জ্বালাতন করা।

Synonyms: pester, badger, hound, harry. Antonyms: leave in peace.

Mnemonic- ১. আমরা মাঝে মাঝেই শুনে থাকি- সে Harassment এর শিকার হয়েছে। এর অর্থ হলো- সে কোনভাবে হয়রানির শিকার হয়েছে। Harassment মানে হয়রানি আর Harass মানে হয়রানি করা।

১২৭১. **Harbinger** মূল অর্থ- অগ্রদূত; ইঙ্গিত; লক্ষণ ।

Synonyms: herald, sign, indicator, indication, signal, prelude, portent, omen.

Harbinger দ্বারা মূলত একজন বার্তাবাহককে বোঝানো হয়। যে কিনা কোন লক্ষণ দেখে পূর্বাভাষ বলে দেয়। তবে কোন লক্ষণ বা ইঙ্গিতকেও Harbinger বলা হয়।

Mnemonic- ১. Harbinger শুনতে অনেকটা messenger এর মত। messenger মানে বার্তাবাহক। আর harbinger হল এমন একজন ব্যাক্তি যিনি লক্ষণ দেখে বলে দেন- আগামীতে আমাদের ঠিক কোন পথে চলতে

Scanned by CamScanner

হবে। কি উপায়ে কাজ করতে হবে। অর্থাৎ Harbinger হলো একজন অগ্রদূত। wordsmart I এ আমরা জেনেছিলাম, এই শব্দটি মূলত ফ্রেন্স শব্দ herbergeor থেকে এসেছে। ১৫ শতকের দিকে রাজা বা সেনাবাহিনীদের জন্য আশ্রয়ের খোজ এনে দিত তাদের বলা হত- herbergeor। সেই শব্দ ইংরেজিতে ঢুকে একটু পরিবর্তন হয়ে আজকের Harbinger হয়ে গেছে ।

১২৭২. **Harp** মূল অর্থ- বিরক্তিকরভাবে রিপিট করা ।

Synonyms: keep on about, go on about, persist in talking about.

Mnemonic- ১. হারমোনিকা বা মাউথ অর্গানের আরেক নাম Harp । এই Harp দিয়েই এটাকে মনে রাখুন। ভেবে নিন- কেউ যদি আনারিভাবে Harp বা মাউথ অর্গান বাজায় তবে সেটাকে Harp বলা হবে।

১২৭৩. **Harry** মূল অর্থ- হয়রানি করা; বিরক্ত করা; ক্রমাগত আক্রমন করা।

Synonyms: harassed, hard-pressed, beleaguered. Antonyms:untroubled.

Mnemonic- ১. Harry কে হ্যারি পটারের হ্যারি দিয়ে সহজেই মনে রাখা যায়। হ্যারি পটার সিরিজে ভোল্ডেমোর্ট ক্রমাগত হ্যারিকে আক্রমন ও হয়রানি করে। মনে রাখতে হবে যে Harry পটারকে প্রচুর Harry করা হয়।

১২৭৪. **Heinous** মূল অর্থ- একদম জঘন্য; নিসংশ; নিন্দনীয়।

Synonyms: odious, wicked, evil, atrocious, monstrous. Antonyms: admirable.

Mnemonic- ১. Heinous কে Hyenas দিয়ে মনে রাখতে পারেন। Hyenas বা হায়েনারা নিসংশ ও জঘন্য প্রাণী হিসেবে পরিচিত। আর Heinous শব্দের অর্থ হলো- নিসংশ ; জঘন্য ।

১২৭৫. **Herald** মূল অর্থ- রাজপ্রচারক; রাজার বার্তাবাহক; বার্তাবাহক; অগ্রদূত ।

Synonyms: messenger, courier, bearer of tidings; proclaimer, announcer.

Herald শব্দটি মূলত রাজাদের বার্তাবাহকের ক্ষেত্রে ব্যাবহিত হলেও এটি দ্বারা কোন কিছুর আগাম বার্তার লক্ষণ বোঝানো হয়। যেমন- কোকিলকে বসন্তের Herald মনে করা হয়। অর্থাৎ কোকিল দেখলেই আমরা বুঝতে পারি যে বসন্ত আসতে আর বেশি দেরি নেই।

Mnemonic- ১. Herald কে "Hear all" দিয়ে মনে রাখা যায়। রাজার বার্তাবাহককে সবকিছু মনোযোগ দিয়ে শুনতে হয়। তার তারপর সেই বার্তা মনে রেখে অন্যপক্ষের কাছে পৌঁছে দিতে হয়।

১২৭৬. **Hoary** মূল অর্থ- বয়সজনিত কারনে ধূসর ও সাদা হয়ে যাওয়া; প্রাচীন; জরাজীর্ণ।

Synonyms: elderly, aged, old, getting on, ancient. Antonyms: young.

Mnemonic- ১. Hoary কে Hairy দিয়ে মনে রাখুন। Hairy মানে লোমশ। শোনা যায় প্রাচীনকালের মানুষেরা নাকি অনেক লোমশ ছিল। এভাবে Hairy বা লোমশ দিয়ে Hoary বা প্রাচীনকে মনে রাখা যায়।

১২৭৭. **Homage** মূল অর্থ- শ্রদ্ধা; সম্মান; জনসম্মুখে শ্রদ্ধা অর্পন করা।

Synonyms: respect, recognition, admiration, esteem. Antonyms: criticism.

Scanned by CamScanner

Mnemonic- ১. Homage শব্দটি এসেছে Homo থেকে। Homo অর্থ মানুষ। মধ্যযুগে সামন্তরা তাদের রাজাদের প্রতি শ্রদ্ধা দেখিয়ে একটা অনুষ্ঠান করত । তখন তারা সবাই নিজেদেরকে রাজার নিজের মানুষ (Homo) বলে ঘোষণা দিত। মনে রাখতে হবে যে Homage মানে নিজেই কারো Homo/মানুষ বলে সম্মান বা শ্রদ্ধা দেখানো।

১২৭৮. **Hubris** মূল অর্থ- দাম্ভিকতা; অতিরিক্ত গর্ব ।

Synonyms: arrogance, conceit, conceitedness. Antonyms: modesty.

Mnemonic- ১. Hubris কে শুধু Hubby এর সাথে মিলিয়ে নিন। মেয়েরা তাদের Hubby কে নিয়ে কি করে? সবার কাছে Hubris করে বেড়ায় অর্থাৎ অতিরিক্ত গর্ব করে বেড়ায়। মনে রাখুন যারা Hubby কে নিয়ে অতিরিক্ত গর্ব করে তাদের Hubris বলে।

১২৭৯. **Hypocrisy** মূল অর্থ- ভণ্ডামি; মুখে বড় বড় তত্ত্ব কথা বলা, কিন্তু বাস্তবে সেই জিনিস নিজে না মেনে চলা।

Synonyms: sanctimoniousness, sanctimony, pietism. Antonyms: honesty.

Mnemonic- ১. Hypocrite রা যা করে সেটাকেই Hypocrisy বলে। আমরা প্রায় সময়ই শুনে থাকি যে- ঐ লোকটা মারাত্মক হিপোক্রিট। এই হিপোক্রিট বা ভণ্ড লোকগুলোর স্বভাবকেই Hypocrisy বলে।

১২৮০. **Idiom** মূল অর্থ- বাগধারা; কোন একটি শব্দ বা একগুচ্ছ শব্দের আক্ষরিক অর্থ থেকে যখন মূল অর্থ আলাদা হয়।

Synonyms: expression, idiomatic expression, turn of phrase, set phrase.

Mnemonic- ১. আমরা সবাই ইংলিশ গ্রামার পড়ার সময় Idiom and Phrases, বাংলা ব্যাকরনে বাগধারা ও প্রবাদ প্রবচন শিখেছিলাম। বাগধারা বা Idiom ক্ষেত্রে যে শব্দ বলা হয় তার সাথে তার অর্থের সরাসরি মিল থাকে না। আশা করি Idiom মনে রাখার জন্য আমাদের বেগ পেতে হবে না।

১২৮১. **Imbue** মূল অর্থ- কোন গুনের দ্বারা অনুপ্রাণিত করা; সিক্ত করা ।

Synonyms: permeate, saturate, diffuse, suffuse, pervade; impregnate, inject.

পরমা সুন্দরী এক মেয়েকে দেখে একটি তরুন কবি ফাটাফাটি একটি প্রেমের কবিতা লিখে ফেললেন। এখানে সুন্দরী মেয়ে তার রুপের দ্বারা তরুন কবিকে অনুপ্রাণিত করেছে বা Imbue করেছে।

Mnemonic- ১. Imbue শুনতে অনেকটা I'm Bow এর মত। Bow মানে মাথা নুইয়ে সম্মান জানানো। মনে রাখতে হবে যে- যেসব ব্যাক্তির গুন আমাদের অনুপ্রাণিত করে, আমরা তাদের Bow করি।

১২৮২. **Impasse** মূল অর্থ- অচল অবস্থা; যে পরিস্থিতির থেকে উদ্ধার পাওয়া যায় না।

Synonyms: deadlock, dead end, stalemate, checkmate, stand-off; standstill.

Mnemonic- ১. Impasse কে ভেঙ্গে ফেলুন -> Impasse = Im+passé , Im দ্বারা না বোঝানো হয়, আর Pass মানে অতিক্রম করা। অর্থাৎ যা অতিক্রম করা যায় না। আর Impasse বলতে এমন একটি খারাপ পরিস্থিতি বোঝায় যা অতিক্রম করা যায় না।

১২৮৩. **Impeach** মূল অর্থ- অভিযুক্ত করা; চ্যালেঞ্জ করা ।

Scanned by CamScanner

Synonyms: challenge, question, call into question. Antonyms: confirm.

Mnemonic- ১. Impeach কে Impeace হিসেবে মনে রাখুন। Im + peace = না + শান্তি = অশান্তি। যারা Impeace/অশান্তি সৃষ্টি করে তাদের Impeach করা হয়। তাহলে Impeach মানে হলো অভিযুক্ত করা।

১২৮৪. **Impecunious** মূল অর্থ- টাকা পয়সা শূন্য ।

Synonyms: penniless, penurious, in penury, poor. Antonyms: wealthy.

Mnemonic- ১. এই শব্দটির বিশাল ইতিহাস। অনেক প্রাচীনকালে মুদ্রা বা টাকা বলতে কিছুই ছিল না। তখন পশু, মাখন; শস্য ইত্যাদি বিনিময়ের দ্বারা টাকায় কাজ চালানো হতো। তবে বেশির ভাগ ক্ষেত্রেই গবাদি পশু ব্যাবহার করা হত। সংস্কৃত ভাষার পশু বা Pasu থেকে ল্যাটিন Peku রুটের সৃষ্টি হয়(ল্যাটিন ছিল প্রাচীন রোমের ভাষা। আর প্রাচীনকালে রোমের সাথে ভারতবর্ষের বাণিজ্যিক যোগাযোগ ছিল)। এই Peku কালক্রমে pecu তে রুপ নেয়। প্রাচীন রোমে pecu দ্বারা সম্পদ বোঝানো হত। তাহলে pecunious মানে সম্পদশালী, আর Impecunious মানে যার সম্পদ বা টাকা নেই।

১২৮৫. **Impede** মূল অর্থ- বাধা সৃষ্টি করা; নাক গলানো; বিলম্ব করা।

Synonyms: hinder, obstruct, hamper, handicap. Antonyms: facilitate.

Mnemonic- ১. Impede কে ভাঙলে পাওয়া যায় -> Im + pede, প্রাচীন গ্রিক ভাষায় পা'কে বলা হত "Pede" আর প্রাচীন সংস্কৃত ভাষায় Pod/পদ । তাহলে দেখা যাচ্ছে- Im + pede= পা চালাতে না বলা হচ্ছে। পা চালাতে না বলা মানে বাধা দেওয়া । প্রবাদ অনুসারে বাড়ি থেকে বের হবার সময় পায়ের সাথে ধাক্কা লেগে বাধা পরলে একটু দেরি করে বের হতে হয়। আর Impede এর আরেকটি অর্থ বিলম্ব করা। আর Impede অর্থও বাধা সৃষ্টি করা বা বিলম্ব করা। মনে রাখতে হবে Impede= Impod/ পদ না চালানো ।

১২৮৬. **Impending** মূল অর্থ- নিকটবর্তী; আসন্ন ।

Synonyms: imminent, at hand, close, close at hand, near, nearing.

Mnemonic- ১. মবাইলে কোন কারনে এসএমএস না গেলে সেটা Pending ফোল্ডারে থাকে। আবার আমরা অনেক সময়ই বলি অফিসে ফাইলে Pending অবস্থায় আছে । Pending মানে ঝুলে থাকা। আর Impending মানে ঝুলে থাকার অবস্থা শেষ হয়েছে। এখান সেটা নিকটবর্তী। আর Impending অর্থও নিকটবর্তী; আসন্ন ।

১২৮৭. **Impenetrable** মূল অর্থ- অভেদ্য; প্রবেশ করা সম্ভব না।

Synonyms: impassable, unpassable, inaccessible. Antonyms: accessible.

Mnemonic- ১. Impenetrable মানে যা Penitrate করা যায় না। Penitrate করা মানে কোন কিছু ঢুকানো বা প্রবেশ করানো। তাহলে বোঝাই যাচ্ছে- Impenetrable জিনিস মানে যার মধ্যে প্রবেশ করা যায় না। অর্থাৎ অভেদ্য ।

১২৮৮. **Imperative** মূল অর্থ- সম্পূর্ণ দরকারি; খুবই গুরুত্বপূর্ণ ।

Synonyms: vitally important, vital, crucial. Antonyms: optional.

Scanned by CamScanner

Mnemonic- ১. আমরা সবাই ইংলিশ গ্রামারে Imperative সেনটেন্স শিখেছিলাম। যে বাক্যে কোন কিছু করতে সরাসরি নির্দেশ দেওয়া হয় সেই বাক্যকে Imperative সেনটেন্স বলা হয়। যেমন- Clear this desk by tomorrow! মনে রাখুন যে- যা গুরুত্বপূর্ণ তা করতেই সরাসরি নির্দেশ দেওয়া হয়। তাহলে- Imperative মানে হলো- সম্পূর্ণ দরকারি; খুবই গুরুত্বপূর্ণ।

১২৮৯. **Impetuous** মূল অর্থ- দ্রুত; বেগবান; উদ্যমী ।

Synonyms: impulsive, rash, hasty, overhasty.

Antonyms: cautious.

Mnemonic- ১. Impetuous কে ভেঙ্গে ফেলুন -> Impetuous= Im + petu + ous, হিন্দি ও বাংলা দুই ভাষায়ই, যারা বেশি খায় তাদেরকে petu বা পেটু বলা হয়। আর এই পেটুর আগে যদি Im থাকে তাহলে অর্থ হবে পেটু না। যারা পেটু না, তারা দ্রুত চলাফেরা করে, উদ্যমী হয়, বেগবান হয়। আর যারা পেটু, তারা তাদের পেট নিয়ে নড়াচড়া করতে পারে না, আবার উদ্যমী হবে কি করে। তাই Impetuous মানে যারা পেটু না অর্থাৎ দ্রুত; বেগবান; উদ্যমী ।

১২৯০. **Implication** মূল অর্থ- কোন কিছুর উপর ভিত্তি করে পরোক্ষভাবে কিছু বলা।

Synonyms: suggestion, inference, insinuation, innuendo, hint, intimation.

Mnemonic- ১. Implication কে Indication দিয়ে মনে রাখা সহজ। দুটো শব্দই শুনতে প্রায় একই রকম আর অর্থও একইরকম। Implication মানে পরোক্ষভাবে বলা বা ইঙ্গিত দেওয়া; আর Indication মানে নির্দেশ বা ইঙ্গিত দেওয়া ।

১২৯১. **Importune** মূল অর্থ- একটানা বিরক্তিকরভাবে অনুরোধ করে যাওয়া; বিরক্ত করা।

Synonyms: beg, beseech, entreat, implore, plead with, appeal to.

Mnemonic- ১. Importune কে Imfortune দিয়ে মনে রাখুন। মানুষ যখন Imfortune বা ভাগ্যহীন হয়ে পরে তখন fortune/ভাগ্য পরিবর্তনের জন্য অন্যের কাছে Importune করে। এখানে portune কে fortune দিয়ে মনে রাখতে হবে। বিদ্রঃ Imfortune বলে কোন শব্দ নেই, ভাগ্যহীন মানে মূলত- Misfortune .

১২৯২. **Impoverish** মূল অর্থ- দরিদ্র করে ফেলা; নিঃস্ব করা।

Synonyms: make poor, bankrupt, ruin.

Antonyms: make wealthy.

Mnemonic- ১. Impoverish শব্দটি সাথে poverty এর সম্পর্ক আছে। poverty মানে দারিদ্র্য। আর Im+poverish= Impoverish মানে দরিদ্র করে ফেলা। (এই শব্দের ক্ষেত্রে im দিয়ে "না" বোঝানো হয়নি। এখানে im=make , যেমন- Impregnate মানে Pregnant করা)

১২৯৩. **Impregnable** মূল অর্থ- অপরাজেয় ; আক্রমণ প্রতিরোধ করতে সক্ষম।

Synonyms: unassailable, unbeatable, undefeatable.

Antonyms: vulnerable.

Mnemonic- ১. মনে রাখার জন্য ভেবে নিন- pregnable মানে যাকে যাকে Pregnant করা যায়। আর যদি কাউকে Pregnant করা যায় বুঝতে হবে সে আক্রমন প্রতিরোধ করতে সক্ষম না। অর্থাৎ তাকে তাকে পরাজিত করা যায়। তাহলে Impregnable হবে তার উল্টো। অর্থাৎ যে আক্রমন প্রতিরোধ করতে পারে ; অপরাজেয়।

Scanned by CamScanner

১২৯৪. **Impresario** মূল অর্থ- যে ব্যক্তি কনসার্ট,নাটক,অপেরা ইত্যাদির আয়োজন করে (বিশেষ করে অপেরার আয়োজককে বোঝানো হয়)।

Synonyms: organizer, manager, producer, stage manager; promotor, publicist.

Mnemonic- ১. Impresario কে Impress দিয়ে মনে রাখা সহজ। যে নাটক, অপেরা, কনসার্টের আয়োজন করে মানুষকে Impress থাকার ব্যাবস্থা করে দেয়, তাকে আমরা বলব- Impresario।

১২৯৫. **Impromptu** মূল অর্থ- হঠাৎ করে কোন কিছু করা; পরিকল্পনা ছাড়া, সংগঠিত না হয়ে কোন কিছু করা।

Synonyms: unrehearsed, unprepared, unscripted. Antonyms: prepared.

Mnemonic- ১. Impromptu শব্দটিকে Prompt থেকে এসেছে। Prompt মানে শিঘ্র । Prompt কে promote দিয়ে মনে রাখুন। আমরা জানি কোন প্রডাক্টকে promote করলে সেটা দ্রুত বিক্রি হয় । এবার আশা করি Prompt মানে শিঘ্র এটা মনে থাকবে। আর Impromptu মানে পরিকল্পনা না করে শিঘ্র কোন কিছু করে ফেলা।

১২৯৬. **Improvise** মূল অর্থ- তাৎক্ষনিকভাবে গান/কবিতা/নাটক রচনা করে পারফর্ম করা।

Synonyms: extemporize, ad lib, speak impromptu, unprepared, ad libitum.

Mnemonic- ১. Improvise থেকে ise বাদ দিয়ে Improv কে মনে রাখুন। আমরা জানি যে Improv মানে উন্নতি করা। কেউ যখন কোন গান বা কবিতা লেখে তখন প্রথম অবস্থায় সেটা বেশ বেসিক অবস্থায় থাকে। পরে ধীর ধীরে তাকে উন্নতি বা Improv করা হয়। কিন্তু যদি সেটা না করেই সরাসরি স্টেজে লিখে স্টেজেই পাঠ করা হয় তবে সেটাকে Improvise বলা হয়। বিঃদ্রঃ এই ব্যাখ্যা কিন্তু সঠিক না ; শুধু মনে রাখার জন্য। মূলত এই শব্দটি ইংরেজিতে কথা থেকে ঢুকেছে তা জানা যায়না, শুধু জানা যায় যে এটি একটি বিদেশি শব্দ। তবে এই শব্দটির সাথে revise শব্দটির সম্পর্ক আছে। এই revise দিয়েও এটাকে মনে রাখতে পারেন এভাবে- যে নাটক revise না করেই করা হয় সেটাই- Improvise ।

১২৯৭. **Impunity** মূল অর্থ- শাস্তি থেকে মুক্তি দেওয়া; পিটানির/ক্ষতির হাত থেকে বাঁচানো।

Synonyms: immunity, indemnity, exemption. Antonyms: liability.

Mnemonic- ১. Impunity মানে শাস্তি থেকে বাঁচানো, আর Punitive মানে শাস্তিমূলক। এই দুটি শব্দই এসেছে Punishment এর Puni রুট থেকে। এই Puni এর সাথে Penal এর সম্পর্ক রয়েছে। এজন্যই খেলয়ার রা ফাউল করলে Penal অপরাধের কারনে Penalty বা শাস্তি দেয়। মনে রাখতে হবে যে Impunity মানে Im Punishment বা শাস্তি থেকে বাঁচানো।

১২৯৮. **Inadvertent** মূল অর্থ- কোন ইচ্ছাকৃত পরিকল্পনা থেকে না ; অনিচ্ছাকৃত ।

Synonyms: unintentional, unintended, accidental. Antonyms: deliberate.

আপনি কারো গায়ের মশা মারতে গিয়ে অতিরিক্ত জোসের কারনে তাকে কোষে থাপ্পড় দিয়ে ফেললেন। আর সে ব্যাথা পেল। এই অনিচ্ছাকৃত মারাকে Inadvertent বলা যায়।

Scanned by CamScanner

Mnemonic- ১. Inadvertent শব্দটি এসেছে advert থেকে। advert করা মানে advertisement করা বা উল্লেখ করা। আর Inadvertent মানে দাঁড়াচ্ছে- যা উল্লেখ না করে করা হয়েছে। আর Inadvertent দ্বারা এমন বিষয় বোঝানো হয় যেটা আপনি ইচ্ছা করে করতে চান নি(অর্থাৎ যা করেছেন সেটা উল্লেখ ছিল না, ভুল বশত হয়ে গেছে।)।

১২৯৯. **Inalienable** মূল অর্থ- পবিত্র ও অবশ্যপ্রাপ্য ; অবিচ্ছেদ্য।

Synonyms: inviolable, absolute, sacrosanct, unchallengeable, unassailable.

কোন ধর্মের বা রীতির অধিকার হিসেবে এই শব্দটি ব্যাবহিত হয়। ধরুন কোন ধর্মের নিয়ম আছে যে- কেউ যদি সারা জীবনে হাজারটা মানুষের উপরকার করতে পারে তবে সে পরকালে গিয়ে লক্ষ্যবছর যা খুশি তাই করতে পারবে। এই লক্ষ্য বছর ভাল কাটানোটা হলো তার একটা পবিত্র ও অবশ্যপ্রাপ্য অধিকার বা Inalienable অধিকার।

Mnemonic- ১. Inalienable শব্দটিকে ভাঙ্গলেই শব্দটির অর্থ বুঝতে পারবেন। Inalienable = In alien able। alien মানে ভিনগ্রহের বা বিদেশি বা অন্য স্থানের , মোটকথা দুরের কোনকিছুকে বোঝায়। আর alienable মানে যাকে দুরে পাঠানো অসম্ভব বা বিচ্ছিন্ন করা সম্ভব, এমন কিছু। আর Inalienable মানে যাকে বিচ্ছিন্ন করা সম্ভব না এমন। আর Inalienable এর মূল অর্থও কিন্তু তাই। এটি দ্বারা এমন কোন অধিকারের কথা বোঝায়, যা আপনি পাবেনই। অর্থাৎ এই অধিকার আপনার কাছ থেকে কেরে নেওয়া যাবে না। আর ধর্মিয় বিষয় জড়িত থাকায় এমন অধিকারকে পবিত্র ক্যাটাগরিতে ফেলা হয়।

১৩০০. **Incarnation** মূল অর্থ- প্রতিমূর্তি; অবতার।

Synonyms: embodiment, personification, exemplification, type, epitome.

কেউ কোন বিষয়ে বিশেষভাবে পরিচিত থাকে তবে তখন সেই বিষয়ের Incarnation। যেমন- She is the incarnation of virtue. এখানে বোঝানো হচ্ছে যে- তার কোন খারাপ দিক খুজে পাওয়া যায় না। ফলে সে যেন শুভশক্তির প্রতিমুর্তি। তবে ধর্মীয় দিক থেকে Incarnation মানে হল অবতার। দেবতা যখন মানুষের রুপে জন্মগ্রহন করে তখন তাকে Incarnation বা অবতার বা স্বর্গীয় দেবতার প্রতিমূর্তি বলা হয়।

Mnemonic- ১. Incarnation এর মধ্যে শব্দের মূল হল carn, Incarnation= in carn tion । carn মানে মাংস। যেমন- যে মাংশ খায় তাকে carnivorous বলে। আর Incarnation মানে মাংসে পরিনত হওয়া। দেবতারা তো আর রক্ত-মাংসের মানুষ না। তারা যখন রক্তমাংসের শরীর ধারন করে তখন সেটাকে Incarnation বা অবতার বলা হয়। আর অবতাররা হল দেবতারই প্রতিমূর্তি । সুতরাং Incarnation মানে প্রতিমূর্তি বা অবতার।

১৩০১. **Incendiary** মূল অর্থ- আগ্নেয়; আগুন সৃষ্টিকারী; রাগান্বিত।

Synonyms: inflammatory, rabble-rousing, provocative. Antonyms: conciliatory.

Incendiary মানে হলো আগুন সৃষ্টিকারী। সেটা মানুষও হত পারে আবার দাহ্য কোন বস্তুও হতে পারে।

Scanned by CamScanner

Mnemonic- ১. Incendiary শুনতে অনেকটা Insane diary এর মত। Insane বা মাথাখারাপ লোকটা আগুন লাগিয়ে সেটা আবার তার ডায়রিতে লিখে রেখেছে।

১৩০২. **Inclination** মূল অর্থ- ঝোঁক; প্রবনতা; পছন্দ করা।

Synonyms: tendency, propensity, proclivity, leaning. Antonyms: aversion.

Mnemonic- ১. Inclination= In + cling + tion, এই শব্দটি রুট হল cling। cling মানে কোন কিছুর সাথে জড়িয়ে থাকা বা লেগে থাকা। আর Inclination মানে কোন কিছুর প্রতি ঝোঁক। মানুষ যে জিনিস পছদ করে বা যে জিনিসের প্রতি তার ঝোঁক থাকে সে সেটার পেছনে লেগে থাকতে চায়। আবার কেউ কোন মেয়েকে পছন্দ করলেও তার পেছনে লেগে থাকে।

১৩০৩. **Inculcate** মূল অর্থ- বার বার বলে কারো মনে কোন জিনিস গেথে দেওয়া ।

Synonyms: instil, implant, fix, ingrain, infuse, impress, imprint, introduce.

Mnemonic- ১. Inculcate= in + calculate , স্কুলে শিক্ষকরা ছাত্রদের বার বার বলে Inculcate করে দেয় কিভাবে calculate করতে হয়। অর্থাৎ Inculcate মানে বার বার বলে মনে গেথে দেওয়া।

১৩০৪. **Incumbent** মূল অর্থ- দায়িত্বপ্রাপ্ত; বিশেষ করে অফিসের দায়িত্বপ্রাপ্ত; বাধ্যতামূলক।

Synonyms: binding, obligatory, mandatory, necessary. Antonyms: optional.

Mnemonic- ১. Incumbent= Income+bent , মনে রাখার সুবিধার্থে ধর নিন income এর দ্বারা বাধা। অফিসে income এর বিনিময়ে কাজ করলে তাকে অবশ্যই তার নির্দিষ্ট দায়িত্ব পালন করতে হবে। তাহলে যে income এর দ্বারা বাধা, সেই Incumbent ।

১৩০৫. **Incursion** মূল অর্থ- বহিরাক্রমণ; আক্রমন ।

Synonyms: attack on, assault on, raid on, invasion of. Antonyms: retreat.

Mnemonic- ১. Incursion = invasion , invasion মানে জোর করে ভেদ করা বা আক্রমন করা, আর Incursion মানেও আক্রমণ। ২. Incursion আর excursion দুটোকে তুলনা করে মনে রাখুন। যখন আপনি ভ্রমন করতে কোন দেশে প্রবেশ করবেন সেটা হবে ভ্রমন বা excursion, আর যখন জোড় করে দখল করার জন্য কোন দেশে প্রবেশ করবেন সেটা হবে Incursion ।

১৩০৬. **Indict** মূল অর্থ- অপরাধের জন্য অভিযুক্ত করা।

Synonyms: charge with, accuse of, arraign for. Antonyms: acquit.

Mnemonic- ১. Indict কে verdict দিয়ে মনে রাখুন। মামলার রায়/verdict না হলে কারো উপর থেকে Indict সরিয়ে নেওয়া যায় না। ২. Indict= In+dict , dict এর t এর বদলে k বসিয়ে দিন , আর মনে রাখতে অসুবিধা হবে না।

Scanned by CamScanner

১৩০৭. **Induce** মূল অর্থ- রাজী করানো; প্রভাবিত করা; প্রবর্তন করা ।

Synonyms: persuade, convince, prevail upon, get. Antonyms: dissuade.

Mnemonic- ১. Induce= introduce , Induce কে introduce দিয়ে সহজেই মনে রাখা যায়। কাউকে রাজী করাতে হলে প্রথমে তার সাথে introduce হতে হবে। এর আরেকটি অর্থ প্রবর্তন করা , মজার বিষয় হল introduce করা মানেও প্রবর্তন করা। আসলে এই দুটি শব্দের অর্থ খুব কাছাকাছি।

১৩০৮. **Ineluctable** মূল অর্থ- অবশ্যম্ভাবী; যা ঘটবেই।

Synonyms: unavoidable, inescapable, inevitable. Antonyms: evitable.

Mnemonic- ১. Ineluctable= in + luck + table, ভেঙ্গে ফেলার পর মনে রাখা খুবই সহজ। in lcuk মানে যা ভাগ্যে আছে। আর যা ভাগ্যে আছে তা তো ঘটবেই। অর্থাৎ Ineluctable মানে অবশ্যম্ভাবী বা যা ঘটবেই।

১৩০৯. **Ineradicable** মূল অর্থ- দৃঢ়মূল বা যাকে সমূলে বিনষ্ট করা সম্ভব না।

Synonyms: unerasable, indelible, inextirpable. Antonyms: eradicable.

Mnemonic- ১. Ineradicable= In + eradicable , এই শব্দটি eradicate থেকে এসেছে। eradicate মানে যার root সহ নষ্ট করে দেওয়া। আর Ineradicable মানে যা root বা মূলসহ নষ্ট করা যায় না । মনে রাখার জন্য radicate এর সাথে root কে মিলিয়ে নিন।

১৩১০. **Inflammatory** মূল অর্থ- অগ্নিগর্ভ; জ্বালাময়ী।

Synonyms: provocative, provoking, inflaming. Antonyms: uncontroversial.

Mnemonic- ১. anti Inflammatory ঔষধ দিয়ে মনে রাখা সহজ। কোথাও আগুনে পুরে গেলে আমরা anti Inflammatory ঔষধ খাই। Inflammation মানে প্রদাহ। প্রদাহ হলে সেখানে প্রচুর জ্বালাপোড়া হয়। এই জ্বালাপোড়া শরীরের রোগের জ্বালাপোড়া হলেও , কোন বক্তিতাও জ্বালাময়ী বা Inflammatory হতে পারে। অনেক সময়ই বলতে শোনা যায়, অগ্নিগর্ভ বা জ্বালাময়ী বক্তিতার কথা। এসব ক্ষেত্রে Inflammatory শব্দটি ব্যাবহার করা হয়।

১৩১১. **Influx** মূল অর্থ- অন্তঃপ্রবাহ; প্রচুর সংখ্যক লোক আসা(প্রবাহ); প্লাবন ।

Synonyms: inundation, inrush, rush, stream, flood, incursion, ingress.

Mnemonic- ১. Influx=In+flu/flow , ভেঙ্গে ফেলার পর দাঁড়াচ্ছে- In flow বা ভেতরের প্রবাহ। আর Influx মানেও ভেতরের প্রবাহ বা অন্তঃপ্রবাহ।

১৩১২. **Infraction** মূল অর্থ- ভাঙ্গা; লঙ্ঘন; আইন অমান্য করা।

Synonyms: infringement, contravention, breach, violation, transgression.

Scanned by CamScanner

Mnemonic- ১. Fracture মানে ভাঙ্গা(হাত পা ভেঙ্গে গেলে আমরা বলি পায়ে Fracture হয়েছে), আর Fracture থেকেই এসেছে Infraction। তবে মনে রাখতে হবে যে Infraction দ্বারা হাত পা ভাঙ্গা না বুঝিয়ে আইন ভঙ্গ করা বা অমান্য করা বোঝানো হয়।

১৩১৩. **Infrastructure** মূল অর্থ- অবকাঠামো; কোন জিনিসের ভেতরের কাঠামো ; মূল কাঠামো।

Synonyms: substructure, structure, system.

Infrastructure কোন কাঁরখানারও হতে পারে আবার কোন সংগঠনেরও হতে পারে। অর্থাৎ বস্তুগত ও অবস্তুগত দুটোর ক্ষেত্রেই Infrastructure শব্দটি ব্যাবহিত হয়।

Mnemonic- ১. Infrastructure থেকে Infra আর Structure আলাদা করে ফেলুন। Infra মানে অব। যেমন- Infra-red লাইট, মানে অব-লোহিত আলো।। আর Structure মানে গঠন বা কাঠামো । তাহলে দেখা যাচ্ছে- Infrastructure মানে অব-কাঠামো। আর অবকাঠামো মানে কোন কিছুর ভেতরের কাঠামো বা মূল গঠন।

বিঃদ্রঃ অবলোহিত আলো ব্যাবহারের করেই টিভি রিমোটের সিগন্যাল পাঠানো হয়। আবার Infra-red সানগ্লাস বা ক্যামেরা দিয়ে রাতে দেখা যায়। রেড বা লাল আলোর তরঙ্গ দৈর্ঘ্য সব থেকে বেশি। আর এর থেকে বেশি তরঙ্গদৈর্ঘ্য হলে আমরা সেটা দেখতে পাই না। তবে আমাদের চোখ এই আলোতে সেনসিটিভ না হলেও, ক্যামেরা ও সানগ্লাসকে Infra-red আলোতে দেখার উপযোগী করে বানানো যায়। তাই অবলোহিত আলো দিয়ে যেমন লাল আলোর ভেতরের আলোও দেখা যায়। ঠিক তেমনি অবকাঠামো দিয়ে ভেতরের গঠন বোঝানো হয়।

১৩১৪. **Infringe** মূল অর্থ- লঙ্ঘন করা; সীমানা অতিক্রম করা।

Synonyms: contravene, violate, transgress, break. Antonyms: obey.

Mnemonic- ১. Infringe কে ভাঙ্গলে আমরা পাব- In ও fringe, fringe মানে ঝালর বা কোন কিছুর ধার/পাড়। In fringe মানে fringe এর ভেতরে। fringe এর ভেতরে যাওয়া মানে সীমানা অতিক্রম করা। এটা এক অর্থে সীমানা লঙ্ঘন করা বা লঙ্ঘন করা বোঝায়। আর Infringe অর্থ লঙ্ঘন করা বা সীমানা অতিক্রম করা।

১৩১৫. **Infuse** মূল অর্থ- প্রবেশ করানো(বিশেষ করে ধীরে ধীরে); অনুপ্রবেশ ঘটানো ।

Synonyms: fill, pervade, permeate, suffuse, charge, steep, brew.

Mnemonic- ১. Infuse কে ইলেকট্রিক fuse দিয়ে মনে রাখুন। বাসায় ইলেকট্রিক বোর্ডের সাথে যে fuse থাকে সেটাকে বোর্ডের ভেতর প্রবেশ করাতে হয়। আরও স্প্যাসিফিকলি মনে রাখার জন্য Infuse= In + fuse এভাবে মনে রাখুন। in মানে ভেতরে। মানে fuse কে ভেতরে প্রবেশ করানো। আর Infuse অর্থ- প্রবেশ করানো।

১৩১৬. **Ingratiate** মূল অর্থ- নিজেকে আরও পছন্দনীয়/দামী করে তোলা।

Synonyms: curry favour with, find the favour of, cultivate, win over.

Mnemonic- ১. Ingratiate কে Ingratiate= increase+grade, এভাবে মনে রাখুন। আপনি যদি আপনার grade বা মান increase করেন তবে সেটাকেই Ingratiate বলা হবে। অর্থাৎ Ingratiate মানে নিজের মান বাড়ানো বা নিজেকে আরও আকর্ষণীয় করে তোলা।

Scanned by CamScanner

১৩১৭. **Inimical** মূল অর্থ- প্রতিকূল; ক্ষতিকর; শত্রুজ(we are loking for শত্রুজ) |

Synonyms: harmful, injurious, detrimental, deleterious. Antonyms: helpful.

Mnemonic- ১. Inimical মানে Enemy এর সাথে সম্পর্কিত। আর শুনতেও প্রায় একই রকম। তাই এটিকে Enemy দিয়ে মনে রাখা সহজ-> Inimical= Enemy+cal বা শত্রুর মত। Enemy মানে শত্রু। আর Inimical মানে প্রতিকুল, ক্ষতিকর বা শত্রু।

১৩১৮. **Inimitable** মূল অর্থ- অনুকরণ করা বা নকল করা অসম্ভব; অতুলনীয়; সবথেকে ভাল।

Synonyms: unique, distinctive, individual, special, idiosyncratic, quirky.

Mnemonic- ১. Imitate > Imitation > Inimitable | বাজারে Imitation গয়না পাওয়া যায়। অর্থাৎ নকল গয়না। মানে স্বর্ণের মত দেখতে কিন্তু স্বর্ণ না। Imitation মানে অনুকরণ বা নকল। আর Imitate মানে অনুকরণ করা বা নকল করা। আর Inimitable মানে অনুকরণ করা বা নকল করা সম্ভব না এমন।

১৩১৯. **Innuendo** মূল অর্থ- ঠেস দিয়ে কথা বলা; বাকা কথা বলা; খারাপ ইঙ্গিত করা।

Synonyms: insinuation, implication, hint, suggestion, intimation, overtone.

Mnemonic- ১. Innuendo আর Intimation এর সাথে যোগাযোগ আছে। Intimation মানে ইঙ্গিত করা আর Innuendo মানে ইঙ্গিতে খারাপ কিছু বা ব্যাঙ্গ করে কিছু বলা। শুধু মনে রাখতে হবে যে Innuendo দ্বারা খারাপ Intimation বোঝাচ্ছে।

১৩২০. **Inquisition** মূল অর্থ- জেরা করা; তদন্তের সময় জেরা করা।

Synonyms: interrogation, questioning, quizzing, cross-examination.

Mnemonic- ১. Inquisition কে Inquiry দিয়ে মনে রাখা সহজ। Inquiry বা তদন্তের সময় Inquisition ব জেরা করা হয়।

১৩২১. **Insouciant** মূল অর্থ- উদাসীন; হালকা স্বভাবের; ভাবনাশূন্য ।

Synonyms: nonchalant, untroubled, unworried, unruffled. Antonyms: anxious.

Mnemonic- ১. Insouciant-> In-sauce-ant , অর্থাৎ সসের মধ্যে পিপড়া। রেস্টুরেন্টে খেতে যাবার প দেখলেন সসের মধ্যে পিপড়া। আর তাকে ডেকে বললেন- তুমি এত Insouciant কেন? In-sauce-ant হলে তে তোমাদের এখানে আর খেতেই আসা চলবে না। যারা সসের মধ্যে পিপড়া দিয়ে খেতে দেয় বুঝতে হবে ে কাস্টমারদের বিষয়ে তারা Insouciant বা উদাসীন।

১৩২২. **Insufferable** মূল অর্থ- অসহ্য; অসহনীয়; সহ্য করার মত নয়।

Synonyms: intolerable, unbearable, unendurable. Antonyms: bearable.

Mnemonic- ১. Insufferable= In+suffer+able, suffer করা মানে ভোগা বা সহ্য করা। আর sufferabl মানে suffer করা যায় এমন। তাহলে Insufferable মানে দাঁড়াচ্ছে- সহ্য করার যোগ্য নয়। যা সহ্য করার যো নয় সেটাই অসহ্য। সুতুরাং- Insufferable মানে- অসহ্য; অসহনীয়; সহ্য করার মত নয়।

Scanned by CamScanner

১৩২৩. **Insuperable** মূল অর্থ- যাকে হারিয়ে দেওয়া সম্ভব নয়; অনতিক্রম্য; অভিভূতকারী।

Synonyms: insurmountable, unconquerable, invincible. Antonyms: surmountable.

Mnemonic- ১. Insuperable এতই super যে, ঠিক সুপারম্যানের মত। সুপারম্যানকে হারানো সম্ভব নয়; বা শক্তির দিক থেকে অতিক্রম করা সম্ভব নয়। আর Insuperable অর্থ হলো- যাকে হারিয়ে দেওয়া সম্ভব নয় বা যাকে ছাড়িয়ে যাওয়া সম্ভব নয়। Insuperable এর, "super" কে রুট ধরে মনে রাখতে হবে।

১৩২৪. **Insurrection** মূল অর্থ- কোন কর্তিপক্ষের বিরুদ্ধে প্রকাশ্য বিপ্লব।

Synonyms: rebellion, revolt, uprising, mutiny, revolution, insurgence.

Mnemonic- ১. Insurrection-> In surrection এর surrection কে surrender এর সাথে মিল রেখে মনে রাখা সহজ। বিপ্লবের জন্য মানুষ সাধারণত গোপনে সংগঠিত হয়। কিন্তু যখন প্রকাশেই বিপ্লব শুরু করে অর্থাৎ কর্তিপক্ষকে surrender/আত্মসমর্পণ করতে বলে তখন সেটাকে Insurrection বা প্রকাশ্য বিপ্লব বলা হয়।

১৩২৫. **Integral** মূল অর্থ- অবশ্য প্রয়োজনীয়, গুরুত্বপূর্ণ; অপরিহার্য।

Synonyms: essential, fundamental, basic, intrinsic. Antonyms: incidental.

Mnemonic- ১. ক্যালকুলাস হল গনিতের একটি শাখা। দুই ধরনের ক্যালকুলাসের মধ্যে একটি হল Integral ক্যালকুলাস। আমরা জানি ক্যালকুলাস খুবই গুরুত্বপূর্ণ বিষয়। মনে রাখার জন্য ভাবুন- Integral ক্যালকুলাস গুরুত্বপূর্ণ আর Integral মানেও গুরুত্বপূর্ণ ।

১৩২৭. **Interim** মূল অর্থ- ইতিমধ্যে; এই সময়ের মধ্যে; সাময়িক বন্দোবস্ত।

Synonyms: meantime, meanwhile, intervening time, interval, interlude.

Mnemonic- ১. Interim কে ভেঙ্গে ফেলুন-> Interim= Inter+meantime , অর্থাৎ meantime- এ, মানে এই সময়ের মধ্যে।

১৩২৮. **Interloper** মূল অর্থ- অনধিকারপ্রবেশকারী ।

Synonyms: intruder, encroacher, trespasser, invader. Antonyms: invited.

Mnemonic- ১. Interloper কে মনে রাখার জন্য Inter loper= Inter loafer এভাবে মনে রাখুন। কারো ব্যাক্তিগত স্থানে loper প্রবেশ করাকে অবশ্যই সবাই অনধিকারপ্রবেশকারী বলবে। আর Interloper অর্থও অনধিকারপ্রবেশকারী।

১৩২৯. **Interlude** মূল অর্থ- কোনকিছুর মধ্যবর্তী সময়; নাটকের মধ্যবিরতি; বিরতি।

Synonyms: interval, intermission, break, recess, pause, respite, rest.

Mnemonic- ১. Interlude কে Intermission দিয়ে মনে রাখা সহজ। Interlude আর Intermission দুটির অর্থই মধ্যবিরতি। সিনেমাহলে সিনেমা দেখতে গেলে মাঝে একটা মধ্যবিরতি দেয়। তখন স্কিনে লেখা ওঠে "Intermission"। তবে Interlude দিয়ে বিশেষভাবে থিয়েটার নাটকের মধ্যবিরতিকে বোঝানো হয়।

Scanned by CamScanner

১৩৩০. **Interminable** মূল অর্থ- অন্তহীন।

Synonyms: seemingly endless, endless, never-ending, unending, countless.

Mnemonic- ১. Interminable কে Terminator মুভি দিয়ে মনে রাখুন। যে Terminate করে তাকে Terminator। Terminate করা মানে শেষ করা। আর যদি Terminate অর্থ না জেনেন তাহলে এটাকে Terminal দিয়ে মনে রাখুন। বাস Terminal এ এসে বাসের যাত্রা শেষ হয়। এখন অবশ্যই মনে থাকবে Terminate মানে শেষ করা। আর যা Terminate করা যায় যা সেটাকেই Interminable বলে। তাহলে Interminable অর্থ দাঁড়াচ্ছে- যা শেষ করা যায় না। অর্থাৎ Interminable মানে অন্তহীন(যা শেষ করা যায় না সেটাকেই অন্তহীন বলে)।

১৩৩১. **Intermittent** মূল অর্থ- অনিয়মিত; বার বার থামে আবার শুরু হয় এমন; পৌনঃপুনিক।

Synonyms: sporadic, irregular, fitful, spasmodic. Antonyms: continuous.

Mnemonic- ১. Intermittent হলো উপরের Interminable এর ঠিক উল্টো। Interminable হলো যা শেষ হয় না। আর Intermittent হলো যা বার বার শেষ হয় আবার শুরু হয়। এই শব্দটিও Terminate রুট থেকেই এসেছে।

১৩৩২. **Intersperse** মূল অর্থ- মধ্যবর্তি স্থান; মাঝে মাঝে ছড়িয়ে দেওয়া।

Synonyms: scatter, distribute, disperse, spread, strew, dot, sprinkle, pepper.

যদি কেউ টমেটো গাছ রোপণ করে আর ৫ টি টমেটো গাছের পরপর মধ্যবর্তি স্থানে একটা করে গাদাফুল গাছ রোপণ করে তবে সেটাকে Intersperse বলা হবে।

Mnemonic- ১. Intersperse কে Interspace দিয়ে মনে রাখুন। অর্থাৎ inter/মধ্যবর্তি স্থান/space। তাহলে Intersperse মানে মধ্যবর্তি স্থান বা মধ্যবর্তি স্থানে কোনকিছু রাখা।

১৩৩৩. **Intervene** মূল অর্থ- হস্তক্ষেপ করা; দুই পক্ষের মধ্যে আসা।

Synonyms: intercede, involve oneself, get involved, interpose oneself.

Mnemonic- ১. Intervene করা মানে Interrupt করা। শব্দদুটিকে মিলিয়ে মনে রাখুন। Interrupt করা মানে হস্তক্ষেপ করা বা বাধা দেওয়া। আর Intervene করাও Interrupt করা। তবে একটু পার্থক্য আছে। Intervene করা বলতে বিশেষ করে দুই পক্ষের মধ্যে এসে Interrupt করাকে বোঝানো হয়।

১৩৩৪. **Intimate** মূল অর্থ- সংকেত দেওয়া; পরোক্ষভাবে কিছু বলা।

Synonyms: announce, state, proclaim, set forth, make known, make public.

Mnemonic- ১. Intimate এর একটি অর্থ আমরা সবাই জানি। Intimate ফ্রেন্ড মানে অন্তরঙ্গ বন্ধু। মনে রাখুন মানুষ শুধু Intimate ফ্রেন্ডদেরকেই Intimate/সংকেত দেয় বা পরোক্ষভাবে কিছু বলে। তাহলে অন্তরঙ্গ এর পাশাপাশি Intimate এর আরেকটি অর্থ হলো সংকেত দেওয়া বা পরোক্ষভাবে কিছু বলা।

১৩৩৫. **Intricate** মূল অর্থ- জটিল; অভিজাত(জটিলতার কারনে)।

Scanned by CamScanner

Synonyms: complex, complicated, convoluted. Antonyms: simple.

Mnemonic- ১. Intricate কে Trick দিয়ে মনে রাখা সহজ। যে জিনিস তৈরি করতে প্রচুর Trick ব্যাবহার করা হয় সেটাকে আমরা Intricate বলব। Trick দিয়ে Intricate মনে রাখতে হবে।

১৩৩৬. **Intrigue** মূল অর্থ- গোপন পরিকল্পনা; ধূর্ত চক্রান্ত ।

Synonyms: interest, be of interest to, fascinate. Antonyms: bore.

Mnemonic- ১. Intrigue = tri(tricky) + gue(game) কে এভাবে মনে রাখা সহজ।

১৩৩৭. **Invidious** মূল অর্থ- প্রকৃত কারন বিবেচনা না করে, হিংসা করে বা বিরক্ত হয়ে কোন সিধান্ত নেওয়া বা মন্তব্য করা ।

Synonyms: unfair, unjust, prejudicial, discriminatory. Antonyms: fair.

Mnemonic- ১. প্রকৃত কারন বিবেচনা না করে Individual/ব্যাক্তিগত কারনে মতামত দেওয়াকে Invidious মন্তব্য বলে। মনে রাখতে হবে Individual কারণ > Invidious মতামত।

১৩৩৮. **Inviolate** মূল অর্থ- অক্ষত; বিশুদ্ধ।

Synonyms: untouched, undamaged, unhurt, unharmed, unscathed; unmarred.

শব্দটিকে ধর্মের বিশুদ্ধতা বোঝাতে বেশিরভাগ ক্ষেত্রে ব্যাবহার করা হয়।

Mnemonic- ১. Inviolate শব্দটি মূলত violate থেকে এসেছে। Inviolate মানে not violate । violate মানে লঙ্ঘন করা বা অমান্য করা। ধর্মীয় কোন নিয়ম যদি অমান্য না করা হয়, তবে সেটাকে বিশুদ্ধ বিবেচনা করা হয়। আর Inviolate অর্থও বিশুদ্ধ বা অক্ষত।

১৩৩৯. **Invoke** মূল অর্থ- সনির্বন্ধ অনুরোধ করা বা প্রার্থনা করা; ডাকা।

Synonyms: pray to, call on, appeal to, plead with, supplicate, entreat, solicit.

Mnemonic- ১. Convocation এর দিন সবাই সৃষ্টিকর্তার কাছে সফল জীবনের জন্য Invoke করে।

১৩৪০. **Iridescent** মূল অর্থ- দূতিমান দেখানো ; রঙ পরিবর্তন করা।

Synonyms: shimmering, shimmery, glittering, sparkling, coruscating, dazzling.

Mnemonic- ১. Iridescent চোখের Iris/আইরিশ এর সাথে সম্পর্কিত। Iris এর বহুবচন হল irides। irides(দুটি আইরিস) হলো আমাদের চোখের রঙিন অংশ। কোন বস্তু থেকে যখন irides আলো পৌছায় তখন সেটাকে দ্যুতিমান দেখায়। মনে রাখতে হবে- যা irides আলো তৈরি করে সেটাকে Iridescent দেখায়।

১৩৪১. **Jargon** মূল অর্থ- কোন নির্দিষ্ট কাজের জন্য ব্যবহিত বিশেষ ধরনের ভাষা; কোন ক্ষুদ্র গোষ্ঠীর কথ্য ভাষা যা সাধারন মানুষ ব্যাবহার করে না।

Scanned by CamScanner

Synonyms: specialized language, technical language, slang, cant, idiom, argot.

Mnemonic- ১. Jargon কে Argon বা আর্গন গ্যাস দিয়ে মনে রাখা সহজ। Argon একটি বিশেষ ধরনের গ্যাস আর Jargon হলো বিশেষ ধরনের ভাষা।

১৩৪২. **Jaunt** মূল অর্থ- ছোটখাটো ভ্রমন(আনন্দের জন্য); আনন্দ ভ্রমন।

Synonyms: trip, pleasure trip, outing, excursion, expedition, day trip, day out.

Mnemonic- ১. Jaunt কে journey দিয়ে মনে রাখা সহজ। যেকোনো বড় ভ্রমনকেই journey বলা হয় আর Jaunt মানে ছোট ভ্রমণ । কিন্তু মনে রাখা দরাকার Jaunt দিয়ে শুধু আনন্দ করার জন্য ভ্রমণকেই বিশেষভাবে বোঝানো হয়। jaunty অর্থ খুশি। Jaunt বা আনন্দভ্রমন থেকে আসার পর আমাদের jaunty ফিল হয়।

১৩৪৩. **Jingoism** মূল অর্থ- যুদ্ধবাজ; প্রতিহিংসাপরায়ণ দেশপ্রেম।

Synonyms: extreme patriotism, blind patriotism, chauvinism, belligerence.

Mnemonic- ১. Jingoism কে jongism বা জঙ্গি মতবাদ দ্বারা মনে রাখা সহজ। জঙ্গিরা যুদ্ধবাজ হয়। আর তাদের মধ্যে প্রতিহিংসামুলক আচরন থাকে। মনে রাখতে হবে যে Jingo=jongi

১৩৪৪. **Jocular** মূল অর্থ- রসাত্মক ; খুশি; কৌতুকপ্রিয়।

Synonyms: humorous, funny, witty, comic, comical. Antonyms:solemn.

Mnemonic- ১. Jocular কে ভেঙ্গে ফেলুন -> Jocular= jock+cooler , জোকস বলে যে সবার মেজাজ কুল বা খুশি রাখে তাঁকে আমরা Jocular বলব। আর এমন মানুষ অবশ্যই রসাত্মক ও কৌতুকপ্রিয় হবে। আর Jocular অর্থও রসাত্মক ; খুশি; কৌতুকপ্রিয়।

১৩৪৫. **Jubilation** মূল অর্থ- আনন্দ উল্লাস করা।

Synonyms: exultation, triumph, joy, rejoicing. Antonyms: despondency.

Mnemonic- ১. Jubilation কে ভেঙ্গে ফেলুন -> Jubilation= job+ celebration , কেউ যখন জব পাবার পর সেটা সেলিব্রেট করে তখন সবাই অনেক আনন্দ উল্লাস করে। আর Jubilation অর্থও আনন্দ উল্লাস করা।

১৩৪৬. **Junction** মূল অর্থ- কোন বিন্দুতে মিলিত হওয়া; সংযোগ।

Synonyms: join, joint, intersection, link, bond, weld, seam, coupling.

Mnemonic- ১. আমরা সবাই রেলওয়ে Junction/জংশনের সাথে পরিচিত। রেলওয়ে জংশনে একাধিক রেললাইন এসে মিলিত হয়। তাহলে বুঝতেই পারছেন- একাধিক জিনিস যখন কোন বিন্দুতে মিলিত হয় তখন সেটাকে Junction বা জংশন বলে। তাহলে Junction মানে কোন বিন্দুতে মিলিত হওয়া অথবা সংযোগ।

১৩৪৭. **Junta** মূল অর্থ- আকস্মিক কোন অভ্যুত্থানের পর অল্প কিছু লোকের দ্বারা রাজ্য শাসন।

Synonyms: faction, group, cabal, clique, party, set, ring, gang, league.

Scanned by CamScanner

Mnemonic- ১. Junta কে, "জনতা" হিসেবে মনে রাখুন। Junta/জনতা যখন অভ্যুত্থানের করে, আর তারপর যখন তাদের মধ্য থেকেই অল্প কয়েকজন মিলে রাজ্য শাসন করে তখন তাকে Junta বলে। মনে রাখতে হবে যে Junta/জনতা –এর অভ্যুত্থানের পর Junta শুরু হয়।

১৩৪৮. **Karma** মূল অর্থ- কর্ম বা কর্মফল; কাজের উপর ভিত্তি করে ভাল বা খারাপ ফলাফল।

Synonyms: good or bad luck, viewed as resulting from one's actions.

Mnemonic- ১. হিন্দু ও বৌদ্ধ ধর্মের দর্শন অনুসারে- আপনি এই জীবনে যা যা করবেন, তার ফলাফলের উপর ভিত্তি করে আপনার পরিবর্তী জীবনের সবকিছু নির্ধারিত হবে। এই ফলাফল- এই জীবন বা মৃত্যু পরবর্তী জীবন দুটির ক্ষেত্রেই ব্যবহিত হতে পারে(মতপার্থক্য অনুসারে)। এটি মূলত সংস্কৃত শব্দ কর্ম থেকে এসেছে। আমরা বাংলায় ও কর্ম বা কর্মফল শব্দগুলো ব্যাবহার করে থাকি।

১৩৪৯. **Larceny** মূল অর্থ- চুরি; ডাকাতি ।

Synonyms: theft, stealing, robbery, pilfering, thieving, thievery, purloining.

Mnemonic- ১. Larceny কে ভেঙ্গে ফেলুন -> Larceny= Large sum of money , আপনি যখন Large sum of money বা অনেক টাকা-পয়সা বাসায় রেখে দেবেন তখন সেটা চুরি বা ডাকাতি হয়ে যেতে পারে। মনে রাখুন- যেখানেই Large sum of money থাকবে, সেখানেই Larceny হবে অর্থাৎ চুরি বা ডাকাতি হবে।

১৩৫০. **Lascivious** মূল অর্থ- লম্পট; লুচ্চা; কামুক; অশ্লীল।

Synonyms: lecherous, lewd, lustful, licentious. Antonyms: puritanical.

Mnemonic- ১. Lascivious শুনতে অনেকটা Las vegus লাস ভেগাসের মত। আমরা সবাই জানি, লাস ভেগাস হলো এস্কর্ট সার্ভিসের জন্য পৃথিবীর সবথেকে বিখ্যাত স্থানগুলোর মধ্যে একটি। ফলে লাস ভেগাস হলো কামুম টাইপের বা Lascivious লোকের জন্য স্বর্গতুল্য। মনে রাখতে হবে যে- Lascivious মানুষ Las vegus যাবার জন্য উতলা হয়ে থাকে।

১৩৫১. **Lavish** মূল অর্থ- বিনাদ্বিধায় খরচ করা; প্রচুর দান করা; অপব্যায় করা।

Synonyms: sumptuous, luxurious, luxuriant, lush. Antonyms: meager.

Mnemonic- ১. Lavish শুনতে অনেকটা lovesh এর মত। Lavish কে lovesh হিসেবে মনে রাখুন। love sh অর্থাৎ যার মনে প্রেম আছে বা যে সবেমাত্র প্রেমে পরেছে(কারন লোকে বলে প্রেম পুরনো হয়ে গেলে নাকি আর love থাকে না)। যারা নতুন নতুন প্রেমে পরে তাদের মন থাকে একদম তুলার মত নরম। ফলে তারা বিনাদ্বিধায় খরচ করা করে। আর Lavish অর্থও - বিনাদ্বিধায় খরচ করা; প্রচুর দান করা; অপব্যায় করা।

১৩৫২. **Lax** মূল অর্থ- অবহেলাকারী; আলসে; দায়িত্বহীন।

Synonyms: slack, slipshod, negligent, neglectful. Antonyms: stern, careful.

Mnemonic- ১. Lax কে Relax বা Re lax দিয়ে মনে রাখা সহজ। যেসব মানুষ বেশি Relax খোঁজে, তারা Lax হয়, অর্থাৎ আলসে ও দায়িত্বহীন হয়। আর Lax দ্বারা- অবহেলাকারী; আলসে; দায়িত্বহীন বোঝানো হয়।

Scanned by CamScanner

১৩৫৩. **Layman** মূল অর্থ- নতুন শিখছে এমন; অপেশাদার; শিক্ষানবিস; পাদ্রীদের অন্তর্ভুক্ত নয়(যে পাদ্রী হবার জন্য চার্চের নিয়মকানুন শিখছে কিন্তু এখনো পাদ্রী হতে পারেনি)।

Synonyms: neo, neophyte, apprentice, non-professional, amature .

Mnemonic- ১. Layman কে ভেঙ্গে ফেলুন-> Layman= Lay man, Lay মানে ডিম পারা। Lay man মানে এমন ব্যাক্তি যে মাত্র ডিম ফুটে বের হলো। অর্থাৎ সে এখনো কোন বিষয়ে দক্ষ হয়নি। সবেমাত্র শিখছে। আর Layman শব্দটি দ্বারা এমন ব্যাক্তিকেই বোঝানো হয়- যে মাত্র কোন বিষয় শিখছে; এখনো পেশাদার হতে পারে নি।

১৩৫৪. **Liaison** মূল অর্থ- যোগাযোগ; সংযোগ; জোট; সজ্ঘ; গোপন প্রেম।

Synonyms: cooperation, contact, love affair, affair, relationship, romance.

Mnemonic- ১. Liaison কে এভাবে মনে রাখুন-> Lia+i= son , লিয়া সাথে আমার (Lia+i) একটা গোপন প্রেম ছিল। ফলে একটা son জন্ম নিল। লিয়া আর আমার এই সংযোগকে মনে রাখুন- Liaison । আর Liaison শব্দের অর্থ হলো- যোগাযোগ; সংযোগ; জোট; সজ্ঘ; গোপন প্রেম। বিঃদ্রঃ এই আমি কিন্তু আমি না, এখানে আপনাকে বোঝানো হচ্ছে!!

১৩৫৫. **Licentious** মূল অর্থ- লম্পট; লুচ্চা; কামুক; অনৈতিক।

Synonyms: horny, raunchy, naughty, pervy. Antonyms: moral.

Mnemonic- ১. আমরা উপরে যে Lascivious শিখেছিলাম সেটা আর Licentious দুটির অর্থ একই। এই দুটি শব্দ শুনতেও প্রায় একই রকম। তাই Lascivious দিয়েই Licentious মনে রাখা সহজ।

১৩৫৬. **Limpid** মূল অর্থ- স্বচ্ছ; পরিষ্কার।

Synonyms: clear, transparent, glassy, glass-like. Antonyms: opaque.

Mnemonic- ১. Limpid কে Lucid দিয়ে মনে রাখা সহজ। Limpid মানেও স্বচ্ছ আর Lucid মানেও স্বচ্ছ। Limpid শব্দটি এসেছে প্রাচীন রোমানদের একটি দেবতাদের নাম থেকে। রোমানদের কৃষিসংক্রান্ত মোট ১২ টি দেবতা ছিল। তার মধ্যে স্বচ্ছ পানির দেবীর নাম ছিল- limpa । এই limpa থেকেই এসেছে Limpid । Limpid মানে হলো স্বচ্ছ বা পরিষ্কার ।

১৩৫৭. **Listless** মূল অর্থ- আলস্য; শক্তি ও উদ্যমহীন।

Synonyms: lethargic, enervated, lackadaisical. Antonyms: energetic.

একটি Listless দিন মানে যেদিন আপনি আলসেমি করে কাটাতে পারবেন। সেদিন আপনাকে কোন শক্তি ও উদ্যম খরচ করতে হবে না।

Mnemonic- ১. Listless মনে রাখা খুবই সহজ। যেদিন আপনার হাতে কাজের একটা লম্বা list আছে সেদিন আপনাকে সারাদিন কাজ করতে হবে। ফলে আপনাকে প্রচুর শক্তি খরচ করতে হবে, আলসেমি করা কোন সুযোগ

Scanned by CamScanner

নাই। আর যদি কোন লিস্টই না থাকে- অর্থাৎ দিনটি যদি Listless হয় তবে আপনাকে সেদিন কোন শক্তি ও উদ্যম খরচ করতে হবে না। তাহলে দেখা যাচ্ছে Listless মানেই আলসেমি। আর Listless অর্থ- আলস ; শক্তি ও উদ্যমহীন ।

১৩৫৮. **Litany** মূল অর্থ- দির্ঘ্য বিরক্তিকর আবৃতি বা বক্তিতা ; খ্রিষ্টানদের দীর্ঘ প্রার্থনা।

Synonyms: recital, recitation, repetition, prayer, invocation, petition.

Mnemonic- ১. Litany এর T এর পরে শুধু একটা "s" বিসিয়ে দিন। তাহলে সেটা হয়ে যাবে-> Listany বা Any list । মানে যেকোনো লিস্ট। আমাদের দেশের রাজনীতিবিদরা শোকসভায়ও বক্তিতা দিয়ে যায়, সেখানেও তারা তাদের সরকারের উন্নয়নের যেকোনো লিস্ট আবৃতি করতে শুরু করে।

১৩৫৯. **Livid** মূল অর্থ- রঙ-ওঠা বা রঙচটা ; কাল ও নীল; ভীষণ রাগী ।

Synonyms: furious, angry, infuriated, fuming, incensed. Antonyms: vidid.

Mnemonic- ১. Livid কে Vivid দিয়ে মনে রাখা সহজ। Vivid মানে প্রানবন্ত সজীব স্বচ্ছ। আর Livid হলো তার উল্টো। Livid মানে রঙ-চটা বা কালো ও নীলের সমন্বয়ে এক ধরনের ঝাপসা রঙ। তবে মনে রাখা দরকার এর আরেকটি অর্থ হলো- ভীষণ রাগী। এখানেও Livid হলো Vivid এর উল্টো। প্রানবন্ত লোক কখনোই ভীষণ রাগী হতে পারে না। তাই Livid টাইপের লোক হল ভীষণ রাগী। ২. Livid কে Livid= live+video এভাবেও মনে রাখতে পারেন। আমরা জানি, Live video দেখতে রেকর্ড করা ভিডিওর তুলনায় অনেক ঝাপসা বা রঙচটা লাগে। আর Livid মানে রঙ-ওঠা বা রঙচটা।

১৩৬০. **Loath** মূল অর্থ- অনিচ্ছুক; একান্ত অনিচ্ছা ।

Synonyms: reluctant, unwilling, disinclined. Antonyms: willing, eager.

Mnemonic- ১. Loath শুনতে অনেকটা sloth এর মত। sloth মানেও কাজ করতে অনিচ্ছুক। আর মজার বিষয় হলো, sloth নামে একটি প্রাণী আছে। বানরের মত গাছে থাকে। এরা ভীষণ ধীর ধীরে চলাফেরা করে। তাহলে মনে রাখতে হবে যে Loath মানেই sloth। আর Loath মানে হলো- অনিচ্ছুক।

১৩৬১. **Lobby** মূল অর্থ- উচ্চ পর্যায়ের রাজনৈতিক নেতা বা সরকারী কর্মচারীদের প্রভাবিত করাতে চাওয়া একদল লোক; প্রভাবিত করতে চাওয়া।

Synonyms: importune, persuade, pressure group, interest group.

Mnemonic- ১. আমরা লবিং করা; লবিস্ট নিয়োগ করা ইত্যাদি শব্দের সাথে পরিচিত। পত্রিকার পাতায় মাঝে মাঝেই খবর আসে, এই দল ঐ কাজের জন্য বিদেশি লবিস্ট নিয়োগ করেছে ইত্যাদি। ফলে Lobby এর অর্থ মনে রাখা কঠিন হবে না।

১৩৬২. **Lout** মূল অর্থ- চাষা ; গণ্ডমূর্খ; একজন অমার্জিত বা আক্রমণাত্মক বালক।

Synonyms: ruffian, hooligan, thug, boor, oaf. Antonyms: smoothie.

Scanned by CamScanner

Mnemonic- ১. Lout কে Loud দিয়ে মনে রাখা সহজ। Lout রা সবসময় Loud ভাবে কথা বলে। অর্থাৎ মূর্খ বা অমার্জিত লোকেরা সব সময় উচ্চস্বরে কথা বলে। খেয়াল করে দেখবেন বিষয়টি আসলেই একদম মিলে যাবে।

১৩৬৩. **Ludicrous** মূল অর্থ- বোকাটে, অপ্রাসঙ্গিক ও বেরাছেড়া কথা বলা; হাস্যকর ।

Synonyms: absurd, ridiculous, farcical, laughable. Antonyms: sensible.

Mnemonic- ১. Ludicrous কে সহজেই Ridiculous দিয়ে মনে রাখতে পারবেন। দুটি শব্দ শুনতেও একই রকম, আর অর্থও এক।

১৩৬৪. **Lyrical** মূল অর্থ- সুমধুর; গানের মত।

Synonyms: songlike, lyric, melodic, musical, melodious, rhapsodic, poetic.

Mnemonic- ১. আমরা সবাই গানের Lyrics সাথে পরিচিত। গানের lyrics গুলো সুন্দর ও সুমিষ্ট ভাষায় লেখা হয়। যা গানের মত বা গানের মত সুমধুর সেটাকেই Lyrical বলা হয়। অর্থাৎ- Lyrical অর্থ হলো- সুমধুর ; গানের মত।

১৩৬৫. **Malapropism** মূল অর্থ- কোন শব্দের স্থানে একই রকম উচ্চারনের কিন্তু একদম ভিন্ন অর্থের কোন শব্দ ব্যাবহার করা(মজা করার জন্য)।

Synonyms: wrong word, solecism, error, misuse, misusage, misapplication.

Mnemonic- ১. ১৯৭৫ রিচার্ড শেরিডানের, "দ্যা রিভালাস" নামে একটি নাটক মঞ্চস্থ করা হয়। সেই নাটকের একটি চরিত্রের নাম ছিল Mr. Malaprop । সেই মালাপ্রপ সাহেব তার এক ডায়ালগে এমন মজার একটি কান্ড করেছিলে। তার সম্মানেই, একই রকম উচ্চারনের কিন্তু একদম ভিন্ন অর্থের কোন শব্দ ব্যাবহার করে মজা করা হলে সেটাকে Malapropism বলা হয়।

১৩৬৬. **Mania** মূল অর্থ- বাতিক; উন্মাদনা; পাগলামি; বিভ্রান্তি; অতিরিক্ত উত্তেজনা বা কোন কিছু অতিরিক্ত করা।

Synonyms: madness, derangement, dementia , obsession, compulsion, fixation.

Mania শব্দটির আসলে অনেকগুলো অর্থ হয়। বিভিন্ন বাক্য দেখে সেই বাক্যের প্রসঙ্গ অনুসারে এর অর্থের ভিন্নতা বুঝে নিতে হবে। এই শব্দটি একইসাথে চিকিৎসা বিজ্ঞান; সাহিত্য বা আরও অনেক শাখায় ব্যাবহিত হয়। ধরুন কারো ছবি তোলার বাতিক আছে, তাহলে বলা হয়ে ছবি তোলা নিয়ে তার Mania আছে। বাংলায় এটাকে আমরা বলব- ঐ ছেলেটার তো ছবি তোলার বাতিক আছে। আবার কেউ বলতে পারে যে- ছলেটা একদম ছবি পাগল। আবার মা-বাবা হয়ত বলবে- " বাবারে পড়াশুনা না করে ছবি নিয়ে কিসব পাগলামি করিস"।

Mnemonic- ১. আমরা অনেকেই ফেইসবুকে Photo mania অ্যাপ ব্যাবহার করেছি। যারা ছবি পাগল তারাই বেশিরভাগ এই অ্যাপ ব্যাবহার করে। এই অ্যাপের সাহায্যে ছবিকে বিভিনভাবে বিকৃত করা যায়; ট্যাটু লাগানো যায় এবং আরও অনেক রকম ফিচার আছে এতে। অর্থাৎ ছবি নিয়ে বিভিন ধরনের পাগলামি করা যায়। আর এজন্যই অ্যাপের নাম দেওয়া হয়েছে Photo mania। আর mania শব্দটি দ্বারা কোন কিছু নিয়ে অতিরিক্ত মাতামাতি, পাগলামি করা , সেটা নিয়ে বাতিক থাকা ইত্যাদি বোঝানো হয়।

১৩৬৭. **Marginal** মূল অর্থ- কোন কিছুর প্রান্তে অবস্থিত; একদম খারাপ অবথা।

Scanned by CamScanner

Synonyms: borderline, disputable, questionable, doubtful.

Mnemonic- ১. Marginal মনে রাখার জন্য বই বা খাতার Margin/মার্জিন এর কথা মনে করুন। যার অবস্থান Margin-এ বা প্রান্তে, সেটাকেই Marginal বলা হয়। এর আরেকটি অর্থ হলো- "একদম খারাপ অবস্থা"। মজার বিষয় হলো, বাংলাতেও এমন শব্দের ব্যাবহার আছে। যদি কোন ব্যাবসার অবস্থা খারাপ হয় তাহলে আমরা বলি যে- " ব্যাবসার অবস্থা ভাল না, একদম প্রান্তিক অবস্থায় আছে"। ঠিক তেমনি কোন কিছু Marginal অবস্থায় থাকা মানে খারাপ অবস্থায় থাকা।

১৩৬৮. **Materialistic** মূল অর্থ- বস্তুবাদী; বস্তু জগত নিয়ে ব্যাস্ত; বাস্তববাদী; ভোগ বিলাসি ।

Synonyms: worldly, consumerist, money-oriented. Antonyms: spiritual.

Mnemonic- ১. Materialistic শব্দটি Mater থেকে এসেছে। Mater মানে বস্তু, আর Materialistic মানে বস্তুবাদী। যেসব মানুষ বিশ্বাস করে যে- এই মহাবিশ্বের সবকিছু বস্তু দ্বারা গঠিত, এমনকি মানব শরীরের সবকিছুই বস্তু থকেই সৃষ্টি, আত্মা বলে অবস্তুগত কোন কিছু নেই, তাদেরকেই বস্তুবাদী বলা হয়। পরকালের যেহেতু বস্তুগত বা বাস্তব অস্তিত্ব নেই, তাই এরা পরকাল নিয়ে না ভেবে শুধুমাত্র এই বস্তুজগত নিয়ে ভাবে। যারা পরকাল নিয়ে ভাবে তারা মনে করে এই জগতে ভোগ বিলাস না করে ভাল কাজ করলে পরকালে ভাল ফল পাওয়া যাবে। কিন্তু এরা যেহেতু পরকালে বিশ্বাস করে না, তাই তারা এই জগতের ভোগবিলাস নিয়েই তাদের চিন্তা সীমাবদ্ধ রাখে। তাই Materialistic মানে হলো- বস্তুবাদী ; বস্তু জগত নিয়ে ব্যাস্ত; বাস্তববাদী; ভোগ বিলাসি ।

১৩৬৯. **Mawkish** মূল অর্থ- অতিরিক্ত আবেগপ্রবণ; মাতাল; মূর্খ।

Synonyms: sentimental, over-sentimental, overemotional. Antonyms: cool.

Mnemonic- ১. Mawkish কে maa এর kiss হিসেবে মনে রাখুন। মায়েরা অতিরিক্ত আবেগপ্রবন হয়ে বাচ্চাদেরকে চুমু বা kiss দেয়। আর Mawkish অর্থ হলো- অতিরিক্ত আবেগপ্রবণ।

১৩৭০. **Meander** মূল অর্থ- সরাসরি না দিয়ে প্যাঁচানো পথে ভ্রমন করা; ঘোরাঘুরি করা; মূল প্রসঙ্গ বাদ দিয়ে অযথা আলাপ করা।

Synonyms: zigzag, wind, twist, turn, curve. Antonyms: straight.

Mnemonic- ১. Meander কে Wander দিয়ে সহজেই মনে রাখা যায়। Wander মানে ঘুরে বেরানো/প্রলাব বকা। আর Meander অর্থও প্রায় একই রকম।

১৩৭১. **Medium** মূল অর্থ- মাধ্যম; যে জিনিস মাধ্যমে কোন কাজ করা হয়; শিল্পীরা যে রঙ দিয়ে ছবি আকে।

Synonyms: habitat, element, environment; color by which paint.

Mnemonic- ১. Medium মানে মধ্যম বা মাঝে থাকা। কিন্তু এখানে আমরা আসলে Medium এর বিশেষ অর্থগুলো শিখব। তবে এই অর্থগুলোও প্রায় একই রকম। কেননা কোন কিছু মাধ্যমে করা মানে সেটাকে কাজের মধ্যে রাখা। মনে রাখতে হবে- যে জিনিসের মাধ্যমে কোন কিছু করা হয় সেটাকেই Medium বলে । যেমন- কোন শিল্পী যদি তেল রঙ ব্যাবহার করে ছবি আকে তাহলে বলা হবে এই ছবিটির Medium হলো- তেল রঙ। আবার আলুর সূপের মধ্যে টিস্যু কালচার করা হয়। এখানে কালচার মিডিয়াম হলো আলুর সূপ।

Scanned by CamScanner

১৩৭২. **Melancholy** মূল অর্থ- হতাশ এবং বিষণ্ণ; অন্ধকারাচ্ছন্ন।

Synonyms: sad, sorrowful, desolate. Antonyms: cheerful.

Mnemonic- ১. Melancholy কে ভেঙ্গে ফেলুন-> Melancholy= Meal alcoholy, মানুষ যখন হতাশ ও বিষণ্ণ হয়ে পরে তখনই মানুষ Meal হিসেবে alcohol খায়। আর Melancholy মানে হলো- হতাশ ও বিষণ্ণ।

১৩৭৩. **Melee** মূল অর্থ- সঙ্কিহান হয়ে মারামারি করা; তোলপাড়; দাঙ্গা ।

Synonyms: tumult, disturbance, rumpus; brawl, fracas, fight. Antonyms: static.

Mnemonic- ১. Melee কে মিলি বা একটি মেয়ের নাম হিসেবে মনে রাখুন। Melee কে নিয়ে তার দুই প্রেমিকের মধ্যে সঙ্কিহান হয়ে মারামারি লেগে গেছে। মেয়েদের নিয়ে এমন ঝামেলা মাঝে মাঝেই হয় তাই Melee মনে রাখতে আশা করি সমস্যা হবে না।

১৩৭৪. **Menagerie** মূল অর্থ- একদল বন্য প্রাণীর সংগ্রহ।

Synonyms: zoological garden, zoo, personal zoo, facility, installation.

.আগের দিনে রাজা বা জমিদাররা সম্মানিত অতিথিদের মনরঞ্জনের জন্য বন্য প্রাণী সংরহ করে রাখত। মূলত এগুলোই ছিল সব থেকে প্রাচীন চিড়িয়াখানা। এসব মিনি চিড়িয়াখানাকে Menagerie বলা হয়।

Mnemonic- ১. Menagerie শব্দটির সাথে Manage শব্দটি সম্পর্কিত । Manage করা মানে বাগ মানাইতে পারা। যেসব প্রাণীকে Manage করা যেত অর্থাৎ বাগ মানাইতে পারা যেত তাদেরকে রাজার সংগ্রহশালায় রাখা হত সখ হিসেবে। সে থেকেই সেসব প্রাচীন চিড়িয়াখানার নাম হয়েছিল Menagerie ।

১৩৭৫. **Meticulous** মূল অর্থ- কোন কাজ নিখুত করার ব্যাপারে যে বেশি সতর্ক ; খুঁতখুঁতে ।

Synonyms: careful, conscientious, diligent, ultra-careful.

Antonyms: sloppy.

Mnemonic- ১. Meticulous কে Scrupulous ও Fastidious এর সাথে মিলিয়ে মনে রাখা সহজ । এই তিনটি শব্দের অর্থই খুঁতখুঁতে স্বভাবের।

১৩৭৬. **Millennium** মূল অর্থ- সহস্রাব্দ; এক হাজার বছরের ব্যাবধান।

Synonyms: millennium, millennia, a thousand years, time period, millenary.

Mnemonic- ১. Millennium কে Million দিয়ে মনে রাখা সহজ। Million সংখার ক্ষেত্রে অনেক বড় একটি সংখ্যা , আর বৎসরের হিসেবের ক্ষেত্রে Millennium অনেক বড় একটি ব্যাবধান।

১৩৭৭. **Mire** মূল অর্থ- জলাভূমি; নোংরা জলামত জমি; অস্বস্থিকর পরিস্থিতি।

Synonyms: mud, slime, sludge, dirt, dirty, soil, muddy. Antonyms: Dry land.

Mnemonic- ১. Mire এলাকাকে কেউ Admire করে না। কারন সবাই উচু ও পরিষ্কার জমি পছন্দ করে। আর Mire মানে হলো- নিচু নোংরা জলাভূমি ।

Scanned by CamScanner

১৩৭৮. **Mode** মূল অর্থ- কোন কিছু করার পদ্ধতি; ধরন; আঙ্গিক ।

Synonyms: manner, way, function, position, fashion, vogue.

Mnemonic- ১. যাদের ডিএসেলার আছে তারা মাঝে মাঝে ম্যানুয়েল Mode এ ছবি তোলেন আবার মাঝে মাঝে Auto mode –এ ছবি তোলেন। এভাবে বিভিন্ন কাজ করতে গেলে আমরা ভিন্ন-ভিন্ন পদ্ধতিতে বা ভিন্ন-ভিন্ন আঙ্গিকে তা করে থাকি। এসব বিভিন্নতাকেই Mode বলা হয়।

১৩৭৯. **Modulate** মূল অর্থ- কমানো বা নিয়ন্ত্রন করা।

Synonyms: regulate, adjust, set, attune, balance, adjust.

Mnemonic- ১. Modulate কে Regulate দিয়ে মনে রাখা সহজ। Regulate করা মানে কমানো-বাড়ানো বা নিয়ন্ত্রন করা। আর Modulate অর্থও কমানো বা নিয়ন্ত্রন করা। আর যদি কেউ Regulate অর্থ না জানেন তাহলে এটাকে ফ্যানের Regulator দিয়ে মনে রাখুন। ফ্যানের Regulator দিয়ে আমারা ফ্যানের স্পিড কমানো-বাড়ানো বা নিয়ন্ত্রন করতে পারি। অর্থাৎ যা দিয়ে Regulator করা যায় সেটাকেই Regulator বলে।

১৩৮০. **Momentum** মূল অর্থ- ভরবেগ; গতির মোট শক্তি; বেগ ; উদ্দীপনা।

Synonyms: impetus, energy, force, power, strength, drive, thrust, push.

Mnemonic- ১. Momentum = Movement+sum , অর্থাৎ Movement বা গতির মোট শক্তির পরিমাণ। আর Momentum অর্থও মোট শক্তির পরিমাণ বা ভরবেগ।

১৩৮১. **Moratorium** মূল অর্থ- কাজের মধ্যে বিরতি; অবকাশ; আলসেমি।

Synonyms: embargo, ban, prohibition, suspension, postponement, stay.

Mnemonic- ১. Moratorium কে সহজেই Auditorium দিয়ে মনে রাখা যায়। মানুষ Moratorium এর মধ্যে একটু বিনোদনের জন্য Auditorium যায়। অর্থাৎ অবকাশে একটু বিনোদনের জন্য মানুষ জন অডিটোরিয়ামে যায়।

১৩৮২. **Mores** মূল অর্থ- নৈতিক মানদণ্ড ।

Synonyms: customs, conventions, ways, way of life, way of doing things.

Mnemonic- ১. Mores কে ভেঙ্গে ফেলুন -> Mores = More + s = Moral Standerd, অর্থাৎ নৈতিক মানদণ্ড। আর Mores শব্দের অর্থও নৈতিক মানদণ্ড।

১৩৮৩. **Motif** মূল অর্থ- কোন শিল্প বা সাহিত্যের মূল উপাদান; মূল উপজীব্য।

Synonyms: theme, idea, concept, subject, topic, leitmotif, element, motive.

Mnemonic- ১. Motif কে সহজেই Motive দিয়ে মনে রাখা যায়। গোয়েন্দারা চোর, ডাকাত, সন্ত্রাসী এদের Motive বা মূল উদ্দেশ্য বুঝতে চায়, আর Motif মানে হলো কোন শিল্পের মূল উপাদান। মূল উপাদানটির মধ্যেই মূল উদ্দেশ্য । মনে রাখতে হবে যে- Motif ও Motive দুটি দিয়েই মূল উদ্দেশ্য বুঝতে চাওয়াকেই বোঝায়।

Scanned by CamScanner

১৩৮৪. **Motley** মূল অর্থ- আলাদা রকমের বা ভিন্নধর্মি।

Synonyms: miscellaneous, disparate, diverse, assorted. Antonyms: uniform.

Mnemonic- ১. Motley কে Medley দিয়ে সহজেই মনে রাখা যায়। Medley মানে ভিন্নধর্মী জিনিস বা মানুষের মিশ্রণ। আর মিশ্রণ মানেই তো কমপক্ষে দুটি আলাদা রকমের বা ভিন্নধর্মি জিনিস থাকবে। আর Motley মানেও আলাদা রকমের বা ভিন্নধর্মি।

১৩৮৫. **Municipal** মূল অর্থ- শহর বা তার সরকার সম্পর্কে; শহরের কর্তিপক্ষ ।

Synonyms: civic, civil, metropolitan, urban, city, town. Antonyms: rural.

Mnemonic- ১. আমরা সবাই Municipal পানির লাইন, মিউনিসিপাল কর্পরেশন এই শব্দগুলোর সাথে পরিচিত। Municipal মানে হলো শহরের কর্তিপক্ষ। আবার ওয়াসার পানিকে মিউনিসিপাল ওয়াটারও বলে। মনে রাখতে হবে যে- Municipal মানে হলো- Municipal।

১৩৮৬. **Muse** মূল অর্থ- চিন্তা করা; ভাবা; ধ্যান করা।

Synonyms: ponder, consider, think over/about, mull over, reflect on.

Mnemonic- ১. Muse কে সহজেই Museum দিয়ে মনে রাখা যায়। Museum এ গেলে প্রাচীন ও ঐতিহাসিক বিভিন্ন জিনিসগুলো আমাদের Muse করে।

১৩৮৭. **Muster** মূল অর্থ- যুদ্ধের জন্য সবাইকে ডাকা; তলব করা।

Synonyms: assemble, bring together, marshal. Antonyms: disperse.

Mnemonic- ১. Muster কে সহজেই Master দিয়ে মনে রাখা যায়। Master মানে শিক্ষক। মনে রাখতে হবে Master আমাদের বিভিন্ন কাজে Muster করেন বা তলব করেন। আর Muster মানে হলো- যুদ্ধের জন্য সবাইকে ডাকা; তলব করা।

১৩৮৮. **Mystic** মূল অর্থ- ভিন্নজগতের; রহস্যময়; প্রহেলিকাময়।

Synonyms: spiritual, religious, transcendental, paranormal, other-worldly.

Mnemonic- ১. Mystic কে Mysterious এর সাথে মিলিয়ে নিন। খেয়াল করলে দেখবেন এই শব্দদুটি একই রুট থেকে এসেছে। Mysterious মানে রহস্যময়, আর Mystic মানে ভিন্নজগতের; রহস্যময়; প্রহেলিকাময়।

১৩৮৯. **Nebulous** মূল অর্থ- ঝাপসা; অস্পষ্ট ।

Synonyms: vague, ill-defined; indistinct, indefinite, unclear. Antonyms: clear.

Mnemonic- ১. Nebula মানে হল নিহারিকা। নিহারিকাকে থাকে প্রচুর পরিমান গ্যাস। এই গ্যাস থেকেই সূর্যের মত নক্ষত্র সৃষ্টি হয়। নিহারিকা বা Nebula তে প্রচুর গ্যাস থাকার কারনে এগুলো দেখতে ঝাপসা কুয়াশার মত দেখা যায়। আর Nebula মানেও ঝাপসা বা অস্পষ্ট।

১৩৯০. **Nemesis** মূল অর্থ- অন্যায়ের প্রতিশোধ; পাপের শাস্তি ; অপরাজেয় প্রতিদ্বন্দ্বী।

Scanned by CamScanner

Synonyms: retribution, vengeance, arch-enemy, arch-rival, enemy, rival, foe.

Mnemonic- ১. Nemesis ছিল একজন গ্রিক পুরাণের চরিত্র। তিনি ছিলেন- প্রতিহিংসার দেবী , ঐশ্বরিক ক্রোধ মূর্ত প্রতীক । অর্থাৎ কেউ কোন পাপ করলে Nemesis তাকে কঠোর শাস্তি দিত বলে ভাবা হত। আর কেউ পাপের বিচারও চাইত তার কাছে। সেই থকেই Nemesis এর অর্থ হয়ে গেছে- অন্যায়ের প্রতিশোধ ।

১৩৯১. **Neophyte** মূল অর্থ- শিক্ষানবিস; কোন বিষয় নতুন শিখছে এমন ব্যাক্তি; নতুন।

Synonyms: beginner, learner, novice, newcomer, new member, novice.

Mnemonic- ১. Neophyte থেকে Neo আলাদা করে ফেলুন। Neo মানে নতুন। যেখানেই Neo দেখবেন বুঝে নেবেন এখানে নতুন কোন কিছুকে বোঝানো হচ্ছে। আর Neophyte দ্বারা কোন বিষয় নতুন শিখছে এমন ব্যাক্তিকে বোঝানো হয়।

১৩৯২. **Nirvana** মূল অর্থ- নির্বাণ লাভ করা; পরমানন্দ লাভ করা; দুঃখের বিনাশ।

Synonyms: ecstasy, joy, peace, serenity, paradise. Antonyms: hell.

Mnemonic- ১. বৌদ্ধ ধর্ম অনুসারে- এই জগত দুঃখময়। সবাইকেই দুঃখ পেতেই হবে। অর্থাৎ আপনি যেমন অবস্থানেই থাকুন না কেন দুঃখ আপনাকে পেতেই হবে। তবে মানুষ যখন সকল প্রকার আবেগ ইত্যাদি জাগতিক মায়া কাটিয়ে উঠতে পারে তখন তার কোন দুঃখ থাকে না। এই অবস্থাটিকেই বলা হয় নির্বান লাভ। বৌদ্ধ ধর্মের অনুসারীরা বিশ্বাস করে তাদের ধর্মের প্রচারক গৌতম বুদ্ধ নির্ভান লাভ করেছিলেন। এই নির্বানকেই ইংরেজিতে নির্ভানা বলা হয়।

১৩৯৩. **Noisome** মূল অর্থ- আক্রমণাত্মক; বিরক্তিকর; ন্যক্কারজনক; ক্ষতিকর।

Synonyms: stinking, foul-smelling, stinky. Antonyms: fragrant.

Mnemonic- ১. বিরক্ত হলে অনেকেই ফেসবুকে felling annoyed দিয়ে পোস্ট দেন। annoyed বা annoy শব্দটি প্রাচীন ফ্রেন্স ভাষার anoier থেকে এসেছে। এই শব্দটি এসেছে noye থেকে । তার মানে noye > anoier > annoy । এই শব্দগুলো দ্বারা বিরক্তি বোঝানো হয়। তবে Noisome শব্দটি সরাসরি noye থেকে এসেছে। noye দ্বারা ক্ষতিকর বোঝানো হতো। Noisome দ্বারা ক্ষতিকর ও বিরক্তিকর দুটোই বোঝানো হয়।

১৩৯৪. **Nomadic** মূল অর্থ- যাযাবরের মত; এক স্থান থেকে অন্য স্থানে চড়ে বেরানো; স্থায়ী ঠিকানাবিহীন।

Synonyms: itinerant, traveller, migrant, wanderer, wayfarer, roamer, gypsy.

Mnemonic- ১. Nomadic এসেছে Nomad থেকে। Nomad মানে যাযাবর এটা আমরা সবাই জানি । আর Nomad এর মত জীবনযাপনকেই Nomadic বলা হয়। আর কেউ যদি Nomad শব্দটির সাথে পরিচিত না হন তাহলে- Nomad= No+mad এভাবে মনে রাখতে পারেন। No+mad অর্থাৎ পাগল না, কিন্তু পাগলের মত রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ায়!

১৩৯৫. **Nomenclature** মূল অর্থ- নামকরন করা; কোন বিশেষ উদ্দেশ্যে নাম তৈরি করা।

Scanned by CamScanner

Mnemonic- ১. Nomenclature= Name + culture, , Name মানে নাম আর culture মানে চাষ করা বা উৎপাদন করা। অর্থাৎ নাম উৎপাদন করা। আর Nomenclature অর্থও নামকরন করা বা নাম তৈরি করা।

১৩৯৬. **Nonchalant** মূল অর্থ- উদাসীন; আহার বিহার ও আনন্দ নিয়ে ব্যাস্ত।

Synonyms: unconcerned, casual, insouciant. Antonyms: concerned.

Mnemonic- ১. Nonchalant কে Nonchalant = Non challenge এভাবে মনে রাখা সহজ। Non challenge মানে যে জীবনে চ্যালেঞ্জ নিতে রাজী না। যেসব মানুষ জীবনে চ্যালেঞ্জ নিতে রাজী না তারা উদাসীন হয়। আর আহার বিহার ও আনন্দ নিয়ে ব্যাস্ত থাকতে পছন্দ করে। আর Nonchalant অর্থও ঠিক তাই।

১৩৯৭. **Nullify** মূল অর্থ- বাতিল করা; খালি বা শূন্য।

Synonyms: annul, declare null and void, invalidate. Antonyms: ratify.

Mnemonic- ১. Nullify শব্দটি Null থেকে এসেছে। Null ও Nil শব্দদুটি দ্বারা শূন্য বা খালি বোঝানো হয়। কোন কিছুকে Null করাকেই Nullify বলা হয়। কোন কিছু শূন্য করা আর বাতিল করা একই কথা। আর Nullify শব্দের অর্থ- বাতিল করা; খালি বা শূন্য করা।

১৩৯৮. **Obeisance** মূল অর্থ- প্রনাম করা; কদমবুচি;মাথা নুইয়ে সম্মান জানানো; গভীর সম্মান করা।

Synonyms: respect, homage, worship, adoration, bow, curtsy, bob.

Mnemonic- ১. Obeisance কে ভেঙ্গে ফেলুন-> Obeisance=obedient+sence , মানে বুঝতেই পারছেন , বাধ্য হবার মত কিছু মনে করা। মানুষ যাকে সম্মান করে তার সাথেই বাধ্য আচরণ করে, বা গভীর সম্মান করে, প্রনাম করে। আর Obeisance অর্থও তেমন- প্রনাম করা; কদমবুচি;মাথা নুইয়ে সম্মান জানানো; গভীর সম্মান করা।

১৩৯৯. **Objective** মূল অর্থ- পক্ষপাতশূন্য; নৈব্যক্তিক।

Synonyms: impartial, unbiased, unprejudiced. Antonyms: biased.

Mnemonic- ১. আমরা সবাই Objective টেস্টের সাথে পরিচিত। একে নৈব্যক্তিক পরীক্ষাও বলা হয়। এসব পরীক্ষাতে সঠিক উত্তরটি বেছে দিতে হয়। এখানে পক্ষ নেবার কোন সুযোগ নেই(আপনি নিজের মত কোন উত্তর দিতে পারবেন না, শুধু উত্তর নির্বাচন করতে পারবেন) । Objective টেস্ট থেকে Objective মনে রাখতে পারেন।

১৪০০. **Obtrusive** মূল অর্থ- হস্তক্ষেপ করা;গায়ে পরা; অনধিকার চর্চা; অনধিকার প্রবেশ।

Synonyms: conspicuous, prominent, noticeable. Antonyms: unobtrusive.

Mnemonic- ১. Obtrusive কে আমরা Obstacle দিয়ে মনে রাখতে পারি। Obstacle মানে বাধা। যদি কেউ অবিবেচকের মত অন্যের বিষয়ে Obstacle সৃষ্টি করে তবে সেটাকে Obtrusive বলা হয়। Ob দিয়ে অবিবেচক মনে রাখুন, আর Obstacle দিয়ে বাধা বা হস্তক্ষেপ মনে রাখুন।

১৪০১. **Obviate** মূল অর্থ- অপ্রয়োজনীয় করে ফেলা ; প্রতিহত করা; থামানো।

Synonyms: preclude, prevent, remove, get rid of, do away with, get round.

Scanned by CamScanner

ধরুন আপনি কাশ্মীর যেতে চেয়েছিলেন, কিন্তু সমস্যার কারনে এখন বাধ্য হয়ে সিলেট যেতে হচ্ছে। এতে করে শীতের জামা কাপর সাথে নেওয়াটা Obviate হয়ে গেল। অর্থাৎ অপ্রয়োজনীয় হয়ে গেল।

Mnemonic- ১. Obviate কে Obvious এর সাথে তুলনা করে মনে রাখা সহজ। কোন কিছু যদি Obvious হয় তবে সেটা আপনি নিশ্চিতভাবেই করছেন, আর কোন কিছু যদি Obviate হয়, তার মানে আপনি সেটা নিশ্চিতভাবেই করছেন না। অর্থাৎ উল্টো। আবার Obviate কে Avoid দিয়েও মনে রাখা যায়। কোন কিছু যদি Obviate হয়ে যায় তবে সেটাকে আমরা Avoid করি।

১৪০২. **Occult** মূল অর্থ- অতিপ্রাকৃত; জাদু; রহস্যময়।

Synonyms: supernatural, magic, magical, mystical, mystic, paranormal.
Mnemonic- ১. Occult কে ভেঙ্গে ফেলুন। Oc + cult, দেখুন এর মধ্যে cult আছে। cult মানে পূজা করা। মানুষ সেই প্রাচীনকাল থেকেই যেসব জিনিসকে অতিপ্রাকৃত ও রহস্যময় ভেবে এসেছে সেসব জিনিসের পূজা করেছে। Occult হলো এমন জিনিস যার পুজা বা cult করা হয়। অর্থাৎ Occult অর্থ- অতিপ্রাকৃত। এখানে মনে জেনে রাখা ভাল যে- এই অতিপ্রাকৃত কিন্তু ঠিক সার্বজনিন ধর্মীয় না। মানুষ যদি কোন কিছুর cult করে তাহলে বুঝ নিতে হবে যে কোন একটি গোষ্ঠী এটার cult করলেও অন্য কোন গোষ্ঠী এটাকে শয়তানি শক্তি ও মনে করতে পারে। কিন্তু ধর্মীয় দেবতা বা এই টাইপের বিষয়গুলো কিন্তু আলাদা। সেগুলোকে সবাই পূজনীয় মনে করে। অর্থাৎ Occult বলতে এমন অতিপ্রাকৃত জিনিস বোঝায় যার সাথে ধর্মের সম্পর্ক নেই। কিন্তু মানুষ রহস্যময় মনে করে কেউ কেউ একে শ্রদ্ধা বা পূজা বা ভয় যেকোনো একটা কিছু করে।

১৪০৩. **Odious** মূল অর্থ- ঘৃণ্য; অশুভ; জঘন্য।

Synonyms: revolting, repulsive, repellent, repugnant. Antonyms: delightful.

Mnemonic- ১. যার Odor আছে সেটাই Odious। Odor মানে দুর্গন্ধ। যদি কোন কিছুর দুর্গন্ধ থাকে তবে সেটাকে সবাই ঘৃণা করে, জঘন্য মনে করে, এমনকি অশুভও মনে করে। খেয়াল করে দেখবেন শুভ কাজে বা ধর্মিয় কাজে সব সময় সুগন্ধি ব্যাবহার করা হয়। তার মানে যার Odor আছে অর্থাৎ Odious , সেটা আমাদের কাছে ঘৃণ্য, অশুভ ও জঘন্য।

১৪০৪. **Odyssey** মূল অর্থ- দুঃসাহসিক অভিযান(বিশেষ করে ভাগ্য পরিবর্তনের জন্য)।

Synonyms: journey, journeying, great journey.

Mnemonic- ১. অনেকেই বিভিন্ন নাবিকের Odyssey নিয়ে গল্পের বই পরেছেন, আবার যারা সাইন্স ফিকশন পড়েন তারা আর্থার সি. ক্লার্কের, " স্পেস অডিসি" সিরিজ পরেছেন। স্পেস অডিসি মানে মহাশূন্যে দুঃসাহসিক অভিযান। এই শব্দটি মূলত গ্রিক মহাকবি হোমারের বিখ্যাত মহাকাব্য অডিসি থেকে নামকরন করা হয়েছে। সেখানে ট্রোজান যুদ্ধের পর গ্রিক বীর, ইথেকার রাজা অডিসেসাস এর দির্ঘ্য দশ বছররের অভিযানের বিষয়টি বোঝানোর জন্য সেই প্রাচীন আমল থেকেই এই শব্দটি ব্যাবহিত হয়ে আসছে। মনে রাখতে হবে যে অডিসেসাস এর দীর্ঘ্য অভিযান থেকেই Odyssey শব্দটি এসেছে। এর অর্থ হলো- দুঃসাহসিক অভিযান ।

১৪০৫. **Olfactory** মূল অর্থ- ঘ্রাণ সংক্রান্ত।

Synonyms: relating to the sense of smell.

Scanned by CamScanner

Mnemonic- ১. মনে আছে ? স্কুলের জীববিজ্ঞান বইতে Olfactory নার্ভের কথা পড়েছিলাম । Olfactory নার্ভ ঘ্রাণ এবার কাজ করে। ফলে বুঝতেই পারছেন Olfactory মানে ঘ্রাণ নেওয়া সংক্রান্ত। আর যারা জীববিজ্ঞানের কথা ভুলে গেছেন বা স্কুলে জীববিজ্ঞান ছিল না তারা মনে রাখুন কোন Oil factory গেলে আপনি প্রথমেই কি অনুভব করবেন ? যদি সেটা সরিষার তেলের factory হয় তাহলে তো কথাই নেই। তিব্র গন্ধ আর ঝাঝে চোখে পানি চলে আসবে। মনে রাখতে হবে- Oil factory তে গেলে নাকে ঘ্রাণ পাওয়া যাবে, আর Olfactory মানে ঘ্রাণ সংক্রান্ত।

১৪০৬. **Oligarchy** মূল অর্থ- অল্পকিছু লোকের শাশক।

Mnemonic- ১. Oligarchy কে Monarchy দিয়ে মনে রাখা সহজ। Monarchy মানে রাজতন্ত্র। আর Oligo মানে অল্প সংখ্যক(এখানে জেনে রাখা ভাল- mono= এক, di=দুই , tri=তিন poly= বহু, oligo=অল্প, omni-সব। এই কয়েকটি জিনিস ভালমতো মাথায় রেখে দিন। বিভিন্ন শব্দের ক্ষেত্রে এগুলোর ব্যাবহার পাবেন)। বুঝতেই পারছেন অল্প সংখ্যক লোকের Monarchy মানে Oligarchy।

১৪০৭. **Ominous** মূল অর্থ- ভয়প্রদর্শনকারী বা ভয় পাবার মত; অমঙ্গলজনক।

Synonyms: threatening, menacing, baleful, forbidding. Antonyms: promising.

Mnemonic- ১. Ominous শব্দটি omen থেকে এসেছে। omen মানে অশুভ লক্ষন। প্রাচীনকালে বিশেষ করে ভয়ানক শব্দকে omen বা অশুভ কিছু বলে ভাবা হত। সেই থেকে omen একসময় অশুভ লক্ষন হয়ে গেছে। আর Ominous অর্থ হলো ভয় পাবার মত।

১৪০৮. **Omniscient** মূল অর্থ- সব জানেন জিনি; সর্ব জ্ঞানের অধিকারী।

Synonyms: all-knowing, all-wise, all-seeing. Antonyms: ignorant.

Mnemonic- ১. Omniscient= omni + science , omni মানে সব আর science মানে জ্ঞান। জিনি সব জানেন তিনিই Omniscient ।

১৪০৯. **Opprobrious** মূল অর্থ- মারাত্মক সংকটপূর্ণ; মর্যাদাহানীকর।

Synonyms: abusive, vituperative, derogatory, disparaging, denigratory.

Mnemonic- ১. Opprobrious কে ভেঙ্গে ফেলুন। Opprobrious= Opp+robrious, robrious->robbery , robbery ডাকাতি করে ধরা খেলে সেটা মারাত্মক সংকটপূর্ণ অবস্থা, কারন একটু পরে হাড় মাংস একাকার হয়ে যাবে, আর এটা অবশ্যই মর্যাদাহানীকর(যদি থাকে !)। তাহলে মনে রাখতে হবে robbery করে oppr/অপ্রস্তুত অবস্থায় পরে যাওয়াকেই আমরা Opprobrious বা মারাত্মক সংকটপূর্ণ ও মর্যাদাহানীকর ধরে নেব।

১৪১০. **Ordinance** মূল অর্থ- অধ্যাদেশ বা সরকারী আইন।

Synonyms: edict, decree, law, injunction, fiat, command, order, rule.

এই শব্দটি সরকারী আইন বা নীতির ক্ষেত্রে ব্যাবহিত হলেও ধর্মীয় আইনের ক্ষেত্রেও ব্যাবহিত হয়।

Scanned by CamScanner

Mnemonic- ১. বিভিন্ন সময় দেখবেন সরকার Ordinance জারী করে। যেমন- ড্রাগ Ordinance, ক্রিমিনাল Ordinance ইত্যাদি। এই Ordinance এর সাথে Order এর মিল আছে। মনে রাখতে হবে যে সরকারী Order কেই Ordinance বলা হয়।

১৪১১. Oscillate মূল অর্থ- দোলা ; স্পন্দিত হওয়া; কোন সিদ্ধান্ত নেবার আগের দোদুল্যমান অবস্থা।

Synonyms: swing, sway, swing from side to side, waver, swing, fluctuate.

Mnemonic- ১. Oscillate কে সিমপ্লি অস্থির দিয়ে মনে রাখুন। যে জিনিস Oscillate করছে মনে রাখতে হবে যে সেটা অস্থির ।

১৪১২. Osmosis মূল অর্থ- অভিস্রাবন প্রক্রিয়া; ধীরে ধীরে কোন কিছু শুষে নেওয়া।

Mnemonic- ১. আমরা স্কুলের বিজ্ঞান বইয়ে Osmosis প্রক্রিয়ার কথা পড়েছিলাম। Osmosis প্রক্রিয়ায় কোন পানি শোষণকারী কোন পদার্থ ধীর ধীরে পানি শুষে নেয়। এটা পানির পরিবর্তে অন্য কোন তরল ও হতে পারে। Osmosis এর sis মানে শুষে নেওয়া এভাবে মনে রাখা সহজ।

১৪১৩. Ostracize মূল অর্থ- পরিহার করা; দল থেকে বাদ দেওয়া; নির্বাসন দেওয়া।

Synonyms: exclude, shun, spurn, cold-shoulder. Antonyms: welcome.

Mnemonic- ১. Ostracize কে ভেঙ্গে ফেলুন। Ostracize= Oust+ racism, racism বা বর্নবাদের কারনে কালোদের দল থেকে Out মানে বহিষ্কার করা। আর Ostracize অর্থও তাই- পরিহার করা বা দল থেকে বাদ দেওয়া।

১৪১৪. Oust মূল অর্থ- বের করে দেওয়া; বহিষ্কার করা; উচ্ছেদ করা।

Synonyms: drive out, expel, force out, throw out, remove.

Mnemonic- ১. Oust করা মানে out বা বের করে দেওয়া। মনে রাখতে হবে দল থেকে বা কোন স্থান থেকে out করে দেওয়াকেই Oust করা বলা হয়।

১৪১৫. Override মূল অর্থ- অগ্রাহ্য করা।

Synonyms: disallow, overrule, countermand, veto. Antonyms: allow.

Mnemonic- ১. Override কে ভেঙ্গে ফেলুন- > Override= Over+ride , ভেবে নিন- কেউ একজন আপনার মোটরসাইকেলে ride নেবার জন্য দাঁড়িয়ে ছিল, কিন্তু আপনি তাকে over করে গেলেন। অর্থাৎ তাকে অগ্রাহ্য করলেন। আর Override অর্থও অগ্রাহ্য করা।

১৪১৬. Overture মূল অর্থ- প্রাথমিক প্রস্তাব; উদ্বোধনী পদক্ষেপ।

Synonyms: prelude, introduction, opening, introductory movement, voluntary.

Scanned by CamScanner

Mnemonic- ১. Overture কে ভেঙ্গে ফেলুন-> Overture= Over+ture , Over ture মানে সত্যের উর্ধে। যখন কেউ প্রাথমিক ভাবে কোন কিছু প্রস্তাব করে তখন যাকে প্রস্তাব করা হচ্ছে তাকে বোঝাতে হয় যে এটা একদম খাটি সত্যি। কারন যে যদি আপনার প্রস্তাবকে সত্য বা লাভবান মনে করে তবে সে প্রস্তাব গ্রহন করবে না। অর্থাৎ Overture মানে প্রাথমিক প্রস্তাব।

১৪১৭. **Oxymoron** মূল অর্থ- কোন বাক্যের মধ্যে এমন দুটি শব্দ ব্যাবহার করা যা একটি আরেকটির বিপরীত।

Mnemonic- ১. Oxymoron কে ভেঙ্গে ফেলুন-> Oxymoron= Oxy+moron , Oxy বা oxygen গ্রহন করে আমরা বেচে থাকি। আর moron মানে মৃত্যু। দেখা যাচ্ছে এখানে একই শব্দের মধ্যে বিপরীত দুটি জিনিস ব্যাবহিত হয়েছে। আর Oxymoron মানে হলো- কোন বাক্যের মধ্যে এমন দুটি শব্দ ব্যাবহার করা যা একটি আরেকটির বিপরীত।

১৪১৮. **Palatable** মূল অর্থ- সুস্বাদু; সংহতি ।

Synonyms: pleasant, acceptable, tasty. Antonyms: unpalatable, disagreeable.

Mnemonic- ১. Palatable কে ভেঙ্গে ফেলুন -> Palatable= Plate+Table, প্লেট আর টেবিল এর কথা মনে হলেই আমাদের খাবার আয়োজনের কথা মনে হয়। সুস্বাদু খাবারের প্লেট দিয়ে টেবিল ভর্তি। Palatable শুনলেই Plate, Table সুস্বাদু খাবারের কথা মনে রাখতে হবে।

১৪১৯. **Pallor** মূল অর্থ- বিবর্নতা; সাদাভাব ।

Synonyms: lividity, achromasia, skin color, luridness, complexion.

Mnemonic- ১. Pallor কে Parlor দিয়ে মনে রাখা সহজ। মেয়েরা Parlor/পার্লার এ গিয়ে মুখ Pallor করে নিয়ে আসে। ২. এই শব্দটি মূলত pale থেকে এসেছে, যা pale হয়ে গেছে সেটাকে Pallor বলে। pale মানে বিবর্ন । আর Pallor মানে বিবর্ণতা।

১৪২০. **Pandemic** মূল অর্থ- বিস্তীর্ণ আলাকাজুড়ে প্রভাববিস্তারকারী।

Synonyms: widespread, prevalent, pervasive, rife, rampant, epidemic.

Mnemonic- ১. Pandemic = Pan + demic, Pan মানে সব বা সর্বত্র। যেমন- panacea মানে সব রোগের ঔষধ । আর demo মানে জনগন(যেমন-democracy মানে গণতন্ত্র)। তাহলে Pandemic মানে দাঁড়াচ্ছে সব জনগন। কোন কিছু যদি সব জনগনের মধ্যে বিস্তার লাভ করে তখন সেটাকে Pandemic বলা হয়। Pandemic এর উল্টো হলো Endemic। Endemic মানে আমরা শিখেছিলাম কোন নির্দিষ্ট এলাকার মধ্যে সীমাবদ্ধ।

১৪২১. **Panegyric** মূল অর্থ- বিস্তর প্রশংসা করা; প্রশংসাসূচক লেখা।

Synonyms: eulogy, speech of praise, paean, accolade, tribute, testimonial.

Mnemonic- ১. Panegyric = Pane + gyric, এর মধ্যে gyric টুকুর দিকে লক্ষ্য করু। gyric অনেকটা lyric এর মত। lyric বা গানের কথার মধ্যে সাধারনত প্রশংসা করা হয়। আর Panegyric অর্থ প্রশংসা বা লিখিত প্রশংসা।

Scanned by CamScanner

১৪২২. **Parable** মূল অর্থ- ধর্মিয় রুপক গল্প; নৈতিকতামূলক গল্প।

Synonyms: allegory, moral story, moral tale, fable, lesson, exemplum.

Mnemonic- ১. Parable কে Fable দিয়ে মনে রাখা সহজ। আমরা জানি Fable মানে উপকথা। আর Parable মানে ধর্মীয় উপকথা ।

১৪২৩. **Paragon** মূল অর্থ- মডেল বা আদর্শ ।

Synonyms: perfect example, shining example, good example, model, epitome.

যেমন- মেসি বা নেইমার হল ফুটবলারদের Paragon। কারন ভাল ফুটবলারদের সবগুন তাদের মধ্যে আছে।

Mnemonic- ১. Paragon একটি দামী জুতার ব্র্যান্ড । প্যারাগন সু দিয়ে Paragon মনে রাখা সহজ। Paragon কোম্পানি মনে করে জুতার জগতে তাদের জুতাগুলো আদর্শ, তাই তারা এমন নাম দিয়েছে। মনে রাখতে হবে Paragon সু মানে আদর্শ জুতা ।

১৪২৪. **Parallel** মূল অর্থ- সমান্তরাল; একইরকম; তুলনাযোগ্য।

Synonyms: similar, analogous, comparable. Antonyms: divergent.

Mnemonic- ১. Parallel = Para+ allel, Para মানে পাশে, আর ল্যাটিন allel প্রত্যেকে। প্রত্যেকে যখন প্রত্যেকের পাশথেকে সমান দূরত্বে থাকে তখন সেটাকে Parallel বলে। স্কুলের গনিত বইতে আমরা Parallel বা সমান্তরাল রেখা শিখেছিলাম। দুটি রেখার মধ্যে একটির থেকে আরেকটির দূরত্ব যখন একই থাকে তখন সেটাকে সমান্তরাল বা Parallel বলে। সমান্তরাল মানে সব সময় সমান। ফলে সমান্তরাল জিনিস সবসময়ই তুলনাযোগ্য।

১৪২৫. **Paranoia** মূল অর্থ- এক ধরনের মানসিক রোগ; অকারণে দুশ্চিন্তা করা।

Synonyms: persecution complex, delusions, obsession, megalomania.

Paranoia রোগ আক্রান্ত হলে মানুষ মনে করে যে তাকে লোকজন মেরে ফেলার জন্য খুজে বেড়াচ্ছে।

Mnemonic- ১. Paranoia= para neoa (প্যারা নেওয়া)। যার Paranoia হয় সে সবসময় অকারণে প্যারা নিয়ে থাকে। অর্থাৎ অকারণে দুশ্চিন্তা নিয়ে থাকে।

১৪২৬. **Paranormal** মূল অর্থ- অস্বাভাবিক ; অতিপ্রাকৃত ; ভৌতিক।

Synonyms: psychokinetic, extrasensory, unnatural, psychic. Antonyms: natural.

Mnemonic- ১. হুমায়ূন আহমেদের বইয়ের কারনে Paranormal , Parapshychology এই শব্দগুলো জানা হয়ে গেছে। para মানে না, আর normal মানে স্বাভাবিক। তাহলে Paranormal মানে দাঁড়াচ্ছে যা স্বাভাবিক না বা প্রাকৃতিক না ।

১৪২৭. **Paroxysm** মূল অর্থ- হঠাৎ তিব্র আক্রমণ; গুরুতর আক্রমণ।

Synonyms: spasm, attack, fit, burst, bout, convulsion, seizure, outburst.

Scanned by CamScanner

Mnemonic- ১. যখন আক্রমণকারী হঠাৎ পেছন থেকে বা পাশ থেকে আক্রমণ করে তখন সেতাকে Paroxysm বলা হয়। এখানে Paroxysm = Para + oxys , para মানে পাশ থেকে বা পেছন থেকে, আর oxys মানে আক্রমণ(ল্যাটিন ভাষা থেকে আসা)।

১৪২৮. **Partition** মূল অর্থ- দেয়াল দিয়ে ভাগ করা; আলাদা করা।

Synonyms: subdivide, separate, divide, divide up; separate off, section.

Mnemonic- ১. Partition= Part+ tion , Partition করা মানে part করা । খেয়াল করে দেখবেন দোকানের মাঝে দেয়াল তুলে অনেক সময় দোকানকে আলাদা করে দুই অংশে দুই ধরনের কাজ করা হয়। এটাকে Partition বলা হয়। আর এটি একটি বেশ প্রচলিত শব্দ ।

১৪২৯. **Pastoral** মূল অর্থ- গ্রামীণ; সেকেলে; শান্ত ।

Synonyms: rural, country, countryside. Antonyms: urban.

Mnemonic- ১. Pastoral থেকে past শব্দটির দিকে খেয়াল করুন। past বা অতীতে বেশিরভাগ মানুষই গ্রামে থাকত। আর গ্রাম হল শান্ত। আর Pastoral দ্বারা গ্রামীণ , সেকেলে(পুরনো আমলের) , শান্ত ইত্যাদি বোঝানো হয়।

১৪৩০. **Pathos** মূল অর্থ- যা মানুষের মনে করুনা ও দুঃখ জাগায়; সমবেদনা জাগায়।

Synonyms: poignancy, tragedy, sadness, pitifulness, piteousness, pitiableness.

Mnemonic- ১. Pathos কে Sym+pathy দিয়ে মনে রাখুন। কারো প্রতি Pathos বা করুনা জাগাকেই Sympathy বলা হয়। শব্দদুটি মূলত একই রুট Pathos থেকেই এসেছে।

১৪৩১. **Patina** মূল অর্থ- পুরনো হয়ে যাবার কারনে কোন কিছুর পৃষ্ঠের রঙ উঠে যাওয়া।

Mnemonic- ১. Patina কে Patila দিয়ে মনে রাখুন। Patila বা পাতিলা শব্দটি বাংলা ও হিন্দি উভর ভাষাতেই ব্যাবহিত হয়। পাতিলার তলায় খেয়াল করলে দেখবেন তাপ পাবার কারনে তোলার রঙ উঠে যায়। Patina কে রঙ উঠা patila / পাতিলা দিয়ে মনে রাখুন ।

১৪৩২. **Patrimony** মূল অর্থ- উত্তরাধিকার; পৈত্রিক সম্পত্তি।

Synonyms: heritage, inheritance, birthright; property, riches, wealth.

Mnemonic- ১. Patrimony = Patri+ money, Patrimony এর প্রথম অংশ Patri । এর অর্থ পিতা। আর mony কে money ধরে নিন। তাহলে দাঁড়াচ্ছে পিতার টাকা বা পিতার সম্পত্তি। আর Patrimony অর্থও তাই- উত্তরাধিকার বা পৈত্রিক সম্পত্তি।

১৪৩৩. **Peculiar** মূল অর্থ- অদ্ভুত; আলাদা; নিজস্ব।

Synonyms: strange, unusual, odd, funny, curious. Antonyms: normal.

Mnemonic- ১. আমরা প্রায়ই বলি- দোষ্ট তুই এত Peculiar কেন ? Peculiar মানে অদ্ভুত বা সবার থেকে আলাদা। কোনকিছু যদি Peculiar হয় তাহলে বুঝতে হবে যে সেটা অন্য সবকিছুর তুলনায় অনেক আলাদা।

Scanned by CamScanner

১৪৩৪. **Peregrination** মূল অর্থ- ঘুরে বেরানো; ভ্রমন করা।

Synonyms: travels, wanderings, journeys, voyages, expeditions, explorations.

Mnemonic- ১. Peregrination থেকে প্রথম তিনটি বর্নবাদ দিলে হয়ে যাবে- egrination, এটা শুনতে migration এর কাছাকাছি। migration মানে এক স্থান থেকে আরেক স্থানে যাওয়া। আর Peregrination মানে ঘুরে বেরানো বা ভ্রমন করা।

১৪৩৫. **Perpetrator** মূল অর্থ- আইনভঙ্গকারী; অপরাধী।

Synonyms: A perpetrator is someone who has committed a crime.

Mnemonic- ১. Perpetrator এর প্রথম অংশ Perpe। Perpe কে pape/পাপী দিয়ে মনে রাখা যায়। Perpetrator পাপী/ অপরাধী / আইন ভঙ্গকারী। অ্যামেরিকান ইংলিশে পুলিশকে অনেক সময় Perp বলা হয়। পুলিশরা নিজেইরাই আইনভঙ্গ করে বলে Perp কে গালি হিসেবে ব্যাবহার করা হয়।

১৪৩৬. **Perpetuate** মূল অর্থ- চিরস্থায়ী করা; বিনাশ থেকে রক্ষা করা।

Synonyms: keep alive, keep going, keep in existence, preserve, conserve.

Mnemonic- ১. Perpetuate এর noun হলো Perpetual। আমরা অনেকেই Perpetual motion machine এর কথা শুনেছি। Perpetual মেশিন মানে জ্বালানী ছাড়াই সারা জীবন চলে এমন মেশিন। বিজ্ঞান বলে যে- এমন কোন মেশিন তৈরি করা সম্ভব না। লক্ষ্য করলে দেখবেন- দু এক মাস পরপরই আমাদের দেশের অশিক্ষিত লোকেরা এমন মেশিন তৈরি করার দাবি করে। কেউ জ্বালানী ছাড়া মটরসাইকেল তৈরি করে। কেউ গাড়ি তৈরি করে। আর এগুলো পত্রিকাতে কাভারেজও পায়। এসব দেখলেই বুঝবেন এগুলো ভুয়া। কারন Perpetual মেশিন বা চিরস্থায়ী মেশিন তৈরি করা সম্ভব না । কোন কিছুকে Perpetual করাকেই বলা হয় Perpetuate।

১৪৩৭. **Perverse** মূল অর্থ- বিপরীত; বিরুদ্ধ; বিকৃত।

Synonyms: perverted, depraved, unnatural, abnormal. Antonyms: normal.

Mnemonic- ১. Perverse কে P+ reverse দিয়ে মনে রাখা সহজ। reverse মানে বিপরীত। কারো আচরণ বা রুচি যদি সাধারনের থেকে বিপরীত/ reverse হয় তবে তাকে Perverse বলা হয়। কেউ যদি বিকৃত রুচির হয় তাকে আমরা Pervert বলি। আর Pervert দের আচরণকে Perverse বলা হয়।

১৪৩৮. **Phantasm** মূল অর্থ- ভূত; প্রেতাত্মা; অপশক্তি ।

Synonyms: phantom, fantasm, apparition, spectre, phantasma, spirit.

Mnemonic- ১. Phantasm মানে phantom বা ভূত। phantom শব্দটি এসেছে ফ্রেন্স ভাষার fantosme থেকে। fantosme মানে Fantasy বা উদ্ভট কল্পনা। আসলে উদ্ভট কল্পনার থেকেই এই ভূত প্রেতাত্মা ইত্যাদির সৃষ্টি। তাহলে দেখা যাচ্ছে- fantosme>Fantasy>phantom>Phantasm এভাবেই উদ্ভট কল্পনার নাম হয়ে গেল ভূত।

১৪৩৯. **Phlegmatic** মূল অর্থ- শান্ত বা উদাসীন; সহজে উত্তেজিত হয় না।

Scanned by CamScanner

Synonyms: phlegmatical, unemotional. Antonyms: emotional.

Mnemonic- ১. Phlegmatic এর উচ্চারণ অনেকটা Pragmatic এর মত । Pragmatic মানে বাস্তববাদী। বাস্তববাদী মানুষ শান্ত প্রকৃতির হয়। আর তাকে সহজে উত্তেজিত করা যায় না। মনে রাখতে হবে Pragmatic মানুষ Phlegmatic হয় । এবার এই দুটোর মধ্যে পার্থক্য মনে রাখার জন্য এটা দেখুন-> Phlegmatic এর উচ্চারণ অনেকটা Flagmatic এর মত। Flag মানে পতাকা। পতাকা শান্তির প্রতীক।

১৪৪০. **Pilgrimage** মূল অর্থ- তীর্থযাত্রা; ধর্মীয় কারনে বিভিন্ন দেশে ভ্রমন করা।

Synonyms: religious journey, holy expedition, crusade, mission, trip, journey.

Mnemonic- ১. Pilgrimage কে ভেঙ্গে ফেলুন। Pilgrimage= Pill+image। Pill বা উচ্ছৃঙ্খল ব্যাক্তিরা তাদের image ঠিক করার জন্য Pilgrimage এ যায়। কারন মনে করা হয় যে তির্থযাত্রায় গেলে মানুষের পাপ শেষ হয়ে যায়।২. পুণ্য Punno লাভের উদ্দেশ্যে বিভিন্ন ধর্মের পবিত্র স্থানে যাওয়াকেই Pilgrimage বলা হয়। মনে রাখুন Punno লাভের উদ্দেশ্যে Pilgrimage এ যাওয়া হয়।

১৪৪১. **Placebo** মূল অর্থ- ছলোৎষধি; রোগীর মনা রাখার জন্য যে ঔষধ দেওয়া হয়।

Synonyms: False drug.

অনেক সময় রোগীরা মনে করে যে তাদের জটিল ও কঠিন রোগ হয়েছে। সাধারণ কোন ডাক্তার বা ঔষধে তাদের রোগ সারবে না। ফলে সঠিক চিকিৎসা করা হলেও তারা ভাল হয় না। তখন তাদেরকে মিথ্যা ঔষধ দেওয়া হয় । ডাক্তার হয়ত বলেন- এই ঔষধ বিদেশ থেকে অনেক দাম দিয়ে আনা হয়েছে। এটা খেলে আপনার রোগ ভাল হয়ে যাবে। কিন্তু আসলে হয়ত সেটা কোন ঔষধই থাকে না। আসলে তখন সেই রোগীকে ময়দা দিয়ে ঔষধ তৈরি করে দিলেই সে ভাল হয়ে যায়।

Mnemonic- ১. রোগীকে please করার জন্য যে ঔষধ দেওয়া হয় তাকেই Placebo বলা হয়।

১৪৪২. **Platonic** মূল অর্থ- যৌনতা বহির্ভূত; আত্মিক; বিশুদ্ধ।

Synonyms: (of love or friendship) intimate and affectionate but not sexual.

Platonic শব্দটি যৌনতাহীন প্রেমের ক্ষেত্রে ব্যাবহিত হলেও এই শব্দটিকে একদল দার্শনিক বিশুদ্ধ অর্থ ব্যাবহিত করেন। আমাদের চোখ, কান ইত্যাদি ইন্দ্রিয় দিয়ে অর্জিত জ্ঞানকে তারা বিশুদ্ধ বলে মানেন না। গনিতের মত বিমূর্ত বিষয়ের জ্ঞানকে তারা বিশুদ্ধ ও পরম জ্ঞান বলে মানেন। সে অর্থে Platonic মানে পরম বা বিশুদ্ধ।

Mnemonic- ১. আমরা সবাই Platonic love কথাটির সাথে পরিচিত। Platonic love মানে যৌনতাহীন ভালোবাসা অর্থাৎ সেখানে কোন যৌন আকর্ষণ থাকবে না। Platonic কে মনে রাখার জন্য গ্রিক দার্শনিক Plato এর নামের সাথে মিলিয় মনে রাখা সহজ। মূলত প্রাচীন গ্রিক দার্শনিকরাই এই Platonic ধারনার সৃষ্টি করেছিলেন।

১৪৪৩. **Plausible** মূল অর্থ- বিশ্বাসযোগ্য; সন্তোষজনক ।

Synonyms: credible, reasonable, believable, likely. Antonyms: unlikely.

Scanned by CamScanner

Mnemonic- ১. Plausible – কে Possible মনে রাখা সহজ। যে জিনিস Possible না সেই জিনিস Plausible ও না। অর্থাৎ যা কখনোই সম্ভব না সেই জিনিস বিশ্বাসযোগ্য না। Plausible মনে রাখার জন্য Plausible কে Please+able বা সন্তুষ্ট জনক আকারে ভেবে নিন।

১৪৪৪. Pliable মূল অর্থ- নমনীয় ; সহজে বাকানো যায়।

Synonyms: flexible, easily bent, bendable, pliant. Antonyms: rigid.

Mnemonic- ১. আমারা সবাই Pliers এর সাথে পরিচিত। প্লায়ার্স কে অনেকে প্লাস বলে থাকেন। যা দিয়ে কোন কিছুকে আমরা বাকা করা যায় তাকে Pliers বলে। আর Pliable মানে বাকা করার যোগ্য। মনে রাখতে হবে- যা Pliers দিয়ে বাকা করা যায় তাকেই Pliable বলে।

১৪৪৫. Plight মূল অর্থ- ভয়ংকর ও পিড়াদায়ক অবস্থা।

Synonyms: a dangerous, difficult, or otherwise unfortunate situation.

Mnemonic- ১. Plight শুনতে অনেকটা Flight এর মত। Flight মিস করলে Plight অবস্থায় পড়তে হয়। অর্থাৎ ভয়ঙ্কর ও পিড়াদায়ক অবস্থায় পরতে হয়।

১৪৪৬. Plunder মূল অর্থ- লুট করা; তন্ন তন্ন করে খোজা ।

Synonyms: pillage, loot, rob, raid, ransack; booty, loot, stolen goods.

Mnemonic- ১. Plunder আর blunder দিয়ে মনে রাখা সহজ । blunder মানে বোকার মত ভুল করা। মনে রাখতে হবে যে- Plunder/লুট করত দিয়ে blunder/বোকামি করা যাবে না। তাহলে ধরা খেয়ে পিঠের চামড়া উঠে যাবে।

১৪৪৭. Pluralism মূল অর্থ- যে সমাজে বিভিন্ন ধরনের মানুষ একত্রে বসবাস করে ও প্রত্যেকে স্বাধীনমত তাদের কাজ করতে পারে এবং তাদের আলাদা পরিচয় নিয়ে বাচতে পারে।

Mnemonic- ১. Pluralism শব্দটি Plural থেকে এসেছে। আমরা ছোটবেলায় গ্রামার বইতে Plural number বা বহুবচন শিখেছিলাম। Plural মানে বহু। আর Plural মানে এমন একটি নীতি যে নীতি অনুসারে বুহু ধরনের লোক একই সমাজে বাস করতে পারে।

১৪৪৮. Pontificate মূল অর্থ- উদ্ধত ও সাড়ম্বরে কথা বলা; দাদাগিরি দেখিয়ে কথা বলা।

Synonyms: hold forth, expound, declaim, moralize, pronounce, lecture.

Mnemonic- ১. Pontificate কে Ponting বা ক্রিকেটার Ricky Ponting কে দিয়ে মনে রাখা সহজ। Ricky Ponting মাঝে মাঝেই তার দল নিয়ে Pontificate করে। অর্থাৎ সে তার দল নিয়ে উদ্দতভাবে কথা বলে।

১৪৪৯. Porous মূল অর্থ- অসংখ্য ছিদ্রযুক্ত; ঝাঁঝরা; ভেদযোগ্য।

Synonyms: permeable, penetrable; absorbent. Antonyms: impermeable.

Mnemonic- ১. মনে রাখার জন্য ধরে নিন Porous মানে যা পরার অযোগ্য। অসংখ্য ছিদ্রযুক্ত Porous জামা-কাপর পরার অযোগ্য ।

Scanned by CamScanner

১৪৫০. **Posterity** মূল অর্থ- পরবর্তী প্রজন্ম।

Synonyms: descendants, heirs, successors, offspring, children, family, progeny.

Mnemonic- ১. Posterity=Post+heredity, post মানে পরবর্তী heredity বংশধর। তাহলে Posterity মানে দাঁড়াচ্ছে পরবর্তী বংশধর বা পরবর্তী প্রজন্ম।

১৪৫১. **Posthumous** মূল অর্থ- কারো মৃত্যুর পরে ঘটা; কারো মৃত্যুর পরে প্রকাশিত।

Synonyms: occurring, awarded, or appearing after the death of the originator.

কবি জীবনানন্দ দাস বেচে থাকতে কোন মহলেই মর্যাদা পানা নি। তার Reputation ছড়িয়ে পরে তার মৃত্যুর পরে, তার এই ধরনের Reputation কে Posthumous Reputation বলা যায়।

Mnemonic- ১. Posthumous কে ভেঙ্গে ফেলুন -> Posthumous= Post+humus, post মানে পরবর্তী , humus স্কুলের সাধারণ বিজ্ঞান বইয়ে পড়েছিলাম হিউমাস মানে- মৃতদেহ পচে মাটির সাথে মিশে যাবার পর তাকে humus/হিউমাস বলে। Post humus মানে দেহ পচে হিউমাস হয়ে যাবার পর। হিউমাস হয়ে যাবার পর কোন কিছু ঘটলে সেটাকে বলে Posthumous I জীবনানন্দ দাস পচে হিউমাস হয়ে যাবার পর বিখ্যাত হয়েছেন- এটাকে আমরা বলব- Posthumous খ্যাতি।

১৪৫২. **Posture** মূল অর্থ- অঙ্গভঙ্গি করা; বিশেষ করে কৃত্তিম অঙ্গভঙ্গি করা বা কৃত্তিম সুরে কথা বলাকে বোঝানো হয়।

Synonyms: position, pose, attitude, stance, attitude, stance, stand, standpoint.

কেউ যদি মন থেকে অনুভব না করে বাইরে খুব দুঃখী দুঃখী ভাব নিয়ে কথা বলে তবে সেটাকে Posture বলা হবে।

Mnemonic- ১. Pose থেকে Posture কথাটি এসেছে। আরমা সেলফি তোলার সময় pose দেই। আর এই pose দেওয়াটাকেই বলে Posture I Pose হল verb আর Posture হলো noun I এই পার্থক্য। তবে মনে রাখতে হবে- এখানে বিশেষভাবে কৃত্রিমভাবে pose দেওয়াটাকেই Posture বোঝানো হচ্ছে।

১৪৫৩. **Prattle** মূল অর্থ- হুদাই বকবক করা; পোলাপাইনের মত খামোখা কথা বলা।

Synonyms: chatter, babble, prate, blather, blether, ramble, gabble, jabber.

Mnemonic- ১. Prattle কে Rattle বা Rattle snake দিয়ে মনে রাখা একদম সহজ। যারা ডিসকভারি চ্যানেল দেখেন তারা নিশই জানেন র‍্যাটল স্ন্যাকের লেজের সাথে একটা ঝুনঝুনির মত থাকে। এই সাপটা হুদাই সেই ঝনঝনি সবসময় বাজাতেই থাকে। ফলে সে যেই রাস্তায়ই যাক না কেন তার ঝুনঝুনি শুনেই বোঝা যায় যে এখানে Rattle সাহেব আছেন। Prattle মানে Rattle এর মত অকারণে বকবক করা।

১৪৫৪. **Precarious** মূল অর্থ- ভয়ংকর এবং অনিরাপদ স্থান; ভঙ্গুর বা টলে এমন স্থান।

Synonyms: uncertain, insecure, unreliable, unsure. Antonyms: safe, secure.

Scanned by CamScanner

পাহারের চুড়া Precarious স্থানের একটি উদাহরণ ।

Mnemonic- ১. Precarious= Pre+care+ofus। pre মানে পূর্বে, care মানে সতর্কতা আর of us মানে আমাদের। Precarious স্থানে গেলে আমাদের দুর্ঘটনা ঘটার পূর্বের আমাদের সতর্কতা নিতে হবে। Precarious অর্থ হলো- ভয়ংকর এবং অনিরাপদ স্থান ।

১৪৫৫. **Precocious** মূল অর্থ- ইচরে পাকা; বয়স হবার আগেই অস্বাভাবিকভাবে পরিপক্ক হয়ে যাওয়া।

Synonyms: advanced, old beyond one's years, forward. Antonyms: backward.

Mnemonic- ১. Precocious = pre+conscious , মানে আগেই সচেতন। যদি কোন বাচ্চা বয়স বেশি হবার আগেই সচেতন হয় তখন তাকে আমরা ইচরে পাকা বলি। অর্থাৎ Precocious মানে ইচরে পাকা বা বয়স হবার আগেই অস্বাভাবিকভাবে পরিপক্ক হয়ে যাওয়া।

১৪৫৬. **Predecessor** মূল অর্থ- পূর্বপুরুষ; বয়সে বা কোন বিষয়ে আগের সময়কার।

Synonyms: forerunner, precursor, antecedent. Antonyms: successor.

Mnemonic- ১. Predecessor= Pre + successor, successor মানে উত্তরসূরি। অর্থাৎ যারা পূর্বপুরুষ দের success ভোগ করে তাদেরকেই successor উত্তরসুরি বা উত্তরাধিকারী বলে। বুঝতেই পারছেন, ccessor মানে মানে প্রজন্ম। এখন কোন প্রজন্ম তা আমরা ওয়ার্ডের বাকিটুকু দেখেই বলে দিতে পারব। যেমন- Predecessor = Pre+de+ccessor. এখানে দেখতে পাচ্ছি pre আছে। pre মানে পূর্ব । Predecessor দ্বারা পূর্বের প্রজন্ম বা পূর্বপুরুষ বোঝানো হবে।

১৪৫৭. **Predicament** মূল অর্থ- বিপদজনক অবস্থা; উভয় সঙ্কট ।

Synonyms: difficult situation, awkward situation, mess, difficulty, problematic.

Mnemonic- ১. Predicament কে ভেঙ্গে ফেলুন। Predicament= Predict + coment, Predicament ভয়ঙ্কর বিপজনক অবস্থায় বা উভয় সংকটের মধ্যে কি করতে হবে সেটা Predict বা তা নিয়ে comment করাটা খুব কঠিন । মনে রাখুন Predicament মানে এমন অবস্থা যে, ঐ বিষয়ে Predict বা comment কোনটা করাই সহজ নয়।

১৪৫৮. **Predispose** মূল অর্থ- কোন বিষয়ে সমর্থ করে তোলা বা আগ্রহী করে তোলা।

Synonyms: make susceptible, make liable, make prone, lay open.

Mnemonic- ১. Predispose= Pre+dispose, dispose মানে মিমাংস করা বা সিদ্ধান্ত নেওয়া। ধরুন আপনাকে মরুভূমিতে অভিযানে পাঠানো হচ্ছে। সেটা যদি আপনাকে pre/আগেই জানিয়ে দেওয়া হয় আর আপনি সেটা নিজের সাথে dispose/মিমাংসা করে ফেলেন যে আপনি যাবেন কিনা। তবে আপনাকে সেই বিষয়ে Predispose করা হলো বা সেই বিষয়ে সমর্থ করে তোলা বা আগ্রহী করে তোলা হলো। আর Predispose অর্থও তাই।

১৪৫৯. **Predominant** মূল অর্থ- গুরুত্বপূর্ণ; প্রভাবশালী ।

Synonyms: main, chief, principal, most important. Antonyms: subsidiary.

Scanned by CamScanner

Mnemonic- ১. Predominant আর dominant শব্দের অর্থ প্রায় একই। dominant মানে- অন্যদের dominate করার ক্ষমতা আছে। অর্থাৎ ক্ষমতাবান বা প্রভাবশালী। আর Predominant মানেও গুরুত্বপূর্ণ বা প্রভাবশালী । dominant মনে রাখার জন্য ভেবে নিন- যে অন্যদের দমন করতে পারে সেই dominant। দমন আর dominant কে মিলিয়ে নিন।

১৪৬০. **Pregnant** মূল অর্থ- অতি গুরুত্বপূর্ণ; প্রাচুর্য্য।

Synonyms: meaningful, significant, eloquent.

Mnemonic- ১. Pregnant মানে গর্ভবতী এটা আমরা সবাই জানি। কিন্তু এই Pregnant দ্বারাই আরও কয়েকটি অর্থ প্রকাশ করা হয়। গর্ভবতী বা ফলবতী খুব কাছকাছি অর্থ। যা ফল দেয় বা সন্তান জন্মদেয় তা অবশ্যই গুরুত্বপূর্ণ। আর যা ফল দিতে পারে তার দ্বারা প্রাচুর্য্য পাওয়া যায়। আর তাই Pregnant দ্বারা অতি গুরুত্বপূর্ণ ; প্রাচুর্য্য এগুলো বোঝানো হয়।

১৪৬১. **Prelude** মূল অর্থ- কোন কিছুর শুরু; সূচনা; প্রস্তাবনা ।

Synonyms: preliminary, overture, opening, preparation, introduction.

যদি আপনি জিমে ভর্তি হন তবে স্ট্রেচিং এক্সারসাইজ হবে আপনার জিম করার Prelude। আপনি যদি আবৃতি করতে স্টেজে ওঠেন তবে সেটাকে স্টেজে ডেলিভারি দেবার আগে ঘণ্টাখানেক প্যাক্টিস করাটা হবে আপনার আবৃতির Prelude।

Mnemonic- ১. Prelude কে Conclude দিয়ে মনে রাখা সহজ। Conclude করা মানে শেষ করা। আর Prelude ঠিক তার উল্টো , অর্থাৎ শুরু করা। Prelude এর সাথে pre দেখেই বুঝে নিতে হবে যে এটা দিয়ে শুরু বোঝাবে।

১৪৬২. **Premeditated** মূল অর্থ- পূর্বপরিকল্পিত।

Synonyms: planned, intentional, intended, deliberate. Antonyms: accidental.

Mnemonic- ১. Premeditated= Pre + meditation। Pre মানে পূর্বে আর meditation মানে ধ্যান করা বা চিন্তা করা। অর্থাৎ আগেই চিন্তা করা। আর Premeditated মানেও পূর্বে চিন্তা করে কাজ করা বা পূর্বপরিকল্পিত।

১৪৬৩. **Preponderance** মূল অর্থ- অধিকতর ওজনের, সংখ্যার,শক্তির, গুরুত্বের ; সংখ্যাগুরু ।

Synonyms: prevalence, predominance, dominance.

Mnemonic- ১. Preponderance শব্দটি মূলত ponderous থেকে এসেছে। ponderous মানে অধিকভারী। এই ponderous আবার pound এর সাথে সম্পর্কিত। যে জিনিস বেশি পাউন্ডের সেটা ponderous বা ভারী। ponderous মানে ভারী আর Preponderance মানে পূর্বের সব ভারী জিনিসকে ছাড়িয়ে গেছে, অর্থাৎ Preponderance মানে অধিকতর ভারী ।

১৪৬৪. **Presage** মূল অর্থ- পূর্বলক্ষণ; কোন কিছু ঘটার ইঙ্গিত।

Synonyms: portend, augur, foreshadow, foretell, prophesy, be an omen of.

Scanned by CamScanner

Mnemonic- ১. Presage= Pre+sage , pre মানে পূর্বে, sage মানে জ্ঞান। যা দেখে পূর্বেই কিছুর বলার জ্ঞান পাওয়া যায় সেটাই Presage । পূর্বলক্ষণ দেখে আগেই কিছু বলার জ্ঞান পাওয়া যায়, তাই Presage পূর্বলক্ষণ।

১৪৬৫. **Presentiment** মূল অর্থ- আগেই কিছু ঘটার কথা মনে হওয়া।

Synonyms: premonition, foreboding, intuition, feeling, hunch, suspicion.

অনেক সময় পরিস্থিতি দেখে কি ঘটতে পারে সেটা আন্দাজ করা যায়। মনে হয় যেন কিছু একটা ঘটবে(বিশেষ করে খারাপ কিছু)। এই বিষয়টিকেই Presentiment বলা হয়।

Mnemonic- ১. Presentiment= Pre + sentiment, pre মানে পূর্বে, আর sentiment মানে আবেগ। কোন কিছু দেখে আগেই কিছু ঘটার মনে হয় হওয়াকেই বা মনের এই আবেগকেই Presentiment বলে ।

১৪৬৬. **Presumably** মূল অর্থ- সম্ভবত; ঘটতেও পারে এমন ।

Synonyms:in all probability, probably, in all likelihood, all things being equal.

Mnemonic- ১. Presumably কে ভেঙ্গে ফেলুন -> Presumably = Pre + summary+ ly। অর্থাৎ আগেই কোন summary বা সারাংশে পৌঁছানো । আমরা যদি আগেই কোন কিছু হবে কিনা সেটা ভেবে নেই তাহলে বলি যে এটা সম্ভবত হবে। আর Presumably মানে সম্ভবত।

১৪৬৭. **Presuppose** মূল অর্থ- আগেই অনুমান কর; আগেই মেনে নেওয়া।

Synonyms: presume, assume, take it for granted, take it.

Mnemonic- ১. Presuppose=Pre+suppose। Pre মানে আগে, suppose মানে ধরে নেওয়া । তাহলে Presuppose অর্থ দাঁড়াচ্ছে- আগেই ধরে নেওয়া বা আগেই মেনে নেওয়া। আর Presuppose অর্থও ঠিক তাই ।

১৪৬৮. **Primal** মূল অর্থ- প্রথম; আসল ।

Synonyms: original, initial, early, earliest, first. Antonyms: subsequent.

Mnemonic- ১. Primal কে primary দিয়ে মনে রাখুন। আসলে এই শব্দ দুটির একই রুট। prime, Primal, primary দ্বারা প্রথম, প্রাথমিক, প্রধান, আসল ইত্যাদি বোঝানো হয়। কোন কিছুর একদম প্রথম বা প্রাথমিক অবস্থায় যা তৈরি করা হয় সেটাকে আসল বলে ধরা হয়। প্রাথমিক বিষয় মানে যা প্রথমে দরকার, অর্থাৎ যা গুরুত্বপূর্ণ। বুঝতেই পারছেন এগুলোর অর্থ কাছাকাছি, শুধুমাত্র বাক্য ভেদে অর্থ সামান্য পরিবর্তিত হয়।

১৪৬৯. **Pristine** মূল অর্থ- সম্পূর্ণ পরিষ্কার; যা কেউ স্পর্শ করেনি; বিশুদ্ধ।

Synonyms: immaculate, in perfect condition, perfect. Antonyms: dirty, sullied.

Mnemonic- ১. Pristine কে priest দিয়ে মনে রাখা সহজ। priest বা গির্জার পাদ্রিরা ধর্মীয় কাজে থাকার কারনে সব সময় পরিষ্কার ও বিশুদ্ধ হয়ে থাকে। মনে রাখুন Pristine মানে priest বা পাদ্রীর মত পরিষ্কার ও বিশুদ্ধ ।

১৪৭০. **Privation** মূল অর্থ- স্বাচ্ছন্দ্যের অভাব; দারিদ্র্য।

Scanned by CamScanner

Synonyms: deprivation, hardship, poverty, penury. Antonyms: plenty.

Mnemonic- ১. Privation কে private দিয়ে মনে রাখা সহজ। সহজে মনে রাখার জন্য ভাবুন - private কোম্পানিতে চাকরি করলে pension পাওয়া যায় না তাই Privation হয় বা স্বাচ্ছন্দ্যের অভাব; দরিদ্রতা দেখা দেয়। মনে রাখতে হবে- private কোম্পানিতে চাকরি করলে Privation হবে।

১৪৭১. **Proclaim** মূল অর্থ- ঘোষণা করা; প্রচার করা।

Synonyms: declare, announce, pronounce, state, make known, give out.

Mnemonic- ১. Proclaim= Pro+claim|claim করা মানে দাবি করা। আর Proclaim মানে professional ভাবে claim করা; অর্থাৎ প্রচার করা বা ঘোষণা দেওয়া।

১৪৭২. **Procure** মূল অর্থ- বিশেষ চেষ্টার দ্বারা অর্জন করা; প্রচুর চেষ্টার মাধ্যমে সংগ্রহ করা।

Synonyms: obtain, acquire, get, find, come by, secure, pick up.

Mnemonic- ১. Procure=প্রচুর। Procure কে উচ্চারণ করুন প্রচুর। প্রচুর চেষ্টার সাহায্যে কোন কিছু পাওয়াকে Procure বলা হয়।

১৪৭৩. **Progeny** মূল অর্থ- সন্তান; বাচ্চাকাচ্চা; উত্তরপুরুষ।

Synonyms: offspring, children, young, family, brood; issue; pawn; quiverful.

Mnemonic- ১. Progeny শব্দটি genesis ও genus শব্দগুলোর সাথে সম্পর্কিত। genesis মানে জন্ম দেওয়া। genus মানে জাতি। gen রুট দেখলেই বুঝে নিতে হবে জন্ম দেওয়া বোঝানো হচ্ছে। Progeny এর মধ্যেও gen রয়েছে।মনে রাখতে হবে যে জন্ম দেওয়া সন্তানকেই Progeny বলা হয়।

১৪৭৪. **Propagate** মূল অর্থ- বংশবৃদ্ধি করা; সংখ্যায় বৃদ্ধি করা।

Synonyms: breed, grow, cultivate, generate; reproduce, multiply.

Mnemonic- ১. Propagate = population beget বা জনসংখ্যা তৈরি করা। Propagate কে population ও beget এই দুটি শব্দকে একত্র করে মনে রাখা যায়। beget মানে জন্ম দেওয়া। কেউ যখন population beget করে তখন মানুষের Propagate হয়।

১৪৭৫. **Propound** মূল অর্থ- প্রস্তাব।

Synonyms: put forward, advance, offer, present, set forth, submit, tender.

Mnemonic- ১. Propound, propose ও proposition এই শব্দগুলোর একই রুট। এগুলো দ্বারা প্রস্তাব বোঝানো হয়। Propound কে propose দিয়ে সহজেই মনে রাখা যায়। আমরা প্রেমের জন্য propose করে ইতিমধ্যে propose এর অর্থ জেনে গেছি। Propound এর উল্টো হলো impound। Propound মানে প্রস্তাব করা আর impound মানে বাজেয়াপ্ত করা।

১৪৭৬. **Protege** মূল অর্থ- আশ্রিত ব্যাক্তি।

Scanned by CamScanner

Synonyms: pupil, student, trainee, apprentice; disciple, follower.

Mnemonic- ১. Protégé কে protect দুটো শব্দের একই রুট। এটাকে protected দিয়ে মনে রাখা যায়। protected মানে রক্ষিত। আর Protégé মানে আশ্রিত। আশ্রিত ব্যাক্তিরা রক্ষিত থাকে।

১৪৭৭. **Protocol** মূল অর্থ- কূটনৈতিক নিয়ম-রীতি; অফিসের চলাচল সম্পর্কিত আচরণবিঁধি।

Synonyms: etiquette, conventions, formalities, customs, rules of conduct.

Mnemonic- ১. অনেক সময় শোনা যায় যে Protocol ভেঙ্গে এই কাজটি করা হয়েছে। এর অর্থ হলো সে আচরণবিঁধি লঙ্ঘন করে কোন কাজ করেছে। Protocol মানে হলো নিয়ম-রীতি বা আচরণ-বিঁধি। খেয়াল করে দেখবেন অফিসে একজন লোক থাকে জিনি অফিসের বসের সাথে দেখা করা যাবে কিনা সেটা বলে দেয়; কি নিয়মে কাজ করতে হবে সেটা বলে দেয়। এদের বলা হয় Protocol অফিসার। অর্থাৎ আচরণবীধি নিয়ন্ত্রন করা সংক্রান্ত অফিসার।

১৪৭৮. **Provocation** মূল অর্থ- ফুসলানো; প্ররোচনা দেওয়ায়।

Synonyms: goading, prodding, egging on, incitement, rousing, stirring.

Mnemonic- ১. Provocation শব্দটি provoke থেকে এসেছে। provoke মানে কোন কাজ করার জন্য প্ররোচনা দেওয়া। কোন কিছুর জন্য provoke করাকেই Provocation বলা হয়।

১৪৭৯. **Prowess** মূল অর্থ- ব্যাতিক্রমি দক্ষতা বা শক্তি ; বিরল সাহস।

Synonyms: courage, bravery, gallantry, valour. Antonyms: cowardice.

Mnemonic- ১. Prowess দেখতে অনেকটা Powers I Powers দ্বারা শক্তি বোঝায়, আর Prowess দ্বারাও শক্তি বোঝায়। পার্থক্য হলো Powers দ্বারা সাধারণ যেকোনো শক্তি বোঝায়। আর Prowess ব্যাতিক্রমি কোন শক্তিকে বোঝায়(যা সবার মধ্যে নেই)।শুধু মনে রাখতে হবে- Prowess এর বানানটা ব্যাতিক্রমি , তাই Prowess দ্বারাই ব্যাতিক্রমি শক্তি বোঝাবে।

১৪৮০. **Prurient** মূল অর্থ- কামুক চিন্তা বা ইচ্ছা; কামুক স্বভাবের।

Synonyms: salacious, licentious, voyeuristic, lascivious, lecherous, lustful.

Mnemonic- ১. Prurient কে ভেঙ্গে ফেলুন -> Prurient->Pure+en't অর্থাৎ pure না। কামুক স্বভাবের মানুষকে আমরা কি বলি? বলি যে তুই pure না, তোর মধ্যে ভেজাল আছে।

১৪৮১. **Pseudonym** মূল অর্থ- মিথ্যা নাম; ছদ্মনাম; উপনাম; ওরফে।

Synonyms: pen name, assumed name, incognito, alias, false name.

Mnemonic- ১. Pseudonym= Pseudo+nym , আমরা Pseudohistory(মিথ্যা ইতিহাস), Pseudoscience(ভুয়া বিজ্ঞান) ইত্যাদি শব্দের সাথে পরিচিত। গ্রিক Pseudo মানে মিথ্যা বা ভুয়া(উচ্চারণ হবে সিউডো)।আর nym=name বা নাম। তাহলে দেখা যাচ্ছে Pseudonym মানে মিথ্যা বা ভুয়া নাম।

১৪৮২. **Psyche** মূল অর্থ- মানবাত্মা; মন; আত্মা।

Scanned by CamScanner

Synonyms: soul, spirit, (inner) self, innermost self, ego. Antonyms: body.

Mnemonic- ১. Psychology অর্থ আমরা সবাই জানি- মনোবিজ্ঞান। logy অর্থ বিশেষ জ্ঞান/বিজ্ঞান । Psycho মানে দাঁড়াচ্ছে মন। মূলত Psyche আর Psycho একই। শব্দ গঠনের নিয়মের কারনে "e" টা "o" হয়ে গেছে। তাহলে বোঝাই যাচ্ছে Psyche মানে মন। মন, আত্মা, মানবাত্মা এগুলোই একই রকম মনে করা হয়। সো, Psyche অর্থ মানবাত্মা; মন; আত্মা।

১৪৮৩. **Pummel** মূল অর্থ- মুষ্টির দ্বারা আঘাত করা; কিল ।

Synonyms: hit, biff, pommel.

Mnemonic- ১. Pummel কে Pamela অর্থাৎ Pamela Anderson দিয়ে মনে রাখা সহজ। Pamela Anderson এর মত সেলিব্রেটির সাথে ফ্লার্ট মারতে গেলে কিল খেতে হবে এটা নিশ্চত। মনে রাখুন – Pummel মানেই Pamela আর Pamela কথা মনে হলেই তো ফ্লার্ট মারার কথা মনে আসবে, আর বুঝে নেবেন নে Pummel খাওয়ার সময় হয়ে গেছে।

১৪৮৪. **Punctilious** মূল অর্থ- আদব-কায়দা ও শিষ্টাচার সম্পন্ন ব্যাক্তি।

Synonyms: meticulous, conscientious, careful, diligent. Antonyms: careless.

Mnemonic- ১. Punctilious আর Punctual একই রুট থেকে এসেছে। কোন লোক যদি ভদ্র ও শিষ্টাচার সম্পন্ন হয় তবে আমরা তাকে Punctual বলি। আর Punctual স্বভাবের লোককেই Punctilious বলা হয়।

১৪৮৫. **Pundit** মূল অর্থ- পণ্ডিত; বিশেষজ্ঞ; জ্ঞানী ব্যাক্তি।

Synonyms: expert, adviser, member of a think tank. Antonyms: ignorant.

Mnemonic- ১. Pundit শব্দটির সাথে ইংরেজিতে পরিচিত না হলেও বাংলায় আমরা পরিচিত। মূলত সংস্কৃত পণ্ডিত থেকেই এই Pundit শব্দটি এসেছে। পণ্ডিত বলতে বিশেষজ্ঞ ও জ্ঞানী ব্যাক্তিদের বোঝায়।

১৪৮৬. **Pungent** মূল অর্থ- তিব্র স্বাদ; তিব্র গন্ধ; ঝাঁঝালো; ধারালো।

Synonyms: caustic, biting, trenchant; strong. Antonyms: bland, mild.

Mnemonic- ১. Pungent এসেছে Pun থেকে। Pun বলতে ব্যাঙ্গাত্মক বা তিক্ত কথা বোঝানো হয়। আর Pungent এর আসলে অনেকগুলো মিনিং হয়। তিক্ত, ব্যাঙ্গ, ঝাঁঝালো এই টাইপের সব ক্ষেত্রেই Pungent ব্যাবহার করা হয়। Pungent কে Pun gent এভাবে আলাদা করে নিন। এবার Pun/পান এর দিকে লক্ষ্য করুন। পান একটি ঝাঁঝালো জিনিস। পান খেলে দেখবেন মুখ জ্বালাপড়া করে। আর Pungent মানেও- ঝাঁঝালো ; তিব্র স্বাদ; তিব্র গন্ধ।

১৪৮৭. **Punitive** মূল অর্থ- পিটানি দেওয়া।

Synonyms: penal, disciplinary, corrective, correctional.

Mnemonic- ১. Punitive কে punishment দিয়ে মনে রাখা সহজ। এই শব্দগুলোর সাথেও কিন্তু উপরের কিন্তু Pun এর সাথে সম্পর্ক আছে।

Scanned by CamScanner

১৪৮৮. **Purblind** মূল অর্থ- ঝাপসা দৃষ্টি; একদম অন্ধ; যার ভবিষ্যৎ দৃষ্টি নেই।

Synonyms: blind, unsighted, dim-sighted. Antonyms: sighted.

Mnemonic- ১. Purblind কে মনে রাখুন Pureblind বা Pure blind। blind মানে অন্ধ। আর Pure blind মানে একদম খাটি অন্ধ। আর এই শব্দটিকে রুপক অর্থেও ব্যাবহার করা হয়। অন্ধ বলতে বোঝায় যে কিছু দেখে না, আর রুপক অর্থে ব্যাবহিত হলে বোঝানো হয় যে তার কল্পনা দৃষ্টি নাই ।

১৪৮৯. **Puritanical** মূল অর্থ- নৈতিক দিক থেকে খুবই কঠোর; নৈতিকতাবাদী ।

Synonyms: moralistic, pietistic, strait-laced. Antonyms: permissive.

Mnemonic- ১. Puritanical= Pure + attential। অর্থাৎ কাজকর্মে pure থাকার বিষয়ে যার কড়া দৃষ্টি । আর এমন মানুষ নৈতিক দিক থেকে অবশ্যই কঠোর। অর্থাৎ Puritanical মানে নৈতিকতাবাদী ।

১৪৯০. **Quaint** মূল অর্থ- পুরনো ও আকর্ষণীয়; চিত্রানুগ ।

Synonyms: picturesque, charming, sweet, attractive. Antonyms: modern.

Mnemonic- ১. Quaint কে Queen দিয়ে মনে রাখা সহজ। Queen বা রানীরা যেসব পোশাক পরত সেগুলো আমাদের কাছে অনেক পুরনো আমলের কিন্তু পুরনো হলেও এখনো সেগুলো আমাদের কাছে অনেক আকর্ষণীয় মনে হয়। আর Quaint অর্থ হলো- পুরনো ও আকর্ষণীয়।

১৪৯১. **Quandary** মূল অর্থ- হতবুদ্ধিকর অবস্থা ; উভয় সঙ্কট ।

Synonyms: dilemma, plight, predicament, state of uncertainty, mess.

Mnemonic- ১. Quandary কে Question+ dry দিয়ে মনে রাখা সহজ। Quandary হলো এমন এক পরিস্থিতি, যেখানে আমাদের মনে অনেক dry কাঠখোট্টা Question থাকে কিন্তু তার কোন উত্তর থাকে না। মনে রাখতে হবে Quandary তে আমাদের dry Question এর সম্মুখীন হতে হয়।

১৪৯২. **Quasi** মূল অর্থ- আপাত; প্রায়; প্রায় সদৃশ।

Synonyms: supposedly, seemingly, apparently, allegedly, reportedly.

Mnemonic- ১. Quasi কে Query দিয়ে মনে রাখতে পারেন। Quasi বা কোন কিছুর মত প্রায় দেখতে জিনিস হলে আমাদের Query করতে ইচ্ছে করে যে সেটা আসলেই কি?

১৪৯৩. **Quay** মূল অর্থ- জেটি; ঘাট; জাহাজ ঘাটা।

Synonyms: dock, wharf, pier, harbour, berth, jetty, landing, landing stage.

Mnemonic- ১. Quay (কে) শুনতে অনেকটা Bay(বে) এর মত। Bay বা সাগরে তে Quay বা জাহাজঘাঁটা থাকে।

১৪৯৪. **Quell** মূল অর্থ- দমন করা; নেভানো।

Synonyms: put an end to, stamp out, put a stop to, end.

Scanned by CamScanner

Mnemonic- ১. Quell কে Fuel এর সাথে মিলিয়ে নিন। মনে রাখতে হবে যে- Fuel/জ্বালানী না থাকলে বাতি Quell হয়ে যাবে বা নিভে যাবে।

১৪৯৫. **Query** মল অর্থ- প্রশ্ন; জিজ্ঞাসা।

Synonyms: question, enquiry; interrogation, examination. Antonyms: answer.

Mnemonic- ১. Query কে Inquiry দিয়ে মনে রাখা সহজ। গোয়েন্দা Inquiry করার সময় অনেক Query বা প্রশ্ন করে।

১৪৯৬. **Queue** মূল অর্থ- লাইন ; সারি ।

Synonyms: line, row, column, file, chain, string, stream; procession.

Mnemonic- ১. Queue কে কিউই পাখি দিয়ে মনে রাখা সহজ। কিউই পাখিরা সারি বেধে থাকে। Queue দেখ মাত্রই সারি সারি কিউই পাখির কথা মনে করবেন। তাহলে Queue অর্থ হলো- সারি বা লাইন ।

১৪৯৭. **Quiescent** মূল অর্থ- স্থির; নিশ্চল; গতিহীন।

Synonyms: inactive, inert, latent, fallow, passive, idle. Antonyms: active.

Mnemonic- ১. Quiescent এর শেষে scent আছে। scent কে saint বা সাধু দিয়ে মনে রাখুন । আধ্যাত্মি saint/সাধুরা ধ্যান করার সময় বছরের পর বছর নিশ্চল বসে থাকেন। আর Quiescent মানে নিশ্চল গতিহীন।

১৪৯৮. **Quintessential** মূল অর্থ- একদম উৎকৃষ্ট উদাহরণ।

Synonyms: typical, prototypical, stereotypical, archetypal, classic, model.

Mnemonic- ১. Quintessential কে ভেঙ্গে ফেলুন -> Quintessential= Quite + essential, একা দরকারি। যে জিনিসটি সব থেকে ভাল বা সবথেকে উৎকৃষ্ট, সেটা আমাদের Quite + essential হয়ে দ্বারায় যেমন ফোনের মধ্যে আইফনের লেটেস্ট ভার্শন হলো ফোনের জন্য একদম উৎকৃষ্ট উদাহরণ। ফলে আমাদের সব কাছে এটা Quite essential হয়ে দ্বারায়। আর Quintessential মানে হলো একদম উৎকৃষ্ট উদাহরণ।

১৪৯৯. **Quizzical** মূল অর্থ- ব্যাঙ্গাত্তক;মজাকরা; প্রশ্নগত; জিজ্ঞাসু।

Synonyms: puzzled, perplexed, baffled, questioning, enquiring, mystified.

Mnemonic- ১. Quizzical কে Quiz দিয়ে মনে রাখা সহজ। Quizzical মানে Quiz এর মত। Quiz/ কুইজে সময় কি করা হয়? Quiz এর সময় মূলত বিভিন্ন ধরনের প্রশ্ন করা হয়। আর Quizzical মানেও প্রশ্নগত জিজ্ঞাসু। এর আরেকটি অর্থ হলো- মজা করা বা ব্যাঙ্গ করা। কুইজের প্রশ্ন করা হলেও সাধারণ পরীক্ষায় যেম সিরিয়াস ভাবে কাজটি করা হয় এখানে সেভাবে করা হয়ন বরং মজা করেই সবাই কুইজে অংশগ্রহন করে। আ Quizzical এর আরেকটি অর্থ হলো মজা করা ।

১৫০০. **Quotidian** মূল অর্থ- প্রাত্যহিক; প্রতিদিনের।

Synonyms: daily, occurring each/every day, day-to-day. Antonyms: exciting.

Scanned by CamScanner

Mnemonic- ১. Quotidian= কিউতোদিন = প্রতিদিন । শুনতে প্রায় একই রকম। দেশ ভিন্ন হলে তো উচ্চারনে একটু পার্থক্য থাকবেই। (বিঃদ্রঃ এই শব্দের উচ্চারণ কিন্তু আসলেই এমন না। এটা শুধু মনে রাখার জন্য দিয়েছি)

১৫০১. **Rampant** মূল অর্থ- অবারিতভাবে প্রসারমান; অনিয়ন্ত্রিত; ব্যাপক পাদুর্ভাব।

Synonyms: uncontrolled, unrestrained, unchecked, unbridled, widespread.

Mnemonic- ১. Rampant কে ভেঙ্গে ফেলুন Ramp+ant হয়ে যাবে। ant বা পিপড়া যখন বিশাল লাইন নিয়ে চলে তখন দেখে মনে হয় যেন ওরা Ramp ড্যান্স করে চলেছে। আর এই র‍্যাম্পের আকার থাকে বিশাল এলাকা জুড়ে বিসৃত। বিভিন্ন প্রাণীবিজ্ঞানীরা দেখেছেন এদের লাইন নাকি কয়েক মাইল পর্যন্ত বিস্তৃত হয়ে থাকে। এমন একটি বিশাল বিস্তৃত একটি দলকে নিয়ন্ত্রন করা খুব কঠিন। Rampant মানে হলো- এমন বিস্তৃত কোন কিছু, যা বিস যার অনিয়ন্ত্রিত।

১৫০২. **Rapture** মূল অর্থ- পরমানন্দ; উচ্ছ্বাস; সুখ।

Synonyms: ecstasy, bliss, euphoria, elation, exaltation. Antonyms: boredom.

Mnemonic- ১. Rapture= Rap+tune , Rapture এর r এর স্থানে n বসিয়ে দিন। তাহলে এটি Rap tune হয়ে যাবে। যারা র‍্যাপ গান পছন্দ করে তারা র‍্যাপ শুনে আনন্দ পায়। আর Rapture মানেও আনন্দ বা সুখ। তবে মনে রাখতে হবে যে এই শব্দটি বেশিরভাগ ক্ষেত্রেই আত্মিক বা আধ্যাত্মিক সুখ বোঝায়।

১৫০৩. **Rarefied** মূল অর্থ- খুব কম মানুষ বোঝে এমন কোন কঠিন বিষয়।

Synonyms : esoteric, exclusive, select, private. Antonyms: commonplace.

Mnemonic- ১. Rarefied এর প্রথমেই Rare আছে। Rare মানে বিরল। যা সহজে পাওয়া যায় না। আর Rarefied হলো এমন বিষয় যা খুব কম মানুষ বোঝে। মনে রাখুন- Rarefied বিষয় বোঝে এমন মানুষ Rare।

১৫০৪. **Ratify** মূল অর্থ- নিশ্চিত করা; আনুষ্ঠানিকভাবে কোন কিছু অনুমোদন করা।

Synonyms: indorse, sign, formalise, endorse, formalize. Antonyms: invalidate.

Mnemonic- ১. Ratify = rectify, Ratify কে rectify দিয়ে মনে রাখা সহজ। কোনকিছু rectify বা সংশোধন করার পর সেটাকে Ratify অনুমোদন দেওয়া হয়। আর rectify মনে না থাকলে rectified spirit(শোধিত অ্যালকোহল মানে যেটা দিয়ে মদ তৈরি করা যায়) দিয়ে মনে রাখুন ।

১৫০৫. **Ratiocination** মূল অর্থ- যুক্তিযুক্তভাবে চিন্তা করা।

Synonyms: abstract thought, logical thinking, reasoning.

Mnemonic- ১. Ratiocination শব্দটি এসেছে Rational থেকে। Rational মানে যুক্তিযুক্ত । এই Rational শব্দটি এসেছে গনিতের ratio থেকে। ratio মানে একসময় হিসেব করা বোঝাতো। আমরা গনিতে ratio বা অনুপাতের অংক করেছি। যুক্তি আর গনিতের হিসেব খুব কাছাকাছি। ফলে Rational শব্দের অর্থ হয়েছে যুক্তিযুক্ত । আর Rational চিন্তা করাকেই বলে Ratiocination।

১৫০৫. **Rationale** মূল অর্থ- ভেতরের কারন; ভিত্তি; যুক্তিযুক্ত ব্যাখ্যা ।

Scanned by CamScanner

Synonyms: reason(s), reasoning, thinking, (logical) basis, logic, grounds.

Mnemonic- ১. Rationale শব্দটি Rational থেকে। Rational মানে যুক্তিসম্মত। যুক্তিই হল কোন কিছুর ভিত্তি। তাই কোন কিছুর ভিত্তি জানতে হলে বা ব্যাখ্যা করতে হলে সেটাকে যুক্তিযুক্তভাবে ব্যাখ্যা করতে হবে। আর Rationale মানেও ভেতরের কারন বা যুক্তিযুক্ত ব্যাখ্যা।

১৫০৬. **Raucous** মূল অর্থ- কর্কশ; উচ্চস্বর; উচ্ছৃঙ্খল।

Synonyms: harsh, strident, screeching, squawky, squawking. Antonyms: soft.

Mnemonic- ১. Raucous এর cous সাথে cacophony এর caco শুনতে অনেকটা একই রকম। ক্যাকো বা কাস ইত্যাদি শব্দ শুনলেও মনে হয় যেন এগুলো শুনতে কাকের কা'কা-র মত কর্কশ লাগবে। এসব শব্দকে উচ্চারনের সাথে মিল রেখে মনে রাখাই সহজ।

১৫০৭. **Reactionary** মূল অর্থ- অতিরক্ষনশীল; প্রতিক্রিয়াশীল।

Synonyms: right-wing, conservative, rightist. Antonyms: radical.

Mnemonic- ১. Reactionary শব্দটি Reaction থেকে এসেছে। আমরা অনেক সময় বলে থাকি যে, ওকে কিছু বলার আগেই Reaction শুরু করে। অর্থাৎ নিজের সম্পর্কে কিছু শোনা মাত্র সে প্রতিক্রিয়া দেখায়। Reaction মানে প্রতিক্রিয়া। আর যারা তার মতবাদ বা গোষ্ঠী বা ধর্মের প্রতি বেশি রক্ষনশীল, অর্থাৎ সে সম্পর্কে কেউ যেকোনো কিছু বলতে না বলতেই প্রতিক্রিয়া দেখায় তাদেরকেই অতিরক্ষনশীল বা Reactionary। বুঝতেই পারছেন যারা অতিরক্ষনশীল হয় তারাই প্রতিক্রিয়াশীল হয়। ফলে Reactionary মানে অতিরক্ষনশীল এবং প্রতিক্রিয়াশীল দুটোই।

১৫০৮. **Rebuff** মূল অর্থ- ধমক দেওয়া; বাতিল করা।

Synonyms: reject, turn down, spurn, refuse. Antonyms: accept.

Mnemonic- ১. Rebuff কে buffalo দিয়ে মনে রাখা সহজ। ধমক দেওয়ার সময় অনেকেই যাকে ধমক দেওয়া হচ্ছে তাকে buffalo, গরু ইত্যাদি বলে থাকেন। মনে রাখতে হবে Rebuff করার সময় রাগান্বিত হয়ে buffalo বলা হয়।

১৫০৯. **Recidivism** মূল অর্থ- বার বার অপরাধ করার প্রবণতা।

Mnemonic- ১ Recidivism= Re+ cid + vism, Recidivism কে ভেঙ্গে ফেলুন। খেয়াল করুন এখানে Re ও cid আছে। যার বার বার অপরাধ করার প্রবণতা আছে বা Recidivism আছে তাদের বার বার(re) cid-এর সাথে দেখা হয়।

১৫১০. **Reclaim** মূল অর্থ- কোন অব্যাবহিত জমি থেকে আগাছা ইত্যাদি মুক্ত করে সেটাকে ব্যাবহার উপযোগী করা; কোন কিছুরকে ব্যাবহার উপযোগী করা; পুনরায় দাবি করা।

Synonyms: save, rescue, redeem, win back; reform. Antonyms: abandon.

Scanned by CamScanner

Mnemonic- ১. Reclaim = Re + clean, Reclaim কে Re clean দিয়ে মনে রাখা সহজ। কোন জমিকে Re clean মানে পুনরায় পরিষ্কার করে ব্যাবহার উপযোগী করার নামই Reclaim। এই শব্দটির আরেকটি অর্থ হলো- "পুনরায় দাবি করা"। Reclaim মানে পুনরায় claim করা বা দাবি করা।

১৫১১. **Redeem** মূল অর্থ- মুক্ত করা; পাপ থেকে মুক্তি দেওয়া; পুনরায় কিনে নেওয়া।

Synonyms: compensate for the defects of, rescue, justify, vindicate.

Mnemonic- ১. Redeem = freedom। Redeem মানে freedom দেওয়া বা মুক্ত করা। ধর্মীয় দৃষ্টি থেকে ব্যাবহিত হলে হবে পাপ থেকে মুক্তি দেওয়া। এর আরেকটি অর্থ হল পুনরায় কিনে নেওয়া। ধরুন কোন দাস আপনার কাছে ছিল, আর সে স্বাধীন জীবনযাপন করছিল। এবার আপনি টাকার অভাবে তাকে বিক্রি করে দিলেন। অন্য মালিকের কাছে গিয়ে সে আবার পরাধীন হয়ে গেল। আপনি টাকা পয়সা হয়ে গেলে তাকে আবার কিনে নিলেন আর সে আবার মুক্ত জীবনযাপন করার সুযোগ পেল।

১৫১২. **Redress** মূল অর্থ- প্রতিকার করা; সংশোধন করা।

Synonyms: rectify, correct, put/set/make right, right, put to rights.

Mnemonic- ১. Redress = Re+dress, Redress কে সিমপ্লি dress দিয়ে মনে রাখুন। dress এর আগে একটা re আছে। মানে পুনরায় dress পড়তে বলা হচ্ছে। হয়ত আপনি জন্মদিনের পার্টিতে যাবার জন্য এমন dress পড়েছেন যা দেখছে শোকসভার মত মনে হচ্ছে তাই সেটাক সংশোধন করতে হবে অর্থাৎ Redress করতে হবে। আর Redress মানেও সংশোধন করা।

১৫১৩. **Referendum** মূল অর্থ- গণভোট; কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবার জন্য সর্বসাধারণের ভোটগ্রহণ।

Synonyms: public vote, plebiscite, popular vote, ballot, poll.

Mnemonic- ১. Referendum= Referece+ dum, জনগণকে অনেক সময় dum বা dummy এর সাথে তুলনা করা হয়(আমাদের দেশে বলা হয় আমজনতা)। যদি কোন বিষয়ে dum দের Referece এ সিদ্ধান্ত নেওয়া হয় তখন তাকে Referendum বা গনভোট বলা হয়।

১৫১৪. **Refractory** মূল অর্থ- অবাধ্য; চিকিৎসায় কাজ হয় না এমন (অর্থাৎ অবাধ্য রোগ)।

Synonyms: obstinate, stubborn, obdurate, mulish. Antonyms: obedient.

Mnemonic- ১. Refractory কে Refract দিয়ে মনে রাখা সহজ। আর এটি মূলত Refract থেকেই এসেছে। আমরা বিজ্ঞান বইতে আলোর Refraction বা প্রতিসরণ পড়েছিলাম। প্রতিসরণ হওয়া মানে বেকে যাওয়া। আলো যখন কোন জিনিসের মধ্যে দিয়ে যায় তখন বেকে যায়। একে আলোর প্রতিসরণ বলে। আর Refractory মানে অবাধ্য। যদি কোন মানুষ Refractory হয় , তাহলে বুঝতে হবে যে তাকে যা বলা হোক না কেন সে তা শুনবে না, বেকে বসবে। আবার কোন রোগ যদি Refractory হয় তাহলে বুঝতে হবে তাকে চিকিৎসা করা হলেও সেটা সেরে উঠছে না। অর্থাৎ Refractory মানে অবাধ্য বা বাকা স্বভাবের ।

১৫১৫. **Regime** মূল অর্থ- শাসন করা; শাসক শক্তি।

Scanned by CamScanner

Synonyms: government, authorities, system of government, rule, reign.

Mnemonic- ১. Regime কে regiment দিয়ে মনে রাখা সহজ। ছোটবেলায় বইতে পরেছিলাম মুক্তিযুদ্ধের সময় East Bengal regiment গঠন করা হয়েছিল। regiment মানে সৈন্যদল। মূলত এগুলো খুবই কাছাকাছি শব্দ। regiment বা সৈন্যদল দিয়েই Regime বা শাসন করা হয়। অর্থাৎ Regime মানে শাসন করা ।

১৫১৬. **Regimen** মূল অর্থ- চিকিৎসার জন্য দেওয়া ঔষধ, ব্যায়াম, পথ্য ইত্যাদি।

A prescribed course of medical treatment, diet, or exercise for the promotion or restoration of health.

Mnemonic- ১. Regimen = regiment , আসলে Regimen ও এক ধরনের regiment বা সৈন্যদল। চিকিৎসার জন্য যে ঔষধ, ব্যায়াম, পথ্য ইত্যাদি দেওয়া হয় এগুলো রোগের বিরুদ্ধে যুদ্ধ করে। ঠিক সৈন্যদল বা regiment এর মত। তাহলে Regimen মানে রোগের বিরুদ্ধে যুদ্ধ করা সৈন্য (ঔষধ, ব্যায়াম, পথ্য)।

১৫১৭. **Remission** মূল অর্থ- অস্থায়ী বা স্থায়ীভাবে রোগ দূর করা; কোন ঝামেলা উপশম; ক্ষমা।

Synonyms: cancellation, setting aside, suspension, revocation, repeal.

Mnemonic- ১. Remission= Re+mission, সেনাবাহিনীর সদস্যরা যখন mission এ যায়, তখন মূলত তাদের দেশের বাইরে পাঠানো হয়। তেমনি রোগকে দেহের বাইরে পাঠানোকে বলা হয় Remission। তবে মনে রাখতে হবে- রোগ ছাড়াও অন্য কোন সমস্যার ক্ষেত্রেও Remission শব্দটি ব্যাবহিত হয়। কোন সমস্যা দূর করা বা তার প্রভাব কমানোকেও Remission বলে।

১৫১৮. **Remuneration** মূল অর্থ- পারিশ্রমিক; প্রতিদান; ক্ষতিপূরণ।

Synonyms: payment, pay, salary, wages; earnings, fee(s), stipend.

Mnemonic- ১. Remuneration = Compensation, Remuneration আর Compensation শুনতে অনেকটা কাছাকাছি। আর দুটির অর্থও প্রায় একই। Remuneration দ্বারা পারিশ্রমিক ও ক্ষতিপূরণ দুটোই বোঝায়। আর Compensation মানে তো ক্ষতিপূরণ। কোন দুর্ঘটনা ঘটালে Compensation দিতে হয়। মনে রাখতে হবে- Remuneration = Compensation ।

১৫১৯. **Rend** মূল অর্থ- ছেড়া; বিচ্ছিন্ন করা ।

Synonyms: tear/rip apart, tear/rip in two, tear/rip to pieces, split, rupture.

Mnemonic- ১. Rend=R+end=relationship end, Rend কে ভেঙ্গে relationship end বা "সম্পর্ক ছিন্ন" আকারে মনে রাখুন। দেখবেন মনে রাখা কোন ব্যাপারই না।

১৫২০. **Render** মূল অর্থ- তৈরি করা; সরবরাহ করা; বর্ণনা করা।

Synonyms: make, perform, deliver, return, give, provide.

Scanned by CamScanner

আপনি যদি ছবি একে কোন বিষণ্ণ শিশুর মুখ ফুটিয়ে তুলতে চান বা তার বিষণ্ণতাকে বর্ননা করতে চান তবে সেটাকে(ফুটিয়ে তোলা বা বর্ননা করাকে) Render বলা হবে। মনে রাখতে হবে যে এই Render শব্দটিকে অনেক অর্থে ব্যাবহার করা হয়।

Mnemonic- ১. Render = vendor, Render শুনতে অনেকটা vendor এর মত। vendor রা বিভিন্ন বিক্রেতাদের মালামাল সরবরাহ করে। আর Render শব্দের একটি অর্থ হলো- সরবরাহ করা।

১৫২১. **Repartee** মূল অর্থ- চটজলদি সরস জবাব; শানিত প্রতিউত্তর।

Synonyms: banter, badinage, witty conversation, bantering, raillery, witticism.

Mnemonic- ১. Repartee কে party দিয়ে মনে রাখা সহজ। যখন বিশেষ ব্যাক্তিদের party চলে তখন বিভিন্ন সাংবাদিক সাক্ষাৎ করতে আসে। আর তখন সেই সেলিব্রেটিদের Repartee দিয়ে হয়। অর্থাৎ চটজলদি শানিত উত্তর দিতে হয়।

১৫২২. **Replicate** মূল অর্থ- হুবহু কপি তৈরি করা; নকল তৈরি করা।

Synonyms: copy, reproduce, duplicate, make a copy of, make a replica of.

Mnemonic- ১. Replicate করা মানে কোন কিছুর Replica তৈরি করা। বিভিন্ন দামি গুরুত্বপূর্ণ ও ঐতিহাসিক জিনিসের Replica বা হুবহু কপি তৈরি করে রাখা হয়। যেমন-লিওনার্দো দ্যা ভিঞ্চির মোনালিসা লুভর মিউজিয়ামে রাখার আছে। কিন্তু তার প্রচুর রেপ্লিকা তৈরি করে বাজারে বিক্রি করা হয়। Replicate মানে এভাবে কোন কিছুর Replica তৈরি করা।

১৫২৩. **Repose** মূল অর্থ- বিশ্রাম নেওয়া; শান্তিতে আরাম করা।

Synonyms: rest, relaxation, inactivity, restfulness. Antonyms: work.

Mnemonic- ১. Repose= Re+pose, বারবার pose দেওয়া। Repose কে pose দিয়ে মনে রাখা সহজ। আমারা যখন সেলফি তোলার জন্য pose দেই তখন আসলে কি করি ? তখন আসলে কিছুই করি না। বিশ্রাম করার বা আরাম করার সময়গুলোতেই কেমন আমরা re pose দেবার টাইম পাই। আর Repose মানে- বিশ্রাম নেওয়া ।

১৫২৪. **Repress** মূল অর্থ- সংযত করা; দমিয়ে রাখা; কারো সম্মুখে কোন কিছু ছাপিয়ে রাখা।

Synonyms: suppress, quell, quash, subdue, put down. Antonyms: release.

Mnemonic- ১. Repress=Suppress, শব্দদুটি শুনতে একই রকম। আর অর্থও একই। লক্ষ্য করুন- দুটি শব্দের সাথেই press আছে। আমরা যখন কোন বোতাম press করি তখন কি আসলে কি করি? চাপ দিয়ে দমিয়ে রাখি। আর এই শব্দদুটির অর্থও দমিয়ে রাখা। পার্থক্য হল যখন মানুষের আবেগ অনুভূতি ইত্যাদির ক্ষেত্রে ব্যাবহার Repress ব্যাবহার করা হয়। আর কোন প্রক্রিয়া বা আইনের দ্বারা কাউকে দমন করা বোঝায় তখন Suppress ব্যাবহার করা হয়।

১৫২৫. **Reprimand** মূল অর্থ- কঠোর ভাষায় তিরস্কার করা; ভৎসনা করা; অফিসিয়ালি তিরস্কার করা।

Synonyms: rebuke, reproof, admonishment, admonition. Antonyms: praise.

Scanned by CamScanner

Mnemonic- ১. Reprimand= Rep+ remand, শব্দটিকে remand/রিমান্ড দিয়ে মনে রাখা সহজ। কোন আসামিকে(rep=rape এর আসামী) যদি remand -এ নেওয়া হয় তখন আর কাছ থেকে আদায় করার জন্য তাকে কঠোর ভাষায় তিরস্কার করা হয় । আর এই তিরস্কার অফিসিয়ালি কোন পুলিশ বা গয়েন্দা কর্মকর্তার দ্বারা করা হয়। আর Reprimand অর্থও ঠিক্ তাই- কঠোর ভাষায় তিরস্কার করা বা অফিসিয়ালি তিরস্কার করা। মনে রাখতে হবে যে remand এ নিলে Reprimand করা হয়।

১৫২৬. **Vacuous** (adj) মূল অর্থ- খালি; শূন্য।

Mnemonic- ১. এই শব্দটি সরাসরি Vacuum এর সাথে সম্পর্কিত। আমরা সবাই ভ্যাকুয়াম ক্লিনারের সাথে পরিচিত। ভ্যাকুয়াম ক্লিনার দিয়ে ধুলো বালি শুষে নেওয়া হয়। মূলত এই যন্ত্রটি দিয়ে কোন বস্তুকে বাতাস ও অন্যান্য জিনিস বের করে ফেলা যায়। ফলে যা থেকে এগুলো বের করা হয় সেটি একদম শূন্য হয়ে যায়। তাহলে আমরা বুঝতেই পারছি Vacuum মানে খালি বা খালি করা। আর Vacuous মানেও খালি বা শূন্য।

Synonyms: blank, vacant, expressionless, deadpan. Antonyms: expressive.

১৫২৭. **Vagary** (n) মূল অর্থ- খেয়ালী; উদ্দেশ্যবিহীন।

Mnemonic- ১. vaga= vagabond বা ভবঘুরে। এদের কাজ হল খালি ঘুরে বেরানো। এরা খুব খামখেয়ালী হয়। এর অর্থ হল এটাই। whim; unpredictable action.

Synonyms: quirk, idiosyncrasy, peculiarity, oddity, eccentricity.

১৫২৮. **Vanquish** (v) মূল অর্থ- পরাজিত করা।

Mnemonic- ১. কাউকে আপনি যদি van...ish করে দেন তার মানে হল আপনি তাকে জয় করেছেন। এর মানে হল জয় করা। to conquer; to overpower.

Synonyms: conquer, defeat (utterly), beat (hollow), trounce, annihilate.

১৫২৯. **Veneer** (n) মূল অর্থ- কোন কিছুর উপরিভাগ।

Mnemonic- ১. Venner = কিনার। Venner শুনতে অনেকটা বাংলা, "কিনার" এর মত। পনিরের উপরের ভাগ কে veneer ধরে নিন। কেবল মাত্র উচ্চারন মিলে বলেই আমি কথাটা বলছি। আর কিছুই না। মনে রাখবেন veneer মানে হল কোন কিছুর উপরের ভাগ।

Synonyms: surface, lamination, overlay, facing, covering, coat, finish.

১৫৩০. **Verge** (n) মূল অর্থ- প্রান্ত বা কিনারা।

Mnemonic- ১. ve=very and rge=edge মানে হচ্ছে তীরের খুব কাছে। এর অর্থ হল প্রান্ত বা তীর।

Synonyms: edge, border, margin, side, brink, rim. Antonyms: centre.

১৫৩১. **Verity** (n) মূল অর্থ- সত্যতা।

Mnemonic- ১. এই শব্দটি verify/ভেরিফাই এর সাথে সম্পর্কিত। যা ভেরিফাই করা হয়ে গেছে সেটাকে সত্য বলে মেনে নেওয়া হয়। আর verity মানে হলো সত্যতা। ভেরিফাই(verify) করতে পুলিশ যদি বাসায় আসে, ভয়

Scanned by CamScanner

পায় না সেই ব্যাক্তি যিনি কিনা সত্য কে আঁকড়ে থাকেন। এর অর্থ হল the quality of being true; something true

Synonyms: the true, truth, trueness, actuality, true. Antonyms: false.

১৫৩২. **Vie** (v) মূল অর্থ- প্রতিযোগিতা করা।

Mnemonic- ১. আমরা বলে থাকি যে ভাই ভাই(vie) ঝগড়া করে কেন। মিলে মিশে থাকতে পার না। এর অর্থ হল to compete; to contest; to struggle

Synonyms: compete, contend, contest, struggle, fight.

১৫৩৩. **Vigilant** (adj) মূল অর্থ- সতর্ক; সাবধান; সজাগ ।

Mnemonic- ১. এই ভাবে ভাঙ্গুন, vigil যে ant বা পিপড়া। পিপড়ারা কিন্তু তাদের খাদ্য সংগ্রহ নিয়ে খুব সতর্ক থাকে, কেননা শীতের আগে খাবার জোগাড় করতে হয়। ছোট বেলায় পরেছিলাম। এর অর্থ হল সতর্ক।

Synonyms: watchful, on the lookout, observant. Antonyms: negligent.

১৫৩৪. **Vignette** (n) মূল অর্থ- ছোট সুন্দর চিত্র ।

Mnemonic- ১. আমরা অনেক সময় বলি আমার ette(এত) টুকু vigne(ভাগ্নি) অনেক ভাল ছবি আঁকে। আর Vignette মানে হলো ছোট সুন্দর ছবি।

Synonyms: a small, decorative design or drawing; a short literary sketch; a brief but expressive scene in a play or movie.

১৫৩৫. **Viscous** (adj) মূল অর্থ- আঠালো; মারাত্মক ঘন; জেলির মত।

Mnemonic- ১. কি জিনিস দিয়ে লাগিয়েছিস ? ভীষণ(vis) কষ্টে(cous) খুলেছি। এর অর্থ হল thick; gluey; sticky বা আঠালো।

Synonyms: sticky, gummy, glue-like, gluey, adhesive. Antonyms: watery.

১৫৩৬. **Vivacious** (adj) মূল অর্থ- প্রানবন্ত; সজীব; জীবন্ত।

Mnemonic- ১. প্রথম অংশ দেখুন, VIVA বা ভাইভা পরীক্ষাতে আপনি কি মনমরা হয়ে যাবেন নাকি প্রনবন্ত হয়ে যাবেন। অবশ্যই প্রাণবন্ত হয়ে যাবেন। এর অর্থ কিন্তু এটাই।

Synonyms: lively, animated, full of life, spirited. Antonyms: dull, listless.

১৫৩৭. **Waft** (v) মূল অর্থ- শান্তভাবে ভেসে বেরানো; তরঙ্গের সাথে ভেসে বেরানো ।

Mnemonic- ১. এই শব্দের সাথে মিল আছে raft এর সাথে। raft মানে হল ভেলা বা নৌকার মত কিছু যেটা পানিতে খুব শান্তভাবে ভেসে বেড়ায়। এর অর্থ ঠিক এটাই, move gently (in air or in seas) by wind or waves.

Synonyms: drift, float, glide, whirl, travel, be carried, be borne, be conveyed.

Scanned by CamScanner

১৫৩৮. **Waive** (v) মূল অর্থ- ছাড় দেওয়া; সাময়িকের জন্য ছাড় দেওয়া।

Mnemonic- ১. আমরা অনেক সময় বলে থাকি যে কোর্স ওয়েভার পেয়েছি। তাহলে কি হয়? আমরা সেই কোর্স টা আর করি না, বরং ছেড়ে দেই। এর অর্থ ঠিক এটাই। give up temporarily; yield; N. Waiver: waiving a right or claim; document that waives a right or claim.

Synonyms: relinquish, renounce, give up, abandon. Antonyms: claim.

১৫৩৯. **Wake** (n) মূল অর্থ- চিহ্ন ; নৌকা বা বিমান/রকেট বা এমন কিছু চলার পথে ফেলে যাওয়া ছাপ (বাতাসে ধোয়া আর পানির ক্ষেত্রে পানির কুণ্ডলী)।

Mnemonic- ১. এর সাথে মিল পাবেন walk শব্দটার। walk যদি আপনি বালুর উপর দিয়ে করেন তাহলে আপনি কিন্তু আপনার পায়ের ছাপ রেখে যাবেন। এই শব্দটির অর্থ হলো- যখন নৌকা বা কোন কিছু চলে, তার পেছনে যে পানির চলার চিহ্ন ফেলে যায় সেটা।

Synonyms: backwash, wash, slipstream, turbulence; trail, path, track.

১৫৪০. **Wane** (v) মূল অর্থ- শক্তি বা সামর্থ কমানো; বিবর্ন হয়ে যাওয়া।

Mnemonic- ১. Wane = Wine। Wane কে Wine দিয়ে মনে রাখুন। বেশি ওয়াইন খেলে কি হবে মাতাল হয়ে যাবেন, এবং আপনার শরীর দুর্বল হয়ে যাবে। এর অর্থ কিন্তু এটাই। to decrease in strength or intensity; to fade away; to decline in power.

Synonyms: decrease, decline, diminish, dwindle. Antonyms: grow.

১৫৪১. **Warrant** – নিশ্চিত করা; সনদ; গ্রেপ্তারের পরওয়ানা।

Synonyms: confirm, reassert, justify. Antonyms: disapproval.

Mnemonic ১. – আমরা যখন বাজার থেকে কোন জিনিস কিনে আনি তখন আমাদের একটি warranty কার্ড দেয়। অর্থাৎ জিনিসটি যে ভাল তার নিশয়তা দেয়। তাহলে Warrant অর্থ হবে- নিশ্চিত করা। আর গ্রেফতারি পরোয়ানা বা ওয়ারেন্ট শব্দটির সাথে তো আমরা সিনেমা দেখেই পরিচিত। সেই ওয়ারেন্ট আর এই Warrant কিন্তু একই। ফলে মনে রাখতে হবে এর আরেকটি অর্থ হলও- গ্রেপ্তারের পরওয়ানা।

১৫৪২. **Wary** (adj) মূল অর্থ- সতর্ক; জাগ্রত; নিদ্রিত নয়।

Mnemonic- ১. Wary কে Worry এর সাথে মিলিয়ে নিন। যারা বেশি worry করে, তারা খুব সতর্ক হয়। এর অর্থ হল cautious; watchful; careful.

Synonyms: cautious, careful, chary, alert. Antonyms: unwary.

১৫৪৩. **Wizened** (adj) মূল অর্থ- শুষ্ক; জীর্ণ ও কোঁকড়ানো ।

Mnemonic- ১. Wizened এর প্রথমটুকুর দিকে লক্ষ্য করুন। wize= wise ধরে নিন। মানুষের যত বয়স বাড়বে , তার তত জ্ঞান হবে। তাহলে সবেচেয়ে জ্ঞানী হয় কখন মানুষ? যখন বুড়ো হয়। আর বুড়ো লোকদের দেখতে কেমন লাগে, শুকনা, জীর্ণ তাই না? এর অর্থ কিন্তু এগুলিই। shriveled; withered.

Synonyms: wrinkled, lined, creased, shrivelled (up), withered, weather-beaten.

Scanned by CamScanner

১৫৪৪. **Woe** (n) মূল অর্থ- দুঃখ; শোক ।

Mnemonic- ১. Woe শুনতে বাংলা, "ও" এর মত। বাচ্চারা কাদলে আমারা তাদের ও...ও বলে কান্না থামাই। তাহলে Woe দেখলেই আমরা শব্দটিকে কান্নার সাথে সম্পর্কিত করে নেব। এর অর্থ শোক বা দুঃখ। suffering; affliction; distress.

Synonyms: misery, sorrow, distress, wretchedness. Antonyms: happiness.

১৫৪৫. **Wrath** (n) মূল অর্থ- প্রচণ্ড রাগ; ক্রোধ; রোষ।

Mnemonic- ১. "Wrath of Titans" এই মুভি টা দেখেছেন? না দেখে থাকলে দেখুন, দেবতা টাইটানের ক্ষোভ দেখবেন, তার রাগ দেখবেন। এর অর্থ কিন্তু এগুলি। anger; fury.

Synonyms: anger, rage, fury, annoyance, indignation. Antonyms: happiness.

১৫৪৬. **Zeitgeist** (n) মূল অর্থ- কোন একটি সময়ের বা যুগের প্রেরণা বা চালিকা শক্তি।

Mnemonic- ১. যদি আপনার zeit(জিদ) থাকে, আপনি gei(যেই) ভাবেই হোক যে কোন st(system) কে জয় করবেন। আর জেদি ব্যাক্তিরা তাদের সময়ের সাথে সাথে তাদের spirit বা কাজের প্রতি আগ্রহ পরিবর্তন করে। এর অর্থ হল এক একটি specific সময়ের spirit বা mood.

Synonyms: feel, flavour, flavor, feeling, smell, spirit, tone, look.

১৫৪৭. **Zenith** (n) মূল অর্থ- শীর্ষ; চুড়া; সাফল্যের শীর্ষ।

Mnemonic- ১. Zenith এর সাথে অনেকটা মিল আছে জান্নাত শব্দটার সাথে। জান্নাত হল সবচেয়ে উপরের স্থান। আর এই Zenith এর অর্থও হলো চুড়া বা সবচেয়ে উপররের স্থান।

Synonyms: top, acme, pinnacle, apex, apogee, vertex, tip. Antonyms: nadir.

Scanned by CamScanner